10 Any Officer, Non-Commissioned Officer, or Private who shall desert or shall advise, persuade, or connive at desertion; or shall withhold any information likely to lead to the seizure of the deserter, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months, or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month; or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To be imprisoned for the period of six months, with or without corporal punishment not exceeding fifty stripes; or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
11. Any Private who being a sentry shall leave his post or duty without being regularly relieved, or without leave, or who shall sleep on his post or duty, shall on conviction be liable to be sentenced as declared in the opposite column of this Table.		To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
12. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall be drunk when on or required for duty, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
13 Any Officer, Non-Commissioned Officer, or Private belonging to a guard placed in charge of property of any kind, who shall plunder or injure that property or any portion thereof or shall connive at the act of plunder or injury being committed by any person whatever, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months; and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ মার্চ্চ।]

	If an Officer.	If a Non-Commissioned Officer or Private
14. Any Officer, Non Commissioned Officer, or Private who shall do violence to any person furnishing supplies for the use of his party or Battalion or other troops, or shall force a safeguard, or shall break into any place for plunder, or shall plunder, waste, or injure any property whatever, or shall connive at any such acts, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months, or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months: and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of six months with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.
15 Any Officer, Non-Commissioned Officer, or Private who at any post or on the march shall illegally and against the will of any person extort money or property of any description on any pretence whatever, or shall without authority exact from villagers or others carriage, porterage, or provisions, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months; or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for month, or to forfeit pay not exceeding one half of the sum due for two successive months; and in any case the value of the property extorted or thing exacted, may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of six months with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property extorted or thing exacted may be recovered from the seizure and sale of any goods belonging to the offender
16. Any Non-Commissioned Officer or Private who shall purloin or designedly lose or injure or waste his horse, arms, clothes, accoutrements, ammunition, or regimental necessaries, or any of the above articles belonging to any soldier, shall on conviction be liable to be sentenced as declared in the opposite column of this Table.		To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the thing lost, wasted, or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.
17. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall embezzle, purloin, or fraudulently misapply any money entrusted to him on the public account or for any public purpose, or any stores or property of any kind belonging to Government entrusted to his charge, or shall wilfully spoil such property or suffer it to be spoiled, or shall be concerned in or connive at any such embezzlement or fraudulent misapplication, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months; and in any case the value of the property embezzled, purloined, or fraudulently misapplied or spoiled may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property embezzled, purloined, or fraudulently misapplied or spoiled may be recovered from the seizure and sale of any goods belonging to the offender
18. Any person who shall steal or be accessory to the theft of money or goods the property of any person belonging to or serving with his Battalion or with any other Battalion or Corps, if the value of the property stolen do not exceed fifty Rupees, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned with or without labor for six months, and the value of the property stolen may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, and the value of the property stolen may be recovered from the seizure and the sale of any goods belonging to the offender

	If an Officer	If a Non-Commissioned Officer or Private.
19. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall without proper authority release or aid or connive at the escape of any prisoner, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months ; or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month ; or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months	To be imprisoned for the period of six months with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
20. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall be guilty of any carelessness, neglect, or disorder done or suffered to the breach of duty and of good order and discipline, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with for without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
21. Any person amenable to the provisions of this Act who, when duly summoned to appear before any Court constituted by the Act, shall not attend or shall refuse to be sworn or to make affirmation, or to answer any lawful question, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months	To be imprisoned for three months with or without labor and with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two months
22. Any person using menacing or disrespectful words, signs, or gestures in any Court constituted by this Act in the presence of the Presiding Officer, shall, if amenable to this Act, on conviction, be liable to be sentenced as declared in the opposite columns of this Table ; if otherwise, to a fine not exceeding one hundred Rupees, or in default of payment to imprisonment not exceeding two months.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
23. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall be found guilty of wilfully and knowingly giving false evidence on oath or affirmation on any trial before any Court constituted by this Act, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month	To be imprisoned for a period not exceeding with or without labor

W. Morgan,
Clerk of the Council.

[গবর্ণমেণ্ট গেজেট ৬ ১৮৬০। ১৭ জানুআরি।]

এই আইনের মুসাবিদাতে যে২ অপরাধের ও দণ্ডের কথা আছে তাহার ফর্দ্দ।

	হুদ্দাদার হইলে	অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী হইলে।
১। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী যে কোম্পানির কি পল্টনের লোক হয় তাহার মধ্যে, কিম্বা যুদ্ধসম্পর্কীয় কি পোলীসসম্পর্কীয় অন্য কোন কোম্পানির কি পল্টনের মধ্যে, যদি কোন ছলে কোন রাজবিদ্রোহিতার কি অবাধ্যতার আরম্ভ করে কি তাহা উদ্যোগ দেয় কি তাহার কারণ হয় কি তাহাতে মিলে, কিম্বা কোন রাজবিদ্রোহিতা কি অবাধ্যতা করণকালে বর্ত্তমান থাকিয়া যদি তাহা দমন করিতে সাধ্যমতে যত্ন না করে, কিম্বা কোন রাজবিদ্রোহিতা কার্য্য কি রাজবিদ্রোহিতার কল্পনা কিম্বা রাজ্যবিপরীত কোন গুপ্ত ষড়যন্ত্রের কথা জানিতে পাইয়া, যদি অগৌণে তাহার সম্বাদ সৈন্যাধ্যক্ষ সাহেবকে না দেয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার প্রাণদণ্ডের, কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা পরিশ্রম সহিত কি তাহা ছাড়া কতক বৎসর মিয়াদে কয়েদ হইবার কিম্বা তগীর হইবার আজ্ঞা হইবেক।	তাহার প্রাণদণ্ডের, কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের, কিম্বা পরিশ্রম সহিত কি তাহা ছাড়া কতক বৎসর মিয়াদে কয়েদ হইবার, কিম্বা এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার ও তদ্ভিন্ন পরিশ্রম সহিত কি পরিশ্রম বিনা সাত বৎসর-পর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা কয়েদ না হইবার হুকুম হইবেক।
২। কোন হুদ্দাদারের কি অচিহ্নিত হুদ্দাদারের কি সিপাহীর জিম্মায় যে কোন কিল্লা কি গড় কি স্থান কি চৌকী দেওয়া যায়, কিম্বা যে কোন কিল্লাপ্রভৃতি রক্ষা করিবার কর্ম্ম তাহার হয়, তাহা যদি সে লজ্জাকররূপে ত্যাগ করে কি হস্তান্তরে সমর্পণ করে, কিম্বা তদ্রূপ কোন কিল্লা কি গড় কি স্থান কি চৌকী ত্যাগ করিতে কি হস্তান্তরে অর্পণ করিতে কোন কোম্পানির কি কোন পল্টনের হুদ্দাদারকে কি অচিহ্নিত হুদ্দাদারকে কি সিপাহীকে প্রবৃত্তি দিবার উপায় করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রম সহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ থাকিবার ও তদ্ভিন্ন সরকারী কর্ম্মহইতে তগীর হইবার কি না হইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া তগীর হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন এক শত বেত মারি খাইবার কি না খাইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া এক শত বেত খাইবার হুকুম হইবেক।
৩। রাজ্যের বিপক্ষে অস্ত্রধারি কোন লোকের সঙ্গে যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী লিখনপঠন করে কিম্বা তাহাকে স্পষ্টরূপে কি চক্রাক্ষরে কিছু সম্বাদ দেয়, কিম্বা তদ্রূপ লিখনপঠন হইবার কি সম্বাদ দেওয়া যাইবার কথা জানিতে পাইয়া যদি তৎক্ষণাৎ সৈন্যাধ্যক্ষ সাহেবকে না জানায়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন সরকারী কর্ম্মহইতে তগীর হইবার কি না হইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া তগীর হইবার হুকুম হইবেক	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার, ও তদ্ভিন্ন এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া এক শত বেত খাইবার হুকুম হইবেক।
৪। অস্ত্রধারি কোন লোকের সঙ্গে যুদ্ধ করিতে যে কোন হুদ্দাদারকে কি অচিহ্নিত হুদ্দাদারকে কি সিপাহীকে আনা যায় তাহার সম্মুখে যদি সে বিশ্বাসঘাতকতারূপে কি ভিরুরূপে কি লজ্জাকররূপে অনুচিত কর্ম্ম করে, কিম্বা যে কর্ম্মে নিযুক্ত থাকে তাহা করিতে লজ্জাকররূপে টালমটাল করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন সরকারী কর্ম্মহইতে তগীর হইবার কি না হইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া তগীর হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া এক শত বেত খাইবার হুকুম হইবেক।
৫। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী পল্টনের যে অংশের কি যে কোম্পানির কি সিপাহীরদের সঙ্গে ছাউনি স্থানে কি অন্য স্থানে কর্ম্মে নিযুক্ত থাকে তাহারদের মিথ্যা কি অনাবশ্যকমতে যদি শঙ্কা কি ইশারা কি কথা দ্বারা কি অন্য উপায়ে জানিয়া শুনিয়া ভয় জন্মায়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার, ও তদ্ভিন্ন এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া এক শত বেত খাইবার হুকুম হইবেক।

	হুদ্দাদার হইলে	অচিহ্নিত হুদ্দাদার কি সীপাহী হইলে।
৬। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ কোন হুদ্দাদারকে মারে, কিম্বা সে হুদ্দাদার কর্ম্মে নিযুক্ত থাকিলে কি না থাকিলে যে অবস্থায় তাহাকে কোন প্রকারে উপরিস্থ কার্য্যকারক বলিয়া চেনা যায় এমত কোন অবস্থায় যদি তাহার বিপক্ষে কোন অস্ত্র খোলে কি খুলিতে কি তুলিতে উদ্যোগ করে কিম্বা তাহার উপর কোন জোর করে কি করিতে উদ্যোগ করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার, কিম্বা উক্তমতে কয়েদ হইয়া কি না হইয়া এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার হুকুম হইবেক।
৭। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ হুদ্দাদারের কার্য্যনির্ব্বাহ কালে তাহার নিকটে হারিরূপে অবাধ্য কি বেয়াদবী হয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
৮। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কোন সান্ত্রীকে মারে কি তাহার উপর জোর করে কিম্বা অন্য কোন হুদ্দাদারকে কি অচিহ্নিত হুদ্দাদারকে কি সিপাহীকে মারে কি অন্য প্রকারে তাহার প্রতি কুব্যবহার করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা তাহার দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
৯। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ হুদ্দাদারের কোন উপযুক্ত হুকুম না মানে কিম্বা তাহাকে যে কর্ম্ম করিতে বলা যায় তাহা করিতে স্বীকার না করে কিম্বা নেগাহবানীতে রাখা গেলে যদি চলিয়া যায়, কিম্বা কোন স্থানে ও সময়ে কোন কর্ম্মে নিযুক্ত হইলে যদি লুঠ কি অন্য কর্ম্ম করিবার জন্যে আপনার স্থান কি সঙ্গি লোকদিগকে ছাড়িয়া যায় কিম্বা সুনিয়ম ও সুশাসন রক্ষার জন্যে যে কোন হুকুম প্রবল থাকে তাহা যদি জানিয়া লঙ্ঘন করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার, কিম্বা দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
১০। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কর্ম্ম ছাড়িয়া পলায় কি পলাইবার পরামর্শ কি প্রবৃত্তি দেয় কি পলাইবার কথা জানিয়া তাহা না জানিবার মত করে, কিম্বা পলাতক ব্যক্তির গ্রেপ্তারী যাহাতে হয় এমত সম্বাদ জানিয়া না কহে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
১১। কোন সিপাহী সান্ত্রী হইয়া যদি ছুটী না পাইয়া কিম্বা অন্য লোক তাহার বদলি হইয়া না আইলে আপনার দাঁড়াইবার স্থান কি আপনার করণ্য কর্ম্ম ছাড়িয়া যায়, কিম্বা আপনার দাঁড়াইবার স্থানে কি কর্ম্ম করিবার কালে ঘুমায়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহাকে সরকারের কর্ম্ম হইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেক পর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা এক মাসের বেতন কাটা যাইবার হুকুমহইবেক।
১২। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কর্ম্ম করিবার কালে কিম্বা কর্ম্ম করিতে হইলে যদি মাতাল হয় তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ		

[গবর্ণমেণ্ট গেজেট, ১৮৬০, ১৭ জানুআরি।]

	ছুন্দাদার হইলে	অচিহ্নিত ছুন্দাদার কি সিপাহী হইলে।
১৩। কোন ছুন্দাদার কি অচিহ্নিত ছুন্দাদার কি সিপাহী কোন প্রকারের সম্পত্তির তৈনাতী কর্ম্মে নিযুক্ত হইয়া যদি সেই সম্পত্তি কি তাহার কোন অংশ লুঠ করে কি নোকসান করে, কিম্বা কোন লোকের দ্বারা তাহার লুঠ কি নোকসান হইবার কালে তাহা দেখিয়া না দেখিবার মত করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা সরকারের কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার, কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।
১৪। কোন ছুন্দাদারের কি অচিহ্নিত ছুন্দাদারের কি সিপাহীর সঙ্গি সৈন্যেরদের কি পল্টনের কি অন্য সৈন্যেরদের রসদ যে জন যোগায় তাহার প্রতি যদি ঐ ছুন্দাদারপ্রভৃতি কোন জোর করে, কিম্বা রক্ষার্থ কোন লোকপ্রভৃতিকে যদি তাড়ায় কিম্বা লুঠ করিবার জন্যে কোন স্থানে জোর করিয়া প্রবেশ করে, কিম্বা কোন প্রকারের দ্রব্য লুঠ কি অপচয় কি নোকসান করে কিম্বা তদ্রূপ কোন কর্ম্ম দেখিয়া না দেখিবার মত করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা সরকারের কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।
১৫। যদি কোন ছুন্দাদার কি অচিহ্নিত ছুন্দাদার কি সিপাহী কোন স্থানে থাকিয়া কি কুচ হইয়া অন্য স্থানে যাইবার সময়ে বেআইনীমতে ও কোন লোকের অনিচ্ছাতে ভয় দেখাইয়া তাহার টাকা কি কোন প্রকারের দ্রব্য কোন প্রকারের ছলনাতে লয় কিম্বা অনুমতি না পাইয়া জোর করিয়া কোন গ্রামের লোকেরদের কি অন্যেরদের গাড়ি বেগার লয় কি কোন লোকপ্রভৃতিকে বেগার ধরে কি রসদ লয় তবে তাহার ঐ দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কি দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ভয় দেখাইয়া কি জোর করিয়া যে দ্রব্য হরণ করা গিয়াছে তাহার মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার এক মাসের পাওনা বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ভয় দেখাইয়া কি জোর করিয়া যে দ্রব্য হরণ করা গিয়াছে তাহার মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক।
১৬। যদি কোন অচিহ্নিত ছুন্দাদার কি সিপাহী আপনার ঘোড়া কি হাতিয়ার কি বস্ত্র কি পোশাক কি বাক্স খুলি কি পল্টনের আবশ্যক দ্রব্যাদি কিম্বা কোন সিপাহীর পূর্ব্বোক্ত কোন দ্রব্যাদি চুরী করে কি জানিয়া শুনিয়া হারায় কি নোকসান করে কি অপচয় করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ		তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন যে দ্রব্য হারাণ গেল কি যাহার অপচয় কি নোকসান হইল তাহার মূল্য ঐ অপরাধির কোন দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।

[*Government Gazette, 17th January, 1860*]

	হুদ্দাদার হইলে	অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী হইলে।
১৭। কোন হুদ্দাদারের কি অচিহ্নিত হুদ্দাদারের কি সিপাহীর জিম্মায় কিছু টাকা সরকারের নিমিত্তে কি সরকারের কোন কার্য্যের নিমিত্তে দেওয়া গেলে, কিম্বা সরকারের কোন প্রকারের সরঞ্জাম কি দ্রব্য তাহার জিম্মায় দেওয়া গেলে যদি ঐ টাকার তহবীল ভাঙ্গে কি কিছু চুরী করে কি প্রতারণা করিয়া অনুপযুক্ত কর্ম্মে খরচ করে কিম্বা সেই দ্রব্য দি জানিয়াশুনিয়া নষ্ট করে কি নষ্ট হইতে দেয়, কিম্বা সেই প্রকার তহবীল ভাঙ্গনের কি প্রতারণামতে টাকা খরচ করণের কোন কার্য্যে যদি তাহার সম্পর্ক থাকে কিম্বা তাহা জানিয়া যদি না জানিবার মত করে, তবে তাহার ঐ দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা সরকারী কর্ম্মহইতে তগীর হইবার, ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন তহবীল ভাঙ্গিয়া লওয়া কি চুরীকরা কি প্রতারণামতে খরচকরা কি নষ্টকরা ঐ টাকার কি দ্রব্যের মূল্য ঐ অপরাধির মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন তহবীল ভাঙ্গিয়া লওয়া কি চুরীকরা কি প্রতারণামতে খরচকরা কি নষ্টকরা ঐ টাকার কি দ্রব্যের মূল্য ঐ অপরাধির মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।
১৮। যদি কোন লোক আপনার কোম্পানির কি অন্য কোন কোম্পানির কি পল্টনের কোন ব্যক্তির কি ঐ পল্টনপ্রভৃতির সঙ্গে কর্ম্মকারি কোন ব্যক্তির টাকা কি মাল চুরী করে কি চুরী করিবার সহায় হয় তবে ঐ চুরীকরা দ্রব্যের মূল্য পঞ্চাশ টাকার অধিক না হইলে তাহার ঐ দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	পরিশ্রম সহিত কি তাহা ছাড়া তাহার ছয় মাস কয়েদ হইবার হুকুম হইবেক ও তদ্ভিন্ন ঐ চুরীকরা দ্রব্যের মূল্য অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।	তাহার এত কাল কয়েদ হইবার, ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার হুকুম হইবেক। তদ্ভিন্ন ঐ চুরীকরা দ্রব্যের মূল্য অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।
১৯। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী উপযুক্ত ক্ষমতা না পাইয়া কোন কয়েদীকে ছাড়িয়া দেয় কিম্বা তাহার পলাইবার সাহায্য করে কি তাহার পলাইবার কথা জানিয়া না জানিবার মত করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার, কিম্বা তাহার দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২০। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কর্ত্তব্য কর্ম্ম ও সুনিয়ম ও সুশাসনের লঙ্ঘন কার্য্য যাহাতে হয় এমত কোন অমনোযোগ কি শৈথিল্য কি অনিয়মিত কার্য্য করে কি করিতে দেয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেক পর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২১। এই আইনের বিধানমতে যাহারদের বিচার হইতে পারে, এমত কোন লোককে এই আইনমতের স্থাপিত কোন আদালতে হাজির হইতে সমন করা গেলে যদি সে হাজির না হয়, কিম্বা হলফ করিতে কি ধর্ম্মত প্রতিজ্ঞা করিতে কিম্বা উপযুক্ত কোন জিজ্ঞাসার উত্তর করিতে স্বীকার না করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবে কঅর্থাৎ	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহাবিনা তিন মাস কয়েদ হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।

	হুদ্দাদার হইলে	অচিলিক হুদ্দাদার কি সিপাহী হইলে।
২২। এই আইনদ্বারা স্থাপিত কোন আদালতে যদি কোন লোক বিচারপতির সম্মুখে ভয় জন্মাইবার কি অশ্রদ্ধার কোন কথা কহে কি ইশারা করে কি অঙ্গভঙ্গি করে তবে এই আইনমতের বিচার্য্য লোক হইলে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক। যদি এই আইনমতের বিচার্য্য লোক না হয় তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ও জরীমানার টাকা না দিলে তাহার দুই মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইবেক।	তাহার সরকারী কর্ম্মহইতে বরখাস্ত হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অনধিক পর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২৩। এই আইনদ্বারা স্থাপিত কোন আদালতে কোন মোকদ্দমার বিচারকালে যদি কোন হুদ্দাদার কি অচিলিত হুদ্দাদার কি সিপাহী হলফ করিয়া কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া ইচ্ছাপূর্ব্বক ও জানিয়াশুনিয়া অসত্য সাক্ষ্য দিবার দোষী হয় তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার সরকারী কর্ম্মহইতে বরখাস্ত হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত বি তাহাবিনা এত কালপর্য্য কয়েদ হইবার হুকুম হইবেক

ডব্লিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 29

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court to forward to you for your information and for communication to the officers subordinate to you, the accompanying copy of an order of the 9th ultimo, passed by the Lieutenant-Governor in modification of Circular Order No 36, dated 6th August, 1856, regarding the rate of travelling allowance to be drawn by Ministerial and Police officers, travelling by Railway when on duty.

(Signed) H. B LAWFORD.
Offg. Register.

Fort William, the 2nd December, 1859

(COPY.)

CIRCULAR.

No. 76.

From Lord H. U. Browne, Under Secretary to the Government of Bengal, to the Officiating Register of the Sudder Court.

Fort William, the 9th November, 1859.

I am directed by the Lieutenant-Governor to forward for your information and guidance, and for communication to the officers subordinate to you, the accompanying copy of an order passed by the Lieutenant-Governor in modification of Circular Order No 36, dated 6th August, so far as regards the rate of

[*Government Gazette*, 17*th January*, 1860]

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানী ও ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

আদালতের ও পোলীসের আমলাগণ যখন সরকার কর্ম্মের নিমিত্তে রেলওয়ে গাড়িতে যায় তখন যে হিসাবে তাহারা পথখরচ লইবেক, ইহার ১৮৫৬ সালের ৬ আগষ্টের ৩৬ নম্বরের যে সরকুলর হইয়াছিল তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব গত মাসের ৯ তারিখে যে হুকুম করেন, তাহার এক কেতা নকল তোমার জানিবার জন্যে ও তোমার অধীন কর্ম্মকারকদিগকে জানাইবার নিমিত্তে সদর আদালতে হুকুমমতে পাঠাইতেছি।

এচ বি লাফর্ড।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ২ ডিসেম্বর।

সরকুলর।

৭৬ নম্বর।

সদর আদালতের একটিং রেজিষ্টর সাহেবের নিকট বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত লার্ড এচ ইউ ব্রৌন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৯ সাল ৯ নবেম্বর।

আদালতের ও পোলীসের আমলাগণ যখন সরকার কর্ম্মের নিমিত্তে রেলওয়ে গাড়িতে যায় তখন যে হিসাবে তাহারদের পথখরচ লইতে হইবেক ইহার যে ৫৩ আগষ্ট মাসের ৬ তারিখের ৩৬ নম্বরের সরকুলর অর্ডরে হইয়াছিল তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে হুকুম জারী করিয়াছেন তাহা

travelling allowance to be drawn by Ministerial officers, and officers of Police, travelling by Railway when on duty.

Order. A Ministerial officer, Police officer, or other subordinate officer travelling on duty, who is entitled, under the circumstances, to draw travelling allowance reckoned by mileage, shall receive when travelling by Railway, in lieu of mileage rate, the actual cost of his Railway ticket.

An officer having a salary of 50 Rupees a month and upwards will be entitled to a second class ticket, and less than that sum to a third class ticket.

(Signed) H. U. Browne,
Under Secretary to the Government of Bengal.

(True Copy.)

R. Stuart,
Assistant Register.

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 31.

To the Zillah Judges and Deputy Commissioner of Hazareebagh.

I am directed to inform you that, as the Government contemplate appointing a Committee to enquire into the best method of conducting Pleaders' examinations, no examination for Senior Pleadership will be held next year. Examinations for Junior Pleadership will only be held in those Zillahs where there is a real and pressing want of pleaders in the Courts of the Sudder Ameens and Moonsiffs, and you are therefore requested to state for the information of the Court, whether there is any such want in the subordinate Civil Courts of your District.

(Signed) H. B. Lawford,
Offg. Register.

Fort William, the 16th December, 1859.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT.

The 5th January, 1860.

Moonshee Fuqueer Ahmud, Moonsiff of Chuppye, Zillah Rajshahye, to be Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea; and Baboo Gour Chunder Mojumdar, Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea, to be Moonsiff of Chuppye, Zillah Rajshahye.

LEAVES OF ABSENCE.

The 5th January, 1860.

The unexpired portion of the leave of absence for two weeks, granted on the 9th December last, to Moulvie Mahomed Alum, Moonsiff of Nulchitty, Zillah Backergunge, is hereby cancelled.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০।১৭ জানুআরি।]

এক কেতা নকল তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে এবং তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশমতে তোমার নিকটে পাঠাইতেছি।

হুকুম এই যে আদালতের কি পোলীসের আমলা কিম্বা তাবেদার অন্য কর্ম্মকারক সরকারী কর্ম্মের নিমিত্তে কোন স্থানে গেলে, যদি বিষয় বুঝিয়া তাহার যত মাইল যাইতে হয় তত মাইলের হিসাবে খরচ লইবার অনুমতি হয়, তবে রেলওয়ে গাড়িতে যাইতে হইলে মাইলের হিসাবে তাহার খরচ দেওয়া যাইবে না, কিন্তু তাহার রেলওয়ে গাড়ির টিকিটের দাম দেওয়া যাইবে।

যাহারা ৫০৲ টাকা ও তাহার অধিক বেতন পায় তাহারদের দ্বিতীয় কেলাসের টিকিট, ও ৫০৲ টাকার কম বেতন যাহারা পায় তাহারদের তৃতীয় কেলাসের টিকিট লইবার অনুমতি হইবেক।

এচ ইউ ব্রৌন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩১ নম্বর।

জিলার শ্রীযুত জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিসানর সাহেব বরাবরেষু।

আদেশমতে তোমাকে এই কথা জানাইতেছি। উকীলেরদের পরীক্ষা যেরূপে লইলে অতিউত্তম হয়, এই কথার সন্ধান লইবার জন্যে গবর্ণমেণ্ট কমিটি নিযুক্ত করিতে মনস্থ করিয়াছেন। এই কারণে আগামি বৎসরে উর্দ্ধ শ্রেণীর ওকালতী পদের জন্যে পরীক্ষা হইবেক না। যে২ জিলার সদর আমীনেরদের ও মুনসেফেরদের আদালতে উকীলেরদের নিযুক্ত হওয়া নিতান্ত অতিআবশ্যক হয়, কেবল সেই২ জিলাতে দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা হইবেক। অতএব তোমার জিলার অধঃস্থ দেওয়ানী আদালতে উকীলেরদের প্রয়োজন আছে কি না, এই কথা আদালতের নিকটে তোমার জানাইতে আদেশ হইতেছে।

এচ বি লাফর্ড।
এক্টিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১৬ ডিসেম্বর।

John Robinson, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৫ জানুআরি।

জিলা রাজশাহীর চাপাইয়ের মুনসেফ শ্রীযুত মুন্সী ফকীর আহমদ জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ হইবেন ও জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার জিলা রাজশাহীর চাপাইয়ের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ৫ জানুআরি।

জিলা বাকরগঞ্জের নলছিটির মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলমকে গত ডিসেম্বর মাসের ৯ তারিখে যে দুই সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ইহাতে রহিত হইয়াছে।

The 11th January, 1860.

Baboo Chundeeburn Banerjee, Moonsiff of Tobkebograh, Zillah Tipperah, for four months, on private affairs, in extension of the leave of absence granted to him under the Court's orders of the 24th October last.

Moonshee Mahomed Wally, Sudder Moonsiff of Comillah, Zillah Tipperah, for two months, under Medical Certificate, in extension of the leave of absence granted to him under the Court's orders of the 10th November last.

H. B. Lawford, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণরের সাহেবের হুকুম।

৭৪১৩ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এম রাইলি সাহেব (Mr. H. M. Roily.) পিরোজপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারায় যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে ঐ এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ পাবনাতে প্রেরিত হইয়াছেন। ঐ জিলায় তিনি ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে ম্যাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ জে হর্শেল সাহেব (Mr. W. J. Herschel,) মনীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) শাহাবাদের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

অরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ এ কক্রেল সাহেব (Mr. H. A. Cookerell,) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ১ আইনানুসারে ত্রিপুরা ও ছিলট ও চাটিগাঁয়েতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

অরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকাস্থ ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ডেবি সাহেব (Mr. W. Davey.) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ১ আইনানুসারে ত্রিপুরা ও ছিলট ও চাটিগাঁয়েতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২২ ডিসেম্বর।

শ্রীযুত বাবু বেণিমাধব সোম পুরণ্দিয়ার অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা বীরভূমের সদর আমীন ও উক্ত জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত সৈয়দ আবদুল রফ রঙ্গপুরের সদর আমীন ও উক্ত জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

[*Government Gazette*, 17th *January*, 1860.]

১৮৬০ সাল ১১ জানুআরি।

জিলা ত্রিপুরার তোবকিবাগরার মুনসেফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ বাঁড়ুয্যা সদর আদালতের গত অক্টোবর মাসের ২৪ তারিখের হুকুমমতে যে ছুটী পান তাহার অধিক চারি মাসের ছুটী আপনার কর্ম্মের নিমিত্তে পাইয়াছেন।

জিলা ত্রিপুরার কমিল্লার সদর মুনসেফ শ্রীযুত মুনশী মহম্মদ ওলি সদর আদালতের গত নবেম্বর মাসের ১০ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

পূরণিয়াতে উররারীর মুনসেফ শ্রীযুত মৌলবী ইনামউল হক্ মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু B A. ছিলটে প্রেরিত হইয়া ঐ জিলায় মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক শ্রীযুত পান্নালাল অহরী কলিকাতার পূর্ব্বদিগের খালের কর্ম্মহইতে রাজধানীর এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

কক্সস বাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ কাশীম পোলীসের কার্য্যকারকের কর্ম্ম ত্যাগ করিয়া ১৮৫৯ সালের ১০ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এফ লিনস সাহেব (Mr. J. F. Lynch,) ডেপুটী কালেক্টর হইয়া শাহাবাদে প্রেরিত হইবেন। ঐ স্থানে তিনি উক্ত জিলায় বন্দোবস্তকারক শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেবের (Mr. W. F. McDonell,) আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৫৯ সাল ২৪ ডিসেম্বর।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় হাবড়াতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে ঐ জিলায় কার্য্য করিবেন।

শ্রীযুত এ আবরক্রমি সাহেব (Mr. A. Abercrombie.) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ২৬ ডিসেম্বর।

শ্রীযুত এ জে জাক্সন সাহেব (Mr. A. J. Jackson,) ডাকাইতী নিবারণার্থ কমিসানর হইবেন।

১৮৫৯ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত পাদরি ডবলিউ স্পেনসর সাহেব (Reverend W. Spencer,) হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত এ জি ডফ সাহেব (Mr. A. G. Duff,) শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের গমনাগমন সময়ে তাঁহার চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৫ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের দশ সংখ্যক পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব (Lieutenant W. P. Davis,) অভিহিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

রঙ্গপুরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুর্য্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৯ ডিসেম্বর।

বাগুণ্ডীর নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইন্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

শেরসিরামের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ ইনমেন সাহেব (Mr. J. W. Inman,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত জে ওয়েষ্টন সাহেব (Mr. J. Weston,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

অধস্থ আসাম দেশের এলাকাভুক্ত আসিস্টাণ্ট ওবসিয়র শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র রুদ্র অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

তৃতীয় শ্রেণীভুক্ত সব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ মাকলল সাহেব (Sub-Engineer W. McCulloh,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) রাজধানীর মেডিকাল কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থ চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৬ ডিসেম্বর।

কটকের মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারার ৩ প্রকরণানুসারে আপন কর্ম্মস্থানে পঁহুছনের নিমিত্তে অতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বাকরগঞ্জ জিলার এক এলাকাখণ্ড স্থাপন হওনা মঞ্জুর করিয়াছেন। তাহার নাম পিরোজপুর এলাকাখণ্ড হইবেক তাহার মধ্যে নিম্নের লিখিত থানা গণ্য হইবেক তাহার সদর মোকাম পিরোজপুর বিশেষতঃ।

টুগরা।
কেবওয়ারি কচুয়া।

২০৮৪ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

পরীক্ষক বোর্ডের রিপোর্টক্রমে রাজশাহি এলাকাভুক্ত নিম্নের লিখিত ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর ১৮৫১ সালের নবেম্বর মাসের ১৯ তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণক্রমে যে পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাতে উত্তীর্ণ হইয়াছেন এমত প্রকাশ হইয়াছে।

প্রথম শ্রেণীর পরীক্ষাতে

শ্রীযুত বাবু কালীচন্দ্র বাঁড়ুয্যা।
শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস।

নিয়োগ।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

নীচের লিখিত ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিস্টাণ্ট মাজিস্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা প্রাপ্ত হইয়াছেন। বিশেষতঃ

শ্রীযুত বাবু কালীচন্দ্র বাঁড়ুয্যা	...	রঙ্গপুরে।
শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস	...	পাবনাতে।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারী নেমক চৌকীয়াত শহর কলিকাতা সন ১৮৬০ সাল ১২ জানুআরি।

যেহেতুক বন্দর সুতানুটির নেমকি বেপারিগণের গোলায় নেমক আমদানীরপ্তানী হওনকালীন নিম্নের লিখিত পরিমাণ নেমক রামধন প্রামাণিক ও রঙ্গদাস নামক দুই ব্যক্তি বিনাদলীলে লইয়া যাওনকালীন নেমক চৌকি সুতানুটির কার্ত্তিক ও চৈতন্যসিংহ চাপরাসীগণকর্ত্তৃক ধৃত হওয়ায় উক্ত নেমক ধৃত হওয়ার অযোগ্য বোধে এই কাছারীহইতে ঐ নেমক খালাসের হুকুম হইয়াছিল এযাবৎ উক্ত ব্যক্তিগণ হাজির হইয়া নেমক না লওয়ায় ঐ নেমক চৌকি সুতানুটির দারোগার কাছারিতে মউজুদ আছে অতএব সাধারণের বিজ্ঞাপনার্থে এই ঘোষণাপত্র প্রকাশ করা যাইতেছে যে আগামি সন ১৮৬০ সালের ১৩ ফেব্রুআরি তারিখে শহর কলিকাতায় শ্রীযুত জুষ্টিস অফ দি পীস সাহেবের হজুরে ১৮৪৯। ১০ আইনের ২১ ধারার বিধানমতে বিচার হইবেক অতএব যে কেহ উক্ত নেমকের দাওয়া রাখে তাহার উচিত যে উক্ত দিবসে প্রশংসিতের হজুরে হাজির হইয়া আপনং দাবী জানায়।

গ্রেপ্তারীর সন তারিখ	গারীন্দার নাম	আসামীর নাম	তাহিম নেমক
সন ১৮৫৯। ৬ ডিসেম্বর	কার্ত্তিকসিংহ চাপরাশী	রামধন প্রামাণিক	/৫৸
সন ঐ ৭ ডিসেম্বর	চৈতন্যসিংহ চাপরাশী	রঙ্গদাস মুটিয়া	/৩৸

এ ডবলিউ পীকক। কলিকাতার নেমক চৌকীর একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০। ১৭ জানুআরি।]

OPIUM.

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৮০ সাল তারিখ ৭ ফিব্রুআরি মঙ্গলবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮। ৫৯ সালের পয়দায়শী আফিমের দ্বিতীয় নীলাম হইবেক ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ মেম্বরী কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিমতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৮০ সালের ১৩ এবং ২২ ফিব্রুআরি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিষরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস হওনার্থে সবত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৮০ সালের ১৩ ফিব্রুআরি সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের নীট খালাসি সববে কিমতের পুরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৮০ সালের ২২ ফিব্রুআরি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম দেওয়ার সন ১৮৮০ সালে নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের একিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৮০ সালের	১২	মার্চ	সোমবার	অথবা	কিঞ্চিৎ পশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১	আপ্রিল	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৭	মে	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১১	জুন	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১	জুলাই	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৮	অক্টোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
						১২৭০৫	৫০৯৯	১৭৮০৪

হুকুমমতে হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম। ১৮৮০ সাল তারিখ ৪ জানুআরি।

এসলি ইডেন : ছোট সেক্রে

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

এতদ্বারা কাছারী কালেক্টরী জিলে চট্টগ্রাম।

এহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহালাতের মালগুজারীর বাকী বাবত ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ৩ ফেব্রুআরি মতাবেক সন ১২৬৬ বাঙ্গলা তারিখ ২২ মাঘ রোজ শুক্রবার দ্বিপ্রহরের সময় এই কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬০ ইং তারিখ ৬জানুআরি মতাবেক সন ১২৬৬ বাঙ্গলা তারিখ ২৩ পৌষ।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

৩৯ নম্বর নিং আনন্দী মানুল্লা মালিক রামচন্দ্র দে সদর জমা ১১৬০৫৩

A. W. Russell, *Offg. Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

সুপ্রেম কোর্টের বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর ... বাদী।
হরিশ্চন্দ্র মিত্রদিগর ... প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান জানের মাহার ২৭ তারিখে শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রেম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেষ ওয়েল্‌চ সাহেব তাঁহার আফিসে শহর কলিকাতা চাঁদনী চক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিষ কোর্ট হৌস।

তারিখ ৯ জানের সন ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

ইতিপূর্ব্বে ইং ১৭৯২ সাং ১৮৫৫ সাল আবশ্যকীয় যে সকল নজির ছিল তাহা মহামান্য সদর দেওয়ানী আদালত কর্ত্তৃক সংগ্রহ হইয়া ১৪ খণ্ডে ছাপা হইয়াছিল। যেহেতু উক্ত ১৪ খণ্ডহইতে কোন আবশ্যকীয় নজির অনুসন্ধান করিয়া বাহির করা সুকঠিন এই নিমিত্তে গবর্ণমেণ্টের আদেশক্রমে ১৮৫৬ সালে নূতন এক পুস্তক ইংরাজি ভাষায় উক্ত ১৪ খণ্ডের নির্ঘণ্টস্বরূপ ৩ ভাগে অর্থাৎ প্রথম ভাগ সাধারণ আইন ও দ্বিতীয় ভাগ শাস্ত্র ও তৃতীয় ভাগ শরাসংক্রান্ত মোকদ্দমা ছাপা হইয়াছে। ঐ ইংরাজি ভাষায় পুস্তক প্রকাশ হওয়াতে নজিরের অনুসন্ধান বিষয়ে যে ক্লেশ হইত তাহা রহিত হইয়াছে আর ঐ পুস্তক জেলাজাতের জজ ও প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ ও উকীল ও তৎপদাকাঙ্ক্ষী ও মোক্তার ও জমীদার ও মহাজনপ্রভৃতির পক্ষে কিপর্য্যন্ত আবশ্যক তাহা বর্ণনাধিক, কিন্তু যাঁহারা ইংরাজি ভাষা না জানেন তাঁহারা ঐ পুস্তকের দ্বারা কোন উপকার প্রাপ্ত হইতে পারেন না। একারণ সর্ব্ব সাধারণের হিতার্থে উক্ত ইংরাজি পুস্তক ও তদতিরিক্ত ১৮৫৭ সালপর্য্যন্ত যে সকল নয়রী ও সরাসরী নজির প্রচার ও প্রকাশ হইয়াছে তাহা সদর দেওয়ানী আদালতের নজির অনুবাদক শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র হালদার মহাশয়কর্ত্তৃক বঙ্গভাষায় অনুবাদ ও সংগ্রহ পূর্ব্বক ছাপা করিয়া খাঙ্গরকারিদিগের পক্ষে ১০৲টাকা ও অন্যান্য ব্যক্তির পক্ষে ডাক মাসুল সমেত ১২৲ টাকা মূল্য ধার্য্য করিলাম গ্রহণেচ্ছুক মহাশয়েরা টাকাসহ লিপি প্রেরণ করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন।

শ্রীমহম্মদ ইস্মাইল। উকীল সদর দেওয়ানী।

মোং কলিকাতা।

১৮৫৯ সালের ৮ আইনের সামান্য নির্ঘণ্ট এবং অভিধানের ন্যায় বর্ণমালানুযায়ী ইংরাজ প্রস্তুত ও প্রকাশিত হইয়া সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী মহাশয়ের আফিসে বিক্রয় আছে। মূল্য ॥০ আনা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 24, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৪ জানআরি।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 32.

To the Zillah Judges in the Lower Provinces and Deputy Commissioner of Hazarechagh.

In continuation of their Circular Order No. 81. of the 16th instant, I am directed by the Court to forward to you Copy of the Orders of Government No 7352 of the 24th idem, and to state that the rule therein contained will apply to Candidates who may present themselves at the next examination for Junior Pleaderships in those districts where pleaders may be wanted

(Signed) H B Lawford,
Offg. Register

Fort William, the 31st December, 1859.

No. 7352.

From E H. Lushington, Esq , Offg. Secretary to the Govt of Bengal, to the Officiating Register. Sudder Court.

Dated Fort William, the 24th December, 1859

I am directed by the Lieutenant Governor to acknowledge the receipt of your letter No 1607, dated the 5th instant, and in reply to state that, if there are to be any Junior Pleadership examinations next year, the fee of Rupees 32 can be levied from every Candidate as proposed by the Court

(Signed) E H Lushington,
Offg Secy. to the Govt of Bengal.

(True Copy,)
R. Stuart.
Assistant Register

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলার শ্রীযুত জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিশ্নর সাহেব সমীপেষু।

সদর আদালতের বর্ত্তমান মাসের ১৬ তারিখের ৩১ নম্বরের যে সরক্যুলর প্রকাশ হইয়াছিল, তাহার অতিরিক্ত আমি সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে গবর্ণমেণ্টের ঐ মাসের ২৪ তারিখের ৭৩৫২ নম্বরের হুকুম তোমার নিকটে পাঠাইয়া এই কথা জানাইতেছি যে২ জিলাতে উকীলদিগের প্রয়োজন থাকে সেই২ জিলাতে দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে আগামি বিদায় যে পরীক্ষা হইবেক তৎকালে যাঁহারা পরীক্ষা দিতে আইসেন তাঁহারদের উপর ঐ হুকুম খাটিবেক।

এচ বি লাকর্ড। এক্টিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ৩১ ডিসেম্বর।

৭৩৫২ নম্বর।

All expenses incurred under the last two preceding Sections or either of them, by or by the authority of such Governor or Consular Officer as aforesaid, including the cost of maintaining the Passengers until forwarded to their destination, and of all necessary beddings, provisions, and stores, shall become a debt to Her Majesty and Her successors from the Owner, Charterer and Master of such ship, and shall be recoverable from them, or from any one or more of them, at the suit and for the use of Her Majesty, in like manner as in the case of other Crown debts and a certificate purporting to be under the hand of any such Governor or Consular Officer (as the case may be) stating the total amount of such expenses shall in any suit or other proceeding for the recovery of such debt be received in evidence without proof of the hand writing or of the Official character of such Governor or Consular Officer and shall be deemed sufficient evidence of the amount of such expense and that the same were duly incurred Provided nevertheless that in no case shall any larger sum be recovered on account of such expenses than a sum equal to twice the total amount of passage money received by the Owner Charterer, or Master of such Passenger ship or any of them, from or on account of the whole number of Passengers who may have embarked in such ship, which total amount of passage money shall be proved by the defendant if he will have the advantage of this limitation of the debt but if any such Passengers are forwarded or conveyed to their intended destination under the provisions of the last preceding Section, they shall not be entitled to the return of their passage money, or to any compensation for loss of passage

W MORGAN,
Clerk of the Council.

THE 28TH JANUARY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 16th January 1860 (communicated to the Legislative Council on the 28th idem), and is hereby promulgated for general information.—

Act No III. of 1860.

An Act to empower Sessions Judges to pass sentence in certain cases without reference to the Sudder Court.

[Preamble]

WHEREAS it is expedient to empower Sessions Judges in the Presidency of Fort William in Bengal, to pass sentence in certain trials without reference to the Nizamut Adawlut; and whereas it

[উক্ত দুই ধারামতে যে খরচ হয় তাহা রাজের পাওনা হইবার কথা। ও গবরুনর্ জাহেবপ্রভৃতি কোন চড়নদারকে পাঠাইলে তাহার স্থানে ক্ষতিপূরণের দাওয়া না করিবার কথা।]

৪ ধারা। ইহার পূর্ব্বের দুই ধারামতে, কি তাহার কোন ধারামতে, উক্ত প্রকারের গবরুনর্ সাহেবের, কি তাঁহার আজ্ঞামতে অন্য সাহেবের, কিম্বা কনসল সাহেবের যত খরচ হয়, তাহা ও চড়নদারদিগকে যাবৎ তাহারদের লক্ষিত স্থানে পাঠান না যায় তাবৎ তাহারদের ভরণপোষণের খরচ ও আবশ্যক শয্যার ও আহারীয় ও ব্যবহার্য্য দ্রব্যের খরচ, ঐ জাহাজের স্বামির ও ভাড়া লওনিয়ার ও কাপ্তান সাহেবের স্থানে শ্রীযুতী মহারাণীর ও তাঁহার উত্তরাধিকারিদের পাওনা হইবেক, ও রাজ্যের প্রাপ্য অন্য টাকার ন্যায় শ্রীযুতীর নালিশমতে ও তাঁহার কার্য্যের নিমিত্তে ঐ স্বামিপ্রভৃতির কি তাঁহারদের কোন এক কি অধিক জনের স্থানে আদায় হইতে পারিবেক। ও সেইরূপ কোন গবরুনর্ সাহেবের কিম্বা বিশেষলিখনে কনসল সাহেবের স্বাক্ষরিত সার্টিফকট [illegible] কোন সার্টিফিকটে যদি সেই খরচের [illegible] তবে সেই গবরুনর্ সাহেবের কি কনসল সাহেবের স্বাক্ষরের [illegible] পদস্থ থাকার কোন প্রমাণ না লইয়া, এ কর্জ্জ আদায়ের কোন মোকদ্দমায় কি আদালতের অন্য কার্য্যেতে ঐ সার্টিফিকট ঐ কর্জ্জের প্রমাণে গ্রাহ্য হইবেক, ও সেই খরচের মোট টাকার ও সেই টাকা উপযুক্তমতে খরচ হইয়াছে এমত প্রচুর প্রমাণ আন হইবেক। কিন্তু ঐ চড়নদারের [illegible] সকল লোক উঠিয়াছিল তাহারদের সকলের স্থান কি সকলের নিমিত্তে ঐ জাহাজের স্বামী কি জালওনিয়া ব্যক্তি কি কাপ্তান কি তাঁহারদের কোন লোক সর্ব্বসুদ্ধ পথখরচের যত টাকা পাইলেন তাহার দ্বিগুণের অধিক টাকা সেই খরচের নিমিত্তে কখন আদায় হইবেক না। ও ঐ সীমাপর্য্যন্তের টাকা আদায় হয় আসামী যদি ইহাতে সম্মত হন, তবে সকল চড়নদারের জন্যে যত টাকা পাইয়াছেন তাহার প্রমাণ করিবেন। কিন্তু যদি সেই প্রকারের কোন চড়নদারকে ইহার পূর্ব্বের ধারার বিধিমতে লক্ষিত স্থানে পাঠান যায়, তবে সেই লোক আপনার পথখরচের টাকা ফিরিয়া পাইতে পারিবেক না, কিম্বা সেই জাহাজে যাইতে পারিল না বলিয়া ক্ষতির পরিশোধে কিছু পাইতে পারিবেক না ইত্যাদি।

ডব্লিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৮ জানুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মন্ত্রিরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৬ জানুআরি তারিখে সম্মত হইয়া এ মাসের ২৮ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩ আইন।

কোন২ মোকদ্দমায় সেশন জজ সাহেবেরা সদর আদালতে জিজ্ঞাসা না করিয়া দণ্ডাজ্ঞা করিতে পারেন এমত ক্ষমতা দেওনের আইন।

[তেরদফা।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে কোন২ মোকদ্দমায় সেশন জজ সাহেবেরা নিজামৎ আদালতে জিজ্ঞাসা না করিয়া দণ্ডাজ্ঞা করিতে পারেন এমত ক্ষমতা দেওয়া বিহিত। ও ১৮১৭ সালের ১৭ আই-

is likewise expedient to remove the restriction now imposed by law upon Sessions Judges in regard to the minimum of punishment which they are competent to inflict in cases of perjury and certain cases of forgery described in Clause 2 Section IX. Regulation XVII. 1817 ; It is enacted as follows .—

[Laws repealed and modified]

I. Clause 3 Section VI. and Clause 3 Section IX. Regulation XVII. 1817 of the Bengal Code are hereby repealed ; and Section IX. of the same Regulation, and Section IV. Regulation VI. 1832 of the same Code, are hereby modified.

[Sentence by Sessions Judge in case of conviction of rape.]

II. When a person is convicted of the crime of rape, if the circumstances of the case shall not appear to call for a more severe punishment than imprisonment for seven years with labor in irons, the Sessions Judge before whom the trial is held shall himself pass sentence.

[Sentence by Sessions Judge in case of conviction of a crime declared by the Sudder Court to be a penal offence]

III. When a person is convicted in a trial held under the provisions of Regulation VI. 1832, of a crime declared by a precedent of the Nizamut Adawlut to be a penal offence, if the circumstances of the case shall not appear to call for a more severe punishment than seven years' imprisonment with labor in irons, the Sessions Judge before whom the trial is held shall himself pass sentence. If, however, the crime of which the person has been convicted has not been declared to be a penal offence by a precedent of the Nizamut Adawlut, the Sessions Judge shall not proceed to pass sentence, but shall refer the case for the consideration of the Nizamut Adawlut, stating at length in the proceedings the opinion of the punchayet, assessors, or jury, and his own opinion, as to the crime proved and the nature and extent of the punishment which should be awarded.

[Sentence by Sessions Judge in case of conviction of perjury or forgery.]

IV. When a person is convicted of the crime of perjury or subornation of perjury or of forgery or of procuring forgery, as defined and made punishable by Regulations II. 1807 and XVII. 1817 of the Bengal Code, the Sessions Judge shall pass such sentence on the offender as he may consider adequate to the offence in reference to the particular circumstances of the case , provided that he shall in no case exceed the limit of the powers vested in him by Clause 2 Section IX. of the Regulation last mentioned.

[Sessions Judge may refer a case to the Sudder Court]

V. If in any case coming under the provisions of this Act, the Sessions Judge shall consider the sentence which he is empowered to pass inadequate to the guilt of the prisoner, he shall refer the case,

যেহ ৯ ধারার ২ প্রকরণে মিথ্যা শপথ করিবার ও জাল করিবার যেহ২ মোকদ্দমা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন২ মোকদ্দমায়, সেশন জজ সাহেবেরা যাহার জীবন দণ্ড করিতে না পারেন, তদ্বিষয়ের যে নিষেধ তাঁহারদের প্রতি এখন আইনমতে আছে তাহা উঠাইয়া দেওয়া বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[যেহ আইন রদ ও মতান্তর হইল তাহার কথা।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৭ সালের ১৭ আইনের ৬ ধারার ৩ প্রকরণ ও ৯ ধারার ৩ প্রকরণ ইহাতে রদ হইল, ও ঐ দেশের চলিত সেই আইনের ৯ ধারা ও ১৮৩২ সালের ৬ আইনের ৪ ধারা ইহাতে মতান্তর করা যাইতেছে ইতি।

[বলাৎকারের দোষ সাব্যস্ত হইলে সেশন জজ সাহেবের দণ্ডাজ্ঞার কথা।]

২ ধারা। যদি কোন লোকের বলাৎকার করিবার দোষ সাব্যস্ত হয়, ও মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া যদি বেড়ী ও পরিশ্রমসহিত সাত বৎসরপর্য্যন্ত কয়েদ থাকিবার দণ্ডহইতে ভারি দণ্ড করা উচিত বোধ না হয়, তবে যে সেশন জজ সাহেব মোকদ্দমার বিচার করেন তিনি আপনি দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[সদর আদালত যাহা দণ্ডনীয় অপরাধ করিয়াছেন এমত অপরাধ সাব্যস্ত হইলে সেশন জজ সাহেবের দণ্ডাজ্ঞার কথা।]

৩ ধারা। নিজামৎ আদালতের কোন নজিরমতে দণ্ডনীয় অপরাধ বলিয়া যে দোষ প্রকাশ হইয়াছে, ১৮৩১ সালের ৬ আইনের বিধানমতে মোকদ্দমার বিচার হইয়া যদি কোন লোকের সেই দোষ সাব্যস্ত হয়, ও মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া যদি বেড়ী ও পরিশ্রমসহিত সাত বৎসরপর্য্যন্ত কয়েদ থাকিবার দণ্ডহইতে ভারি দণ্ড করা উচিত বোধ না হয়, তবে যে সেশন জজ সাহেব মোকদ্দমার বিচার করেন তিনি আপনি দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু ঐ লোকের যে দোষ সাব্যস্ত হয় তাহা যদি নিজামৎ আদালতের কোন নজিরমতে দণ্ডনীয় অপরাধ বলিয়া প্রকাশ না হইয়াছে, তবে সেশন জজ সাহেব দণ্ডের আজ্ঞা করিবেন না। কিন্তু যে দোষের প্রমাণ হইয়াছে, ও তাহার যে প্রকারের ও যত দণ্ড করিতে হয়, এই বিষয়ে পঞ্চায়তের কি আসেসরের দের কি জুরির যে মত ও আপনার যে মত হয়, তাহা বিস্তারিতরূপে লিখিয়া মোকদ্দমার কাগজপত্রের সঙ্গে নিজামৎ আদালতের বিবেচনার নিমিত্তে অর্পণ করিবেন ইতি।

[মিথ্যা শপথ কি জাল করার দোষ সাব্যস্ত হইলে সেশন জজ সাহেবের দণ্ডাজ্ঞা করণের কথা।]

৪ ধারা। মিথ্যা শপথের কি মিথ্যা শপথ করিবার প্রবৃত্তি দেওনের কি জাল করিবার কি করাইবার যেহ২ দোষের অর্থ ও দণ্ড বাঙ্গলা দেশের চলিত ১৮৩৭ সালের ২ আইনেতে ও ১৮১৭ সালের ১৭ আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে, এমত দোষ যদি কোন লোকের সাব্যস্ত হয়, তবে সেশন জজ সাহেব মোকদ্দমার বিশেষ ভাবগতিক বুঝিয়া অপরাধের যে দণ্ড উপযুক্ত বোধ করেন এ অপরাধির সেই দণ্ডের আজ্ঞা করিবেন। কিন্তু ১৮১৭ সালের ১৭ আইনের ৯ ধারার ২ প্রকরণমতে তাঁহার যেপর্য্যন্ত দণ্ড করিবার ক্ষমতা আছে তাহার অধিক কখন না করেন ইতি।

[সদর আদালতে সেশন জজ সাহেবের মোকদ্দমা অর্পণ করিবার কথা।]

৫ ধারা। এই আইনের বিধান যেহ২ মোকদ্দমার খাটে এমত কোন মোকদ্দমায় সেশন জজ সাহেবের যত দণ্ড করিবার ক্ষমতা থাকে, সেই দণ্ড যদি অপরাধ বিবেচনায় অত্যল্প জ্ঞান করেন, তবে তিনি আপনার মত

with his sentiments, for the sentence of the Nizamut Adawlut in conformity to Section VI. Act XXXI. of 1861, which is hereby declared applicable to such cases.

W. MORGAN,
Clerk of the Council.

নিজামৎ আদালতের সজাজা করিবার জন্যে সেই আদালতে সোপর্দ্দ করিবেন। তদ্রূপ স্থলে এ আইন খাটিবেক এই হুকুম ইহাতে করা গেল ইতি।

ডব্লিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

DRAFT OF ACT.

THE 28TH JANUARY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 28th January 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 1st of May next --

A Bill to amend Act XXI of 1856 (to consolidate and amend the law relating to the Abkaree Revenue in the Presidency of Fort William in Bengal)

[Preamble.]

WHEREAS it is expedient to increase the rate of duty levied on spirits manufactured at distilleries worked according to the English method, and otherwise to amend Act XXI. of 1856 It is enacted as follows:—

[Rate of duty to be levied on spirits manufactured according to the English method.]

I. So much of Section VII. Act XXI of 1856 as prescribes that the duty leviable on spirits manufactured at distilleries worked according to the English method, for the imperial gallon of the strength of London proof, shall be one Rupee -is hereby repealed, and on and after the 21st January 1860 it shall be lawful for the Government to levy the duty as aforesaid at the rate of three Rupees

[Imprisonment in default of payment of fine.]

II. When any person is sentenced to pay any fine or forfeiture under the said Act, such person in default of payment of the same may be imprisoned by order of the Magistrate for any term not exceeding two months when the amount of the fine or forfeiture shall not exceed fifty Rupees, or for any term not exceeding four months when the amount of the fine or forfeiture shall not exceed two hundred Rupees, or for any term not exceeding six months when the amount of the fine or forfeiture shall exceed two hundred Rupees; but in any case the imprisonment shall determine upon the payment of the fine or forfeiture adjudged.

[Indemnity to Collectors, &c.]

III Every Collector or other Officer is hereby indemnified for any thing done on and after the said 21st of January 1860 in collecting or enforcing, the duty leviable under the 1st Section of this Act, or by virtue of any order of Government heretofore made authorising the levy of any such duty, or in otherwise carrying out this Act; and no action or other proceeding shall be maintained against

[*Government Gazette, 7th February*, 1860]

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৮ জানুআরি।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৮ জানুআরি তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। তাঁহারা আগামি মে মাসের ১ তারিখের পর সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

১৮৫৬ সালের ২১ আইন অর্থাৎ বাঙ্গলা দেশের ফার্ট উলিয়ম রাজধানীর মোতালক স্থানে আবকারীর রাজস্বের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[ভূমিকা।]

ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে কারখানায় [illegible] তাহাতে যে সকল শরাব চোয়ান যায় তাহার মামুল আদায় হয় তাহা বৃদ্ধিকরা ও ১৮৫৬ সালের ২১ আইন অন্য প্রকারে সংশোধন করা বিহিত এই কারণে এই বেধন হইল।

[ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে শরাব চোয়ান যায় তাহার যে মামুল আদায় হইবেক তাহার কথা।]

১ ধারা। যে কারখানাতে ইঙ্গলণ্ডের নিয়মমত মদরা চোয়ান যায় তাহাতে লণ্ডন প্রুফের মত তীব্র মদিরার ইম্পিরিয়ল গালন প্রতি ১ টাকার হিসাবে মামুল লওয়া যাইবেক ১৮৫৬ সালের ২১ আইনের ৭ ধারার এই কথা ইহাতে রদ হইল, ও ১৮৬০ সালের জানুআরি মাসের ২১ তারিখে ও তাহার পরে গালন সেই তিন টাকার হিসাবে উক্ত মামুল আদায় করিতে পারিবেন ইতি।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার কথা।]

২ ধারা। উক্ত আইনমতে কোন লোকের জরীমানা কি দণ্ড দিবার হুকুম হইলে, যদি সেই লোক ঐ জরীমানার টাকা না দেয়, তবে সেই জরীমানা কি দণ্ড পঞ্চাশ টাকার অধিক না হইলে তাহাকে মাজিস্ট্রেট সাহেবের হুকুমমতে দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিম্বা জরীমানা কি দণ্ড দুই শত টাকার অধিক না হইলে তাহাকে চারি মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিম্বা জরীমানা কি দণ্ড দুই শত টাকার অধিক হইলে তাহাকে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিন্তু যত টাকা জরীমানার কি দণ্ডের যত টাকা দিবার হুকুম হয় তাহা দেওয়া গেলেই সে কয়েদ হইতে মুক্ত হইবেক ইতি।

[কালেকটর সাহেবপ্রভৃতির দায়হইতে রক্ষা পাইবার কথা।]

৩ ধারা। এই আইনের ১ ধারাক্রমে, কিম্বা সেসনজজ সাহেবের যে কোন হুকুমমতে উক্ত প্রকারের কোন মামুল আদায় করিবার ক্ষমত দেওয়া গিয়াছে সেই ক্ষমতাক্রমে এ মামুল আদায় করিবার কিম্বা বলপূর্ব্বক সইবার পরোয়ানা দিবার অন্য কোন প্রকারে এই আইনমতের কোন কার্য্য করিতে, কোন কালেকটর সাহেব কিম্বা অন্য কোন কর্ম্মকারক ১৮৬০ সালের জানুআরি মাসের উক্ত ২১ তারিখে কিম্বা তাহার পরে যে কোন কার্য্য করেন তাহার নিমিত্তে

any such Collector or other Officer in respect of any thing so done.

[Construction of Act.]

IV. This Act and Act XXI. of 1856 as hereby amended shall be read as one Act.

W. MORGAN,
Clerk of the Council.

তিনি কোন দায় ঠেকিবেন না ও তদ্রূপের দ্বারা কোন কার্য্যের নিমিত্তে তদ্রূপ কোন কালেক্টর সাহেবের কি অন্য কার্য্যকারকের নামে কোন দাবীর নালিশ কি মোকদ্দমার অন্য কার্য্য গ্রাহ্য হইবেক না ইতি।

[এই আইনের অর্থ করিবার কথা।]

৪ ধারা। এই আইনমতে সংশোধনকরা ১৮৫৬ সালের ২১ আইন ও এই আইন এক্ষি আইনমতে পাঠ করিতে হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 25th January, 1860.

Baboo Kishto Kinker, to officiate as Moonsiff of Zorowurgunge, Zillah Chittagong, during the absence on leave of the incumbent.

LEAVE OF ABSENCE.

The 25th January, 1860.

Moonshee Shodeen, Moonsiff of Zorowurgunge, Zillah Chittagong, for three months, under Medical Certificate.

H. B. LAWFORD, *Offg. Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ২৫ জানুআরি।

জিলা চাটিগাঁয়ের জরোবরগঞ্জের মুনসেফ ছুটী লইয়া যাবৎ কর্ম্মে ফিরিয়া না আইসেন তাবৎ শ্রীযুত কৃষ্ণকিঙ্কর বাবু সেই কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৫ জানুআরি।

জিলা চাটিগাঁয়ের জরোবরগঞ্জের মুনসেফ শ্রীযুত মুনশী নসরুদ্দীন চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

৪১৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) রঙ্গপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ২৩ জানুআরি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এফ সিরর সাহেব (Lieutenant J. F. Sherer,) কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত টি ওআল্টন সাহেব (Mr. T. Walton,) ছিলটের দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৬০ সাল ২৬ জানুআরি।

শ্রীযুত সি এ পেপর সাহেব (Mr. C. A. Pepper.) হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৩ জানুআরি।

কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট আর ষ্টুআর্ট সাহেব (Lieutenant R. Stewart,) ১৮৫৯ সালের জানুআরি মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে ছুটী লইয়া ইউরোপে গমনের পূর্ব্বে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

আসাম দেশের অধস্থ এলাকার কর্ম্মকারক শ্রীযুত আর সিয়র্স সাহেব (Mr. R. Sears.) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৩০ জানুআরি।

সিবিলসম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত এম ঈনজর সাহেব (Surgeon M. Ainger,) গত মাসের ২০ তারিখঅবধি ভারতবর্ষের গবর্ণমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

৪৫৭ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২ ফেব্রুআরি।

শ্রীযুত টি বি লেন সাহেব (Mr. T. B. Lane,) হাবড়ার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৭ জানুআরি।

নদীয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জে হল্‌স সাহেব (Mr. J. J. Halls,) আপন মোকামের চিকিৎসা কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালাচাঁদ দের প্রতি অর্পণ করিয়া ১৮২৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

চম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্লণ্ডেল সাহেব (Mr. W. Blundell,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২ ফেব্রুআরি।

হাবড়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জে জে গ্রে সাহেব (Mr. J. J. Grey.) ছুটী লইয়া ইউরোপে গমন নিমিত্তে প্রস্তুত হওনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২ ফেব্রুআরি।

চাটিগাঁয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সার্সন সাহেব (Mr. W. Sarson,) গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব গত সেপ্টেম্বর মাসের ২২ তারিখে যে ছুটী পান তদবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৫৯ সালের ডিসেম্বর মাসের ১৫ তারিখের ১২৮

মহরী পত্রে শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী অফ ষ্টেট সাহেব জ্ঞাপন করিয়াছেন যে সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত জে এচ মাঙ্গলস সাহেব (Mr. J. H. Mangles,) বাঙ্গলা দেশের রাস্তার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে হোল্ট সাহেব (Mr. J Holt,) অতিরিক্ত ছয় মাসের ছুটী পাইবেন।

রিবর্শ ডামসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদিগের ইশ্তিহার।

নিম্নান্বিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রয়ের আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২৷৷০
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ১৷৷০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ১৪ সংখ্যাপর্য্যন্ত ৬৲ এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১ । ২ । ৩ ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ স্কন্ধ ৪ ১০
যোগবাশিষ্ঠ ১ না২৬ সর্গ ৪
গীতাবলি ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪
সপ্তকাণ্ড রামায়ণ প্রং ১
আরব্যোপাখ্যান, ১ না৲ ৫, পঞ্চম খণ্ডে .. . ৫
অপূর্ব্বোপাখ্যান, ২১ প্রং ২
বত্রিশ সিংহাসন, গদ্য ১
আচ্যকৃত ইংবাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা
এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
ইংরাজী শকুন্তলা ১
প্রবোধচন্দ্র নাটক ১
পুরাণের অনুক্রমনিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাজীর বিচার ৷৷০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ১ জলম ৫০
[illegible] ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্জাবেতিহাস ১৲
প্রাচীন ঐ ১৲
[illegible]দর্শন ১৷৷০
[illegible]র বিবরণ ১৲
প্রিয়ম্বদ ১
জেরি বাং ইং ডিক্সনরি ৫০৲
জেকবের ল, ডিক্সনরি ১০
পূর্ণচন্দ্রোদয় ৮৲
রাজা রামমোহন রায়ের জীবনচরিত্র ৷০
চিকিৎসাসার ১৷০
কোলব্রুকের অমরকোষ ৮৲
ঐ ব্যাখ্যা .. ১৪৲
ঐ হিন্দুলা . ১৪৲
ঐ মেকনাটন ১০৲
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩
নাং [illegible]লম ১০
শব্দসাধন মুক্তাবলি
চমৎকার হিরাক্লাস ... ১৲
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে

[*Government Gazette, 7th February*, 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 14, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৪ ফেব্রুআরি।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 4TH FEBRUARY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 23rd January 1860 (communicated to the Legislative Council on the 4th February 1860), and is hereby promulgated for general information :—

Act No. IV. of 1860.

An Act to amend Act VIII. of 1859 (for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter.)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VIII. of 1859 (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*) : It is enacted as follows :—

[Appeal to Sudder Court to be heard by two or more Judges.]

1. From and after the passing of this Act so much of the 332nd Section of Act VIII. of 1859, as enacts that "If the appeal lie to the Sudder Court it shall be heard and determined by a Court consisting of three or more Judges of that Court," shall be repealed, and in lieu thereof the following shall form portion of the said Section :—

If the appeal lie to the Sudder Court, it shall be heard and determined by a Court consisting of two or more Judges of that Court. If, when the Court shall consist of only two Judges, there is a difference of opinion upon the evidence in cases in which it is competent to the Court to go into the evidence, and one Judge concur in opinion with the Lower

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুরক্রমে এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৩ জানুআরি তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে ইহা সম্প্রতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪ আইন।

"দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার, ১৮৫৯ সালের ৮ আইন শুধরাইবার আইন।

[হেতুবাদ।]

দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার ১৮৫৯ সালের ৮ আইন সংশোধন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[সদর আদালতে যে আপীল হয় তাহা দুই কি অধিক জন জজ সাহেবের শুনিবার কথা।]

১ ধারা। "আপীল যদি সদর আদালতে হয়, তবে ঐ আদালতের তিন জন কি অধিক জন জজ সাহেব এজলাস করিয়া তাহা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন" এই যে বিধান ১৮৫৯ সালের ৮ আইনের ৩৩২ ধারাতে আছে তাহা এই আইন জারী হইবার সময়াবধি রদ হইবেক। ও তাহার পরিবর্ত্তে নীচের লিখিত কথা এ ধারার এক ভাগ হইবেক।

"যদি সদর আদালতে আপীল হয় তবে ঐ আদালতের দুই কি অধিক জন জজ সাহেব এজলাস করিয়া তাহা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন কেবল দুই জন জজ সাহেবের এজলাস হইলে ও আদালত যে মোকদ্দমার প্রমাণ দৃষ্টি করিতে ক্ষমতাপন্ন হন এমত মোকদ্দমার যদি প্রমাণ দেখিয়া তাঁহারদের মতের অনৈক্য হয়, ও তালাতের বিষয়ে যদি তাঁহারদের এক জনের মত

Court as to the facts, the case shall be determined accordingly: If in a Court so constituted there is a difference of opinion upon a point of law, the Judges shall state the point upon which they differ, and the case shall be re-argued upon that question before one or more of the other Judges and shall be determined according to the opinion of the majority of the Judges of the Sudder Court by whom the appeal is heard.

[Procedure on receiving application for execution of decree.]

II. From and after the passing of this Act the 215th Section of the said Act shall be repealed, and in lieu thereof the following shall be the 215th Section:—

"The Court, on receiving any application for execution of a decree containing the particulars above mentioned or such of them as may be applicable to the case, shall enter a note of the application and the date on which it was made, in the Register of the suit. If it shall be shown to the Court that the particulars do not correspond with the original decree, the Court shall either return the application for correction to the person making it, or shall, with the consent of such person, cause the necessary correction to be made. If the application be admitted, the Court shall order execution of the decree according to the nature of the application."

[Extension of Act to Non-Regulation Provinces]

III. When under the provisions of Section 365 of the said Act the Act is extended to any part of the territories not subject to the general Regulations of Bengal, Madras, and Bombay, it shall be lawful for the Government to which the territory is subordinate to declare that the Act shall take effect therein subject to any restriction, limitation, or proviso which it may think proper. In such case the restriction, limitation, or proviso shall be inserted in the declaration or notification of such extension. When the Act is extended by the Local Government to any territory subordinate to such Government and such extension is made subject to any restriction, limitation, or proviso, the previous sanction of the Governor General of India in Council shall be requisite.

M. WYLIE,
Clerk of the Council.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 1

CIRCULAR MEMORANDUM.

The following Rules, based on Government orders, dated the 13th April 1841 and 22nd December 1859, are to be inserted as 29 A and 29 B in the Rules of Practice circulated on 11th July 1855.

"29 A. Commissioners shall be competent to pass collection charges of Mehal's held Khas on the

অর্থাৎ আদালতের মতের সঙ্গে মিলে, তবে তদনুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইবেক। সেই প্রকারের কোন এজলাসে যদি আইনঘটিত কথা ধরিয়া মতের অনৈক্য হয়, তবে যে কথায় অনৈক্য হয় তাহা জজ সাহেবেরা ঠিক করিবেন, ও সেই কথা লক্ষ করিয়া অন্য এক কি অধিক জন জজ সাহেবের সম্মুখে ঐ মোকদ্দমার পুনরায় তর্কবিতর্ক হইবেক, ও সদর আদালতের যে জজ সাহেবেরা আপীল শুনেন তাঁহারদের অধিক জনের যে মত হয় তদনুসারে নিষ্পত্তি হইবেক ইতি।

[ডিক্রীজারীর দরখাস্ত পাওয়া গেলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

২ ধারা। ঐ আইনের ২১৫ ধারা এই আইন জারী হইবার সময়াবধি রদ হইবেক ও তাহার স্থানে এই ধারা ২১৫ ধারা হইবেক।

"আদালত পূর্ব্বোক্ত বিশেষ কথাসমূলিত, কিম্বা মোকদ্দমাতে তাহার মত খাটিতে পারে সেই কথাসমূলিত ডিক্রীজারী করিবার কোন দরখাস্ত পাইলে, ঐ দরখাস্ত পাওয়া গেল কথা ও যে তারিখে পাওয়া গেল সেই তারিখ মোকদ্দমার রেজিষ্টরীতে লিখিবেন। সেই সকল বিশেষ কথা আসল ডিক্রীর সঙ্গে মিলে না, ইহা যদি আদালতে দেখান যায়, তবে আদালত তাহা সংশোধন করিবার জন্যে দরখাস্তকারিকে ফিরাইয়া দিবেন, কিম্বা তাহার অনুমতি লইয়া তাহা আবশ্যকমতে সংশোধন করাইবেন। সেই দরখাস্ত যদি গ্রাহ্য হয় তবে আদালত ঐ দরখাস্তের মর্ম্মমতে ডিক্রী জারী হইবার হুকুম করিবেন।"

[আইনবহির্ভূত প্রদেশে ঐ আইন চালাইবার কথা।]

৩ ধারা। বাঙ্গলা কি মান্দ্রাজ কি বোম্বাই দেশের সাধারণ আইন যে প্রদেশে চলে না এমত কোন প্রদেশে ঐ আইনের ৩৮৫ ধারার বিধানমতে যদি ঐ আইন চালান হয়, তবে ঐ প্রদেশ যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট যে কোন নিষেধ কি সীমা কি বিধান নিরূপণ করা উচিত বোধ করেন সেই নিষেধ ও সেই সীমা ও বিধান মানিয়া ঐ আইন সেই প্রদেশে চলন হয়, এমত আজ্ঞা করিতে পারিবেন। এমত স্থলে ঐ আইন সেই দেশে চলন হইবার ঘোষণাপত্রে কি ইস্তিহারনামার মধ্যে ঐ নিষেধ কি সীমা কি বিধান ব্যক্ত থাকিবেক। স্থানবিশেষের কোন গবর্ণমেণ্ট যখন সেই স্থানের গবর্ণমেণ্টের অধীন কোন প্রদেশে ঐ আইন চলন করান, ও কোন নিষেধ কি সীমা কি বিধান বশতঃ সেই আইন চলন করান, তখন তাহাতে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতি প্রথমে পাওয়া আবশ্যক ইতি।

এম ওএলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১ নম্বর।

আরক লিপি।

নীচের লিখিত বিধি গবর্ণমেণ্টের ১৮৪১ সালের ১৩ আপ্রিল তারিখের ও ১৮৫৯ সালের ২২ ডিসেম্বর তারিখের হুকুমঅনুযায়ি করা গেল। ১৮৫৫ সালের ১১ জুলাই তারিখে কার্য্য করিবার যে বিধান প্রচার করা গিয়াছিল সেই বিধানের মধ্যে ঐ বিধি ২৯ A ও ২৯ B বিধি বলিয়া লিখিতে হইবেক।

২৯ A। রেকরারী তৌজীতে যে খাস মহাল লেখা আছে তাহার এস্তাসিলাতের খরচ অর্থাৎ যত টাকা

Fluctuating Toujee, at a rate not exceeding 10 per cent. of the actual collections.

"29 B. The collection charges of Abkaree Mehals held Khas may, under the same authority, be sanctioned within the limit specified."

2nd. *The following addition to be made as para. 15 under the head "Settlement" in the Abkaree Series circulated on the 8th July* 1857 :

"15. Commissioners shall be competent to pass collection charges of Abkaree Mehals held Khas, at a rate not exceeding 10 per cent. of the amount collected."

By Order of the Board of Revenue, Lower Provinces.

(Signed) E. T. TREVOR,
Secretary.

The 17th January 1860.

নিতান্ত উসুল হয় তাহার উপর কমিসানর সাহেবেরা শতকরা ১০৲ টাকার অনধিকের হিসাবে খরচ দিবার অনুমতি করিতে পারিবেন।

২৯ B। আবকারীর যে মহাল খাস হয় তাহার ওয়াসিলাতের খরচ সেই সাহেবেরদের অনুমতিমতে, সেই হিসাবে দেওয়া যাইতে পারিবেক।

২। ১৮৫৭ সালের ৮ জুলাই তারিখে আবকারীর যে বিধিশ্রেণী প্রচার হইয়াছিল তাহাতে "বন্দোবস্তের" কথার নীচে এই কথা ১৫ দফা বলিয়া লিখিতে হইবেক।

১২। আবকারীর যে মহাল খাস হয় তাহার ওয়াসিলাতের খরচ অর্থাৎ যত টাকা উসুল হয় তাহার উপর কমিসানর সাহেবেরা শতকরা ১০৲ টাকার অনধিকের হিসাবে খরচ দিবার অনুমতি করিতে পারিবেন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই টি ট্রেবর।

সেক্রেটারী।

১৮৬০ সাল ১৭ জানুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Civil Judges in the Lower Provinces.

There being no heading in the No. 2, Abstract Statement of Summary suits and Miscellaneous business pending, instituted and disposed of before the Judge and Principal Sudder Ameen, under which Petitions of appeal under Sections 36 and 119, of Act VIII. of 1859 can be entered, I am directed to inform you that a new heading is to be inserted in that statement after heading No. 1, as follows :—

"Petitions of appeal under Section 36 from orders passed under Sections 29, 31, and 32, and petitions of appeal under Section 119, Act VIII. of 1859." This new heading is to be number 2, and it will therefore be necessary for you to alter the numbers of the other headings in the printed forms supplied to you. When new forms are printed the omission will be supplied.

(Signed) H. B LAWFORD,
Offg. Register.

Fort William, the 7th January, 1860.

সদর দেওয়ানী আদালতের রেজিষ্টরের অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

জজ সাহেবের ও প্রধান সদর আমীনের সম্মুখে যে সকল নিষ্পত্তি মোকদ্দমা ও মুৎফরকা কার্য্য মুলতবী থাকে ও উপস্থিত করা যায় ও নিষ্পত্তি হয়, তাহার ২ নম্বরের কৈফিয়তের খোলাসার মধ্যে, ১৮৫৯ সালের ৮ আইনের ৩৬ ও ১১৯ ধারামতের আপীলের দরখাস্ত লিখিবার কোন ঘর নাই। অতএব আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে, সেই কৈফিয়তে ১ নম্বরের ঘরের পরে নূতন ঘর করিতে হইবেক। তাহার উপরিভাগে এই কথা লিখিতে হইবেক।

"১৮৫৯ সালের ৮ আইনের ২৯ ও ৩১ ও ৩২ ধারামতে যে হুকুম হয় সেই হুকুমের উপর ৩৬ ধারামতের আপীলের দরখাস্ত ও ১১৯ ধারামতের আপীলের দরখাস্ত।" এই ঘর ২ নম্বরের ঘর বলিয়া লিখিতে হইবেক। অতএব ঐ কৈফিয়তের ছাপাকরা যে পাঠ তোমাকে দেওয়া গিয়াছে তাহার অন্য সকলঘরের নম্বর তোমার বদল করিতে হইবেক। নূতন শব্দও যখন ছাপা হয় তখন ঐ নূতন ঘর তাহাতে দেওয়া যাইবেক।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৭ জানুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

৫১৩ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত জে বি স্কৃবেন সাহেব (Dr. J B. Scriven,) ভবানীপুরে দাতব্য ঔষধালয়ের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬০ সাল ৩১ জানুআরি।

প্রবেসানরি আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত জে কাল্ডওয়েল সাহেব (Overseer J. Caldwell,) রামগড় এলাকায় নিযুক্ত হইয়াছেন তিনি হাজারীবাগ ও বরিব মধ্যের রাস্তার কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ১ ফেব্রুআরি।

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander,) তারণে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত হরিশ্চন্দ্র শর্ম্মা চকদীঘীতে দাতব্য ঔষধালয় ও চিকিৎসালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৬০ সাল ৮ ফেব্রুআরি।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) যাবৎ না পঁহুছেন তাবৎ শ্রীযুত ডি জে মাকনীল সাহেব

Mr. D. J. McNeile,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

পালামৌ (সাবেক নাম কোরওা) এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি কাম্বেল সাহেব (Mr T. Campbell,) ছোট নাগপুরের কমিসানর সাহেবের অতিরিক্ত ছোট আসিষ্টাণ্ট হইবেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes,) হাজরিবাগের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

দিনাজপুরের একটিং কালেক্টর শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H Rose,) উক্ত জিলার মাজিষ্ট্রেটের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এন বারলো সাহেব (Mr G N. Barlow) মাণ্ডলা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া যশোহরে জাইট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

[illegible] ছুটী।

১৮৬০ সাল ৬ ফেব্রুআরি।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr J J. Ward) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

মাসুল চুরী নিবারণের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই ওব্রায়েন সাহেব (Mr. E O'Brien,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই এম রাইলি সাহেব (Mr. E. M. Reily,) শ্রীযুত মৌলবী আবদুল মজিদের সা পঁহুছনপর্য্যন্ত আপন এলাকাখণ্ডের ভার হুগলীর মাজিষ্ট্রেট শ্রীযুত বেলাই সাহেবের (Mr Belli) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৭ জানুআরি।

আসামের কমিসানর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এচ ব্রৌনলো সাহেব (Mr. W. H Brownlow,) গত মাসের ১৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। অতএব গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত কাল রহিত হইয়াছে।

১৮৬০ সাল ২ ফেব্রুআরি।

দানাপুরের সাবেক ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এম আর বর্জ সাহেব (Reverend M. R. Burge.) গত জুন মাসের ২২ তারিখে যে ছুটী পান তাহা গত মাসের ৩২ তারিখ অবধি রহিত হইয়াছে।

রিবর্স তামসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE.

Wanted for the Midnapore Magistrate's Court--a Peshkar and a Meer Moonshee—the salary of the former office being Rupees 30 per month, and that of the latter Rupees 20. Applications for either office must be made within one month from this date, either personally, or by letter, postpaid, to the Magistrate of Midnapore, and all applications must be accompanied by testimonials to the applicant's previous good character and respectability, and by certificates of proficiency and experience in the department. *No* persons need apply who have either property situated within, or relatives and connexions holding appointments, or residing, in, the Midnapore district, and applicants are further required to certify that they have no property, or connexions, in the said district.

F. R. Cockerell, *Offg. Magistrate,*

Midnapore Magistracy, the 10th February, 1860

ইশ্তিহার।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারীর পেশকারের ও মীরমুনশীর কর্ম্মের নিমিত্তে দুই জনের আবশ্যক হইয়াছে। পেশকারের বেতন মাসে ৩০৲ টাকা মীরমুনশীর বেতন ২০৲ টাকা। যাহারা ঐ২ কর্ম্ম পাইতে চাহে তাহারদের অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নিজে গিয়া দরখাস্ত দিতে হইবেক কিম্বা পত্রদ্বারা দরখাস্ত দিলে ডাক মাসুল দিয়া পত্র পাঠাইতে হইবেক। ও তাহারদের সদাচারের ও ভদ্রতার ও ফৌজদারী আদালতের কর্ম্মে তাহারদের নৈপুণ্যের ও অনুশীলনের সর্টিফিকট আপন২ দরখাস্তের সঙ্গে দিতে হইবেক। ঐ মেদিনীপুর জিলার মধ্যে যাহারদের কিছু সম্পত্তি থাকে কিম্বা ঐ জিলার সরকারী কোন কর্ম্মকারকেরদের মধ্যে কিম্বা ঐ জিলা নিবাসিরদের মধ্যে যে লোকেরদের জ্ঞাতিকুটুম্ব থাকে তাহারদের উক্ত কর্ম্মের নিমিত্তে দরখাস্ত দিবার প্রয়োজন নাই। যাহারা ঐ কর্ম্ম প্রার্থনা করে তাহারদের ঐ জিলার মধ্যে কিছু সম্পত্তি কি জ্ঞাতিকুটুম্বাদি নাই এই কথাও তাহারদের দরখাস্তে লিখিতে হইবেক।

এফ আর কাক্রেল। একটিং মাজিষ্ট্রেট

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।

১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৪ ফেব্রুআরি।]

SALT.

নিমক :

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেণ্ট গোলাওকি বাবৎ লাগাদ ৩১ জানুআরি ১৮৬০ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নেমকের।

এজেন্সীর নাম।	সন ১২৬১ সাল মোতাবক ইঙ্গরেজী ১৮৫৪। ৫৫ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬ ৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবক ইং ১৮৫৯। ৬০ সাল	মৌজুদ নেমকের একুন।
হিজলী।							
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।				৪৬৮/			৪৬৮/
ঐ কৃষ্ণনগর।				১,৬৮০।৬॥	১,১২,৬৩২৸৪		১,১৪,৩৩৫০॥
ঐ রামনগর।			১৭,২৯৪।৫		১,৩০,৩৪১/৮		১,৪৭,৬৩৫।৩
ঐ কালীনগর।				৮৩০/৩	৮১,৪২৭/		৮২,৩২৭/৩
ঐ পুরীঘাটা।				১,০৭৩/	৬৫,৪০৭/		৬৭,৫১০/
একুন।			১৭,২৯৪।৫	৩,০৫১।৯॥	৪,৮৯,৯০৮/২		৫,১২,২৫৪।৬॥
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।					২,৬৬১৪/		২,৬৬০॥৪/
একুন।					২,৬৬১৪/		২,৬৬০॥৪/

এজেন্সীর নাম	সন ১২৬১ সাল মোতাবক ইংরেজী ১৮৫৪।৫৫ সাল এবং পূর্ব্ব সনহারের	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫।৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬।৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭।৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮।৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবক ইং ১৮৫৯।৬০ সাল	মৌজুদ নেমকের একুন।
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক বাগখালী ঘাট।	•	•	•	১,৯৭৩ ॥৫	৪১,৪১২/৫	•	৪৩,৩৮৫৸০
ঐ সদর ঘাট এজেন্সী।	•	•	•	•	২৯,৬৪২ ॥০	•	২৯,৬৪২ ॥০
ঐ আরাকিন।	•	•	•	•	•	১৯,৫৬৩/	১৯,৫৬৩/
করকচ মান্দ্রাজ।	•	•	৬,৬৯১ ॥০	১,৩৫,৯৫৩ ॥৪ ॥৶	১,৭৭,৩৪১ ।০	•	৩,১৯,৯৮৬ ।৪ ॥৶
একুন।	•	•	৬,৬৯১ ॥০	১,৩৭,৯২৭/৯ ॥৶	২,৪৮,৩৯৫৸৫	১৯,৫৬৩/	৪,১২,৫৭৭ ॥৪ ॥৶
শালিখা।							
পাঙ্গা নেমক কটক।	•	•	•	•	৬,৬৪০/	•	৬,৬৪০/
ঐ বালেশ্বর।	•	•	•	১,৪০৬/	১,৯৫,১০০/	•	১,৯৬,৫০৬/
ঐ খোরদা	•	•	১২ ।০	•	•	•	১২ ।০
ঐ চিলকা।	•	•	•	•	•	•	•
ঐ ২৪ পরগনা দেশী	•	৩২০/	•	•	•	•	৩২০/
ঐ ঐ নারায়ণপুর।	১,৬৫,৯৬৮।০	•	•	•	•	•	১,৬৫,[illegible]৬৮।০
ঐ ঐ বাগুণ্ডী।	•	•	৩৬/	•	•	•	৩৬/
ঐ ঐ খোলা।	•	•	•	•	•	•	•
করকচ মান্দ্রাজ পরমিট	২,৫৭,৮৮২৸০	৬,৯১,৮৮৬/	•	•	•	•	৯,৪৯,৭৬৮৸০
ঐ চিলকা	•	১,৭০৫/	২,৪৩,৬০২ ।০	১,৭৮,২০০/	•	•	৪,২৩,৫০৭ ।০
ঐ সিন্ধু।	•	•	•	•	৫৪,৫০৯/	•	৫৪৫০৯/
মিশ্রিত করকচ।	•	•	•	•	২,২২৬/	•	২,২২৬/
পাঙ্গা নেমক পুরী ঘাটা।	•	•	•	৭,৪০৪/	৬,৬২২/	•	১৪,০২৬/
ঐ রামনগর।	•	•	২৬,৪৭৪/	২৭,৮৯৯/	•	•	৫৪,২৭৩/
মিশ্রিত পাঙ্গা নেমক।	•	•	•	৭৭৬/	•	•	৭৭৬/
একুন।	৪,২৩,৮৫১ ।০	৬,৯৩,৯১১/	২,৭০,১২৪ ॥০	২,১৫,৫৮৫/	২,৬৫,০৯৭/	•	১,৮৬,৮৫৬৮৸০
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈকফু	•	•	•	৬২৯ ॥০	৫৯,৫৫৪/	•	৬০,১৮৩ ॥০
একুন।	•	•	•	৬২৯ ॥০	৫৯,৫৫৪/	•	৬০,১৮৩ ॥০
মোট একুন।	৪,২৩,৮৫১ ।০	৬,৯৩,৯১১/	২,৯৪,১১০ ॥৫	৩,৫৯,১৯৩ ।৯৶	১০,৭২,৬১৮ ॥১ ।৶	১৯,৫৬৩/	২৮,৬৩,১৪৭৸৫ ॥৶

ই টি ট্রুবর। সেক্রেটারী।

OPIUM.

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ১২ মার্চ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌চেঞ্জ ঘরে সন ১৮৫৮-৫৯ সালের পয়দায়শী আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং এ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিসিনউ বোর্ডের দপ্তরখানার দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৭ এবং ২৭ মার্চ এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ হুমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সরতেক্টর সাহেবের দস্তখতী ত্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৭ মার্চ শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট-খালাসি সরবে কিস্তের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২৭ মার্চ মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	১	এপ্রিল	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৭	মে	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১১	জুন	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৯	জুলাই	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৮	অক্টোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
						১১৪৩০	৪৫৯০	১৬০২৪

ষ্টীফ হুকুম সাহেবান অলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ১ জিকুআরি

এসলি ইডেন একটিং জোট সেক্রেটারী।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 21, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

DRAFT OF ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 4TH FEBRUARY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 4th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 8th of May next :—

A Bill for facilitating the collection of debts on successions, and for the security of parties paying debts to the representatives of deceased persons.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend certain Acts now in force which provide greater security for persons paying to the representatives of deceased Hindoos, Mahomedans, and others not usually designated as British subjects, debts which are payable in respect of the estates of such deceased persons, and which facilitate the collection of such debts by removing all doubts as to the legal title to demand and receive the same ; It is enacted as follows :—

[Acts repealed.]

I. Act XX. of 1841 (*for facilitating the collection of debts on succession, and for the security of parties paying debts to the representatives of deceased persons*) : so much of Act VIII. of 1842, as relates to the said Act XX. of 1841 : Act X of 1851 (*to amend Act XX. of* 1841, *for the administration of personal estate of deceased persons*) : and Act VIII. of 1854 (*to explain and amend Act X. of* 1851 *and Act XX. of* 1841)—are hereby repealed ; except as to certi-

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

অতঃপর যে মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে বিচারার্থ পঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ হইল। আগামি মে মাসের ৮ তারিখের পর তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকার আদায় সুগম করণের ও মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত লোকদিগকে যাহারা আপনং কর্জ্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেবুঝকী হওনের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।

হিন্দু ও মুসলমান লোকেরা ও ব্রিটনীয় প্রজা নামে খ্যাত না হইয়া অন্য ব্যক্তিরা মরিলে তাহারদের যে টাকা পাওনা ছিল তাহা তাহারদের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা দেয়, তাহারদিগকে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বেবুঝকী রাখিবার বিধান, এবং ঐ পাওনা টাকার দাওয়া ও আদায় করণে আইনমতে যাহার অধিকার আছে তাহার বিষয়ে সন্দেহ সকল দূর করণের দ্বারা ঐ পাওনা টাকা আদায়ের কার্য্য সুগম করিবার বিধান, এইক্ষণকার চলিত যে আইনেতে হইয়াছে তাহা সংগ্রহ ও সংশোধন করা বিহিত। এই কারণে এই বিধান হইল।

[যে আইনসকল রদ হইল তাহার কথা।]

১ ধারা। ১৮৪১ সালের ২০ আইন, অর্থাৎ "উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকার আদায় সুগম করণের এবং মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা আপনং কর্জ্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেবুঝকী হওনের আইন" ও ১৮৪১ সালের উক্ত ২০ আইনের সঙ্গে ১৮৪২ সালের ৮ আইনের যে সকল কথার সম্পর্ক থাকে তাহা, ও ১৮৫১ সালের ১০ আইন অর্থাৎ "মৃত ব্যক্তির অস্থাবর সম্পত্তির সরবরাহ করণার্থ ১৮৪১ সালের যে ২০ আইন আছে তাহা সংশোধনের আইন" ও ১৮৫৪ সালের ৮ আইন অর্থাৎ "১৮৫১ সালের ১০ আইন ও ১৮৪১ সালের ২০ আইন স্পষ্ট ও সংশোধন করণের আইন"

heates granted and acts done under the authority of the said laws before the passing of this Act.

ইহাতে রদ হইল। কিন্তু এই আইন জারী হইবার আগে উক্ত সকল আইনমতে যে সকল সর্টিফিকট দেওয়া যায় ও যে সকল কার্য্য করা যায়, তৎসম্পর্কে ঐ২ আইন বহাল থাকিবেক ইতি।

[No debt recoverable without a certificate.]

[সর্টিফিকট না থাকিলে, কোন পাওনা টাকা আদায় হইতে না পারিবার কথা।]

II. No debtor of any deceased person shall be compelled in any Court to pay his debt to any person claiming to be entitled to the effects of any deceased person or any part thereof, except on the production of a certificate to be obtained in manner hereinafter mentioned, or of a probate or letters of administration, unless the Court shall be of opinion that payment of the debt is withheld from fraudulent or vexatious motives, and not from any reasonable doubt as to the party entitled

২ ধারা। কোন লোক মরিলে, যদি অন্য লোক তাহার সম্পত্তি কি ঐ সম্পত্তির কোন অংশ পাইবার দাওয়া রাখে, তবে সে লোক সর্টিফিকট কি প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান না দেখাইলে, তাহাকে এমৃত ব্যক্তির কোন কর্জ্জদারের দেনা টাকা দিবার হুকুম কোন আদালত হইতে হইতে পারিবেক না। ঐ সর্টিফিকট যে প্রকারে পাওয়া যাইতে পারিবে তাহার বিধি পর লেখা যাইতেছে। কিন্তু ঐ মৃত ব্যক্তির সম্পত্তি আদায় করিবার অজ্ঞান লোক কে হয়, এই কথার উপযুক্ত সন্দেহ থাকাতে না, কেবল প্রতারণা করিবার কি ক্লেশ দিবার অভিপ্রায়ে ঐ কর্জ্জদার টাকা দেয় না, আদালতের যদি এইরূপ বিবেচনা হয়, তবে ঐ কর্জ্জদারকে সেই টাকা দিতে হুকুম করিতে পারিবেন ইতি।

[Certificate to be granted by District Court within the jurisdiction of which any part of the property of the deceased may be found shall have authority to grant a certificate under this Act The applicant in his petition shall set forth his title The Court shall issue notice of application, inviting claimants, and appoint a day for hearing the petition, and upon the appointed day or as soon after as may be convenient shall determine the right to the certificate and grant the same accordingly

[যে প্রকারে পাওয়া যায় তাহার কথা।]

৩ ধারা। মৃত ব্যক্তির সম্পত্তির কোন অংশ যে জিলার কি আদালতের এলাকার মধ্যে থাকে, তাহার জজ সাহেব এই আইনমতের সর্টিফিকট দিতে ক্ষমতাপন্ন হন। এ সর্টিফিকট পাইবার দরখাস্তকারির যে প্রমাণের আবশ্যক হয় তাহা সে আপন দরখাস্তের মধ্যে প্রকাশ করিবে। তখন আদালত ঐ দরখাস্ত শুনিবার এত্তেলা দিবেন। ও যাহারা দাওয়া রাখে তাহার সকলকে দাওয়া করিতে আজ্ঞা করিয়া ঐ দরখাস্ত শুনিবার দিন নিরূপণ করিবেন ও সেই নিরূপিত দিনে কিম্বা তৎপরে যত শীঘ্র সুগম হয় ও শীঘ্র সর্টিফিকট পাইবার স্বত্বের কথা নিষ্পত্তি করিয়া তদনুসারে সর্টিফিকট দিবেন ইতি।

[Effect of certificate.]

IV. The Certificate of the District Court shall be conclusive of the representative title against all debtors to the deceased, and shall afford full indemnity to all debtors paying their debts to the person in whose favor the certificate has been granted

[সর্টিফিকটের ফলের কথা।]

৪ ধারা। মৃত ব্যক্তির সমস্ত দেনদারের স্থানে ঐ দেনা টাকার দাওয়া করিতে তাহার স্থলাভিষিক্ত ব্যক্তির অধিকার আছে ইহা আদালতের সর্টিফিকটের দ্বারা সিদ্ধান্তরূপে স্থির হইবেক। এবং যাহাকে ঐ সর্টিফিকট দেওয়া যায় তাহাকে যে দেনদার আপনার দেনা টাকা দিলে দেনদারের উপর আর কিছু দাওয়া থাকিবে না ইতি।

[Court may take security from grantee of certificate.]

[সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির স্থানে আদালতের জামিন লইবার কথা।]

V. The Court may take such security as it shall think necessary from any person to whom it shall grant a certificate for rendering an account of debts received by him, and for indemnity of persons who may be entitled to the whole or any part of the monies received by virtue of such certificate whose right to recover the same by regular suit against the holder of the certificate is not affected by this Act.

৫ ধারা। আদালত যাহাকে সর্টিফিকট দেন তাহার আদায়করা টাকার হিসাব দাখিল করিবার, ও ঐ সর্টিফিকটক্রমে আদায়হওয়া সমস্ত টাকা বা তাহার কতক অংশ যে ব্যক্তিরদের পাইবার অধিকার থাকে তাহারদিগকে তাহা দিবার ক্ষেমত জামিন লওয়া আদালত উচিত বোধ করেন তাহার স্থানে সেমত জামিন লইবেন। কিন্তু সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির স্থানে ঐ টাকা পাইবার নিমিত্তে আদেতমত মোকদ্দমা করিতে ঐ টাকা পাইবার স্বত্ববান লোকেরদের যে ক্ষমতা আছে তাহার কিছু ক্ষতি এই আইনেতে হইবেক না ইতি।

[Sudder Court may suspend certificate granted by District Court, or direct further proceedings Sudder Court may grant fresh certificate in supersession of the certificate granted by the District Court.]

[জিলার আদালতের দেওয়া সর্টিফিকট সদর আদালতের দ্বারা স্থগিত হইবার কিম্বা অধিক কার্য্যের হুকুম হইবার কথা। ও জিলার আদালতের দেওয়া সর্টিফিকটের পরিবর্ত্তে সদর আদালতের নূতন সর্টিফিকট দিবার কথা।]

VI The granting of such certificate may be suspended by an appeal to the Sudder Court, which Court may declare the party to whom the certificate should be granted, or may direct such further pro

৬ ধারা। সদর আদালতে আপীল হইলে এরূপ সর্টিফিকট দেওয়া স্থগিত হইতে পারিবেক। ঐ সর্টিফিকট যাহাকে দেওয়া উচিত তাহা ঐ আদালতের সাহেবেরা নির্দ্দিষ্ট করিতে পারিবেন, কিম্বা সর্টিফিকট

ceedings for the investigation of the title as it shall think fit. The Court may also, upon petition, after a certificate shall have been granted by the District Court, grant a fresh certificate in supersession of the certificate granted by the District Court. Such fresh certificate shall not affect any payments made to the person to whom any former certificate may have been granted, without notice that the same has been superseded, but shall entitle the person named therein to receive all monies that may have been recovered under the first certificate from the person to whom the same may have been granted.

পাইবার স্বত্বের সন্ধান লইবার নিমিত্তে অধিক যে কার্য্য করা উচিত বোধ করেন তাহা করিবার হুকুম দিতে পারিবেন। আরো জিলার আদালতহইতে সর্টিফিকট দেওয়া গেলে পর, সদর আদালত দরখাস্ত পাইলে এ জিলার আদালতের দেওয়া সর্টিফকট বাতিল করিয়া নূতন সর্টিফকট দিতে পারিবেন। যাহাকে কোন সর্টিফিকট যাহাকে দেওয়া গেল তাহাকে যদি কোন লোক ঐ সর্টিফিকট বাতিল হইবার সম্বাদ না পাইয়া কিছু টাকা দেয়, তবে সেই নূতন সর্টিফিকট হওয়াতে তাহার স্থানে ঐ টাকার দুমকার দাওয়া হইতে পারিবেক না। কিন্তু প্রথম সর্টিফিকট যাহাকে দেওয়া গিয়াছিল সেই জন ঐ সর্টিফিকটমতে যে সকল টাকা আদায় করিয়া থাকে সেই সকল টাকা ঐ নূতন সর্টিফিকটের লিখিত ব্যক্তি তাহার স্থানে লইতে পারিবে ইতি।

[Local extent of power given by certificate.]

[সর্টিফিকটের দ্বারা যে ক্ষমতা দেওয়া যায় তাহা যত দূর খাটিবেক তাহার কথা।]

VII. Every certificate shall give authority to the person to whom the same is granted throughout the Presidency within which the same is granted, and no certificate subsequently granted in respect of the same property shall be valid or effectual, except as hereinafter mentioned.

৭ ধারা। যে রাজধানীর মধ্যে সর্টিফিকট দেওয়া যায় তাহার সকল স্থানে সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি ঐ সর্টিফিকটের [illegible] ও সেই সম্পত্তির বিষয়ে তাহার পরে যে কোন সর্টিফিকট দেওয়া যায় তাহা নীচের লিখিত গতিকভিন্ন সিদ্ধ ও প্রবল হইবেক না ইতি।

[Interest on Government securities and dividends, or Bank shares.]

[গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের ও ডিবিডেণ্ডের কি বাঙ্ক শ্যারের সুদ লইবার কথা।]

VIII. A person certified as aforesaid may be empowered to receive interest on Government securities and dividends, or on shares of any Bank or parts thereof, and to negotiate such securities. He may be also empowered to receive a share of such interest or dividends, or to negotiate a share of such securities. But these powers shall only arise by express words in the certificate.

৮ ধারা। উক্তমতে সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের ও ডিবিডেণ্ডের সুদ কিম্বা কোন বাঙ্কের শ্যারের কি তাহার কোন অংশের সুদ আদায় করিতে ও ঐরূপ নোটপ্রভৃতি ক্রয়বিক্রয় করিতে ক্ষমতা দেওয়া হইতে পারিবেক। আরো উক্ত সুদ কি ডিবিডেণ্ডের কোন ভাগ আদায় করিতে ও উক্ত নোটইত্যাদির কোন ভাগ ক্রয়বিক্রয় করিতে তাহাকে ক্ষমতা দেওয়া যাইতে পারিবেক। কিন্তু সর্টিফিকটের মধ্যে এরূপ ক্ষমতার কথা বিশেষরূপে লেখা না থাকিলে তাহার এ ক্ষমতা হইবেক না ইতি।

[Appointment of Trustee in case of disputed succession. Proviso.]

[উত্তরাধিকারিত্বের বিষয়ে বিবাদ হইলে ট্রষ্টিকে নিযুক্ত করিবার কথা ও বর্জ্জিত কথা।]

IX. In the case of disputes among persons claiming to be jointly entitled to be proprietors of any Government securities as the representatives of any deceased person, the District Court, whenever sufficient cause shall be shown, and on the request of any such claimant, may, so far as concerns the said securities, grant a certificate under this Act to such person as shall be from time to time appointed by the local Government to act as trustee under this Section, and shall specify in such certificate the several persons appearing to him to be such proprietors, and their several shares; and the said trustee by virtue of such certificate shall be entitled to receive and give discharges for the interest accruing due on such securities, and shall account for and pay the sum to the several persons specified in the certificate to be thereunto entitled, according to the shares therein set forth, and shall be empowered to act in all other respects concerning the said securities as agent for such persons, and shall be entitled to receive such commission, not exceeding per centum, on the sums received and paid by him, as the local Government shall think fit. Provided nevertheless that the right of any other person to re-

৯ ধারা। কোন মৃতব্যক্তির স্বত্বাধিকারিণী বলিয়া যে লোক এজমালীরূপে গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোটের মালিক হইবার স্বত্বের দাওয়া রাখে এমত কোন লোকেরদের মধ্যে যদি বিবাদ হয়, তবে উপযুক্ত কারণ দর্শান গেলে ও তদ্রূপ কোন দাওয়াদারের প্রার্থনা হইলে, স্থানিকদের গবর্ণমেণ্ট এই ধারামতে ট্রষ্টিস্বরূপে কর্ম্ম করিবার জন্যে যাহাকে সময়ের নিযুক্ত করিয়া থাকেন, তাহাকে জিলার আদালত ঐ প্রমিসরি নোটসম্পর্কে এই আইনমতে সর্টিফিকট দিতে পারিবেন, ও আপনার বিবেচনামতে যাহারা এজমালের মালিক হয় তাহারদের নাম ও যাহার যত অংশ থাকে তাহা ঐ সর্টিফিকটের মধ্যে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। ও সেই প্রমিসরি নোটের উপর যত সুদ পাওনা হয় তাহা ঐ ট্রষ্টি সেই সর্টিফিকটের অধিক্রমে গ্রহণ করিয়া তাহার ফারখতী দিতে পারিবেন। ও তাহা পাইবার স্বত্বদান বলিয়া যে লোকেরদের নাম ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট হইয়াছে তাহারদিগকে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট অংশমতে ঐ সুদের হিস্যা ও সুদের টাকা দিবেন। ঐ ব্যক্তি সেই প্রমিসরি নোটসম্পর্কীয় অন্য সকল বিষয়ে ঐ লোকেরদের এজেণ্টস্বরূপে কর্ম্ম করিতে পারিবেন, ও যত টাকা আদায় করেন ও দেন তাহার উপর যত কমিসান স্থানিকদের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করেন তত কমিসান লইতে পারিবেন, কিন্তু তাহা শতকরা এত টাকার অধিক না হয়। পরন্তু উক্ত টাকা

cover the whole or any part of the monies so paid by regular suit against all or any of the persons to whom the same have been paid, shall not be affected by this Act.

যাহারদিগকে দেওয়া গেল তাহারদের সকলের কি তাহারদের কোন কাহার নামে আবেতামতের মোকদ্দমা করিয়া ঐ সমুদয় টাকা কি তাহার কোন অংশ পাইবার অন্য কোন লোকের যে স্বত্ব থাকে তাহার কিছু ক্ষতি এই আইনেতে হইবেক না ইতি।

[Appropriation if securities be not settled within two years. Proviso.]

[দুই বৎসরের মধ্যে বিবাদ নিষ্পত্তি না হইলে, টাকা বাঁটিয়া দিবার কথা ও বর্জিত কথা।]

X. If any such disputes among persons claiming to be proprietors of Government securities are not ended within two years from the date of the certificate granted under the last preceding Section, the said trustee may apportion the principal sum of the said securities rateably among the parties appearing from the certificate to be proprietors thereof, and may apply for and receive new securities from the proper Officer appointed to issue the same in the respective names of the several parties certified to be entitled thereto; provided that such new securities shall be issued only according to the rules in use for the regulation [illegible] ment securities [illegible] the receipt of the said trustee for [illegible] new securities, by endorsement on the old securities or otherwise, shall be a legal discharge to the Government against the disputing parties claiming to be entitled to the several amounts for which such securities shall be issued. Provided always that, if the amount of any Government securities in dispute or any part thereof shall not be sufficient to admit of their rateable division according to the rules applicable to the issue of such securities, the said trustee may sell and dispose of the disputed securities, or such part as shall be necessary under this provision, and apportion the proceeds thereof among the parties entitled to receive the same.

১০ ধারা। গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের মালিক হইবার দাওয়া যাহারা রাখে, তাহারদের উক্ত প্রকারের কোন বিবাদ যদি ইহার পূর্ব্বের ধারামতে দেওয়া সর্টিফিকটের তারিখঅবধি দুই বৎসরের মধ্যে নিষ্পত্তি না হয়, তবে সর্টিফিকটমতে যাহারদিগকে মালিক বলিয়া বোধ হয় তাহারদের মধ্যে উক্ত ট্রষ্টি ঐ প্রমিসরি নোটের আসল টাকা অংশমতে ভাগ করিয়া, নূতন প্রমিসরি নোট দিতে উপযুক্ত যে কর্ম্মকারক নিযুক্ত থাকেন তাঁহার নিকটে দরখাস্ত করিয়া, সর্টিফিকটে ঐ নোট পাইবার স্বত্ববান বলিয়া যে২ লোকের নাম নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ লোকের নামে নূতন২ প্রমিসরি নোট বাহির করিয়া লইতে পরিবেন। কিন্তু গবর্ণমেণ্টের [illegible] প্রমিসরি নোটের বিধান করিবার ও জারী করিবার যে বিধি চলন আছে কেবল সেই২ বিধিমতে এ নূতন প্রমিসরি নোট দেওয়া যাইবেক। ও সেই ট্রষ্টি ঐ পুরাতন প্রমিসরি নোটের পিঠে লিখিয়া কি অন্য প্রকারে এ নূতন প্রমিসরি নোটের রসীদ দিলে, এই প্রমিসরি নোট যত টাকার নোট বলিয়া দেওয়া গেল [illegible] টাকা পাইবার স্বত্ববান বলিয়া বিবাদি যে লোকেরা দাওয়া করে তাহারদের বিষয়ে ঐ ট্রষ্টির সেই রসাদ গবর্ণমেণ্টের পক্ষে আইনসিদ্ধ ফারখর্ত হইবেক পরন্তু গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোট লইয়া বিবাদ হয় তাহার টাকা কি তাহার কোন অংশ বুঝিয়া যদি ঐ টাকা অংশমতে ভাগ করিয়া দেওয়া গেলে অত্যল্প হওয়াতে, এরূপ প্রমিসরি নোট দিবার বিধিমতে, নোট পাওয়া যাইতে না পারে, তবে ঐ ট্রষ্টি ঐ বিবাদের নোট কিয়া এই বিধানমতে তাহার যত আবশ্যক হয় তাহা বিক্রয় করিয়া হস্তান্তর করিতে পারিবেন, ও তাহা করিয়া যত টাকা পান তাহা এ টাকা পাইবার স্বত্ববান ব্যক্তিরদের মধ্যে বিলি করিয়া দিতে পারিবেন ইতি।

[Effect of certificate granted by trustee]

[ট্রষ্টিকে যে সর্টিফিকট দেওয়া যায় তাহার ফলের কথা।]

XI. Every certificate granted to the trustee appointed under Section IX., shall be taken to supersede and annul any previous certificate so far as such previous certificate relates to the said Government securities.

১১ ধারা। ৯ ধারামতের নিযুক্ত ট্রষ্টিকে যদি সর্টিফিকট দেওয়া যায়, তবে পূর্ব্বের কোন সর্টিফিকটের সঙ্গে উক্ত গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত সেই পূর্ব্বের সর্টিফিকট বাতিল ও ব্যর্থ হইবেক ইতি।

[Payments under certificate void by reason of previous certificate.]

[পূর্ব্বের সর্টিফিকটপ্রযুক্ত অন্য সর্টিফিকটক্রমে টাকা দেওয়া অসিদ্ধ হওয়ার কথা।]

XII. Where a certificate shall have been granted, in cases in which such certificate would be valid but for the previous grant of a certificate, all payments made to the person holding the latter certificate in ignorance of the grant of the previous certificate, shall be held good against claims under such previous certificate.

১২ধারা। যে স্থলে পূর্ব্বে সর্টিফিকট না দেওয়া গেলে, অন্য সর্টিফিকট সিদ্ধ হইত এমত স্থলে যদি অন্য সর্টিফিকট পরে দেওয়া যায়, তবে পূর্ব্বের সর্টিফিকট দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক ঐ দ্বিতীয় সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে টাকা দেয়, তবে সেই পূর্ব্বের সর্টিফিকটের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[Certificate in respect of property of deceased Hindoos, Mahomedans, &c., void after grant of probate or letters.]

[মৃত হিন্দু কি মুসলমানপ্রভৃতির সম্পত্তির যে সর্টিফিকট দেওয়া যায়, তাহা প্রোবেট কি লেটর্স দেওয়া যাইবার পরে অসিদ্ধ হইবার কথা।]

XIII. With regard to the property of a deceased Hindoo, Mahomedan, or other person not usually designated by the term "British subject," no certificate in respect of any such property shall be valid if made after a probate or letters of administration

১৩ ধারা। মৃত হিন্দু কি মুসলমানপ্রভৃতি যে লোকেরা সামান্যতঃ "ব্রিটনীয় প্রজা" নামে খ্যাত হয় না, এমত লোকেরদের সম্পত্তির এই বিধি। ঐ সম্পত্তির প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান দেওয়া গেলে পর, তৎসম্পর্কীয় যে কোন সর্টিফিকট দেওয়া যায় তাহ

granted in respect of the same, provided assets belonging to the deceased were at the time of his death within the local jurisdiction of the Court granting the probate or letters of administration.

[Certain payments under certificate granted after grant of probate or letters, protected.]

XIV. Where a certificate shall have been granted, in cases in which such certificate would be valid but for a probate or letters of administration previously granted, all payments made to the person holding the certificate in ignorance of the previous granting of the probate or letters of administration, shall be held good against claims under the probate or letters of administration so previously granted.

[Probate or letters void after grant of certificate. Proviso.]

XV. No probate or letters of administration shall be valid for the purpose of the recovery of debts or for the security of debtors, after certificate granted in respect of the same property for which such probate or letters of administration shall have been granted, provided assets belonging to the deceased were at the time of his death within the jurisdiction of the Court granting such certificate.

[Certain payments under probate or letters granted after grant of certificate, protected.]

XVI Where probate or letters of administration may have been granted in cases in which such probate or letters of administration would be valid but for the previous grant of a certificate, all payments made in ignorance of the previous grant of the certificate shall be held good against claims under such previous certificate.

[Curators prohibited from exercising certain powers.]

XVII. Curators appointed under Act XIX. of 1841 who may be invested with certain powers which are conferred on persons obtaining certificates under this Act, shall not exercise any powers which, but for that Act, would lawfully belong to persons obtaining certificates, or to executors or administrators where a certificate, probate, or letters of administration has been actually obtained; but all persons who may have paid debts or rents to a curator authorized by a Court to receive the same, shall be indemnified, and the curator shall be responsible for the payment of the same to the person who has obtained a certificate, the executor, or administrator, as the case may be.

[Effect of probates and letters granted to representatives of persons not usually termed "British subjects."]

XVIII. All probates and letters of administration granted by any Supreme Court of Judicature in cases in which any assets belonging to deceased persons were at the time of their deaths within the local jurisdiction of the Court granting the probate

[*Government Gazette*, 21*st February*, 1860.]

সিদ্ধ হইবেক না। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান যে আদালতহইতে দেওয়া যায় সেই আদালতের এলাকার সীমার মধ্যে ঐ মৃত ব্যক্তির মরণসময়ে জায়দাদ থাকে ইতি।

[প্রোবেট কি লেটর্স দেওয়া গেলে পর সর্টিফিকট-মতে যে টাকা দেওয়া যায় তাহা সিদ্ধ হইবার কথা।]

১৪ ধারা। যদি সর্টিফিকট দেওয়া যায়, ও প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান পূর্ব্বে না দেওয়া গেলে যদি সেই সর্টিফিকট সিদ্ধ হইত, তবে এমত স্থলে ঐ প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান পূর্ব্বে দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক ঐ সর্টিফিকট-প্রাপ্ত ব্যক্তিকে টাকা দেয়, তবে উক্তমতের পূর্ব্ব দেওয়া প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশানের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[সর্টিফিকট দেওয়া গেলে পর প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান অসিদ্ধ হইবার কথা ও রহিত কথা।]

১৫ ধারা। কোন সম্পত্তিসম্পর্কীয় সর্টিফিকট দেওয়া গেলে পর, যদি সেই সম্পত্তির নিমিত্ত প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান দেওয়া যায়, তবে কর্জ্জ আদায়ের নিমিত্তে কি দেনদারদিগকে উদ্ধার করিবার নিমিত্তে ঐ প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান সিদ্ধ হইবেক না। কিন্তু ইহাতে প্রয়োজন যে, ঐ সর্টিফিকট যে আদালতহইতে দেওয়া যায়, তাহার এলাকার সীমার মধ্যে মৃত ব্যক্তির মরণসময়ে জায়দাদ থাকে ইতি।

[সর্টিফিকট দেওয়া গেলে পরও প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশানমতে টাকা দেওয়া গেলে, তাহা কোন স্থলে সিদ্ধ হইবার কথা।]

১৬ ধারা। যদি প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান দেওয়া যায়, ও সর্টিফিকট পূর্ব্বে না দেওয়া গেলে যদি সেই প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান সিদ্ধ হইত, তবে এমত স্থলে ঐ সর্টিফিকট পূর্ব্বে দেওয়া যাইবার কথা না জানিয়া যদি কোন লোক কিছু টাকা দেয়, তবে পূর্ব্বে দেওয়া ঐ সর্টিফিকটের জোরে তাহার উপর ঐ টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[সম্পত্তিরক্ষকদিগকে কোন ক্ষমতামতে কার্য্য করিতে নিষেধ হইবার কথা।]

১৭ ধারা। এই আইনমতে যাহারা সর্টিফিকট পায় তাহারদিগকে যে ক্ষমতা দেওয়া যায় এমত কোন ক্ষমতা ১৮৪১ সালের ১৯ আইনমতের নিযুক্ত সম্পত্তিরক্ষকেরদিগকে যদি দেওয়া যায়, তবে ঐ সর্টিফিকট কি প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান নিতান্ত পাওয়া গেলে ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিরদের কি অভিরদের কি আডমিনিষ্ট্রেটরেরদের এই আইন জারী না হইলে যে ক্ষমতা আইনমতে থাকিত, তাহার অধিক কোন ক্ষমতামতে ঐ সম্পত্তিরক্ষকেরা কার্য্য করিবে না। কর্জ্জ টাকা কি তাহা কি খাজানা গ্রহণ করিতে যে সম্পত্তিরক্ষক আদালতহইতে ক্ষমতা পায়, তাহাকে কোন লোকেরা ঐ টাকাপ্রভৃতি দিলে তাহারা দেনদার থাকিবেক। ও সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে কিম্বা বিষয়বিশেষে অভিকে কি আডমিনিষ্ট্রেটরকে সেই টাকা দিবার দায় ঐ সম্পত্তিরক্ষকের শিরে পড়িবে ইতি।

[যাহারা সাধারণতঃ ব্রিটনীয় প্রজা নামে খ্যাত নয় তাহারদের স্বত্বাভিষিক্তদিগকে দেওয়া প্রোবেটের কি লেটর্সের ফল।]

১৮ ধারা। প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান যে আদালতহইতে দেওয়া যায় তাহার এলাকার সীমার মধ্যে মৃত ব্যক্তির মরণসময়ে কিছু জায়দাদ যে স্থলে থাকে এমত স্থলে কোন সুপ্রিম কোর্ট যে সকল প্রোবেট ও লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান দেন তাহার

or letters of administration, shall have the effect of probate and letters of administration granted in respect of the property of British subjects, but for the purpose of the recovery of debts only and the security of debtors paying the same, except so far as in this Act provided.

[Effect of certificates granted by British representatives in Foreign States.]

XIX. A certificate of administration granted by the British Representative accredited to any Foreign Prince or State, shall, as regards the residents within the Territories of such Prince or State, have the same effect in respect to Government securities as a certificate granted to a Native subject of Her Majesty under the provisions hereinbefore contained.

[Local extent of power

Every certificate of administration granted under the last preceding Section shall, as regards the Government securities, give authority to the person to whom the same shall be granted throughout the British Territories in India, and have the same effect throughout the said territories as a certificate granted under Section VII. of this Act within the Presidency within which the same is granted.

[Form of certificate to enable holder to negotiate Government securities or Bank shares.]

XXI. No certificate granted under this Act shall empower the person certified to negotiate any Government security or share of a Bank or any share of such security, or to receive any interest or dividend due thereon, or any share of such interest or dividend, unless the Government security or Bank share shall be specified in such certificate

[Extension of certificate.]

XXII. Any Court or Officer authorized to grant a certificate, may from time to time extend the same to any Government security or Bank share not originally specified therein, and every such extension shall have the same effect as if the Government security or Bank share to which the certificate shall be extended had been originally specified therein.

[Security upon extension.]

XXIII. Upon the extension of a certificate, security may be required in the same manner as upon the original grant of a certificate.

[Act not to apply to British subjects.]

XXIV. Nothing in this Act contained shall be

ফল ব্রিটনীয় প্রজারদের সম্পত্তির বিষয়ে দেওয়া প্রোবেট ও লেটর্স অফ আডমিনিষ্ট্রেশনের ফলের তুল্য হইবেক। কিন্তু কেবল কর্জ্জ টাকা আদায়ের নিমিত্তে ও যাহারা সেই টাকা শোধ করে তাহারদিগকে বেঙ্কুকী করিবার নিমিত্তে সেই ফল হইবেক, পরন্তু এ আইনেতে অন্যরূপ যে বিধি হইয়াছে তাহা বহাল থাকিবেক ইতি।

[বিদেশে থাকা ব্রিটনীয়েরদের কন্সাল সাহেব যে সর্টিফিকট দেন তাহার ফল।]

১৯ ধারা। কোন বিদেশীয় রাজার নিকটে কিম্বা কোন বিদেশে, ব্রিটনীয়েরদের রাজাহইতে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি যিনি হন, তিনি যদি সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার সর্টিফিকট দেন, তবে তদ্দ্বারা যে ব্যক্তিকে দেওয়া যায় সে মহামহিমা মহারাণীর প্রজা হয় তাহাকে তাহার পূর্ব্বে লিখিত নানা বিধানমতে সর্টিফিকট দেওয়া গেলে তাহার যে ফল হয়, ঐ বিদেশীয় রাজার দেশে ও বিদেশমিত্রতাসি লোকেরদের পক্ষে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটসম্পর্কে ঐ প্রতিনিধির দেওয়া সর্টিফিকটেরও সেই ফল হইবে ইতি।

[তদ্রূপ সর্টিফিকটদ্বারা যে ক্ষমতা দেওয়া যায় তাহা যাহাকে দেওয়া যায় তাহার কথা।]

২০ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার যে সর্টিফিকট দেওয়া যায় তাহা যাহাকে দেওয়া যায়, সেই জন তাহার জোরে গবর্ণমেণ্টের প্রমিসরি নোটসম্পর্কে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের সদর স্থানে ক্ষমতা পাইবে। ও এই আইনের ৭ ধারামতের সর্টিফিকট দেওয়া গেলে তাহা যে রাজধানীর মধ্যে দেওয়া যায় সেই রাজধানীর মধ্যে ঐ সর্টিফিকটের যে ফল হয়, উক্ত প্রতিনিধি সাহেবের দেওয়া সর্টিফিকটের সেই ফল উক্ত দেশের সদর স্থানে হইবেক ইতি।

[যে সর্টিফিকট পাইলে গবর্ণমেণ্টের প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার ক্রয়বিক্রয়াদি হইতে পারিবে তাহা লিখিবার পাঠের কথা।]

২১ ধারা। এই আইনমতে কোন সর্টিফিকট দেওয়া গেলে, যদি তাহার দ্বারা গবর্ণমেণ্টের প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার নির্দ্দিষ্ট হইয়া না থাকে, তবে যে জন ঐ সর্টিফিকট পাইয়াছে সে গবর্ণমেণ্টের এ প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার কি ঐ প্রমিসরি নোটের কোন শ্যার ক্রয়বিক্রয়াদি করিতে পারিবেক না, ও তাহার উপর যে কিছু সুদ কি ডিবিডেণ্ড পাওনা হয় তাহা, কি ঐ সুদের কি ডিবিডেণ্ডের কোন অংশ গ্রহণ করিতে পারিবেক না ইতি।

[সর্টিফিকট বিস্তারিত করিয়া খাটাইবার কথা।]

২২ ধারা। যে কোন আদালত কি কর্ম্মকারক সাহেব সর্টিফিকট দিতে ক্ষমতাপন্ন হন, তিনি সময়ে২ তাহা বাড়াইয়া, তাহাতে প্রথমে গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোট কি ব্যাঙ্ক শ্যার লেখা হয় নাই এমত কোন প্রমিসরি নোটপ্রভৃতির উপর তাহা খাটাইতে পারিবেন, ও তাহা বিস্তারিত হইয়া গবর্ণমেণ্টের যে প্রমিসরি নোটের কি ব্যাঙ্ক শ্যারের উপর খাটান যায়, তাহা ঐ সর্টিফিকটে প্রথমে নির্দ্দিষ্ট থাকিলে তাহার যে ফল হইত বিস্তারিতকরা ঐ সর্টিফিকটের সেই ফল হইবেক ইতি।

[বিস্তারিত হইলে জামিন লইবার কথা।]

২৩ ধারা। সর্টিফিকট প্রথমে দেওয়া গেলে তাহার নিমিত্তে যেমন জামিন লওয়া যাইতে পারে, তেমনি সর্টিফিকট বিস্তারিত হইয়া খাটান গেলে তাহার নিমিত্তেও জামিন দিবার হুকুম হইতে পারিবে ইতি।

[এই আইন ব্রিটনীয় প্রজারদের উপর না খাটিবার কথা।]

২৪ ধারা। যাহারা সামান্যতঃ ব্রিটনীয় প্রজা নামে

held to extend to the property of any person usually designated as a British subject.

[Interpretation.]

XXV. The following words and expressions in this Act shall have the meaning hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

[Number]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number

[Gender]

Words importing the masculine gender shall include females.

["District Court."]

The words "District Court" shall mean the principal Civil Court of original jurisdiction of the Zillah or District.

["Sudder Court"]

The words "Sudder Court" shall be deemed to include the highest Civil Court of Appeal in any part of the British Territories in India not subject to the control and superintendence of a Sudder Court.

M. WYLIE.
Clerk of the Council.

THE 4TH FEBRUARY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 4th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 8th of May next —

A Bill to amend Act VIII. of 1855 (relating to the office and duties of Administrator General)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VIII. of 1855, relating to the office and duties of Administrator General; It is enacted as follows:—

[Administrator General in certain cases to secure and distribute the estate and effects of Soldiers. Proviso.]

I. The Administrator General shall, when duly authorized or required so to do by the Military Secretary to Government, secure and distribute the assets of the estate and effects of any Officer, Soldier, or other person subject to any Articles of War, in all cases in which such estate and effects do not exceed in the whole five hundred Rupees, charging the estate with a commission of three per centum only. Provided always that it shall not be necessary for the Administrator General to take out letters of administration in cases referred to in this Section

[Grant of letters of administration to creditors]

II. If within months no person claiming to be entitled to a principal share of the effects of

থাকে ইহা তাহারদের কোন কাহার সম্পত্তির উপর এই আইনের কোন কথা খাটে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[এই আইনের অর্থ করিবার ধারা।]

২৫ ধারা। এই আইনের নীচের লিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা যাইতেছে তাহার সেই অর্থ হইবেক। কিন্তু পদের ভাব বুঝিলে কি পূর্ব্বাপর কথা দৃষ্টে যদি সেই অর্থ অসঙ্গত হয় তবে তাহার সেই অর্থ খাটিবে না। বিশেষতঃ

[বচনের কথা।]

এক বচনের শব্দের মধ্যে বহু বচনের শব্দও বুঝায় ও বহু বচনের শব্দের মধ্যে এক বচনের শব্দও বুঝায়।

[লিঙ্গের কথা।]

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীলিঙ্গকেও বুঝায়।

[জিলার আদালতের কথা।]

"জিলার আদালত" এই শব্দেতে কোন জিলার মধ্যে প্রথমে গ্রাহ্য করিবার প্রধান দেওয়ানী আদালতকে বুঝায়।

[সদর আদালতের কথা।]

"সদর আদালত" এই শব্দের মধ্যে ভারতবর্ষে ব্রিটনীয়দের অধিকৃত দেশের কোন স্থানে আদালত গ্রাহ্য করিবার প্রধান যে দেওয়ানী আদালত সদর আদালতের আজ্ঞার ও তত্ত্বের অধীনে নয় সেই আদালতকেও বুঝায়।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইংরেজী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি তারিখে ভারতবর্ষের রাজকীয় কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ৮ তারিখের পর এ মুসাবিদার রিপোর্ট করিবেন।

১৮৫৫ সালের ৮ আইন অর্থাৎ আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[ছেড়বাদ।]

১৮৫৫ সালের ৮ আইন অর্থাৎ আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধন করা উচিত, এই কারণে এই২ বিধান হইল।

[সৈন্যোদিগের সম্পত্তি ও মাল কোন২ স্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের আদায় ও বণ্টন করিতে হইবার কথা ও রহিত কথা।]

১ ধারা। কোন সেনাপতি সাহেব কি সৈন্য কিম্বা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন লোক যদি মরিয়া সহযুদ্ধ পাঁচ শত টাকার অনধিক মূল্যের সম্পত্তি ও মাল রাখিয়া মরে, তবে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব গবর্ণমেণ্টের অনুমতি সিক্রিটারী সেক্রেটারী সাহেবের স্থানে উপযুক্তমতে ক্ষমতা কিম্বা আজ্ঞা পাইলে এ মাল ও সম্পত্তির উদ্ভব টাকা আদায় করিবেন ও বণ্টন করিবেন ও সেই ইষ্টেটের উপর শতকরা কেবল তিন টাকার কমিসান লইবেন। কিন্তু এই ধারার কিছু২ কোন স্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কোন সেইমত আডমিনিষ্ট্রেশান লইবার আবশ্যক হইবেক না ইতি।

[মহাজনদিগকে লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান দিবার কথা।]

২ ধারা। মৃত ব্যক্তির সম্পত্তির প্রধান ভাগ পাইবার দাওয়াদার কোন লোক যদি এত মাসের মধ্যে এ

the deceased, shall obtain a certificate from the Administrator General under Section XLII. of the said Act, or letters of administration to the estate and effects of the deceased, the Administrator General, when required so to do by any creditor against the estate, shall apply for, and the Supreme Court may in such cases grant to him, letters of administration to the said estate and effects, or if he omit to take such proceedings, such creditor may apply for, and the Supreme Court may in such cases grant to such creditor, letters of administration to the said estate and effects.

[Appointment of Officiating Administrator General]

III. Whenever any person holding the office of Administrator General shall obtain leave of absence, it shall be lawful for the Government to appoint some person to officiate as Administrator General, and such person while so officiating shall be subject to the same conditions and responsibilities as the Administrator General by any law now in force or that may hereafter be enacted.

M. WYLIE,
Clerk of the Council.

THE 4TH FEBRUARY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 4th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 8th of April next :—

A Bill to remove certain tracts on the Eastern border of the Chittagong District from the jurisdiction of the tribunals established under the general Regulations and Acts.

[Preamble.]

WHEREAS it is expedient to remove the Hilly and Forest tracts of country, situated on the Eastern border of the District of Chittagong, from the jurisdiction exercised by the Civil, Criminal, and Revenue Courts and Offices of that District, under the general Regulations and Acts of the Government ; it is enacted as follows :—

[Certain tracts removed from the operation of the general Regulations and Acts. Proviso]

I. The tracts of country described in the Schedule to this Act are hereby removed from the jurisdiction of the Courts of Civil and Criminal Judicature, and from the control of the Officers of Revenue constituted by the Regulations of the Bengal Code and the Acts passed by the Governor General of India in Council and the Legislative Council of India, as well as from the system of procedure prescribed for the said Courts and Offices by the Regulations and Acts aforesaid, and no Act hereafter passed by the Legislative Council of India relative to the constitution or procedure of the said Courts and Offices shall be deemed to extend to any part of the said tract unless the same be specially named

আইনের ৪৩ ধারামতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্থানে সর্টিফিকট না পায়, কিম্বা মৃত ব্যক্তির সম্পত্তির ও মালের লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন না পায়, তবে ঐ ইষ্টেটহইতে যাহার কিছু পাওনা থাকে এমত কোন মহাজন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে কহিলে তিনি ঐ সম্পত্তির ও মালের লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন প্রার্থনা করিবেন ও তদ্রূপ স্থলে সুপ্রিম কোর্ট তাঁহাকে ঐ লেটর্স দিতে পারিবেন। কিম্বা তিনি যদি সেই প্রকারের লেটর্স না লন, তবে ঐ মহাজন ঐ সম্পত্তির ও মালের লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন পাইতে প্রার্থনা করিতে পারিবেন, করিলে সুপ্রিম কোর্ট ঐ মহাজনকে ঐ লেটর্স দিতে পারিবেন ইতি।

[একটিং আডমিনিষ্ট্রেটর জেনরলকে নিযুক্ত করিবার কথা।]

৩ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে যে সাহেব থাকেন, তিনি যদি কোন সময়ে ছুটী লন, তবে গবর্ণমেণ্ট ঐ আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্ম করিবার নিমিত্তে কোন লোককে নিযুক্ত করিতে পারিবেন। ও এইক্ষণকার চলিত আইনমতে কিম্বা ইহার পরে যে আইন হইয়া থাকিবেক তদনুসারে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে কোন নিয়মে বদ্ধ হন ও তাঁহার শিরে যে কোন দায় থাকে, এ ব্যক্তি যত কাল আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্ম করেন তত কাল সেই নিয়মে বদ্ধ হইবেন ও তাঁহার শিরে সেই দায় থাকিবেক ইতি।

এম উয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪ ফেব্রুআরি তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ করা গিয়াছে। আগামি আপ্রিল মাসের ৮ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

চাটিগাঁ জিলার পূর্ব্ব সীমার কতক দেশ সাধারণ আইন ও আক্ট মতের স্থাপিত আদালতপ্রভৃতির এলাকাহইতে পৃথক্ করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

চাটিগাঁ জিলার দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বের আদালতের ও কাছারীর যে এলাকা গবর্ণমেণ্টের সাধারণ আইন ও আক্ট অনুসারে হয়, সেই এলাকাহইতে ঐ জিলার পূর্ব্ব সীমানার পর্ব্বতময় ও বনময় দেশ স্বতন্ত্র করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[কোন২ দেশ সাধারণ আইন ও আক্টের আমলহইতে স্বতন্ত্র করিবার কথা। বর্জ্জিত কথা।]

১ ধারা। এই আইনের তফসীলে যে সকল স্থান নির্দ্দিষ্ট হইয়াছে তাহা, বাঙ্গলা দেশের চলিত আইনদ্বারা ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের ও ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারী করা আক্ট দ্বারা স্থাপিত দেওয়ানী ও ফৌজদারী আদালতের এলাকাহইতে ও রাজস্বের কার্য্যকারকেরদের কর্ত্তৃত্বহইতে ও উক্ত আইন ও আক্ট দ্বারা ঐ২ আদালতের ও সিরিশ্‌তার কার্য্য করিবার যে নিয়ম নির্দ্ধার্য্য হইয়াছে তাহাহইতেও স্বতন্ত্র করা গেল। ও উক্ত আদালতের ও সিরিশ্‌তার সংস্থাপনের কি কার্য্য করিবার নিয়মের বিষয়ে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে কোন আইন ইহার পরে জারী হয়, তাহাতে যদি ঐ দেশের নাম বিশেষমতে লেখা না থাকে, তবে সেই আইন ঐ দেশের কোন স্থানে খাটে এমত জ্ঞান করিতে

therein : provided that nothing herein contained shall extend to or affect any case now pending in any Court or Office.

[Administration of justice and collection of Revenue vested in Officers subject to the control of the Lieutenant Governor of Bengal.]

II. The administration of Civil and Criminal justice and the superintendence of the settlement and realization of the public Revenue and of all matters relating to rent within the said tracts, are hereby vested in such Officer or Officers as the Lieutenant Governor of Bengal may for the purpose of tribunals of first instance or of reference and appeal appoint, and the Officer or Officers so appointed shall, in the matter of the administration and superintendence aforesaid, be subject to the direction and control of the Lieutenant Governor of Bengal, and be guided by such instructions as the Lieutenant Governor of Bengal may from ... to time issue.

[Appeals.]

III. It shall be lawful for the Lieutenant Governor of Bengal to direct that an appeal may be heard in any of the matters described in the last preceding Section by the Civil and Session Judge of Chittagong or the Commissioner of Revenue for that District or by the Sudder Dewanny and Nizamut Adawlut or by the Board of Revenue, and to declare in what cases the order made by any Officer or Court empowered by the Lieutenant Governor to dispose of any of the matters aforesaid, shall be final.

[Reference to the Sudder Court.]

IV. It shall be lawful to the Lieutenant Governor of Bengal to direct any Officer empowered to administer Criminal jurisdiction in or for the tracts aforesaid, to refer the sentence passed by him in any class of Criminal trials for the confirmation of the Sudder Court; and no sentence of death passed by any person competent under the direction of the Lieutenant Governor to pass such sentence, shall be carried into execution until it be confirmed by the Sudder Court. In disposing of any trial referred for disposal under this Section, the Sudder Court shall not call for the Futwah of its Law Officer, and shall pass such order as it may deem just and proper, so as that it shall not convict any person acquitted by the referring Officer, or enhance any sentence pronounced by him.

[Place of imprisonment or transportation.]

V. Any person liable to be imprisoned in any Civil or Criminal Jail or to be transported beyond sea under any order or sentence passed by any Officer or Court empowered as provided in this Act, may be imprisoned in any Civil or Criminal Jail or

হইবেক না। পরন্তু কোন আদালতে কি কাছারীতে এইক্ষণে যে মোকদ্দমা উপস্থিত থাকে তাহার উপর এই আইনের কোন কথা খাটিবেক না ও এই আইনেতে তাহার কিছু ক্ষতিবৃদ্ধি হইবেক না ইতি।

[বিচার করিবার কার্য্যের ও রাজস্ব আদায়ের কার্য্যের ভার বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বাধীন লোকেরদের প্রতি থাকিবার কথা।]

২ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে মোকদ্দমা প্রথমে শুনিবার জন্যে কিম্বা অপর্ণ কি আপীলক্রমে শুনিবার জন্যে নিযুক্ত করেন, তাঁহারদের প্রতি উক্ত দেশসম্পর্কীয় দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্যের ভার ও সরকারী মালগুজারীরও খাজানাসম্পর্কীয় সকল বিষয়ের বন্দোবস্ত ও আদায় কার্য্যের তত্ত্বাবধারণের ভার ইহাতে অর্পণ করা গেল, ও তদ্রূপে যে কার্য্যকারক কি কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহারা পূর্ব্বোক্ত কার্য্য নির্ব্বাহের ও তত্ত্বাবধারণের সম্পর্কে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট [illegible] অধীনে থাকিবেন, ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যে হুকুম জারী করেন তদনুসারে তাঁহারা কার্য্য করিবেন ইতি।

[আপীলের কথা।]

৩ ধারা। ইহার পূর্ব্বের ধারায় লিখিত কোন বিষয়ে চাটিগাঁয়ের সিবিল ও সেশন জজ সাহেব কিম্বা ঐ জিলার রাজস্বের কমিসানর সাহেব কিম্বা সদর দেওয়ানী ও নিজামত আদালতের কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবেরা আপীল শুনিলে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এমত হুকুম করিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত প্রকারের কোন কথা নিষ্পত্তি করিবার জন্যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সাহেবের কি আদালতের হুকুম যে প্রকারের মোকদ্দমায় চূড়ান্ত হইবেক তাহাও তিনি প্রকাশ করিতে পারিবেন ইতি।

[সদর আদালতের প্রতি অর্পণ করিবার কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত দেশেতে কি তন্নিমিত্তে ফৌজদারী কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক ফৌজদারী কোনং প্রকারের মোকদ্দমায় যে হুকুম করেন সেই হুকুম সদর আদালতহইতে মঞ্জুর হইবার জন্যে অর্পণ করা যায়, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এমত হুকুম করিতে পারিবেন। ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞামতে, প্রাণদণ্ডের আজ্ঞা করিতে যাঁহার ক্ষমতা হয় তিনি তদ্রূপ যে আজ্ঞা করেন তাহা সদর আদালতের দ্বারা মঞ্জুর না হইলে করা যাইবেক না। এই ধারামতে নিষ্পত্তি হইবার নিমিত্তে যে কোন মোকদ্দমা অর্পণ করা যায় তাহার নিষ্পত্তি করণেতে সদর আদালতের সাহেবেরা ঐ আদালতের কোন মৌলবীর ফতওয়া লইবেন না, ও যে হুকুম ন্যায্য ও উপযুক্ত বোধ হয় তাহা করিবেন। কিন্তু ঐ মোকদ্দমা অর্পণকারিণী কার্য্যকারক যে কোন লোককে নির্দ্দোষ করেন তাহাকে দোষী করিবেন না, ও তিনি যে কোন দণ্ডের আজ্ঞা করেন তাহা বৃদ্ধি করিবেন না ইতি।

[কয়েদ করিবার কি দ্বীপান্তর প্রেরণের স্থানের কথা।]

৫ ধারা। এই আইনের বিধানমতে ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের কি আদালতের কোন হুকুম কি দণ্ডাজ্ঞামতে যদি কোন লোককে দেওয়ানী কি ফৌজদারী কোন জেলখানায় কয়েদ করিতে হয়, কিম্বা সমুদ্রপারের কোন দ্বীপান্তরে পাঠাইতে হয়, তবে বাঙ্গলা দেশের

transported to any place which the Lieutenant Governor of Bengal may direct.

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে কোন স্থান আজ্ঞা করেন সেই স্থানের মেওরানী কি ফৌজদারী কোন জেলখানায় তাহাকে কয়েদ করা যাইবেক, কিম্বা দ্বীপান্তরের সেই স্থানে পাঠান যাইবেক ইতি।

[Questions of disputed boundary to be determined by Commissioner of Chittagong.]

VI. When a question shall arise whether any place falls within the tracts described in the Schedule of this Act, it shall be competent to the Commissioner of Revenue for the District of Chittagong to consider and determine on which side of the described boundary the place aforesaid may lie, and the order made by the Commissioner shall be final

সীমানার কোন বিবাদ হইলে চাটিগাঁয়ের কমিসানর সাহেবের তাহা নিষ্পত্তি করিবার কথা।

[Commencement of Act]

VII. This Act shall take effect from such date as shall be fixed by the Lieutenant Governor of Bengal, and notification thereof shall be published in the Office of the Commissioner of Revenue and the Courts of the Civil and Sessions Judge and of the Magistrate of [illegible] such other manner as the Lieutenant Governor may direct.

৬ ধারা। এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট কোন দেশের মধ্যে কোন স্থান থাকে কি না এই কথা লইয়া যদি কিছু বিবাদ হয় তবে ঐ স্থান সেই নির্দ্দিষ্ট সীমানার কোন্ দিগে থাকে এই কথা চাটিগাঁ জিলার রাজস্বের কমিসানর সাহেব বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ঐ কমিসানর সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[এই আইন কে সময়াবধি চলিবে তাহার কথা।]

৭ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে তারিখ নিরূপণ করেন সেই তারিখঅবধি এই আইন প্রবল হইবেক। তাহার পূর্ব্বে চাটিগাঁয়ের রাজস্বের কমিসানর সাহেবের কাছারীতে ও সিবিল ও সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের [illegible] প্রকাশ হইবেক ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে [illegible] হইবেক ইতি।

SCHEDULE.

তফসীল।

The boundary of the Hilly and Forest tract referred to in the foregoing Act shall be understood generally to run to the eastward of the surveyed area of the villages situated on the eastern frontier of the Chittagong District as surveyed, and laid down in the course of the Revenue Survey of that District, and shall be more particularly taken to be indicated as follows :—

আইনেতে পর্ব্বত ও বনময় যে দেশের কথা হইয়াছে তাহার সীমানা এই। চাটিগাঁ জিলার রাজস্ব বিষয়ী কার্য্যক্রমে এ জিলা জরিপ হইয়া যে নকসা করা গিয়াছে সেই নকসামতে এ জিলার পূর্ব্ব অঞ্চলের যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব্ব সীমা এ দেশের সাধারণ সীমা জানিবেক। তাহা আরো বিশেষমতে নির্দ্দিষ্ট করা যাইতেছে। অর্থাৎ

As respects Thannah Futteckcherree, all the country lying east of the villages Ramghur, Joozkola, Hapuneah, Fuckeerachung, Kunchunpoor, and Goomareetulia.

থানা ফটিকছেরির রামগড় ও জুবকলা ও হাপনিয়া ও ফকীরাচঙ্গ ও কাঞ্চনপুর ও গুমারিতলা গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

Thannah Hathezaree, all the country lying East of Mugkatta, Radahmadhebpoor, and other surveyed villages of this Thannah and of a line drawn from the south eastern boundary to Gogra in Faree Rungunneah

থানা হাটহাজারীর মগকাটা ও রাধামাধবপুর ও এই থানার জরিপকরা অন্য সকল গ্রামের পূর্ব্ব দিগের, ও তাহার দক্ষিণ পূর্ব্ব সীমাঅবধি রঙ্গনিয়া ফাঁড়ির গোগরাপর্য্যন্ত রেখা টানিলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ

Faree Rungunneah, all the country lying to the east of Gogra Nichintapoor, Kodala, Puddooa, Dood-Pookereah, and other surveyed villages of this Faree situated on both sides of the Fenny River.

ফাঁড়ি রঙ্গনিয়ার গোগরা ও নিশ্চিন্তাপুর ও কোদালা ও পদুয়া ও দুগ্ধপুকুরিয়া গ্রামের, ও ফেনি নদীর দুই ধারে এই ফাঁড়ির অন্য যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

Thannah Patteah, all the country lying east of the surveyed villages of this Thannah, that is to say lying east of a line drawn from the eastern surveyed boundary of Dood-Pookereah in Faree Rungunneah down to the eastern surveyed boundary of the village Doobachaora lying north of the River Sunglee

থানা পটিয়ার জরিপকরা গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ অর্থাৎ ফাঁড়ি রঙ্গনিয়ার দুগ্ধপুকুরিয়ার জরিপমতে তাহার পূর্ব্ব সীমাঅবধি শঙ্খ নদীর উত্তর দিগে দুবচারী গ্রামের জরিপমতে তাহার পূর্ব্ব সীমাপর্য্যন্ত রেখা টানিলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

Thannah Sutkuneah, all the country lying east of Poorunghur, Burdooara, Andar Manik, Rajbarree, and other surveyed villages of this Thannah.

থানা সৎকনিয়ার পুরাণঘর ও বড়দারা ও আঁধারমাণিক ও রাজবাড়ী ও এই থানার জরিপকরা অন্যান্য গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

[গবরমেণ্ট গেজেট। ১৮৬০। ২১ ফেব্রুআরি।]

As respects Thannah Chuckeresh, all the country lying eastward of a line drawn from the village Rajbarree in Thannah Tulkuneah to the surveyed villages Boonoo and Bilcherrie on the Moree River, in Thannah Chukeresh, and also all the country lying eastward of the surveyed villages of this Thannah between Bilcherrie and Pagoleebeel.

" " Thannah Ramoo, all the country lying east of a line drawn from Pagoleebeel in Thannah Chukereah, to Edghur Gurjamah, and Kucheppeah in Thannah Ramoo.

Also all the country comprised in Thannah Teknaaf and lying south of the mouth of the Rajoo River and south and east of a line drawn from the Rajoo River to the surveyed village Kuchoppeah of Thannah Ramoo.

M. Wyl[illegible].
Clerk of the Council.

থানা তলক্ষনার রাজনীড়ী গ্রামহইতে থানা চকেরিয়ার মোহরী নদীর অরিপকরা দুন্ন ও বিলচেরী গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের, ও বিলচেরি ও পাগলিবিলের মধ্যে এই থানার অরিপকরা সকল গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা চকেরিয়ার পাগলিবিলহইতে থানা রামুর এদঘর ও গর্জামা ও কচ্ছপিয়াপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

রাজু নদীর মোহনার দক্ষিণে ও রাজু নদীঅবধি থানা রামুর অরিপকরা কচ্ছপিয়া গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার দক্ষিণ ও পূর্ব্ব দিগে থানা টেকনাফের সকল দেশ।

[illegible] ওয়াইলি।
সেক্রেটারের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 4.

To the Civil Judges in the Lower Provinces.

As the dates fixed by the Court's Pundit for the closing of the Court on account of Hindoo holidays during the present year do not, in some instances, coincide with the dates fixed by the Authorities for closing the General Treasury, and as it is desirable that the authorized holidays should be observed in all the Courts and Government Offices on the same dates, I am directed to inform you that the holidays noted below are to be observed on the dates entered opposite to them instead of those given in the Memorandum which was forwarded to you with the Court's Circular No. 30, dated the 1st December 1859.

(Signed) H. B LAWFORD,
Offg. Register.

Fort William, the 15th February, 1860

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর জিযুত জজ সাহেব দরাবরেষু

[illegible] সংসরে হিন্দুরদের পরবের নিমিত্তে আদালত বন্দ থাকিবার যে দিন সদর আদালতের পণ্ডিত নির্দ্ধার্য্য করিয়াছেন, তাহার কোন২ দিনের সঙ্গে জেনরল ট্রেজুরী বন্দ করিবার যে২ দিন কার্য্যকারক সাহেবেরা নিরূপণ করিয়াছেন তাহা মিলে না, আরো যে২ পরবে বন্দ হইবার অনুমতি হয় সেই২ পরবে সকল আদালত ও গবর্ণমেণ্টের সকল দফ্তরখানা সমান দিনে বন্দ থাকা উচিত এই। কারণে আমি আদেশমতে তোমাকে জানাইতেছি যে, সদর আদালতের ১৮৫৯ সালের ১ ডিসেম্বর তারিখের ৩০ নম্বরের সরক্যুলরের সঙ্গে যে মেমরণ্ডম তোমার নিকটে পাঠান গিয়াছে তাহাতে নীচের লিখিত পরবের তারিখ বদলাইয়া নীচের লিখিত তারিখে ঐ পরব মানিতে হইবে

এচ বি লাফর্ড।
অফিসিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৫ ফেব্রুআরি।

Sheoratre, .. .	20th and 21st February.	Monday and Tuesday
Churuck Poojah,	11th and 12th April	Wednesday and Thursday
Dushohara Gunga Poojah,	30th May	Wednesday.
Janum Ostomee,	10th and 11th August.	Friday and Saturday

(True Copy)

R. STUART.
Assistant Register

শিবরাত্রি	২০, ২১ ফেব্রুআরি	...	সোম ও মঙ্গলবার।
চড়কপূজা	১১, ১২ আপ্রিল	..	বুধ ও বৃহস্পতিবার।
দশহরা গঙ্গাপূজা .	৩০ মে	..	বুধবার।
জন্মাষ্টমী	১০, ১১ আগষ্ট .. .	...	শুক্র ও শনিবার।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট
এসিষ্টাণ্ট রেজিষ্টর

(Government Gazette, 21st February, 1860.)

HOME DEPARTMENT.

No. 309.

Fort William, the 6th February 1860.

Notification.

The following Extract from a Despatch from the Right Hon'ble the Secretary of State for India, is published for general information :—

" When a servant of Government is committed to " prison, either for debt or on a Criminal charge, he " should be considered as under suspension from " the date of his arrest, and not allowed to draw " any pay until the termination of the proceeding " against him, when an adjustment of his allowances " will be made according to the circumstances of the " case, the full amount being given only in the " event of the Officer being acquitted of blame, or (if " the imprisonment was for debt) of its being prov- " ed that the Officer's [illegible] and Sessions [illegible] of [illegible] stances beyond [illegible] control."

W. Grey,

Secy. to the Govt. of India

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 9th February, 1860.

Baboo Gourchunder Mojoomdar, Moonsiff of Kaguzpookeriah, Zillah Nuddea, for one month, in extension under Medical Certificate.

The 13th February, 186[illegible]

Baboo Brijmohun Dutt, Moonsiff of Lowfal, Zillah Backergunge, for one month, under Medical Certificate.

H. B. Lawford, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৫৯৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব (Mr. G. W. Battye,) তমলুকে নিমকের এজেণ্টের ও নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

ওবরসিয়র শ্রীযুত ডি [illegible] রেন সাহেব (Overseer D. Wron.) বড় রাস্তার দ্বিতীয় এলাকাহইতে কলিকাতার পূর্ব্ব দিগের খালের এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৬০ সাল [illegible] ফেব্রুআরি।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীচন্দ্র [illegible]ভুয্যা চব্বিশপরগনার বারুইপুর এলাকায় প্রেরিত হইয়াছেন ঐ স্থানে তিনি মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা ১৮২১ সালের ৩ আইনের [illegible]র ৩ প্রকরণে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ [illegible]র নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris.) জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্ব এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়া ঢাকা ও বলুয়া ও ছিলট ও ত্রিপুরা ও ফরিদপুর ও বাকরগঞ্জ ও ময়মনসিংহ ও বগুড়া ও পাবনা ও রঙ্গপুর ও রাজশাহী এই সকল জিলায় ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত আর এচ এম ওয়ারেণ্ড সাহেব (Mr. R. H. M. Warrand,) জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson.) ছিলটের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত জরিপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তর এলাকাহইতে চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকায় প্রেরিত হইয়াছেন এবং ঢাকা ও ফরিদপুর ও চব্বিশপরগনা ও বাকরগঞ্জ ও বলুয়া এই সকল জিলায় ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইন ও ১৮৪৮ সালের ২০ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

দেশীয় ডিপার্টমেণ্ট।

৩০৯ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৬ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী অফ ষ্টেট সাহেব যে পত্র পাঠান্ তাহাহইতে গৃহীত এই কথা সকল লোকের জানিবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

সরকারের কোন কর্ম্মকারক যদি কর্জ্জের নিমিত্তে কিম্বা অপরাধ করিবার নালিশে কয়েদ হয়, তবে তাহার গ্রেফ্তার হইবার তারিখঅবধি কর্ম্মহইতে সসপেণ্ড হইয়াছে, এমত জ্ঞান করিতে হইবেক। ও তাহার নামে যে মোকদ্দমা হয় তাহার শেষ যাবৎ না হয় তাবৎ কিছু বেতন লইতে পারিবে না। পরে মোকদ্দমার ভাব গতিক বুঝিয়া তাহার বেতন হিসাব করিয়া দেওয়া যাইবেক। কিন্তু সেই কর্ম্মকারককে যদি নির্দ্দোষ না করা যায় তবে সমুদয় বেতন কোনমতে পাইতে পারিবে না, কিম্বা যদি কর্জ্জের নিমিত্তে কয়েদ হইয়া থাকে তবে উ[illegible] অনিবার্য্য কোন কারণে তাহার কর্জ্জ লইতে হইয়াছিল এই কথার প্রমাণ না হইলে তাহার সমুদয় বেতন দেওয়া যাইবে না।

ডবলিউ গ্রে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার চিকিৎসকের সর্টিফিকটক্রমে অধিক এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৩ ফেব্রুআরি।

জিলা বাকরগঞ্জের বহুফলের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

১৮৬০ সাল ২৪ ফেব্রুআরি।

আমাদের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এচ ব্রৌনলো সাহেব (Mr. W. H. Brownlow,) যেপর্য্যন্ত মজলদারি এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত থাকিবেন সেইপর্য্যন্ত কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

১৮৬০ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত কাপ্তান এ ফ্রানসিস সাহেব (Captain A. Francis,) বাঙ্গলা দেশের ২ পোলীস পল্টনের অধ্যক্ষের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ জি কুক সাহেব (Mr. A. G. Crowe,) পুরণিয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৪ জানুআরি।

তমলুকের মিষ্টরের এজেণ্ট শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) সরকারী কর্ম্ম ত্যাগ করণে প্রায়ে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৫ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩০ জানুআরি।

বীরভূমের জজ শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet.) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩ ফেব্রুআরি।

বাঙ্গলা দেশের ২ পোলীস পল্টনের অধ্যক্ষ শ্রীযুত কাপ্তান জে এল নেমন সাহেব (Captain J. L. Nation,) গত মাসের ৬ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি

বুদবুদ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত ডবলিউ মেকফার্সন সাহেব (Mr W Macpherson,) গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

কাছাড়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ও চিকিৎসক শ্রীযুত এস এম সরকোর সাহেব (Mr. S. M. Shircore,) আপন চিকিৎসকীয় কর্ম্মের ভার এতদ্দেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া ১৮৫৮ সালের আপ্রিল মাসের ১৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

[illegible] ফেব্রুআরি।

ছিলটের জজ শ্রীযুত এম এ মালেট সাহেব (Mr M. A. O. Shawe,) রাজধানীর স্থিরতর চিকিৎসকেরদের কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

রিবর্স তামসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটার।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE.

Wanted for the Midnapore Magistrate's Court—a Peshkar and a Meer Moonshee the salary of the former office being Rupees 30 per month, and that of the latter Rupees 20. Applications for either office must be made within one month from this date, either personally, or by letter, postpaid, to the Magistrate of Midnapore, and all applications must be accompanied by testimonials to the applicant's previous good character and respectability, and by certificates of proficiency and experience in the department No persons need apply who have either property situated within, or relatives and connexions holding appointments, or residing, in, the Midnapore district, and applicants are further required to certify that they have no property, or connexions, in the said district.

F R Cockerell. *Offg Magistrate.*

Midnapore Magistracy, the 10th February, 1860

ইশ্তিহার।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারীর পেশকারের ও মীরমুন্সীর কর্ম্মের নিমিত্তে দুই জনের আবশ্যক হইয়াছে। পেশকারের বেতন মাসে ৩০ টাকা মীরমুন্সীর বেতন ২০ টাকা। যাহারা এ কর্ম্ম পাইতে চাহে তাহারদের অদ্যকার তারিখ অবধি এক মাসের মধ্যে মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নিজে গিয়া দরখাস্ত দিতে হইবেক কিম্বা পত্রদ্বারা দরখাস্ত দিলে ডাক মাসুল দিয়া পাঠাইতে হইবেক। ও তাহারদের সদাচারের ও ভদ্রতার ও ফৌজদারী আদালতের কর্ম্মে তাহারদের নৈপুণ্যের ও অনুশীলনের সর্টিফিকট আপনারদের দরখাস্তের সঙ্গে দিতে হইবেক। ঐ মেদিনীপুর জিলার মধ্যে তাহারদের কিছু সম্পত্তি থাকে কিম্বা ঐ জিলার সরকারী কোন কর্ম্মকারকেরদের মধ্যে কিম্বা ঐ জিলা নিবাসিরদের মধ্যে যে লোকেরদের জ্ঞাতিকুটুম্ব থাকে তাহারদের উক্ত কর্ম্মের নিমিত্তে দরখাস্ত দিবার প্রয়োজন নাই। যাহারা ঐ কর্ম্ম প্রার্থনা করে তাহারদের ঐ জিলার মধ্যে কিছু সম্পত্তি কি জ্ঞাতিকুটুম্বাদি নাই এই কথাও তাহারদের দরখাস্তে লিখিতে হইবেক।

এফ আর কাকরেল। এ[illegible] মাজিষ্ট্রেট।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।

১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

[*Government Gazette*, 21st *February*, 1860.]

INSOLVENT COURT. ঋণগ্রস্তদিগের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN HUTCHESON FERGUSSON, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the third day of March next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of January 1859, until the 31st day of January 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 16th February, 1860.

ঋণগ্রস্তদিগের উপকারার্থে আদালত।

জান হচিসন ফারগসন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মার্চ মাসের ৩ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৯ সালের জানুআরি মাসের ১ তারিখঅবধি ১৮৬০ সালের জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও [illegible] তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত আছে যে কেহ উক্ত ঋণগ্রস্তের ষ্টেটের উপর [illegible] দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তত দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কাছেখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জন কক্রেন সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৬ [illegible] সাল ১৬ ফেব্রুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০। ২১ ফেব্রুআরি]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 28, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৮ ফেব্রুআরি।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA

The 18th February 1860

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 8th February 1860 (communicated to the Legislative Council on the 15th idem), and is hereby promulgated for general information —

Act No. V. of 1860.

An Act to amend Act III. of 1857 (relating to trespasses by Cattle.)

[Preamble.]

Whereas, under the provisions of Act III of 1857, fines may be levied from the owners of Cattle found trespassing and doing damage, or straying in any public place, and all unclaimed Cattle so found may be sold after sufficient notice; and whereas it is provided in the said Act that the sums received on account of fines and the unclaimed proceeds of the sale of unclaimed Cattle shall be applied to the payment of the salaries of pound-keepers and other purposes connected with the execution of the Act, and whereas the amount of the said sums may be larger than is required for the said purposes, and it is expedient to provide for their legal application to other purposes, It is enacted as follows —

[Appropriation of surplus fines, &c.]

I. When the amount of the sums received on account of fines and the unclaimed proceeds of the sale of unclaimed Cattle is larger than is required for the payment of the salaries allowed to pound keepers and the expenses incurred for the construc-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুরকরা এই আইনটি শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৮ ফেব্রুআরি তারিখে সম্মত হইয়াছেন, মাসের ১৮ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকট তাঁহার সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৫ আইন।

ক্ষেত্রাদিতে গোমেষাদির প্রবেশ করণ বিষয়ের ১৮৫৭ সালের ৩ আইন শুধরাইবার আইন।

[হেতুবাদ।

১৮৫৭ সালের ৩ আইনের বিধানমতে, যদি গোমেষাদি কোন পশুকে সরকারী কোন স্থানে গিয়া কিছু নোকসান করিতে কি বেড়াইতে দেখা যায়, তবে ঐ পশুর স্বামির জরীমানা হইতে পারিবেক ও সেই পশু আপনার বলিয়া যদি কেহ দাওয়া না করে, তবে উপযুক্ত সময়ের ইশ্তিহার হইলে পর তাহা নীলাম হইতে পারে। আরো জরীমানার যত টাকা আদায় হয়, ও আপনার বলিয়া যে পশু কেহ দাওয়া না করে তাহা নীলাম করিয়া যে টাকা পাওয়া যায়, সেই টাকাও কেহ দাওয়া না [illegible] ঐ টাকাহইতে খোঁয়াড়িরকদের বেতন ও ঐ আইনমতে কার্য্য হইবার জন্য খরচ দেওয়া যাইবেক ঐ আইনেতে [illegible] বিধানও হইয়াছে। কিন্তু সেই কারণে যত টাকা লাগে তাহার অধিক টাকা সেই প্রকারে কখনং আদায় হইতে পারে, ও সেই অধিক টাকা আইনমতে অন্য কর্ম্মে খরচ করিবার বিধান করা দিগিত। এই কারণে এই২ বিধান হইল।

[জরীমানাপ্রভৃতির ফাজিল টাকা খরচ করিবার কথা।]

১ ধারা। জরীমানার দ্বারা, ও যে পশুর কেহ আপনার বলিয়া দাওয়া না করে তাহা নীলাম হইয়া যে টাকা আদায় হয়, তাহাতে কাহার দাওয়া যা থাকি ল যত টাকা আদায় হয় তাহা খোঁয়াড়িরকদের বেতন ও খোঁয়াড়ী করিবার ও মেরামৎপ্রভৃতি করিবার খরচ

tion and maintenance of pounds and other purposes connected with the execution of the said Act, any surplus which may remain after making full provision for the said salaries and expenses may be applied, under the direction of the local Government, to the construction and repair of roads and bridges, and other works of a like nature.

MADRAS PRESIDENCY.

[Procedure in dealing with the offences of forcibly opposing the seizure of Cattle, or rescuing Cattle.]

II. In the territories under the Government of Fort Saint George, it shall be lawful for Police Officers, in dealing according to the provisions of Section XXVII. Regulation XI 1816 of the Madras Code with the offences specified in Section XIII. of the said Act, to forward their proceedings with the offenders and witnesses either to the Magistrate or to the Criminal Judge. Magistrates shall have jurisdiction to award punishment under the [illegible] such offences within the limits of the powers vested in them by law

MADRAS PRESIDENCY.

[Heads of Police &c., not to be deemed Officers having Criminal jurisdiction within the meaning of Section XIV. Act III. of 1857.]

III. In the territories under the Government of Fort Saint George, Heads of Police, Police Amee[illegible] and Village Moonsiffs shall not be deemed [illegible]cers having Criminal jurisdiction authorized to receive and try charges without reference by the Magistrate within the meaning of Section XIV. of the said Act.

MADRAS PRESIDENCY.

[Construction of the words "Heads of Villages" in Section IV. Act III. of 1857.]

IV. Section IV. of the said Act shall be read throughout the General Police District of the Presidency of Madras, as if the words "Village Inspectors" were substituted for "Heads of Villages."

[Act to be read as part of Act III. of 1857.]

V. This Act shall be read with and taken as part of Act III. of 1857

M. WYLIE,
Clerk of the Council.

ও উক্ত আইনমতের অন্যান্য কর্ম্মেতে যত খরচ হয় তাহার অধিক যদি কিছু থাকে, তবে ঐ বেতন ও খরচের সমুদয় দেওয়া গেলে পর যাহা অবশিষ্ট থাকে তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্টের আজ্ঞামতে রাস্তা পুলবন্দি-প্রভৃতি করিবার ও মেরামৎ করিবার কার্য্যেতে খরচ হইতে পারিবেক ইতি।

মান্দ্রাজ রাজধানীর নিমিত্তে।

[গোরুমহাদি জোর করিয়া লইবার কি কাড়িয়া লইবার দোষ হইলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

২ ধারা। ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর গবর্ণমেণ্টের অধীন দেশে, মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬ সালের ১১ আইনের ১৩ ধারার নির্দ্দিষ্ট দোষ হইলে যখন পোলীসের কর্ম্মকারকেরা ঐ আইনের ২৭ ধারার বিধানমতে কার্য্য করেন, তখন তাঁহারা আপনারদের রুবকারীর কাগজ ও অপরাধিদিগকে ও সাক্ষিদিগকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা ফৌজদারীর জজ সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেবদের আইনমতে যেপর্য্যন্ত দণ্ড করিবার ক্ষমতা থাকে সেইপর্য্যন্ত তাঁহারা ঐ২ অপরাধের নিমিত্তে ঐ আইনমতে দণ্ড করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

মান্দ্রাজ রাজধানীর নিমিত্তে।

[পোলীসের প্রধান কর্ম্মকারকপ্রভৃতি ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারার অর্থের মধ্যে ফৌজদারী ক্ষমতা প্রাপ্ত কার্য্যকারক জ্ঞান না হইবার কথা।]

৩ ধারা। ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর গবর্ণমেণ্টের অধীন দেশে, ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারার অর্থের মধ্যে যাঁহারা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে প্রাপ্ত না হইয়া কোন নালিশ গ্রাহ্য করিয়া বিচার করিবার ক্ষমতাপন্ন হন ফৌজদারী মোকদ্দমার এলাকাপ্রাপ্ত এমত কার্য্যকারকেরদের মধ্যে পোলীসের প্রধান কর্ম্মকারকেরা ও পোলীসের আমীনেরা ও গ্রামের মুনসেফেরা গণ্য নহেন ইতি।

মান্দ্রাজ রাজধানীর নিমিত্তে।

[১৮৫৭ সালের ৩ আইনের ৪ ধারাতে "গ্রামের-মণ্ডল" এই কথার অর্থ।]

৪ ধারা। মান্দ্রাজ রাজধানীতে পোলীসের সাধারণ এলাকার সকল স্থানে ঐ আইনের ৪ ধারাতে "গ্রামের মণ্ডল" এই কথার পরিবর্ত্তে "গ্রামের ইনস্পেক্টর" এই কথা লেখা থাকিবার মতে পড়িতে হইবেক ইতি।

[১৮৫৭ সালের ৩ আইনের এক অংশ বলিয়া এই আইন পাঠ হইবার কথা।]

৫ ধারা। এই আইন ১৮৫৭ সালের ৩ আইনের এক ভাগ বলিয়া পড়িতে ও ধরিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON. *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 9th February, 1860.

Baboo Mohiny Mohun Roy, to officiate as Moonsiff of Bhowanypore, Zillah Rajshahye, during the absence on leave of the incumbent.

LEAVES OF ABSENCE.

The 18th February, 1860.

Baboo Nobogopaulder Ghose, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for ten days.

Moulvie Shookoor Ali, Moonsiff of Putteeah, Zil-

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০ ২৮ ফেব্রুআরি।]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিযুক্তি।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

জিলা রাজশাহীর ভবানীগঞ্জের মুনসেফ ছুটী পাইয়া যত দিন কর্ম্মে না আইসেন তত দিন শ্রীযুত বাবু মোহিনীমোহন রায় ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

জিলা ঢাকার খাদিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের পটিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী

lah Chittagong, for five days, on urgent private affairs.

H. B. LAWFORD, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

৬০৯ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৮ ফেব্রুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইনের বিধান বর্দ্ধমান জিলার রাণীগঞ্জের নিকট এই২ গ্রামে চলিবে। আর ঐ আইনের বিধানমতে কার্য্য হয় এই জন্যে ঐ আইনের ৩ ধারামতে উক্ত সকল গ্রামের সংযোগ হইবে। গ্রামের নাম এই২। অর্থাৎ ১। সৈন্যেরদের ছাউনি স্থানছাড়া রাণীগঞ্জের বাজার। ২, কুমারবাজার। ৩, পোরেবগঞ্জ। ৪, রাঁদ। ৫, বক্তারনগর, পলাশবন। ৭, বাবুসোল। ৮, আম্রাসোল। ৯, কাঁসোআরা। ১০, মঙ্গলপুর। ১১, শ্যারসোল। ১২, হজারীরাণীগঞ্জ। ১৩, সাহেবগঞ্জ। ১৪, রঘুনাথচক। ১৫, [illegible]পুর। ১৬, নফর। ১৭, নারায়ণকনরাই। ১৮, খাটশালা।

আরো এ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে, দ্বিতীয় খণ্ডের রেবিনউ সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে এই২ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। এ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো এ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। এই২ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

---

৬১০ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৮ ফেব্রুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। বাঁকুড়া শহরতল্লীর নীচের লিখিত গ্রাম বাঁকুড়া নগরে সংযুক্ত হয় এই অভিপ্রায়ে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন ঐ২ গ্রামে চলিবে। গ্রামের নাম এই২। লালবাজার ও পাতপুর ও কাশকাটা ও কাদুহারুডিহি ও নূতন চটি ও লোকপুর ও কাটাডাঙ্গা।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। দ্বিতীয় খণ্ডের রেবিনিউ সরবেয়র সাহেব এ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে এই২ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। এ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে। যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। এই২ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

[*Government Gazette, 28th February*, 1860.]

শুকুর আলি আপনার অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্তে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

---

৬৩৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ ফেব্রুআরি।

প্রবেসানরি আসিষ্টান্ট ওবরসিয়র শ্রীযুত জে টিয়রনেন সাহেব (Probationary Assistant Overseer J. Tiernan,) আসাম দেশের দক্ষিণাংশে নিযুক্ত হইয়াছেন।

১৮৬০ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত এম এচ সি টেলর সাহেব (M. H. C Taylor,) ও শ্রীযুত বাবু মোহিনীমোহন রায় বোয়ালিয়াতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

শ্রীযুত জে ডি গর্ডন সাহেব (Mr. J. D Gordon,) আপন বিশেষতার কর্ম্মের ভার শ্রীযুত এ বি ফাকন সাহেবের [illegible] ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। উক্ত ফাকন সাহেব শ্রীযুত জি এ পেপর সাহেবের (Mr. G. A. Pepper,) অনুপস্থানপর্য্যন্ত নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A Pepper,) নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr J. D. Ward,) চাটিগাঁয়ের জাইট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি পি লার্কিন সাহেব (Mr. T. P. Larkins,) ময়মনসিং[illegible] জাইট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ জে মনি সাহেব (Mr. W. J. Money,) জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম জিলার সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং যশোহর ও ফরিদপুর ও খুলনা ও বাকরগঞ্জ ও চব্বিশপরগনা ও সুন্দরবন এই সকল জিলায় ১৮১২ সালের ৭ আইন ও ১৮২২ সালের ৯ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস নেশন সাহেব (Mr. S Nation,) ত্রিপুরায় প্রেরিত হইয়াছেন। এবং এ জিলায় তিনি ১৭৯৩ সালের ১৩ আইন ১৮০৭ সালের ২ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিকিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১ ফেব্রুআরি।

স্পেসিয়ল আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ ও'নিল সাহেব (Mr. W. O'Neil,) পূর্ব্বে যে ছুটী পাইয়াছিলেন তাহা লইয়া কিংসকের সর্টিফিকটক্রমে বারো মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি

শ্রীশ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের গমনাগমনের গত তিনেম্বর মাসের ২৩ তারিখের বিজ্ঞাপন উক্ত মাসের ২৭ তারিখের গেজেটে প্রকাশ হইয়াছিল তদতিরিক্ত নিম্নের লিখিত বিজ্ঞাপন প্রকাশ হইতেছে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব নিম্নের লিখিত তারিখে নিম্নের মোকামহইতে প্রস্থান করেন।

ত্রিহুত .. ... ২৮ ফেব্রুআরি।

পাটনা ... ... ১ মার্চ।

যে সকল পত্রাদি শেষোক্ত তারিখের পূর্ব্বে পাটনাতে পঁহুছিতে না পারে তাহা রাজধানীতে পাঠাইতে হইবেন

---

৭০২ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৩ ফেব্রুআরি।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী অজহরউল হক ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ২০ ফেব্রুআরি।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই বি গডফ্রে সাহেব (Mr. E B. Godfrey,) বাকরগঞ্জে প্রেরিত হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে উক্ত জিলায় [illegible] টের চিহ্নিত আসিষ্টাণ্টের [illegible] কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৪ ফেব্রুআরি।

শ্রীযুত সি জে পৌলেট সাহেব (Mr C. J. Powlett,) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ ফেব্রুআরি।

শাহাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুম সাহেব (Mr J. Combe,) চিকিৎসকদের স্থায়ি কমিটিতে উপস্থিত হওনার্থে ১৮৫৭ সালের অকটোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৭ ফেব্রুআরি।

মুঙ্গেরে আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে বীন সাহেব (Mr. J. Bean,) আপন কর্ম্মস্থানে পঁহুছিবার নিমিত্তে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) আপন সিবিশ্তার কর্ম্মের ভার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ স্মিথ সাহেবের (Mr. A. Smith,) প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। উক্ত স্মিথ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জঙ্গীপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell,) ঐ এলাকাখণ্ডের ভার মুরশিদাবাদের মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের সপ্তম পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ এডমন্স সাহেব (Lieutenant W. W. Edmondes,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ৯ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মে[illegible] সেলামৎ উল্লা খাঁ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত মেজর সি ডগলস সাহেব (Major C Douglas,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৬০ সাল ১৬ ফেব্রুআরি।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ই সি থর্প সাহেব (Assistant Surgeon E C. Thorp,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৬০ সাল ২২ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore,) এগামেমননামক জাহাজে বর্ত্তমান মাসের ২০ তারিখে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

রিবর্স তামসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে আমার স্বনামী কিম্বা আমার ভ্রাতা শ্রীযুত শ্রীনাথ মুখোপাধ্যায় ও আমার পুত্র শ্রীযুত মঙ্গলানাথ মুখোপাধ্যায় নামীয় যে সকল জমীদারি ও পত্তনী তালুকপ্রভৃতি স্থাবর বিষয় আছে তাহা দান বিক্রয় দরপত্তনী ও ইজারাপ্রভৃতি যে কোন বন্দবস্ত যখন করিবার আবশ্যক হইবেক তাহার এক মাস পূর্ব্বে গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করিবো এবং [illegible] দলিলে আমাদিগের মোহর ও দস্তখতযুক্তে রেজষ্টরি হইবেক এই অবধারিত নিয়মের ব্যতিক্রমে [illegible] দিগের লিখিয়া দেওয়া ঐ প্রকার দলীল ও খতপ্রভৃতি হইলে তাহা আমাদিগের কিম্বা আমাদিগের উক্ত [illegible]কারিগণের সম্বন্ধে কদাচ মঞ্জুর ও আদালতে গ্রাহ্য হইবেক না।

শ্রী তারকনাথ মুখোপাধ্যায় জেলা হুগলী সন ১২৬৬ তারিখ ১২ ফাল্গুণ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮[illegible] ১৮ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY MARCH 6, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৬ মার্চ।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No 2

To the Judges in the Lower Provinces.

It having been brought to the notice of the Lieutenant Governor of Bengal that some of the Native Judges are in the habit of entertaining a large number of Omlah on their establishments on very inadequate salaries, His Honor has called for a report on the subject.

2 I am therefore directed to request that, with reference to the authorized allowance for establishments, you will state, for the information of the Court, the number of Omlah you consider it absolutely necessary for a Principal Sudder Ameen, a Sudder Ameen and a Moonsiff, to have, and the amount of salary that each man should receive.

(Signed) H. B. LAWFORD.
Offg. Register.

Fort William, the 26th January, 1860

No. 3.

To the Civil Judges in the Lower Provinces, and the Deputy Commissioner of Hazareebagh.

I am directed to inform you, that the Court have this day cancelled so much of their Circular Order No. 24, dated the 2nd July 1827, as directs Zillah Judges to afford the Government Vakeel the occasional assistance of a Mohurrir for copying papers.

(Signed) H. B. LAWFORD.
Offg. Register

Fort William, the 31st January. 1860.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২ নম্বর।

বঙ্গদেশীয় জজ সাহেব বরাবরেষু।

এ দেশীয় কোন২ বিচারকর্ত্তা অনেক জন আমলাকে অল্প২ বেতন দিয়া আপনারদের সিরিস্তায় নিযুক্ত করিয়া থাকেন, এই কথা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণরের সাহেবকে জ্ঞাত করা গেলে ইহাতে তিনি ঐ কথার রিপোর্ট তলব করিয়াছেন।

১। অতএব আজ্ঞামতে তোমার নিকটে এই আদেশ হইতেছে। আমলারদের নিমিত্তে যত টাকা ধরা আছে তাহা বুঝিয়া প্রধান সদর আমীনের ও সদর আমীনের ও মুনসেফের আদালতে কত জন আমলা নিতান্ত আবশ্যক ও প্রত্যেক জনের কত বেতন পাইতে হয়, এই বিষয়ে তোমার যে বিবেচনা তাহা লিখিয়া সদর আদালতে জানাও।

এচ বি লাফর্ড।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ২৬ জানুআরি।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব ও রাণীগঞ্জের শ্রীযুতডেপুটী কমিসানর সাহেব বরাবরেষু।

আমি আজ্ঞামতে তোমাকে এই কথা জানাইতেছি। কাগজপত্রের নকল করিবার জন্য গবর্ণমেণ্টের উকীলের সাহায্য করিতে জিলার জজ সাহেবেরা কখন২ হুকুম দিতে পারিবেন, সদর আদালতের ১৮২৭ সালের ২ জুলাই তারিখের ২৪ নম্বরের সরক্যুলর অর্ডরের এই কথা তাঁহারা অস্বীকার করিয়াছেন।

এচ বি লাফর্ড।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ৩১ জানুআরি।

John Robinson, Bengalee Translator.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 1st March, 1860.

Baboo Umbica Churn Mitter, Moonsiff of Ajmeri-gunge, Zillah Sylhet, for three months, in extension, under Medical Certificate.

Baboo Haranand Mojumdar, Moonsiff of Lohagarah, Zillah Jessore, for one month, under Medical Certificate.

H. B. LAWFORD, *Offg. Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ১ মার্চ।

জিলা ছিলটের আজমীরিগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র চিকিৎসকের সর্টিফিকটক্রমে অধিক তিন মাসের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের লোহাগাড়ার মুনসেফ শ্রীযুত বাবু হারানন্দ মজুমদার চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৭৩৩ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল [illegible]

দ্বিতীয় শ্রেণীভুক্ত এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত সেখ মহম্মদ আলী ভবানীপুরে দাতব্য ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত আর এফ হচিনসন সাহেব (Mr. R. F. Hutchinson,) শাহাবাদে দলীলদস্তু বেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্টার হইবেন।

১৮৬০ সাল ২২ ফেব্রুআরি।

সাবেণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাকলোড সাহেব (Mr. J. MacLeod,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা ঐ জিলায় প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ জি এল লেন সাহেব (Mr. W. G. L. Lane,) বীরভূমে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ ফেব্রুআরি।

ভবানীপুরের দাতব্য ঔষধালয়ের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্যামাচরণ দত্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন। এতদ্দেশীয় চিকিৎসক সেখ মহম্মদ আলীর অনুপস্থানপর্য্যন্ত সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু চন্দ্রশেখর হালদার ঐ ঔষধালয়ের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ২১ ফেব্রুআরি।

আক্যাবে আরাকাণ প্রদেশের কমিসানর [illegible] হবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান [illegible] সাহেব (Captain R. T. Leigh) গত [illegible] ৬ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের [illegible] ক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

৭৩৮ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সালের ১৪ ফেব্রুআরি।

ইহাতে এই [illegible] দেওয়া যাইতেছে অদ্যকার তারিখ অবধি [illegible] সালের ২০ আইনের বিধান বর্দ্ধমান এলাকার বীরভূম জিলার শিউড়ী নগরের নিকট নীচের লিখিত গ্রামে চলিবে আর সেই আইনের বিধানমতের কার্য্য হয় এই নিমিত্তে ঐ সকল গ্রাম ঐ আইনের ৩ ধারামতে ঐ শিউড়ী নগরে সংযুক্ত হইবে [illegible] গ্রামের নাম এই২। নুরায়ী। সারদেব। কালীপুর। কন্দিয়া। কেন্দুয়া। সোণাটোর। হুসেনাবাদ।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে, ঐ খণ্ডের রেবিনিউ সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে এ২ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। এ কাগজ বীরভূমের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। এ২ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

১৮৬০ সাল ২৩ ফেব্রুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। অদ্যকার তারিখ অবধি ১৮৫৬ সালের ২০ আইনের বিধান জিলা বর্দ্ধমানের কালনা নগরের নিকট নীচের লিখিত গ্রামে চলিবে আর সেই আইনের বিধানমতের কার্য্য হয় এই নিমিত্তে ঐ সকল গ্রাম ঐ আইনের ৩ ধারামতে ঐ কালনা নগরে সংযুক্ত হইবে। গ্রামের নাম এই২। ১ কালনা। অম্বিকা। ২ পুরাতন কালনা। ৩ হাঁসপুকুর। ৪ গ্রাম কালনা, ধাঈগ্রাম, ও ভবানীপুর।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। দ্বিতীয় খণ্ডের রেবিনিউ সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ২ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবে। এ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে। যাঁহার দেখিবার মানস থাকে তিনি গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ২ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবে তাহা যে লোকেরদের টাক্স দিতে হয় তাহারদের গতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

৭৮৬ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২২ ফেব্রুআরি

শ্রীযুত সি এফ হার্বি সাহেব (Mr. C. F. Harvey) ফরিদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ২৫ ফেব্রুআরি।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ এচ পেলিউ সাহেব (Mr. F. H. Pellew,) উক্ত জিলায় ১৮৫৯ সালের ১০ আইনানুসারে মোকদ্দমার বিচার করণার্থে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই জি মান সাহেব (Mr. E. G. Man,) নরেল এলাকাখণ্ডে প্রেরিত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারায় মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে যশোহরে ও ফরিদপুরে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২২ ফেব্রুআরি।

ফরিদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এচ রেবেন্সা সাহেব (Mr J H Ravenshaw,) ছুটী লইয়া ইউরোপে গমনার্থে প্রস্তুত হইতে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৪ ফেব্রুআরি।

মেদিনীপুরের সিবিলসম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত আর আটকিন্সন সাহেব (Mr R. Atkinson,) গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ১৮৫৮ সালের আপ্রিল মাসের ৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr F A E. Dalrymple,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৫ ফেব্রুআরি।

রেলওয়ে ডিপার্টমেণ্টের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবচন্দ্র দেব অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৮ ফেব্রুআরি।

যশোহরে ডাকাইতী নিবারণের কমিসানর সাহেবের অধীন ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে কোবর্ণ সাহেব (Mr J. Cockburn,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৯ ফেব্রুআরি।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে সি মেলিং সাহেব (Mr J C Mal[illegible]) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির [illegible] প্রকরণানুসারে ছয় দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২[illegible] ফেব্রুআরি।

শাহাবাদের [illegible] শ্রীযুত [illegible] গত মাসের [illegible] তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব উক্ত মাসের ১৭ তারিখে [illegible] পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৬০ সাল ২৮ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় [illegible] শ্রীযুত [illegible] সাহেব (Mr J J Ward,) নুরিয়া নামক [illegible] বর্ত্তমান মাসের ২৮ তারিখে ভারতবর্ষ হইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

রিবস তামসন

বাঙ্গালা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE

Wanted for the Midnapore Magistrate's Court—a Peshkar and a Meer Moonshee—the salary of the former office being Rupees 30 per month, and that of the latter Rupees 20. Applications for either office must be made within one month from this date, either personally, or by letter, postpaid, to the Magistrate of Midnapore, and all applications must be accompanied by testimonials to the applicant's previous good character and respectability, and by certificates of proficiency and experience in the department. No persons need apply who have either property situated within, or relatives and connexions holding appointments, or residing, in, the Midnapore district, and applicants are further required to certify that they have no property, or connexions, in the said district.

F. R. COCKERELL, *Offg. Magistrate.*

Midnapore Magistracy, the 10th February, 1860

ইশ্তিহার।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারীর পেশকারের ও মীরমুনশীর কর্ম্মের নিমিত্তে দুই জনের আবশ্যক হইয়াছে। পেশকারের বেতন মাসে ৩০ টাকা মীরমুনশীর [illegible] টাকা। যাহারা এই কর্ম্ম পাইতে চাহে তাহারদের অদ্যকার তারিখ অবধি এক মাসের মধ্যে মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নিজে গিয়া দরখাস্ত দিতে হইবেক কিম্বা পত্রদ্বারা দরখাস্ত দিলে ডাক মাসুল দি[illegible] পাঠাইতে হইবেক। ও তাহারদের সদাচারের ও ভদ্রতার ও ফৌজদারী আদালতের কর্ম্মে তাহারদের নিপুণ্যের ও অনুশীলনের সর্টিফিকট আপনারদের দরখাস্তের সঙ্গে দিতে হইবেক। ঐ মেদিনীপুর জিলার মধ্যে যাহারদের কিছু সম্পত্তি থাকে কিম্বা ঐ জিলার সরকারী কোন কর্ম্মকারকেরদের মধ্যে কিম্বা ঐ জিলা নিবাসিরদের মধ্যে যে লোকেরদের জ্ঞাতিকুটুম্ব থাকে তাহারদের উক্ত কর্ম্মের নিমিত্তে দরখাস্ত দিবার প্রয়োজন নাই। যাহারা এই কর্ম্ম প্রার্থনা করে তাহারদের ঐ জিলার মধ্যে কিছু সম্পত্তি কি জ্ঞাতিকুটুম্বাদি নাই এই কথাও তাহারদের দরখাস্তে লিখিতে হইবেক।

এফ আর কাক্রেল [illegible] মাজিষ্ট্রেট

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।

১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

[*Government Gazette, 6th March 1860*]

রিসিবর আফিস।

মৃত রাজা রাজকৃষ্ণ বাহাদুরের ইষ্টেটের জমিদারীদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ১৯ মার্চ সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত জে মেশওএলচ সাহেব তাঁহার আফিসে উপরোক্ত ইষ্টেটের নীচের লিখিত জমিদারীদিগের ৫ খণ্ড করিয়া ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা ত্রিপুরা পরগনে গঙ্গামণ্ডল ওগয়রহ।

২ খণ্ড।

জিলা ২৪ পরগনার পরগনে মুড়াগাছা ও পরগনে হাতিয়াঘরদিগর মায়পানা ও রঘুনাথপুরের লাখরাজ জমী ইস্তক বেহালা লাগাইদ কুলপির রাস্তার দুই ধারের মহত্রাণ জমী মায় জলকর ও মৌজা পানিহাটী আগড়পাড়া ভবানীপুর ও নাটাগড় ও নাটাগড়ের বাগান ও আগড়পাড়ার হাট।

৩ খণ্ড।

আগড়পাড়ার পুষ্করিণী ও ফলকর বক্ষ।

৪ খণ্ড।

জিলা ২৪ পরগনার কিসমত বারাকপুরদিগর মায়গুদি মহল ও কিসমত বাজে শ্রীরামপুর ও জিলা হুগলির [illegible] কিসমত বাসাই স্বর্ণ [illegible] পুর ও কিসমত বেণীপুর

৫ খণ্ড।

শহর কলিকাতার তালুক সুতানুটী ও বাজার সুতানুটী মায় রাইয়তী জমী ও বাঁশুয়াহাটার জমী ও চারদশ [illegible] ও শ্যামবাজারের ও বাগবাজারের জায়গা ও কুলি মহল ও ধর্ম্মতলার ফিচে লওয়ালা জায়গা ও চাঁদনির জায়গা ও যোড়াসাঁকোর জায়গা ও শোভাবাজারের বৈঠকখানা [illegible] জমী ও মনোহর মুখোপাধ্যায়ের মহলের [illegible] ও জমী ও মাতাগোস্বামির জমী ও কালীশঙ্কর নেউগীর [illegible] ও রাধাবাজারের জায়গা ও তুলাবাজারের বালী ওয়ালা বাটী ও যোড়াবাগানের জমী ও হোগলকুড়িয়ার [illegible] বাগানদিগরের জমী মায় জলকর ও ইটালির ও সিন্দুরিয়াপটীর জায়গাদিগর ও জিলা ২৪ পরগনার বরাহ [illegible] ও দক্ষিণেশ্বরের বাগান মায় রাইয়তি জমী মৌজা [illegible] ও মৌজা জয়পুর ও সাতগাছির ও দক্ষিণ [illegible] জায়গা ও জিলা কৃষ্ণনগরের কাঁচড়াপাড়ার সন্নিকটস্থ মল্লিকবাগাননামক জমী।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কলিকাতা। সুপ্রিমকোর্ট হৌস। তারিখ ২৮ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

১ দফা। ইতিপূর্ব্বে সন ১৮৫৯ সালের ২৯ নবেম্বর তারিখের বাঙ্গলা গেজেটে দেওয়ানী গাইডের প্রথম খণ্ড অর্থাৎ ইস্তক সন ১৭৯৩ লাং সন ১৮৫৯ সনের রদবদল বাদে আদালত ও মাল সংক্রান্ত সমুদয় আইন ছাপাহইয়া প্রত্যেক খণ্ডের মূল্য ৬৲ টাকা ধার্য্য হওয়ার সংবাদ দেওয়া গিয়াছে এক্ষণ উক্ত দেওয়ানী গাইডের ২ দ্বিতীয় খণ্ড অর্থাৎ ইং সন ১৭৯৩ সাল লাং সন ১৮৫৯ সাল রদবদল বাদে যে সকল আইনের অর্থ ও সদর দেওয়ানী আদালতের সাধারণ লিপি ও নির্দ্ধারণ ইত্যাদি প্রচলিত আছে তাহা এবং সন ১৮৫৯ সালের ৮ আইন সংক্রান্ত সরকুলর অর্ডর এক খণ্ডে মুদ্রিত করত প্রত্যেক খণ্ডের মূল্য ৩৲ টাকা ধার্য্য করা গেল গ্রাহক মহাশয়েরা টাকা সহ লিপি আমার নিকট প্রেরণ করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন আর উক্ত দেওয়ানী গাইডের ২ খণ্ড আগামি জানুআরি মাসের ওকালতি ও মুনসেফী পরীক্ষার নিমিত্তে যেপর্য্যন্ত আবশ্যক তাহা পরীক্ষার নূতন জাবেতা দৃষ্টে অপ্রকাশ থাকিবেক না।

২ দফা। নিম্নলিখিত বঙ্গভাষায় অনুবাদিত পুস্তকাদি আমার যন্ত্রালয়ে বিক্রয়ার্থে প্রস্তুত আছে সদর দেওয়ানী আদালতের নম্বরী ও সরাসরি নিষ্পত্তি সমূহের খোলাসা ইং সন ১৭৯২ সাল লাং সন ১৮৫৭ সাল মূল্য মায় ডাক মাসুল ১২৲ টাকা সদর দেওয়ানী আদালতের সরাসরি নিষ্পত্তি উত্তমরূপে জেলেদ করা ইং ১৮৩৪ লাং সন ১৮৫৫ সাল মূল্য ৩৲ টাকা।

শ্রীমহম্মদ এমব [illegible] উকীল। সদর দেওয়ানী মোং কলিকাতা।

সদর দেওয়ানী আদালতের সরকারী উকীল শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়ের কৃত ইংরাজী ভাষায় ১৮৫৯ সালের ৮ আইনের সমুল ব্যাখ্যা যে পুস্তক প্রস্তুত হইয়াছে তাহা বঙ্গ ভাষায় অনুবাদিত ও ব্যাপটিষ্ট মিসন প্রেসে ছাপা হইয়া অদ্য প্রকাশ হইল অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা সদর দেওয়ানী আদালতের পুস্তকরক্ষক শ্রীযুত হরিশ্চন্দ্র রুদ্রের নিকট [illegible] করিলে পাইবেন। মূল্য ২৲ টাকা মাত্র বিদেশীয় গ্রাহক মহাশয়েরা মূল্যের সহিত ডাক মাসুল প্রেরণ করিবেন।

[গবর্ণমেণ্ট [illegible] ১৮৬০। ৬ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 13, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৩ মার্চ।

DRAFT OF ACT

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 25TH FEBRUARY, 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 25th February 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 29th of May next :—

A Bill to provide for the Registration of Assurances.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the Laws relating to the Registration of Assurances : It is enacted as follows :—

[Laws repealed.]

I. Regulations XXXVI. 1793, XXVIII. 1795, XVII. 1803, Section XVII. Regulation VIII. 1805 so far as it relates to Regulation XVII. 1803, Section XXXII. Regulation XII. 1805, Regulation XX 1812, and Regulation IV. 1824 of the Bengal Code : Regulations XVII. 1802 and XI. 1831 of the Madras Code ; and Regulation IX. 1827 of the Bombay Code ; and Acts XXV. of 1838, I. of 1813, XIX. of 1843, IV. of 1845, XVIII of 1847, and XI. of 1851—shall be repealed from and after the day of 1860.

[General Register Office. Rules for guidance of District and Deputy Registrars]

II. The Board of Revenue at each Presidency and at places where there is no Board of Revenue, such Public Office as the local Government may select, shall be a General Register Office for the Territories depending on such Presidency or place. The General Register Office shall, with the sanction

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৫ ফেব্রুআরি।

আইনের এক মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৫ ফেব্রুআরি তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি মে মাসের ২৯ তারিখের পর ঐ মুসাবিদার রিপোর্ট করিবেন।

সম্পত্তির হস্তান্তর করণপত্র রেজিষ্টরকরণের বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

সম্পত্তির হস্তান্তর করণপত্র রেজিষ্টর করিবার আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই কারণে এইং বিধান হইল।

[যে সকল আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৫৮ আইন, ও ১৭৯৫ সালের ২৮ আইন, ও ১৮০৩ সালের ১৭ আইন, ও সেই আইনের সঙ্গে ১৮০৫ সালের ৮ আইনের ১৭ ধারার যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেপর্য্যন্ত ঐ ধারা, ও ১৮০৫ সালের ১২ আইনের ৩১ ধারা, ও ১৮১২ সালের ২০ আইন, ও ১৮২৪ সালের ৪ আইন, ও মান্দ্রাজ দেশের চলিত ১৮০১ সালের ১৭ আইন, ও ১৮৩১ সালের ১১ আইন, ও বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ৯ আইন, ও ১৮৩৮ সালের ৩০ আইন, ও ১৮৪১ সালের ১ আইন, ও ১৮৪৩ সালের ১২ আইন, ও ১৮৪৫ সালের ৪ আইন, ও ১৮৪৭ সালের ১৮ আইন, ও ১৮৫১ সালের ১১ আইন——এই সকল ১৮৬০ সালের অমুক তা[illegible] অবধি রদ হইবেক ইতি।

[সাধারণ রেজিষ্টরী আফিসের কথা ও জিলার রেজিষ্টার ও ডেপুটী রেজিষ্টারের কর্ম্ম করিবার বিধির কথা।]

২ ধারা। এক২ রাজধানীর বোর্ড রেবিনিউ, ও যে স্থানে বোর্ড রেবিনিউ না থাকে সেই স্থানে সরকারী যে আফিস স্থানবিশেষের গবর্ণমেণ্ট নিষ্পন্ন করেন সেই আফিস, ঐ রাজধানীর কি স্থানের মোতালক দেশের নিমিত্তে সাধারণ রেজিষ্টরী আফিস হইবে। ঐ সাধারণ রেজিষ্টরী আফিস স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতি

of the local Government, frame rules for the guidance of District and Deputy Registrars not inconsistent with the terms of this Act.

[Establishment of District and Deputy Register Offices.]

III. The local Government of each Presidency or place shall establish an Office, to be styled the District Register Office, in every District or Zillah, and also such number of Deputy Register Offices, as in the judgment of the local Government may be necessary for the purposes of this Act.

[What Public Officers to be District and Deputy Registrars.]

IV. The Judge of the District or Zillah Court shall be the District Registrar of the District or Zillah over which such Court may have jurisdiction; and the District Moonsiff, and such other Public Officers as the local Government may select, shall be Deputy Registrars of such District or Zillah

[Appointment of persons not Public Officers to be Deputy Registrars

V. It shall be lawful for the local Government of each Presidency or place, with the sanction of the Governor General of India in Council, to appoint such other persons not being Public Officers, to be Deputy Registrars, and to assign to them such salaries as to such local Government may appear necessary.

[Establishments]

VI. It shall be lawful for the local Government of each Presidency or place, with the sanction of the Governor General of India in Council, to allow such Establishments to the General Register Office and to the District and Deputy Registrars as may be necessary for the purposes of this Act

[Seal of Office]

VII. Each District and Deputy Registrar shall use a seal, to be supplied by the Government of the Presidency or place in which such Offices are respectively situated, and such seal shall bear the inscription "The Seal of the (Deputy) Registrar of "

[Registry Books. Fire-proof boxes.]

VIII. The local Government of each Presidency or place shall provide for each District and Deputy Registrar's Office such Books as may be necessary for the purposes of this Act, and such Books shall contain printed forms for the entries to be made therein, and the pages of such Books shall be consecutively numbered in print, and the number of pages in each Book shall be certified by the Officer at the Presidency by whom such Books may be supplied. The local Government shall further supply each District Registrar with a fire-proof box to be used as hereinafter provided.

[No transfer of immoveable property, and of moveable property exceeding fifty Rupees in value, made after the passing of this Act, to be valid unless registered. Proviso.]

ক্রমে জিলার রেজিষ্টারের ও ডেপুটী রেজিষ্টারের কার্য্য করিবার বিধি করিবেন, কিন্তু সেই বিধি এই আইনের কথার অসঙ্গত না হয় ইতি।

[জিলার ও ডেপুটী রেজিষ্টরী আফিস করিবার কথা।

৩ ধারা। প্রত্যেক রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট এক২ জিলার মধ্যে এক২ আফিস করিবেন, তাহার নাম "অমুক জিলার রেজিষ্টরী আফিস"। ও এই আইনের কার্য্যের নিমিত্তে স্থানবিশেষের গবর্ণমেণ্টের বিবেচনায় ডেপুটী রেজিষ্টরী যত আফিস আবশ্যক হয় তত স্থাপন করিবেন ইতি।

[সরকারী যে কার্য্যকারকেরা জিলার ও ডেপুটী রেজিষ্ট্রার হইবেন তাঁহারদের কথা।]

৪ ধারা। যে জিলার উপর যে আদালতের এলাকা থাকে সেই আদালতের জজ সাহেব ঐ জিলার রেজিষ্ট্রার হইবেন। ও জিলার মুনসেফ, ও সরকারী অন্য যে কার্য্যকারকদিগকে স্থানবিশেষের গবর্ণমেণ্ট পসন্দ করিয়া থাকিবেন তাঁহারা, ঐ জিলার ডেপুটী রেজিষ্ট্রার হইবেন ইতি।

[সরকারী কার্য্যকারক যাঁহারা নহেন তাঁহারদিগকে ডেপুটী রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিবার কথা।]

৫ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অনুমতি দিলে, যাঁহারা সরকারী কার্য্যকারক নহেন তাঁহারদিগকেও রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট ডেপুটী রেজিষ্ট্রারের কর্ম্মে নিযুক্ত করিতে পারিবেন, ও সেই স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাঁহারদের যত বেতন আবশ্যক বুঝেন তাহা নিরূপণ করিবেন ইতি।

[সিরিশ্তার কথা।]

৬ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অনুমতি দিলে, এই আইনের কার্য্যের নিমিত্তে যত আমলা আবশ্যক হয়, রাজধানীর ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট তত জন আমলাকে সাধারণ রেজিষ্টরী আফিসে ও জিলার ও ডেপুটী রেজিষ্ট্রারের আফিসে নিযুক্ত করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[আফিসের মোহর।]

৭ ধারা। জিলার ও ডেপুটী রেজিষ্ট্রারের আফিস যে রাজধানীতে কি স্থানে থাকে সেই রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আফিসে এক২ মোহর দিবেন। সেই মোহর ঐ জিলার রেজিষ্ট্রার সাহেব ও ডেপুটী রেজিষ্ট্রার ব্যবহার করিবেন। ও তাহাতে এই কথা খোদা থাকিবে "অমুক স্থানের (ডেপুটী) রেজিষ্ট্রারের মোহর" ইতি।

[রেজিষ্টরী বহীর কথা ও আগুনে যাহা পোড়া যায় না এমত বাক্স দিবার কথা।]

৮ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে যে সকল বহী আবশ্যক হয়, তাহা প্রত্যেক রাজধানীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট জিলার ও ডেপুটী রেজিষ্ট্রারের সকল আফিসে দিবেন। সেই২ বহীতে যে সকল কথা লিখিতে হইবেক তাহা লিখিবার পাঠ এই২ বহীতে ছাপা হইবে, ও সেই২ বহীর ১, ২প্রভৃতি পেজের অঙ্ক ছাপা হইবে ও রাজধানীর যে কার্য্যকারকের স্থানে ঐ সকল বহী পাওয়া যায় তিনি এই বহীতে এত পেজ আছে এই কথা এক২ বহীতে লিখিবেন। আরো আগুনে যাহা পোড়ান হইতে পারে না এমত এক২ বাক্স স্থানবিশেষের গবর্ণমেণ্ট প্রত্যেক জিলার রেজিষ্ট্রার সাহেবকে দিবেন। ও ইহা যে কর্ম্মে লাগিবেক তাহার বিধান পরে করা যাইতেছে ইতি।

[এই আইন জারী হইলে পর স্থাবর সম্পত্তির ও পঞ্চাশ টাকার অধিক মূল্যের অস্থাবর সম্পত্তির হস্তান্তর করণ রেজিষ্টর না হইলে সিদ্ধ না হইবার কথা ও বর্জ্জিত কথা।]

IX. No transfer of immoveable property, and no transfer of moveable property exceeding in value fifty Rupees, any of which instruments may have been executed after the passing of this Act, shall be valid, unless the same be registered within the period of time prescribed by this Act. Provided always that the transfer shall operate from the time of its execution, and not from the time of its registration, and that if such deed be not registered within the time prescribed, it shall be void and of no effect from the time of its execution

[Time for presenting transfers for registration.]

X. No transfer of property, such as is described in Section IX of this Act, which shall have been executed after the passing of this Act, shall be accepted for registration unless presented for the purpose to the proper Officer within thirty days from the date of the execution thereof.

[Registration of transfers of moveable property not exceeding fifty Rupees in value.]

XI. All transfers of moveable property not exceeding fifty Rupees in value may be registered as hereinafter provided, if presented for registry by all the parties to the same, and all the provisions of this Act shall be applicable to such instruments so presented.

[Registration of transfers executed before passing of this Act, &c. Proviso.]

XII. All parties, their heirs, representatives, or assigns, to instruments of the description mentioned in Section IX. of this Act, which shall have been executed before the passing of this Act, or before the expiration of months from the passing of this Act, may have such instruments registered in the manner hereinafter provided, if such instrument shall be presented for registration within months from and after the passing of this Act, and if the conditions to such registry, as hereinafter required, shall have been first complied with; provided always that if one or both the parties to the instrument be dead, the heirs, representatives, or assigns of such party or parties, shall be permitted to testify the execution of such instrument on satisfying the Deputy Registrar of his or their identity, as provided in Section of this Act.

[Registration of wills, &c.]

XIII. Any will, codicil to a will, or authority to adopt a son after the decease of the person giving such authority, may at any time be registered by the person making such will or codicil, or giving such authority, in the manner hereinafter provided.

[Instruments for registration by whom to be presented]

XIV. Instruments to be registered shall be presented to the Deputy Registrar by all the parties

৯ ধারা। এই আইন জারী হইবার পরে স্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার ও পঞ্চাশ টাকার অধিক মূল্যের অস্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার যে পত্র করা যায়, তাহা যদি এই আইনের নিরূপিত কালের মধ্যে রেজিষ্টর না করা যায় তবে সিদ্ধ হইবে না। ঐ হস্তান্তর করণপত্রে যে সময়ে দস্তখৎ হয় সেই সময়াবধি প্রবল হইবেক, রেজিষ্টর করিবার সময়াবধি নয়। কিন্তু যদি সেই পত্র নিরূপিত কালের মধ্যে রেজিষ্টর না করা যায়, তবে দস্তখৎ করিবার কালাবধি অসিদ্ধ ও ব্যর্থ হইবে ইতি।

[হস্তান্তর করণপত্র রেজিষ্টর করিবার নিমিত্তে উপস্থিত করিবার মিয়াদের কথা।]

১০ ধারা। এই আইনের ৯ ধারাতে যে প্রকারের সম্পত্তির কথা লেখা আছে তাহার হস্তান্তর করণপত্র এই আইন জারী হইবার পরে যদি করা যায়, তবে দস্তখৎ হইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে তাহা রেজিষ্টর করিবার নিমিত্তে উপযুক্ত কার্য্যকারকের নিকটে উপস্থিত করিতে হইবেক, নতুবা রেজিষ্টর করিবার জন্যে গ্রাহ্য হইবেক না ইতি।

[পঞ্চাশ টাকার অধিক মূল্যের অস্থাবর সম্পত্তির হস্তান্তর করণপত্র রেজিষ্টর করিবার কথা।]

১১ ধারা। অস্থাবর যে সম্পত্তির মূল্য পঞ্চাশ টাকার অধিক নয়, তাহার হস্তান্তর করণপত্র ঐ পত্রের উভয় পক্ষের সকল লোক রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করিলে তাহা ইহার পরের লিখিত বিধানমতে রেজিষ্টর হইতে পারিবেক, ও সেই প্রকারের উপস্থিতকরা সেই সকল দলীলের উপর এই আইনের সকল বিধান খাটিবে।

[এই আইন জারী হইবার পূর্ব্ব প্রস্তুতি সময়ে যে হস্তান্তর করণপত্র হয় তাহা রেজিষ্টর করিবার কথা ও বর্জ্জিত কথা।]

১২ ধারা। এই আইনের ৯ ধারাতে যে প্রকারের দলীলের কথা লেখা আছে, তাহা যদি এই আইন জারী হইবার পূর্ব্বে, কিম্বা এই আইন জারী হইবার কালাবধি ৪৩ মাসের মধ্যে দস্তখৎ করা যায়, তবে ঐ দলীলের উভয় পক্ষের সকল লোক কি তাহারদের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আইসনেরা ইহার পরের লিখিত বিধানমতে ঐ দলীল রেজিষ্টর করাইতে পারিবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে, এই আইন জারী হইবার কালঅবধি ৪৩ মাসের মধ্যে ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে উপস্থিত করে ও রেজিষ্টর করিবার যে নিয়ম পরে লেখা যাইতেছে সেই নিয়মমতে প্রথমে কার্য্য করে। পরন্তু যদি ঐ দলীলের এক পক্ষের কি উভয় পক্ষের লোক মরে, তবে ঐ এক কি দুই পক্ষের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আইসনেরা সেই উত্তরাধিকারিপ্রভৃতি বটে এই কথা এই আইনের অন্য ধারামতে ডেপুটী রেজিষ্টারের খাতির [illegible] দেখাইতে পারিলে, তাহারা ঐ দলীলে দস্তখতের [illegible] করিতে অনুমতি পাইতে পারিবে ইতি।

[উইলপ্রভৃতি [illegible] ষ্টর করিবার কথা।]

১৩ ধারা। যে কেহ [illegible] ন উইল (অর্থাৎ মরণের পরে সম্পত্তির নিয়মপত্র) [illegible] উইলের ক্রোড়পত্র কিম্বা আপনার মরণের পরে পোষ্যপুত্র গ্রহণ করিবার ক্ষমতাপত্র করে, সে পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ উইল কি ক্রোড়পত্র কি তদ্রূপ ক্ষমতাপত্র কোন সময়ে রেজিষ্টর করিতে পারিবে ইতি।

[রেজিষ্টর করিবার নিমিত্তে দলীল কাহার উপস্থিত করিতে হইবেক তাহার কথা।]

১৪ ধারা। যে সকল দলীল রেজিষ্টর করিতে হইবে তাহা ঐ দলীলের উভয় পক্ষের সকল লোক ডেপুটী

thereto, provided that any person presenting such instrument, who may be personally unknown to such Deputy Registrar, be accompanied by some person known to such Deputy Registrar, and in whom he may confide, who shall answer for the identity of such person.

[Registration where to be made.]

XV. All instruments affecting real property shall be registered in the Office of the Deputy Registrar within whose jurisdiction such real property or the chief part thereof may be situate; and all instruments affecting moveable property shall be registered in the Office of the Deputy Registrar within whose jurisdiction the same are made and executed or within whose jurisdiction the purchaser of such moveable property in the case of goods purchased on contract, or the granter of any bond in the case of a bond for money, shall reside; or at any registry Office at which all the parties to any such instrument shall desire the same to be registered, provided always that instruments in the English language shall be registered only in the Office of the District Registrar.

[Punishment for fraudulent personatio

XVI. Any person presenting an instrument for registry to a Deputy Registrar, who shall be guilty of personating, with fraudulent intent, a party to such instrument or the heir, representative, or assign of such party, and any person who may aid or abet such fraudulent personation shall, on conviction before the Criminal Court of the Zillah, be sentenced to imprisonment with hard labor for a term not exceeding years.

[Punishment for Deputy Registrar conniving at fraudulent personation, &c.]

XVII. Any Deputy Registrar by whom any instrument shall have been registered hereinafter provided, any party to which, or the heir, representative, or assign of such party, shall have been fraudulently personated by another at the presentation of such instrument to such Deputy Registrar shall, upon conviction before the Criminal Court of the Zillah of connivance at such fraudulent personation, be sentenced to imprisonment for any term not exceeding years with or without hard labor, or to fine not exceeding Rupees, or both, and upon conviction before such Court of culpable neglect by which such fraudulent personation may have been practised, to fine not exceeding Rupees; and, in all cases, fines imposed under this Section may be levied summarily by distraint.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ মার্চ

রেজিষ্ট্রারের নিকটে উপস্থিত করিবে। শরন্তু সেই প্রকারের দলীল যে আনে এমত কোন লোক যদি ঐ ডেপুটী রেজিষ্ট্রারের পরিচিত লোক না হয়, তবে ঐ ডেপুটী রেজিষ্ট্রারের পরিচিত যে লোকেতে তাঁহার বিশ্বাস হইতে পারে ও সেই দলীল উপস্থিতকরণিয়া লোককে যে চিনিতে পারে এমত কোন লোককে সঙ্গে করিয়া তাহার যাইতে হইবেক ইতি।

[যে স্থানে যে দলীল রেজিষ্টর করিতে হইবে তাহার কথা।]

১৫ ধারা। স্থাবর সম্পত্তির দলীল হইলে, ঐ স্থাবর সম্পত্তি কি তাহার অধিক অংশ যে ডেপুটী রেজিষ্ট্রারের এলাকার মধ্যে থাকে তাঁহার আফিসে রেজিষ্টর করিতে হইবেক। অস্থাবর সম্পত্তির দলীল হইলে, যাঁহার এলাকার মধ্যে ঐ দলীল করা যায় ও দস্তখৎ হয় সেই ডপুটী রেজিষ্ট্রারের আফিসে রেজিষ্টর করিতে হইবেক। কিম্বা করারমতে কোন মাল খরীদ হইলে তাহার দলীল ঐ অস্থাবর সম্পত্তির খরীদার যাঁহার এলাকার মধ্যে বাস করে সেই ডেপুটী রেজিষ্ট্রারের আফিসে রেজিষ্টর করিতে হইবেক। কিম্বা টাকার কোন তমঃসুক হইলে ঐ তমঃসুক [illegible] যে ব্যক্তি করিয়া দেয় সে যে ডেপুটী রেজিষ্ট্রারের এলাকার মধ্যে বাস করে তাঁহার আফিসে রেজিষ্টর করিতে হইবেক। কিম্বা তদ্রূপ কোন দলীলের উভয় পক্ষের সকল লোক যে কোন রেজিষ্টরী আফিসে তাহা রেজিষ্টর করিতে চাহে তাহাতে রেজিষ্টর করা যাইতে পারিবেক। কিন্তু ইঙ্গরেজী ভাষাতে যে সকল দলীল লেখা যায়, তাহা কেবল জিলার রেজিষ্ট্রার সাহেবের আফিসে রেজিষ্টর হইতে পারিবেক ইতি।

[কেহ প্রতারণা করিয়া আপনাকে অন্য ব্যক্তি বলিলে তাহার দণ্ডের কথা।]

১৬ ধারা। কোন দলীলের এক পক্ষের লোক না হইয়া কিম্বা তাহার উত্তরাধিকারী কি স্থলাভিষিক্ত ব্যক্তি কি আমিন না হইয়া যদি কেহ প্রতারণার অভিপ্রায়ে আপনাকে সেই পক্ষ কি সেই উত্তরাধিকারিপ্রভৃতি বলিয়া ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে ডেপুটী রেজিষ্ট্রারের নিকটে উপস্থিত করে, তবে সেই লোকের দোষ জিলার ফৌজদারী আদালতের সম্মুখে সাবুদ হইলে তাহার এক বৎসরপর্য্যন্ত কয়েদ হইয়া কঠিন পরিশ্রম করিবার হুকুম হইবেক, ও সেই প্রতারণার কার্য্যেতে যে কেহ তাহার সাহায্য করে তাহার দোষ সেই প্রকারে সাবুদ হইলে তাহারও সেই দণ্ডের হুকুম হইবেক ইতি।

[কেহ প্রতারণা করিয়া আপনাকে অন্য ব্যক্তি বলিলে, যে ডেপুটী রেজিষ্ট্রার তাহা জানিয়া কিছু কহেন না তাঁহার দণ্ডের কথা।]

১৭ ধারা। কোন দলীলের এক পক্ষের লোক না হইয়া, কিম্বা তাহার উত্তরাধিকারী কি স্থলাভিষিক্ত ব্যক্তি কি আমিন না হইয়া, যদি কেহ প্রতারণা করিয়া আপনাকে সেই পক্ষ কি সেই উত্তরাধিকারিপ্রভৃতি বলিয়া ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে উপস্থিত করে, তবে যে কোন ডেপুটী রেজিষ্ট্রার পশ্চাৎ লিখিত বিধানমতে সেই দলীল রেজিষ্টর করেন, তিনি ঐ প্রতারণার কার্য্য জানিয়া না জানিবার মত করিলেন এই দোষ যদি জিলার ফৌজদারী আদালতের সম্মুখে সাবুদ হয়, তবে তাঁহার এত বৎসরপর্য্যন্ত কয়েদ হইয়া পরিশ্রম করিবার, কি পরিশ্রম বিনা কয়েদ হইবার হুকুম হইবেক, কিম্বা তাঁহার এত টাকা জরীমানা হইবেক, কিম্বা তাঁহার ঐ দুই দণ্ড হইবেক। ও তাঁহার দোষযুক্ত হইওয়াতে ঐ প্রতারণার কার্য্য হইয়াছে তাহার এই দোষ যদি ঐ আদালতের সম্মুখে সাবুদ হয়, তবে তাঁহার এত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। এই ধারামতে যখন জরীমানার হুকুম হয় তখন ঐ জরীমানার টাকা ক্রোক করিয়া সরাসরীমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Vakeel may present any instrument for registry. Proviso.]

XVIII. Where it may be inconvenient for any parties to an instrument the registration of which is required, or the heirs, representatives, or assigns of such parties, to appear before a Deputy Registrar personally for presentation of such instrument for registration, such instrument may be presented for registration to the District Registrar by means of one of the Vakeels of the Civil Court duly constituted for such purpose by the said parties, their heirs, representatives, or assigns. But no instrument shall be received by the District Registrar from the parties themselves, their heirs, representatives, or assigns, without the intervention of a Vakeel; and any Vakeel guilty, by connivance or culpable negligence, of presenting for registration any instrument to the execution or registration of which the real parties named therein, or their heirs, representatives, or assigns, may not have assented, shall be liable to be punished as provided in the case of Deputy Registrars so guilty in Section XVII. of this Act. Provided that, in all cases in which any instrument may be registered in the District Register Office by a Vakeel, a transcript of such registry shall be immediately sent by the District Registrar to the Deputy Registrar in whose juri-diction the registry would otherwise have been made according to Section XV. of this Act.

[রেজিষ্টর করিবার নিমিত্তে উকীলের দ্বারা দলীল উপস্থিত করিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৮ ধারা। যে দলীল রেজিষ্টর করা প্রয়োজন হয়, এমত দলীলের কোন পক্ষের লোক কিম্বা তাহার উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসেনেরা যদি সেই দলীল রেজিষ্টর করিবার জন্যে ডেপুটী রেজিষ্ট্রারের নিকটে আপনারা অক্লেশে লইয়া যাইতে না পারে, তবে সেই পক্ষের লোকেরা কিম্বা তাহারদের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসেনের দেওয়ানী আদালতের কোন এক জন উকীলকে ঐ কার্য্য করিবার উপযুক্ত ক্ষমতা দিলে, সেই উকীল ঐ দলীল রেজিষ্টর করিবার নিমিত্তে জিলার রেজিষ্ট্রার সাহেবের নিকটে আনিতে পারিবেন। কিন্তু জিলার রেজিষ্ট্রার সাহেব উকীলের দ্বারা না হইলে উভয় পক্ষের স্থানে কিম্বা তাহারদের উত্তরাধিকারিরদের কি স্থলাভিষিক্ত ব্যক্তিরদের কি আসেনেরদের স্থানে কোন দলীল গ্রহণ করিবেন না। আর দলীলে যাহারদের নাম লেখা থাকে প্রকৃত সেই ব্যক্তিরা কিম্বা তাহারদের উত্তরাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি আসেনেরা সেই দলীলে দস্তখৎ করিবার কি তাহা রেজিষ্টর করিবার বিষয়ে সম্মত না হইলে, যদি কোন উকীল তাহা জানিয়া না জানিবার মত করিয়া কিম্বা দোষযুক্ত ত্রুটি করিয়া ঐ দলীল রেজিষ্টর হইবার জন্যে উপস্থিত করেন, তবে এই আইনের ১৭ ধারার বিধানমতে ডেপুটী রেজিষ্ট্রারেরা সেইরূপে দোষী হইলে তাঁহারদের যে দণ্ড হইতে পারে ঐ উকীলেরও সেই দণ্ড হইতে পারিবেক। পরন্তু যখন কোন দলীল উকীলের দ্বারা জিলার রেজিষ্টরী আফিসে রেজিষ্টর করা যায়, তখন এই আইনের ১৫ ধারামতে যে ডেপুটী রেজিষ্ট্রারের এলাকার মধ্যে ঐ দলীলের রেজিষ্টরী হইত তাঁহারই নিকটে জিলার রেজিষ্ট্রার সাহেব ঐ রেজিষ্টরীর এক কেতা নকল ডাকযোগে পাঠাইবেন ইতি।

[Fees on registration.]

XIX. No instrument shall be accepted for registration unless at the time of its presentation a fee according to the following scale be deposited.

[রেজিষ্টর করিবার নিমিত্তে যত রসুম লাগিবে তাহার কথা।]

১৯ ধারা। কোন দলীল রেজিষ্টর হইবার জন্যে জানা গেলে, সেই সময়ে এই হিসাবে রসুম না দিলে তাহা রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইবেক না,

							Fee
When the purchase or consideration money shall not exceed						Rs. 100	2 as.
If above	100	Rs. and not above				500	4 ,,
If above	500	Rs. and not above				1,000	8 ,,
If above	1,000	Rs. and not above				2,000	1 re.
If above	2,000	Rs. and not above				5,000	2 ,,
If above	5,000	Rs and not above				10,000	4 ,,
If above	10,000	Rs. and not above				15 000	8 ,,
If above	15,000	Rs. and not above				20,000	16 ,,
Ifabove	20,000	Rs. and not above				30 000	32 ,,
If above	30,000	Rs. and not above				50,000	50 ,,
If above	50,000	Rs. and not above				1,00,000	100 ,,
If above	1,00,000	Rs					160 ,,

অর্থাৎ, যত টাকা দিয়া সম্পত্তি খরীদ হইল কি ঐ দলীল পাওয়া গেল তাহা যদি

১০০৲	টাকার অধিক হইয়া	৫০০৲ টাকার অধিক না হয় তবে	৵০
৫০০৲	টাকার অধিক হইয়া	১,০০০৲ টাকার অধিক নয় তবে	।০
১,০০০৲	টাকার অধিক হইয়া	২,০০০৲ টাকার অধিক নয় তবে	৷৷০
২,০০০৲	টাকার অধিক হইয়া	৫,০০০৲ টাকার অধিক নয় তবে	১৲
৫,০০০৲	টাকার অধিক হইয়া	১০,০০০৲ টাকার অধিক নয় তবে	১৷৷০
১০,০০০৲	টাকার অধিক হইয়া	১৫,০০০৲ টাকার অধিক নয় তবে	২৲
১৫,০০০৲	টাকার অধিক হইয়া	২০,০০০৲ টাকার অধিক নয় তবে	২৷৷০
২০,০০০৲	টাকার অধিক হইয়া	৩০,০০০৲ টাকার অধিক নয় তবে	৩৲
৩০,০০০৲	টাকার অধিক হইয়া	৫০,০০০৲ টাকার অধিক নয় তবে	৪০৲
৫০,০০০৲	টাকার অধিক হইয়া	১,০০,০০০৲ টাকার অধিক নয় তবে	১০০৲
১,০০,০০০৲	অধিক হইলে	... ...	১৫০৲

[*Government Gazette*, 13*th March*, 1860.]

[Disposal of fees.]

XX. All fees received under the provisions of this Act shall be remitted once in every month to the Collector's Treasury, and be credited to Government.

[Enquiry concerning identity of parties appearing before the Deputy Registrar who are not personally known to him.]

XXI On the parties to any instrument, their heirs, administrators, or assigns, appearing before the Deputy Registrar for the purpose of obtaining the registration of such instrument, if the parties be personally known to the Deputy Registrar he shall at once proceed to register such instrument in the manner hereinafter provided. Whenever the parties to any instrument, their heirs, administrators, or assigns, for the registration of which application may be made, shall not be personally known to the Deputy Registrar, it shall be the duty of such Deputy Registrar to make such enquiry as shall satisfy him of the identity of such parties, and he shall enter in the Register Book the names in full of all the persons whose evidence he may take to prove such identity; and for obtaining the appearance and for the examination of such persons he shall have the same powers as are vested in [illegible] Civil Courts for obtaining the appearance of witnesses and for taking evidence by any Law now in force or that may hereafter be enacted.

[Erasures or interlineations.]

XXII. No instrument shall be accepted for registry, if any interlineation, erasure, or alteration shall appear on such instrument, unless the parties appearing to register the same shall attest with their signatures such interlineation, erasure, or alteration, and it shall be the duty of the District or Deputy Registrar at the time of registering such instrument to make a note in the Register of such interlineation, erasure, or alteration.

[Register Books.]

XXIII. In every General Register Office shall be kept, and every District and Deputy Registrar shall keep, three Books, which shall be entitled—

1 —Register of Title Deeds.
2 —Register of Mortgages and Leases.
3 —General Register.

and in the General Register shall be entered all instruments not included under Title Deeds, Mortgages, or Leases, and not required to be entered in such other Registers as are hereinafter provided. All entries made in such Books shall be numbered in a consecutive numerical series, which shall commence and terminate with the year, a fresh series being commenced at the beginning of each year. Whenever any instrument for the registration of which application may be made,

[রসুমের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

২০ ধারা। এই আইনের বিধানমতে রসুমের যে সকল টাকা পাওয়া যায়, তাহা মাসে২ কালেক্টরী ত্রেজুরীতে পাঠাইতে হইবেক ও তাহা গবর্ণমেণ্টের নামে জমা হইবেক ইতি।

[ডেপুটী রেজিষ্ট্রারের অপরিচিত লোক তাঁহার নিকটে গেলে তাহার অননাতার তত্ত্ব লইবার কথা।]

২১ ধারা। কোন দলীলের উভয় পক্ষের লোকেরা কিম্বা তাহারদের উত্তর অধিকারিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি আসিনেরা ঐ দলীল রেজিষ্টর করাইবার জন্যে ডেপুটী রেজিষ্ট্রারের নিকটে আইলে, যদি ঐ পক্ষের লোকেরা তাঁহার পরিচিত লোক হয় তবে তিনি একেবারে পশ্চাৎ লিখিতমতে সেই দলীল রেজিষ্টর করিবেন। যে দলীল রেজিষ্টর করিবার দরখাস্ত হয় সেই দলীলের উভয় পক্ষের লোকেরা কিম্বা তাহারদের উত্তরাধিকারিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি আসিনেরা যদি ডেপুটী রেজিষ্ট্রারের পরিচিত লোক না হয়, তবে সেই লোকেরা প্রকৃত সেই লোক বটে ইহা সুবোধমতে জানিবার নিমিত্তে তাঁহার উপযুক্ত সন্ধান লইতে হইবেক ও তাহারা সেই লোক বটে ইহার প্রমাণ করিবার জন্যে তিনি যে সকল লোকের জোবানবন্দী লন তাহারদের পূরা নাম তিনি রেজিষ্টরী বহীতে লিখিবেন। ও সেই লোকদিগকে হাজির করাইবার ও তাহারদের জোবানবন্দী লইবার নিমিত্তে, এইক্ষণকার চলিত কোন আইনমতে কিম্বা পরে যাহা জারী হইবে এমত কোন আইনমতে সাক্ষিরদিগকে হাজির করাইবার ও তাহারদের জোবানবন্দী লইবার যে ক্ষমতা দেওয়ানী আদালতে অর্পণ হয়, ঐ ডেপুটী রেজিষ্ট্রারের সেই ক্ষমতা থাকিবেক ইতি।

[কোন কথা উঠাইয়া ফেলা গেলে কি নূতন দেওয়া গেলে তাহার কথা।]

২২ ধারা। কোন দলীলের কোন কথা নূতন দেওয়া গেলে কি উঠাইয়া ফেলা গেলে কি বদলান গেলে তাহা রেজিষ্টর হইবার জন্যে গ্রাহ্য হইবেক না, কিন্তু উভয় পক্ষের যে লোকেরা ঐ দলীল রেজিষ্টর করিবার জন্যে উপস্থিত করে তাহারা যদি ঐ নূতন দেওয়া কি উঠাইয়া ফেলা কি বদলান কথাতে আপনারদের দস্তখত তদ্দিক করিয়া থাকে, তবে গ্রাহ্য হইতে পারিবেক। ও জিলার রেজিষ্ট্রার সাহেব কিম্বা ডেপুটী রেজিষ্ট্রার যে সময়ে ঐ দলীল রেজিষ্টর করেন, সেই সময়ে ঐ নূতন দেওয়া কি উঠাইয়া ফেলা কি বদলান কথার এক নোট তাঁহার ঐ রেজিষ্টরী বহীতে লিখিতে হইবেক ইতি।

[রেজিষ্টরী বহীর কথা।]

২৩ ধারা। সাধারণ রেজিষ্টরী আফিসে তিনটী বহী রাখিতে হইবেক, ও জিলার রেজিষ্ট্রার প্রত্যেক সাহেব ও প্রত্যেক জন ডেপুটী রেজিষ্ট্রার সেই প্রকারের তিনটী বহী রাখিবেন। তাহার নাম এই২।

১। অধিকারিত্ব পত্রের রেজিষ্টরী বহী।
২। বন্ধকী পত্রের ও পাট্টার রেজিষ্টরী বহী।
৩। সাধারণ রেজিষ্টরী বহী।

অধিকারিত্ব পত্রের কি বন্ধকী পত্রের কি পাট্টার মধ্যে যে সকল দলীল ধরা যায় না তাহা, ও ইহার পরের বিধানমতের অন্য রেজিষ্টরী বহীতে যে সকল দলীল লিখিতে হইবেক না তাহা, এ সাধারণ রেজিষ্টরী বহীতে লিখিতে হইবেক। এই বহীতে যে সকল দলীল লেখা যায় তাহার ১, ২ প্রভৃতি নম্বর দেওয়া যাইবে। অর্থাৎ প্রতি বৎসরের আরম্ভঅবধি শেষপর্য্যন্ত ক্রমশঃ নম্বর চলিবেক, আবার নূতন বৎসর হইলে ১ নম্বরঅবধি আরম্ভ হইবে। যে দলীল রেজিষ্টর করিবার দরখাস্ত হয় তাহাতে যদি স্থাবর ও অস্থাবর উভয় প্রকারের

refers to real and personal property, it shall be entered in Book No. 3 and also in Book No. 1 or 2 as the case may be.

[Indices.]

XXIV. At the close of each year, two indices shall be prepared for each Register, one containing the names of all persons mentioned in the instrument registered, as parties thereto, and the other the names of all places so mentioned. These names shall be entered in alphabatical order, and shall show the page in the Register on which the names entered in the indices appear.

[Entry in Register Book.]

XXV. Every instrument presented for registration shall be entered in its appropriate Book according to the order of its presentation, and shall be numbered accordingly. The entry made in the Register shall show the year, month, day and hour of presentment, the species of instrument presented for registration, the names of the parties to the instrument in full, and the names in full of any persons who may have testified to the identity of the parties to the instrument, after which the instrument shall be transcribed in full. To every entry made as is above prescribed the signatures of the parties to the instrument shall be taken, as well as the signatures of any person who may have testified to the identity of such parties, and the Deputy Registrar shall affix his own signature to the entry, and such signature shall be evidence that the parties to the instrument, and the persons who testified to the identity of such parties, actually appeared before such Deputy Registrar and registered such instrument or testified to such identity.

[Endorsement on instrument presented for registration.]

XXVI. The instrument shall then be returned to the party who may have presented the same for registration, with an endorsement inscribed thereon showing the date of registration, the number of the Book in which such registry shall have been made, and the page of the Book on which such entry shall appear, which endorsement shall be certified by the seal and signature of the Deputy Registrar, and the instrument thus endorsed shall be sufficient proof, on the production thereof in any Court of Justice, that such instrument has been duly registered.

[Duplicates where instrument affects real property.]

XXVII. Every instrument affecting real property presented for registration shall be presented in duplicate, and the Deputy Registrar, after satisfying himself by careful examination that both copies are in every respect and particular alike, shall, within twenty-four hours after receiving such instrument and returning one copy thereof endorsed as provided in Section XXVI. of this Act to the party

সম্পত্তির কথা লেখা থাকে, তবে তাহা ৩ নম্বরের বহীতে এবং বিষয়বিশেষে ১ কি ২ নম্বরের বহীতেও লিখিতে হইবেক।

[নির্ঘণ্টের কথা।]

২৪ ধারা। প্রতিবৎসরের শেষে এক২ রেজিষ্টরী বহীর দুই২ নির্ঘণ্ট প্রস্তুত করিতে হইবেক। অর্থাৎ যে২ দলীল রেজিষ্টর হইয়াছে তাহাতে উভয় পক্ষ বলিয়া যে সকল লোকের নাম দেওয়া গেল তাহারদের এ২ নামের এক নির্ঘণ্ট, ও যে সকল স্থান ঐ দলীলে লেখা থাকে ঐ সকল স্থানের নামের এক নির্ঘণ্ট। এ সকল নামের আদি অক্ষরক্রমে ঐ নির্ঘণ্টে নাম লেখা যাইবেক ও তাহার পার্শ্বে রেজিষ্টরী বহীর যে পেজে ঐ নাম লেখা থাকে তাহাও লিখিতে হইবেক ইতি।

[রেজিষ্টরী বহীতে লিখিবার কথা।]

২৫ ধারা। রেজিষ্টর হইবার জন্যে যে সকল দলীল উপস্থিত করা যায় তাহা যে ক্রমেতে উপস্থিত হয় সেই ক্রমে উপযুক্ত বহীতে লিখিতে হইবেক, ও তদনুসারে তাহার নম্বর দেওয়া যাইবে। রেজিষ্টর হইবার জন্যে কোন দলীল উপস্থিত করা গেলে, তাহা যে সালের যে মাসের যে তারিখের যে ঘটীয় উপস্থিত করা যায়, ও দলীল যে প্রকারের হয়, ও সেই দলীলের উভয় পক্ষের পুরা নাম, ও সেই দলীলের উভয় পক্ষের ব্যক্তিরা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা দিয়া থাকে তাহারদেরও পুরা নাম, এ রেজিষ্টরী বহীতে লিখিলে পর তাহার নীচে এ দলীলের সকল কথা নকল করিতে হইবেক। উক্ত প্রকারে নকল হইলে পর, ঐ দলীলের উভয় পক্ষের তাহাতে দস্তখৎ করিতে হইবেক, ও সেই উভয় পক্ষের ব্যক্তিরা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা দিয়া থাকে তাহারদেরও দস্তখৎ করিতে হইবে, ও ডেপুটী রেজিষ্ট্রারও সেই নকলে দস্তখৎ করিবেন, সেই দলীলের উভয় পক্ষের ব্যক্তিরা ও তাহারা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা করিয়াছিল তাহারা, নিতান্ত সেই ডেপুটী রেজিষ্ট্রারের সম্মুখে গিয়া ঐ দলীল রেজিষ্টর করিয়াছিল কিম্বা ঐ ব্যক্তিদের অন্যথা২ প্রমাণ করিয়াছিল তাহার প্রমাণ এরূপ দস্তখৎ হইবেক ইতি।

[রেজিষ্টর হইবার নিমিত্তে যে দলীল উপস্থিত করা যায় তাহার পৃষ্ঠে যে কথা লিখিতে হইবেক তাহার কথা।]

২৬ ধারা। পরে সেই দলীল যে তারিখে রেজিষ্টর করা যায় তাহা, ও যে বহীতে রেজিষ্টর করা যায় তাহার নম্বর, ও সেই বহীর যে পেজে ঐ দলীল নকল করা যায় তাহা ঐ দলীলের পৃষ্ঠে লিখিয়া দেওয়া যাইবেক ও সেই কথার প্রমাণে ডেপুটী রেজিষ্ট্রারের মোহর ও দস্তখৎ দেওয়া যাইবে, ও সেই দলীল রেজিষ্টর করিবার জন্যে যে ব্যক্তি আনিয়াছিল তাহাকে ফিরিয়া দেওয়া যাইবে। পরে সেই দলীল কোন বিচারস্থানে উপস্থিত হইলে, পৃষ্ঠের লিখিত এ কথা ঐ দলীলের উপযুক্তমতে রেজিষ্টর হইবার উপযুক্ত প্রমাণ হইবেক ইতি।

[স্থাবর সম্পত্তির দলীল রেজিষ্টর হইলে তাহার মোকর্দ্দমা দিবার কথা।]

২৭ ধারা। স্থাবর সম্পত্তির যে দলীল রেজিষ্টর হইবার জন্যে উপস্থিত করিলে তাহার নকল রাখিয়া করিতে হইবেক। ও যে ব্যক্তি সেই দলীল উপস্থিত করিবেন ও কথার প্রমাণ [illegible] মনোযোগপূর্ব্বক তদারক করিয়া জানে [illegible] তিনি ঐ দলীল রেজিষ্টর পর ও এই [illegible] এই আইনের ২৬ ধারার লিখিত সকল কথা লেখাইয়া সে জন তাহা [illegible] করিল তাহাকে ফিরিয়া দিবার পর

who presented the same, transmit the other copy to the District Registrar, with a transcript of the entry made in the Register as hereinbefore provided, such copy and such transcript being attested by the official seal and signature of such Deputy Registrar; provided that it shall not be necessary to transmit a copy of the transcript of the instrument entered in the Register. On the receipt of such copy and transcript, the District Registrar shall enter the same in the District Register and indices, in the manner hereinbefore provided for Deputy Registrars, and shall within twenty-four hours after making such entry transmit an exact copy thereof to the General Register Office.

[Wills, &c.]

XXVIII. Any person wishing to register a will, a codicil to a will, or any instrument giving authority to his widow to adopt a son after his decease, shall deliver such will or codicil or such instrument in a sealed cover superscribed with the name of the depositor and the nature of the instrument to the District Registrar within whose jurisdiction such person may reside, and the identity of such person shall, if necessary, be proved as provided in Section XIV. of this Act.

[Register of wills.]

XXIX. Every District Registrar shall, in addition to the Books prescribed in Section XIII. of this Act, keep two Books, to be entitled —

Register of deposits of wills, and codicils to wills, and instruments giving authority to adopt.

Register of wills, codicils, and instruments giving authority to adopt.

[Entry in Register of wills.]

XXX. On receipt of such sealed cover superscribed as is above provided, the District Registrar shall enter the same in the Register of deposits of wills and instruments giving authority to adopt, transcribing therein the superscription on such sealed cover and noting in the Register and on the cover the year, month, day, and hour of such receipt, together with the name of the depositor and the names of the persons testifying to the identity of such depositor, and shall then place such sealed cover in a strong fire-proof box, to be supplied by Government for that purpose.

[On death of depositor, sealed packet to be delivered up.]

XXXI. Whenever on the death of any depositor of any sealed packet, application may be made to any District Registrar to deliver up such packet, such District Registrar, after satisfying himself that such deceased depositor is dead, shall in the presence of the person or persons making such application, open such sealed packet and shall enter an exact copy thereof in the Register of wills, codicils, and instruments giving authority to adopt, and such copy so made shall be received in any Court of Justice as

চব্বিশ ঘণ্টার মধ্যে, অন্য কেতা ও তাহার যে নকল ইহার পূর্ব্বের বিধানমতে রেজিষ্টরী বহীতে করা গেল তাহার আলাহিদা নকল করাইয়া তাহা জিলার রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠাইবেন। কিন্তু প্রথমে সেই অন্য কেতাতে ও ঐ দ্বিতীয় নকলে ঐ ডেপুটী রেজিষ্ট্রারের আফিসের মোহর দিয়া দস্তখৎ করিতে হইবেক। পরন্তু রেজিষ্টরী বহীতে যে দলীল নকল করা গিয়াছে তাহার আলাহিদা নকল পাঠান আবশ্যক হইবেক না। সেই অন্য কেতা ও সেই আলাহিদা নকল পাইলে, জিলার রেজিষ্ট্রার সাহেব, ডেপুটী রেজিষ্ট্রারের জন্যে পূর্ব্বে যে বিধি করা গিয়াছে সেই বিধিমতে, তাহা জিলার রেজিষ্টরী বহীতে ও নির্ঘণ্টেতে লেখাইবেন। ও তাহা লেখাইলে পর চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ লিখিত কথার প্রকৃত এক নকল সাদারণ রেজিষ্টরী আফিসে পাঠাইবেন ইতি।

[উইলপ্রভৃতির কথা।]

২৮ ধারা। যদি কোন ব্যক্তি কোন উইল, কি উইলের ক্রোড়পত্র, কিম্বা আপনার মরণের পরে স্ত্রীকে পোষ্য পুত্র করিবার ক্ষমতাপত্র রেজিষ্টর করিতে চাহে, তবে সে ঐ উইল কি ক্রোড়পত্র কি ক্ষমতাপত্র খামে দিয়া তাহাতে বন্ধ করিয়া, ঐ উইলপ্রভৃতি যে জন দাখিল করে তাহার নাম ও সেই দলীল যে প্রকারের হয় তাহা খামের উপর লিখিয়া, যে জিলার রেজিষ্ট্রার সাহেবের এলাকার মধ্যে বাস করে তাঁহাকে দিবেক। ও যদি আবশ্যক হয় তবে সেই জন প্রকৃত সেই বটে ইহার প্রমাণ এই আইনের ১৪ ধারার বিধানমতে করা যাইবেক ইতি।

[উইলের রেজিষ্টরের কথা।]

২৯ ধারা। এই আইনের ১৩ ধারাতে যে বহী নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন জিলার প্রত্যেক রেজিষ্ট্রার সাহেব অন্য দুই বহী রাখিবেন। তাহার নাম এই।

গচ্ছিতকরা উইল ও উইলের ক্রোড়পত্র ও পোষ্যপুত্র করিবার ক্ষমতাপত্রের এক রেজিষ্টর।

উইলের ও ক্রোড়পত্রের ও পোষ্যপুত্র করিবার ক্ষমতাপত্রের এক রেজিষ্টর ইতি।

[উইলের রেজিষ্টরী বহীতে যাহা লিখিতে হইবে তাহার কথা।]

৩০ ধারা। মোহরকরা যে খামের উপর পূর্ব্বের বিধানমতের কথা লেখা থাকে, এমত খাম জিলার রেজিষ্ট্রার সাহেবকে দেওয়া গেলে তিনি তাহা পাইবার কথা "গচ্ছিত উইলের ও পোষ্যপুত্র করিবার ক্ষমতাপত্রের রেজিষ্টরী বহীতে" লিখিবেন, ও সেই মোহরকরা খামের উপর যে কথা লেখা থাকে তাহা ঐ বহীতে নকল করাইবেন, ও যে সালের যে মাসের যে তারিখের যে ঘণ্টায় তাহা পান তাহা, ও যে জন তাহা গচ্ছিত করে তাহার নাম, ও সেই জন প্রকৃত সেই বটে এই কথার প্রমাণ যে ব্যক্তিরা করে তাহারদের নাম ঐ রেজিষ্টরী বহীতে ও ঐ খামের উপর লিখিয়া, সেই মোহরকরা খাম যে বাক্স আগুনে পোড়ান যাইতে পারে না এমত মজবুত এক বাক্সে রাখিবেন। ঐ কর্ম্মের নিমিত্তে গবর্ণমেণ্ট সেই প্রকারের বাক্স দিবেন ইতি।

[গচ্ছিতকারির মরণ হইলে ঐ মোহরকরা পুলিন্দা ফিরিয়া দিবার কথা।]

৩১ ধারা। মোহরকরা খামে বন্ধ কোন পত্রাদি যে জন গচ্ছিত করে তাহার মরণ হইলে, যদি ঐ খামপ্রভৃতি ফিরিয়া দিবার দরখাস্ত জিলার কোন রেজিষ্ট্রার সাহেবের নিকটে হয়, তবে সেই গচ্ছিতকারী নিতান্ত মরিয়াছে এই কথা জিলার রেজিষ্ট্রার সাহেব অন্বেষণমতে জানিলে, তিনি ঐ দরখাস্তকারি ব্যক্তির কি ব্যক্তিরদের সাক্ষাতে ঐ মোহরকরা খাম খুলিয়া, তাহার প্রকৃত নকল "উইলের ও ক্রোড়পত্রের ও পোষ্যপত্র করিবার ক্ষমতাপত্রের রেজিষ্টরী বহীতে" করাইবেন। ও তদ্রূপে করা সেই নকল কোন বিচারআদালতে ঐ মৃত গচ্ছিত-

the will, codicil, or instrument of the depositor deceased. After a copy of such will, codicil, or instrument shall have been entered in the Register, the original shall be delivered to any person or persons applying for the same, his or their receipt being taken for the same.

কারির উইল কি ক্রোড়পত্র কি ক্ষমতাপত্রস্বরূপে গ্রাহ্য হইবেক। সেই উইল কি ক্রোড়পত্র কি ক্ষমতাপত্র রেজিষ্টরী বহীতে নকল করা গেলে পর, আসল পত্র দরখাস্তকারি ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে দেওয়া যাইবেক, ও তাহার রসীদ তাহার কি তাহারদের স্থানে লওয়া যাইবেক ইতি।

[Entry in General Register Office of transcripts of entry made by District Registrar.]

[জিলার রেজিষ্টার সাহেবের রেজিষ্টরী বহীতে যে কথা লেখা যায় তাহার নকল সাধারণ রেজিষ্টরী আফিসে করিবার কথা।]

XXXII. On the receipt in the General Register Office of any transcript of any entry made in any Register by any District Registrar, the same shall be entered in the Book No. 1, 2, or 3 as the case may be.

৩১ ধারা। কোন জিলার রেজিষ্টার সাহেব কোন রেজিষ্টরী বহীতে যে কথা লেখান, তাহার কোন নকল যখন সাধারণ রেজিষ্টরী আফিসে পঁহুছে, তখন সেই নকলকরা কথা বিষয়বিশেষে ১ কি ২ কি ৩ নম্বরের বহীতে নকল করিয়া লিখিতে হইবেক ইতি।

[Appeals.]

[আপীলের কথা।]

XXXIII. An appeal shall lie from any proceeding of any Deputy Registrar under this Act if presented to the District Registrar within thirty days after the performance of the act appealed against, and the District Registrar shall ha 'authority to call before him the parties to the instrum t in connection with the registration of which such appeal has been made, the persons who testified to the identity of such parties, and any other person whose evidence in the opinion of such District Registrar may be necessary to a right understanding of the matter in appeal, and the decision of such District Registrar on such appeal shall be final. For procuring the attendance of parties and witnesses, the District Registrar may exercise any or all the powers given to any Judge for procuring the attendance of witnesses by any law now in force or that may hereafter be enacted

৩৩ ধারা। এই আইনেতে কোন ডেপুটী রেজিষ্টর যে কোন কার্য্য করেন তাহার উপর আপীল হইতে পারিবেক। কিন্তু যে কার্য্যের উপর আপীল হয় তাহা যে তারিখে করা গিয়াছিল সেই তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে জিলার রেজিষ্টার সাহেবের নিকটে আপীল দাখিল করিতে হইবেক। ও যে দলীল রেজিষ্টর করণের সম্পর্কে এ আপীল করা যায় সেই দলীলের উভয় পক্ষকে, ও সেই উভয় পক্ষের যাহারা প্রকৃত সেই ব্যক্তিরা বটে এই কথার প্রমাণ যাহারা করিয়াছিল তাহারদিগকে, ও আপীলের কথা যথার্থমতে বুঝিবার নিমিত্তে অন্য যে লোকেরদের প্রমাণ জিলার রেজিষ্টার সাহেবের বিবেচনাতে আবশ্যক হয় তাহারদিগকে তলব করিতে ঐ সাহেবের ক্ষমতা থাকিবেক। ও সেই আপীলমতে ঐ জিলার রেজিষ্টার সাহেবের যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত হইবেক। এইক্ষণকার চলিত কোন আইনমতে কিম্বা ইহার পরে যাহা জারী হইবে এমত কোন আইনমতে ব্যক্তিরদিগকে হাজির করাইবার যে ক্ষমতা কোন জজ হইতে দেওয়া যায়, এ দলীলের উভয় পক্ষকে ও সাক্ষিরদিগকে হাজির করাইবার জন্যে ঐ জিলার রেজিষ্টার সাহেব সেই সকল ক্ষমতামতে কিম্বা তাহার মধ্যে কোন ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[Inspection of Register.]

[রেজিষ্টর দেখিবার কথা।]

XXXIV. The Registers in the General Register Offices and in the Offices of the District and Deputy Registrars, shall be at all times open to inspection by any person applying to inspect the same, and certified copies of any entry in such Registers shall be given to all persons applying for such copies A fee of eight annas shall be paid by any person applying to inspect any Register before such Register is opened to his inspection, and a fee of one Rupee over and above the charge of making the transcript shall be paid by every person requiring a copy of any entry in any such Register. The charge to be made for making copies of entries in the Registry shall be regulated from time to time by the General Register Office.

৩৪ ধারা। সাধারণ রেজিষ্টরী আফিসে ও জিলার রেজিষ্টার সাহেবের ও ডেপুটী রেজিষ্টারের আফিসে যে সকল রেজিষ্টরী বহী থাকে, তাহা যে কোন লোক দেখিতে প্রার্থনা করে সে সর্ব্বদা অবাধিতরূপে দেখিতে পাইবে, ও সেই বহীতে যে কথা লেখা হইয়াছে তাহার দস্তখৎকরা নকল যে কেহ পাইবার প্রার্থনা করে তাহাকে দেওয়া যাইবেক। যে কেহ কোন রেজিষ্টরী বহী যে দেখিতে প্রার্থনা করে তাহার দেখিবার জন্যে ঐ বহী খোলা হইবার আগে তাহার আট আনা রসুম দিতে হইবেক। ও যে রূপ কোন রেজিষ্টরের লিখিত কোন কথার নকল চাহে, সে সেই নকল করিবার যত খরচ দিতে হইবেক তদ্ভিন্ন ও এক টাকা রসুম দিতে হইবেক। রেজিষ্টরী বহীর লিখিত কথা নকল করিবার যত খরচ লাগিবে তাহা সাধারণ রেজিষ্টরী আফিসহইতে সময়ে২ নির্দ্ধার্য্য হইবেক ইতি।

[Priority of title.]

[অধিকারের অগ্রপশ্চাতের কথা।]

XXXV. Priority of title shall be given to instruments affecting immoveable property in the date of their registration, and when two or more instruments are presented for registration at the same time, they shall take precedence according to the date of their execution. But as delay may occur in the negotiation of a sale or other contract, and by

৩৫ ধারা। যাহার সম্পর্কের যে দলীল অগ্রের তারিখে রেজিষ্টর করা যায় সেই দলীলমতের স্বত্ব অগ্রগণ্য হইবেক। যদি দুই কি অধিক দলীল রেজিষ্টর হইবার জন্যে একি সময়ে উপস্থিত করা যায় তবে তাহার মধ্যে যাহাতে অগ্রের তারিখে করণ হইয়াছে সে অগ্রগণ্য হইবেক। কিন্তু কোন২ সময়ে বিক্রয়ের কার্য্যাদি চলন করণ সমাপ্ত করিবার কার্য্যেতে বিলম্ব হইতে পারে, ও কোন

reason of the absence of parties the written transfer of property may be delayed, any person may, after the operation of this Act shall have commenced, execute and register a caveat which shall have the effect of preventing the registration of any instrument within the period of six months from having executed all or any such caveat or instrument to be registered within such period by the party in whose favor the caveat may have been given Any instrument registered within six months after such caveat shall have been granted, by the party in whose favor such caveat was entered, shall be entitled to the same preference and advantage as if such instrument had been registered at the time when such caveat was entered

পক্ষের হাজির না থাকাপ্রযুক্ত ঐ সম্পত্তির হস্তান্তর করণ-পত্র লিখিবার বিলম্ব হইতে পারে, এই কারণে, এই আইন চলন হইবার পরে, কোন লোক নিবারক পত্র দস্তখৎ করিয়া রেজিষ্টর করিতে পারিবে, তাহাতে কাহার পক্ষে ঐ নিবারক পত্র দেওয়া গিয়াছে সে জন ছয় মাসের মধ্যে এক দলীল রেজিষ্টর করিবে বলিয়া ঐ ব্যক্তি বা তাহার বিপক্ষের কোন দলীল ঐ ছয় মাসের মধ্যে রেজিষ্টর হইলে সেই নিবারক পত্রপ্রযুক্ত ঐ দলীল রেজিষ্টর করণের কোন ফল হইবে না সেই নিবারক পত্র দাখিল করিবার অনুমতি হইলে পর, যাহার পক্ষে তাহা দাখিল হইয়াছে সেই জন তাহার পর ছয় মাসের মধ্যে যে দলীল দাখিল করে তাহা ঐ নিবারক পত্র দাখিল করিবার সময়ে রেজিষ্টর করিবার মতে অগ্রগণ্য হইবে ও তাহার তুল্য ফল হইবে ইতি

Caveat to be copied in Register

XXXVI Every caveat entered as provided in the last preceding Section, shall be copied in the Register and entered in the Index to the Register, as though it were the complete instrument for the protection of which it may have been entered

নিবারক পত্রের রেজিষ্টরী বহীতে নকল হইবার কথা।

৩৬ ধারা। তাহার পূর্ব্বের ধারার লিখিতমতে যে নিবারকপত্র দাখিল করার দায় তাহা রেজিষ্টরী বহীতে নকল করা যাইবেক, ও তাহার কথা এরদীর নির্ঘণ্টে লিখিতে হইবেক। অর্থাৎ যে দলীলের রক্ষার নিমিত্তে দাখিল হয় কেবল সেই দলীলের মতে তাহা লওয়া করা হইবেক ইতি।

Enforcement of claims founded on registered instruments

XXXVII. All claims founded on registered instruments not affected by other instruments subsequently registered, or by decrees of Court or public sales, shall be enforced on application to the Court having jurisdiction in the matter of such instruments, on a miscellaneous petition But if it be found that the instrument is not conclusive as to the effect to be given thereto, or that additional enquiry to warrant the enforcing the same is otherwise necessary, the party making the application shall be referred to a Civil action.

রেজিষ্টরীকরা দলীলমতে যে দাওয়া হয় তাহা প্রবল করিবার কথা।

৩৭ ধারা। কোন দলীল রেজিষ্টরী হইলে, যদি তৎপরের রেজিষ্টরীকরা কোন দলীলদ্বারা কিম্বা আদালতের কোন ডিক্রী কি কোননীলামের দ্বারা তাহার ক্ষতিবৃদ্ধি না হয়, তবে সেই দলীলের বিষয়ে যে আদালতের এলাকা থাকে সেই আদালতে তৎফরক্কা দরখাস্ত হইলে, সেই দলীলমতের সকল দাওয়া প্রবল করা যাইবেক। কিন্তু সেই দলীলেতে যে স্বত্ব নিষ্পত্তি করিতে হইবেক তাহার নিমিত্তে সেই দলীল সন্দেহের নয়, কিম্বা তাহা প্রবল করিবার নিমিত্তে বিচার আদালতের অন্য প্রকারের কোন তদন্ত আবশ্যক, ইহা যদি দৃষ্ট হয়, তবে যে পক্ষ ঐ দরখাস্ত করে তাহাকে দেওয়ানী নালিশ করিতে হুকুম হইবেক ইতি।

Parties not allowed to dispute such instruments

XXXVIII No party to a registered instrument sought as above to be enforced, and no heir, representative, or assign of such party, shall be allowed to dispute the act ascribed to such party in such instrument, or the obligation attaching to him thereunder

সেই দলীলে যে উপর কোন পক্ষের আপত্তি করিবার অনুমতি না হইবার কথা।

৩৮ ধারা। উপরোক্তমতে যে দলীল প্রবল করিবার দরখাস্ত হয়, সেই দলীলের কোন পক্ষের যে কার্য্য তাহাতে নির্দ্দিষ্ট থাকে, কিম্বা তৎপ্রযুক্ত তাহার উপর যে দায় থাকে, তাহার বিষয়ে ঐ দলীলের কোন পক্ষের লোক ও ঐ পক্ষের কোন উত্তর অধিকারী কি স্বলাভিষিক্ত ব্যক্তি কি আমিন কিছু আপত্তি করিতে পাইবেক না ইতি।

[Act not to affect rights of Government &c]

XXXIX. Nothing in this Act shall be held to affect the right of Government to its [illegible] due, or to extend to Bills of Exchange, or any other negotiable instruments or mercantile documents, or to written agreements known as pottahs and kuboolents between landlords and their tenants or to contracts between ryots and others for the cultivation or delivery of indigo plant

[এই আইনেতে গবর্ণমেণ্টপ্রভৃতির কোন স্বত্বের হানি না হইবার কথা।]

৩৯ ধারা। গবর্ণমেণ্টের মালগুজারী প্রাপ্য হইবার কোন স্বত্বের হানি হইবে এই অংশের কোন কথাতে এমত জ্ঞান করিতে হইবেক না, কিম্বা এই আইনের কোন কথা কোন বিল অফ এক্সচেঞ্জের অর্থাৎ হুণ্ডীর উপর, কিম্বা হাণ্ডীর ক্রয়বিক্রয় হইতে পারে এমত কোন দলীলের উপর, কিম্বা সওদাগরী কোন দলীলের উপর খাটে কিম্বা জমীদার ও রাইয়তের মধ্যে পাট্টা ও কবুলিয়ত লিখিয়া যে কিছু বন্দোবস্ত হয়, কিম্বা রাইয়তেরদের ও আবাদের মধ্যে নীল গাছের চাস করিবার কি বীজ যে করার হয় তাহার উপর খাটে, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

Five documents [illegible] to be registered

[দলীলের পুনঃ রেজিষ্টরী করিবার কথা।]

XL. No [illegible] or any covenant for value

৪০ ধারা। মূল্যবান দ্রব্যের নিমিত্ত কোন করার,

[illegible] ১৮৬১ সালের ১১ মার্চ

no discharge of any claim for or upon money or other moveable property, save what may arise from a running account or partnership, conferred, granted or entered into, from and after the period of six months from the passing of this Act, shall be valid, unless the same be endorsed on the instrument on which such claim is founded.

[Act not to be in force within the Supreme Court's jurisdiction.]

XLI. The provisions of this Act shall not be in force in any place within the jurisdiction of the Courts established by Royal Charter.

[Construction. "Transfer" Number Gender.]

XLII. In the construction of this Act unless the contrary appear from the context, the word "transfer" shall import every kind of instrument by which any property or interest therein is alienated, conveyed, assigned or transferred, or given absolutely, or partially, or conditionally, or on the happening of any future event or contingency, or on the failure to do any act, or pay any money, or by way of mortgage or pledge, and words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number, words importing the masculine gender shall include females.

কিম্বা নিত্য লেনাদেনার হিসাবমতে কি যৌতায় কারবার হিসাবমতে যে দাওয়া হয় তাহাছাড়া, কোন টাকার কি অস্থাবর অন্য সম্পত্তির নিমিত্তে কি তাহার উপর যে কোন দাওয়া হয় তাহা, এই আইন জারী হইবার পর ছয় মাসাবধি কি তাহার পরে অপণ হইলে কি দেওয়া গেলে কি করা গেলে, তাহার নিমিত্তে কোন যাবৎ ঐ দাওয়া কি করার যে দলীলমতে হয় তাহার পৃষ্ঠে যদি না লেখা যায়, তবে সিদ্ধ হইবেক না ইতি।

[এই আইন সুপ্রিম কোর্টের এলাকার মধ্যে প্রবল না হইবার কথা।]

৪১ ধারা। রাজকীয় চাটিরদ্বারা স্থাপিত আদালতের এলাকার মধ্যের কোন স্থানে এই আইনের বিধান প্রবল হইবেক না ইতি।

["হস্তান্তর করণ" এই কথার অর্থ ও বচনের ও লিঙ্গের কথা।]

৪২ ধারা। এই আইনের অর্থ করিবার সময়ে, "হস্তান্তর করণপত্র" এই শব্দেতে কোন সম্পত্তি কি তাহাতে কোন সম্পর্ক যে কোন প্রকারের দলীলমতে দিন, নিয়মে কি অংশক্রমে কিম্বা নিয়মাধীনে, কিম্বা কোন ঘটনার কি সম্ভাবনার অপেক্ষাতে, কিম্বা কোন কার্য্য করিবার কি কিছু টাকা দিবার ত্রুটি হওনেতে কি বর্জ্জন কি বোধক্রমে হস্তান্তর করা যায় কি অন্যের হাতে দেওয়া যায়, কি অর্পণ করা যায়, কি আধিজমাদিরূপ কর কি দান করা যায়, সেই সকল দলীলকে বুঝায়, কিন্তু পূর্ব্বাপর কথার ভাবেতে যদি সেই অর্থ না লাগে তবে বুঝাইবে না। ও এক বচনের শব্দেতে বহুবচনের শব্দও বুঝায়, ও বহুবচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝায়, ও পুংলিঙ্গের শব্দেতে স্ত্রীলিঙ্গকেও বুঝায়।

এম রমাইনি।
কৌন্সেলের ক্লার্ক।
J. Robinson, *Bengalee Translator.*

M. WYLIE,
Clerk of the Council.

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

No. 1019.

To the Collector of Land Revenue, Lower Provinces.

Agreeably to the Resolution of the Government of Bengal in the Public Works Department bearing date the 14th November 1859, No. 3943, Section 4, Clause 1st, I have the honor to request that you will add to the Memo. of District Road Fund subjoined to your Treasury Account the sum of Rupees being the net proceeds realized from Tolls on Ferries and Roads in your District during the year 1858-59 and deduct therefrom all payments subsequently made which should be debited in the body of your Treasury Account under "District Road Fund" and supported as usual by Bills of Expenditure duly audited by the Civil Auditor.

2nd. You will also add to the Memo. the sums per margin assigned to your District in the same Resolution of Government for the maintenance of the Local Fund Works and the construction of new Roads as Feeders in connection with the Railway

১০১৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির মাঙ্গুলের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

পব্লিক ওরক্স ডিপার্টমেণ্ট বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট ১৮৫৯ সালের ১৪ নবেম্বর তারিখে ৩৯৪৩ নম্বরের যে নির্দ্ধারণ করেন, তাহার ৪ ধারার ১ প্রকরণের কর্ত্তামতে তোমার নিকটে আমার এই আদেশ হইতেছে। তোমার খাজানাখানার হিসাবের তলে যে লিখা আছে তাহার ডিষ্ট্রিক্ট রোড ফণ্ডের হিসাবের খোল সাহেব তুমি ঐ টাকা, অর্থাৎ ১৮৫৮। ৫৯ সালে তোমার জিলার খেয়ার ও রাস্তার মাশুল বাবদে যে টাকা আদায় হইয়াছে তাহার খরচখরচা বাদ টাকা থাকিল। ও সেই টাকার পরে যাহা খরচ করা ও সেই হিসাবহইতে বাদ দেওয়া, ও তোমার খাজানাখানার তলের খোল সেই খরচ "ডিষ্ট্রিক্ট রোড ফণ্ডের" হিসাবে লেখা, ও সিবিল অডিটর সাহেবের উপযুক্তমতে অনুমতিকরা "খরচের বিলেতে" এ খরচের বুঝিমতে প্রমাণ করা।

২। আরো অনুমতিপত্রের ইস্তাহারমতে তোমার জিলা কর্ম্ম করিতে হইবে ও রেলওয়ে লাইনের নিমিত্তে যে নূতন রাস্তা করিতে [illegible] পার্শ্বের লিখিত যে টাকা গবর্ণমেণ্ট [illegible] তোমার হিসাবে [illegible]

Stations and adjust the payments made therefrom in the manner indicated.

(Signed) F. Lushington,
Acctt Govt. of Bengal.

Fort William,

Office of Acctt., Govt. of Bengal,

The 16th January, 1860

লাসাতে লেখ, ও তাহাহইতে যে কিছু টাকা খরচ করা যায় তাহা উপরের লিখিত প্রকারে নিষ্পত্তি কর।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

No. 1020.

To the Collector of Land Revenue, Lower Provinces

The Director General of the Post Office in India having in his letter No. 1440, dated 3rd December 1859, ruled that it is the duty of Officers in charge of the sale of Postage Stamps to pay discount to all purchasers at the time of purchase whether discount be demanded or not, and that no subsequent payment should be allowed, I have the honor to request that you will observe this rule invariably in future in paying discount on Postage Stamps sold in your district.

১০২০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

ভারতবর্ষের পোষ্ট আফিসের শ্রীযুত ডৈরেক্টর জেনরল সাহেব ১৮৫৯ সালের ৩ ডিসেম্বর তারিখের ১৪৪০ নম্বরের পত্রেতে এই বিধি করিয়াছেন। ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রয় করিবার ভার যে কার্য্যকারকেরদের প্রতি অর্পণ হয় তাঁহারদের স্থানে যখন কেহ ইষ্টাম্প কিনে, তখন ডিসকৌণ্ট চাহিলে কি না চাহিলে তাঁহারা সেই সময়ে ডিসকৌণ্ট দিবেন ও তাহার অধিক কিছু দিতে হইবেক না। অতএব তোমাকে এই আদেশ করিতেছি, তোমার জিলাতে ডাকমাসুলের যে ইষ্টাম্প বিক্রয় হয়, তাহার ডিসকৌণ্ট দেওনেতে তুমি নিত্য সেই বিধিমতে কর্ম্ম কর

(Signed) F. Lushington,
Acctt. Govt. of Bengal

Fort William,

Office of Acctt, Govt. of Bengal,

The 4th February, 1860.

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট

ফোর্ট উলিয়ম।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

১৮৬০ সাল ৪ ফেব্রুআরি।

No. 1021.

To the Collector of Land Revenue, Lower Provinces.

A Government Treasury having been established at Roorkee, I have the honor to request that you will honor all bills which may be drawn on you by that Treasury, debiting the amount thereof in your Treasury Account under "North Western Provinces," and supporting the debit by the original bills duly receipted by the Payee. Bills are not to be drawn on the Roorkee Treasury except on the *bonâ fide* public service.

"

or

(Signed) F. Lushington,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,

Office of the Accountant, Govt of Bengal,

The 6th February 1860.

১০২১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের এক ত্রেজুরী রুরকীতে স্থাপন হইয়াছে, অতএব তোমাকে এই আদেশ করিতেছি। ঐ খাজানাখানার যে সকল হুণ্ডী তোমার নামে দেওয়া যায় তাহার টাকা দেও, ও তোমার ত্রেজুরীর খাতায় "উত্তর পশ্চিম দেশের" হিসাবে ঐ টাকা খরচ লেখ। ও যাহারা সেই টাকা লয় তাহারা ঐ আসল হুণ্ডীতে উপযুক্তমতে রসীদ লিখিলে তাহাতে ঐ খরচের প্রমাণ হইবে। রুরকীর ত্রেজুরীর উপর কেবল সরকারী কর্ম্মের নিমিত্তে হুণ্ডী দেওয়া যাইতে পারিবে অন্য কর্ম্মের নয়।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

১৮৬০ সালের ৬ ফেব্রুআরি।

JOHN ROBINSON. *Bengalee Translator.*

SALT

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক যার ৪ পরসেণ্ট গোলাশুদ্ধি বাবৎ লাগাদ ২১ ফিব্রুআরি সন ১৮৬০ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নেমকের।

এজেন্সীর নাম।	সন ১২৬১ সাল মোতাবেক ইঙ্গরেজী ১৮৫৪।৫৫ সাল এবং পূর্ব্ব সনহারের	সন ১২৬২ সাল মোতাবেক ইং ১৮৫৫।৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবেক ইং ১৮৫৬।৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবেক ইং ১৮৫৭।৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৮।৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৯।৬০ সাল	মৌজুদ নেমকের একুন।
হিজলী।							
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।				৪৬৮/			৪৬৮/
ঐ কৃষ্ণনগর।				৫,৫৫৫।৬।	২,০০,৫০৭৸৪		২,০৬,০৬৩।০॥
ঐ রামনগর।			১,৬৫৬৸০		৫৭,২০২/৮		৫৮,৮৬৫৸৮
ঐ কালীনগর।					৬৮,৮৫৭/		৬৮,৮৫৭/
ঐ পুরীঘাটা।				১,৮১৩/	২৫,৪৬২/		২৭,২৭৫/
একুন।			১,৬৫৬৸০	৭,৮০৬ ৷৬ ॥	৩,৫২,০০৬/২		৩,৬১,৫২৯ ৷৮ ॥
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।					৭,৬৭৭৷৭৵		৭,৬৭৭ ৷৭৵
একুন।					৭৬৭৭৷৭৵		৭,৬৭৭ ৷৭৵



NOTICE.

Wanted for the Midnapore Magistrate's Court—a Peshkar and a Meer Mooshee the salary of the former office being Rupees 30 per month, and that of the latter Rupees 20. Applications for either of these must be made within one month from this date, either personally, or by letter postpaid to the Magistrate of Midnapore, and all applications must be accompanied by testimonials to the applicant's previous good character and respectability, and by certificates of proficiency and experience in the respective duties. No persons need apply who have either property situated within or relatives and connexions holding appointments, or residing, in, the Midnapore district, and applicants are further required to certify that they have no property, or connexions, in the said district

F R Cockerell, *Offg Magistrate.*

Midnapore Magistracy, the 10th February, 1860.

বিজ্ঞাপনী।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারীর পেশকারের ও মীরমুনশীর কর্ম্মে নিযুক্ত হইবার জন্যে ৩ জনের আবশ্যক হইয়াছে। পেশকারের বেতন মাসে ৩০ টাকা মীরমুনশীর বেতন ২০ টাকা। তাহার প্রার্থনা করেন তাঁহারদের অবশ্যকার তারিখ অবধি এক মাসের মধ্যে মেদিনীপুরে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত দিতে হইবেক কিম্বা পত্রদ্বারা দরখাস্ত দিলে ডাক মাসুল দিতে হইবেক। দরখাস্তের সঙ্গে তাঁহারদের সদাচারের ও ভদ্রতার ও যে জন্যে আবেদন করেন তাহার নৈপুণ্যের ও সাধুতার সার্টিফিকেট আপনারদের দরখাস্তের সঙ্গে দিতে হইবেক। যে মেদিনীপুর জিলার মধ্যে কাহার সম্পত্তি থাকে কিম্বা ঐ জিলার সম্পর্কীয় কোন কর্ম্মকারকদিগের মধ্যে কিম্বা ঐ জিলার নিবাসিদিগের মধ্যে যে সাহেবলোকের আত্মীয়তা থাকে তাঁহারদের উক্ত কর্ম্মের নিমিত্তে দরখাস্ত দিবার প্রয়োজন নাই। যাহারা এ কর্ম্ম পাইবার প্রার্থনা করেন তাঁহারদের এ জিলার কোন ব্যক্তির মধ্যে কিছু সম্পর্ক কি সম্বন্ধ আছে কি না এই কথা ও তাঁহারদের বিষয়ে লিখিতে হইবেক।

এফ আর কক্রেল। অফিঃ মাজিঃ।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।
১৮৬০ সাল ১০ ফেব্রুআরি।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ বিজ্ঞাপনের তর্জ্জমা

রিসিবর আফিস।

মৃত রাজা রাজকৃষ্ণ বাহাদরের ইষ্টেটের কর্ম্মকারীদিগের জন্যে।

সর্ব্বলোকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১২৬৭ সালের ১৯ শে মে মোতাবেক ইংরাজী সন ১৮৬০ সালের ৩১ মে তারিখে কোর্টের রিসিবর শ্রীযুত জে মেণ্টগুমরি সাহেব তাঁহার আফিসে উপরোক্ত ইষ্টেটের নিম্নলিখিত কর্ম্মে নিযুক্ত করিবার ৫ খণ্ড কারিগর ইস্তহার ডাক দিবেন যাহারা ইস্তহার লইতে ইচ্ছুক হইবেন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন

১ খণ্ড

জিলা ত্রিপুরা পরগনে গঙ্গামণ্ডল ওগনরহ।

২ খণ্ড।

জিলা ২৪ পরগনার পরগনে মুড়াগাছা ও পরগনে হাতিয়াগড় মাগুরা ও মহল খাড়ুরে ও মহল খাড়ুরে ও মহল জমী ইস্তক বেহালা সাগাইদ কুলপির রাস্তার দুই ধারের মহল্লে জমী মায় জলকর ও পৌত্ত পানিহাটী আগরপাড়া ভবানীপুর ও নাটাগড় ও নাটাগড়ের বাগান ও আগড়পাড়ার হাট

৩ খণ্ড।

আগড়পাড়ার পুষ্করিণী ও ফলকর বৃক্ষ।

৪ খণ্ড।

জিলা ২৪ পরগনার কিসমত বারাকপুরনিবাসি মাধবদি মহল ও কিসমত বাদে জিরাটপুর ও জিলা হুগলির শ্যামল কিসমত বাঁশাই অনপাড়া মহেন্দ্রপুর ও কিসমত বেলীপুর

৫ খণ্ড।

শহর কলিকাতার তালুক মুকামটী ও শহর মুকামটী মায় বাটনতী জমী ও সাধুমাতাদের ও বাবুরামের ও বাগবাজারের জগা ও কুলি মহল ও ধর্ম্মতলার খিদিরপুর ও টালির জগা ও সেড় সাঁকোর জমিনা ও পোতদোজারের বিডনখানা মহলের জমী ও মনোহর সরকার পাড়ার বাটী ও জমী ও মাণ্ডাগোয়ামির জমী ও কালীশঙ্কর নেউগীর জমী ও ঐ সাহেবের জাগর ও ঐ ছাড়া ওয়ালা বাটী ও লোড়াগানের জমী ও গোপীকৃষ্ণ ঢুলার গোপীবাগ নিবাসের জমী মায় জলকর ও সিমলিয়ার জাগরিগর ও জিলা ২৪ পরগনার বরাহনগরের ও দক্ষিণেশ্বরের জাগর মায় [illegible] ও কিতি ও বেলঘরিয়া ও সাগর ছর ও দক্ষিণ মুড়ির জাগর ও জিলা কৃষ্ণনগরের [illegible] মফিকদাননাকর জমী।

আরো মুদ্রার রিসিবর আফিস তালুকদিগের জন্যে ৩ রিসিবর ইস্ত
কলিকাতা। মুদ্রিমকোর্ট হাল তারিখ ১৮ ফেব্রুআরি ১৮

[Government Gazette, 15th March 1860.]

বিজ্ঞাপন।

১ দফা। ইতিপূর্ব্বে সন ১৮৫৯ সালের ২৯ নবেম্বর তারিখের বাঙ্গলা গেজেটে দেওয়ানী গাইডের প্রথম খণ্ড অর্থাৎ ইস্তক সন ১৭৯৩ লাং সন ১৮৫৯ সনের রদবদল বাদে আদালত ও মাল সংক্রান্ত সমুদয় আইন ছাপাহইয়া প্রত্যেক খণ্ডের মূল্য ৬৲ টাকা ধার্য্য হওয়ার সংবাদ দেওয়া গিয়াছে এক্ষণ উক্ত দেওয়ানী গাইডের ২ দ্বিতীয় খণ্ড অর্থাৎ ইং সন ১৭৯৩ সাল লাং সন ১৮৫৯ সাল রদবদল বাদে যে সকল আইনের অর্থ ও সদর দেওয়ানী আদালতের সাধারণ লিপি ও নির্দ্ধারণ ইত্যাদি প্রচলিত আছে তাহা এবং সন ১৮৫৯ সালের ৮ আইন সংক্রান্ত সরক্যুলর অর্ডর এক খণ্ডে মুদ্রিত করত প্রত্যেক খণ্ডের মূল্য ৩৲ টাকা ধার্য্য করা গেল গ্রাহক মহাশয়েরা টাকা সহ লিপি আমার নিকট প্রেরণ করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন আর উক্ত দেওয়ানী গাইডের ২ খণ্ড আগামি জানুআরি মাসের ওকালতি ও মুনসেফী পরীক্ষার নিমিত্তে যেপর্য্যন্ত আবশ্যক তাহা পরীক্ষার নূতন জারেতা দৃষ্টে অপ্রকাশ থাকিবেক না।

২ দফা। নিম্নলিখিত বঙ্গভাষায় অনুবাদিত পুস্তকাদি আমার যন্ত্রালয়ে বিক্রয়ার্থে প্রস্তুত আছে সদর দেওয়ানী আদালতের নম্বরী ও সরাসরি নিষ্পত্তি সমূহের খোলাসা ইং সন ১৭৯২ সাল লাং সন ১৮৫৭ সাল মূল্য মায় ডাক মাসুল ১২৲ টাকা সদর দেওয়ানী আদালতের সরাসরি নিষ্পত্তি উত্তমরূপে জেলেদ করা ইং ১৮৩৪ লাং সন ১৮৫৫ সাল মূল্য ৩৲ টাকা।

শ্রীমহম্মদ এছমাইল উকীল। সদর দেওয়ানী মোং কলিকাতা।

সদর দেওয়ানী আদালতের সরকারী উকীল শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়ের কৃত ইংরাজী ভাষায় ১৮৫৯ সালের ৮ আইনের সমুল ব্যাখ্যা যে পুস্তক প্রস্তুত হইয়াছে তাহা ব ভাষায় অনুবাদিত ও ব্যাপটিষ্ট মিসন প্রেসে ছাপা হইয়া অদ্য প্রকাশ হইল অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা সদর দেওয়ানী আদালতের পুস্তকরক্ষক শ্রীযুত হরিশ্চন্দ্র রুদ্রের নিকট তত্ত্ব করিলে পাইবেন। মূল্য ২৲ টাকা মাত্র বিদেশীয় গ্রাহক মহাশয়েরা মূল্যের সহিত ডাক মাসুল প্রেরণ করিবেন।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমডাতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২॥০
নূতনাভিধান ১০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ১॥০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ২৪ সংখ্যাপর্য্যন্ত ৬৲ এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১।২।৩।৪।৫।৬।৭।৮।৯ স্কন্ধ ৪৸০
যোগবাশিষ্ঠ ১নাং২৬ সর্গ ৪
গীতাবলি ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪
সপ্তকাণ্ড রামায়ণ প্রং ১
আরব্যোপাখ্যান, ১ নাং ৫, পঞ্চম খণ্ডে ৫
অপূর্ব্বোপাখ্যান, ২১ প্রং ২
বত্রিশ সিংহাসন, গদ্য ১
আঢ্যকৃত ইংবাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
ইংরাজী শকুন্তলা ১
প্রবোধচন্দ্র নাটক ১
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাজীর বিচার ॥০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত এক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিকসনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্চাবেতিহাস ১৲
প্রাচীন ঐ ২৲
ন্যায়দর্শন ২॥০
পুরাবৃত্ত বিবরণ ১৲
প্রিয়ম্বদ ১
কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲
জেকবের লা, ডিক্সনরি ১০
পূর্ণচন্দ্রোদয় ৮৲
রাজা রামমোহন রায়ের জীবনচরিত্র ।০
চিকিৎসাসার ১॥০
কোলব্রুকের অমরকোষ ৮৲
ঐ ব্যবস্থা .. ১৪৲
ঐ হিন্দুলা ... ১৪৲
ঐ মেকনাটন ১০৲
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩ নাং ১৮৩৩, ৯ বালম ১০০৲
শব্দসাধন মুক্তাবলী ১৲
চমৎকার হিরাজাদ .. ১৲
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে

[illegible] মণ্ট গেজেট। ১৮৬০। ১৩ মার্চ।

শ্রীরা[illegible]রের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 20, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২০ মার্চ

DRAFT OF ACT

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 10TH MARCH 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 10th March 1860 and was referred to a Select Committee who are to report thereon after the 14th of June next :—

A Bill relating to the Transportation of Convicts.

[Preamble.]

WHEREAS it is expedient to provide that convicted offenders sentenced to transportation shall be transported to such places only as the Governor-General of India in Council shall appoint. It is enacted as follows:—

[Place of transportation not to be specified in sentences.]

I From and after the passing of this Act, whenever any person convicted of an offence which is punishable with transportation shall be sentenced by any Court within the British Territories in India to be transported, such Court shall not in its sentence specify the place to which such person shall be sent for the purpose of undergoing the sentence of transportation

[Governor-General in Council to appoint a place or places. Local Government to direct removal of persons sentenced to such place or places.]

II It shall be lawful for the Governor-General of India in Council from time to time to appoint a place or places within the British Territories in India to which persons sentenced to transportation shall be sent, and the local Government of the Presidency or place in which such persons shall have been sentenced, or some Officer duly authorized by

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১০ মার্চ।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ১০ মার্চ তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি জুন মাসের ১৪ তারিখের পর তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

দণ্ডপ্রাপ্তলোককে দ্বীপান্তরে পাঠাইবার আইনের মুসাবিদা।

[ভূমিকা।]

যেহেতুক সাব্যস্ত হইয়া যে অপরাধিদিগকে দ্বীপান্তরে পাঠাইবার হুকুম হয়, তাহারদিগকে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে স্থান নিরূপণ করেন, কেবল সেই স্থানে পাঠাইবার বিধান করা গিয়াছে, এই কারণে এই বিধান হইল।

[যে স্থানে পাঠাইতে হইবেক তাহা দণ্ডাজ্ঞাতে না লিখিবার কথা।]

১ ধারা। যে অপরাধ হইলে দ্বীপান্তরে পাঠাইবার দণ্ড হইতে পারে কোন লোকের এমত কোন অপরাধ সাব্যস্ত হইয়া, যদি ভারতবর্ষে ব্রিটীনীয়েদের অধিকৃত কোন দেশের অন্তঃপাতি কোন আদালতের দ্বারা সেই লোক দ্বীপান্তরে পাঠাইবার হুকুম হয়, তবে সেই দণ্ড দেওনকালে সেই আদালত সে লোককে যে স্থানে পাঠাইতে হইবেক তাহা দণ্ডাজ্ঞাতে লিখিবেন না।

[হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবদের স্থান নিরূপণ করিবার ও সেই স্থানে লোকেরদিগকে পাঠাইবার হুকুম স্থানবিশেষের গবর্ণমেণ্টের করিবার কথা।]

২ ধারা। যাহারদিগকে দ্বীপান্তরে পাঠাইবার হুকুম হয়, তাহারদিগকে ভারতবর্ষে ব্রিটীনীয়েদের অধিকৃত দেশের অন্তঃপাতি যে স্থানে কি যে স্থানে পাঠাইতে হইবেক তাহা সময়ে২ নিরূপণ করিবার কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতা থাকিবেক। ও যে রাজধানীর কি স্থানবিশেষের লোক এই আজ্ঞা হয় সেই

the local Government, shall give orders for their removal to the place or places so appointed

[Provision for intermediate custody.]

III. In every case in which a sentence of transportation is passed, the person upon whom such sentence is passed, until he is transported, shall be dealt with in the same manner as if sentence to imprisonment with hard labor, and shall be held to have been undergoing his sentence of transportation during the term of his imprisonment.

[Execution of sentences of transportation passed on persons already undergoing transportation under a previous sentence]

IV When sentence of transportation shall be passed on a person already undergoing transportation under a sentence previously passed for another offence, it shall not be necessary for the Government to order the removal of such person from the place in which he is so undergoing transportation.

[Saving Clause]

V Nothing in this Act shall affect the provisions of Act XXIV. of 1855 (to substitute penal servitude for the punishment of transportation in respect of European and American Convicts, and to amend the Law relating to the removal of such Convicts) or the provisions of any Act of Parliament passed in the United Kingdom of Great Britain and Ireland for punishing mutiny and desertion

M. WYLIE,
Clerk of the Council

গবর্ণমেণ্ট, কিম্বা এ গবর্ণমেণ্টহইতে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক, ঐ বন্দুয়ানেরদের সেই নিরূপিত স্থানে পাঠাইবার বিধান করিবেন ইতি

[ইহার মধ্যে তাহারদের কয়েদ রাখিবার বিধান।]

৩ ধারা। দ্বীপান্তরে পাঠাইবার হুকুম যখন হয়, তখন এ দণ্ডের হুকুম যে লোকের উপর হয়, তাহাকে তত কাল দ্বীপান্তরে পাঠান না যায় তত কাল কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার হুকুম হওয়ার মতে তাকে লইয়া কার্য্য হইবেক। ও যত কাল সেই মতে কয়েদ থাকে তত কাল এ দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভুগা হইতেছে জ্ঞান হইবেক ইতি।

[কোন হুকুমমতে দ্বীপান্তরে দণ্ড ভুগিবার সময়ে দ্বীপান্তরে পাঠাইবার অন্য দণ্ড ভোগ করিবার কথা।]

Notice is hereby given, that Saturday, the 14th day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 30th day of June 1859, until the 29th day of February 1860 has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

JOHN COCHRANE, *Official Assignee*

Official Assignee's Office, Calcutta, 23rd March, 1860

কলিকাতায় যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন চারলস উলিয়ম সালিজ সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনর্ব্বার [illegible] আগামি আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৯ সালের জুন মাসের [illegible] অবধি ১৮৬০ সালের ফেব্রুআরি মাসের ২৯ তারিখপর্য্যন্ত অসিনি সাহেবের [illegible] ও খরচের হিসাবি ও হিসাব

[*Government Gazette, 27th March*, 1860.]

দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৩ মার্চ।

In the matter of SUNGUMLOLL, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 14th day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 19th day of May 1857, until the 1st day of March instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 23rd March, 1860.

যোত্রহীন সঙ্গমলালের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৭ সালের মে মাসের ১৯ তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৩ মার্চ।

The like notice in the matter of ANN GILISPIE SKINNER, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 11th December, 1855 to 1st day of March instant.

যোত্রহীন এন গিলিস্পী স্কিনর মেমের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৮ সালের ১৪ ডিসেম্বর তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of LOWIS ALEXANDER QUILLET, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 1st November, 1859 to the 1st day of March instant.

যোত্রহীন লুইস আলেক্জাণ্ডর কুইলিট সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৯ সালের ১ নবেম্বর তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

In the matter of ALBERT JOHN DALTON HEPTED LARPENT, and another Insolvents.

On Saturday, the 4th day of February last, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs 22,000 in his hands pay a Dividend at the rate of Co.'s annas 2 3 pie per Cent. (which will amount to the sum of Co's Rs. 19,723 11-4) upon the several claims admitted on the Schedule of the said Insolvents so soon as such claims shall be duly sub-canvassed to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 24th March, 1860

যোত্রহীন আলবার্ট জান ডিহচিপিড্ল পেণ্ট সাহেব ও অন্যের বিষয়ে।

আসৈনি সাহেব গত ফেব্রুআরি মাসের ৪ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তরফীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাব্দ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ২২,০০০৲ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ৵৩ পাইয়ের হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৯,৭২৩৷৵৪ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৪ মার্চ

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

Lost from the Post Office of Joynagore, Zillah Furreedpore. A draft No 11, written by Mr. R. C Bell of Mudhudharee Concern, on the 19th February 1860, to Messrs. Lyall, Rennie and Co. in Calcutta, for the sum of Co's Rs. 1,000 (one thousand) in favour of Shamchand Coondoo. the accompanying letter was not registered.

WOOMACHURN CHATTERJEE.
Mooktar.

Tallygunge,
The 16th March, 1860.

মদনধারি কুণ্ডুর শ্রীযুত আর সি বেল সাহেব শ্রীশ্যামচাঁদ কুণ্ডুর নিমিত্তে ১৮৬০ সালের ১৯ ফেব্রুআরি তারিখের ১১ নম্বরের ১,০০০৲ টাকার এক ড্রাফ্ট কলিকাতার মেসিউর্স লায়ল রেনি কোম্পানির নামে দেন তাহা জিলা ফরিদপুরের জয়নগরের ডাক ঘরে হারাণ যায়। এ ড্রাফ্ট যে পত্রের সঙ্গে ছিল সেই পত্র রেজিষ্টর হয় নাই।

উমাচরণ চাটুর্য্যা
মোক্তার।

টালিগঞ্জ।
১৬মার্চ।
[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৭ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, THURSDAY, MARCH 29, 1860.

কলিকাতা বৃহস্পতিবার ১৮৬০ সাল ২৯ মার্চ।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 21TH MARCH 1860.

A Bill to enforce the fulfilment of Indigo Contracts.

[Preamble.]

WHERRAS it is expedient, pending a commission of enquiry into the practice of Indigo planting in Bengal, which the Executive Government purposes to appoint after the close of the present season of cultivation, to make temporary provision for enforcing by summary process the execution of agreements entered into for the cultivation of Indigo plant; and better to provide for the punishment of certain unlawful acts connected with such cultivation: It is enacted as follows:—

I. If any person who has received a cash advance upon his agreement to cultivate Indigo plant during the season now current, shall wilfully delay or omit from and after the 24th day of March 1860 to cultivate according to the conditions of his agreement the whole quantity of land which he has agreed to cultivate, and for the cultivation of which the cash advance was made, it shall be competent to the Magistrate to entertain a complaint made to the above effect on oath by the Planter who has made the advance or by any person on his behalf, and to summon the person complained of to appear before him in order to the investigation of the complaint preferred. If the Magistrate has reason to believe that the person complained of will not appear in obedience to the summons, he may issue a warrant for the arrest of such person.

II. On hearing the answer of the person complained of, and on taking such evidence as both parties may adduce, if the complaint be established to the satisfaction of the Magistrate, the Magistrate shall assess a certain sum as damages not exceeding five times the said advance made, and five times

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৪ মার্চ।

নীলের করারমতে কর্ম্ম করাইবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

নীলের চাষ করিবার এই সময় গেলে পর, এই দেশের কর্ত্তৃত্ব কার্য্যের গবর্ণমেণ্ট বাঙ্গলা দেশের মধ্যে নীল বুনিবার যে নিয়ম চলিতেছে তাহার তদন্ত লইবার কমিশ্যান জারী করিতে মানস করিয়াছেন। কিন্তু ইহার মধ্যে নীলের চাষ করিবার যে বন্দোবস্ত হইয়াছে সেই বন্দোবস্তমতে সরাসরী মোকদ্দমাক্রমে কর্ম্ম করাইবার কিঞ্চিৎ কালের বিধান করা বিহিত। ও সেই চাষসম্পর্কীয় বেআইনী যে কতক কর্ম্ম হয় তাহার দণ্ড করিবার আরো উত্তম বিধান করা উচিত। এই কারণে এই২ হুকুম হইল।

১ ধারা। যদি কোন লোক এই সময়ে নীলের চাষ করিতে বন্দোবস্ত করিয়া দাদনী টাকা পাইয়া থাকে ও যত জমী চাষ করিতে করার করিয়াছিল ও যে জমীর চাষের নিমিত্তে দাদনী পাইয়াছে সেই সমুদয় জমীতে যদি আপন করারমতে ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখঅবধি ও তাহার পরে চাষ করিতে আনিয়াস্তানয়া বিলম্ব কি ত্রুটি করে, তবে যে নীলকর সাহেব ঐ দাদনী দিয়াছেন তিনি কি তাঁহার পক্ষের কোন লোক সেই মর্ম্মের নালিশ করিয়া শপথ করিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই নালিশ গ্রাহ্য করিতে পারিবেন, ও যে কথার নালিশ হইয়াছে তাহার বিচার করিবার জন্যে, যাহার নামে নালিশ হইল তাহাকে আপনার নিকটে হাজির হইতে সমন করিতে পারিবেন। যাহার নামে নালিশ হয় তাহার নামে সমন হইলেও সে হাজির হইবে না মাজিষ্ট্রেট সাহেবের যদি এমত বুঝিবার কারণ থাকে, তবে ঐ লোকের গ্রেফ্তারী পরওয়ানা জারী করিতে পারিবেন ইতি।

২ ধারা। যাহার নামে নালিশ হইল সেই লোকের জওয়াব শুনিলে পর, ও উভয় পক্ষ যে সকল প্রমাণ দেয় তাহা লইলে পর, যদি সেই নালিশ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমাযতে সাবুদ হয়, [illegible] সাব্যস্ত বলিয়া আসামীর কতক টাকা জরীমানা করিবেন, কিন্তু যত টাকা দাদনী হইয়াছিল তাহার পাঁচগুণ ও

the value of any seed that may have been furnished to him for such cultivation, to be paid by the defendant ; and failing the immediate payment of the damages assessed may order the defendant to be imprisoned in the Civil Jail for a term not exceeding three months, and may on the motion of the complainant furthermore proceed to levy the damages assessed from the property of the defendant, in the mode provided for enforcing decrees of Court under Act VIII. of 1859. Provided that if the amount of the said damages is paid or levied within the aforesaid term of three months, the defendant shall be released from Jail on that amount being paid or levied.

III. If any person from and after the 24th day of March 1860 shall by violence, threats, or otherwise, intimidate or attempt to intimidate any other person who shall have entered into any such agreement as aforesaid with the intention of inducing such person to break the conditions thereof ; or if any person from and after the date aforesaid shall conspire with any other person or persons for the purpose of causing the breach of any such contract or contracts as aforesaid ; he shall on conviction before a Magistrate be liable to a sentence of imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding Rupees two hundred or to both, such fine being commutable if not paid to a further period of imprisonment not exceeding six months.

IV. If any person shall maliciously destroy or damage ; or if any person shall maliciously command, compel, or persuade or shall with others maliciously conspire to command, compel or persuade any other person to destroy, or damage any growing crop of indigo, he shall on conviction before a Magistrate be liable to be sentenced to imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding Rupees two hundred or to both, such fine being commutable if not paid, to a further period of imprisonment not exceeding six months.

V. No appeal shall lie from the decision of a Magistrate under this Act.

VI. The power of a Magistrate under this Act may be exercised by any person vested with the full powers of a Magistrate and by any Assistant Magistrate, or Deputy Magistrate, specially empowered on that behalf by the local Government.

VII The Lieutenant Governor of Bengal shall as soon as conveniently may be after the day of issue a commission to such persons as the said Lieutenant Governor shall think fit, for the purpose of enquiring into and reporting on the system and practice of Indigo planting in Bengal and the relations between the Indigo Planters, and the

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬০ । ২৯ মার্চ ।]

সেই চাষ করিবার জন্যে যত বীজ তাহাকে দেওয়া গিয়াছিল তাহার মূল্যের পাঁচগুণের অধিক টাকা জরীমানা করিবেন না । ও ঐ খেসারতের নির্দ্দিষ্ট টাকা যদি সেই সময়ে না দেওয়া যায় তবে আসামীর তিন মাসপর্য্যন্ত দেওয়ানী জেলখানায় কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন । ও ফরিয়াদী যদি প্রার্থনা করে তবে ১৮৫৯ সালের ৮ আইনমতে আদালতের ডিক্রী জারী করিবার যে বিধি আছে, সেই বিধিমতে আসামীর সম্পত্তিহইতে ঐ খেসারতের টাকা উসুল করিতে পারিবেন । কিন্তু ঐ খেসারতের টাকা যদি উক্ত তিন মাস মিয়াদের মধ্যে দেওয়া যায় কি উসুল হয়, তবে ঐ টাকা দেওয়া গেলেই কি উসুল হইলেই আসামীকে জেলখানাহইতে মুক্ত করা যাইবেক ইতি ।

৩ ধারা । কোন লোক যদি উক্ত প্রকারের কোন বন্দোবস্ত করিয়া থাকে ও অন্য কেহ যদি তাহার ঐ করারের নিয়ম ভঙ্গ করাইবার অভিপ্রায়ে তাহাকে ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখে কি তাহার পরে, জবরদস্তী করিয়া কি ভয় জন্মাইবার কথা কহিয়া কি অন্য কোন প্রকারে তাহার ভয় জন্মায় কি জন্মাইতে চেষ্টা করে, কিম্বা পূর্ব্বোক্তমতের কোন করার লঙ্ঘন করাইবার জন্যে যদি ঐ তারিখে কি তৎপরে কোন লোক অন্য কোন এক কি অধিক লোকের সঙ্গে যোগসাজস করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার ঐ দোষ সাব্যস্ত হইলে, সেই জনের ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইয়া কঠিন পরিশ্রম করিবার, কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার হুকুম, কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম হইতে পারিবেক, যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি ।

৪ ধারা । নীলের যে গাছ উঠিতে লাগিয়াছে তাহা যদি কেহ ঈর্ষা করিয়া নষ্ট করে কি তাহার হানি করে, কিম্বা অন্য কোন লোককে তাহা নষ্ট করিতে কি তাহার হানি করিতে হুকুম করে, কি জোর করিয়া নষ্ট করায় কি তাহার হানি করায়, কিম্বা নষ্ট করিতে কি হানি করিতে প্রবৃত্তি দেয়, কিম্বা ঈর্ষা করিয়া অন্য কোন লোকের সঙ্গে যোগসাজস করিয়া সেই মতের হুকুম দেয়, কিম্বা জোর করিয়া ঐ কর্ম্ম করায় কি তাহা করিতে প্রবৃত্তি দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইয়া পরিশ্রম করিবার, কিম্বা বিনাপরিশ্রমে কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার, কিম্বা ঐ দুই দণ্ড হইবার হুকুম হইতে পারিবেক, ও সেই জরীমানার টাকা না দেওয়া গেলে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি ।

৫ ধারা । এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে নিষ্পত্তি হয় তাহার উপর আপীল হইবেক না ইতি ।

৬ ধারা । এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে ক্ষমতা থাকে সেই ক্ষমতামতে, মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত কোন লোকও কার্য্য করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট সেই কর্ম্মের জন্যে যে কোন আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটকে কি ডেপুটী মাজিষ্ট্রেটকে বিশেষমতে শক্তি দেন তিনিও সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি ।

৭ ধারা । বাঙ্গলা দেশে নীল বুনানাদি করিবার যে নিয়ম ও যে রীতি চলন হয় ও উক্ত বাঙ্গলা দেশের নীলকরেরদের সঙ্গে রাইয়তেরদের ও জমীদারেরদের পরস্পর যে সম্পর্ক থাকে তাহার তদন্ত লইয়া তাহার রিপোর্ট করিবার জন্যে, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যাঁহারদিগকে উপযুক্ত বুঝেন এমত লোকেরদিগকে অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পর যত

Ryotts and Holders of land in Bengal aforesaid. The said Commissioners shall fully enquire into the matters aforesaid, and shall as soon as they conveniently can report to the Lieutenant Governor the result of their enquiries, and shall in their report or reports, suggest such alterations if any as may in their opinion be beneficially made in the law relating to the system and practice and the relations aforesaid.

VIII. In case of the death or resignation of any of the said Commissioners, or of any of them becoming unable to act, it shall be lawful for the other Commissioners or Commissioner to act alone; and all the powers by this Act given to Commissioners shall and may be exercised by the continuing Commissioners or Commissioner alone. It shall also be lawful for the said Lieutenant Governor from time to time without issuing a new Commission, to appoint any other person or persons to act as a Commissioner or Commissioners jointly with the continuing Commissioners or Commissioner, and in such case all the powers conferred by this Act on Commissioners shall and may be exercised by the said newly appointed Commissioner or Commissioners jointly with the continuing Commissioner or Commissioners.

IX. It shall be lawful for the Commissioners aforesaid, by a summons under hand of any one of them, to require the attendance before them, at a time and place to be mentioned in such summons, of any person or persons whomsoever, residing or being within the Lieutenant Governorship of Bengal whose evidence shall in the judgment of the Commissioners aforesaid be material to any of the matters of the enquiry aforesaid, and to require the person or persons so summoned to bring and produce before them all such books, papers, deeds, and writings as to them the said Commissioners shall appear necessary for arriving at the truth of the matters directed to be enquired into by the said Commissioners all which persons shall accordingly attend the said Commissioners and shall produce such books, papers, deeds and writings as shall be required of them, and shall be in their custody and control or in the custody and control of any one of them according to the tenor of the summons. Provided always that no person shall be compelled to attend at the said Commissioner or to give his evidence at a greater distance than miles from the place where such person shall be residing.

X. It shall be lawful for the Commissioners aforesaid, or one of them, to administer an oath, or in the case of persons allowed by law to make affirmation instead of taking an oath, an affirmation, in such form as to them, the said Commissioners, shall seem fit, to all persons who shall be examined before them touching the matters to be enquired into by them as aforesaid. Provided that nothing herein contained shall render it necessary

শীঘ্র সুবিধা হয় তত শীঘ্র কমিস্যান দিবেন। উক্ত কমিস্যানরেরা পূর্ব্বোক্ত সকল বিষয়ের সম্পূর্ণমতে তদন্ত করিবেন, ও আপনাদের তদন্তের যে ফল হয় তাহার রিপোর্ট সুবিধামতে শীঘ্র করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকটে করিবেন। ও পূর্ব্বোক্ত নিগমের ও রীতির ও সম্পর্কের বিষয়ি আইনের যেরূপে পরিবর্ত্তন করা তাঁহারদের বিবেচনামতে বিহিত হয় তাহার প্রসঙ্গও সেই রিপোর্টে করিবেন ইতি।

৮ ধারা। ঐ কমিস্যানরেরদের মধ্যে যদি কেহ মরেন, কি কর্ম্ম ত্যাগ করেন, কিম্বা যদি তাঁহারদের মধ্যে কেহ কর্ম্ম করিতে অক্ষম হন, তবে অবশিষ্ট অন্য কমিস্যানরেরা কি এক জন কমিস্যানর একলা ঐ কর্ম্ম করিতে পারিবেন। ও এই আইনমতে ঐ কমিস্যানরদিগকে যে সকল ক্ষমতা দেওয়া যায়, সেই সকল ক্ষমতামতে ঐ অবশিষ্ট কমিস্যানরেরা কি কমিস্যানর কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবেন। আরো অবশিষ্ট যে কমিস্যানরেরা কি কমিস্যানর থাকেন তাঁহার কি তাঁহারদের সঙ্গে কর্ম্ম করিতে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়ে২ অন্য এক কি অধিক জনকে নিযুক্ত করিতে পারিবেন। ইহাতে তাঁহার নূতন কমিস্যান দিবার প্রয়োজন হইবেক না। এমন স্থলে এই আইনমতে কমিস্যানরদিগকে যে সকল ক্ষমতা দেওয়া গেল, সেই সকল ক্ষমতামতে ঐ নূতন নিযুক্ত কমিস্যানর কি কমিস্যানরেরা ঐ অবশিষ্ট কমিস্যানর কি কমিস্যানরেরদের সঙ্গে কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবেন ইতি।

৯ ধারা। পূর্ব্বোক্তমতে যে২ বিষয়ের তদন্ত লইতে হইবেক এমত কোন বিষয়ে পূর্ব্বোক্ত কমিস্যানরেরদের বিবেচনাতে যাহারদের সাক্ষ্য লওয়া গুরুতর হয়, এমত যে কোন লোক কি লোকেরা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এলাকার মধ্যে বাস করে কি থাকে, তাহার কি তাহারদের নামে উক্ত কমিস্যানরেরা আপনারদের কোন এক জনের দস্তখৎকরা সমন জারী করিয়া তলব করিতে পারিবেন। এ সমনের মর্ম্ম এই যে উক্ত লোক কি লোকেরা ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিস্যানরেরদের সম্মুখে উপস্থিত হয়, ও উক্ত কমিস্যানরেরা যে২ বিষয়ের তদন্ত লইবেন তাহার প্রকৃত ভাব বুঝিবার জন্যে তাঁহারা যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি আবশ্যক বুঝেন তাহাও এ সমনকরা লোক কি লোকেরা সঙ্গে করিয়া আনিয়া দেখায়। তদনুসারে সেই সকল লোক কমিস্যানরেরদের সম্মুখে উপস্থিত হইবে ও সমনের মর্ম্মমতে তাহারদের জিম্মায় ও এখ্তিয়ারের মধ্যে কিম্বা তাহারদের কোন কাহার জিম্মায় কি এখ্তিয়ারের মধ্যে যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি তাহারদের আনিতে আজ্ঞা হয় তাহা সকলি দেখাইবে। পরন্তু কোন লোকের বাসস্থান হইতে এত ক্রোশের অধিক দূর কোন স্থানে উক্ত কমিস্যানরেরদের সম্মুখে তাহাকে বলপূর্ব্বক হাজির করাইয়া সাক্ষ্য লওয়া যাইতে পারিবেক না ইতি।

১০ ধারা। পূর্ব্বোক্ত কমিস্যানরেরদের কোন বিষয়ের তদন্ত লইতে হইবেক সেই২ বিষয়ে তাঁহারদের সম্মুখে যে সকল লোকের জোবানবন্দী লইতে হইবেক, তাহারদিগকে ঐ কমিস্যানরেরা কি তাঁহারদের কোন এক জন হলফ করাইতে পারিবেন, কিম্বা আইনমতে তাহারদের হলফের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করিবার অনুমতি হয় তাহারদিগকে কমিস্যানরেরা যেরূপে উচিত বোধ করেন সেই রূপে প্রতিজ্ঞা করাইতে পারিবেন। কিন্তু যে কথাতে ঐ কমিস্যানরেরদের হলফ কি প্রতিজ্ঞা করান

[*Government Gazette*, 29*th March*, 1860]

for the said Commissioners to take evidence upon oath or affirmation unless they shall think fit or expedient so to do.

XI. If any person, upon whom any such summons shall be served by the delivery thereof to him or by the leaving thereof at his usual place of abode being a person living within ( ) miles of the place at which he shall be required to attend, without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) fail to appear before them at the time and place mentioned in the summons or shall refuse to be sworn or to make affirmation (as the case may be) or shall not make answer to such questions as shall be put to him or her touching the matters directed, or which may hereafter be directed, to be enquired into by the Commissioners aforesaid or shall refuse or fail, without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) to produce and show to the said Commissioners any such paper, book, deed or writing being in their possession or under their control as to the Commissioners aforesaid shall appear necessary for arriving at the truth of the matters to be enquired into by them, the Commissioners aforesaid shall have the same powers in all respects touching any such persons so failing to appear or refusing to be sworn or to make affirmation, or not answering such questions as shall be put to him or her, or refusing to produce and show any such book, paper, deed or writing as aforesaid as the principal Court of Civil Jurisdiction within the limits of which the said person shall be residing may by law exercise against any person for making default of appearance, or for refusing to be sworn or to give evidence on any issue joined in any action depending in such Court.

XII. Every person, who upon examination upon oath, or affirmation before the Commissioners aforesaid shall wilfully give false evidence, shall be liable to the pains and penalties of perjury.

XIII. This Act shall have effect from and after the 24th day of March 1860, within the territories subject to the Lieutenant Governor of Bengal, and no complaint or prosecution shall be entertained under this Act, unless preferred within six months from the date aforesaid.

সাক্ষ্য দেওয়া আবশ্যক হইবেক না, কেবল যে স্থলে উচিত কি কিম্বিত বোধ করেন সেই স্থলে হলফ কি প্রতিজ্ঞা করাইবেন ইতি।

১১ ধারা। যাহার নামে কোন সমন দেওয়া যায় সেই জনের যে স্থানে হাজির হইবার সমন হয় তাহা তাহার বাসস্থানহইতে এক ক্রোশের মধ্যে হইলে, ও সেই সমন তাহাকে দিয়া কি তাহার নিয়ত বাসস্থানে রাখিয়া তাহার উপর জারী হইলে, সেই জন উপযুক্ত কারণ না থাকিতেও যদি ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিসানরেরদের সম্মুখে হাজির হইতে ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিসানরেরা স্থির করিবেন) কিম্বা যদি হলফ করিতে কি বিষয়বিশেষে প্রতিজ্ঞা করিতে স্বীকার না করে, কিম্বা উক্ত কমিসানরেরদের যে২ বিষয়ের তদন্ত করিতে হুকুম হইল কি ইহার পরে হুকুম হয়, এমত কোন বিষয়ে যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর যদি না করে, কিম্বা ঐ কমিসানরেরদের যে২ বিষয়ের তদন্ত করিতে হয় তাহার প্রকৃত ভাব জানিবার জন্যে তাঁহারা যে২ কাগজপত্র কি বহী কি দলীল কি লিপি আবশ্যক বুঝেন, ঐ সমনকরা লোকের দখলে কি এখিয়ারে থাকা এমত কোন কাগজপত্রপ্রভৃতি যদি সেই লোক উপযুক্ত কারণ না থাকিতেও আনিতে ও উক্ত কমিসানরদিগকে দেখাইতে স্বীকার না করে কি ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিসানরেরা স্থির করিবেন) তবে দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার প্রধান যে আদালতের সীমার মধ্যে ঐ লোক বাস করে, সেই আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্দমায় ঐ লোক হাজির হইতে ত্রুটি করিলে, কিম্বা সেই মোকদ্দমায় যে কোন ইসু নিরূপণ হয় তাহার বিষয়ে হলফ করিতে কি সাক্ষ্য দিতে স্বীকার না করিলে তাহার উপর ঐ আদালতের যে ক্ষমতা থাকিত, ঐ কমিসানরেরদের সম্মুখে উক্ত যে লোক হাজির হইতে ত্রুটি করে, কি হলফ কি প্রতিজ্ঞা করিতে স্বীকার না করে, কিম্বা তাহাকে যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর না করে, কিম্বা পূর্ব্বোক্ত মতের কোন বহী কি কাগজপত্র কি দলীল কি লিপি আনিয়া দেখাইতে স্বীকার না করে, তাহার উপর ঐ কমিসানরেরদের সর্ব্ব বিষয়ে সেই ক্ষমতা থাকিবেক ইতি।

১২ ধারা। পূর্ব্বোক্ত কমিসানরেরদের সম্মুখে যে কেহ হলফ করিয়া কি প্রতিজ্ঞা করিয়া জোবানবন্দী দিবার সময়ে ইচ্ছা করিয়া মিথ্যা সাক্ষ্য দেয়, সেই জনের মিথ্যা শপথ করিবার দণ্ডপ্রভৃতি হইতে পারিবেক ইতি।

১৩ ধারা। এই আইন ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখঅবধি বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অধীন দেশে চলন হইবেক। ও সেই তারিখঅবধি ছয় মাসের মধ্যে উপস্থিত না করা গেলে এই আইনমতে কোন নালিশ কি মোকদ্দমা গ্রাহ্য হইবেক না ইতি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৯ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 3, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৩ আপ্রিল।

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 24TH MARCH 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 12th March 1860 (communicated to the Legislative Council on the 24th idem,) and is hereby promulgated for general information.—

Act No. VIII. of 1860.

An Act for regulating the establishment and management of Electric Telegraphs in India.

[Preamble.]

WHEREAS it is expedient that better provision should be made for regulating the establishment and management of lines of Electric Telegraph in India; It is enacted as follows:—

[Act repealed.]

I. Act XXXIV. of 1854 *(for regulating the establishment and management of Electric Telegraphs in India,)* is hereby repealed, except as to any act or offence which shall have been done or committed, or to any fine or penalty which shall have been incurred, or to any proceedings which shall have been commenced, before this Act shall come into operation, and except also as to any license for the establishment of a line of Electric Telegraph granted under the said Act. All things done under the authority or in pursuance of the said Act, shall be as valid and effectual as if this Act had not been passed.

[Governor General in Council to have the exclusive privilege of establishing Electric Telegraphs. Proviso.]

II. Within the British territories in India, the Governor General of India in Council shall have

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৪ মার্চ।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুরক্রমে এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১২ মার্চ তারিখে সম্মত হইয়া ঐ মাসের ২৪ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে তাহা সম্মতি আছে করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৮ আইন।

ভারতবর্ষে ইলেকট্রিক টেলিগ্রাফ করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধানের আইন।

[বেড়ুবাদ।]

ভারতবর্ষে ইলেকট্রিক টেলিগ্রাফের তার বসাইবার ও তাহার কার্য্য চালাইবার আরো উত্তম বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[আইন রদ হইবার কথা।]

১ ধারা। ১৮৫৪ সালের ৩৪ আইন (অর্থাৎ ভারতবর্ষে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিবার ও তাহার কার্য্য চালাইবার নিয়ম করণের আইন) ইহাতে রদ হইল। কিন্তু এই আইন জারী হইবার পূর্ব্বে যে কোন কার্য্য কি অপরাধ করা গিয়া থাকে, কিম্বা যে কোন জরীমানার কি দণ্ডের আজ্ঞা হইয়া থাকে, কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় যে কোন কার্য্য আরম্ভ হইয়া থাকে, তাহার বিষয়ে ঐ আইন রদ হইবেক না। ও উক্ত আইন মতে ইলেকট্রিক টেলিগ্রাফের তার বসাইবার যে কোন অনুমতিপত্র দেওয়া যায় তাহার বিষয়ে ঐ আইন রদ হইবেক না। ঐ আইনের শক্তিক্রমে কি ঐ আইনমতে যে সকল কার্য্য করা গেল তাহা এই আইন জারী না হইবার মতে সিদ্ধ ও সফল হইবেক ইতি।

[ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিতে কেবল হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকার কথা। ও বর্জ্জিত কথা।]

২ ধারা। ভারতবর্ষে ব্রিটনীয়রাজ্যের [illegible] দেশের মধ্যে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিতে হজুর

the exclusive privilege of establishing lines of Electric Telegraph. Provided that the Governor General of India in Council may grant a license to any person or Company to establish a line of Electric Telegraph within any part of such territories, which license shall be revocable on the breach of any of the conditions therein contained.

[Penalties for establishing or maintaining unauthorized Electric Telegraphs.]

III. Whoever shall otherwise than under a license duly granted as aforesaid establish, or after revocation of such license maintain a line of Electric Telegraph within the said territories, shall be liable to a fine not exceeding one thousand Rupees, and for every week during which such line shall be maintained shall be liable to a further fine not exceeding five hundred Rupees.

[Penalty for using or working such Telegraphs.]

IV. Whoever shall use a line of Electric Telegraph, knowing or having reason to believe that it is an unlicensed line, for the purpose of sending or receiving messages, or shall perform any service incidental thereto, shall, for every such offence, be liable to a fine not exceeding fifty Rupees.

[Government may take possession of Telegraphs established by license.]

V. The Governor General of India in Council may, on the occurrence of any public emergency, take temporary possession of any line of Electric Telegraph established under license within the said territories

[Government may establish Telegraphs on land of Railway Company.]

VI. Any Railway Company, on being required so to do by the Governor General of India in Council, shall permit the Government to establish upon the land of such Company adjoining the line of Railway, a line of Electric Telegraph, and shall give every reasonable facility for establishing and using the same.

[Governor General in Council to frame rules for the conduct of Government Telegraphs.]

VII. The Governor General of India in Council may from time to time frame rules for the conduct of Electric Telegraphs established by Government not inconsistent with this Act, and therein prescribe the regulations, conditions, and restrictions according to which all messages and signals shall be transmitted.

[Government not responsible for loss or damage.]

VIII. The Government shall not be responsible for any loss or damage which may occur in consequence of any person employed by the Government in the Electric Telegraph Department failing to transmit with accuracy any message entrusted to him for transmission; and no such person shall be

কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক, অন্য কাহারও নয়। পরন্তু হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর ঐ দেশের কোন স্থানে কোন লোককে কি কোম্পানিকে ইলেক্‌ট্রিক টেলিগ্রাফের তার বসাইবার অনুমতিপত্র দিতে পারিবেন। সেই অনুমতির কোন নিয়ম ভঙ্গ হইলে, ঐ অনুমতিপত্র বাতিল করা যাইতে পারিবেক ইতি।

[বিনানুমতিতে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিবার কি রাখিবার দণ্ডের কথা।]

৩ ধারা। যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্র উচিতমতে না পাইয়া, উক্ত দেশের মধ্যে কোন ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করে, কিম্বা সেই অনুমতিপত্র বাতিল হইলে পর ঐ টেলিগ্রাফ রাখে, তবে তাহার হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, ও তাহার পর সেই টেলিগ্রাফ যত সপ্তাহ রাখে তাহার প্রতিসপ্তাহের আর পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[যেরূপ টেলিগ্রাফ লইয়া কার্য্য করিবার দণ্ড।]

৪ ধারা। কোন ইলেকট্রিক টেলিগ্রাফ বিনানুমতির আছে জানিয়া, কি এমত বোধ করিবার কারণ পাইয়া, যদি কোন লোক তাহার দ্বারা সম্বাদ পাঠাইবার কি পাইবার জন্যে তাহা লইয়া কার্য্য করে, কি তাহার সম্পর্কীয় কোন কার্য্য করে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে সেই লোকের পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[অনুমতিমতে যে টেলিগ্রাফ স্থাপন হইয়াছে গবর্ণমেণ্টের তাহা দখল করিবার কথা।]

৫ ধারা। সর্ব্ব সাধারণের হিতাহিতজনক কোন গুরুতর ব্যাপার ঘটিলে, উক্ত দেশের মধ্যে অনুমতিপত্রক্রমে যে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন হইয়াছে এমত কোন টেলিগ্রাফ, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর কিঞ্চিৎকালের নিমিত্তে দখল করিতে পারিবেন ইতি।

[রেলরোড কোম্পানির জমীতে গবর্ণমেণ্টের টেলিগ্রাফ স্থাপন করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। কোন রেলরোড কোম্পানিকে যদি হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুরের আদেশ হয়, তবে সেই কোম্পানি আপনারদের জমীতে রেলরোডের কাছে ইলেকট্রিক টেলিগ্রাফের তার বসাইবার অনুমতি গবর্ণমেণ্টকে দিবেন, ও সেই টেলিগ্রাফ স্থাপন করিবার ও তাহার কার্য্য চলিবার উপযুক্তমতে সাহায্য করিবেন ইতি।

[গবর্ণমেণ্টের টেলিগ্রাফের কার্য্য চালাইবার বিধি হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুরহইতে করা যাইবার কথা।]

৭ ধারা। গবর্ণমেণ্টের দ্বারা যে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন হয়, তাহার কার্য্য চালাইবার বিধি হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর সময়ে২ করিতে পারিবেন, কেবল সেই বিধি এই আইনের অসঙ্গত না হয়। ও যে নিয়মমতে সম্বাদ ও সিগ্‌নাল (অর্থাৎ শব্দবোধক চিহ্ন) ঐ টেলিগ্রাফের দ্বারা পাঠান যাইবেক, তাহার বিধান ও নিয়ম ও নিষেধ করিতে পারিবেন ইতি।

[ক্ষতির কি নোকসানের জন্যে গবর্ণমেণ্টের দায়ী না হইবার কথা।]

৮ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ব্যক্তিকে কিছু সম্বাদ স্থানান্তরে পাঠাইতে দেওয়া গেলে, সেই লোক ঐ সম্বাদ যথার্থমতে না পাঠাইবাতে যদি কিছু ক্ষতি কি নোকসান হয়, তবে তাহার নিমিত্তে গবর্ণমেণ্ট দায়ী হইবেন না। ও সেই লোকও তদ্রূপ কোন ক্ষতির কি নোকসা-

responsible for any such loss or damage, unless he shall cause the same negligently, maliciously, or fraudulently.

[Penalty for intruding into signal room, &c.]

IX. Whoever shall, without permission, enter into the signal room of a Government Telegraph Office, or shall refuse to quit the same on being requested to do so by any Officer or servant employed therein, or shall wilfully obstruct or impede any such Officer or servant in the performance of his duty, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Penalties for cutting the line.]

X. Whoever shall wilfully cause or attempt to cause any interruption to the transmission of signals along a line of Electric Telegraph established by the Government, by cutting or injuring the wire, or by injuring any portion of the line or posts or any instrument or apparatus, or by any other means, shall be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Penalties for omitting to transmit or deliver messages or for divulging messages, &c.]

XI. Whoever, being in the employ of the Government in the Electric Telegraph Department, shall wilfully secrete, make away with, alter, or omit to transmit any message which he may have received for transmission or delivery, or shall wilfully or otherwise than by the Official order of a Secretary to the Government of India, or Government of Madras or Bombay, or Lieutenant Governor of Bengal or of the North-Western Provinces, or of the Punjab, or Chief Commissioner of Oude, or such other Officers as the Governor General of India in Council shall authorize to give such order, divulge any message or the purport of any message or signal to any person not entitled to receive, or to become acquainted with the same—shall be liable to be imprisoned, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Penalty for offering a bribe.]

XII. Whoever offers a bribe to any person in the employ of the Government in the Electric Telegraph Department in order to induce such person to act in a manner inconsistent with his duty, shall be liable to be imprisoned for a term not exceeding six months, or to fine, or to both.

[Penalty for misconduct.]

XIII. Whoever, being in such employ, shall be guilty of any act of drunkenness, carelessness, or other misconduct, whereby the transmission or delivery of any message shall be endangered, or who shall loiter or make delay in the transmission or delivery of any message, shall be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding three months, or to a fine not exceeding one hundred Rupees, or to both.

[*Government Gazette, 3rd April,* 1860.]

সের নিমিত্তে দায়ী হইবেক না, কেবল যদি তাহার অমনোযোগে কি ঈর্ষ্যাতে কি প্রতারণাতে ঐ ক্ষতি হয় তবে দায়ী হইবেক ইতি।

[সিগনালের ঘরপ্রভৃতিতে ঢুকিবার দণ্ডের কথা।]

৯ ধারা। গবর্ণমেণ্টের টেলিগ্রাফ আফিসের কোন সিগনালের ঘরে (অর্থাৎ যে ঘরে যন্ত্র চালান যায় সেই ঘরে) যদি কেহ অনুমতি না পাইয়া ঢুকে, কিম্বা সেই ঘরের কর্ম্মে নিযুক্ত কোন কার্য্যকারক কি চাকর তাহাকে বাহিরে যাইতে কহিলে যদি সে না যায়, কিম্বা তদ্রূপ কোন কার্য্যকারকের কি চাকরের কর্ম্মের জানিয়াশুনিয়া কিছু আটক কি বাধা করে, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[তার কাটিবার দণ্ড।]

১০ ধারা। যদি কোন লোক তার কাটিয়া কি লোক সান করিয়া কিম্বা তারের কোন অংশ কি খামের কি কোন যন্ত্রের কি সরঞ্জামের নোকসান করিয়া, কি অন্য কোন কার্য্য করিয়া গবর্ণমেণ্টের স্থাপিত ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা সম্বাদ পাঠাইবার কিছু বাধা জানিয়াশুনিয়া করে কি করিবার উদ্যোগ করে, তবে সে কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা, কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[সম্বাদ না পাঠাইবার কি পঁহুছাইয়া না দিবার ও সম্বাদ প্রকাশ করিবার দণ্ডের কথা।]

১১ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে সরকারী কর্ম্মে নিযুক্ত কোন লোক যদি কোন স্থানে পাঠাইবার কি পঁহুছাইবার নিমিত্তে কিছু সম্বাদ পাইয়া তাহা জানিয়াশুনিয়া লুকাইয়া রাখে, কি নষ্ট করে, কি বদল করে, কি না পাঠায়, কিম্বা ঐ সম্বাদ যে লোকের পাইবার কি জ্ঞাত হইবার অধিকার নাই, এমত কোন ব্যক্তিকে যদি সেই লোক ইচ্ছামতে, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের, কিম্বা বাঙ্গলা দেশের কি উত্তর-পশ্চিম দেশের কি পঞ্জাবের লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের, কিম্বা অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের পদ সংক্রান্ত হুকুম না পাইয়া, কিম্বা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অন্য যে কার্য্যকারকদিগকে হুকুম করিবার ক্ষমতা দেন তাঁহারদের স্থানে হুকুম না পাইয়া, কোন সম্বাদ কি কোন সম্বাদের মর্ম্ম কিম্বা যন্ত্র দ্বারা শব্দবোধক চিহ্নের মর্ম্ম প্রকাশ করে, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[ঘুষ দিতে চাহিবার দণ্ডের কথা।]

১২ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে সরকারী কর্ম্মে নিযুক্ত কোন লোকের যেরূপে কর্ম্ম করিতে হয় তাহা অসঙ্গতরূপে করিতে লওয়াইবার জন্যে যদি কোন লোক তাহাকে ঘুষ দিতে চাহে, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি

[অসদাচারের দণ্ডের কথা।]

১৩ ধারা। যদি কোন লোক ঐ কর্ম্মে নিযুক্ত হইয়া মাতলামী করে, কি অমনোযোগ কি অন্যমতের অসদাচার করিয়া কোন সম্বাদ পাঠাইবার কি পঁহুছাইবার হানি জন্মায়, কিম্বা কোন সম্বাদ পাঠাইতে কি পঁহুছাইতে গাফলতী কি বিলম্ব করে, তবে [illegible] পর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা, কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[Penalties for sending messages without payment to Government.]

XIV. Whoever, being in such employ, shall transmit by the Electric Telegraph any message upon which the prescribed charge has not been paid, intending thereby to defraud the Government, shall be liable to be imprisoned, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Penalties for sending fabricated message.]

XV. Whoever shall transmit or cause to be transmitted by an Electric Telegraph established by Government a message which he knows to be false or fabricated, shall be liable to be imprisoned, with or without hard labor, for a term not exceeding two years, or to fine, or to both.

[Jurisdiction beyond local limits of Supreme Court.]

XVI. Any person not being a European British subject, who shall, beyond the local limits of the jurisdiction of a Court of Judicature established by Royal Charter, commit any of the offences mentioned in Sections X., XI., XII., XIII., XIV., and XV. of this Act, shall be punishable upon conviction by any Magistrate within whose jurisdiction the offence shall be committed. If any such offence be committed beyond the said local limits by a European British subject, the offender shall be punishable upon conviction before a Court of Judicature established by Royal Charter.

[Jurisdiction within local limits of Supreme Court.]

XVII. Any person, whether a European British subject or not, who shall, within the local limits of the jurisdiction of a Court of Judicature established by Royal Charter, commit any of the offences referred to in the last preceding Section, shall be punishable upon conviction before such Court.

[Fines how to be adjudged]

XVIII. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence, for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall be punishable for such offence by any Magistrate of Police, for any of the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, or for the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, within whose jurisdiction the offence shall be committed; and any person hereby made punishable by a Magistrate of Police, shall be punishable upon summary conviction.

[Fines how levied. Imprisonment if no sufficient distress, &c.]

XIX All fines imposed under the authority of [illegible] for offences punishable by fine only, by any Police Magistrate, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of a Ma-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৩ আপ্রিল।]

[গবর্ণমেণ্টের খরচ না দিয়া সম্বাদ পাঠাইবার দণ্ড।]

১৪ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা কোন সম্বাদ পাঠাইবার যত খরচ নির্দ্দিষ্ট হইয়াছে সেই খরচ না দেওয়া গেলেও গবর্ণমেণ্টকে ঠকাইবার মানসে, যদি সেই কর্ম্মে নিযুক্ত কোন লোক সম্বাদ পাঠায়, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[কল্পিত সম্বাদ পাঠাইবার দণ্ডের কথা।]

১৫ ধারা। যদি কোন লোক গবর্ণমেণ্টের স্থাপিত ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা কোন সম্বাদ মিথ্যা কি কল্পিত জানিয়া প্রেরণ করে কি করায়, তবে সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[সুপ্রিম কোর্টের এলাকার সীমার বাহিরের ক্ষমতার কথা।]

১৬ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইয়া কোন লোক যদি রাজিষ্টার চার্টরের দ্বারা স্থাপিত আদালতের এলাকার সীমাস্বরূপের বাহিরে, এই আইনের ১০ ও ১১ ও ১২ ও ১৩ ও ১৪ ও ১৫ ধারায় লিখিত কোন অপরাধ করে, তবে তাহা সাবুদ হইলে যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে ঐ অপরাধ করা যায় তাঁহার দ্বারা তাহার দণ্ড হইতে পারিবেক। ইউরোপীয় ব্রিটনীয় কোন প্রজা যদি উক্ত এলাকার সীমার বাহিরে উক্ত প্রকারের কোন দোষ করে, তবে রাজকীয় চার্টরদ্বার স্থাপিত কোন আদালতের সম্মুখে ঐ অপরাধির দোষ সাবুদ হইলে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[সুপ্রিম কোর্টের এলাকার সীমার মধ্যের ক্ষমতার কথা।]

১৭ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলে, যদি কোন লোক রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত কোন আদালতের এলাকার সীমাস্বরূপের মধ্যে ইহার পূর্ব্বের ধারায় লিখিত কোন অপরাধ করে, তবে ঐ আদালতের সম্মুখে তাহার অপরাধ সাবুদ হইলে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[জরীমানার হুকুম যে প্রকারে হইবেক তাহার কথা।]

১৮ ধারা। এই আইনের বিধানমতে যে অপরাধের কেবল জরীমানা করিয়া দণ্ড করিতে হয়, এমত কোন অপরাধ ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলে যে কেহ করে, তাহার সেই অপরাধের দণ্ড কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর প্রধান নগরের, কিম্বা পুলুপিনাঙ্গ কি সিংহপুর কি মলাকা বসতি স্থানের পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা আইনঅনুসারে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি অন্য লোকের আজ্ঞামতে, অর্থাৎ যাঁহার এলাকার সীমার মধ্যে ঐ অপরাধ করা যায় তাঁহার আজ্ঞামতে হইতে পারিবেক। ও এই আইনমতে যাহারদের দণ্ড পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে হইতে পারে, তাহারদের সেই দণ্ড সরাসরী বিচারমতে হইতে পারিবেক ইতি।

[জরীমানার টাকা যেরূপে আদায় হইতে পারিবেক তাহার কথা, ও ক্রোকের দ্বারা উপযুক্ত টাকা আদায় হইতে না পারিলে কয়েদ হইবার কথা।]

১৯ ধারা। কেবল জরীমানা করিয়া যে অপরাধের দণ্ড পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের কি কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতামতে

gistrate, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender, by warrant under the hand of any of the above-named Officers, and in case any such fine shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless such party shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and such Officer may take such security by way of recognizance or otherwise, and if, upon the return of such warrant, it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the party or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer, by warrant under his hand, may commit the offender to prison, there to be imprisoned only or to be imprisoned and kept to hard labor, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months where the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months where the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

কার্য্যকারি কোন লোকের আজ্ঞাযতে হইতে পারে. তাহার মধ্যে যে সকল জরীমানার হুকুম এই আইনের শক্তিক্রমে করা যায়, সেই জরীমানার টাকা যদি না দেওয়া যায়, তবে পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও জিনিসপত্র ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় হইতে পারিবেক। ও যদি তদ্রূপ কোন জরীমানার টাকা অব্যাজে না দেওয়া যায়, তবে সেই ক্রোকের পরওয়ানার রিটর্ণ যত কাল অনায়াসে হইতে না পারে, তত কাল উক্ত কোন কার্য্যকারক সাহেব ঐ অপরাধিকে গ্রেফ্তার করিয়া উপযুক্ত নেগাহবানীক্রমে হাজতে রাখিবার হুকুম করিতে পারিবেন। কিন্তু সেই ক্রোকের পরওয়ানার রিটর্ণ হইবার যে সময় ও স্থান নিরূপণ করা যায় সেই সময়ে ও স্থানে হাজির হইবার জামিন ঐ অপরাধী ঐ কার্য্যকারক সাহেবের খাতিরজমামতে দিলে, তাহাকে হাজতে রাখিতে হইবেক না। সেই কার্য্যকারক সাহেব রিকাগনিজান্স অর্থাৎ প্রতিজ্ঞাপত্রস্বরূপে কি অন্য প্রকারে সেই জামিনী লইতে পারিবেন। ও সেই পরওয়ানার রিটর্ণ হইলে, যদি দৃষ্ট হয় যে ঐ জরীমানার টাকা আদায় করিবার উপযুক্ত দ্রব্য ক্রোক করিতে পাওয়া যায় না, ও সেই টাকা যদি তখনি দেওয়া যায় না, অথবা সেই অপরাধির স্বীকারমতে কিম্বা অন্য প্রকারে যদি ঐ কার্য্যকারক সাহেব খাতিরজমামতে জানিতে পান যে ক্রোকের পরওয়ানা জারী হইলে ঐ জরীমানা কি টাকা যাহাতে আদায় হইতে পারে অপরাধির এত মাল ও দ্রব্য নাই, তবে তদ্রূপ কোন কার্য্যকারক সাহেব আপনার দস্তখতকরা পরওয়ানাক্রমে ঐ অপরাধিকে কয়েদ করাইতে পারিবেন, অর্থাৎ জরীমানা পঞ্চাশ টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের দুই মাসের অনধিক কালপর্য্যন্ত, কিম্বা জরীমানা এক শত টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের চারি মাসের অনধিক কালপর্য্যন্ত, ও অন্য কোন স্থলে ইঙ্গরেজী হিসাবমতের ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত, ঐ কার্য্যকারক সাহেবের বিবেচনামতে, আসামীকে কেবল কয়েদ করিবার, কিম্বা কয়েদ ও কঠিন পরিশ্রম করিবার হুকুম করিতে পারিবেন। উক্ত প্রত্যেক স্থলে জরীমানার টাকা দেওয়া গেলেই আসামীকে ছাড়িয়া দেওয়া যাইবেক ইতি।

[Authority to punish Government Servants who commit offences against this Act in Foreign territory.]

[সরকারের কার্য্যকারকেরা বিদেশে এই আইন লঙ্ঘন করিয়া অপরাধ করিলে তাহারদের দণ্ড করিবার ক্ষমতার কথা।]

XX. If any Servant of the Government, employed in the Electric Telegraph Department within the dominions of any Foreign Prince or State in alliance with the Government of India in which an Electric Telegraph is established by the Government, shall within the dominions of such Prince or State commit any act hereby prohibited or omit to do any act hereby required to be done by any person similarly employed within the British territories in India, such Servant of the Government shall be guilty of an offence, and on conviction thereof shall be punished in the same manner as if such act had been done or omitted within the said last mentioned territories; and every such person may be tried, convicted, and punished either by fine or otherwise, according to the nature of the offence, by any Court or Officer duly empowered by the Governor General of India in Council to take cognizance of offences committed in such dominions by Servants of the

২০ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টের সঙ্গে সন্ধিবদ্ধ কোন বিদেশীয় রাজার রাজ্যের কিম্বা কোন বিদেশের মধ্যে গবর্ণমেণ্টের দ্বারা ইলেক ট্রিক টেলিগ্রাফ স্থাপন হইলে, ভারতবর্ষের ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে ঐ কর্ম্মে নিযুক্ত কোন লোকের যে কার্য্য করিতে আজ্ঞা হয় কি নিষেধ হয় ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টে নিযুক্ত গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক যদি সেই রাজার রাজ্যের মধ্যে কি সেই বিদেশে এই আইনের নিষিদ্ধ তদ্রূপ কোন কার্য্য করে, কিম্বা এই আইনেতে যে কার্য্য করিবার আজ্ঞা হয় তাহা না করে, তবে গবর্ণমেণ্টের ঐ কার্য্যকারক অপরাধের দোষী হইবেক, ও সেই অপরাধ সাবুদ হইলে, ব্রিটনীয়েরদের অধিকৃত উক্ত দেশের মধ্যে সেই নিষিদ্ধ কার্য্য করিলে, কিম্বা সেই আজ্ঞাকরা কার্য্য না করিলে তাহার যে দণ্ড হইতে পারিত, সেই দণ্ড হইতে পারিবেক। ও গবর্ণমেণ্টের কর্ম্মকরেরা সেই বিদেশের মধ্যে যে অপরাধ করে তাহার বিচার করিবার জন্যে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের [illegible] গবর্ণর জেনরল বাহাদুর যে [illegible] লোককে কি কার্য্যকারককে উচিতমতে ক্ষমতা দেন, তাঁ

[*Government Gazette, 3rd April*, 1860.]

Government, or by any Court or Magistrate or other competent Officer in any part of the British territories in India in the same manner as if the offence had been committed in such part of the said territories.

[Explanation of terms.]

XXI The word "Magistrate" in this Act shall include Joint Magistrates and persons lawfully exercising the powers of Magistrates, and the word "Fine" shall include a penalty or forfeiture.

[Government to frame rules for Telegraphs established by license. And to declare Act applicable to Telegraphs established within British Territories by Foreign Powers.]

XXII. It shall be lawful for the Governor General in Council to frame rules for the conduct of any Electric Telegraph established by license under this Act, and to declare from time to time what portions of this Act shall be applicable to such Telegraph and to persons using the same, or employed in connexion therewith. It shall also be lawful for the Governor General in Council to declare from time to time that this Act, or such portions thereof as may be specified, shall be applicable to any Electric Telegraph established or to be established within the British Territories in India by any Foreign Prince or State with the consent of the British Government, and to persons using such Telegraph or employed in connexion therewith.

M. Wylie,
Clerk of the Council.

The 24th March 1860.

"অরিপী কার্য্যের সকল কাগজপত্র ও নক্‌শা যে অবস্থায় থাকে তাহা দেখিয়া লইতে হইবেক ও কালেক্টর সাহেবের কাছারী দৃষ্টি করিতে গেলে কমিস্যানর সাহেব যে রিপোর্ট লেখেন তাহাতে ঐ কাগজপত্রাদির অবস্থার যাহা দেখিয়াছেন তাহার কথা লিখিবেন।"

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই টি ট্রেবর।
সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ১৮ ফেব্রুআরি।

---

৪ নম্বর।

মন্তব্য কথার সরক্যুলর।

আবকারীর বিধিশ্রেণীর ১৮ ধারাতে এই কথা লিখিবার আদেশ হইতেছে।

শরাবের পাট্টাপ্রাপ্ত কারখানাতে যাহারা কমিসেরিয়ট ও অর্ডনান্স ডিপার্টমেণ্টের জন্যে রমশরাব চোয়ায়, তাহারা যদি মাসুল দিবার তমঃসুক লিখিয়া দেয়, তবে সেই প্রকারের চোয়ান শরাব তাহারদের স্থানান্তর করিবারও অনুমতি হইবেক। ঐ২ ডিপার্টমেণ্টের প্রধান কার্য্যকারক সাহেবেরা যে রসীদ দেন তাহা দেখিয়া ঐ মাসুলের তমঃসুক নিষ্পত্তি করিয়া দেওয়া যাইবেক।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই টি ট্রেবর।
একটিং দ্বিতীয় সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ১৭ ফেব্রুআরি।

---

৫ নম্বর।

অমুকের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৭ ফেব্রুআরি।

সুপ্রিম গবর্ণমেণ্টের হুকুমঅনুসারে আমি বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে এই আদেশ করিতেছি। ১৮৬০ সালের মার্চ ও আপ্রিল মাসে তোমার দফ্তরখানাহইতে কত পত্র ডাকে পাঠান যায়, ও সেই সকল পত্রের কত তোলা ওজন, ও ডাকমাসুলের ইষ্টাম্প যদি সেই২ পত্রেতে বসান গিয়া থাকে তবে কত ডাকমাসুল লাগিয়াছে, এই সকল কথার এক লিপি বোর্ডে পাঠাও।

২। তোমার সেই কৈফিয়ৎ বোর্ডের সাহেবেরা আগামি মে মাসের ১০ তারিখের মধ্যে পাইবার অপেক্ষায় থাকিবেন।

ই টি ট্রেবর।
সেক্রেটারী।

---

৬ নম্বর।

মন্তব্য কথার সরক্যুলর।

আবকারীর বিধিশ্রেণীর মধ্যে গাঁজার যে কথা আছে তাহার নীচে এই নূতন ধারা লিখিবার আদেশ হইতেছে।

১৪ ক বিধি।

যদি বিদেশীয় লোকেরদের কোন বসতি স্থানে রফ্তু করিবার জন্যে কোন লোক গাঁজা খরীদ করিবার দরখাস্ত দেয়, তবে দরখাস্তকারিকে ছাড়চিঠী দিবার আগে ও তাহা খরীদ করিবার অনুমতি দিবার আগে তাহার স্থানে সেরপ্রতি দুই টাকার হিসাবে নির্দ্ধারিত মাসুল লইতে হইবেক।

বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই টি ট্রেবর।
একটিং দ্বিতীয় সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ১ মার্চ।

No. 7.

From E. T. Trevor, Esquire, Secretary to the Board of Revenue, L. P., to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 2nd March 1860.

I am directed by the Board of Revenue to promulgate for general information that the Lieutenant Governor has been pleased, under date the 17th ultimo, to sanction the uniform rate of three annas per diem in all the districts of the Lower Provinces for the Tulubana of Peons engaged in serving the Civil Processes of the Collectors' Courts.

(Signed) E. T. Trevor,
Secretary.

No. 8.

CIRCULAR MEMO.

It is requested that the following corrections may be made in Rule I. of the Board's Butwarrah Series:

The words from an "application" to "and" to be scored through.

By Order of the Board of Revenue,

(Signed) E. T. Trevor,
Secretary.

Fort William, the 6th March 1860.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT,

APPOINTMENT.

The 2nd April, 1860.

Baboo Ramcoomar Chowdree, to officiate as Moonsiff of Furreedpore, during the absence on leave of the incumbent.

LEAVE OF ABSENCE.

The 2nd April, 1860.

Syed Abdoollah, Moonsiff of Furreedpore, in Zillah Dacca, for two months, on urgent private affairs.

H. B. Lawford, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর্ সাহেবের হুকুম।

১৬২৩ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৯ মার্চ।

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব ও শ্রীযুত ই সান্ডিস সাহেব (Messrs. W. B. Buckle and E. Sandys,) চাটিগাঁয়ে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ বালফোর সাহেব (Mr. H. Balfour,) বগুড়াতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

শ্রীযুত বাবু বেণীমাধব সোম পূরণিয়াতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুক্ত রাজা সতীশচন্দ্র রায় বাহাদুর মদীয়াতে ঔষধালয়ের কমিটির মেম্বর হইবেন।

৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রুবর সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ২ মার্চ।

কালেক্টর সাহেবেরদের আদালতের দেওয়ানী পরওয়ানা জারী করিবার কর্ম্মে যে পেয়াদারা নিযুক্ত হয়, তাহারদিগকে দিনপ্রতি ৵ তিন আনা তলবানা দিবার একি নিয়ম বাঙ্গলাপ্রভৃতি দেশের সকল জিলাতে চলন হয়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর্ সাহেব গত মাসের ১৭ তারিখে এই আদেশ করিয়াছেন। এই কথা বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করিতেছি।

ই টি ট্রুবর। সেক্রেটারী।

---

৮ নম্বর।

বোর্ডের সাহেবেরদের বাঁটওয়ারার বিধিশ্রেণীর ১ ধারার এই মতে সংশোধন করিবার আদেশ হইতেছে।

"রেজিষ্টরের" এই শব্দঅবধি "পারিবেক না" এই শব্দপর্য্যন্ত যে সকল কথা থাকে তাহা উঠাইয়া দিতে হইবেক।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমমতে।

ই টি ট্রুবর।

ফোর্ট উলিয়ম। সেক্রেটারী।

১৮৬০ সাল ৬ মার্চ।

John Robinson, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ২ আপ্রিল।

ফরিদপুরের মুনসেফ ছুটী লইয়া যত দিন আপনার কর্ম্মে ফিরিয়া না যান তত দিন শ্রীযুত বাবু রামকুমার চৌধুরী ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২ আপ্রিল।

জিলা ঢাকার ফরিদপুরের মুনসেফ শ্রীযুত সৈয়দ আবদুল্লা আপনার অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্তে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

১৮৬০ সাল ৫ আপ্রিল।

শ্রীযুত জে এস স্পাঙ্কী সাহেব (Mr. J. S. Spankie,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ই ডবলিউ মলোনি সাহেব (Mr. E. W Moloney,) মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এ জে আর বেন্‌ব্রিজ সাহেব (Mr. A. J R. Bainbridge,) মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

যশোহরের এক্টিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি বি স্কিনর সাহেব (Mr. C. B Skinner,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বাকরগঞ্জের এক্টিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr H Musprat,)

এ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel.) ফরিদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

হাবড়ার এক্টিং মাজিষ্ট্রেট শ্রীযুত টি বি লেন সাহেব (Mr. T. B. Lane,) ঐ জিলার মাজিষ্ট্রেট হইবেন।

রাজশাহীর এক্টিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Tayler,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু শ্রীযুত লৌইস সাহেব (Mr. Lowis,) যাবৎ তাঁহার কর্ম্ম গ্রহণ না করেন তাবৎ তিনি মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এম লৌইস সাহেব (Mr. J. M. Lowis,) মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এচ রবিন্সন সাহেব (Mr. H. H. Robinson.) পূরণিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব (Mr. H. T. Prinsep,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন ও নাটোর এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত এফ জি মিলেট সাহেব (Mr. F. G. Millett,) মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ৯ আপ্রিল।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই এম রাইলি সাহেব (Mr. E. M. Reily,) তামলুক এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও মেদিনীপুরে মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

ভাগলপুরের কমিস্যনর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) মুরশিদাবাদে সেশন জজের ক্ষমতা পাইয়াছেন

১৮৬০ সাল ১০ আপ্রিল।

শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র চাটুয্যা মুঙ্গেরে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও সেই জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ৪ আপ্রিল।

নওগাঁয়ে আসামের কমিস্যনর সাহেবের এক্টিং প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ই পি লয়ড সাহেব (Captain E. P. Lloyd,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৫ আপ্রিল।

ময়মুনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল করীম অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১০ আপ্রিল।

১৮৫৮ সালের ১৫ সেপ্টেম্বর তারিখের বিজ্ঞাপনের অতিরিক্ত এই সম্বাদ দেওয়া যাইতেছে, আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ স্কন্স সাহেব (Lieut. H. Sconce,) বাঙ্গলা ভাষার পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন, এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত লার্ড এচ ইউ ব্রৌন সাহেব (Lord H. U. Browne,) হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীনে নিযুক্ত হইয়াছেন।

১৬৮৮ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১০ আপ্রিল।

শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett) ছিলটের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr. M. A. G. Shawe) রঙ্গপুরের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত জি এল টি হারিস সাহেব (Mr. G. L. T. Harris,) কুমারখালি এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও তিনি ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতামতে কার্য্য করিবেন ও নীলের করার ভঙ্গের বাবৎ নালিশ হইলে তাহার সরাসরীমতে বিচার করিবার জন্যে তিনি পাবনাতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতেও কার্য্য করিবেন।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,) নীলের করার ভঙ্গের বাবৎ যে নালিশ হয় তাহার সরাসরীমতে বিচার করিবার জন্যে ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী ওয়াসিফুদ্দীন নীলের করার ভঙ্গের বাবৎ যে নালিশ হয় তাহার সরাসরীমতে বিচার করিবার জন্যে ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

১৮৬০ সাল ১১ আপ্রিল।

শ্রীযুত এচ বেল সাহেব (Mr. H. Bell,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অভয়াচরণ মল্লিক চব্বিশপরগনায় নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেটেরও কর্ম্মে নিযুক্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের লিখনমতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ১২ আপ্রিল।

মানভূমে ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান জি এন ওএল্স সাহেব (Captain G. N. Oakes,) আপনার সিরিস্তার চলিত কর্ম্মের ভার সহ-আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত আর সি পেরি সাহেবের (Mr. R. C. Perry.) প্রতি অর্পণ করিয়া, ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৮ সালের ২৮ আপ্রিল তারিখের বিজ্ঞাপনানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন। তিনি আপন কর্ম্মে যত কাল ফিরিয়া না যান কিম্বা অন্য হুকুম যত কাল না হয় তত কাল শ্রীযুত পেরি সাহেব তাঁহার কর্ম্ম করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২৮ মার্চ।

বন্দুকপ্রভৃতি আগ্নেয় অস্ত্র বিক্রয় ও আমদানী করিবার বিষয়ে ১৮৫৭ সালের ২৮ আইনের ৭ অবধি ১৬ পর্য্যন্ত ও ২৭ অবধি ৩১ পর্য্যন্ত সকল ধারার যে বিধান আছে তাহা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব চাটিগাঁ জিলাতে খাটাইয়াছেন।

১৮৬০ সাল ১৩ আপ্রিল।

শ্রীযুত এচ বেল সাহেব (Mr. H. Bell,) বর্ত্তমান মাসের ১১ তারিখে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম গ্রহণ করেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE.

Notice is hereby given, that the improvements in the Channel of the Bansputtee Khall which connects the Damoodah River at Moisrakah with the Hooghly River at Ooloobariah will be completed on the 30th April 1860, when the Dams will be removed and the Channel be opened for navigation during high Tides and Floods between the Damoodah and Hooghly Rivers and that a public Auction will be held at Ooloobariah in the Dawk Bungalow, at noon on the 25th April 1860, by the Executive Engineer of the Burdwan Division for the sale of the Toll collections to the highest bidder who will have to deposit 500 Rs. and to make that sum up to one fourth of the amount of the Farm before the 1st May 1860, when the agreement will be signed and completed.

The Toll collections are to be made according to the subscribed Schedule approved of by Government and the period of the lease will extend from the 1st May to the 30th November 1860, both days inclusive.

For further particulars apply to W. Smith, Esq., Executive Engineer of the Division at Burdwan, or to Sergeant J. Keane, Assistant Overseer at Moisrakah.

Schedule of rates at which Tolls will be levied at the Bansputtee Channel.

All Boats to pay 8 eight annas per 100 Maunds.
„ Empty 4 Do per 100 Maunds
„ Rafts 1 one anna per each Timber.
„ Floats 2 two annas per 100 Bamboos.
„ Passenger boats 2 annas per Oar.
„ Empty passonger boats to pay 1 one anna each.

J W. Smith, C. E.,
Exe. Engr. Burdwan Division

Burdwan, 11th April, 1860.

ইস্তাহার।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে মৈশরাখার দামোদর নদী ও উলুবেড়িয়ার হুগলী নদীর মধ্যে যে বাঁশপাতি খাল ছিল তাহা খনন হইতেছে ও আগত ৩০ এপ্রেল তারিখে ঐ কর্ম্ম সম্পূর্ণ হইবে ও কোটালের জুয়ারে ও বন্যার সময়ে নৌকাইত্যাদি অনায়াসে ঐ খাল দিয়া গমনাগমন করিতে পারিবেক ঐ খাল দিয়া. যে সকল নৌকাইত্যাদি গমন করিবেক তাহার উপর নীচের লিখিত নিরিখমতে যে মাসুল আদায় করা যাইবেক তাহা আগত ২৫ এপ্রেল তারিখে দুই প্রহর সময়ে মোকাম উলুবেড়িয়ার বাঙ্গলায় বর্দ্ধমান ডিবিজানের একজিকিউটিব ইঞ্জিনিয়র সাহেব ডাক নীলাম দ্বারা ইজারা বন্দবস্ত করিবেন যে কেহ ইজারা লইতে বাসনা করহ অবধারিত দিবসে মোং উলুবেড়িয়াতে উপস্থিত হইবা আরো জ্ঞাত করা যাইতেছে যে যে ব্যক্তি উচ্চ ডাকিয়া ইজারা লইবেক তাহাকে ঐ ২৫ এপ্রেল তারিখে কোং ৫০০৲ টাকা আমানত করিতে হইবেক ও ডাকের টাকার সিকি পূরাণ করিতে যে টাকা বাকী থাকিবেক তাহা ১ মেই তারিখের মধ্যে দাখিল করিলে ইজারার পাট্টা দেওয়া যাইবেক।

এই খালে বাঙ্গাল গবর্ণমেণ্টের মঞ্জুরমতে নীচের লিখিত নিরিখমতে মাসুল লওয়া যাইবেক ও ১ মেই হইতে ৩০ নবেম্বর সন ১৮৬০। মোং সাত মাস মিয়াদে ইজারা দেওয়া যাইতেছে এই ইজারার বিষয় অন্য সংবাদ বর্দ্ধমান ডিবিজানের একজিকিউটিব ইঞ্জিনিয়র সাহেবের নিকট অথবা মৈশরাখার আসিষ্টাণ্ট উবর্সিয়র সারজাণ্ট জানকিন সাহেবের নিকট পাইবে।

বাঁশপাতি খাল দিয়া নৌকাইত্যাদি গমনাগমন করিলে মাসুলের নিরিখ।

নৌকা বোঝাই প্রত্যেক	১০০৲ মোন	॥০ আনা।
ঐ খালী এ ঐ	... ...	।০ আনা।
কাষ্ঠ মাত্র প্রত্যেক কাষ্ঠ	..	৴০ আনা।
প্রত্যেক ১০০ বাঁশ	.. .	৶০ আনা।
নৌকা সওয়ারি প্রত্যেক দাঁড়		৶০ আনা।
ঐ ঐ খালী ঐ ঐ		৴০ আনা।

জে ডবলিউ স্মিথ। C. E.
বর্দ্ধমান এলাকার একজিকিউটিব ইঞ্জিনিয়র।

সন ১৮৬০। ১১ এপ্রেল।

NOTICE.

Notice is hereby given, that a Bank of Bengal Note No. 13201 for Rupees (100) one hundred has been found in the Bazar Soojagunge within the Town of Midnapore, and it is now in deposit with the undersigned. Any one having right to the same, should apply with proofs to the Joint Magistrate of Midnapore within two months from this date.

G. Tayler, *Offg. Joint Magistrate.*

Midnapore Magistracy, the 23rd March, 1860.

ইশ্তিহার।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুর নগরের সুজাগঞ্জের বাজারে ১৩২০১ নম্বরের এক শত টাকার এক কোং বাঙ্গাল ব্যাঙ্ক নোট পাওয়া গিয়াছে তাহা এখন নীচের লিখিত সাহেবের জিম্মাতে আছে। এ নোটের উপর যে কোন লোকের দাওয়া থাকে তাহার অদ্যকার তারিখ অবধি দুই মাসের মধ্যে মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রমাণ দিয়া দরখাস্ত করিতে হইবে।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।
১৮৬০ সাল ২৩ মার্চ।

জি টেলর।
এক্টিং জাইণ্ট মাজিষ্ট্রেট

[*Government Gazette, 17th April, 1860.*]

আফিমের ইশ্‌তিহার

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ৭ মে সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮। ৫৯ সালের পদ্মায়ণী আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১২ এবং ২২ মে এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিষরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১২ মে শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পুর টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২২ মে মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন:

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	১১	জুন	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৯	জুলাই	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৮	অক্টোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৪	৫০৯	১৭৮৪
						৮৮৯৫	৩৫৬৯	১২৪৬৪

হিমেল্লীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ১৯ মার্চ।

ই এচ লশিংটন। ছোট সেক্রেটারী।

[৮৫৩]

জিলা চব্বিশপরগনা।

এত্তেহারনামা কাছারী কালেক্টরী জিলা চব্বিশপরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারীর বাকী সন ১৮৬০ সালের ২৮ মার্চ দাখিল না হওয়ায় ইংরেজী সন ১৮৬০ সালের ১৮ আপ্রিল মোতাবেক বাঙ্গলা সন ১২৬৭ সাল ১৭ বৈশাখ রোজ শনিবার ঐ জিলার কালেক্টরি কাছারীতে দিনা ওজরে নীলাম ধরা যাইবেক সন ১৮৬০ সাল তারিখ ১০ আপ্রিল মোং সন ১২৬৬ সাল তারিখ ২৯ চৈত্র।

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকী মালগুজারীর বাবৎ যে২ মহাল নীলাম হইবেক।

২৮১ নং কিঃ পঃ মেদনমল্ল কিঃ কন্দর্পপুর ও লিখিত মালিক সৌদামিনী দাসী সদর জমা কোং ৫১৭৸৵১১

প্রথম শ্রেণী এস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল।

৬৫৮ নং কিঃ পঃ বালিয়া ওং শ্রীকৃষ্ণপুর লিখিত মালিক রামধন বসু ওং সদর জমা মায় পোলীস কোং ১১৪১৷১১

দ্বিতীয় শ্রেণী গএর বন্দোবস্তী হওয়া মহাল।

১৩৬৭ নং ৩ নং বাজেয়াপ্তী বিল দাঁতভাঙ্গা লিখিত মালিক হরিনারায়ণ ঘোষ ওং সদর জমা কোং ১১০৲১

G. BRIGHT, *Offg. Collector*

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত গ্রাম মহালেতে গবর্ণমেণ্টের জমিদারির যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে যাহা শ্রীযুতের আণ্ডরি সেক্রেটারি সাহেবের সন ১৮৫৯ সালের ৩ নবেম্বর তারিখের সদর বোর্ডের সেক্রেটারি সাহেবের প্রতি ২৭১২ নং চিঠীতে প্রকাশ আছে ঐ জেলার কালেক্টরি কাছারিতে সন ১৮৬০ সালের ২৪ আপ্রিল মোং বাঙ্গালা সন ১২৬৭ সালের ১৩ বৈশাখ তারিখে নীলাম হইবেক আর ইহা প্রকাশ করা যাইতেছে যে বাকি নীলাম খরিদ করিবে তাহাকে নীচের লিখিত সরতের প্রতি অবলম্বন করিতে হইবেক।

১ দফা। হারহারি স্বরত ধার্য্য মূল্য উর্দ্ধ সর্ব্ব উচ্চ ডাককারিকে দেওয়া যাইবেক।

২ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলাম হওয়া স্বত্বে বহাল থাকিবেক ও বন্দোবস্তী কাগজাতের দ্বারা ও প্রচলিত আইনের দ্বারা যাহার প্রতি যে স্বত্বার্পিত আছে তাহা বহাল থাকিবেক ঐ খোদকস্তা রাইয়ত মালের কার্য্যকারকের কৃত জমাবন্দীতে যে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে সমান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক।

তৃতীয় দফা। যদি ঐ খরিদা মূল্য ১০০৲ টাকার অনধিক হয় তবে খরিদকারিকে তৎক্ষণাৎ তাহা দাখিল করিতে হইবেক।

চতুর্থ দফা। যদি ডাককৃত টাকা ১০০৲ টাকার অধিক হয় তবে শতকরা ২৫৲ টাকার হিসাবে তৎক্ষণাৎ ফিচ দাখিল করিতে হইবেক যদি ঐ নীলামের তারিখহইতে নীলামের তারিখকে এক দিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিচের টাকা সরকারে জব্দ এবং পুনঃ নীলাম হইবেক।

পঞ্চম দফা। আর ইহা প্রকাশ থাকে যে ঐ সার্থক মহালের কয়লাদি খনন করিবার নানা প্রকার আকর ওখানের প্রতি সরকারের স্বত্ব স্থাপিত রহিল।

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমী	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
		প্রথম শ্রেণী				
নং ১	২৪০২	আরমা কন্নপুর পঃ চান্দানগরী	০	১৲	১ ।০	
২৫	৪২৭৫	রায়পুর পঃ আজমতসাহী	৪৸০	।০	১ ।০৩	
২৯	৩৫৫০	কোন্তব ডিহি পঃ সেরগড়	৭/	১ ।/	১৸০	
৩০	৩৫৫১	ঐ	/২৸	॥৩	॥৶	
৩১	৩৫৫২	ঐ	/২	।৶০	॥০	
৩৪	৪৫৪৩	দাহুকা পঃ সেরগড়	৩৸১	৸০	১ ।৶০	
৩৬	২৪৫০	হাবষপুর পঃ হাবেলী	৫/২	১/৫	১ ॥১০	
৪৮	২৫৬৬	সাহেবপুর পঃ সিলামপুর	৫/৪	॥/৮	৸১০	
৫০	৩৫৬৪	সুকড়াপুর পঃ সেরগড়	।০ ।৶	৸৶	১ ।/৬	
৫১	৫৭০৪	কোন্তব ডিহি পঃ সেরগড়	১১৩৲	১ ॥৬	১৸৶৭	
৫২	৩৭০৫	ঐ	৩৸০	৸৯	৸৶০	
৫৩	৫৭০	ঐ	৩১	৸১	১ ।১	
৫৪	১৮৫৫	চর শক্তিপুর পঃ পলাসী	২১০/২৸	১৬৩॥৶৮	১৬৩॥/৮	
৬১	৩২২৮	সাঙ্কক পঃ আজমতসাহী	১৸১॥	॥০	॥০	
৭১	৪৭১০	কল্যাণপুর পঃ ঐ	৪/৸/	১৶৪	১৸৶৭	
৭২	৫১২১	বেলুন পঃ ঐ	৬॥২ ।৶	৵৬	।৶৯	
৭৮	৩১২৮	রামপুর পঃ সেরগড়	১০/১ ।৶	১৶৩	১ ৸৵৪	
৮৩	৩২৯০	মহাদেবপুর পঃ গোপভূম	৩১৸৩৸৶	১৶০	১৸৶০	
৮৪	৩৩৮২	কোন্তব ডিহি পঃ সেরগড়	১ ॥২৶	১৪	১৸৶৪	
৮৫	৪৮০২	সামন্তপুর পঃ মনোহরসাহী	৸৶৶	॥০	॥১০	

[*Government Gazette*, 17*th April*, 1860.]

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমী	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
		দ্বিতীয় শ্রেণী				
১	১৪০১	আয়মা রায়পুর পঃ মনোহরসাহী	৩০ ॥০	১২ ।৶১১	১৫ ॥৮	
২	৪১৩০	ধামাষ পঃ রাণীহাটী	২৸৩৶	৭৲	৭৲	
৪	৪৭২৫	কুটী সোনাকুন্দি পঃ মনোহরসাহী	৸০	১৫৶২	৭ ॥৶ ৪	
৬	৩৯১৪	শ্রীরামপুর পঃ আজমতসাহী	১০ ।৪৶	৫ ॥৶২	৭৶ ১১	
৭	৪২৫১	গোপালপুর পঃ ঐ	১৪৸৩৶	৫ ॥৶৩	৭ ॥৪	
৮	২৪০৩	আয়মা হাতিয়াডাঙ্গা পঃমনোহরসাহী	৮০ ।৪ ।৶	৪২ ॥৮	৬০৸৩	
৯	৫২৪৯	বসন্তপুর পঃ ঐ	৩৮৶ ২৶	১৩৸৮	১৭৶১০	
১০	১৭৯৭	মদনডাঙ্গা বসন্তপুরের অন্তঃপাতি পঃ ঐ	৯৭৸৪ ।৶	৩৩৸৶৩	৩৯৸৶১০	
১১	৩৫৯১	ফরিয়াদপুর পঃ সেরগড়	৪০৸০৸	৮ ।৶৩	১১ ।৪	
১৬	৪২৫৩	মুড়াগাছা	১৸৪৶	১৶২	১ ॥৶ ৫	
১৭	৪৯৭৭	এদরাকপুর পঃ জাহাঙ্গিরাবাদ	৪৪৶ ৩ ॥৶	১০৶	১২ ॥৶ ৩	
১৮	৩১৩১	চকডোনা পঃ সেরগড়	৩৶ ৪	৸৶ ২	১৶ ৫	
১০	৩৫৫৩	উকরা পঃ ঐ	॥০	১৲	১৲	
২১	৫০৩৫	বিজপুর পঃ ঐ	২৪ ॥০	১ ।০	১ ॥৶ ০	
২২	৪৯৯০	আকলপুর পঃ সেরগড়	২৶৩ ।৶	১৲	১ ।৶ ৯	
২৪	৩৯৬৮	রামকৃষ্ণপুর পঃ ধেয়া	২ ।৩	৩ ।০	৩ ॥৶৬	
২৬	৪৯৭৬	যজ্ঞেশ্বরডিহি পঃ ঐ	১৯ ॥৪	১৶৮	১ ।৶১	
২৮	৪৯৬০	খান্দরা পঃ সেরগড়	১১ ।১	৩৸৶	৪৶১০	
৩২	৪৭২৭	রক্ষিতপুর পঃ সেনপাহাড়ী	॥১ ॥	৩৶	৬৶	
৩৫	৪২৮১	গিউগ্রাম পঃ আরশা	৯ ॥০ ।৶১০	৩৸২	৬৸৶ ৪	
৩৭	২৭৮১	উসমাণপুর পঃ রাণীহাটী	১ ।১৶	৪৶৮	৬৸৶২	
৩৮	৪২৮৩	কাশীপুর পঃ মোজফরসাহী	৪৶৩ ॥৶	৩ ।৶২	৪৶৩	
৩৯	৫০৩৪	কোটাল ঘোষ পঃ আজমতসাহী	১ ।১ ।৶	১ ।৯	১ ।৶ ৫	
৪০	৫৭১৩	সিমালী পঃ হাবিলি	৯২৶ ১	৩৫ ॥৶৯	৪৭৶	
৪১	৪২৫৪	অম্বিকা পঃ অম্বিকা	১৶	।৶৩	১৶১০	
৪২	৪৩৩০	কায়গঙ্গ পঃ মনোহরসাহী	৪ ।২ ৸৶	১৶৮	৩ ॥০	
৪৩	৪৩২৯	ঐ	১৯১৶ ১০	৬৸৭	২৯৲	
৪৪	৪১১৯	ভাটরা পঃ রাণীহাটী	॥৩৶	১৶৩	১ ৸৶৫	
৪৫	৪১৮১	গিডগ্রাম পঃ আরশা	২৩৶	১ ।৫	২৸৪	
৪৬	৪৩১৮	মাজিপুক্করা পঃ সেরগড়	৬ ॥২ ৸৶	১৶৭	১ ॥৶৭	
৪৭	৪৩২৭	আকলপুর পঃ সেরগড়	৪ ॥২৸	২ ॥৫	৪৶৪	
৫৫	৪৯৯৬	কয়চর পঃ ধিয়া	॥২ ।	।৶৫	১৬৲	
৫৬	৩৩১৭	চরবালিয়াড়া ওরফে বেনেশ্বর পঃ মনোহরসাহি	২৩৶ ৪	৩১৶৯	৩৪ ॥৶৩	
৫৭	৪৭১৬	বেনিনি পঃ সেরগড়	১০৸১৸৶	৩ ॥৫	৫৸৶	
৫৮	২৯৫৪	জামঘুলী পঃ ঐ	২৮৶ ২ ॥৶	১২৲	২০৲	
৫৯	৩২১৫	সাক্ষক পঃ আজমতসাহী	১৩ ॥১ ।৶	৫ ॥০	৮৸৶ ১১	
৬০	৪১২৯	খান্দরা পঃ গোবিন্দপুর পঃ সেনপাহাড়ী	৮৩৸২ ।৶	২০৶৯	৩৩ ॥৶৮	
৬২	৩১৩১	সাক্ষক পঃ আজমতসাহী	৭২ ।৶	॥০	৩ ॥৬	
৬৩	২৭৮৫	এনদাদপুর পঃ রাণীহাটী	৩৸২ ॥	১৶৬	১ ॥৶১	
৬৪	৪৪১২	গিডগ্রাম পঃ আরশা	১১ ।১	২ ।০	৩৲	
৬৫	৪৪৬০	গঙ্গাপুর পঃ উখরা	৮৯ ।১ ।৶	৩৫ ॥৶১	৪৪ ॥৶ ১০	
৬৬	১৯৬৪	চকনোয়াদা পঃ আজমতসাহী	৬ ॥৩ ॥৶	১ ॥০	২ ॥২	
৬৭	৩১৫১	শিবরামবাটী কুলগাছির অন্তঃপাতি পঃ ইন্দ্রাণী	১৶৩ ॥৶	॥০	॥৶ ৭	
৭০	৪৬৭৮	গিডগ্রাম পঃ আরশা	৬৮৸৩ ॥৶	১০ ।৶৫	৩৪৲	
৭১	৪৭২২	রক্ষিতপুর পঃ সেনপাহাড়ী	৫৬ ॥০৶	৬৶৩	৮৪৲	
৭৪	৩৯৬৯	গোওয়ালাদাসপুর পঃ ঐ	৫৩৶৩	২৯৩৲	৪৩৸৶	
৭৫	৪৭১০	সরস্বতীগঞ্জ	২৪ ।১৶	৯ ।৩	১৫৸৶ ৯	
৭৬	১৬১০	আমনাজোল পঃ ঐ	৩১০৶	৮ ।৮	১১ ।৶২	
৭৭	৪১৩১	অম্বিকা পঃ অম্বিকা	৪৶ ৪৸	৸৮	১ ॥৶ ৪	
৭৯	২৯৪১	খাসিহাট পঃ ইন্দ্রাণী	২৸২ ।৶	১৬৲	১৸৶৭	
৮০	১৩৪৪	আয়মাবিজুর পঃ রণীহাটী	১ ।০৸	৸৶৭	১ ॥৭	
৮১	১৯৫১	মৌগ্রাম পঃ মনোহরসাহী	৪৶০৶	৪ ।১	৬৶১	
৮২	১৫০	চরমাহাতা পঃ পলাসী	৩৫৸০ ॥৶	৩১৶৩	৩৪ ।৬	

[গবর্ণমেণ্ট গেজেট : ১৮৬০ । ১৭ আপ্রিল ।]

নম্বর	জৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমী	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
৮৬	২৩৭৫	জলকরডাঙারদা পঃ অম্বিকা	০	১২৫৲	১৩৭ ।০	
৮৭	২৯৪০	খাসিহাট পঃ ইন্দ্রাণী	১২ ।১	৮৶১০	৯৮৶১০	
৯১	২৮					
	ঢাকাব৲ রেজষ্টর	সারঙ্গপুর পঃ হাবেলি	১৫ ॥১ ।৶	৫৲	৬৮৶০	
৯২	২৯	বরুয়া				
	ঐ	পঃ সাতসৈকা	৪৶	১ ॥৶	২ ।০	
৯৩	৩০	কন্দর্পপুর				
	ঐ	পঃ সাহাবাদ	২ ॥০ ॥	২ ॥১১	১ ॥১১	

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী আদালতের বিচারসংক্রান্ত পুরাতন ও নূতন বিধি অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইনের প্রত্যেক ধারার সহিত পুরাতন আইন, সরক্যুলর অর্ডর, কনষ্ট্রুকসন ও সদর আদালতের নজীর এতাবতের যে সম্বন্ধ আছে তাহার খোলাসা। তদ্ভিন্ন উক্ত আইন সম্বন্ধে ইং ১৮৫৯ সালের মাহ জুলাই লাং ১৮৬০ সালের জানুআরি যে সকল সরক্যুলর চিঠি ও সদর আদালতের নজীর প্রকাশ হইয়াছে তাহা ও যে২ ধারানুযায়ী পরওয়ানাদি জারী করিতে হইবেক সে তাবৎ লিখিবার পাঠ সংগৃহীত হইয়া প্রায় ৩০০ পৃষ্ঠায় এক খণ্ড পুস্তক প্রকাশ করা হইয়াছে ও ২৲ টাকা মূল্যে বিক্রীত হইতেছে, যাঁহার প্রয়োজন হয় তিনি সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির বঙ্গানুবাদক শ্রীকৃষ্ণচন্দ্র হালদারের নিকট অথবা কলিকাতা যোড়াসাঁকো বলরাম দে ষ্ট্রীট নং ১। ২ বাটীতে অনুবাদ যন্ত্রালয়ে শ্রীবৈকুণ্ঠনাথ দাসের নিকট তত্ত্ব করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন।

[*Government Gazette*, 17*th April*, 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টেরআজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 24, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৪ আপ্রিল।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 14TH APRIL 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Hon'ble the Governor General on the 9th April 1860, (communicated to the Legislative Council on the 14th idem), and is hereby promulgated for general information :—

ACT No. XI. OF 1860.

An Act to enforce the fulfilment of Indigo Contracts, and to provide for the appointment of a Commission of Enquiry.

[Preamble.]

WHEREAS it is expedient to issue a commission of enquiry into the practice of Indigo Planting in Bengal and the relations between the Indigo Planter and the Ryots and holders of land in Bengal, and to make temporary provision for enforcing by summary process the execution of agreements entered into for the cultivation of Indigo plant; and better to provide for the punishment of certain unlawful acts connected with such cultivation; It is enacted as follows :—

[Magistrate may on complaint, issue summons for appearance of person who has received a cash advance and dela[illegible] or neglects to fulfil his agreement.]

I. If any pers[illegible] who has received a cash advance upon his agr[illegible]ment to cultivate Indigo plant during the season now current, shall wilfully delay or omit from and after the 4th day of April 1860 to cultivate according to the conditions of such agreement the whole quantity of land which he has agreed to cultivate; or otherwise to fulfil his engagement, it shall be competent to the Magistrate to

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৪ আপ্রিল।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মঞ্জুরক্রমে এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৯ আপ্রিল তারিখে সম্মত হইয়া ঐ মাসের ১৪ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকট [illegible] সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই [illegible] সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১১ আইন।

নীলের করারমতে বলপূর্ব্বক কর্ম্ম করাইবার, ও তদন্ত করিবার কমিসান নিযুক্ত করণের বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশে নীল বুনিবার যে নিয়ম হয় ও বাঙ্গলা দেশে নীলকরেরদের ও রাইয়তেরদের ও জমীদারেরদের মধ্যে যে সম্পর্ক থাকে তাহার তদন্ত লইবার কমিসান দেওয়া, ও নীলের চাষ করিবার যে করার হইয়াছে সেই করারমতে সরাসরী মোকদ্দমাক্রমে বলপূর্ব্বক কর্ম্ম করাইবার কিঞ্চিৎ কালের নিমিত্তে বিধান করা বিহিত, ও নীলের চাষ কর্ম্মসম্পর্কীয় বেআইনী কোন২ কর্ম্মের দণ্ডের বিধান করা বিহিত। এই কারণে এই হুকুম হইল।

[কোন লোক দাদনী পাইয়া আপন করারমতে কর্ম করিতে বিলম্ব কি ত্রুটি করিলে, তাহার নামে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ হইলে, তাহার হাজির হইবার সমন জারী হইতে পারিবার কথা।]

১ ধারা। যদি কোন লোক বুননের এই সময়ে নীলের চাষ করিতে করার করিয়া দাদনী টাকা পাইয়া থাকে, ও যত জমী চাষ করিতে করার করিয়াছিল সেই সমুদয় জমী যদি আপন ঐ করারের নিয়মমতে ১৮৬০ সালের আপ্রিল মাসের ৪ তারিখঅবধি ও তাহার পরে চাষ করিতে, কিম্বা অন্য প্রকারে আপনার করারমতে কর্ম করিতে জানিয়াশুনিয়া বিলম্ব কি ত্রুটি করে, তবে যে নীলকর সাহেব ঐ দাদনী দিয়াছেন তিনি, কি তাঁহার

entertain a complaint made to the above effect on oath by the Planter who has made the advance, or by any person on his behalf, and to summon the person complained of to appear before him in order to the investigation of the complaint preferred. If the Magistrate has reason to believe that the person complained of will not appear in obedience to the summons, he may issue a warrant for the arrest of such person.

[Remedy. Proviso.]

II. On hearing the answer of the person complained of, and on taking such evidence as both parties may adduce, if the complaint be established to the satisfaction of the Magistrate the Magistrate shall assess a certain sum as damages sustained by reason of the breach of the contract. If it shall appear to the Magistrate that the person who has agreed to cultivate the Indigo plant is still able to perform his contract, the Magistrate shall order him specifically to perform the same, and shall also in such case award a certain sum to be paid as damages as an alternative. In cases in which the land to be cultivated with the Indigo plant is defined by the agreement, the Magistrate may order the attachment, as a security for the amount of the damages assessed or to be assessed for the breach of the agreement, of any other crop of the defaulter that may at any time during the present season be growing on such land. If after an order for specific performance of agreement the defendant fail to perform the agreement or to pay the amount of damages ordered to be paid as an alternative, or if after an order for payment of damages the same be not immediately paid, the Magistrate may order the defendant to be imprisoned in the Civil Jail for a term not exceeding three months, and may on the motion of the complainant furthermore proceed to levy the damages assessed from the property of the defendant, in the mode provided for enforcing decrees of Court under Act VIII. of 1859 (*for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter.*) Provided that if the amount of the said damages is paid or levied within the aforesaid term of three months, the defendant shall be released from Jail on that amount being paid or levied.

[If agreement obtained by force or intimidation, complaint to be dismissed]

III. In case it shall appear to the satisfaction of the Magistrate that the agreement has been obtained by means of fraud, force, or unlawful intimidation, the complaint shall be dismissed

[In what cases Magistrate may levy costs and compensation from complainant.]

IV. If any complaint preferred under this Act be dismissed for want of proof or appearance of the complainant, or for any other cause, the Magistrate may order the complainant to pay such amount for

পক্ষের কোন লোক, শপথপূর্ব্বক সেই মর্ম্মের নালিশ করিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই নালিশ গ্রাহ্য করিতে পারিবেন, ও যে বিষয়ের নালিশ হইয়াছে তাহার বিচার করিবার জন্যে, যাহার নামে নালিশ হইল তাহাকে আপনার নিকটে হাজির হইতে সমন করিতে পারিবেন। যাহার নামে নালিশ হয় তাহার নামে সমন হইলেও সে হাজির হইবে না, মাজিষ্ট্রেট সাহেবের যদি এমত বুঝিবার কারণ থাকে, তবে তিনি ঐ লোকের গ্রেফ্তারী পরওয়ানা জারী করিতে পারিবেন ইতি।

[উপায়ের কথা ও বর্জ্জিত কথা।]

২ ধারা। যাহার নামে নালিশ হইল সেই লোকের জওয়াব শুনিলে পর, ও উভয় পক্ষ যে সকল প্রমাণ দেয় তাহা লইলে পর, যদি সেই নালিশ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে সাবুদ হয়, তবে তিনি ঐ করার ভঙ্গ হওয়াতে খেসারৎ হইয়াছে বলিয়া আসামীর কতক টাকা জরীমানা করিবেন। ঐ নীল চাষ করিতে যে জন করার করিয়াছিল, সে আপনার করারমতে এখনও কর্ম্ম করিতে পারে, মাজিষ্ট্রেট সাহেব যদি এমত বোধ করেন, তবে তিনি ঐ লোককে সেই করারের লিখিত বিশেষ সকল কার্য্য করিতে হুকুম করিবেন। তাহাতে আরো এই হুকুম করিবেন, যে ঐ করারমতে যদি কর্ম্ম না করে তবে ঐ লোকের কতক টাকা খেসারৎ বলিয়া দিতে হইবেক। যে জমীতে নীলের চাষ করিতে হইবেক, সেই জমী যদি করারনামাতে বিশেষ করিয়া লেখা থাকে, তবে ঐ করার ভঙ্গ হওনাতে খেসারতের যত টাকা ধার্য্য হইয়াছে কি হইবেক তাহার জামিনীস্বরূপে, বুনিবার বর্ত্তমান কালের কোন সময়ে ঐ জমীতে ঐ বাকীদারের অন্য যে কোন ফসল হয়, তাহার ক্রোক হইবার হুকুম মাজিষ্ট্রেট সাহেব করিতে পারিবেন। কোন করারমতের বিশেষ কর্ম্ম করিবার হুকুম হইলে পর, যদি আসামী ঐ করারমতে কর্ম্ম করিতে ত্রুটি করে, কিম্বা ঐ করারমতে কর্ম্ম না করিলে খেসারতের যত টাকা দিবার হুকুম হয় তাহা যদি আসামী না দেয়, কিম্বা খেসারতের টাকা দিবার হুকুম হইলে পর যদি তখনি তাহা না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আসামীর তিন মাসের অনধিক কোন কালপর্য্যন্ত দেওয়ানী জেলখানাতে কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন। আর ফরিয়াদীর প্রার্থনা হইলে, ১৮৫৯ সালের ৮ আইনমতে (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই, সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনমতে) আদালতের ডিক্রী জারী করিবার যে বিধি আছে, সেই বিধিমতে আসামীর সম্পত্তিহইতে ঐ খেসারতের টাকা উসুল করিতে পারিবেন। কিন্তু ঐ খেসারতের টাকা যদি উক্ত তিন মাস মিয়াদের মধ্যে দেওয়া যায় কি উসুল হয়, তবে ঐ টাকা দেওয়া গেলেই কি উসুল হইলেই আসামীকে জেলখানাহইতে মুক্ত করা যাইবেক ইতি।

[ঐ করার জোর করিয়া কি ভয় দেখাইয়া লওয়া গেলে নালিশ ডিসমিস হইবার কথা।]

৩ ধারা। ঐ করার প্রস্তাবণা করিয়া কি জোর করিয়া কি বেআইনীমতে ভয় দেখাইয়া লওয়া হইয়াছে, এই কথা যদি মাজিষ্ট্রেট সাহেব খাতিরজমামতে বুঝিতে পান, তবে নালিশ ডিসমিস হইবে ইতি।

[যে২ স্থলে মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর স্থানে খরচার ও ক্ষতিপূরণের টাকা উসুল করিতে পারিবেন তাহার কথা।]

৪ ধারা। এই আইনমতে যে নালিশ করা যায়, তাহার প্রমাণ না থাকাতে কি ফরিয়াদী হাজির না হওয়াতে কিম্বা অন্য কোন কারণে যদি ঐ নালিশ ডিসমিস হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব খরচার ও ক্ষতিপূরণের যত

costs and compensation as he may think reasonable. In default of payment of any such amount, the same may be levied by distress and sale of the property of the person ordered to pay the same.

[Penalty for intimidation, &c.]

V. If any person from and after the 4th day of April 1860, shall by violence, threats, or otherwise, intimidate or attempt to intimidate any other person who shall have entered into any such agreement as aforesaid, with the intention of inducing such erson to break the conditions thereof, he shall, on conviction before a Magistrate, be liable to a sentence of imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding six months.

[Penalty for destroying or damaging crops.]

VI. If any person shall maliciously destroy or damage, or if any person shall maliciously command, compel, or persuade any other person to destroy or damage any growing crop of Indigo, he shall, on conviction before a Magistrate, be liable to be sentenced to imprisonment with or without labor for a period not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding six months.

[No Appeal.]

VII. No appeal shall lie from the decision of a Magistrate under this Act.

[Jurisdiction.]

VIII. The power of a Magistrate under this Act may be exercised by any person vested with the full powers of a Magistrate, and by any Assistant Magistrate or Deputy Magistrate specially empowered on that behalf by the local Government.

[Effect of decision of Magistrate under this Act.]

IX. A decision of a Magistrate shall be a bar to any further proceeding for the same breach of agreement. No decision under this Act shall have any force or effect in regard to anything not to be performed during the current season.

[Duration and territorial scope of Act. Limitation of action.]

X. This Act shall have effect from and after the 4th day of April 1860, and shall not extend beyond the Territories subject to the Lieutenant-Governor of Bengal. And no complaint or prosecution shall be entertained under this Act, unless preferred within six months from the date aforesaid.

টাকা উপযুক্ত বোধ করেন, ফরিয়াদীর ক্ষত টাকা দিতে হুকুম করিতে পারিবেন। ঐ টাকা দিবার ত্রুটি হইলে, যাহার সেই টাকা দিবার হুকুম হয় তাহার সম্পত্তি ক্রোক ও নীলাম হইয়া ঐ টাকা উসুল হইতে পারিবেক ইতি।

[ভয় দেখানপ্রভৃতির দণ্ডের কথা।]

৫ ধারা। কোন লোক উক্ত প্রকারের কোন করার করিলে পর, যদি অন্য কেহ তাহার ঐ করারের নিয়ম ভঙ্গ করাইবার অভিপ্রায়ে তাহাকে ১৮৬০ সালের আপ্রিল মাসের ৪ তারিখে কি তাহার পরে, জবরদস্তী করিয়া কি ভয় জন্মিবার কথা কহিয়া কি অন্য কোন প্রকারে তাহার ভয় জন্মায় কি জন্মাইতে চেষ্টা করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার ঐ দোষ সাব্যস্ত হইলে, সেই জনের ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইয়া কঠিন পরিশ্রম করিবার, কি পরিশ্রম বিনা কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার হুকুম, কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম হইতে পারিবেক, ও সেই জরীমানার টাকা যদি না দেওয়া যায় তবে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[ফসল নষ্ট করিবার কি ফসলের হানি করিবার দণ্ডের কথা।]

৬ ধারা। নীলের যে গাছ হইতেছে তাহা যদি কেহ ঈর্ষা করিয়া নষ্ট করে কি তাহার হানি করে, কিম্বা অন্য কোন লোককে তাহা নষ্ট করিতে কি তাহার হানি করিতে ঈর্ষা করিয়া হুকুম করে, কি জোর করিয়া নষ্ট করায় কি তাহার হানি করায়, কিম্বা নষ্ট করিতে কি হানি করিতে প্রবৃত্তি দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, তাহার সাত পরিশ্রম কিম্বা পরিশ্রম বিনা ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার, কিম্বা ঐ দুই দণ্ড হইবার হুকুম হইতে পারিবেক, ও সেই জরীমানার টাকা যদি না দেওয়া যায় তবে তাহার আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[আপীল না হইবার কথা।]

৭ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে নিষ্পত্তি হয় তাহার উপর আপীল হইবেক না ইতি।

[এলাকার কথা।]

৮ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের যে ক্ষমতা থাকে সেই ক্ষমতামতে, মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত কোন লোক কার্য্য করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট সেই কর্ম্মের জন্যে যে কোন আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটকে কি ডেপুটী মাজিষ্ট্রেটকে বিশেষমতে শক্তি দেন তিনিও সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের নিষ্পত্তির ফলের কথা।]

৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের নিষ্পত্তি হইলে পর সেই করার ভঙ্গের বাবৎ অন্য কোন মোকদ্দমা হইতে পারিবেক না। জমিদার বর্দ্ধমান সময়ে যে কার্য্য করিতে হইবেক তাহার বিষয়ে এই আইনমতের নিষ্পত্তি প্রবল ও সফল হইবেক, অন্য কার্য্যের বিষয়ে নয় ইতি।

[এই আইন যত কাল ও যে দেশের মধ্যে চলিবে তাহার কথা ও নালিশ করিবার মিয়াদের কথা।]

১০ ধারা। এই আইন ১৮৬০ সালের আপ্রিল মাসের ৪ তারিখঅবধি চলন হইবেক। ও বাঙ্গলা দেশে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন যে দেশ আছে তাহার বাহিরে খাটিবে না। ও কোন নালিশ কি মোকদ্দমা উক্ত তারিখঅবধি ছয় মাসের মধ্যে উপস্থিত না হইলে গ্রাহ্য হইবেক না ইতি।

[Certain pa-t orders declared valid. Indemnity.]

XI. All orders made or acts done before the 4th day of April 1860, which would have been lawful if the Bill "to enforce the fulfilment of Indigo Contracts" as read a second time on the 24th day of March 1860 had then become law are hereby declared to be valid. And all Magistrates and other Public Officers are hereby indemnified for any acts done before the said 4th day of April 1860, which would have been justifiable under the said Bill if the same had become law on the said 24th day of March 1860.

[পূর্ব্বের করা কোন২ হুকুম বহাল করিবার কথা ও দায়হইতে রক্ষা করিবার কথা।]

১১ ধারা। "নীলের করারমতে কার্য্য বলপূর্ব্বক করাইবার আইনের" যে মুসাবিদা ১৮৬০ সালের মার্চ মাসের ২৪ তারিখে দ্বিতীয়বার পাঠ করা গিয়াছিল, তাহা যদি তখন আইন হইয়া চলিত, তবে তদনুযায়ি যে সকল হুকুম কি কার্য্য আইনসিদ্ধ হইত, এমত যে সকল হুকুম কি কার্য্য ১৮৬০ সালের আপ্রিল মাসের ৪ তারিখের পূর্ব্বে করা গিয়াছে তাহা ইহাতে বহাল করা গেল। ও সেই মুসাবিদা ১৮৬০ সালের উক্ত ২৪ তারিখে আইন হইয়া চলন হইলে, মাজিষ্ট্রেট সাহেবেরদের ও সরকারী অন্য সকল কার্য্যকারকের যে সকল কর্ম্ম উক্ত মুসাবিদামতে ন্যায্য হইত, ১৮৬০ সালের আপ্রিল মাসের উক্ত ৪ তারিখের পূর্ব্বে তাঁহারদের তদ্রূপ কোন কার্য্যের নিমিত্তে তাঁহারদের কোন দায় হইবে না ইতি।

[Appointment of Commission of Enquiry.]

XII. The Lieutenant Governor of Bengal shall, as soon as co nveniently may be, issue a Commission to such persons as the said Lieutenant Governor shall think fit, for the purpose of enquiring into and reporting on the system and practice of Indigo planting in Bengal and the relations between the Indigo Planter and the Ryots and holders of land in Bengal aforesaid. The said Commissioners shall fully enquire into the matters aforesaid, and shall, as soon as they conveniently can, report to the Lieutenant Governor the result of their enquiries, and shall in their report or reports suggest such alterations, if any, as may in their opinion be beneficially made in the law relating to the system and practice and the relations aforesaid.

[তদন্ত করিবার জন্যে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১২ ধারা। বাঙ্গলা দেশে নীল বুনানি করিবার যে নিয়ম ও যে রীতি চলন আছে ও উক্ত বাঙ্গলা দেশের নীলকরেরদের সঙ্গে রাইয়তেরদের ও জমীদারেরদের পরস্পর যে সম্পর্ক থাকে তাহার তদন্ত লইয়া রিপোর্ট করিবার জন্যে, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যাঁহারদিগকে উপযুক্ত বুঝেন, এমত লোকেরদিগকে সুবিধামতে শীঘ্র করিয়া ক্ষমতাপত্র দিবেন। উক্ত কমিস্যনরেরা (অর্থাৎ এ ক্ষমতাপত্র যাঁহারদিগকে দেওয়া যায় তাঁহারা) পূর্ব্বোক্ত সকল বিষয়ের সম্পূর্ণমতে তদন্ত করিবেন, ও আপনারদের তদন্তের যে ফল হয় তাহার রিপোর্ট সুবিধামতে শীঘ্র করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকটে করিবেন। ও পূর্ব্বোক্ত নিয়মের ও রীতির ও সম্পর্কের আইনের যে রূপে পরিবর্ত্তন করা তাঁহারদের বিবেচনামতে বিহিত হয়, তাহার প্রসঙ্গও আপনারদের সেই রিপোর্টে করিবেন ইতি।

[Death or resignation of any of the Commissioners.]

XIII. In case of the death or resignation of any of the said Commissioners, or of any of them becoming unable or refusing to act, it shall be lawful for the other Commissioners or Commissioner to act alone, and all the powers by this Act given to Commissioners shall and may be exercised by the continuing Commissioners or Commissioner alone, but only until such vacancy can be filled up. It shall be lawful for the said Lieutenant Governor from time to time, and he shall as soon as conveniently may be, without issuing a new Commission, appoint some other person or persons to act as a Commissioner or Commissioners jointly with the continuing Commissioners or Commissioner, and in such case all the powers conferred by this Act shall and may be exercised by the said newly appointed Commissioner or Commissioners jointly with the continuing Commissioner or Commissioners.

[কোন কমিস্যনর মরিলে কি কর্ম্ম ত্যাগ করিলে তাহার কথা।]

১৩ ধারা। ঐ কমিস্যনরেরদের মধ্যে যদি কেহ মরেন, কি কর্ম্ম ত্যাগ করেন, কিম্বা যদি তাঁহারদের মধ্যে কেহ কর্ম্ম করিতে আর না পারেন, কি স্বীকার না করেন, তবে অবশিষ্ট অন্য কমিস্যনরেরা কি এক জন কমিস্যনর একলা ঐ কর্ম্ম করিতে পারিবেন। ও সেই শূন্য পদে যাবৎ অন্য লোককে ভর্ত্তি না করা যায়, তাবৎ ঐ কমিস্যনরদিগকে এই আইনমতে যে সকল ক্ষমতা দেওয়া গেল, সেই সকল ক্ষমতামতে ঐ অবশিষ্ট কমিস্যনরেরা কি কমিস্যনর কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবেন। আরো অবশিষ্ট যে কমিস্যনরেরা কি কমিস্যনর থাকেন তাঁহার কি তাঁহারদের সঙ্গে কর্ম্ম করিতে, উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব, নূতন ক্ষমতাপত্র না দিয়া, সময়ে২ অন্য এক কি অধিক জনকে নিযুক্ত করিতে পারিবেন। ও তিনি সুবিধামতে শীঘ্র করিয়া তাহা করিবেন। এমন স্থলে এই আইনমতে কমিস্যনরদিগকে যে সকল ক্ষমতা দেওয়া গেল, সেই সকল ক্ষমতামতে ঐ নূতন নিযুক্ত কমিস্যনর কি কমিস্যনরেরা ঐ অবশিষ্ট কমিস্যনর কি কমিস্যনরেরদের সঙ্গে কার্য্য করিতে পারিবেন ও কার্য্য করিবেন ইতি।

[Attendance of witnesses. Proviso.]

XIV. It shall be lawful for the Commissioners aforesaid, by a summons under the hand of any one of them, to require the attendance before them, at a time and place to be mentioned in such summons, of any person or persons whomsoever, resid-

সাক্ষিরদের হাজির হইবার কথা ও বর্জ্জিত কথা।]

১৪ ধারা। পূর্ব্বোক্তমতে যে২ বিষয়ের তদন্ত লইতে হইবেক এমত কোন বিষয়ে পূর্ব্বোক্ত কমিস্যনরেরদের বিবেচনাতে যাহারদের সাক্ষ্য লওয়া গুরুতর হয়, এমত যে কোন লোক কি লোকেরা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকার মধ্যে বাস করে কি

ng or being within the Lieutenant Governorship of Bengal, whose evidence shall in the judgment of the Commissioners aforesaid be material to any of the matters of the enquiry aforesaid, and to require the person or persons so summoned to bring and produce before them all such books, papers, deeds, and writings as to them the said Commissioners shall appear necessary for arriving at the truth of the matters directed to be enquired into by the said Commissioners, all which persons shall accordingly attend before the said Commissioners, and shall produce such books, papers, deeds, and writings as shall be required of them and shall be in their custody and control or in the custody and control of any one of them according to the tenor of the summons. Provided always that no person shall be compelled to attend before the said Commissioners or to give his evidence at a greater distance than fifty miles from the place where such person shall be residing.

[Examination of witnesses on oath or affirmation. Proviso.]

XV. It shall be lawful for the Commissioners aforesaid, or one of them, to administer an oath, or in the case of persons allowed by law to make affirmation instead of taking an oath, an affirmation in such form as to them the said Commissioners shall seem fit, to all persons who shall be examined before them touching the matters to be enquired into by them as aforesaid. Provided that nothing herein contained shall render it necessary for the said Commissioners to take evidence upon oath or affirmation unless they shall think fit or expedient so to do.

[Witnesses neglecting to attend, &c.]

XVI. If any person, upon whom any such summons shall be served by the delivery thereof to him or by the leaving thereof at his usual place of abode, being a person living within fifty miles of the place at which he shall be required to attend, without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) fail to appear before them at the time and place mentioned in the summons, or shall refuse to be sworn or to make affirmation (as the case may be) or shall not make answer to such questions as shall be put to him touching the matters directed, or which may hereafter be directed, to be enquired into by the Commissioners aforesaid, or shall refuse or fail without reasonable cause (to be allowed by the Commissioners aforesaid) to produce and show to the said Commissioners any such paper, book, deed, or writing being in his possession or under his control as to the Commissioners aforesaid shall appear necessary for arriving at the truth of the matters to be enquired into by them, the Commissioners aforesaid shall have the same powers in all respects touching any such person so failing to appear or refusing to be sworn or to make affirmation, or not answering such questions as shall be put to him or refusing to produce and show any such book, pa-

[*Government Gazette, 24th April* 1860.]

থাকে, তাহার কি তাহারদের নামে উক্ত কমিসানরে। আপনারদের কোন এক জনের দস্তখতেরা সমন জারী করিয়া তলব করিতে পারিবেন। এ সমনের মর্ম্ম এই যে উক্ত লোক কি লোকেরা এ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিসানরেরদের সম্মুখে হাজির হয়, ও উক্ত কমিসানরেরা যেং বিষয়ের তদন্ত লইবার হুকুম পান তাহার প্রকৃতভাব বুঝিবার জন্যে তাঁহারা যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি আবশ্যক বুঝেন, তাহাও ঐ সমনকরা লোক কি লোকেরা সঙ্গে করিয়া আনিয়া দেখায়। তদনুসারে সেই সকল লোক কমিসানরেরদের সম্মুখে হাজির হইবে, ও সমনের মর্ম্মমতে তাহারদের জিম্মায় ও এখ্তিয়ারের মধ্যে কিম্বা তাহারদের কোন কাহার জিম্মায় ও এখ্তিয়ারের মধ্যে যে সকল বহী ও কাগজপত্র ও দলীল ও লিপি তাহারদের আনিতে আজ্ঞা হয়, তাহা সকলি দেখাইবে। পরন্তু কোন লোকের বাসস্থানহইতে পঞ্চাশ মাইলের অধিক দূর কোন স্থানে উক্ত কমিসানরেরদের সম্মুখে তাহাকে বলপূর্ব্বক হাজির করা যাইতে কি তাহার সাক্ষ্য লওয়া যাইতে পারিবেক না হইত।

[শপথ কি প্রতিজ্ঞা করাইয়া জোবানবন্দী লইবার কথা ও বর্জ্জিত কথা।]

১৫ ধারা। পূর্ব্বোক্ত কমিসানরেরদের যেং বিষয়ের তদন্ত লইতে হইবেক সেইং বিষয়ে তাঁহারদের সম্মুখে যে সকল লোকের জোবানবন্দী লইতে হইবেক, তাহারদিগকে ঐ কমিসানরেরা কি তাঁহারদের কোন এক জন হলফ করাইতে পারিবেন, কিম্বা আইনমতে যাহারদের হলফের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করিবার অনুমতি হয় তাহারদিগকে কমিসানরেরা যেরূপে উচিত বোধ করেন সেইরূপে প্রতিজ্ঞা করাইতে পারিবেন। কিন্তু ইহার কোন কথাতে ঐ কমিসানরেরদের হলফ কি প্রতিজ্ঞা করাইয়া সাক্ষ্য লওয়া আবশ্যক হইবেক না, কেবল যে স্থলে উচিত কি বিহিত বোধ করেন সেই স্থলে করাইবেন ইতি।

[সাক্ষিরদের হাজির হইতে ত্রুটিপ্রভৃতি করিবার কথা।]

১৬ ধারা। যাহার নামে কোন সমন দেওয়া যায় সেই জনের যে স্থানে হাজির হইবার সমন হয় তাহা তাহার বাসস্থানহইতে পঞ্চাশ মাইলের মধ্যে হইলে, ও সেই সমন তাহাকে দিয়া কি তাহার নিয়ত বাসস্থানে রাখিয়া তাহার উপর জারী হইলে, সেই জন উপযুক্ত কারণ না থাকিতেও যদি ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে ঐ কমিসানরেরদের সম্মুখে হাজির হইতে ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিসানরেরা স্থির করিবেন,) কিম্বা যদি হলফ করিতে কি বিষয়বিশেষে প্রতিজ্ঞা করিতে স্বীকার না করে, কিম্বা উক্ত কমিসানরেরদের যেং বিষয়ের তদন্ত করিতে হুকুম হইল কি ইহার পরে হুকুম হয়, এমত কোন বিষয়ে যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর যদি না করে, কিম্বা ঐ কমিসানরেরদের যেং বিষয়ের তদন্ত করিতে হয় তাহার প্রকৃত ভাব জানিবার জন্যে তাঁহারা যেং কাগজপত্র কি বহী কি দলীল কি লিপি আবশ্যক বুঝেন, ঐ সমনকরা লোকের দখলে কি এখ্তিয়ারে থাকা এমত কোন কাগজপত্রপ্রভৃতি যদি সেই লোক উপযুক্ত কারণ না থাকিতেও আনিতে ও উক্ত কমিসানরেরদিগকে দেখাইতে স্বীকার না করে কি ত্রুটি করে (ও সেই কারণ উপযুক্ত কি না তাহা উক্ত কমিসানরেরা স্থির করিবেন) তবে দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার প্রধান যে আদালতের এলাকার সীমার মধ্যে ঐ লোক বাস করে, সেই আদালতে উপস্থিত থাকা কোন মোকদ্দমায় ঐ লোক হাজির হইতে ত্রুটি করিলে, কিম্বা সেই মোকদ্দমায় যে কোন ইমু নিক পণ হয় তাহার বিষয়ে হলফ করিতে কি সাক্ষ্য দিতে

per, deed, or writing as aforesaid, as the principal Court of original Civil jurisdiction within the limits of which the said person shall be residing, may by law exercise against any person for making default of appearance, or for refusing to be sworn or to give evidence on any issue joined in any action depending in such Court.

[Expenses of witnesses.]

XVII. Whenever a summons is issued for the attendance of a witness under this act, the Commissioners may if they think fit order such witness to receive from the Collector such travelling and other expenses as he would have been entitled to receive had he been summoned to appear and give evidence in the principal Court of original Civil jurisdiction in the District

[Punishment for false evidence.]

XVIII Every person who, upon examination upon oath or affirmation before the Commissioners aforesaid, shall wilfully give false evidence, shall be liable to the punishment of perjury.

M. Wylie,
Clerk of the Council.

The following Bill, as read a second time in the Legislative Council on the 24th March 1860, is referred to in the foregoing Act —

A Bill to enforce the fulfilment of Indigo Contracts

[Preamble]

Whereas it is expedient, pending a commission of enquiry into the practice of Indigo planting in Bengal, which the Executive Government purposes to appoint after the close of the present season of cultivation, to make temporary provision for enforcing by summary process the execution of agreements entered into for the cultivation of Indigo plant, and better to provide for the punishment of certain unlawful acts connected with such cultivation; It is enacted as follows :—

Magistrate may on complaint, issue summons for appearance of a person who has received a cash advance and delays or neglects to cultivate land according to agreement.]

কার্য্যের কমিসানরেরদের নিকটে আপীল করিবার অনুমতি আছে, তবে যাঁহার এ টাক্স ধার্য্য হইয়াছে কি বসান গিয়াছে তিনি উপযুক্ত বোধ করিলে, ও যে এলাকাতে কি প্রদেশে তাঁহার ঐ টাক্স বসান যায় তাহাতে যদি বিশেষ কার্য্য করিবার কোন কমিসানরেরা নিযুক্ত থাকেন, তবে তদ্রূপ স্থলে সাধারণ কার্য্যের কমিসানরদিগকে আপীল করিবার এত্তেলা যে মিয়াদের মধ্যে দিতে হইবেক, সেই মিয়াদের মধ্যে তিনি আসেসরদিগকে লিখিয়া ঐ আপীল করিবার এত্তেলা দিলে, তিনি সাধারণ কার্য্যের ঐ কমিসানরেরদের নিকটে আপীল না করিয়া, ঐ এলাকার কি প্রদেশের বিশেষ কার্য্যের কমিসানরেরদের নিকটে আপীল করিতে পারিবেন।

২ প্রকরণ। তাহা করিলে, ঐ এলাকার কি প্রদেশের বিশেষ কার্য্যের কমিসানরেরা সেইরূপ প্রত্যেক আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন, ও সেই বিষয়ে বিশেষ কার্য্যের উক্ত কমিসানরেরদের যে নিষ্পত্তি হয় তাহা শেষ ও চূড়ান্ত হইবেক। কেবল ৬১ ধারাতে যে উপরি টাক্সের বিধান আছে সেই বিধানমতে তাঁহারা ঐ উপরি টাক্স হইতে পারিবেক।

৩ প্রকরণ। কিন্তু যে২ লোকের আয় বৎসরে ২০০৲ টাকার কি ৫০০৲ টাকার কম হয়, তাঁহারদের যে ক্ষমা কি রেয়াইৎ হইবার অনুমতি এই আইনে দেওয়া যাইতেছে, সেই ক্ষমা কি রেয়াইৎ পাইবার দাওয়া যাঁহারা করেন, তাঁহারা বিশেষ কার্য্যের ঐ কমিসানরেরদের নিকটে আপীল করিতে পারিবেন না। কিন্তু সেই প্রকারের প্রত্যেক দাওয়ার নিষ্পত্তি সাধারণ কার্য্যের কমিসানরেরা করিবেন ইতি।

[যে সকল টাক্স ধার্য্য হইয়াছে তাহার ফর্দ্দ এলাকার রাজস্বের কমিসানর সাহেবেরদের নিকটে কমিসানরেরদের পাঠাইবার কথা।]

৬৪ ধারা। সাধারণ কার্য্যের কমিসানরেরা, যত টাকা টাক্স ধার্য্য করেন, তাহা আপন২ টাক্সের বহীতে লেখাইয়া রাখিবেন। ও তাঁহারা যত টাকা টাক্স বসান তাহার হিসাব করিয়া সময়ে২ এলাকার রাজস্বের কমিসানর সাহেবের নিকটে পাঠাইবেন, ও কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইতে ও পূর্ব্বোক্ত বসতি স্থানে এই২ স্থানের রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেবেরদের নিকটে পাঠাইবেন। তাহাতে এক২ জনের যত টাকা ধার্য্য হইয়াছে তাহা বিশেষ করিয়া লিখিবেন। ও এই আইনের আজ্ঞামতের বেওরা লিখিয়া এই২ হিসাব পৃথক করিয়া করা যাইবেক। আরো তাঁহারা যে২ লোকের টাক্স ধার্য্য করিয়াছেন তাঁহার নামের ও ব্যবসায়াদি বেওসার ও বাসস্থানের ফর্দ্দ এই২ প্রস্তুত করিয়া সুবিধামতে শীঘ্র করিয়া এ কমিসানর সাহেবেরদের, কিম্বা রাজস্বের পূর্ব্বোক্ত প্রধান কার্য্যকারক সাহেবেরদের নিকটে পাঠাইবেন ইতি।

পঞ্চম খণ্ড।

ট্রষ্টীরদের ও বিশেষ শ্রেণীর যে লোকেরদের টাক্স লাগিতে পারে তাঁহারদের বিষয়ের কথা।

[অক্ষম লোকেরদের ট্রষ্টীরদের [illegible] টাক্স লাগিবার কথা।]

৬৫ ধারা। কোন ব্যক্তি নাবালগ হয়, কিম্বা পূর্ব্বোক্তমতে ইঙ্গলণ্ডীয় আইনের অধীন বিবাহিতা স্ত্রীর, কি ক্ষেপা লোকের ট্রষ্টী কি অলিকিক সম্পত্তিরক্ষক কি কমিটি হইয়া, যদি ঐ নাবালগের কি বিবাহিতা স্ত্রীর কি ক্ষেপার সম্পত্তি কি বিষয়ব্যাপার তাঁহার আজ্ঞায় কি

fant, married woman, or lunatic, whether such infant, married woman, or lunatic, shall reside in India, or not, shall be chargeable to the said Duties in like manner and to the same amount as would be charged, if such infant were of full age, or such married woman were sole, or such lunatic were capable of acting for himself.

[Agents, Factors, and Receivers of Non-residents to be charged.]

LXVI. Any person not re-ident in India, whether a subject of Her Majesty or not, being in the receipt through any agent, factor, or receiver, of any profits or income chargeable under this Act, shall be chargeable in the name of such agent, factor, or receiver having the receipt in India of such profits or income belonging to such person, in the like manner and to the like amount as would be charged if such persons were resident in India, and in the actual receipt thereof.

[Trustees, Guardians, Agents, &c., required to do all acts necessary for the assessment of their principals.]

LXVII. 1. Every such trustee, guardian, curator, or committee in the 65th Section mentioned, and every such agent, factor, or receiver in the 66th Section mentioned, shall be answerable for the doing of all such acts and things as shall be required to be done by virtue of this Act, in order to the assessing of any such person to the Duties granted by this Act, and paying the same.

Provided, that no trustee, who shall have authorised the receipt of the profits or income arising from trust property by the person entitled thereunto, or by the agent of such last-mentioned person, and which person shall actually receive the same under such authority, nor any agent, or factor, or receiver, of any person, being of full age, and resident in India, and being under no disability, as a married woman subject to the law of England, or a lunatic, who shall return a list in the manner herein required, of the name and residence of such person, and of the assessment so authorised to be received, shall be required to do any other act for the purpose of assessing such person, unless the Commissioners, acting in the execution of this Act in respect of the assessment to be made on such person, shall require the testimony of such trustee, agent, or receiver, in pursuance of the authority by this Act given.

[Trustees or Agents of persons of full age, (being resident in India) only required to deliver a list of names and residences of principals.]

LXVIII. 1. Every person who shall act in any character aforesaid for any other person, who, by reason of any such incapacity as aforesaid, or by reason of his not being resident in India, cannot be personally charged by virtue of this Act, shall

[*Government Gazette, 8th May*, 1860.]

কর্তৃত্বের কি তত্ত্বের অধীনে থাকে, তবে সেই নাবালগ কি বিবাহিতা স্ত্রী কি ক্ষেপা ভারতবর্ষে বাস করুন কি না করুন ঐ ট্রষ্টীপ্রভৃতির ঐ টাক্স লাগিতে পারিবে। অর্থাৎ সেই নাবালগ বয়ঃপ্রাপ্ত লোক হইলে, কিম্বা সেই বিবাহিতা স্ত্রী অবিবাহিতা হইলে, কিম্বা সেই ক্ষেপা লোক আপনার কার্য্য আপনি নির্ব্বাহ করিতে সক্ষম হইলে, তাঁহারদের যে প্রকারে ও যত টাকা টাক্স লাগিত, সেই প্রকারে ঐ ট্রষ্টীপ্রভৃতির তত টাক্স লাগিবে ইতি।

[যাঁহারা ভারতবর্ষে বাস না করেন তাঁহারদের গোমাশ্তারদের ও কারকুনেরদের ও রিসীবরেরদের এ টাক্স লাগিবার কথা।]

৬৬ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হইয়া কি না হইয়া যে কোন লোক ভারতবর্ষে বাস করেন না, কিন্তু এই আইনমতে যে প্রাপ্তির কি আয়ের উপর টাক্স লাগিতে পারে তাহা কোন গোমাশ্তার কি কারকুনের কি রিসীবরের দ্বারা পাইয়া থাকেন, তাঁহার ঐ লাভ কি আয় ভারতবর্ষে যে গোমাশ্তা কি কারকুন কি রিসীবর আদায় করেন তাঁহার নামে ঐ টাক্স তাঁহার উপর বসান যাইবে, অর্থাৎ সেই লোক আপনি ভারতবর্ষে বাস করিয়া ঐ আয় আদায় করিলে তাঁহার যে প্রকারে ও যত টাকা টাক্স লাগিত সেই প্রকারে ঐ গোমাশ্তা প্রভৃতির তত টাক্স লাগিবে ইতি।

[আসল ব্যক্তিরদের টাক্স বসাইবার জন্যে যে সকল কার্য্যের আবশ্যক হয় তাহা ঐ ট্রষ্টী ও অলি ও গোমাশ্তাপ্রভৃতির করিবার কথা।]

৬৭ ধারা।—১ প্রকরণ। উক্ত প্রকারের কোন লোকের যে টাক্স এই আইনমতে লাগে তাহা ধার্য্য ও আদায় করিবার জন্যে এই আইনের শক্তিক্রমে যে সকল কার্য্য ও বিষয় করিবার আজ্ঞা হয় তাহা করিবার বিষয়ে, ৬৫ ধারার লিখিত প্রত্যেক জন ট্রষ্টী কি অলি কি সম্পত্তিরক্ষক কি কমিটি ও ৬৬ ধারার লিখিত প্রত্যেক জন গোমাশ্তা কি কারকুন কি রিসীবর দায়ী হইবেন।

২ প্রকরণ। কিন্তু কোন ট্রষ্টীর নিকটে যে সম্পত্তি আমানৎ থাকে তাহাতে যে কিছু লাভ কি আয় হয়, তাহা আদায় করিবার ক্ষমতা যদি ঐ ট্রষ্টী ঐ আয় পাইবার স্বত্ববান ব্যক্তিকে কিম্বা তাঁহার গোমাশ্তাকে দেন, ও সেই ক্ষমতাক্রমে যদি ঐ লোক নিতান্ত ঐ আয় প্রাপ্ত হন, কিম্বা কোন লোক বয়ঃপ্রাপ্ত হইয়া, ও ভারতবর্ষে বাস করিয়া, ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা বিবাহিতা স্ত্রী না হইয়া কি ক্ষেপা না হইয়া কোন প্রকারে অক্ষম না হইলে, যদি তাঁহার কোন গোমাশ্তা কি কারকুন কি রিসীবর এই আইনের বিধানমতে তাঁহার নামের ও বাসস্থানের, ও উক্ত প্রকারে যে টাক্স আদায় করিবার অনুমতি হয় তাহার ফর্দ্দ দেন, তবে সেই লোকের টাক্স ধার্য্য করিবার জন্যে তাঁহারদের অন্য কোন কার্য্য করিতে আজ্ঞা হইবেক না। কেবল সেই লোকের উপর যে টাক্স বসাইতে হইবেক তাহার বিষয়ে যে কমিস্যনরেরা কার্য্য করেন তাঁহারা এই আইনমতে যে শক্তি পাইয়াছেন তদনুসারে যদি ঐ ট্রষ্টীর কি গোমাশ্তার কি রিসীবরের সাক্ষ্য চাহেন তবে তাহা লইতে পারিবেন ইতি।

[ভারতবর্ষনিবাসি বয়ঃপ্রাপ্ত লোকেরদের ট্রষ্টীরদের কি গোমাশ্তারদের আসল ব্যক্তির নামের ও বাসস্থানের ফর্দ্দমাত্র দিতে হইবার কথা।]

৬৮ ধারা।—১ প্রকরণ। কোন লোক পূর্ব্বোক্তমতে অক্ষম হওয়াতে, কিম্বা ভারতবর্ষে বাস না করাতে, যদি নিজ তাঁহার উপর এই আইনমতে টাক্স বসান যাইতে না পারে, তবে তাঁহার নিমিত্তে যে লোক পূর্ব্বোক্ত প্রকারে ট্রষ্টীপ্রভৃতির কর্ম্ম করেন, তিনি উক্ত নিয়মের

also, within the like period, deliver in the manner herein directed, and in the same District in which the person delivering such list ought to be charged on his own account, a true and correct statement, in writing, signed by him, of the amount of the income and profits to be charged on him on account of such other person, estimated during the period, and according to the rules contained in the said respective Schedules, together with such declaration of the manner of estimating the same as aforesaid.

মধ্যে এই ধারার লিখিত বিধানমতে কর্দ্দ দাখিল করিবেন, অর্থাৎ ঐ অন্য লোকের নিমিত্তে তাঁহার উপর যে লাভের ও আয়ের জন্যে টাক্স বসান যাইবে, তাহা যত টাকা হয় ইহার হিসাব ঐ২ তফসীলের লিখিত কালের নিমিত্তে ও তাহার বিধানমতে করিয়া, তাহার যথার্থ ও ঠিক কৈফিয়ৎ লিখিয়া ও তাহার হিসাব করিবার নিয়মের নিশ্চয়ার্থক কথা পূর্ব্বোক্তমতে লিখিয়া দস্তখৎ করিবেন, ও আপনার নিমিত্তে যে প্রদেশে তাঁহার উপর টাক্স বসান উচিত সেই প্রদেশে দাখিল করিবেন।

2 Provided, always, that where two or more such persons shall be liable to be charged for the same person, one return only shall be required, and such return shall be made by them jointly, or by one or more of them, on behalf of himself or themselves, and the rest of the persons so liable; and it shall be lawful for them to give notice, in writing, to the Commissioners acting in each District where they shall be called upon for such statement, in what District or place, or Districts or places they are respectively chargeable by this Act on their own account, and in which of the said Districts or places they are desirous of being so charged on the behalf of such other person for whom they so act in any of the characters before mentioned, and they shall be assessed accordingly by one assessment in such District or place, provided any one of such persons shall be liable to be charged on his own account in such District or place.

২ প্রকরণ। কিন্তু যদি একি জনের নিমিত্তে দুই কি ততোধিক লোকের উপর টাক্স বসান যাইতে পারে, তবে কেবল এক কর্দ্দ দিবার প্রয়োজন হইবে, সেই কর্দ্দ তাঁহারা একত্রে করিবেন, কিম্বা তাঁহারদের এক কি অধিক জন আপনার কি আপনারদের নিমিত্তে এবং অন্য যে লোকেরা সেই প্রকারে দায়ী হন তাঁহারদের নিমিত্তেও ঐ কর্দ্দ করিবেন। ও সেই কৈফিয়ৎ লিখিতে তাঁহারদিগকে যে প্রদেশের মধ্যে আজ্ঞা হয়, সেই প্রদেশের কর্ম্মকারি কমিস্যানরদিগকে তাঁহারা এত্তেলা দিয়া, নিজ২ করিবে যে প্রদেশে কি স্থানে কি যে২ প্রদেশে কি স্থানে তাঁহারদের এই আইনমতে টাক্স লাগিতে পারে এই কথা, ও যাঁহার তরফে তাঁহারা ঐ ট্রষ্টীপ্রভৃতির কর্ম্ম করেন তাঁহার নিমিত্তে উক্ত যে প্রদেশে কি স্থানে তাঁহারদের উপর টাক্স বসান যায় ইহাতে তাঁহারদের যে ইচ্ছা এই কথা জানাইতে পারিবেন। তাহাতে যদি সেই প্রদেশে কি স্থানে তাঁহারদের কোন এক জনের আপনার নিমিত্তে টাক্স বসান যাইতে পারে, তবে সেই প্রদেশে কি স্থানে তাঁহারদের উপর ঐ লোকের জন্যে মোটে টাক্স ধার্য্য হইবেক।

3. If more than one assessment shall be made on such persons, or any of them, on the same account, relief shall be granted for such double assessment by like applications to the Commissioners, as are allowed in other cases by this Act.

৩ প্রকরণ। যদি একি সম্পত্তিপ্রভৃতির বাবতে তাঁহারদের উপর কি তাঁহারদের কোন কাহারদের উপর একবারের অধিক টাক্স বসান যায়, তবে অন্যান্য স্থলে কমিস্যানরেরদের নিকটে যেরূপ দরখাস্ত করিবার অনুমতি এই আইনে হইয়াছে সেইরূপে দরখাস্ত করিলে, তাঁহারা ঐ দোহারা টাক্সহইতে মুক্ত হইতে পারিবে।

[Receiver or Manager of Trust Property chargeable.]

[আম'নৎকরা সম্পত্তির রিসীবরের কি সরবরাহকারের টাক্স লাগিবার কথা।]

LXIX. The receiver or manager appointed by any Court in India, whether constituted by Royal Charter or not, or having the direction and control of any property in respect whereof a Duty is charged by this Act, whether the title to such property shall be uncertain or not, or subject to any contingency or not, shall be chargeable to the said Duties in like manner and to the like extent as the persons entitled thereto would be chargeable, if in actual possession of the said property, and if the title thereto were certain and not subject to any contingency whatever.

৬৯ ধারা। ভারতবর্ষের কোন আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হউক কি না হউক, এমত আদালতহইতে নিযুক্ত কোন রিসীবরেরকি সরবরাহকারের উপর, কিম্বা এই আইনমতে যে সম্পত্তির উপর টাক্স বসান যাইতে পারে সেই সম্পত্তির স্বত্ব অনিশ্চিত হউক কি না হউক, কিম্বা আগন্তুক কোন ঘটনার অপেক্ষাতে প্রাপ্য হউক কি না হউক, ঐ সম্পত্তি যাঁহার তত্ত্বের কি কর্তৃত্বের অধীনে থাকে, এমত কোন রিসীবরের কি সরবরাহকারের উপর ঐ টাক্স বসান যাইবে। অর্থাৎ ঐ সম্পত্তি স্বত্ববান লোকেরদের নিজ অধিকারে নিতান্ত থাকিলে, ও তাহাতে তাঁহারদের স্বত্ব নিশ্চিত হইলে ও আগন্তুক কোন ঘটনার অপেক্ষা না থাকিলে, ঐ লোকেরদের যে প্রকারে ও যত টাক্স ধার্য্য হইত সেই প্রকারে ঐ রিসীবরপ্রভৃতির তত টাক্স লাগিবে।

[Court of Wards is to be charged for property in its control.]

[কোর্ট ওয়ার্ডসের অধীনে যে সম্পত্তি থাকে তাহার নিমিত্তে ঐ কোর্টের টাক্স লাগিবার কথা।]

LXX. The Courts of Wards in the Presidencies of Fort William, Fort St. George and Bombay and in any other parts of British India wherein such Courts shall be established, shall, in respect of all property, profits, and incomes chargeable with any Duty under this Act, in the direction and control

৭০ ধারা। কোর্ট উলিয়ম [illegible] কলিকাতাতে ও মান্দ্রাজে ও বোম্বাইতে ও ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের অন্য যে কোন স্থানে কোর্ট [illegible] স্থাপন হয়, সেই স্থানে এই আইনমতের কোন টাক্স যাহাতে লাগিতে পারে এমত সম্পত্তি ও লাভ ও আয় ঐ কোর্টের কর্তৃত্বের ও তত্ত্বের অধীনে থাকিলে, ঐ কোর্ট যে যাবি-

of such Courts, whether the proprietors on whose behalf the said Court shall have such direction or control, be or continue disqualified or not, so long as the said Court shall have such direction or control, shall be chargeable to the said Duties in the like manner and to the like extent as the proprietors of such property, if not disqualified, and in actual possession thereof would be chargeable.

[Administrators General are to be charged for all property in their possession and control.]

LXXI. Every Administrator General of Bengal, Madras and Bombay respectively, shall be chargeable under this Act in respect of all property, profits, and income in possession or control, either under or by virtue of any letter of administration or *ad colligenda* or by virtue of any probate granted to him as executor of any will, or of any appointment as curator, or as official trustee

[Receivers, Managers, Court of Wards and Administrators General are required to do all acts under this Act.]

LXXII. Every such receiver or manager, every such Court of Wards, and every such Administrator General respectively shall be answerable for doing all such matters and things, and for delivering all such lists, declarations and statements as shall be required to be done as declared by virtue of this Act, in order to the assessing of the Duties imposed by this Act in respect of the several properties, profits, and income under their charge respectively, and in order to the payment of the same.

[Corporations, Companies, and Societies charged with Duties, and their Officers to do all acts required for assessment.]

LXXIII. 1. All Bodies Politic or Corporate, or Collegiate, and all Companies or Societies of persons, whether corporate or not corporate, and the property thereof, shall be chargeable with such and the like Duties, and be liable to such and the like remedies, as any person and his property will, under this Act, be chargeable with and liable unto.

2. When such Body, Company, or Society shall be registered under Act XIX. of 1857, or under any other Act of the Governor General of India in Council, the registered Officers of such Body, Company, or Society, and where it shall not be so registered, the Secretary or Principal Agent or Manager in India shall be answerable for doing all such acts and things as shall be required to be done by virtue of this Act, in order to the assessing such Body Corporate, Company or Society to the Duties imposed by this Act, and paying the same.

3. The Treasurer of such Body Corporate, Company, or Society, whether the same be registered

[*Government Gazette, 8th May*, 1860.]

কেরদের তরফ হইয়া সেই কর্তৃত্ব কি ভক্ত করেন তাঁহারা অক্ষম হউন কি অক্ষম হইয়া থাকুন কি না থাকুন, ঐ কোর্টের যত কাল ঐ কর্তৃত্ব কি ভক্ত থাকে তত কাল ঐ সম্পত্তির নিমিত্তে ঐ কোর্টের টাক্স লাগিবে। অর্থাৎ ঐ সম্পত্তির মালিকেরা অক্ষম না হইলে ও সেই সম্পত্তির অধিকার নিতান্ত প্রাপ্ত হইলে, তাঁহারদের যে প্রকারে যত টাক্স দিতে হইত ঐ কোর্টের সেই প্রকারে তত টাক্স লাগিবে ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরদের দখলে ও কর্তৃত্বে যত সম্পত্তি থাকে তাহার নিমিত্তে তাঁহারদের টাক্স লাগিবার কথা।]

৭১ ধারা। বাঙ্গলা দেশের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরা (লেটর্স অফ আডমিনিষ্ট্রেশ্যন কিম্বা আড কালিজেণ্ডা বোনা অর্থাৎ) সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিবার কিম্বা সম্পত্তি সংগ্রহ করিবার যে ক্ষমতাপত্র পান, কিম্বা কোন উইলের অংশস্বরূপে যে কোন প্রোবেট পান তদ্রূপে, কিম্বা সম্পত্তি রক্ষকের কি সম্পত্তির সরকারী ট্রষ্টীর পদে থাকাপ্রযুক্ত, তাঁহারদের অধিকারে কি কর্তৃত্বে যে সকল সম্পত্তি ও লাভ ও আয় থাকে, তাহার নিমিত্তে তাঁহারদের এই আইনমতে টাক্স লাগিতে পারিবেক ইতি।

রিসীবরেরদের ও সরবরাহকারেরদের ও কোর্ট ওয়ার্ডসের ও আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরদের এই আইনমতের সকল কার্য্য করিতে হইবার কথা।]

৭২ ধারা। উক্ত প্রকারের রিসীবরের ও সরবরাহকারের ও এই কোর্ট ওয়ার্ডসের ও এই আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের জিম্মায় যে সকল সম্পত্তি ও লাভ ও আয় থাকে, তাঁহার উপর এই আইনমতের টাক্স ধার্য্য করিবার ও সেই টাকা দিবার জন্যে এই আইনের শক্তিক্রমে যে সকল কার্য্য ও বিষয় করিবার ও যে সকল ফর্দ্দ ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ দাখিল করিবার আজ্ঞা হয়, তাহার নিমিত্তে তাঁহারা দায়ী হইবেন ইতি।

[চার্টরপ্রাপ্ত সমাজের ও কোম্পানির ও সোসাইটির উপর টাক্স বসাইবার কথা ও সেই টাক্স ধার্য্য হইবার সকল কর্ম্ম এই সোসাইটিপ্রভৃতির কার্য্যকারকেরদের করিবার কথা।]

৭৩ ধারা।—১ প্রকরণ। দেশীয় কি বিশেষ কোন কার্য্যের নিমিত্তে চার্টরপ্রাপ্ত সকল সমাজ ও কালেজ সংস্থাপক সমাজ, ও চার্টরপ্রাপ্ত হইলে কি না হইলেও সকল কোম্পানি কি সোসাইটি অর্থাৎ সমাজভুক্ত সকল লোকের ও তাঁহারদের সম্পত্তির উপর টাক্স বসান যাইবে, অর্থাৎ এই আইনমতে কোন লোকের ও তাঁহার সম্পত্তির যেমতে টাক্স লাগে ও তাঁহার যেমতের উপায় থাকে, ঐ সমাজপ্রভৃতির সেইরূপে টাক্স লাগিবে ও তাঁহারদের সেইমতের উপায় থাকিবে।

২ প্রকরণ। সেই সমাজ কি কোম্পানি কি সোসাইটি যদি ১৮৫৭ সালের ১৯ আইনমতে, কিম্বা ইস্ট ইণ্ডিয়া কোম্পানির অন্য কোন আইনমতে রেজিষ্টর করা যায়, তবে ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির যে টাক্স এই আইনমতে লাগিবে তাহা ধার্য্য ও আদায় করিবার জন্যে এই আইনমতে যে সকল বিষয় ও কার্য্য করিবার আজ্ঞা হয়, তাহা করিবার নিমিত্তে ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির রেজিষ্টরীওয়ালা কার্য্যকারকেরা দায়ী হইবেন, কিম্বা যদি রেজিষ্টরী না হয় তবে ভারতবর্ষে যিনি সেক্রেটারী কি প্রধান কর্ম্মকারক কি কর্ম্মাধ্যক্ষ হন তিনি ঐ কর্ম্মের বিষয়ে দায়ী হইবেন।

৩ প্রকরণ। ঐ চার্টরপ্রাপ্ত সমাজ কি কোম্পানি কি সোসাইটি উক্তমতে রেজিষ্টরী হইলে কি না হইলেও

as aforesaid or not, shall be also answerable for the payment of the said Duties, when assessed as aforesaid.

[Officers of Corporation, Companies, and Societies are required to deliver correct statements.]

LXXIV. 1. Every Officer in the second Clause of the last preceding Section described, of any Corporation, Company, or Society, shall also, within the period required by this Act, prepare and deliver in the form and manner prescribed in this Act, a true and correct statement of the profits and gains to be charged on such Corporation, Company, or Society, computed according to the directions of this Act, together with such declaration of the manner of estimating the same as aforesaid.

2. Such estimate shall be made on the amount of the annual profits and gains of such Corporation, Company, or Society, before any dividend shall have been made thereof to any other persons, corporations or companies having any share, right or title in, or to such profits or gains, and all such other persons and Corporations or Companies shall allow out of such dividends a proportionate deduction in respect of the Duty so charged.

[Trustees, Agents, and Receivers, may retain Duties charged on them out of trust monies.]

LXXV. Where any person being trustee, guardian, tutor, curator, or committee, or being agent, factor, or receiver of or for any person, shall be assessed under this Act in respect of such person; or where any receiver appointed by any Court or any Court of Wards, or any Administrator General, shall be assessed under this Act in respect of the property, profits or incomes received by them in their character respectively: or where any Secretary, Agent, Manager or other Officer of any Corporation, Company, or Society shall be so assessed in respect of such Corporation, Company or Society as aforesaid, it shall be lawful for every such person, who shall be so assessed, by and out of the money which shall come to his hands as such trustee, agent, factor or receiver, guardian, tutor, committee, or curator as aforesaid: or as such receiver, Court of Wards, or Administrator General as aforesaid: or as such Secretary, Manager, Agent, or other Officer, to retain so much and such part thereof from time to time as shall be sufficient to pay such assessment; and each and every of the said persons enumerated in this Section, shall be fully indemnified against every person, Corporation, Company, or Society whatsoever, for all payments which he shall make in pursuance and by virtue of this Act.

[Married woman (subject to English law) having separate property chargeable]

LXXVI. 1. Any married woman subject to the law of England in regard to her coverture, acting as a sole trader in her own name, or having or being entitled to any property or profits to her sole

তাহার টাক্স পূর্ব্বোক্তমতে ধার্য্য হইলে ঐ টাক্সের টাকা আদায়ের জন্যে ঐ সমাজপ্রভৃতির ট্রেজুরর (অর্থাৎ খাজাঞ্চী) দায়ী হইবেন ইতি।

[সমাজের ও কোম্পানির ও সোসাইটির কার্য্যকারকদিগের যথার্থ কৈফিয়ৎ দাখিল করিতে হইবার কথা।]

৭৪ ধারা।—১ প্রকরণ। ইহার পূর্ব্বের ধারার দ্বিতীয় প্রকরণে চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির যে কার্য্যকারকদের কথা লেখা আছে, তাঁহারদের প্রত্যেক জন ঐ চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির যত প্রাপ্তি ও লাভ ধরিতে হইবেক তাহার হিসাব, এই আইনের বিধানমতে করিয়া, তাহার যথার্থ ও ঠিক কৈফিয়ৎ ও ঐ হিসাব যে প্রকারে করা গেল তাহার পূর্ব্বোক্তমতের নিশ্চয়ার্থক কথা এই আইনের নির্দ্দিষ্ট পাঠে ও নিয়মমতে প্রস্তুত করিয়া, এই আইনের নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল করিবেন।

২ প্রকরণ। ঐ চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির বৎসরে যত প্রাপ্তি ও লাভ হয়, তাহাতে অন্য যে লোকেরদের কি চার্টরপ্রাপ্ত যে সমাজের কি কোম্পানির কোন অংশ কি স্বত্ব কি অধিকার থাকে, তাঁহারদিগকে ঐ প্রাপ্তির কি লাভের কোন ডিবিডেণ্ড দিবার পূর্ব্বে ঐ প্রাপ্তি মবলগ ধরিয়া ঐ হিসাব করিতে হইবে। ও সেই অন্য সকল লোক ও চার্টরপ্রাপ্ত সমাজ কি কোম্পানি ঐ ধার্য্যকরা টাক্সের জন্যে ঐ ডিবিডেণ্ড হইতে হারহারিমতে বাদ দিবার অনুমতি দিবেন ইতি।

[ট্রষ্টীরদের ও গোমাশ্তারদের ও রিসীবরেরদের যে টাক্স লাগে তাহা আমানৎকরা টাকাহইতে কাটিয়া লইতে পারিবার কথা।]

৭৫ ধারা। কোন লোক ট্রষ্টী কি অলি কি তরিবৎকারী কি সম্পত্তিরক্ষক কি কমিটি হইয়া, কিম্বা গোমাশ্তা কি কারকুন কি রিসীবর হইয়া যদি অন্য লোকের জন্যে তাঁহার এই আইনমতে টাক্স ধার্য্য হয়, কিম্বা কোন আদালত কি কোর্ট ওয়ার্ডসহইতে নিযুক্ত কোন রিসীবর কিম্বা কোন আডমিনিষ্ট্রেটর জেনরল সেই২ কর্ম্মোপলক্ষে যে সম্পত্তি কি লাভ কি আয় প্রাপ্ত হন, তাহার নিমিত্তে যদি এই আইনমতে তাঁহারদের টাক্স ধার্য্য হয়, কিম্বা কোন চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির নিমিত্তে যদি ঐ চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির কোন সেক্রেটারীর কি কর্ম্মকারকের কি কর্ম্মাধ্যক্ষের কি অন্য কার্য্যকারকের সেইরূপে টাক্স ধার্য্য হয়, তবে যাঁহার উপর এ টাক্স ধার্য্য হয়, তাঁহার হাতে পূর্ব্বোক্ত ট্রষ্টীরূপে কি গোমাশ্তা কি কারকুন কি রিসিবর কি অলি কি তরীবৎকারী কি কমিটি কি সম্পত্তিরক্ষকস্বরূপে কিম্বা পূর্ব্বোক্তমতে রিসীবর কি কোর্ট ওয়ার্ডস কি আডমিনিষ্ট্রেটর জেনরলস্বরূপে, কিম্বা সেক্রেটারী কি কর্ম্মাধ্যক্ষ কি এজেণ্ট কি অন্য কার্য্যকারকস্বরূপে যে সকল টাকা আইসে, তাহাহইতে যত ও যে অংশ ঐ টাক্স দিবার উপযুক্ত হয় তত টাকা সময়ে২ কাটিয়া রাখিতে পারিবেন। ও এই ধারায় লিখিত প্রত্যেক ব্যক্তি এই আইনানুসারে ও এই আইনের শক্তিক্রমে যে সকল টাকা দেন, তাহার নিমিত্তে অন্য কোন ব্যক্তিহইতে ও চার্টরপ্রাপ্ত সমাজ ও কোম্পানি ও সোসাইটিহইতে তাঁহারদের কোন দায় হইবে না ইতি।

[যাহার উপর টাক্স লাগিবে ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা বিবাহিতা স্ত্রীর এমত কিছু সম্পত্তি থাকিবার কথা।]

৭৬ ধারা।—১ প্রকরণ। কোন বিবাহিতা স্ত্রী যদি স্বামির আশ্রয়াধীনে থাকার বিষয়ে ইঙ্গলণ্ডের আইনের অধীনা হইয়া, আপনার নামে একলা বাণিজ্য কর্ম্ম করেন, কিম্বা তাঁহার একলা কি স্বতন্ত্র ব্যবহারের নিমিত্তে

or separate use, shall be chargeable to such and the like Duties, and in like manner, except as hereinafter is mentioned, as if she were actually sole and unmarried.

2. Provided, always, that the profits of any married woman subject to the law of England as aforesaid, living with her husband, shall be deemed the profits of the husband, and the same shall be charged in the name of the husband, and not in her name or of her trustee.

3. Provided also that any married woman subject to the law of England as aforesaid, living in India separate from her husband, whether such husband shall be temporarily absent from her or from India, or otherwise, who shall receive any allowance or remittance from property out of India, shall be charged as a *feme sole* if entitled thereto in her own right, and as the agent of the husband if she receive the same from or through him, or from his property, or on his credit.

যদি তাঁহার কোন সম্পত্তি কি প্রাপ্তি থাকে, কিম্বা সেই সম্পত্তিতে কি প্রাপ্তিতে অধিকার থাকে, তবে সেই স্ত্রী নিতান্ত একলা কি অবিবাহিতা হওয়ার মতে তাঁহার ঐ টাক্স লাগিতে পারিবে। কেবল ইহার পরে যে ফল বর্জিত হইয়াছে সেই ফলে লাগিবে না।

২ প্রকরণ। কিন্তু পূর্ব্বোক্তমতে ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা বিবাহিতা যে স্ত্রী আপন স্বামির সঙ্গে থাকেন, তাঁহার সকল প্রাপ্তি আপনার স্বামির প্রাপ্তি জ্ঞান হইবেক, ও তাঁহার স্বামির নামে তাঁহার টাক্স বসান যাইবেক, তাঁহার নামে কি তাঁহার ট্রষ্টীর নামে নয়।

৩ প্রকরণ। আরো, পূর্ব্বোক্তমতে ইঙ্গলণ্ডীয় আইনের অধীনা কোন বিবাহিতা স্ত্রী যদি ভারতবর্ষে স্বামিহইতে স্বতন্ত্র বাস করেন, ও তাঁহার স্বামী তাঁহাহইতে কি ভারতবর্ষহইতে কিঞ্চিৎ কালের নিমিত্তে কি প্রকারান্তরে প্রস্থান করিলে, যদি ঐ স্ত্রী ভারতবর্ষের বাহিরের কোন সম্পত্তিহইতে কিছু বৃত্তি কি টাকা পাইয়া থাকেন, তবে ঐ সম্পত্তিতে তাঁহার নিজ স্বত্বক্রমে অধিকার থাকিলে অবিবাহিতা স্ত্রীর মতে তাঁহার ঐ টাক্স ধার্য্য হইবে, কিন্তু যদি তিনি স্বামিহইতে কি তাঁহার দ্বারা কি স্বামির সম্পত্তিহইতে কি তাঁহার মাতব্বরীতে ঐ টাকা পান, তবে স্বামির গোমাশ্তাস্বরূপে তাঁহার ঐ টাক্স ধার্য্য হইবেক ইতি।

[Commissioners, Collectors, and Assessors to be charged with Duties as other persons.]

LXXVII. 1. The persons acting as Commissioners, Collectors, and Assessors in the execution of this Act shall be charged and assessed to all the Duties imposed by this Act if liable thereto, and shall deliver all such lists, declarations and statements, and shall do all such acts and things as shall be required to be delivered or done by this Act, and in order to the assessing of the said Duties in like manner as any other persons.

2. Provided, always, that any Commissioner, whose Statement or Schedule shall be under consideration, or shall be concerned or interested therein either for himself or for any other person in any character before described, shall have no voice, and shall not be present, except upon an appeal for the purpose of being examined *viva voce* by the Commissioners then having his assessment or Schedule under consideration, but shall withdraw during the consideration and determination thereof.

[To be continued.]

[কমিসানরেরদের ও কালেক্টরেরদের ও আসেসরেরদের অন্য লোকের মতে টাক্স লাগিবার কথা।]

৭৭ ধারা।—১ প্রকরণ। যাঁহারা এই আইনমতে কমিসানর ও কালেকটর ও আসেসর হইয়া কর্ম্ম করেন, তাঁহারা যদি এই আইনমতের টাক্সের যোগ্য হন তবে তাঁহারদেরও ঐ টাক্স লাগিবে। ও অন্য কোন লোকের মত তাঁহারদের ঐ টাক্স ধার্য্য হইবার জন্যে এই আইনের নির্দ্দিষ্ট হুকুমমতে যে সকল ফর্দ্দ ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ দাখিল করিতে ও যে সকল বিষয় ও কর্ম্ম করিতে হয় সেই সকল করিবেন ও দাখিল করিবেন।

২ প্রকরণ। কিন্তু কোন কমিসানরের কৈফিয়ৎ কি তফসীল যে সময়ে বিবেচনা হইতেছে, কিম্বা পূর্ব্বোক্ত কোন পদে থাকিয়া আপনার পক্ষে কি অন্য কোন লোকের পক্ষে যদি কোন কৈফিয়তে কি তফসীলে তাঁহার সম্পর্ক থাকে, তবে তাঁহার টাক্সের ফর্দ্দ কি তফসীল যে সময়ে বিবেচনা হইতেছে, সেই সময়ে তিনি কোন কথা কহিতে পাইবেন না, হাজিরও থাকিবেন না। কেবল আপীল করিলে কমিসানরেরদের সম্মুখে মৌখিক জবানবন্দী দিবার জন্যে হাজির হইবেন, কিন্তু তাহা বিবেচনা ও নির্দ্ধার্য্য করিবার কালে তিনি থাকিবেন না ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

APPOINTMENT.

The 26th April, 1860.

Baboo Juggobundoo, to officiate as Moonsiff of [illegible] during the absence on leave of the incumbent.

নিয়োগ।

১৮৬০ সাল ২৬ আপ্রিল।

জোয়ারসরপঙ্কের মুনসেফ ছুটী লইয়া যত কাল কর্ম্মে না আইসেন তত কাল শ্রীযুত জগবন্ধু বাবু তাঁহার কর্ম্ম করিবেন।

LEAVES OF ABSENCE.

The 20th April, 1860.

Baboo Nurrutt[illegible] Mullick, Moonsiff of Pandooah, Zillah Hooghly, [illegible] the 7th to the 21st instant, under Medical Certificate.

ছুটী।

১৮৬০ সাল ২০ আপ্রিল।

জিলা হুগলীর পেঁড়ুয়ার মুনসেফ শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি ২১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

The remaining portion of the leave of absence granted to Baboo Gourchunder Mojoomdar, Moonsiff of Kaguzpookeriah, Zillah Nuddea, is hereby cancelled.

The 26th April, 1860.

Moulvie Nussirooddeen, Moonsiff of Zorawurgunge, Zillah Chittagong, for six weeks, in extension, under Medical Certificate.

H. B. LAWFORD, *Offg. Register.*

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদারকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ইহাতে রহিত হইয়াছে।

১৮৬০ সাল ২৬ আপ্রিল।

জিলা চাটিগাঁয়ের জোরাবরগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী নসিরউদ্দীন চিকিৎসকের সর্টিফিকটক্রমে অধিক ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরূনর সাহেবের হুকুম।

২০৫৭ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২০ আপ্রিল।

বেহারের এজেন্টীতে আফীনের এক্টিং সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত টি এফ পেপ সাহেব (Mr. T. F. Peppe,) ঐ এজেন্টীতে আফীনের সব-ডেপুটী এজেণ্ট হইয়া বেতিয়াতে নিযুক্ত হইবেন।

বেহারের এজেন্টীতে আফীনের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে কসিরাট সাহেব (Mr. J. Cosserat,) ঐ এজেন্টীতে আফীনের সব-ডেপুটী এজেণ্ট হইয়া মতিহারিতে নিযুক্ত হইবেন।

শ্রীযুত জি বার্ণস সাহেব (Mr. G. Barnes,) ছাপরাতে আফীনের সব-ডেপুটী এজেণ্টের কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২১ আপ্রিল।

শ্রীযুত পাদরি জে রোফ সাহেব (Reverend J. Rofe,) ফোর্ট উলিয়ম কিলার ও জেনরল হাসপিটালের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ২৩ আপ্রিল।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাকেঞ্জি সাহেব (Mr. J. Mackenzie,) চাম্পারণে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৩০ আপ্রিল।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই জি মান্ সাহেব (Mr. E. G. Man,) পাবনাতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি নীলের করার ভঙ্গ হইবার নালিশের সরাসরীমতে বিচার করিবার নিমিত্তে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডেবিস সাহেব (Mr. H. Davies,) পাবনাতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি নীলের করার ভঙ্গ হইবার নালিশের সরাসরীমতে বিচার করিবার নিমিত্তে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ১ মে।

শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) পূরণিয়ার সিবিল ও সেশন জজ হইবেন। এক্ষণে তাঁহার ছুটী আছে।

ত্রিহুতের এক্টিং সিবিল ও সেশন জজ শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schalch,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

বালেশ্বরের এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট হইবেন।

ঢাকার এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

নওয়াখালির এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

হুগলীর এক্টিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর বি কাক্রেল সাহেব (Mr. R. V. Cockerell,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব (Mr. J. S. Drummond,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। ও অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিবেন।

ময়মনসিংহের এক্টিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেব (Mr. F. A. B. Glover,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত সি পি হবহৌস সাহেব (Mr. C. P. Hobhouse,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত হুগলীর সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত টি বি লেন সাহেব (Mr. T. B. Lane,) মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব (Mr. H. T. Prinsep,) হাবড়ার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Tayler,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) রাজশাহী এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিসানর হইবেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইবেন।

মুরশিদাবাদের এক্টিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) চাটিগাঁয়ের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। এক্ষণে তাঁহার ছুটী আছে।

শিলটের এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ এম বোকর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরণিয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) দিনাজপুরের মাজিষ্ট্রেট হইবেন।

ত্রিপুরার একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

সারণের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H. Rose,) বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ বালফোর সাহেব (Mr. H. Balfour,) দিনাজপুরের কালেক্টরের কর্ম্ম করিবেন।

ময়মুনসিংহের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি পি লারকিন্স সাহেব (Mr. T. P. Larkins.) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

চাটিগাঁয়ের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বি টি টেলর সাহেব (Mr. V. T. Taylor,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington) মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্টের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত সি এফ হার্ভি সাহেব (Mr. C. F. Harvey,) ঢাকার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) বোর্ড রেবিনিউর মেম্বরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) নদীয়া এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যানরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) বোর্ড রেবিনিউর দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel,) চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ২১ আপ্রিল।

মাণিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব (Mr. H. H. Metcalfe,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 8th May*, 1860.]

১৮৬০ সাল ২৩ আপ্রিল।

ডাকাইতী নিবারণের কমিস্যনর সাহেবের অধীন ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দাস অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে বারো দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৫ আপ্রিল।

বাকরগঞ্জের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী সফিউদ্দীন মহম্মদ গত জানুআরি মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহার অধিক অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৬ আপ্রিল।

ইষ্টাম্পের ও ষ্টেসনরীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford,) ইউরোপে যাইবার অগ্রে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের নবেম্বর মাসের ১৪ তারিখের বিজ্ঞাপনমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৩ আপ্রিল।

এদেশীয় চিকিৎসক শ্রীযুত কামিনীকুমার চক্রবর্ত্তির নাম সরকারী কর্ম্মের চিকিৎসকেরদের ফর্দ্দহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে।

১৮৬০ সাল ২৩ আপ্রিল।

যে সাহেবেরদের নাম নীচে লেখা যাইতেছে সেই সাহেবেরা ব্রহ্মদেশীয় ভাষাতে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

আক্যাবের হাসিলের কালেক্টর ও আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত সি জে ব্রৌন সাহেব (Mr. C. J. Brown,)

ও আক্যাবের কমিস্যনর সাহেবের অতিরিক্ত আসিষ্টাণ্ট শ্রীযুত জে হাইণ্ড সাহেব (Mr. J. Hind.)

২১৪৯ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৯ আপ্রিল।

শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) কটকে উর্দ্দহত্রের হাসপিটালের মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু হরিহর মুখুয্যা উত্তরপাড়াতে দাতব্য হাসপিটালের মেম্বর হইবেন।

১৮৬০ সাল ২৮ আপ্রিল।

শ্রীযুত এচ বেল সাহেব (Mr. H. Bell,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী হইবেন।

১৮৬০ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত কাপ্তান ডবলিউ এস রো সাহেব (Captain W. S. Row,) অরিপী কার্য্যের ৬ অর্থাৎ ছোট নাগপুর এলাকাতে প্রোবেসনরী আসিষ্টাণ্ট সরবেয়র হইবেন।

কামরূপের মুনসেফ ও ডেপুটী কালেকটর ও ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু মহেশচন্দ্র শর্ম্মা বড়ুয়া ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

১৮৬০ সাল ১ মে।

শ্রীযুত কাপ্তান জে আর মাগ্রাথ সাহেব (Captain J. R. Magrath,) চাটিগাঁয়ের পর্ব্বতীয় দেশের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬০ সাল ২ মে।

শ্রীযুত মৌলবী হসিবুদ্দীন বর্দ্ধমানের ফতওয়াদারক হইবেন।

শ্রীযুত মৌলবী রুমিজুদ্দীন সারণের ফতওয়াদারকের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ৩ মে।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের একটিং জজ শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ঐ আদালতের জজ হইবেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের একটিং জজ শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr. H. V. Bayley,) বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ঐ আদালতের জজ হইবেন।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) চাটিগাঁ এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিসানরের কর্ম্ম যেপর্য্যন্ত গ্রহণ না করেন সেইপর্য্যন্ত ঢাকার কমিসানর শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) ঐ কর্ম্মও করিবেন।

শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) চাটিগাঁ এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিসানরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিবেন

শ্রীযুত এ বি ফালকন সাহেব (Mr. A. B. Falcon,) বাকরগঞ্জের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward,) চাটিগাঁয়ের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Monro,) চাটিগাঁয়ের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ২ মে।

পুরণিয়ার একটিং জজ শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে পনেরো মাসের ছুটী পাইয়াছেন।

সেণ্টপাল নামক গির্জাঘরে আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে কেব ব্রৌন সাহেব (Reverend J. Cave Browne,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৯ সালের ৮ সেপ্টেম্বর তারিখের হুকুমমতে পনেরো মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৬ আপ্রিল।

১৮৫৯ সালের ৮ আইন অর্থাৎ "দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন" শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব আসাম দেশে বিস্তারিত করিয়া চালাইয়াছেন।

এ আর ইডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইস্তিহার।

50 *Rupees Reward.*

Stolen on the 17th April, 1860, a gold Geneva watch. Maker's name Aucre.

No. 28,200.

The above reward will be paid to any one giving such information as may lead to the recovery of the property stolen.

Apply to the Joint Magistrate of Hooghly.

R V. COCKERELL, *Joint Magistrate.*

৫০৲ টাকা পুরস্কার।

জেনিবা দেশের নির্ম্মিত এক সোণার ওয়াচ ঘড়ি চুরি হইয়াছে। ঘড়ি নির্ম্মাতার নাম (Auer) ওএর। ঘড়ির নম্বর ২৮,২০০।

ঐ ঘড়ি যাহাতে ফিরিয়া পাওয়া যাইতে পারে এমত সন্ধান যে কেহ হুগলীর মাজিষ্ট্রেট সাহেবকে দিতে পারেন তাঁহাকে ঐ ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে।

আর বি কাকরেল। জাইণ্ট মাজিষ্ট্রেট।

SALT.

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেণ্ট খোলাশুক্তি বাবৎ লাগাদ ৩০ আপ্রিল সন ১৮৬০ সাল প্রত্যেক এজেন্সীর ৫ খালিখার খোলাজাতের মৌজুদ নেমকের ।

এজেন্সীর নাম ।	সন ১২৬১ সাল মোতাবক ইঙ্গরেজী ১৮৫৪ । ৫৫ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৬২ সাল মোতাবিক ইং ১৮৫৫ । ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবিক ইং ১৮৫৬ । ৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবিক ইং ১৮৫৭ ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবিক ইং ১৮৫৮ । ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবিক ইং ১৮৫৯ । ৬০ সাল	মৌজুদ নেমকের একুন ।
হিজলী ।	•	•	•	৪৬৮/	৩৭৯/	৩৫,৪০৯/	৩৬,২৫৬/
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ।	•	•	•	৫.৬২৯/ ৬১	২৭,২০৯৭৪	১৬,৯১৬/	৫৯,৭৫৩/ ৪
ঐ কৃষ্ণনগর ।	•	•	১,৫২৯৸০	•	৩০,৪০৫ ৷৮	৪০,২৭৪/	৭২,২০৯/৮
ঐ রামনগর ।	•	•	•	•	৬৪.১৮৭/ ৬৸	১৫,৮১৭/	৮০,০০৪/ ৬৸
ঐ কালীনগর ।	•	•	•	১,৭০৩/	৫,৬,১৩/	২৯.০৮৮/	৩৬,৪০৪/
ঐ পুরীঘাটা ।							
একুন ।	•	•	১,৫২৯৸০	৭৮,০০/ ৬৷৷	১,২৭,৭৯৪ ৷৮৸	১,৪৭,৫০৪/	২,৮৪,৬১৮ ৷৫ ।
তমলুক ।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর	•	•	•	•	৪,৩৩৭৸৬ ৷৶	১,৫৫,০৬২/	১,৫৯,৩৯৯৸৬ ৷৶
একুন ।	•	•	•	•	৪,৩৩৭৸৬ ৷৶	১ ৫৫,০৬২/	১,৫৯,৩৯৯৸৬ ৷৶

[১২৮ । ৩৫৮ । ৫৪১৩ ৯৯৯

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ANNIE GILLESPIE SKINNER, an Insolvent.

On Saturday, the 14th day of April last, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 867-13 in his hands, pay a Dividend at the rate of Co.'s Re. 12 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 764-14,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 5th May, 1860.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন এনি গিলেসপি স্কিনর মেমের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে গত আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৮৬৭৸৵ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ১২৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৭৬৪৸৵ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ৫ মে।

The like notice in the matter of SUNGUMLALL, an Insolvent, wherein it was ordered that out of the sum of Rs. 2,154-1, a Dividend at the rate of 8 per Cent. (amounting to Co.'s Rs. 1,791-7-9,) be paid.

যোত্রহীন সঙ্গমলালের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ২,১৫৪৸৵ টাকাহইতে শতকরা ৩৲ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৭৯১ ।৶ ৯ টাকা।

The like notice in the matter of LOUIS ALEXANDER QUILLET, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 828-13-9, a Dividend at 70 per Cent. (amounting to Rs. 718-7,) be paid.

যোত্রহীন লুইস আলেকজাণ্ডর কুইলেট সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ৮২৮৸৵৯ টাকাহইতে শতকরা ৭০৲ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ ৫১৮ ।৶ টাকা দেওয়া যায়।

[*Government Gazette, 8th May*, 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 15, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৫ মে

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA

The 5th May 1860.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Governor General on the 26th April 1860 (communicated to the Legislative Council on the 5th May 1860), and is hereby promulgated for general information :—

Act No. XII. of 1860.

An Act relating to the Emigration of Native Laborers to the British Colony of Saint Vincent.

[Preamble.]

Whereas it is expedient to render lawful the emigration of laborers, being Native Inhabitants of British India, to the British Colony of Saint Vincent, and to extend the provisions of Act XXXI of 1855 (*relating to the emigration of Native laborers to the British Colonies of Saint Lucia and Grenada*) to the emigration of Native Inhabitants of British India who may emigrate to Saint Vincent, It is enacted as follows —

[Act repealed]

I Act XIV of 1839, in so far as it renders liable to penalties every person who shall make with any Native of India any contract for labour to be performed in the British Colony of Saint Vincent, or who shall knowingly aid or abet any Native of India in emigrating from the Ports of Calcutta, Madras, and Bombay respectively, to the said Colony, is repealed

[Act XXXI of 1855 extended]

II. All the provisions of Act XXXI. of 1855, and of the Schedule thereto, shall extend and apply to Native Inhabitants of the British Territories in

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৫ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আবীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আপ্রিল তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১২ আইন।

[সেণ্ট বিনসেণ্ট নামক ব্রিটনীয় বসতি স্থানে এদেশীয় মজুরেরদের যাইবার আইন।]

[হেতুবাদ।]

ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের লোকেরদের মজুরস্বরূপে সেণ্ট বিন্‌সেণ্ট নামক ব্রিটনীয় বসতি স্থানে যাওয়া আইনসিদ্ধ করা বিহিত। ও ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের যে লোকেরা সেণ্ট বিন্‌সেণ্ট যায় তাহারদের উপর ১৮৫৫ সালের ৩১ আইনের (অর্থাৎ সেণ্ট লুসিয়া ও গ্রেনেডা নামক ব্রিটনীয় বসতি স্থানে এদেশীয় মজুরেরদের গমন করিবার আইনের) বিধান চলন করাণ বিহিত, এই কারণে এই বিধান হইল।

[যে আইন রদ হইল তাহার কথা]

১ ধারা। সেণ্ট বিন্‌সেণ্ট নামক ব্রিটনীয় বসতি স্থানে মজুরী করিবার নিমিত্তে ভারতবর্ষ দেশের কোন লোকের সঙ্গে যে কেহ কোন করার করে, কিম্বা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের কোন বন্দরহইতে ভারতবর্ষ দেশের কোন লোকের সেই বসতি স্থানে যাইতে যে কেহ আনিয়াছানিয়া সাহায্য করে তাহার দণ্ড হইতে পারিবেক এই মর্ম্মের যে কথা ১৮৩৯ সালের ১৪ আইনেতে আছে সেই কথা রদ হইল ইতি।

[১৮৫৫ সালের ৩১ আইনের কথা খাটিবার কথা]

২ ধারা। ১৮৫৫ সালের ৩১ আইনের ও তাহার তফসীলের সকল বিধান টিকারিত হইয়া ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের যে সকল লোক সেণ্ট

India who shall emigrate to Saint Vincent, and that Act shall be read as if the words "or the British Colony of Saint Vincent" had been inserted therein after the words "Saint Lucia and Grenada," or "Saint Lucia or Grenada," wherever those words occur in the said Act.

[Commencement of Act.]

III. This Act shall take effect as to the said Colony of Saint Vincent from the day when the Governor General of India in Council shall notify in the Calcutta Gazette that such Regulations have been provided and such measures taken as the Governor General in Council deems necessary for the protection of such emigrants during their residence in the said Colony of Saint Vincent and in respect of their return to India.

M. WYLIE,
Clerk of the Council.

THE 5TH MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Governor General on the 26th April 1860 (communicated to the Legislative Council on the 5th May 1860), and is hereby promulgated for general information:—

ACT No. XIV. OF 1860.

An Act to provide for the execution of process within the premises occupied by His Majesty the King of Oude.

[Preamble.]

WHEREAS it is expedient to make provision for the execution of process within the premises occupied by his Majesty the King of Oude; It is enacted as follows:—

[Execution of Civil process.]

I. When any process, issued by any Civil Court, Collector, or other Revenue Officer in Her Majesty's East Indian Territories, is required to be served or executed within the premises occupied by the King of Oude, such process shall be transmitted to the Officer appointed to be Agent with His Majesty on the part of the British Government, and such Officer shall cause such process to be served or executed according to the exigency thereof, and shall return the same with a certificate of what shall have been done thereon.

[Execution of Criminal process.]

II. When any process issued by any Criminal Court, Justice of the Peace, Magistrate, or Officer exercising the powers or any of the powers of a Magistrate in Her Majesty's East Indian Territories, is required to be served or executed within the premises occupied by the King of Oude, such process may, at the discretion of the Court or Officer issuing the same, be transmitted to the Officer who shall have been appointed Agent with His Majesty on the part of the British Government, and in such case

বিন্‌সেণ্ট যায় তাহারদের উপরও খাটিবেক। ও "সেণ্ট লুসিয়া ও গ্রেনেডা" ও "সেণ্ট লুসিয়া কি গ্রেনেডা" এই২ কথা ঐ আইনের যে কোন ধারার মধ্যে থাকে তাহার পর "কিম্বা সেণ্ট বিন্‌সেণ্ট নামক ব্রিটনীয় বসতি স্থান" এই কথাও লেখা থাকিবার মতে পাঠ করিতে হইবেক ইতি।

[এই আইন আমলে আসিবার কথা॥]

৩ ধারা। সেণ্ট বিন্‌সেণ্ট নামক উক্ত বসতি স্থানে ঐ প্রকার মজুরেরা যত কাল বাস করে, তত কাল তাহারদের সুরক্ষার, ও ভারতবর্ষে তাহারদের ফিরিয়া আসিবার যে সকল বিধান ও নিয়ম হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর আবশ্যক জ্ঞান করেন সেই সকল বিধান ও নিয়ম করা গিয়াছে, এই কথা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করেন, সেই তারিখঅবধি এই আইন সেণ্ট বিন্‌সেণ্ট নামক উক্ত বসতি স্থানের সম্পর্কে চলন হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৫ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের মান্যীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আপ্রিল তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে যাঁর সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৪ আইন।

অযোধ্যার শ্রীযুক্ত মান্যবর নওয়াব সাহেব যে বাড়ীতে বাস করেন তাহার মধ্যে পরওয়ানা জারী করিবার বিধানের আইন।

[হেতুবাদ।]

অযোধ্যার শ্রীযুক্ত মান্যবর নওয়াব সাহেব যে বাড়ীতে বাস করেন সেই বাটীর মধ্যে পরওয়ানা জারী হইবার বিধানকরা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[দেওয়ানী আদালতের পরওয়ানা জারী করিবার কথা।]

১ ধারা॥ অযোধ্যার শ্রীযুক্ত নওয়াব সাহেব যে বাড়ীতে বাস করেন সেই বাড়ীর মধ্যে, ভারতবর্ষেতে শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত দেশের কোন দেওয়ানী আদালতের কি কালেক্টর সাহেবের কি রাজস্বের অন্য কার্য্যকারকের কোন পরওয়ানা যদি জারী করিতে হয়, তবে উক্ত শ্রীযুক্তের সঙ্গে ব্রিটনীয় গবর্ণমেণ্টের পক্ষে যে কার্য্যকারক সাহেব এজেণ্টের পদে নিযুক্ত থাকেন তাঁহার নিকটে ঐ পরওয়ানা পাঠাইতে হইবে। তাহাতে সেই কার্য্যকারক সাহেব ঐ পরওয়ানার লিখিত আজ্ঞামতে তাহা জারী করাইবেন, ও সেই পরওয়ানামতে যাহা করা গিয়াছে তাহার সার্টিফিকট লিখিয়া ঐ পরওয়ানা ফিরিয়া পাঠাইবেন ইতি।

[ফৌজদারী আদালতের পরওয়ানা জারী করিবার কথা।]

২ ধারা। অযোধ্যার শ্রীযুক্ত নওয়াব সাহেব যে বাড়ীতে বাস করেন সেই বাড়ীর মধ্যে, যদি ভারতবর্ষেতে শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত দেশের কোন ফৌজদারী আদালতের কি সুপ্রীম অফ দি পীস্ কি মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা যে মেষ্ট্রেটের ক্ষমতা ২ কি তাঁহার কোন ক্ষমতামতে কার্য্যকারক কোন [illegible] পরওয়ানা জারী করিতে হয়, তবে যে আদালত কি কার্য্যকারক সাহেব তাহা জারী করেন তিনি উপযুক্ত বোধ করিলে উক্ত শ্রীযুক্তের সঙ্গে ব্রিটনীয় গবর্ণমেণ্টের পক্ষে যে কার্য্যকারক সাহেব এজেণ্টের পদে নিযুক্ত থাকেন তাঁহার নিকটে

such Officer shall cause such process to be served or executed according to the exigency thereof, and shall return the same with a certificate of what shall have been done thereon.

[Proof of execution.]

III. Every certificate returned by the Agent with his Majesty under this Act, shall in all cases be admitted as *primâ facie* proof of the truth of the matter stated therein.

[Limits of residence how to be defined.]

IV. It shall be lawful for the Governor General in Council to define, for the purposes of this Act, by notification in the Calcutta Gazette, the limits of the premises occupied by the King of Oude, and from time to time in like manner to alter such limits.

M. WYLIE,
Clerk of the Council.

THE 5th MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Governor General on the 26th April 1860 (communicated to the Legislative Council on the 5th May 1860), and is hereby promulgated for general information :—

ACT No. XV. OF 1860.

An Act to amend and extend Act XXII. of 1836 *(relating to the levy of a Toll on Boats, Rafts, and Floats passing through the Circular and Eastern Canals).*

[Preamble.]

WHEREAS it has been found necessary to open for traffic a new Canal leading from the late Toll House at Dhappa to Ooltadanga, and it is expedient that a Toll should be levied on Boats, Rafts, and Floats passing through the said Canal ; It is enacted as follows :—

[New line of Canal made subject to Section II. Act XXII. of 1836.]

I. The following line of navigation, from the date of the passing of this Act, shall be subject to the provisions of Section II. Act XXII. of 1836, in like manner as is enacted with respect to the two lines of navigation therein described (that is to say)—

The line of Canal running North from the late Toll House at Dhappa to Ooltadanga where it joins the Circular Canal.

[Act to be construed as part of Act XXII. of 1836.]

II. This Act shall be construed as part of the said Act XXII. of 1836.

M. WYLIE,
Clerk of the Council.

THE 5th MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Governor General on the 26th April 1860 (communicat-

ঐ পরওয়ানা পাঠাইতে পারিবেন। তাহা করিলে ঐ সাহেব ঐ পরওয়ানার লিখিত আজ্ঞামতে তাহা জারী করাইবেন, ও সেই পরওয়ানামতে যাহা করা গিয়াছে তাহার সর্টিফিকট লিখিয়া ঐ পরওয়ানা ফিরিয়া পাঠাইবেন ইতি।

[পরওয়ানা জারীর প্রমাণ।]

৩ ধারা। শ্রীযুতের সঙ্গে যে এজেণ্ট সাহেব থাকেন তিনি এই আইনমতে যে সকল সর্টিফিকট দেন তাহা আপাততঃ ঐ সর্টিফিকটের লিখিত কথার যথার্থতার প্রমাণ হইবেক ইতি।

[রাজবাড়ীর সীমা নিরূপণের কথা।]

৪ ধারা। অযোধ্যার শ্রীযুক্ত নবাব সাহেব যে বাড়ীতে বাস করেন সেই বাড়ীর সীমা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর এই আইনের কার্য্যের নিমিত্তে নিরূপণ করিয়া কলিকাতা গেজেটে ছাপাইতে পারিবেন। ও সময়ে২ সেই সীমা সেই প্রকারে পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৫ মে।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরুনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আপ্রিল তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৫ আইন।

কলিকাতার পূর্ব্ব দিক্‌স্থ খাল দিয়া যে সকল নৌকা ও কাঠের ও বাঁশের মাড় যায় তাহার উপর মাসুল আদায় করিবার আইন, অর্থাৎ ১৮৩৬ সালের ২২ আইন রহিতকরিবার ও বিস্তারিত করিবার আইন।

[হেতুবাদ।]

ধাপাতে মাসুল আদায়ের যে সাবেক চৌকী ছিল সেইঅবধি উল্টাডাঙ্গাপর্য্যন্ত নূতন এক খাল বাণিজ্যব্যবসায়ের নিমিত্তে করা আবশ্যক হইয়াছে, ও সেই খাল দিয়া যে সকল নৌকা ও কাঠের ও বাঁশের যে সকল মাড় যায় তাহার উপর মাসুল আদায় করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[নূতন খালের উপর ১৮৩৬ সালের ২২ আইনের ২ ধারার বিধান খাটিবার কথা।]

১ ধারা। ১৮৩৬ সালের ২২ আইনের ২ ধারাতে যে দুইটা খালের কথা লেখা আছে, তাহার উপর এ ধারার বিধান যেমন খাটে, তেমনি এই আইন জারী হইবার তারিখঅবধি সেই বিধান নীচের লিখিত খালের উপরও খাটিবে, অর্থাৎ

ধাপাতে মাসুল আদায়ের সাবেক চৌকীঅবধি যে খাল উত্তর দিগে গিয়া উল্টাডাঙ্গায় কলিকাতার বাহিরের বৃত্তাকার খালের সঙ্গে মিলে তাহার উপর খাটিবে ইতি।

[এই আইন ১৮৩৬ সালের ২২ আইনের এক ভাগ বলিয়া পাঠ করিবার কথা।]

২ ধারা। ১৮৩৬ সালের উক্ত ২২ আইনের এক অংশ বলিয়া এই আইনের অর্থ করিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৫ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরুনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আপ্রিল তারিখে

ed to the Legislative Council on the 5th May 1860), and is hereby promulgated for general information :—

Act No. XVI. of 1860.

An Act to amend Act XIV. of 1856.

[Preamble.]

WHEREAS it is enacted by Section CXXI. of Act XIV. of 1856 (*for the conservancy and improvement of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca*) that certain Byelaws made by the Municipal Commissioners shall be transmitted to the Clerk of the Legislative Council as soon as conveniently may be after the confirmation thereof, and that no such Bye-law shall have effect if disallowed by order of the Legislative Council ; and whereas doubts have arisen whether the Legislative Council can legally disallow any such Bye-laws by an order, or in any other manner than by a Law or Regulation, and it is expedient to avoid such doubts and to make other provision for disallowing such Bye-laws : It is enacted as follows :—

[Section repealed.]

I. Section CXXI. of the said Act XIV. of 1856 is hereby repealed.

[Disallowance of Bye-laws by the local Government.]

II. No Bye-law made under the provisions of the said Act, though confirmed by the local Government, shall continue in force after it shall have been disallowed by the local Government, except as to an act done or a breach of such Bye-law committed before the disallowance thereof.

[Publication of disallowance.]

III. Every disallowance of such a Bye-law shall be published in the Government Gazette, or in one or more of the public newspapers ; and all Courts and Magistrates shall take judicial notice of such disallowance.

M. WYLIE,
Clerk of the Council.

সম্মত হইয়া ১৮৬০ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে তাহা সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৬ আইন।

১৮৫৬ সালের ১৪ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৬ সালের ১৪ আইনের (অর্থাৎ কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর এবং পুলুপিনাঙ্গ ও সিঙ্গাপুর ও মলাকার বসতির নানা মোকাম পরিপাটীরূপে রাখিবার ও আরো উত্তম করিবার আইনের) ১২১ ধারাতে এই বিধান হইয়াছে যে, মুনিসিপল কমিসনরেরা যে বিধি করেন তাহা মঞ্জুর হইলে পর মুদ্দিধামতে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র তাহার এক কেতা নকল ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক সাহেবের নিকটে পাঠান যাইবেক। আর সেই প্রকারের কোন বিধি যদি ব্যবস্থাপক কৌন্সেলের আজ্ঞামতে অগ্রাহ্য হয়, তবে তাহা প্রবল হইবেক না। কিন্তু ব্যবস্থাপক কৌন্সেলের সাহেবেরা কেবল হুকুম করিলে, কিম্বা আইন জারী না করিয়া অন্য কোন প্রকারে, তদ্রূপ কোন বিধি আইনমতে অসিদ্ধ করিতে পারেন ইহার সন্দেহ হইতেছে, ও সেই সন্দেহ দূর করা ও সেই বিধি অসিদ্ধ করিবার অন্য বিধান করা বিহিত। এই কারণে এই বিধান হইল।

[ঐ ধারা রদ হইবার কথা।]

১ ধারা। ১৮৫৬ সালের উক্ত ১৪ আইনের ১২১ ধারা যাহাতে রদ হইল ইতি।

[স্থানবিশেষের গবর্ণমেণ্টের বিধি অসিদ্ধ করিবার কথা।]

২ ধারা। ঐ আইনের বিধানমতে যে বিধি করা যায়, তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্টের দ্বারা মঞ্জুর হইলে পর যদি স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাহা অসিদ্ধ করেন তবে প্রবল থাকিবে না। কেবল ঐ বিধি অসিদ্ধ হইবার পূর্ব্বে যে কোন কার্য্য করা গিয়াছে কি তাহার যে উল্লঙ্ঘন হইয়াছে তাহার বিষয়ে প্রবল থাকিবে ইতি।

[অসিদ্ধ হওনার কথা প্রকাশ করিবার কথা।]

৩ ধারা। তদ্রূপ বিধি অসিদ্ধ হইলে গবর্ণমেণ্ট গেজেটে কিম্বা সরকারী কোন এক কি অধিক সম্বাদপত্রে প্রকাশ হইবেক। ও সকল আদালত ও মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার বিচার কালে ঐ বিধি অসিদ্ধ হওনার কথা গ্রাহ্য করিবেন ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 219.]

PART VI.

Rules under Schedule I.

LXXVIII. The Duties hereby imposed and contained in Schedule I. shall be assessed and charged under the following Rules, that is to say :—

SCHEDULE I.

[Profits of lands paying revenue direct to Government under settlements subject to revision, to be estimated at one-half the Government Revenue.]

1. The annual profits of the proprietors, and

আইনের মুসাবিদা।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

ষষ্ঠ খণ্ড।

[২১৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১ নম্বরের তফসীলভুক্তের বিধি।

৭৮ ধারা। ১ নম্বরের তফসীলের লিখিত যে টাক্স এই আইনমতে ধরা যায়, তাহা বসাইবার ও ধার্য্য করিবার এই বিধি অর্থাৎ

১ নম্বরের তফ[illegible]

[যে বন্দোবস্তের পরিবর্ত্তন হইবে পরে এমত বন্দোবস্তের যে জমীর মালগুজারী সরকারে আদায় হয় তাহার প্রাপ্তি সরকারের মালগুজারীর অর্দ্ধেকের হিসাবে ধরিবার কথা।]

১ প্রকরণ। সদর মালগুজারীর যে জমীর চিরস্থা

holders of lands paying revenue direct to Government, not under any perpetual or permanent settlement, but under any settlement liable to revision or alteration, shall be estimated at (one-half) of the annual amount of revenue payable to the Government. The owners or holders of such lands shall be chargeable with the amount of such annual profits so estimated.

[Assessment upon such lands may be reduced on proof that the profits realized are less than one-half the Government Revenue.]

2. If any owner or holder of lands included in Rule No. 1 shall prove to the satisfaction of the Collector, or on appeal to the satisfaction of the Commissioners for general purposes, that the actual annual profits received by him from the said lands are less in value than [one-half] the annual amount of revenue payable in respect of the said lands, the Collector or the said Commissioners on appeal shall reduce accordingly the annual value of the lands with which such proprietor is chargeable.

[Upon applications to reduce, proprietor, if he finds liable to be charged with excess of profits above one-half of the Government Revenue.]

3. In case any such owner or holder shall object, either before the Collector or the Commissioner, to be charged with the annual value at the rate of [one-half] the annual amount of revenue payable on the said lands, he shall be bound to make all the returns and statements and be subject to the same rules as the owners or holders of lands mentioned in the following rules; and if it shall appear to the Collector or to the Commissioners on appeal that the annual profits arising from the said lands are more in value than [one-half] of the said annual amounts of the said Government Revenue, the said Collector or the said Commissioners shall charge such owner or holder with such increased annual value of the profits, and he shall be charged double Duty in respect thereof.

[All persons in receipt of rents and profits of lands and houses not included in Rule No. 1, to make returns, and to be chargeable with actual profits.]

4. All persons in the actual receipt, whether as owners or not, of the rents or profits of any lands or houses not included in the said first general rule whether paying revenue to the Government or not, shall return and deliver, as aforesaid, a statement of all the rents and profits, of whatsoever nature or kind, including dues, services, royalties, fines, tolls, and casual profits received by them during the preceding year, that is to say, the year immediately preceding the year of assessment and ending on the 30th day of April next preceding that year, and also be chargeable with the annual amount of such rents and profits estimated as hereinbefore mentioned.

[Gross amounts of rents and profits to be stated, but provision for deduction.]

5. In estimating such rents and profits,

[*Government Gazette*, 15*th May*, 1860.]

জীন কি ইজমরারী বন্দোবস্ত না হইয়া, যাহা সংশোধন কি পরিবর্ত্তন হইতে পারে এমত বন্দোবস্ত হয়, সেই জমীর মালিকেরদের ও জমীদারেরদের বার্ষিক প্রাপ্তি ঐ জমীর সালিয়ানা মালগুজারীর (অর্দ্ধেকের) হিসাবে ধরা যাইবে। সেই হিসাবমতে ঐ বার্ষিক প্রাপ্তি যত হয় তাহার উপর ঐ জমীর মালিকেরদের কি জমীদারেরদের টাক্স ধার্য্য হইবে।

[ঐ প্রাপ্তি সরকারের মালগুজারীর অর্দ্ধেকের কম হয়, ইহার প্রমাণ হইলে, ঐ জমীর টাক্স কম করিবার কথা।]

২ প্রকরণ। এই বিধির ১ প্রকরণে যে জমীর কথা আছে তাহাহইতে বৎসরে যে প্রাপ্তি নিতান্ত হয়, তাহা ঐ জমীর সালিয়ানা মালগুজারীর (অর্দ্ধেকের) কম হয়, এই কথার প্রমাণ যদি ঐ জমীর মালিক কি জমীদার কালেক্টরের খাতিরজমাযতে, কিম্বা আপীল হইলে সাধারণ কার্য্যের কমিস্যানরেরদের খাতিরজমাযতে করিতে পারেন, তবে ঐ জমীহইতে ঐ মালিকের সালিয়ানা যে প্রাপ্তি ধরা গিয়াছে তাহা ঐ কালেক্টর কিম্বা আপীলমতে ঐ কমিস্যানরেরা তদনুসারে কম করিয়া ধরিবেন।

[কম করিবার প্রার্থনা হইলে, যদি মালগুজারীর অর্দ্ধেকের অধিকের হিসাবে প্রাপ্তি ধরা যাইতে পারে, তবে মালিকের কথা।]

৩ প্রকরণ। সেই প্রকারের কোন মালিক কি জমীদার যদি ঐ কালেক্টরের কি কমিস্যানরের সম্মুখে এরূপ জমীর মালগুজারীর অর্দ্ধেকের হিসাবে অধিক প্রাপ্তি ধরিবার বিষয়ে আপত্তি করেন, তবে ইহার পশ্চাৎ লিখিত বিধিতে যে মালিকেরদের কি জমীদারেরদের কথা আছে তাঁহারদের যে২ ফর্দ্দ ও কৈফিয়ৎ প্রস্তুত করিতে ও যে বিধি মানিতে হইবেক, তাঁহারও তাহা করিতে ও সেই বিধি মানিতে হইবে। আর ঐ জমীহইতে বৎসরে যে প্রাপ্তি হয় তাহা উক্ত সালিয়ানা মালগুজারীর অর্দ্ধেকের অধিক হয়, যদি এ কালেক্টর কি আপীলমতে ঐ কমিস্যানরেরা দেখিতে পান, তবে ঐ কালেক্টর কিম্বা ঐ কমিস্যানরেরা ঐ মালিকের কি দখীলকারের ঐ অধিক বার্ষিক প্রাপ্তি ধরিবেন, ও তাহার নিমিত্তে তাহার দ্বিগুণ টাক্স ধার্য্য হইবে।

[১ প্রকরণে যে জমী ধরা যায় নাই, তাহার খাজানা ও ঘরের ভাড়া যাহারা পান, তাঁহারদের ফর্দ্দ করিতে হইবার ও তাঁহারদের যথার্থ প্রাপ্তির উপর টাক্স ধার্য্য হইবার কথা।]

৪ প্রকরণ। উক্ত প্রথম সাধারণ বিধির মধ্যে যে সকল জমী ধরা যায় নাই, তাহা সদর মালগুজারীর জমী হউক কি না হউক, তাহাতে যে প্রাপ্তি কি খাজানা কি কোন ঘরের যে ভাড়া যে লোকেরা নিতান্ত পাইয়া থাকেন, তাঁহারা বাকি বলিয়া তাহা প্রাপ্ত হউন কি না হউন, তাঁহারদের পূর্ব্ব বৎসরে, অর্থাৎ যে বৎসরে টাক্স ধার্য্য হইবেক তাহার পূর্ব্বের যে বৎসর আপ্রিল মাসের ৩০ তারিখে শেষ হয়, সেই বৎসরে সে খাজানা কি ভাড়া ও যে কোন প্রকারের প্রাপ্তি পান তাহা সমুদয়ের কৈফিয়ৎ লিখিয়া পূর্ব্বোক্তমতে দাখিল করিবেন, এ প্রাপ্তির মধ্যে তাঁহারা যে সকল প্রাপ্য ও সেরা ও রাজপ্রাপ্য ও সেলামী ও মাসুল ও আবওয়াবপ্রভৃতি পান তাহা ধরিতে হইবেক। ও তদ্রূপ ভাড়ার ও সমুদয় প্রাপ্তির হিসাব এই বিধির লিখনমতে করিয়া বৎসরে যত টাকা হয় তাহা তাঁহারদের নামে ধরা যাইবে।

[ভাড়ার ও প্রাপ্তির সকলন লিখিবার জন্য তাহাহইতে কম দিবার বিষয়ে কথা।]

৫ প্রকরণ। ঐ ভাড়ার ও প্রাপ্তির হিসাব

the gross amount received during the preceding year shall be fully stated ; but if the person receiving the same be himself liable to pay, in respect of the said premises, any rent, jumma, or annual sum of any kind whatsoever, received or charged in respect thereof, he shall state in his return the amount of such rent, jumma, or charge, and shall be charged with the said Duties on the said gross rents and profits, and on paying the full amount of the said Duties shall and may deduct and retain out of the same so much of the said Duties on account of the same as a like rate on such rent or annual sum shall, by a just proportion, amount unto.

(2.) The persons entitled to such rent, jumma, or annual payment, their receivers or agents shall allow such deduction upon the receipt of the residue of the said rents or annual payments, without any fee or charge for such allowance, and the person who shall have been so charged, and shall have so paid the said Duty, and made the said deduction as aforesaid, shall be acquitted and discharged of so much money as if he had actually paid the same to the person to whom the said rent or annual sum shall be due and payable as aforesaid.

[Ryots and persons holding for agricultural purposes only at rack-rent not chargeable in respect of occupation only, but shall return name of landlord and rent.]

6. Ryots and persons in the occupation of lands for agricultural purposes holding at rack-rent, and whose rent shall be subject to a revision or enhancement from time to time, and ryots in the occupation of lands for such purposes only, and actually engaged in the cultivation of the soil, or the depasturing of animals thereon, whether their rent shall be a rack-rent, or subject to revision or enhancement or not, shall not be chargeable with the said Duties in respect only of their occupation of the said lands : but shall when, and if required by the Assessor, return and deliver in the manner required by this Act a statement of the amount of rent payable by them respectively, and of the landlords and persons to whom they pay the same respectively.

[A similar provision as to occupiers of houses at rack-rent.]

7. Persons occupying houses for the purpose of habitation only, holding the same at a rack-rent, shall not be chargeable with the said Duties in respect of their occupation only of the said houses, but shall, when, and if required by the Assessor, return and deliver such statement as in the last preceding rule mentioned.

[All other persons occupying lands to return and be charged with actual profits.]

8. All persons occupying lands or houses other than persons mentioned respectively in Rules Nos. 6 and 7, and not being the owners thereof, shall return and deliver in manner aforesaid the actual amount of profits realized by them from the said

করিবেন, পূর্ব্ব বৎসরে যত টাকা পাওয়া গিয়াছে তাহার মবলগ সম্পূর্ণরূপে লিখিতে হইবেক। কিন্তু যে জন তাহা পান তাঁহার ঐ বাটীর কি জমির বাবতে যদি নিজে কিছু খাজানা কি জমা কিম্বা তাহার বাবতে আদায়করা কি দেওয়া কোন প্রকারের টাকা বৎসরে২ দিতে হয়, তবে তাঁহার যত জমা কি খাজানা কি খরচা হয় তাহা তাঁহার কৈফিয়তে লিখিবেন, ও তাঁহার উক্ত মবলগ খাজানার ও প্রাপ্তির উপর তাঁহার উক্ত টাক্স ধার্য্য হইবেক, ও ঐ টাক্সের সমুদয় টাকা যখন দেন তখন তাঁহার ঐ খাজানার কি বার্ষিক খরচার উপর যত টাক্স হইতে পারে তত তাঁহার ঐ প্রাপ্তির পূরা টাক্সহইতে ছারহারিমতে বাদ দিয়া রাখিতে পারিবেন।

২ দফা। ঐ খাজানা কি জমা কি বার্ষিক টাকা পাইবার স্বত্ব যাঁহারদের থাকে, তাঁহারা কি তাঁহারদের রিসীবরেরা কি এজেন্টারা যখন ঐ খাজানার কি বার্ষিক টাকার অবশিষ্ট পান, তখন ঐ বাদ দেওয়া টাকা ছাড়িবেন, ও তাহা ছাড়িবার জন্যে কিছু রসুম কি খরচা লইবেন না। ও যাঁহার উপর সেই টাক্স ধার্য্য হইয়াছে তিনি যখন ঐ টাক্স দিয়াছেন ও পূর্ব্বোক্তমতের টাকা বাদ দিয়াছেন, তখন ঐ খাজানা কি বার্ষিক টাকা পূর্ব্বোক্তমতে যাঁহার পাওনা হয় ও যাঁহার নিকটে দেনা হয় তাঁহাকে ঐ টাকা নিতান্ত দেওয়া যাইবার মতে তাঁহার ফারখতী হইবেক।

[রাইয়তেরা ও যাঁহারা কেবল চাষ করিবার জন্যে বেশী খাজানা দেন, তাঁহারদের কেবল দখলের জন্যে টাক্স না লাগিবার কথা, কিন্তু জমীদারের নাম ও খাজানা জানাইবার কথা।]

৬ প্রকরণ। রাইয়তেরা ও যাঁহারা বেশী খাজানা দিয়া চাষ করিবার জন্যে জমী দখল করেন ও যাঁহারদের খাজানা সময়ে২ পরিবর্ত্ত কি বৃদ্ধি হইতে পারে, ও কেবল সেই কর্ম্মের নিমিত্তে যে রাইয়তেরা জমি দখল করেন, ও নিতান্ত সেই জমী চাষ করিয়া থাকেন, কিম্বা সেই জমীতে গোমেষাদি চরান, তাঁহারদের খাজানা বেশীখাজানা হউক কি না হউক ও তাহা পরিবর্ত্তন কি বৃদ্ধি হইতে পারুক কি না, তাঁহারদের সেই জমীর কেবল দখল করার বাবতে ঐ টাক্স লাগিবে না। কিন্তু আসেসর তাঁহারদিগকে আজ্ঞা করিলে, তাঁহারদের যত খাজানা দিতে হয় তাহার ও যে জমীদারদিগকে ও যে লোকদিগকে দিতে হয় তাঁহারদের নামের এক কৈফিয়ৎ, তাঁহারা এই আইনের বিধানমতে করিয়া দাখিল করিবেন।

[যাঁহারা বেশী ভাড়া দিয়া ঘরে বাস করেন তাঁহারদের সেই প্রকারের রিবিরি কথা।]

৭ প্রকরণ। যে লোকেরা কেবল বাস করিবার জন্যে বেশী ভাড়া দিয়া ঘরে থাকেন, তাঁহারদের সেই ঘর কেবল দখল করার বাবতে ঐ টাক্স লাগিবে না। কিন্তু যদি আসেসর আজ্ঞা করেন তবে সেই আজ্ঞা পাইলে, তাঁহারা ইহার পূর্ব্বের লিখিত প্রকরণমতে কৈফিয়ৎ প্রস্তুত করিয়া দাখিল করিবেন।

[অন্য যে লোকেরা জমীর দখীলকার হন তাঁহারদের কৈফিয়ৎ দিবার ও প্রাপ্তি যত হয় তাহার উপর টাক্স দিবার কথা।]

৮ প্রকরণ। এই রিবিরি ৬ ও ৭ প্রকরণে যে লোকেরদের কথা আছে তাঁহারা ছাড়া অন্য যে লোকেরা কোন জমীর কি ঘরের মালিক না হইয়া তাহা দখল করেন, তাঁহারা ঐ জমী কি ঘরহইতে ২ প্রকরণের কথামতে পূর্ব্ব বৎসরে যত টাকা নিতান্ত পাত করিয়াছেন

lands or houses during the preceding year, according to Rule No. 2.

[Owners of lands and of houses occupying the same to be charged at rack-rent at which the same are worth to be let.]

9 Owners of lands and of houses occupying the same, shall be chargeable in respect of the annual value of the same at the rack-rent at which the same are worth to be let for the year

[Rule as to fines and bonuses on lease.]

10. In respect of all fines or bonuses received in consideration of any lease of, or agreement to let lands or houses, the said Duty shall be assessed upon the amount received within the year preceding by, or on account of the party, *Provided* that if such party shall prove to the satisfaction of the Collector or of the Commissioners for general purposes, that such fines, or any part thereof, have been applied as productive capital on which a profit has arisen or will arise, otherwise chargeable under this Act for the year in which the assessment shall be made, it shall be lawful for the said Collectors, or for the Commissioners on appeal, to discharge the amount so applied from the profits liable to assessment under this Rule.

[Rule as to mortgagees in possession.]

11. Where any mortgagee or creditor having a lien on lands or houses shall be in possession of the lands or houses mortgaged or secured, such mortgagee or creditor, whether in the actual occupation thereof, or in the receipt of the rents and profits thereof, shall be chargeable as the owner of the same according to the Rules herein contained respectively —and upon any settlement of accounts between such mortgagee or creditor, and the mortgagor or debtor, the Duty payable in respect of the amount of the interest payable upon the mortgage or debt shall be taken and allowed as so much money received by such mortgagee or other creditor on account of such interest.

[Rule as to owners dying before payment.]

12. Where the person who is the owner of any lands or houses at the time the assessment is made, shall die before payment of the Duty, the heirs, executors, administrators or assigns, or other person who, on such death, shall become entitled to the rent and profits thereof, shall be liable to the payment of all arrears of the said Duty due at the time of such death, and to all subsequent instalments for that year without any new assessment.

[Rule as to houses divided into distinct portions.]

13. Where any house shall be divided into distinct portions, and occupied by distinct owners or their respective tenants, such proportion shall be charged distinct to their respective occupiers

[No deductions allowed, unless expressly authorized and stated in writing.]

14. (1.) No deduction from the estimate or

তাহার কৈফিয়ৎ প্রস্তুত করিয়া পূর্ব্বোক্তমতে দাখিল করিবেন।

[ঘরের ও জমীর মালিকেরা তাহাতে বাস করিলে ঐ জমী কি ঘর বেশী যে খাজানা কি ভাড়াতে দেওয়া যায় তাহার উপর টাকস লাগিবার কথা।]

৯ প্রকরণ। যদি জমীর কি ঘরের মালিকেরা আপনারদের জমীতে ও ঘরে বাস করেন, তবে ঐ ঘরের কি জমীর বৎসরে যত খাজানা কি ভাড়া হইতে পারে তাহা ধরিয়া ঐ ঘরের উপর টাকস লাগিবে

[পাট্টা সেলামী ও উপরি টাকার বিষয়ে বিধির কথা।]

১০ প্রকরণ। জমী খাজানা করিয়া দিলে কি ঘর ভাড়া দিলে তাহার পাট্টা কি বন্দোবস্ত পত্রের দরুণ সেলামী কি উপরি টাকা দেওয়া যায় তাহার নির্ণয়ে, যে জন পাট্টা পাইয়াছে তাহার স্থানে কি তাহার পক্ষে পূর্ব্ব বৎসরে যত আদায় হইয়াছে তাহার উপর ঐ টাকস ধরা যাইবে। কিন্তু ঐ সেলামীর টাকা কি তাহার কোন অংশ বৃদ্ধি হইবার মনো খরচ হইয়াছে ও তাহার উপর কিছু লাভ হইয়াছে কি হইবে, ও যে বৎসরের ঐ টাকস ধার্য্য হইয়াছে সেই বৎসরের ঐ লাভের উপর এই আইনানুসারে টাকস ধার্য্য হইয়াছে, এই কথার প্রমাণ যদি সেই লোক ঐ কালেকটরের কি সাধারণ কার্য্যের কমিসানরেরদের খাতিরজমাসতে করিতে পারেন, তবে এই বিধিমতে যে লভ্যের উপর টাকস বসান যাইবে তাহা হইতে ঐ কালেকটরেরা কিম্বা আপীলঘরে কমিসানরেরা ঐরূপ খরচ করা সেলামীপ্রভৃতি ত্যাগ করিতে পারিবেন।

[বন্ধকলওনিয়ারা যাকি দখল করিলে তাহার বিধির কথা।]

১১ প্রকরণ। কোন জমীর কি ঘরের উপর যাহার দাওয়া থাকে এমত কোন বন্ধকলওনিয়ার কি মহাজনের দখলে যদি ঐ বন্ধকলওয়া কি দাবিমীরূপ রাখা জমী কি ঘর থাকে, তবে ঐ বন্ধকলওনিয়া কি মহাজন আপনি ঐ জমীতে কি ঘরে বাস করুক কিম্বা তাহার ভাড়া কি খাজানা কি উপস্বত্ব পাউন, তাঁহার এই আইনের বিধিমতে মালিক মতে টাকস লাগিবে। ও যেই বন্ধকলওনিয়ার কি মহাজনের ও বন্ধকদেওনিয়ার কি খাতকের মধ্যে দেনা পাওনার নিকাশ হইলে, ঐ বন্ধকের কি কর্জ্জ টাকার সুদের উপর যে টাকস দেনা হয় তাহা ঐ সুদের সাবেং ঐ বন্ধকলওনিয়ার কি মহাজনের প্রাপ্ত টাকারূপে গণ্য হইবেক ও ধরা যাইবেক।

[টাকসের টাকা দিবার আগে মালিকের মরণ হইলে তাহার বিধির কথা।]

১২ প্রকরণ। কোন জমীর কি ঘরের টাকস যে সময়ে নির্দ্ধার্য্য হয়, সেই সময়ে যিনি মালিক হন তিনি যদি ঐ টাকস দিবার আগে মরেন, তবে তাঁহার মরণের সময়ে ঐ টাকসের যত দেনা থাকে তাহা, ও নূতন টাকস ধার্য্য না হইয়া সেই বৎসরের যত কিস্তি পরে দেনা হয় তাহা, তাঁহার উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি আসিনেরা কি অন্য যে লোক তাহার মরণেতে ঐ জমীর কি খাজানা কি উপস্বত্বের প্রাপ্তি গ্রহণ করিবার বর্ত্তমান হন, তিনি দিবেন।

[বাটী বিভক্ত হইলে তাহার বিধির কথা।]

১৩ প্রকরণ। কোন ঘর যদি ভিন্ন ভাগে বিভক্ত হয় ও সেই ভাগের ভিন্ন মালিকেরা কি ভাড়াটিয়ারা যদি তাহাতে থাকেন, তবে সেই টাকস ঐ ভিন্ন ভাগের হারবিশিষ্টে ঐ ভাগের দখলকারেরদের উপর লাগিবেক।

[কিছু বাদ দিবার ক্ষমতা স্পষ্ট করিয়া ও লিখিয়া দেওয়া গেলে কিছু বাদ না দিবার কথা।]

১৪ প্রকরণ ১ ভাগ। কোন জমীতে কি ঘরে

assessment of any lands or houses shall be allowed in any case, unless the same shall be authorised by this Act, nor unless an account in writing, signed by the party claiming such deduction, stating the nature and amount thereof, shall have been delivered to the Assessors within the time and pursuant to the notice given by such Assessor.

(2.) If any such deduction shall be made or allowed contrary to this Act, or without such account in writing as aforesaid, the party making the same shall be surcharged with the amount of such deduction.

[Rules as to rents received in grain or produce.]

15. Where the amount of rent of any lands shall depend wholly or in part on the price of any kind of *grain*, or on the actual produce of the land, either in respect of the price or quantity of such produce, the computation for the purpose of charging the Duties in Schedule I. shall be made, and the amount to be assessed shall be ascertained, according to the Rules and in the manner by which such rents have been usually ascertained in the said District, between the landlords and tenants, and the said Commissioners shall, in such cases, determine according to what Rules and in what manner it has been usual, in the said District, to ascertain the amount of such rents between landlords and tenants.

[Tenants and landlords, when required, to produce leases, kubooliyats and rent bills.]

16. (1.) It shall be lawful for the Assessor of the District to cause such notice as herein mentioned to be given either to the tenant or occupier, or to the landlord of any lands or houses in the District, or to both the tenant or occupier, and to the landlord, as he shall, in this discretion, think fit.

(2.) Every tenant or occupier of lands shall, within ten days after the said Assessor shall have left at his usual place of abode a notice in writing, requiring the same, produce to such Assessor the lease, agreement, or instrument in writing, under which such tenant or occupier holds such lands or houses, together with any receipts or bills for rent which he may have received during the preceding year or during such further period as the Assessor may specify in the said notice.

(3.) Where there shall be no such lease, agreement, or instrument, or the same shall not be in the possession or power of such tenant or occupier, then he shall leave with such Assessor, within the time before-mentioned, a return of the actual rent annually reserved and payable, and of any other valuable consideration given or to be given, to the landlord of such lands or houses as a further consideration for such tenancy, under the penalty of treble the Duty hereby chargeable thereon, in case of any wilful neglect to comply with such notice.

(4.) Every landlord or owner of lands or houses occupied by his tenants shall also, within ten days

যত আর কি তাহার যত টাকা ধরা যায়, তাহাইতে কোন স্থলে কিছু বাদ দিবার অনুমতি হইবেক না। কেবল যদি এই আইনমতে বাদদেওয়ার অনুমতি হয়, কিম্বা যে জন ঐ রেয়াইতের দাওয়া করেন, তিনি তাহার তাবৎ যত টাকা রেয়াইতের দাওয়া করেন তাহার লেখা বহি লিখিয়া, আসেসরের এত্তেলার লিখিত মিয়াদের মধ্যে ও সেই এত্তেলানুসারে ঐ আসেসরদিগকে দেন তবে রেয়াইত পাইতে পারিবেন।

২ দফা। যদি এই আইন লঙ্ঘন করিয়া কিম্বা পূর্ব্বোক্তমতের কথা লিখিয়া না দিয়া সেই প্রকারে কিছু টাকা বাদ দেওয়া যায় কি তাহার অনুমতি হয়, তবে যে জন তাহা বাদ দিলেন তাঁহার ঐ বাদ দেওয়া টাকা টাক্সের উপর চড়াইয়া দেওয়া যাইবে।

[জমার পরিবর্ত্তে শস্য দেওয়া গেলে তাহার বিবরি বিধি।]

১৫ প্রকরণ। কোন প্রকারের শস্যের যে মূল্য হয় তদনুসারে, কিম্বা কোন জমীতে যাহা উৎপন্ন হয় তাহার যে মূল্য কি যত উৎপন্ন হয় তদনুসারে যদি ঐ জমীর জমা হয়, তবে সেই জিলাতে জমীদারের ও রাইয়তেরদের মধ্যে ঐ খাজানা যে বিধি ও নিয়মমতে নির্দ্ধার্য্য হইয়া থাকে, তদনুসারে ১ নম্বরের তফসীলের লিখিত টাক্স ধার্য্য করিবার নিমিত্তে হিসাব করা যাইবে, ও যত টাকার উপর টাক্স ধার্য্য হইবেক তাহা নির্দ্ধার্য্য হইবেক। এমন স্থলে সেই জিলার মধ্যে জমীদারের ও রাইয়তেরদের মধ্যে ঐ খাজানা নির্দ্ধার্য্য করিবার যে বিধি ও নিয়ম চলন আছে তাহা ঐ কমিসানরেরা নিশ্চয় করিবেন।

[রাইয়তদিগকে ও জমীদারদিগকে হুকুম হইলে তাহারদের পাট্টা ও কবুলিয়ৎ ও কবজ দেখাইবার কথা।]

১৬ প্রকরণ। ১ দফা। এই প্রকরণে যে এত্তেলার কথা আছে, তাহা প্রদেশের আসেসর ঐ প্রদেশের কোন জমীর কি ঘরের রাইয়তকে কি দখীলকারকে কিম্বা জমীদারকে, কিম্বা আপন বিবেচনাতে যেমন উপযুক্ত বোধ করেন তেমনি রাইয়তকে কি দখীলকারকে এবং জমীদারকেও দেওয়াইতে পারিবেন।

২ দফা। ঐ রাইয়ত কি দখীলকার যে পাট্টা কি বন্দোবস্ত কি দলীলমতে ঐ জমী কি ঘর দখল করে তাহা; ও পূর্ব্ব বৎসরের মধ্যে কিম্বা তাহার অধিক যত কাল ঐ আসেসর আপন এত্তেলার মধ্যে লেখেন তত কালের মধ্যে খাজানার যে কোন রসীদ কি কবজ পাইয়া থাকিবে তাহা; ঐ আসেসরকে দেখাইবার এত্তেলা লিখিত হইয়া যদি ঐ আসেসর ঐ জমীর রাইয়তের কি দখীলকারের নিয়ত বাসস্থানে রাখেন, তবে তাহার পর দশ দিনের মধ্যে ঐ রাইয়ত কি দখীলকার ঐ পাট্টাপ্রভৃতি ঐ আসেসরকে দেখাইবে।

৩ দফা। যদি সেই প্রকারের কোন পাট্টা কি বন্দোবস্ত কি দলীল না থাকে, কিম্বা থাকিলেও যদি সেই রাইয়তের কি দখীলকারের নিকটে কি তাঁহার এক্তিয়ারে না থাকে, তবে তাঁহার বৎসরে যত খাজানা নিতান্ত ধার্য্য আছে ও ঐ জমীর কি ঘরের মালিককে দিতে হয়, ও ভোগদখল করিবার জন্যে তাহার অধিক যে কিছু দেওয়া যায় কি দিতে হয়, তাহার তৌফিয়ৎ ঐ রাইয়ৎ কি দখীলকার উক্ত মিয়াদের মধ্যে ঐ আসেসরের নিকটে দাখিল করিবেন। ঐ এত্তেলামতে কার্য্য করিতে যদি জানিয়াশুনিয়া ত্রুটি হয়, তবে এই আইনমতে তাঁহার যত টাক্স লাগে তাহার তিনগুণ ধার্য্য হইবে।

৪ দফা। যে জমী কি ঘর রাইয়তেরদের দখলে থাকে তাহা যে কবুলিয়ৎ কি বন্দোবস্ত কি দলীলমতে তাহারদের

after the said Assessor shall have left at his usual place of abode a notice in writing requiring the same, produce to such Collector the kabooleyats or agreements, or counterparts of the instruments in writing under which such tenants hold such lands or houses, and where there shall be no such kabooleyat or agreement, or counterpart, or the same shall not be in the possession or power of such landlord, he shall leave with such Assessor, within the time before-mentioned, a like return in writing containing such particulars, and under such penalty as in this Rule before provided.

(5.) It shall be lawful for such Assessor to make his assessment on the production of such lease, or agreement, or instrument, or receipt, or of such rent-rolls, or of such kabooleyats or counterparts as the case may be, according to the rent therein respectively reserved, specified or made payable, if satisfied with the genuineness thereof respectively, and in case of non-production of any of such documents, then upon the rent reserved or made payable, according to the account thereof delivered as aforesaid, if he shall be satisfied that the said lands have been *bonâ fide* let at the reserved rent notified to him as aforesaid, without other valuable consideration.

(6.) But in case such Assessor shall not be satisfied of the genuineness of the said documents, or any of them, or with the note given to him, or in case no such note shall be given, then such Assessor shall make the said assessment according to the best of his judgment, as directed in the foregoing Rules.

(7.) Provided, always, that, if the house occupied by any such tenant shall be distant more than five miles from the dwelling-house of such Assessor, it shall be competent to such tenant to lodge his lease, agreement, or instrument, or note in writing of the rent, with the nearest Officer of the Government in the revenue establishment in the said District; and such Officer shall produce the same to the said Assessor when required.

[Rules as to lands or houses unoccupied.]

17. (1.) The said Duties shall be assessed on all lands and houses, whether occupied at the time of assessment or not; and in case any lands chargeable to the said Duties shall be unoccupied, and no distress can be found on the same at the time such Duties shall be payable, it shall be lawful for the Collector of the District in which the said lands are situate for the time being, at any time after, to enter upon the said lands when there shall be any distress thereupon to be found, under the like powers as he might have distrained on the same lands if in the occupation of such person at the time the Duties became due.

(2.) Provided, always, that the said Duties, or either of them, shall not be charged or levied on any House which shall be or become unoccupied for such year, or portion of the year, as the same shall be unoccupied, but the assessment thereupon for

যখনে থাকে তাহা কি তাহার প্রতিলিপি ঐ কালেক্টরকে দেখাইবার এত্তেলা যদি ঐ সময়ে ঐ জমীর কি ঐ জমীদারের কি মালিকের নিকট যাচিয়া না থাকে, তবে তাহার পর দশ দিনের মধ্যে ঐ জমীদার কি মালিক ঐ কবুলিয়ৎ প্রভৃতি কি তাহার প্রতিলিপি ঐ কালেক্টরকে দেখাইবেন। যদি সেই প্রকারের কোন কবুলিয়ৎ কি যদ্দোবস্ত কি প্রতিলিপি না থাকে, কিম্বা থাকিলেও যদি ঐ জমীদারের নিকটে কি তাঁহার এখ্তিয়ারে না থাকে, তবে এই প্রকরণের লিখিত পূর্ব্ব বিধানেতে যে বেওরা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার এক লিপি তিনি পূর্ব্বোক্ত মিয়াদের মধ্যে ঐ আসেসরের নিকটে দাখিল করিবেন। না করিলে তাঁহার ঐ বিধানমতের দণ্ড হইবেক।

৫ দফা। ঐ পাট্টা কি বন্দোবস্ত কি দলীল কি রসীদ কি খাজানার ফর্দ্দ কিম্বা বিষয়বিশেষে ঐ কবুলিয়ৎ কি প্রতিলিপি ঐ আসেসরকে দেখান গেলে, তাহা প্রকৃত পাট্টাপ্রভৃতি আছে ইহা যদি তাঁহার খাতিরজমামতে জানা যায়, তবে তাহাতে যত খাজানা ধরা আছে কি নির্দ্দিষ্ট হয় কি দিতে হয় তদনুসারে তিনি ঐ টাক্স ধার্য্য করিবেন। ও সেই প্রকারের কোন দলীল যদি দেখান না যায়, তবে যত খাজানা ধরা আছে ইহার যে লিপি পূর্ব্বোক্তরূপে তাঁহাকে দেওয়া যায় ঐ জমীর তত খাজানা প্রকৃতপ্রস্তাবে দেওয়া গিয়া থাকে, ও তাহার অধিক কিছু দেওয়া যায় না, এই কথা যদি আসেসর খাতিরজমামতে বোধ করেন, তবে পূর্ব্বোক্তমতের দেওয়া লিপিঅনুসারে যত খাজানা ধরা আছে কি দিতে হয় তাহার উপর ঐ টাক্স বসাইবেন।

৬ দফা। কিন্তু ঐ দলীল, কি তাহার মধ্যের কোন দলীল, কিম্বা তাঁহাকে যে লিপি দেওয়া যায় তাহা যদি আসেসর খাতিরজমামতে যথার্থ বোধ না করেন, কিম্বা তদ্রূপ কোন লিপি যদি তাঁহাকে না দেওয়া যায়, তবে তিনি পূর্ব্ব লিখিত বিধিঅনুসারে আপনার বুদ্ধিসাধ্যমতে ঐ টাক্স ধার্য্য করিবেন।

৭ দফা। পরন্তু ঐ রাইয়ৎ যে বাটীতে থাকে তাহা যদি আসেসরের বাটীহইতে পাঁচ মাইলের অধিক দূর হয়, তবে ঐ প্রদেশের মধ্যে রাজস্বের নিরিশ্তার যে সরকারী কার্য্যকারক অতি নিকট থাকেন, তাঁহার নিকটে ঐ রাইয়ৎ আপনার পাট্টা কি বন্দোবস্ত কি দলীল কি খাজানার লিপি গচ্ছিত করিতে পারিবে। ও ঐ কার্য্যকারক আদেশ পাইলে তাহা উক্ত আসেসরকে দেখাইবেন।

[যে জমীতে কি ঘরে বাসেন্দা নাই তাহার বিধি।]

১৭ প্রকরণ। ১ দফা। ঐ টাক্স সকল জমীর ও ঘরের উপর বসান যাইবে। টাক্স ধার্য্য করার সময়ে তাহা কাহারো দখলে থাকিলে কি না থাকিলেও বসান যাইবে। ঐ টাক্স যাহাতে লাগিতে পারে এমত কোন জমী যদি কাহারো ভোগদখলে না থাকে, ও ঐ টাক্স দিতে হইবার সময়ে যদি তাহাতে ক্রোক করিবার কোন বিষয় না থাকে, তবে ঐ জমী তৎকালে যে প্রদেশে থাকে সেই প্রদেশের কালেক্টর, তৎপরে ঐ জমীতে ক্রোক করিবার কোন বিষয় কোন সময়ে থাকিলে, সেই জমীতে প্রবেশ করিতে পারিবেন, অর্থাৎ ঐ টাক্স যে সময়ে দেনা হইল সেই সময়ে সেই জমী ঐ লোকের দখলে থাকিলে যে ক্ষমতামতে ক্রোক করিতে পারিতেন সেই ক্ষমতামতে করিতে পারিবেন।

২ দফা। কিন্তু যে বৎসরে কিম্বা বৎসরের যত দিন কোন ঘরের ভাড়া না হইয়া থাকে সেই বৎসরের কি তত দিনের জন্যে ঐ ঘরের উপর কোন টাক্স বসান যাইবে না ও আদায় হইবে না। কিন্তু সেই ঘরের যত দিন ভাড়া না হইয়া থাকে ইহার উপযুক্ত প্রমাণ হইলে, সেই ব-

such year or portion of the year as aforesaid, shall, upon appeal, be discharged or diminished by the Commissioners, on due proof of the time during which such house remained unoccupied.

[Power to Assessor to enter and survey lands and houses.]

18. In cases where the person chargeable under this Act in respect of any lands or houses, or the tenant or occupier, shall, upon due notice under this Act, omit to produce or deliver any account or note in writing, which he is by this Act required to produce or deliver according to such Rule in the Act as is applicable to such property, or shall have delivered an account with which the Collector or the Commissioners upon appeal, or upon any objection taken under this Act, shall be dissatisfied, the Assessor, having first obtained an order in that behalf, signed by the said Collecter or by the said Commissioners respectively and taking to his assistance such person or persons of skill as shall be named in such order, shall, after two days' notice to the occupier, have full power, at all reasonable times in the day-time, to view and examine any lands, houses, or other property chargeable, in order to make a survey thereof, and otherwise to ascertain the annual value at which the same ought to be charged by virtue of this Act, and for so doing shall have liberty to enter upon any lands or houses, and to value the same, and to measure and survey the same, if they cannot otherwise ascertain the annual value thereof.

[Power to appoint a Valuer.]

19. (1.) If, upon appeal, any dispute shall arise touching the annual value of any lands or houses, and the Commissioners shall deem it necessary, or the appellants shall desire, that a valuation thereof should be taken and made by any person of skill, it shall be lawful for the said Commissioners to direct that a valuation be made by any person to be named by the said Commissioners, the costs and charges whereof shall abide the final determination of the said Commissioners, and to require the just valuation to be verified on the oath or solemn affirmation of the person making the same; but in case the appellant, after having desired such valuation, shall not within such time as the said Commissioners shall consider reasonable, cause such valuation to be made as aforesaid, the said Commissioners shall make an assessment according to the best of their judgment without such valuation.

(2.) Provided, always, that it shall be competent to the said Commissioners in every such case where the valuation so made shall exceed the value put upon the same lands or houses by the appellant, to direct the costs and charges attending the same to be paid by him; but if they shall be of opinion that such costs and charges have not been incurred through any default of the said appellant, they shall direct the same to be paid by the Collector of the District, who, on the certificate of the Commissioners, present at the time of the deter-

সময়ের মিথিতে, কিম্বা পূর্ব্বোক্তমতে বৎসরের ভত দিনের জন্যে তাহার উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা আপীলমতে কমিস্যানরেরা কমা কি কম করিবেন।

জমীতে ও ঘরে প্রবেশ করিয়া জরিপ করিতে আসেসরের ক্ষমতার কথা।]

১৮ প্রকরণ। কোন জমীর কি ঘরের জন্যে যে লোকের এই আইনমতে টাক্স লাগিতে পারে, তিনি, কিম্বা রাইয়ৎ কি দখীলকার, এই আইনমতে উপযুক্ত এত্তেলা পাইলে পর, ঐ সম্পত্তির উপর এই আইনের যে বিধি খাটে সেই বিধিমতে এই আইনানুসারে যে হিসাব কি লিপি দেখাইতে কি দাখিল করিতে আজ্ঞা হইয়াছে তাহা যদি না দেখান্ কি দাখিল না করেন, কিম্বা যে হিসাব দাখিল করেন তাহাতে যদি কালেক্টরের, কিম্বা আপীলমতে, কিম্বা এই আইনানুসারে আপত্তি হওয়াতে যদি কমিস্যানরেরদের খাতিরজমা না হয়, তবে আসেসর, ঐ কালেক্টরের কিম্বা ঐ কমিস্যানরেরদের দস্তখৎকরা হুকুম পাইয়া, ও ঐ হুকুমে যে নিপুণ লোকের কি লোকেরদের নাম লেখা থাকে তাঁহাকে কি তাঁহারদিগকে সঙ্গে লইয়া, ও দুই দিবা থাকিতে দখীলকারকে সম্বাদ দিয়া, কোন জমী কি ঘর, কি টাক্স যাহাতে লাগিতে পারে এমত অন্য সম্পত্তি দৃষ্টি করিবার জন্যে, ও এই আইনমতে তাহার বার্ষিক যত প্রাপ্তি ধরিয়া টাক্স বসাইতে হয় ইহা নিরূপণ করিবার জন্যে, দিনমানে উপযুক্ত কোন সময়ে ঐ ঘর কি জমী কি অন্য সম্পত্তি দেখিয়া তদারক করিতে সম্পূর্ণ ক্ষমতা পাইবেন, ও তাহা করিবার জন্যে কোন জমীতে কি ঘরে তাঁহারদের প্রবেশ করিবার, ও তাহাতে যত প্রাপ্তি হইতে পারে তাহা নিরূপণ করিবার অনুমতি হইবে, ও ঐ জমীপ্রভৃতির বার্ষিক প্রাপ্তি যদি অন্য প্রকারে নির্ণয় করিতে না পারেন, তবে তাহা মাপ ও জরিপ করিতে পারিবেন।

[যাচনদারকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

১৯ প্রকরণ। ১ দফা। আপীল হইলে যদি কোন জমীর কি ঘরের বার্ষিক প্রাপ্তির বিষয়ে কোন বিবাদ হয়, ও নিপুণ কোন লোকের দ্বারা ঐ জমীপ্রভৃতির প্রাপ্তি নিরূপণ করিয়া লওয়া যায় ইহা যদি কমিস্যানরেরা আবশ্যক বোধ করেন, কিম্বা আপেলাণ্ট যদি তাহা চাহেন, তবে উক্ত কমিস্যানরেরা যাঁহাকে মনোনীত করেন এমত কোন লোকের দ্বারা তাহার নিরূপণ হয় ঐ কমিস্যানরেরা এমত হুকুম করিতে পারিবেন, ও সেই যাচনদার তাহার যথার্থ যে প্রাপ্তি নিরূপণ করেন তাহা শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া সাবুদ করেন এমত আজ্ঞা করিতে পারিবেন। ও সেই নিরূপণ করিবার খরচখরচা ঐ কমিস্যানরেরদের চূড়ান্ত মিষ্পত্তিমতে দেওয়া যাইবে। কিন্তু ঐ আপেলাণ্ট উক্ত প্রকারে নিরূপণ করিবার ইচ্ছা প্রকাশ করিলে পর, যদি উক্ত কমিস্যানরেরদের বিবেচনামতে উপযুক্ত সময়ের মধ্যে পূর্ব্বোক্তমতের নিরূপণ না করান, তবে ঐ কমিস্যানরেরা ঐ নিরূপণ করণবিনা আপনারদের বুদ্ধিসাধ্যমতে টাক্স নির্দ্ধার্য্য করিবেন।

২ দফা। কিন্তু এমত প্রত্যেক স্থলে আপেলাণ্ট ঐ জমীর কি ঘরের যত প্রাপ্তি ধরিয়াছেন, যদি তদ্রূপে নিরূপণ করিয়া তাহার অধিক প্রাপ্তি ধরা যায়, তবে নিরূপণ করিবার খরচখরচা ঐ আপেলাণ্টের দিতে হইবেক, উক্ত কমিস্যানরেরা এমত হুকুম করিতে পারিবেন। পরন্তু ঐ খরচখরচা ঐ আপেলাণ্টের কোন ত্রুটির দ্বারা হয় নাই, তাঁহারা যদি এমত বোধ করেন, তবে ঐ খরচ দিতে ঐ প্রদেশের কালেক্টরকে আজ্ঞা করিবেন, ও সেই নিষ্পত্তি করিবার সময়ে যে কমিস্যানরেরা উপস্থিত ছিলেন তাঁহারদের সার্টিফিকট পাইলে কালেক্টর তাহা দিবেন, ও তদ্রূপে যে টাকা

mination, shall pay the same, and the sum so paid shall be allowed to such Collector in his accounts

[Deduction where rents reduced in consequence of flood, drought, or tempest.]

20. (1.) Whenever by any flood, drought, or tempest, loss shall be sustained on the growing crops, or on the stock on lands let to tenants, or the said lands, or any part thereof, shall, by such flood, drought, or tempest, be rendered incapable of cultivation for any year, and it shall be proved on oath, to the satisfaction of the Collector, or, upon appeal, to the satisfaction of the Commissioners for general purposes, that the owner of the said lands, or the person in receipt of the rents thereof, hath, in consideration of such loss, abated or agreed to abate to his tenant the whole or any proportion of the rent reserved or payable by such tenant for any year of such demise, it shall be lawful for the said Collector, or for the said Commissioners, to abate in the assessment made in respect of the said lands for the same year for which such rent hath been abated, and to discharge therefrom the whole or the like proportion of Duty as the said owner shall appear, on such proof as aforesaid, to have abated of or from the rent reserved and made payable to him on such demise.

(2.) It shall also be lawful for the said Collectors, or for the said Commissioners, in every such case, to abate in the assessment made in respect of the occupation of the said land for the same year, and to discharge therefrom the like proportion of Duty as shall have been abated or discharged from the assessment made in respect of the property on the said lands for the cause aforesaid.

[A similar provision as to lands in occupation of owner.]

21. Whenever, from any of the causes aforesaid, the like loss shall be sustained on lands in the occupation of the owner, and the same shall be proved to the satisfaction of the Collector, or, in case of appeal, before the said Commissioners, it shall be lawful for him or them to abate in the several assessments made in respect of the said lands, and to discharge the whole or any part of the said respective Duties, and in proportion to the loss so sustained, and to the amount which he or they shall be of opinion would, or ought to have been abated as aforesaid, if the said lands had been demised to a tenant, and a proportionate abatement had been made to such tenant under the circumstances of the said loss.

[Deductions from rents for loss caused by insolvency or absconding of tenants.]

22. Whenever any loss of rents shall be sustained by the owner or landlord of any lands occasioned by the insolvency or absconding of the tenant or occupier by whom such rent was payable, or by the fraudulent assignment or removal of his goods, or by reason of such lands being left unoccupied or waste, and the same shall be established to the

দেওয়া যায় তাহা ঐ কালেক্টর আপন নির্দেশে ধরচ লিখিতে পারিবেন।

[বন্যা কি অনাবৃষ্টি কি ঝড় প্রযুক্ত খাজানা কম করা গেলে টাকুন কম করিবার কথা।]

২০ প্রকরণ। ১ দফা। রাইয়তকে যে জমী খাজানা করিয়া দেওয়া গেল তাহাতে যে ফসল হইতেছে কি তাহাতে যে মাল থাকে, বন্যার কি অনাবৃষ্টির কি ঝড়ের দ্বারা যদি তাহার নোকসান হয়, কিম্বা সেই বন্যা কি অনাবৃষ্টি কি ঝড়প্রযুক্ত ঐ জমীর চাষ যদি কোন বৎসরে হইতে না পারে, ও ঐ জমীর মালিক কিম্বা যে জন তাহার খাজানা আদায় করেন, তিনি ঐ নোকসানহওয়ার বিবেচনায়, রাইয়তের ঐ বৎসরের ভোগদখলের জন্যে যত জমা ধরা ছিল কি দিতে হইত তাহার সমুদয় কি তাহার কোন অংশ জমা করিয়াছেন কি করিতে স্বীকার করিয়াছেন এই কথার প্রমাণ যদি শপথপূর্ব্বক কালেক্টরের খাতিরজমাতে করা যায়, কিম্বা আপীল হইয়া সাধারণ কার্য্যের কমিস্যনরেরদের খাতিরজমাতে করা যায়, তবে যে বৎসরের নিমিত্তে ঐ খাজানা জমা হইয়াছে, সেই বৎসরের নিমিত্তে যে টাক্স ধার্য্য হইয়াছে তাহাও উক্ত কালেক্টর কিম্বা উক্ত কমিস্যনরেরা জমা করিতে পারিবেন, ও সেই মালিকের প্রাপ্য যত খাজানা ধরা হইয়াছিল ও তাঁহার পাওনা হইত, তাহাহইতে তিনি ঐ নোকসানপ্রযুক্ত পূর্ব্বোক্ত প্রমাণমতে যত ত্যাগ করিয়াছেন দৃষ্ট হয়, তদনুসারে ঐ কালেক্টর কি ঐ কমিস্যনরেরা ঐ জমীর সমুদয় টাক্স ছাড়িয়া দিবেন কিম্বা তাহার হারহারিমতে জমা করিতে পারিবেন।

২ দফা। আরো তদ্রূপ স্থলে সেই জমী দখল করিবার জন্যে সেই বৎসরের যত টাক্স ধার্য্য হইয়াছে, তাহাও ঐ কালেক্টরেরা কি ঐ কমিস্যনরেরা কম করিতে পারিবেন, ও ঐ জমীর উপর যে ফসলাদি সম্পত্তি ছিল তাহার যত টাক্স পূর্ব্বোক্ত কারণে কম করা গিয়াছে কি জমা হইয়াছে, তাহার হারহারিমতে ঐ জমী দখল করিবার টাক্সও জমা করিতে পারিবেন।

[মালিকের দখলে যে জমী থাকে তাহার বিষয়ে তদ্রূপ বিধি।]

২১ প্রকরণ। মালিকের নিজ দখলে যে জমী থাকে তাহাতে যদি পূর্ব্বোক্ত কোন কারণে সেইপ্রকারের নোকসান হয়, ও তাহার প্রমাণ যদি কালেক্টরের খাতিরজমাতে কিম্বা আপীল হইলে উক্ত কমিস্যনরেরদের খাতিরজমাতে করা যায়, তবে ঐ জমীর যে ২ টাক্স ধরা গিয়াছে তাহা তিনি কি তাঁহারা কম করিতে পারিবেন, ও ঐ২ টাক্সের সমুদয় কি কোন অংশ ত্যাগ করিতে পারিবেন। অর্থাৎ ঐ জমী যদি রাইয়তকে পাট্টা করিয়া দেওয়া যাইত ও ঐ প্রকারের নোকসান হওয়াতে সেই রাইয়তের যত খাজানা তাঁহার বিবেচনামতে কম করা উচিত হইত, ঐ মালিকের সেই ক্ষতির হিসাবে তাঁহার তত খাজানা কম করিতে পারিবেন।

[রাইয়ৎ খাজানা দিতে না পারিলে কি পলাইলে যে ক্ষতি হয় তাহার জন্যে খাজানা কম করিবার কথা।]

২২ প্রকরণ। যে রাইয়তের কি দখীলকারের স্থানে খাজানা পাওনা হয়, সে যদি দীনতাপ্রযুক্ত খাজানা দিতে না পারে, কিম্বা যদি পলায়, কিম্বা তাহার মাল চাতুরীক্রমে অন্যের হাতে দেওয়া যায় কি স্থানান্তর করা হয়, কিম্বা জমীতে যদি রাইয়ৎ না থাকে কি ঐ জমী পতিত থাকে ও তাহাতে যদি জমীদারের কি ভূম্যধিকারির খাজানার হানি হয়, ও সেই কথা যদি ঐ কালেক-

satisfaction of the said Collector, or upon appeal to the satisfaction of the said Commissioners for general purposes, it shall be lawful for the said Collector or for the said Commissioners to abate in the assessment made in respect of the said lands, and to discharge the whole or any part of the said Duties in proportion to the loss so sustained.

PART VII.

Rules under Schedule II.

LXXIX. The Duties hereby imposed contained in the Schedule marked II. shall be assessed and charged under the following Rules:—

SCHEDULE II.

The said Rules shall extend and apply to every description of property or profits which shall not be contained in either of the said Schedules I or III., and to every description of employment of profit not contained in Schedule IV., and not specially exempted from the said respective Duties, and shall be charged annually on, and paid by the person, receiving or entitled unto the same, and his representatives.

First Case.—Duties to be charged in respect of any Trade.

[Computation of Duties to be for the preceding year.]

1. (1.) The Duties to be charged in respect thereof shall be computed at a sum not less than the full amount of the balance of the profits of such trade during the preceding year, that is to say, during one year, ending on the day of the year immediately preceding the year of assessment on which the accounts of the said trade, manufacture, adventure, or concern shall have been usually made up, or on the 30th day of April preceding the year of assessment, and shall be assessed, charged, and paid without other deduction than is hereinafter allowed.

[Rules when the Trade has been commenced within the preceding year.]

(2.) Provided, always, that in cases where the trade, manufacture, adventure or concern shall have been set up and commenced within the said period of one year, or within the year of assessment, the computation shall be made according to an average of the balance of the profits for such period as the Commissioners shall, under the circumstances, deem reasonable and direct.

[Duties under Schedule II. to extend to all trades and manufactures, whether connected with the occupation of land or not.]

2 (1.) The said Duties shall extend to every Person, Body, Politic or Corporate, Company, or Society in respect of any trade, manufacture, business, adventure, concern, or carried on by them respectively in India or elsewhere as aforesaid.

(2.) The said Duties under Schedule II. shall extend to every such trade, business, occupation, adventure, or concern, whether the same be connect-

উহার খাতিরজমাতে সাবুদ হয়, কিম্বা আপীল হইয়া সাধারণ কার্য্যের কমিসানরেরদের খাতিরজমাতে সাবুদ হয়, তবে ঐ কালেক্টর কিম্বা ঐ কমিসানরেরা ঐ জমীর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা কম করিতে পারিবেন, ও যত ক্ষতি হইয়াছে তাহার হারহারিমতে ঐ টাক্সের সমুদয় কি কোন অংশ ক্ষমা করিতে পারিবেন।

সপ্তম খণ্ড।

২ নম্বরের তফসীলমতের বিধি।

৭৯ ধারা। ২ নম্বরের তফসীলমতে যে টাক্স এই আইনক্রমে বসান যাইবে, তাহা ধার্য্য করিবার ও বসাইবার এই২ বিধি।

২ নম্বরের তফসীল।

যত প্রকারের সম্পত্তি কি প্রাপ্তি উক্ত ১ নম্বরের কি ৩ নম্বরের তফসীলে ধরা যায় নাই, ও সভোর যত প্রকারের কর্ম্ম ৪ নম্বরের তফসীলে ধরা যায় নাই, ও যে২ প্রকারের সম্পত্তি কি প্রাপ্তি উক্ত টাক্সহইতে বিশেষমতে মুক্ত করা যায় নাই, তাহার উপর এই সকল বিধি খাটিবে ও চলিবে। ও যে জন ঐ প্রাপ্তি পান কি পাইবার স্বত্বদান হন তাঁহার উপর কি তাঁহার স্থলাভিষিক্তের উপর বৎসরে২ বসান যাইবেক ও তাঁহার স্থানে আদায় হইবেক।

প্রথম ভাগ।

কোন বাণিজ্যব্যবসায়ের জন্যে যে টাক্স লাগে তাহার বিধি।

[পূর্ব্ব বৎসরের নিমত্তে ঐ টাক্সের হিসাব করিবার কথা।]

১ প্রকরণ। ১ দফা। ঐ বাণিজ্য দ্বারা পূর্ব্ব বৎসরে যত প্রাপ্তি হয় তাহা কিছু কম না করিয়া সমুদয় ধরিয়া ঐ টাক্স ধার্য্য হইবেক, অর্থাৎ যে বৎসরের টাক্স ধার্য্য হইবেক তাহার পূর্ব্ব বৎসরের যে শেষ দিনে ঐ বাণিজ্যকার্য্যের কি শিল্প কর্ম্মের কি পরীক্ষার্থ ব্যবসায়ের কি কারবারের হিসাবসকল নিষ্পত্তি করা গিয়া থাকে সেই শেষ দিনপর্য্যন্ত, কিম্বা টাক্স ধার্য্য করিবার বৎসরের পূর্ব্ব সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত এক বৎসরে যত প্রাপ্তি হয় তাহা ধরিতে হইবেক। ও তাহার উপর টাক্স ধার্য্য হইয়া বসান যাইবেক ও এই আইনেতে যত কম করিবার অনুমতি হইতেছে তদ্ভিন্ন কম না করিয়া আদায় হইবেক।

[পূর্ব্ব বৎসরের মধ্যে যদি ঐ বাণিজ্যব্যবসায়ের আরম্ভ হইয়া থাকে তবে তাহার কথা।]

১ দফা। কিন্তু যদি ঐ বাণিজ্যকার্য্য কি শিল্প কর্ম্ম কি পরীক্ষার্থ ব্যবসায় কি কারবার উক্ত এক বৎসরের মধ্যে কি টাক্স ধার্য্য করিবার বৎসরের মধ্যে স্থাপন হয় ও আরম্ভ করা যায়, তবে কমিসানরেরদের বিবেচনামতে হিসয় বুঝিয়া যত কাল উপযুক্ত বোধ হয় তত কালের প্রাপ্তির গড় ধরিয়া ও যত আজ্ঞা করেন তদনুসারে ঐ টাক্স ধার্য্য হইবেক।

[কোন বাণিজ্যব্যবসায়ের ও শিল্প কর্ম্মাদির সম্পর্কে জমী দখল হউক কি না হউক, ২ নম্বরের তফসীলমতের টাক্স খাটিবার কথা।]

২ প্রকরণ। ১ দফা। কোন লোক কি চার্টরপ্রাপ্ত কোম্পানি কি কোম্পানি কি সোসাইটী ভারতবর্ষে কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য স্থানে যে কোন বাণিজ্যকার্য্য কি শিল্পকর্ম্ম কি ব্যবসায় কি পরীক্ষার্থ ব্যবসায় কি কারবার চালান তাহার উপর ঐ টাক্স খাটিবে।

২ দফা। ঐ বাণিজ্যকার্য্য কি কর্ম্ম কি ব্যবসায় কি পরীক্ষার্থ ব্যবসায় কি কারবার সম্পর্কে জমীর ভোগদখল ও ব্যবহার হউক কি না হউক তাহার উপর ২ নম্বরের তফ-

ed with the occupation and use of land or not, including among others the following persons: Railway Companies, Canal Companies, Irrigation Companies, Docking Companies, Coal Companies, Gas Companies, Mining Companies, Tea Companies, Indigo Planters, Coffee Planters, Sugar Planters, Tea Planters, Silk Manufacturers, Holders of Silk filatures, and all Companies and persons holding or using lands for the purpose of manufacturing the produce thereof, and selling such produce when manufactured, or for any purpose of the nature of trade or manufacture, whether such Companies or persons are subject to the Bankrupt Laws as traders or not

(3.) The foregoing enumeration shall not be construed to exclude from the provisions as to Schedule II. any person not expressly specified therein, who would, but for such enumeration, have been deemed to be included therein under the general words of this Rule.

[No deduction to be allowed in computation, except those specified]

3. In estimating the balance of profits chargeable under Schedule II., or for the purpose of assessing the Duty thereon, no sum shall be set against, or deducted from, or allowed to be set against or deducted from such profits or gains on account of any sum expended for repairs of premises occupied for the purpose of such trade, manufacture, or concern, nor for any sum expended for the supply, or repairs, or alterations of any implements, utensils, or articles employed for the purpose of such trade, manufacture, or concern, beyond the sum usually expended for such purposes according to an average of three years preceding the year in which such assessment shall be made : nor on account of loss not connected with, or arising out of such trade, manufacture, or concern, nor on account of any capital withdrawn therefrom, nor for any sum employed or intended to be employed as capital in such trade, manufacture, adventure, or concern, nor for any capital employed in improvement of premises occupied for the purposes of such trade, manufacture, or concern ; nor on account of any interest which might have been made on such sums if laid out at interest ; nor for any debts, except bad debts proved to be such to the satisfaction of the Commissioners respectively, or except doubtful debts as hereinafter mentioned ; nor for any average loss beyond the actual amount of loss after adjustment nor for any sum recoverable under an insurance or contract of indemnity.

[*Government Gazette*, 15*th May*. 1860.]

সীলমতের ঐ টাক্স লাগিবে। ঐ কোং প্রভৃতির মধ্যে ইহারাও গণ্য হয়, অর্থাৎ রেলওয়ের কোম্পানি, ও খালের কোম্পানি, ও জল সেচিবার কোম্পানি, ও বন্দর কোম্পানি, ও কয়লার কোম্পানি, ও গ্যাস কোম্পানি, ও খানি খুঁড়িবার কোম্পানি, ও চা কোম্পানি, ও নীলকরেরা, ও কাওয়া কৃষকেরা, ও চিনির কুঠিওয়ালারা, ও চা কৃষকেরা, ও রেশমের কুঠিওয়ালারা, ও রেশমের সূতার কর্ম্মকারিরা, ও জমীর উৎপন্ন কোন দ্রব্য শিল্প যন্ত্রে প্রস্তুত করিবার জন্যে, ও প্রস্তুত করা সেই দ্রব্য বেচিবার জন্যে, কিম্বা বাণিজ্যের কি শিল্প কর্ম্মের মতের কোন কর্ম্ম করিবার জন্যে যাঁহারা জমী দখল করেন কি ব্যবহার করেন, সেই২ কোম্পানি কি সাক বাণিজ্যকারী করিয়া তাঁহাদের উপর দেউলিয়ার আইন খাটুক কি না খাটুক তাঁহারাও গণ্য হইবেন।

৩ দফা। উক্ত ব্যবসায়িরদের যে সকল খ্যাতি পূর্ব্ব দফাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা নির্দ্দিষ্ট না থাকিলে যে সকল লোক এই বিধির সাধারণ কথার মধ্যে গণ্য হইতেন এমত কোন লোকের কর্ম্ম ঐ দফার খ্যাতির মধ্যে নির্দ্দিষ্ট হয় নাই বলিয়া, তাঁহারা ২ নম্বরের তফসীলের বিধানহইতে মুক্ত হন, এমত অর্থ জানিতে হইবেক না।

[বাদ দিবার যে২ খরচ নির্দ্দিষ্ট হয় তাহাছাড়া অন্য কিছু বাদ দেওয়ার অনুমতি না থাকার কথা।]

৩ প্রকরণ। ২ নম্বরের তফসীলমতে যে২ প্রাপ্তির উপর টাক্স ধসান যাইতে পারে কিম্বা তাহার উপর টাক্স ধার্য্য করিবার নিমিত্তে তাহার হিসাব করিবার সময়ে, ঐ টাক্স যে বৎসরে ধার্য্য হয় তাহার পূর্ব্বের তিন বৎসরের মধ্যে ঐ বাণিজ্য কি শিল্পকর্ম্ম কি কারবার করিবার বাড়ী ঘরপ্রভৃতি মেরামৎ করিতে যত খরচ হইয়াছে, ও সেই বাণিজ্যের কি শিল্পকর্ম্মের কি কারবারের কার্য্যেতে যে কোন যন্ত্র কি হাতিয়ার কি দ্রব্যের ব্যবহার হয় তাহা আমাইতে কি সারিয়া দিতে কি পরিবর্ত্তন করিতে যত খরচ হইয়াছে, তাহার গড় ধরিয়া যত হয় বাদ দেওয়া যাইতে পারিবে, কিন্তু তাহার অধিক কিছুই ঐ কার্য্যের নিমিত্তে ঐ প্রাপ্তি কি লাভহইতে বাদ দেওয়া যাইবে না কি বাদ দিবার অনুমতি হইবে না। আরো ক্ষতি হইলে ঐ বাণিজ্য কি শিল্পকর্ম্মের কি কারবারের সঙ্গে যাহার সম্পর্ক নাই কি তাহাহইতে যাহা হয় নাই এমত কোন ক্ষতির জন্যে, কিম্বা ঐ বাণিজ্য কার্য্যে কি শিল্পকর্ম্মে কি কারবারে যাহা খরচ হইত এমত কোন পুঁজির টাকা উঠাইয়া লওয়া গিয়াছে এই কারণে, কিম্বা ঐ বাণিজ্যকার্য্যে কি শিল্পকর্ম্মেতে কি পরীক্ষার্থ ব্যবসায়েতে কি কারবারে কিছু টাকা খরচ হইয়াছে কি খরচহওয়ার কল্পনা আছে এই কারণে কিম্বা ঐ বাণিজ্য কার্য্য কি শিল্প কর্ম্ম কি কারবার যে বাড়ীর মধ্যে চালান যায় তাহা আরো উত্তম করিবার জন্যে কিছু পুঁজির টাকা খরচ হইয়াছে এই কারণে, কিম্বা সেই টাকা গচ্ছিত করিয়া সুদ লওয়া গেলে তাহার উপর যে সুদ পাওয়া যাইতে পারিত তাহার কারণে, কিম্বা কোন টাকা কর্জ্জ দেওয়া গেল এই কারণে, ঐ প্রাপ্তিহইতে কিছু বাদ দিতে হইবেক না, কেবল পাওনা কোন টাকা ফিরিয়া পাওয়া যাইতে পারে না ইহার প্রমাণ কমিসানরেরদের খাতিরজমামতে করা গেলে, তাহা কিম্বা পাওনা কোন টাকা ফিরিয়া পাইবার সন্দেহ হইলে তাহা বাদ দেওয়া যাইতে পারিবেক। তাহার কথা পরে লেখা যাইতেছে। ও হিসাব নিকাশ করিতে যত টাকার ক্ষতি নিতান্ত হইয়াছে তাহাভিন্ন যাহা ক্ষতি হয় তাহার নিমিত্তে কিম্বা নিষ্পাপত্রক্রমে কি ক্ষতি না হইবার চুক্তিপত্রক্রমে যত টাকা আদায় হইতে পারে তাহার নিমিত্তে ঐ প্রাপ্তিহইতে কিছু বাদ দিতে হইবেক না ইতি।

[Doubtful debts may be deducted.]

4. In estimating the amount of profits as aforesaid, it shall be lawful to estimate the value of all doubtful debts due or owing to such persons, and in the case of the insolvency or bankruptcy of the debtor, the amount of the dividend which may reasonably be expected to be received upon such debt, shall be deemed to be the value thereof, and the Duty chargeable shall be assessed and charged upon the estimated value of such doubtful debts accordingly.

[পাওনা যে টাকা ফিরিয়া পাইবার সংশয় হয় তাহা বাদ দিবার কথা।]

৪ প্রকরণ। পূর্ব্বোক্তমতের প্রাপ্তির হিসাব করিবার সময়ে ঐ লোকেরদের পাওনা যে সকল টাকা আদায় করিবার সংশয় হয় তাহাও হিসাবে ধরিতে হইবেক। ও ধাতক যোড়হীন কি দেউলিয়া হইলে ঐ পাওনা টাকার যত ডিবিডেণ্ড পাইবার সম্ভাবনা হয় তত ঐ পাওনা বলিয়া জ্ঞান হইবেক, ও যে টাক্স আদায় হইতে পারে তাহা ঐ সংশয়ের পাওনা যত টাকা উক্ত প্রকারে ধরা গেল তাহার উপর ধার্য্য হইবে ও বসান যাইবে ইতি।

[No deductions on account of annuities payable out of profits.]

5. In estimating the amount of the profits arising as aforesaid, no deduction shall be made on account of any annual interest, or any annuity or other annual payment payable out of such profits.

[প্রাপ্তিহইতে যে বার্ষিক বৃত্তি দিতে হয় তাহার জন্যে কিছু বাদ না দিবার কথা।]

৫ প্রকরণ। পূর্ব্বোক্তমতে যে প্রাপ্তি হয় তাহার হিসাব করিবার সময়ে ঐ প্রাপ্তিহইতে বৎসরে২ যে কিছু সুদ দিতে হয় কিম্বা বৎসরে২ যে কিছু বৃত্তি কি অন্য টাকা দিতে হয় তাহার নিমিত্তে কিছু বাদ দিতে হইবেক না ইতি।

দ্বিতীয় ভাগ।

Second Case.—The Duty to be charged in respect of professions or employments not contained in any other Schedule of the Act.

যে বিদ্যাব্যবসায়ের কি কর্ম্মের কথা এই আইনের অন্য কোন তফসীলে লেখা নাই তাহার জন্যে যে মাসুল ধার্য্য হইবেক তাহার কথা।

[Duties chargeable on all employments by retainer, whether annual or not.]

[বেতন পাইবার করারে যে কর্ম্ম করা যায় সেই বেতন বৎসরে২ কি অন্য প্রকারে পাইবার করার হউক, ঐ কর্ম্মের উপর টাক্স লাগিবার কথা।]

6. The said Duties on employments shall be construed to extend to every employment by retainer in any character whatever, whether such retainer shall be annual or for a longer or shorter period; and to all profits and earnings, of whatever value, subject only to such exemptions as are hereinafter mentioned.

৬ প্রকরণ। কর্ম্মের উপর ঐ টাক্সের এই অর্থ করিতে হইবেক। বেতন পাইবার যে কোন প্রকারের করারে কর্ম্ম হয়, অর্থাৎ বৎসরের কি তাহার অধিক কালের কি অল্প কালের ঐ করার হউক ঐ কর্ম্মের উপর টাক্স লাগিবে। ও লাভ ও প্রাপ্তি যত টাকা হউক তাহার উপর ঐ টাক্স লাগিবেক। কেবল ইহার পর যাহা ত্যাগ করিয়া দেওয়া যাইতেছে তাহার উপর লাগিবে না ইতি।

[Period of computation.]

[যত কালের হিসাব ধরিতে হইবেক তাহার কথা।]

7. The Duty to be charged shall be computed at a sum not less than the full amount of the balance of the profits and emoluments of such profession or employment (after making such deductions, and no others, as by this Act are allowed) within the preceding year, ending as in the first case, to be paid on the actual amount of such profits or gains, without any deduction, subject to the like provisions as are made in the first case in Rule No. 1, in respect of the period of computation in the case of setting up or commencing such profession, employment or vocation within one year preceding the year of assessment, or within the year of assessment.

৭ প্রকরণ। পূর্ব্ব বৎসরে, অর্থাৎ এই বিধির প্রথম ভাগে বৎসরের শেষ যে তারিখ নিরূপণ হইয়াছে সেই তারিখপর্য্যন্ত পূর্ব্ব বৎসরে, ঐ বিদ্যাব্যবসায় কি কর্ম্ম দ্বারা যত প্রাপ্তি ও আয় হয়, তাহাহইতে এই আইনমতে যাহা বাদ দিবার অনুমতি আছে তাহা ছাড়া অন্য কিছু বাদ না দিয়া যত বাকী থাকে তাহার সমুদয় টাকার উপর ঐ টাক্স ধার্য্য হইবেক। ও সেই প্রাপ্তি কি লাভ নিতান্ত যত টাকা হয় তাহার কিছু বাদ না দিয়া ঐ টাক্স দিতে হইবেক। ও টাক্স ধার্য্য করিবার পূর্ব্ব বৎসরের মধ্যে কি টাক্স ধার্য্য করিবার বৎসরের মধ্যে কোন বিদ্যাব্যবসায় কি চাকরী কি কর্ম্ম স্থাপন হইলে কি আরম্ভ হইলে যত দিনের হিসাব ধরিতে হইবে, তাহার বিষয়ে এই বিধির প্রথম ভাগের ১ প্রকরণের বিধান খাটিবে।

[3rd, 4th, or 5th Rules of Case 1 applicable to Case 2.]

[প্রথম ভাগের ৩ ও ৪ ও ৫ প্রকরণের কথা ২ ভাগের উপর খাটিবার কথা।]

8. The third, fourth, and fifth Rules in the first case shall also extend to the profits arising under the second case, as far as they are applicable.

৮ প্রকরণ। এই বিধির প্রথম ভাগের ৩ ও ৪ ও ৫ প্রকরণে যে কথা আছে তাহা দ্বিতীয় ভাগের লিখিত প্রাপ্তির উপর যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবে।

(To be continued.)

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৫ মে।]

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 3.

To the Sessions Judges in the Lower Provinces.

The Court are pleased to call the attention of the Sessions Judges, subordinate to them to the provisions of Act III. 1860, "to empower Sessions Judges to pass sentence in certain cases without reference to the Sudder Court," published in the *Calcutta Gazette* of the 8th Instant.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 28th February, 1860.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 4th May, 1860.

Baboo Sreenauth Roy, to officiate as Moonsiff of Beegunge, during the deputation of the incumbent, to officiate as Sudder Ameen of Dinagepore

H. B. LAWFORD, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

২২৩৯ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ২৫ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ কলিস সাহেব (Mr. W. Colles,) পাবনাতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬০ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) মুঙ্গেরে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬০ সাল ৪ মে।

রেলওয়ে ডিপার্টমেণ্টে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ চাটুর্য্যা মুঙ্গেরে নিযুক্ত হইয়াছেন এবং ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ১ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়া ঐ জিলার ডেপুটী মাজিষ্ট্রেটের পদেও নিযুক্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৫ মে।

শ্রীযুত টী জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৩ আপ্রিল।

রাজশাহীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ ওয়াইট সাহেব (Mr. W. White,) উক্ত স্থানের চিকিৎসকের কর্ম্মের ভার এদেশীয় চিকিৎসক শ্রীযুত বাবু নীলমণি দালের প্রতি অর্পণ করিয়া ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের বিজ্ঞাপনমতে রাজধানীতে চিকিৎসকেরদের স্থায়ি কমি-

[*Government Gazette*, 15th *May*, 1860.]

সদর নিজামৎ আদালতের সরকুলর হুকুম।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

১৮৬০ সালের ৩ আইনের, অর্থাৎ "কোন২ ফৌজদারী সেশন জজ সাহেবেরা সদর আদালতে জিজ্ঞাসা না করিয়া দণ্ডাজ্ঞা করিতে পারেন এইমত ক্ষমতা দেওনের" আইনের বিধানেতে সদর আদালতের সাহেবেরা আপনারদের অধীন সেশন জজ সাহেবদিগকে মনোযোগ করিতে আদেশ করিতেছেন। ঐ আইন ১৮৬০ সালের ৭ ফেব্রুআরি তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছে।

এচ বি লাকর্ড। এক্টিং রেজিষ্টর।

কোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ২৮ ফেব্রুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

বিয়োগ।

১৮৬০ সাল ৪ মে।

বীরভূমের মুনসেফ প্রেরিত হইয়া যত কালপর্য্যন্ত দিনাজপুরের সদর আমীনের কর্ম্ম করেন তত কালপর্য্যন্ত শ্রীযুত বাবু শ্রীনাথ রায় তাঁহার কর্ম্ম করিবেন।

এচ বি লাকর্ড। এক্টিং রেজিষ্টর।

টির সম্মুখে উপস্থিত হইবার জন্যে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৩ মে।

হিজলীর মেমতের এজেণ্ট শ্রীযুত জি এ সি প্লৌডন সাহেব (Mr. G. A. C. Plowden,) গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৩ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে। বর্দ্ধমান এলাকার বাঁকুড়া জিলার শামিল সোণামুখী গ্রামে এই তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। দ্বিতীয় খণ্ডের রেবিনিউর সরবেরর সাহেব ঐ গ্রাম জরিপ করিয়া তাহার যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ গ্রামের যেপর্য্যন্ত সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক ঐ কাগজ বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ গ্রামে যে টাক্স আদায় করিতে হইবেক তাহা যে লোকেরদের যত টাক্স দিতে হয় তাহারদের গতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

২৩৪২ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ আপ্রিল।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে টি ওর্লি সাহেব (Mr. J. T. Worsley,) নওয়াদহ এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬০ সাল ২ মে।

নদীয়ার শান্তিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু শান্তিপুর এলাকা-ভুক্ত মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিস্টাণ্ট শ্রীযুত এস মিশেল সাহেব (Mr. H. Michel,) লক্ষ্মীপুরে ১৮৩৩ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৫ মে।

শ্রীযুত পি জি ই টেলর সাহেব (Mr. P. G. E. Taylor,) নদীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ৭ মে।

হুগলীর একটিং জজ শ্রীযুত সি পি হবহৌস সাহেব (Mr. C. P. Hobhouse,) ঐ জিলাতে ১৮২৮ সালের ৩ আইনমতে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬০ সাল ৮ মে।

শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Bell,) যশোহরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr A. V Palmer,) সারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) বেহারের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত বি টি টেলর সাহেব Mr. V. T. Tayler,) মদাইপুর এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত ই ডি লকউড সাহেব Mr. E. D Lockwood,) রঙ্গপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত পি এ হমফ্রে সাহেব (Mr. P. A. Humphrey,) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

শ্রীযুত মৌলবী তাজুমুল আলি চাটিগাঁয়ে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও সেই জিলাতে ১৭৯৩ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিস্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৯ মে।

শ্রীযুত জে এচ আর কারনাক সাহেব (Mr. J. H. R. Carnac,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

শ্রীযুত এফ জোন্স সাহেব (Mr. F. Jones,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

শ্রীযুত টি এফ বিগনোলড সাহেব (Mr. T. F. Bignold,) পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এস আটকিনসন সাহেব (Mr. W. S. Atkinson,) বাঙ্গলাপ্রভৃতি দেশের সর্ব্ব সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের ডিরেক্টর হইবেন।

নীচের লিখিত মহাশয়েরা গোটি নগর আরো উত্তম করিবার জন্যে মুনিসিপল কমিটির মেম্বর হইবেন অর্থাৎ

শ্রীযুত কাপ্তান ডবলিউ আগনিউ সাহেব (Captain W. Agnew,) ও

শ্রীযুত আর সিয়র্স সাহেব (Mr. R. Sears,) ও

শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসুরা।

ছুটী।

১৮৬০ সাল ৪ মে।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত এ সি মাঙ্গলস সাহেব (Mr. A. C. Mangles,) রাজধানীতে চিকিৎসকেরদের স্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হইবার জন্যে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের বিজ্ঞাপনমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৭ মে।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সালামৎ উল্লা খাঁ গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহার অধিক অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২ মে।

নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা পুনরায় পোলীসের কর্ম্মে নিযুক্ত হইয়াছেন। ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের যে ক্ষমতা গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে পাইয়াছিলেন তাঁহারদের সেই ক্ষমতা রহিত হইয়াছে অর্থাৎ ভবানীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ রাইলাণ্ড সাহেব (Mr. W. H. Ryland,) ও তেঁতুলিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব (Mr. T. A. Donough.)

১৮৬০ সাল ৯ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুক্ত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব ও শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Messrs. W. H. Brodhurst and J. A. Crawford,) বর্ত্তমান মাসের ৫ তারিখে নুবিয়ানামক কলের জাহাজে ভারতবর্ষহইতে গিয়াছেন এমত রিপোর্ট করেন।

অশুদ্ধ শোধন।

বর্ত্তমান মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন" এই কথার পরিবর্ত্তে "শ্রীযুত জে এফ ব্রৌন সাহেব (Mr. J. F. Browne,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন" এই কথা পড়িতে হইবেক।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

50 Rupees Reward.

Stolen on the 17th April, 1860, a gold Geneva watch. Maker's name Aucre.

No, 28,200.

The above reward will be paid to any one giving such information as may lead to the recovery of the property stolen

Apply to the Joint Magistrate of Hooghly.

R. V. COCKERELL, *Joint Magistrate.*

৫০৲ টাকা পুরস্কার।

জেনিবা দেশের নির্ম্মিত এক সোণার ওয়াচ ঘড়ি চুরি হইয়াছে। ঘড়ি নির্ম্মাতার নাম (Auer) ওকর। ঘড়ির নম্বর ২৮,২০০।

ঐ ঘড়ি যাহাতে ফিরিয়া পাওয়া যাইতে পারে এমত সন্ধান যে কেহ হুগলীর মাজিষ্ট্রেট সাহেবকে জানাইতে পারেন তাঁহাকে এ ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে।

আর বি কাক্রেল। জাইণ্ট মাজিষ্ট্রেট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৫ মে।]

আফিম।

OPIUM.

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ১১ জুন সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮। ৫৯ সালের পয়দায়শী আফিমের ষষ্ঠ নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া অফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৬ এবং ২৬ জুন এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৬ জুন শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সবাবে কিস্তের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২৬ জুন মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	৯	জুলাই	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৮	[illegible]টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	[illegible]	[illegible]ম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	[illegible]	[illegible]ম্বর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
					৭৬২৫	৩০৫৯	১০৬৮

ই টি ট্রুবর। সেক্রেটারী

বিমৌজীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ৩ মে

জিলা বীরভূম।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বীরভূম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমীদারীর যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে যাহা শ্রীযুতের আণ্ডরি সেক্রেটারী সাহেবের সন ১৮৫৯ সালের ৩ নবেম্বর তারিখের সদর বোর্ডের সেক্রেটারী সাহেবের প্রতি ২৭২২ নং চিঠীতে প্রকাশ আছে ঐ জেলার কালেক্টরি কাছারিতে সন ১৮৬০ সালের ৪ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৬৭ সালের ২১ জ্যৈষ্ঠ তারিখে নীলাম হইবেক আর ইহা প্রকাশ করা যাইতেছে যে ব্যক্তি নীলাম খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত শর্ত্তের প্রতি অবলম্বন করিতে হইবেক।

১ দফা। হারহারি সুরত ধার্য্য মূল্য উর্দ্ধ সর্ব্ব উচ্চ ডাককারিকে দেওয়া যাইবেক এবং নীচের লিখিত প্রত্যেক মহালের সম্মুখের লিখিত সদর জমা এইক্ষণে যাহা অবধারিত আছে তাহাই থাকিবেক।

২ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলামহওয়া স্বত্বে বহাল থাকিবেক ও বন্দোবস্তি কাগজাতের দ্বারা ও প্রচলিত আইনের দ্বারা যাহার প্রতি যে স্বত্বার্পিত আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা রাইয়ত মালের কার্য্যকারকের কৃত জমা-বন্দীতে যে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে সম্মান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক।

৩ দফা। যদি ঐ খরিদা মূল্য ১০০৲ টাকার অনধিক হয় তবে খরিদকারিকে তৎক্ষণাৎ তাহা দাখিল করিতে হইবেক।

৪ দফা। যদি ডাককৃত টাকা ১০০৲ টাকার অধিক হয় তবে শতকরা ২৫৲ টাকার হিসাবে তৎক্ষণাৎ ফিস দাখিল করিতে হইবেক যদি ঐ নীলামের তারিখহইতে নীলামের তারিখকে এক দিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিসেরটাকা সরকারে জব্দ এবং পুনর্নীলাম হইবেক।

৫ দফা। আর ইহা প্রকাশ থাকে যে ঐ সামাক মহালের করলাদি খনন করিবার নানাপ্রকার আকর ও খানের প্রতি সরকারের স্বত্ব স্থাপিত রহিল ইতি সন ১৮৬০ ইং তারিখ ১ মে।

নম্বর	চৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমি	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
		তৃতীয় শ্রেণী।				
১	১৪৯ নং	মুহুনা পং বনহাট	৪৬০ ॥২ ॥৶	৩৯৪৲৮	৪৯০ ।১০	
২	১৫০ নং	লাট গনুটীয়া পং ইছা-পুখুরিয়া	৩৭৫৫৲।	৩৭৩২ ॥৶	৫০৬৮ ॥৶৩৸	
৩	৩৯০ নং	গোপালনগর পং নওয়া-নগর	৯১ ॥২ ॥৶	৮৩৲	১০৩৸৶	
৪	৩৯১ নং	জাজীগ্রাম পং ঐ	৬১৶৪ ॥	১১১ ।৶৬	১২৮৸৶১ ॥	
৫	৪০৫ নং	কিঃ আলোআনি পং সুল-তান উজিআন	১৫৪৸৪ ॥	৭১ ।৶	৮৩৸৶৪	
৬	৪১৮ নং	কিঃ জাজীগ্রাম পং নওয়া-নগর	১১৸০৶	২১৲	১৩৲১০	
৭	৪৩১ নং	কিঃ জাজীগ্রাম পং ঐ	২ ॥১৶	৪৸৶৮	৬ ।৶৭	
৮	৪৩২ নং	কিঃ জাজীগ্রাম পং ঐ	৭ ।৩৸৶	৮ ।০	১১৲	
৯	৪৩৩ নং	কিঃ জাজীগ্রাম পং ঐ	২৲৸৶	৩ ॥৶১	৪৸১	
১০	৪৪৪ নং	কতে উল্যাপুর পং রাজ-শাহী	৭৭ ॥৪ ।৶	৫৬ ॥৶২	৭১ ।৶৫০	
১১	৪৪৫ নং	কিঃ পাইকড পং নওয়ানগর	৮ ॥৪৸৶	৫৶৬	৬ ।৶১১	
১২	৪৪৭ নং	গোপনন্দী গ্রাম ওরফে জমু-নি পং রাজশাহী	১৸১	১ ॥৶১১	২৶৭	

এচ এ আর আলেক্জাণ্ডর। কালেক্টর।

জিলা বাকুণ্ডা।

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বাকুণ্ডা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমীদারীর যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে যাহা শ্রীযুতের আণ্ডরি সেক্রেটারী সাহেবের সন ১৮৫৯ সালের ৩ নবেম্বর তারিখের সদর বোর্ডের সেক্রেটারী সাহেবের প্রতি ২৭২২ নং চিঠীতে প্রকাশ আছে ঐ জেলার কালেক্টরি কাছারিতে সন ১৮৬০ সালের ১৪ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৬৭ সালের ১ আষাঢ় তারিখে নীলাম হইবেক আর ইহা প্রকাশ করা যাইতেছে যে ব্যক্তি নীলাম খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত শর্ত্তের প্রতি অবলম্বন করিতে হইবেক।

১ দফা। হারহারি সুরত ধার্য্য মূল্য উর্দ্ধ সর্ব্ব উচ্চ ডাককারিকে দেওয়া যাইবেক এবং নীচের লিখিত প্রত্যেক মহালের সম্মুখের লিখিত সদর জমা এইক্ষণে যাহা অবধারিত আছে তাহাই থাকিবেক।

২ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলামহওয়া স্বত্বে বহাল থাকিবেক ও বন্দোবস্তি কাগজাতের দ্বারা ও প্রচলিত আইনের দ্বারা

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০। ১৫ মে।]

যাহার প্রতি যে স্বত্বার্পিত আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা [illegible] খালের কার্য্যকারকের কৃত জমাবন্দিতে যে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে সম্মান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক।

৩ দফা। যদি ঐ খরিদা মূল্য ১০০৲ টাকার অনধিক হয় তবে খরিদকারিকে তৎক্ষণাৎ তাহা দাখিল করিতে হইবেক।

৪ দফা। যদি ডাককৃত টাকা ১০০৲ টাকার অধিক হয় তবে শতকরা ২৫৲ টাকার হিসাবে তৎক্ষণাৎ ফিস দাখিল করিতে হইবেক যদি ঐ নীলামের তারিখহইতে নীলামের তারিখকে এক দিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিসের টাকা সরকারে জব্দ এবং পুনর্নীলাম হইবেক।

৫ দফা। আর ইহা প্রকাশ থাকে যে ঐ সাম্যক মহালের কয়লাদি খনন করিবার নানাপ্রকার আকর ও খানের প্রতি সরকারের স্বত্ব স্থাপিত রহিল ইতি সন ১৮৬০ ইং তারিখ ৩ মে।

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমি	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
		তৃতীয় শ্রেণী।				
১	৭৭ নং	কুঠী সোণামুখী পং বিষ্ণুপুর	৭২ ॥২ ॥	৭৯॥৵১০	১০৬৸০	
২	১২৩ নং	চক সুন্দর পং ঐ	৭/৩৸১০	৮ ।৬	১৬ ॥/০	
৪	১২৯ নং	ঘোগারা গোস্রাঞ্জিপুর পং ঐ	৬৯/৩ ॥	২৮৸৮	৩৪৸৶	
৭	২৬৩ নং	মাজী বেরা পং ঐ	৬১ ॥০৸৶	১০৶১০	২০ ।৶৮	
১০	৩১৬ নং	আমসা ডাঙ্গা পং ঐ	৩ ॥২ ।/	২৲	১৲	
১৩	৩৫০ নং	কুঠী পাত্র শাহীর পং ঐ	৫১ ॥৪/১০	৭৯ ॥৵৭	৮১ ॥০	

ই ড্রামণ্ড। আং কালেক্টর।

জিলা বালেশ্বর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বালেশ্বরের নীচের লিখিত জামিনী স্বত্ব অন্য মহালের বাকী মালগুজারির বাবৎ ইঙ্গরেজী সন ১৮৬০ সাল ২৬ মে মোতাবেক উড়িয়া সন ১২৬৭ সাল জ্যৈষ্ঠ মাসের ১৫ তারিখ রোজ শনিবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইতি সন ১৮৬০ সাল তারিখ।

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকী মালগুজারির বাবৎ যে মহাল নীলাম হইবেক।

৫৬৯ নং তৌজী প্রগনে কাটিয়া কিসমত ৶৮ গণ্ডা খরিদগী মৌজে তনিহা ওগের জমীদার ভিকারী পাণ্ডা সদর জমা ৭৩৸৶৫

৫৬৯ নং ঐ প্রঃ ঐ কিসমত /১৭ গণ্ডা ঐ মৌজার জমীদার উদেকর পাণ্ডা সদর জমা ৪২ ।৶১১

৫৬৯ নং ঐ প্রঃ ঐ কিং /১১ গণ্ডা ঐ মৌজার জমীদার সদাশিব পাণ্ডা সদর জমা ৩৩ ॥৶৮

৯৯১ নং ঐ প্রগনে ভেড়া কিসমত ৸৶ মৌজে নন্দকন্দর্প জমীদার ভায়গসুন্দর রায় সদর জমা ১১১ ।০

১১৩০ নং ঐ প্রগনে কওরদাচৌর কিসমত তাঃ পুরুষোত্তমপুর জমীদার চৌধুরী গোবিন্দপ্রসাদ দাস মাহাপাত্র ও চৌধুরী গুরুপ্রসাদ দাস মাহাপাত্র ও চৌধুরী উমাকান্ত দাস মাহাপাত্র ও চৌধুরী নবীন্দ্রদাস মাহাপাত্র সদর জমা ৪৮১ ।১০

A. ELIOTT RUSSELL, *Collector.*

জিলা কটক।

এত্তলানামা কাছারি কালেক্টরি মধ্যমপ্রদেশ জেলা কটক।

সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহাল নাগাএত কিস্তি মাহ জানুআরি সন ১৮৬০ সাল মোতাবক সন ১২৬৭ সাল আট পণি বাকী সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৬০ সাল মাই মাহার ২৮ তারিখ মোতাবক সন ১২৬৭ সাল জ্যৈষ্ঠ মাহার ১৭ তারিখ সোমবার দিবসে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক। ৫ তারিখ মাহ মাই সন ১৮৬০ সাল।

দ্বিতীয় শ্রেণী মিআদি বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মাহাল।

নং ৭৩৪ তৌজি হজুরি মাহাল পং কুশ মণ্ডল তালুকে ঝাড়েশ্বরপুর লিখিত মালিক রতন মণি দাসী সদর জমা মং ৮১৪ ।৮ পাই কোম্পানিমাত্র।

তারিখ সন সদর

A. EDEN, *Offg. Collector.*

[*Government Gazette, 15th May,* 1860.]

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES WILLIAM SALIZ, and another, Insolvents.

On Saturday, the 14th day of April 1860, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 10,926-13-2 in his hands, pay a Dividend at the rate of Co.'s Rs. Six and half per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 9,126,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 7th May, 1860.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন চার্লস উলিয়ম সালিজ সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে গত আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১০,৯২৬৸/২ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ৬॥০ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯,১২৬৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ৭ মে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৫ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 22, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২২ মে

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA

THE 5TH MAY 1860.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Governor General on the 26th April 1860 (communicated to the Legislative Council on the 5th May 1860), and is hereby promulgated for general information —

Act No. XVII. of 1860

An Act to repeal Act V. of 1858 (for the punishment of certain Offenders who have escaped from Jail, and of persons who shall knowingly harbour such Offenders), and to make certain provisions in lieu thereof.

[Preamble]

WHEREAS it is expedient to repeal Act V. of 1858 (*for the punishment of certain Offenders who have escaped from Jail, and of persons who shall knowingly harbour such Offenders*), and to make certain provisions in lieu thereof; It is enacted as follows :—

[Act V. of 1858 repealed.]

1. Act of 1858 is repealed except as to any sentences passed under that Act.

[Time for the surrender of certain escaped offenders.]

11. It shall be competent to the Executive Government of any Presidency or place to declare by an order, as regards any or all of the Districts under such Government, the time within which the persons, who within such District or Districts shall, between the first of May 1857 and the time so declared, have escaped from Jail or other lawful custody whilst detained under sentence of imprison-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৫ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আজ্ঞাকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আপ্রিল তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৭ আইন।

১৮৫৮ সালের ৫ আইন (অর্থাৎ যাহারা জেলখানা হইতে পলাইয়াছে এমত কোন২ অপরাধিদের, ও যাহারা জানিয়াশুনিয়া ঐ অপরাধিদিগকে আশ্রয় দেয় তাহারদের দণ্ড করিবার আইন) রদ করিবার ও তাহার পরিবর্ত্তে কতক বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৮ সালের ৫ আইন (অর্থাৎ যাহারা জেলখানা হইতে পলাইয়াছে এমত কোন২ অপরাধিদের, ও যাহারা জানিয়াশুনিয়া ঐ অপরাধিদিগকে আশ্রয় দেয় তাহারদের দণ্ড করিবার আইন) রদ করা বিহিত ও তাহার পরিবর্ত্তে কতক বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান করা গেল।

[১৮৫৮ সালের ৫ আইন রদ করিবার কথা।]

১ ধারা। ১৮৫৮ সালের ৫ আইন রদ হইল। কিন্তু সেই আইনমতে যে কোন দণ্ডাজ্ঞা হইয়াছে তাহার বিষয়ে ঐ আইন বহাল থাকিবে ইতি।

[পলাতক কোন২ অপরাধিদের ধরা দিবার মিয়াদের কথা।]

২ ধারা। কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহক গবর্ণমেণ্ট আপনার অধীন কোন২ কি সকল জিলার বিষয়ে মিয়াদ নিরূপণ করিয়া এই কথা প্রকাশ করিতে পারিবেন, যে ঐ জিলার কি এই২ জিলার মধ্যে যে লোকেরা ইহার পশ্চাৎ লিখিত কোন অপরাধের নিমিত্তে জেলখানাতে, কিম্বা আইনমতে কয়েদ হইবার অন্য স্থানে কয়েদ হইবার হুকুম পাইয়া, ১৮৫৭ সালের ১ মে তারিখের ও সেই নিরূপিত সময়ের মধ্যে

ment for any of the crimes hereinafter mentioned, could and ought [illegible] themselves to a Magistrate or Police Officer; and no such person who shall have so surrendered himself within the period fixed as aforesaid, shall be liable to be prosecuted under this Act.

[Punishment for not surrendering within the time aforesaid. In what cases Magistrate may pass sentence without commitment to Sessions Court.]

III. Every person who, whilst detained as aforesaid, shall have escaped from Jail or other lawful custody during the period mentioned in the last preceding Section, and who shall not have surrendered himself within the time declared by the Executive Government as aforesaid, may be sentenced to transportation for life or for any shorter period not being less than five years, or to imprisonment with or without hard labor in irons for any period not exceeding three years, in addition to any unexpired term of his original sentence In any case falling within the provisions of this Section in which the Magistrate shall be of opinion that in addition to the unexpired term of the offender's original sentence, a more severe sentence than that which such Magistrate is by any Law for the time being in force empowered to pass is not called for, it shall not be necessary for the Magistrate to order the commitment of the offender to the Sessions Court, but he may himself pass sentence to the extent of his powers and proceed to carry the sentence into execution

[Sentences under Act V. of 1858 to be deemed valid]

IV. All sentences already passed in cases falling within the provisions of Act V of 1858, shall be deemed valid, any thing in the said Act to the contrary notwithstanding

[Certain escaped Offenders, remanded to Jail, not liable to be prosecuted under this Act.]

V. If any person subject to the penalty prescribed in Section I. Act V. of 1858, shall, before the passing of this Act, have been remanded to Jail under the order of a Magistrate to undergo the portion of his sentence remaining unexpired at the date of his escape from Jail or other lawful custody, such person shall not be liable to be prosecuted under this Act.

[Enumeration of crimes referred to in Section II.]

VI. The following are the crimes referred to in Section II., namely rebellion, mutiny, desertion, murder, attempts to murder, thuggee, dacoity, robbery, belonging or having belonged to a gang of thugs or to a gang of dacoits or to a wandering gang associated for the purposes of theft or robbery.

কোন সময়ে পলায়ন করিয়াছে, তাহারা উক্তমতের নিরূপিত মিয়াদের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কি পোলীসের কোন কার্য্যকারকের নিকটে আপনারদিগকে ধরা দিতে পারিল ও তাহারদের ধরা দেওয়া উচিত। ও যে কোন লোক পূর্ব্বোক্তমতের নিরূপিত সময়ের মধ্যে আপনাকে ধরা দেয় তাহার উপর এই আইনমতে মোকদ্দমা চলিবার সম্ভাবনা নাই ইতি।

[পূর্ব্বোক্ত সময়ের মধ্যে ধরা না দিবার দণ্ডের কথা। ও যে গতিক হইলে মাজিষ্ট্রেট সাহেব সেশন আদালতে সোপর্দ্দ না করিয়া দণ্ডাজ্ঞা করিতে পারেন তাহার কথা।]

৩ ধারা। যদি কোন লোক পূর্ব্বোক্তমতে কয়েদ হইয়া, ইহার পূর্ব্বের ধারায় লিখিত সময়ের মধ্যে জেলখানাহইতে কি আইনমতে কয়েদ হইবার অন্য স্থানহইতে পলায়, ও কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহক গবর্ণমেণ্টের পূর্ব্বোক্তমতের প্রকাশিত সময়ের মধ্যে আপনাকে ধরা না দেয়, তবে তাহার যাবজ্জীবন কিম্বা পাঁচ বৎসরের কম না হয় এমত কোন মিয়াদে দ্বীপান্তরে প্রেরণ হইবার হুকুম হইতে পারিবে, কিম্বা আসল হুকুমমতে তাহার দণ্ডের মিয়াদের যত কাল বাকী থাকে তাহার অধিক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে মায়বেড়ী ও পরিশ্রম কি পরিশ্রমবিনা কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক। এই ধারার বিধানের মধ্যে যে মোকদ্দমা আইসে এমত কোন মোকদ্দমায়, যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে, আসল হুকুমমতে অপরাধির দণ্ডের মিয়াদের যত কাল বাকী থাকে তাহার অধিক, ঐ মাজিষ্ট্রেট সাহেব তৎকালের চলিত কোন আইনমতে যত কঠিন দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন তাহাহইতে কঠিন দণ্ডের হুকুম করা প্রয়োজন নাই, তবে সেশন আদালতে ঐ অপরাধিকে সোপর্দ্দ করিতে মাজিষ্ট্রেট সাহেবের হুকুম করা আবশ্যক হইবেক না। তাঁহার নিজ শক্তিপর্য্যন্ত তিনি দণ্ডের হুকুম করিতে পারিবেন ও সেই হুকুমমতে দণ্ড করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[১৮৫৮ সালের ৫ আইনমতের দণ্ডের হুকুম বহাল হইবার কথা।]

৪ ধারা। ১৮৫৮ সালের ৫ আইনের বিধানের মধ্যে যে সকল মোকদ্দমা আইসে সেই মোকদ্দমায় দণ্ডের যে সকল হুকুম ইহার পূর্ব্বে হইয়াছে তাহা বহাল জান হইবেক। তাহার বিরুদ্ধ কোন কথা এই আইনে থাকিলেও হইবেক ইতি।

[পলাতক যে অপরাধিদিগকে পুনরায় কয়েদ করা গিয়াছে তাহারদের উপর এই আইনমতে মোকদ্দমা না হইবার কথা।]

৫ ধারা। ১৮৫৮ সালের ৫ আইনের ১ ধারাতে যে দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে সেই দণ্ডের যোগ্য কোন লোকের জেলখানাহইতে কিম্বা আইনমতে কয়েদ হইবার অন্য স্থানহইতে পলাইবার তারিখে তাহার দণ্ডের মিয়াদের যত কাল বাকী ছিল, তত কাল ঐ দণ্ড ভোগ করিবার জন্যে যদি মাজিষ্ট্রেট সাহেব এই আইন জারী হইবার পূর্ব্বে তাহাকে পুনরায় জেলখানায় রাখিয়া থাকেন, তবে এই আইনমতে ঐ লোকের উপর মোকদ্দমা হইবার সম্ভাবনা নাই ইতি।

[২ ধারার লিখিত অপরাধের কথা।]

৬ ধারা। ২ ধারাতে যে২ অপরাধের কথা লেখা আছে তাহা এই২। রাজদ্রোহিতা ও উপরিস্থ কার্য্যকারকেরদের নিকটে অবাধ্যতা ও সরকারের কর্ম্ম কেলিয়া পলায়ন ও নরহত্যা ও নরহত্যা করিবার উদ্যোগ ও ঠগী ও ডাকাইতী ও লুঠতরাজ ও ঠগের দলভুক্ত কি ডাকাইতেরদের দলভুক্তহওয়া কিম্বা চুরী ডাকাইতী করিবার জন্যে যাহারা দলভুক্ত হইয়া বেড়ায় তাহারদের সঙ্গি সাথী হইবার অপরাধ ইতি।

[Punishment for knowingly harbouring or concealing Offenders.]

VII. Whoever shall knowingly harbour or conceal, or assist in harbouring or concealing, any such convict, who shall have escaped as aforesaid and shall not have surrendered within the period provided in Section II. of this Act, shall be liable to imprisonment with or without hard labor for any term not exceeding seven years, and shall also be liable to fine.

[অপরাধিদিগকে জানিয়াশুনিয়া আশ্রয় দিয়া কি লুকাইয়া রাখিলে দণ্ড।]

৭ ধারা। উক্তমতের যে আসামী পূর্ব্বোক্তমতে পলাইয়াছে ও এই আইনের ২ ধারায় নিরূপিত মিয়াদের মধ্যে আপনাকে ধরা না দেয়, এমত কোন আসামীকে যদি কেহ জানিয়াশুনিয়া আশ্রয় দেয়, কি গোপনে রাখে, কি আশ্রয় দিতে কি গোপনে রাখিতে সাহায্য করে, তবে সেই জন যাবৎপরিশ্রম কি পরিশ্রমরহিত সাত বৎসরের অনধিক কোন মিয়াদপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে, তাহার জরীমানাও হইতে পারিবে ইতি।

[Liability of landholders to give early intelligence of the resort of escaped prisoners to their estates.]

VIII. All proprietors of lands, and all farmers, agents, and other persons having the charge or management of lands, are hereby declared accountable for the early communication to the Magistrates and Police Officers of intelligence of the resort, to any place within the limits of the lands held or managed by them, of any person in respect of whom there shall be reasonable suspicion of his being such convict who has escaped as aforesaid; and every proprietor or other person as aforesaid who shall neglect to give such intelligence, shall be liable, on conviction before a Magistrate, to imprisonment for a term not exceeding six months, and to fine not exceeding two hundred Rupees, commutable, if not paid, to imprisonment for a further term not exceeding six months.

[পলাতক কয়েদীরা জমীদারেরদের কোন জমীতে গেলে তাহার সম্বাদ অতিশীঘ্র দিবার দায়ী হইবার কথা।]

৮ ধারা। ইহাতে প্রকাশ হইতেছে যে, সকল ভূম্যধিকারির ও সকল ইজারদারের ও গোমাশ্তার, ও জমীর তদারক কি সরবরাহ করিবার ভার অন্য যাহারদের প্রতি থাকে তাহারদের উপর এই ঝুঁকী রহিল যে, সেই প্রকারের আসামী কি কয়েদী হইয়া উক্তমতে পলাইয়াছে এমত সন্দেহ যে লোকের উপর উপযুক্তমতে হইতে পারে, এমন কোন লোক যদি তাহারদের কোন জমীর কি তাহারদের সরবরাহকরা জমীর সীমানার মধ্যে কোন স্থানে গিয়া থাকে, তবে তাহার সম্বাদ মাজিষ্ট্রেট সাহেবদিগকে ও পোলীসের কর্ম্মকারকদিগকে অতিশীঘ্র জানাইবেক, ও যদি সেই প্রকারের কোন ভূম্যধিকারী কি অন্য ব্যক্তি সেই প্রকারের সম্বাদ দিতে ত্রুটি করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইতে পারিবেক ও তাহার দুইশত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। সেই জরীমানার টাকা যদি না দেয় তবে তাহার পরিবর্ত্তে সে আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক ইতি।

[Magistrates, &c., authorized to tender pardon in certain cases.]

IX. Any Magistrate or person exercising the full powers of a Magistrate, unless prohibited by order of the Executive Government, is hereby authorized, without reference to any other authority, to tender a pardon to any person who may have escaped from Jail or other lawful custody whilst detained under sentence of imprisonment for any crime or offence other than the crimes above-mentioned, on condition of his giving such information as may lead to the apprehension and conviction of one or more person or persons punishable under this Act. Such pardon may be tendered, as well in respect of the crime or offence for which the offender was detained, as of the offence of escaping from Jail.

[কোন২ স্থলে ক্ষমা করিবার প্রতিজ্ঞা করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৯ ধারা। ইহার পূর্ব্বে যে সকল অপরাধের বর্ণনা হইয়াছে তাহাছাড়া অন্য কোন অপরাধের কি দোষের নিমিত্তে যে লোক কয়েদ থাকিবার আজ্ঞামতে কয়েদ হইয়া কোন জেলখানাহইতে কিম্বা আইনমতে কয়েদ থাকিবার অন্য স্থানহইতে পলায়, এমত কোন ব্যক্তি যদি এই আইনমতে দণ্ডের যোগ্য কোন এক কি অধিক লোকের ধরা পড়িবার ও তাহার দোষ সাবুদ হইবার সম্বাদ দিবার করার করে, তবে কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্যকারক অন্য ব্যক্তি, উপরিস্থ অন্য কোন কার্য্যকারক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া, তাহাকে ক্ষমা করিতে প্রতিজ্ঞা করিতে পারিবেন। অর্থাৎ যে দোষ কি অপরাধের জন্যে কয়েদ হইয়াছিল সেই দোষ, ও জেলখানাহইতে পলাইবার দোষ; এই উভয়ের ক্ষমা করিবার প্রতিজ্ঞা করিতে পারিবেন। কিন্তু যদি এতদ্দেশীয় কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের আজ্ঞামতে সেইরূপ প্রতিজ্ঞা করিতে নিষেধ হয়, তবে করিবেন না ইতি।

[Jurisdiction.]

X. Offences under this Act, other than those provided for by Section VIII. of this Act, may be tried by a Sessions Judge, or by a Special Commissioner appointed under Act XIV. of 1857 (*to make further provision for the trial and punishment of certain offences relating to the Army and of offences against the State*); and the sentence or judgment shall not be subject to appeal. Provided that no-

[এলাকার কথা।]

১০ ধারা। এই আইনের ৮ ধারাতে যে অপরাধের বিধান আছে তদ্ভিন্ন এই আইনের লিখিত কোন অপরাধের বিচার সেসন জজ সাহেব, কিম্বা ১৮৫৭ সালের ১৪ আইনমতের (অর্থাৎ পল্টনসম্পর্কীয় কতক অপরাধের ও রাজদ্রোহ অপরাধের বিচার ও দণ্ড করিবার অধিক বিধান করিবার আইনমতের) নিযুক্ত স্পেসিয়ল কমিস্যনর সাহেব করিতে পারিবেন, ও তাহার সওয়াল কি হুকুমের উপর আপীল হইবেক না। পরন্তু

thing contained in this Section shall extend to the trial of a European British subject.

[Executive Government may transport in cases where an unexpired sentence, together with the sentence for escaping from Jail, amounts to five years.]

XI. It shall be competent to the Executive Government of any Presidency or place to direct that any person, who shall be convicted of escaping from Jail or other lawful custody whilst undergoing a sentence of imprisonment, shall be transported for the term remaining unexpired of such sentence as well as for any additional term of imprisonment to which such person shall be sentenced for making his escape, provided that the aggregate of both terms shall not be less than five years.

M. WYLIE,
Clerk of the Council.

THE 5TH MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Governor General on the 26th April 1860 (communicated to the Legislative Council on the 5th May 1860), and is hereby promulgated for general information:—

Act No. XVIII. of 1860.

An Act to continue in force for a further period of three months Act XXI. of 1859, for providing for the exercise of certain powers by the Governor General during his absence from his Council.

[Preamble.]

WHEREAS the Governor General has represented that it is expedient that he should be enabled to prolong his absence from Calcutta and that the said Act should be continued for a further period of three months: It is enacted as follows:—

[Act XXI. of 1859 continued for three months.]

I. Act XXI of 1859 shall continue in force for the period of three months from the 9th day of May 1860.

M. WYLIE,
Clerk of the Council.

DRAFTS OF ACTS.

THE 28TH APRIL 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 28th April 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 2nd of August next:—

A Bill to indemnify Officers of Government and other persons in respect of fines and contributions levied, and acts done by them during the late disturbances.

[Preamble.]

WHEREAS fines and penalties have been imposed

ইউরোপীয় ব্রিটীয় প্রজার বিচার কার্য্যের উপর এই ধারার কোন কথা খাটিবে না ইতি।

[পূর্ব্ব মিয়াদের অবশিষ্ট কাল ও জেলখানাহইতে পলাইবার জন্যে যে দণ্ডের হুকুম হয় তাহার মিয়াদ যদি পাঁচ বৎসর হয়, তবে দ্বীপান্তরে প্রেরণের হুকুম করিতে কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবার কথা।]

১১ ধারা। কয়েদ হইবার হুকুমমতে কয়েদ থাকিয়া জেলখানাহইতে কিম্বা আইনমতে কয়েদ হইবার অন্য স্থানহইতে পলাইবার দোষে যে লোকের মাযুদ হয়, সেই জনের ঐ মিয়াদের অবশিষ্ট কাল ও পলায়নপ্রযুক্ত তাহার অধিক যত মিয়াদ কয়েদ থাকিবার হুকুম হয়, এ দুই মিয়াদ যদি একত্রে পাঁচ বৎসরের কম না হয়, তবে কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট ঐ লোকের দ্বীপান্তরে প্রেরণ হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৫ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আজ্ঞাক্রমে এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আপ্রিল তারিখে সম্মত হইয়া ১৮৬০ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে স্বীয় সম্মতি জ্ঞাত করেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৮ আইন।

১৮৫৯ সালের ২১ আইন, অর্থাৎ হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুপস্থানে তাঁহার কোন২ ক্ষমতামতে কার্য্য করিবার বিধান করিবার আইন অধিক তিন মাসপর্য্যন্ত বহাল রাখিবার আইন।

[হেতুবাদ।]

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কলিকাতাহইতে অধিক কাল অনুপস্থিত থাকেন, ও উক্ত আইন অধিক তিন মাসপর্য্যন্ত বহাল রাখা যায়, ইহা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বিহিত প্রকাশ করিয়াছেন। অতএব এই বিধান হইল।

[১৮৫৯ সালের ২১ আইন তিন মাসপর্য্যন্ত বহাল থাকিবার কথা।]

১ ধারা। ১৮৫৯ সালের ২১ আইন ১৮৬০ সালের ৯ মে তারিখঅবধি তিন মাসপর্য্যন্ত বহাল থাকিবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৮ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৮ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। তাঁহারা আগামি আগষ্ট মাসের ২ তারিখের পর সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

সম্প্রতিকার গোলযোগের কালে সরকারী কার্য্যকারক সাহেবেরা ও অন্য লোকেরা যে সকল জরীমানার ও চাঁদার টাকা আদায় করিয়াছেন, ও যে২ কর্ম্ম করিয়াছেন, তাহার নিমিত্তে তাঁহারদিগকে দায়হইতে মুক্ত করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

সম্প্রতিকার গোলযোগের কালে যে২ কার্য্য হইয়াছিল

and levied by Officers of Government in respect of acts committed during the late disturbances; and whereas assessments and contributions have been made and collected for the reconstruction or repairs of public buildings destroyed or injured during the same period, and for other purposes; and whereas it is expedient to indemnify all Officers of Government and other persons acting under the authority of Officers of Government from any penalties or proceedings to which they may have rendered themselves liable since the 10th day of May 1857 in respect of the said fines, penalties, assessments, and contributions, and of any other acts which may have been done by them, and which have been or shall be ratified by the Executive Governments, and to confirm and make valid the levy of the said fines, penalties, assessments, and contributions, and the said acts; It is enacted as follows:—

[Certain fines, penalties, &c. imposed since 10th May 1857 to be deemed to have been duly imposed and levied.]

I. All fines, penalties, assessments, and contributions imposed since the 10th day of May 1857 in respect of the destruction or injury of Government or other property, or on any other account by any Officer of Government, or by any person acting under the authority of an Officer of Government, shall be deemed to have been duly imposed and levied if the same shall have been levied in pursuance of an order of Government or shall have been or shall be ratified by the Executive Government; and all Officers of Government and all persons acting under their authority are hereby indemnified and discharged from liability in respect of any such fines, penalties, assessments, and contributions, and no suit or proceedings shall be commenced or prosecuted in respect thereof.

[Officers indemnified for certain acts done since 10th May 1857.]

II. All acts done since the 10th day of May 1857 in connection with the late disturbances by Officers of Government, or by persons acting under their authority in pursuance of an order of Government, or which shall have been or shall be ratified by the Executive Government, are hereby confirmed and made valid; and all such Officers of Government and persons as aforesaid are hereby indemnified and discharged from liability in respect of such acts.

M. WYLIE.
Clerk of the Council.

[*Government Gazette, 22nd May, 1858.*]

[Deputies to pay for Principals when they are in the receipt of the profits.]

20. (1.) Where any office or employment of profit chargeable by this Act is, or shall be executed by deputy, such deputy shall in all cases where he shall be in the receipt of the profits thereof, be answerable for, and shall pay such assessment as shall be charged thereon, and deduct the same out of the profits of such office or employment.

[Officers receiving salaries or fees to be answerable for Duties.]

(2) Where the salaries, fees, or profits of any Officer or Officers in any such Office shall be receivable by any one or more of the said Officers, for the use of such Officers, to be divided amongst such Officers in certain proportions; the Officer or Officers receiving such salaries, fees, wages, perquisites, or profits shall be answerable for the Duties charged thereon, and shall pay and deduct the same out of the funds provided for such respective offices or employments, before any division or apportionment thereof.

যে কোন কর্ম্মকারক কি কেরাণী কি পূর্ব্বোক্তমতের অন্য লোক থাকেন তাহার বেতন ও রসুম ও মেহনতানা ও উপরি টাকা ও প্রাপ্তির বিষয়, ও যাঁহার যত পেনশান কি মুশাহেরা হয় তাহার বিষয়ে যে সকল দলীলদস্তাবেজ ও কাগজপত্র তাঁহারদের ঐ দফ্তরখানায় থাকে তাহা তাঁহারা অবাধে দেখিতে পারিবেন। আরো তাঁহারা এই আইনমতে যথার্থমতে টাক্স বসাইতে পারেন, এই কারণে যখন আবশ্যক হয় তখন তাঁহারা ঐ লোকেরদিগকেও এই আইনের বিধানমতের কৈফিয়ৎ লিখিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন।

[ঐ দফ্তরখানাহইতে যে প্রাপ্তি হয় তাহার কৈফিয়ৎ সাধারণ এত্তেলামতে দিতে না হইবার কথা।]

১৮ প্রকরণ। উক্ত কর্ম্মে নিযুক্ত কমিস্যানরেরদের কর্ম্মের ডিপার্টমেণ্টে কোন লোকের কোন পদের যে প্রাপ্তির কিম্বা যে পেনস্যানের কি মুশাহেরার টাক্স তাঁহারদের সম্মুখে বসান যাইতে পারে, সেই লোক সেই পদের কি সেই পেনস্যানের কি মুশাহেরার প্রাপ্তির কৈফিয়ৎ পূর্ব্ব লিখিত কোন সাধারণ এত্তেলামতে না দিলেও তাঁহার এই আইনের লিখিত দণ্ড হইবেক না। কেবল ঐ প্রাপ্তির আসেসর যদি ১৭ প্রকরণের বিধিমতে ঐ প্রাপ্তির কৈফিয়ৎ চাহেন, তবে না দিলে দণ্ড হইতে পারিবেক।

[মুক্ত হওয়ার দাওয়া হইলেও পদের সমুদয় প্রাপ্তি লিখিতে হইবার কথা]

১৯ প্রকরণ। সেই প্রকারের পদে কি কর্ম্মে নিযুক্ত কোন লোক, কিম্বা পেনস্যান কি মুশাহেরা পাইবার যোগ্য কোন লোক যদিও সেই টাক্সহইতে মুক্ত হইবার দাওয়া করেন, তথাপি কমিস্যানরেরা ঐ টাক্সের ফর্দ্দেতে ঐ লোকেরদের নাম, ও সেই২ পদ কি কর্ম্ম কি পেনস্যান কি মুশাহেরাহইতে বৎসরে২ যত প্রাপ্তি হয় তাহা সম্পূর্ণরূপে ও যথার্থমতে লিখিবেন, ও উক্তমতে মুক্ত হওয়ার যে দাওয়া হয় তাহা প্রদেশের সাধারণ কার্য্যের কমিস্যানরেরদের নিকটে করা যাইবেক, ও তাঁহারা তাহার বিচার করিবেন, ও ধার্য্যকরা অন্য২ টাক্সের বিষয়ে এই আইনের যে২ বিধান আছে সেই২ বিধানমতে ঐ কমিস্যানরেরা ঐ দাওয়ার দোষগুণ শুনিয়া নিষ্পত্তি করিবেন।

[প্রধান কর্ম্মকারকের স্থানে তাঁহার নায়েব যদি প্রাপ্তি পান, তবে টাক্স তাঁহার দিতে হইবার কথা।]

২০ প্রকরণ। ১ দফা। এই আইনমতে যে কোন পদের কি প্রাপ্তিজনক কর্ম্মের টাক্স লাগিতে পারে, সেই পদের কর্ম্ম যদি কোন লোক নায়েবরূপে করেন, ও সেই নায়েবের হাতে যদি ঐ কর্ম্মের প্রাপ্তি আইসে, তবে ঐ প্রাপ্তির যে টাক্স লাগে সেই টাক্সের নিমিত্তে তিনি দায়ী হইবেন ও তাহা দিবেন, ও সেই পদের কি কর্ম্মের প্রাপ্তিহইতে তাহা কাটিয়া লইবেন।

[যে কার্য্যকারকেরা বেতন কি রসুম পান তাঁহারদের ঐ টাক্সের দায়ী হইবার কথা।]

২ দফা। উক্ত প্রকারের কোন কর্ম্মস্থানে যদি কোন এক কি অধিক জন কার্য্যকারকের বেতন কি রসুম কি প্রাপ্তি তাঁহারদের মধ্যে বাঁটিয়া দিবার জন্যে উক্ত কোন এক কি অধিক জন কার্য্যকারক পাইয়া থাকেন, তবে যে জন ঐ বেতন কি রসুম কি মেহনতানা কি উপরি টাকা কি প্রাপ্তি পান, তিনি ঐ সকল টাকার টাক্সের নিমিত্তে দায়ী হইবেন, ও সেই পদের কি কর্ম্মের নিমিত্তে তাহাকে যে সকল টাকা দেওয়া যায় তাহাহইতে সেই বেতনপ্রভৃতি ঐ কর্ম্মকারকেরদের মধ্যে বাঁটিয়া কি ভাগ করিয়া দিবার আগে, তিনি তাহাহইতে ঐ টাক্সের টাকা বাদ দিয়া রাখিবেন।

[Officers to furnish Assessors with accounts of salaries in public departments.]

21. The proper Officers or their respective deputies, and the receivors and pay-masters in every Public Department of Office, and in every other Office for which Commissioners are hereby intended to be appointed, in raising the Duties hereby charged on such Offices respectively, and any agent by whom any salaries, fees, wages, perquisites, or profits shall be payable, and registered Officers, and the Secretary or Principal Agent or Manager of any Company in whose employment any person chargeable under this Act may be, shall, upon any request to him made by the Assessors of the said Duties, deliver gratis true lists or accounts of all such salaries, fees, and profits belonging to such Officers or persons respectively, and of all pensions and stipends payable to them respectively, for the better guidance of the said Assessors in charging the same.

[সরকারী নানা ডিপার্টমেণ্টের বেতনের হিসাব আসেসরদিগকে দেওয়া যাইবার কথা।]

২১ প্রকরণ। ঐ টাক্স বসাইবার কার্য্য ঐ আসেসরেরা আরো উত্তমরূপে করিতে পারেন এই কারণে, কর্ম্ম করিবার প্রত্যেক সরকারী ডিপার্টমেণ্টের, ও অন্য যে২ আফিসে কমিস্যনরদিগকে এই আইনমতে নিযুক্ত করিবার কল্পনা হয়, সেই২ আফিসের উপযুক্ত কর্ম্মকারকেরা কিম্বা তাঁহারদের নায়েব, ও বেতনাদির টাকা অন্য যে লোকেরদের হাতে আইসে তাঁহারা কি রকশীরা, এই আইনমতের বসান টাক্স আদায় করিবার কার্য্যেতে, ও কোন বেতন কি রসুম কি মেহনতানা কি উপরি টাকা কি প্রাপ্তি যে কোন গোষাশ্তার দ্বারা দেওয়া যায় তিনি, ও রেজিষ্টরীকরা কর্ম্মকারকেরা, ও এই আইনমতে যাঁহার উপর টাক্স লাগিতে পারে এমত কোন লোক কোন কোম্পানির যে সেক্রেটারীর কি প্রধান কর্ম্মকারকের কি কর্ম্মাধ্যক্ষের ভাবে নিযুক্ত হন, সেই সেক্রেটারীপ্রভৃতি উক্ত টাকসের আসেসরেরদের স্থানে আদেশ পাইবে, ঐ কর্ম্মকারকেরদের ও লোকেরদের ঐ বেতনের ও রসুমের ও প্রাপ্তির, ও তাঁহারদিগকে যে সকল পেনস্যন ও মুশাহেরা দিতে হয়, তাহার যথার্থ ফর্দ্দ কি হিসাব নিখরচাতে দিবেন।

[Assessors, if dissatisfied, may require Returns of Salaries and Profits of Offices.]

22. If the said Assessors shall be dissatisfied with such accounts, it shall be lawful for them to require any Officer or person, whose Office shall not be truly valued in such account, to prepare and produce to them, within the like period of time as is limited for the returns of other accounts by this Act, a list or account of the salaries, fees, wages, perquisites, and profits of the Office exercised by him, which returns such Officer or person shall be obliged to make under the penalties contained in this Act for not making other returns hereby required, and papers in their respective Offices.

[আসেসরেরদের যদি তাহাতে খাতিরজমা না হয় তবে দফ্তরখানার লোকেরদের বেতনের ও প্রাপ্তির কৈফিয়ৎ তলব করিবার কথা।]

২২ প্রকরণ। উক্ত প্রকারের হিসাবে যদি ঐ আসেসরেরদের খাতিরজমা না হয়, তবে যাঁহার দফ্তরখানার সেই প্রাপ্তিপ্রভৃতির হিসাব যথার্থমতে লেখা যায় নাই এমত কোন কর্ম্মকারককে কি লোককে তাঁহারা এই আজ্ঞা করিতে পারিবেন যে, তিনি যে আফিসের কর্ম্ম চালান সেই আফিসের সকল বেতনের ও রসুমের ও মেহনতানার ও উপরি টাকার ও প্রাপ্তির এক ফর্দ্দ কি হিসাব প্রস্তুত করিয়া, অন্য হিসাব দাখিল করিবার যে মিয়াদ এই আইনেতে নিরূপণ হইয়াছে সেই মিয়াদের মধ্যে দেন। ও সেই হিসাব এ কর্ম্মকারকের কি লোকের দাখিল করিতে হইবেক। যদি না করেন, তবে এই আইনমতে অন্য যে কৈফিয়ৎ দাখিল করিবার আজ্ঞা হইয়াছে তাহা ও আপন২ দফ্তরখানার কাগজপত্র না দেওনের যে দণ্ড এই আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে তাঁহার সেই দণ্ড হইতে পারিবে।

[Assessors to make up assessments from Documents in their Offices, and deliver them to Commissioners.]

23. The said Assessors shall, from the documents and papers in their respective Offices, as well as from such lists and accounts as aforesaid, make their assessment upon the persons holding such offices, or entitled unto such pensions respectively, according to the annual value thereof, and shall, in like manner as is before directed with respect to Assessors for any District, bring in their said assessments to the respective Commissioners for their allowance.

[আসেসরেরদের দফ্তরখানায় যে কাগজপত্র আছে তাহা দেখিয়া তাঁহারদের ঐ টাক্স ধার্য্য করিবার ও তাহা কমিস্যনরদিগকে দিবার কথা।]

২৩ প্রকরণ। উক্ত পদে যাঁহারা থাকেন, কিম্বা উক্ত পেনস্যন পাইবার স্বত্ব যাঁহারদের থাকে, তাঁহারদের বৎসরের প্রাপ্তিঅনুসারে এ আসেসরেরা আপন২ দফ্তরখানার দলীলদস্তাবেজ ও কাগজপত্র ও উক্তপ্রকারের ফর্দ্দ ও হিসাব দেখিয়া টাক্স ধার্য্য করিবেন, ও কোন প্রদেশের আসেসরদিগকে যে প্রকারে করিবার আজ্ঞা হয় সেইপ্রকারে, তাঁহারা আপনারদের টাক্সের ফর্দ্দ গ্রাহ্য হইবার নিমিত্তে আপনারদের উপরিস্থ কমিস্যনরদিগকে দেখাইবেন।

[Commissioners if satisfied, allow the assessments, if not to correct and alter them.]

24. The said Commissioners, if satisfied with the said assessment, shall allow and set their hands to the same, and if not satisfied therewith, shall correct and alter the same, and shall, to that end, possess and exercise all the powers and authorities

[কমিস্যনরেরদের খাতিরজমা হইলে ঐ টাক্সের ফর্দ্দ গ্রাহ্য করিবার কথা, না হইলে তাহা সংশোধন ও পরিবর্ত্তন করিবার কথা।]

২৪ প্রকরণ। উক্ত ধার্য্যেরা টাক্সের ফর্দ্দে যদি কমিস্যনরেরদের খাতিরজমা হয়, তবে তাঁহারা তাহা গ্রাহ্য করিয়া তাহাতে দস্তখৎ করিবেন। যদি তাঁহারদের খাতিরজমা না হয়, তবে তাঁহারা এ ফর্দ্দ শুধরাইবেন ও তাহার পরিবর্ত্তন করিবেন। এই অভিপ্রায়ে সাধারণ কা-

herein conferred upon the said Commissioners for general purposes, so far as the same are applicable to an assessment of the said Duties under Schedule IV., and shall finally allow and set their hands to the said assessments when so altered and corrected as aforesaid.

ধার্য্যের উক্ত কমিসানরদিগকে যে সকল শক্তি ও ক্ষমতা এই আইনদ্বারা দেওয়া গেল, তাহা ৪ নম্বরের তফসীলমতের উক্ত টাক্স ধার্য্য করিবার কর্ম্মে যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত তাঁহারদিগকে দেওয়া যাইবে ও তদনুসারে তাঁহারা কার্য্য করিবেন। ও সেই ধার্য্যকরা টাক্সের ফর্দ্দ উক্তমতে পরিবর্ত্তন ও সংশোধন হইলে তাঁহারা চূড়ান্তরূপে তাহা গ্রাহ্য করিয়া তাহাতে দস্তখৎ করিবেন।

[Assessments when allowed to be in force for one year, and payable at periods as in Districts.]

[টাক্স গ্রাহ্য হইলে এক বৎসর প্রবল থাকিবার, ও প্রদেশে যেমন হইতে পারে তেমনি সময়ে২ ঐ টাক্সের টাকা দিবার কথা।]

25. The said assessments, when so allowed and signed as aforesaid, shall be in force for one year, commencing and payable at the like periods as the assessments in Districts are made payable.

২৫ প্রকরণ। উক্ত ধার্য্যকরা টাক্সের ফর্দ্দ উক্ত প্রকারে গ্রাহ্য হইলে ও তাহাতে দস্তখৎ হইলে তাহা এক বৎসর প্রবল থাকিবে। অর্থাৎ প্রদেশে যেমান টাক্স যে সময়ে আরম্ভ হয় ও তাহার টাকা যে২ সময়ে দেওয়া যাইতে পারে, ঐ টাক্সও সেই সময়ে আরম্ভ হইবেক ও সেই২ সময়ে দেওয়া যাইতে পারিবেক।

[Commissioners to deliver Duplicates of assessments to Collectors.]

[টাক্সের ফর্দ্দের নকল কমিসানরেরদের কালেক্টরদিগকে দিবার কথা।]

26. The said respective Commissioners for the Duties on offices shall cause the like duplicates to be made of the said assessments and delivered to Collectors, with like warrants to collect the said Duties, as are before directed to be given to Collectors for any Districts.

২৬ প্রকরণ। কোন প্রদেশের কালেক্টরদিগকে ধার্য্যকরা টাক্সের ফর্দ্দের নকল ও সেই টাক্স উসুল করিবার হুকুমনামা যেরূপে দিবার আজ্ঞা পূর্ব্বে হইয়াছে, সেইরূপে আফিসের টাক্স বসাইবার উক্ত বিশেষ কমিসানরেরা এ ধার্য্যকরা টাক্সের দোকর ফর্দ্দ প্রস্তুত করাইয়া কালেক্টরদিগকে দিবেন, ও সেই টাক্স উসুল করিবার হুকুমনামাও দিবেন।

[Collecting Officers to demand and levy the Duties.]

[টাক্স আদায়কারি কার্য্যকারকেরা ঐ টাক্স দাওয়া করিয়া উসুল করিবেন।]

27. The said Officers for collection and receipt of the said Duties on offices, shall have the like authority to demand and levy the said Duties as is herein given, to the Collecting Officer of any District.

২৭ প্রকরণ। কোন প্রদেশের টাক্স আদায়কারি কার্য্যকারককে এই আইনে যে ক্ষমতা দেওয়া গেল, কোন পদের উক্ত টাক্স আদায় ও গ্রহণ করিবার উক্ত কার্য্যকারকদিগকেও উক্ত টাক্স চাহিয়া লইবার ও উসুল করিবার সেই ক্ষমতা দেওয়া গেল।

[Commissioners to deliver like Duplicates when Duty on salaries detained to officers who shall keep account.]

[বেতনের উপর যে টাক্স লাগে তাহা যদি প্রধান কর্ম্মকারকেরা আটকিয়া রাখেন, তবে তাঁহারদিগকেও কমিসানরেরদের ঐ টাক্সের নকল দিবার, ও ঐ কর্ম্মকারকেরদের হিসাব রাখিবার কথা।]

28. Provided, always, that in all cases where the Duties on any salaries, fees, wages, perquisites, or profits of any office shall be detained and stopped out of the same, or out of any monies which shall be paid thereupon, the respective Commissioners shall cause the like duplicates to be delivered to the proper Officers in the respective Offices who shall keep true accounts of all monies stopped and detained under the authority of this Act, and account for, and pay away the same as directed in of this Act.

২৮ প্রকরণ। কিন্তু কোন বেতনের কি রসুমের কি মেহনতানার কি উপরি টাকার কি প্রাপ্তির উপর যে টাক্স বসান যায়, তাহা যদি বেতনপ্রভৃতি হইতে কিম্বা ঐ বেতনাদির বাবৎ কোন টাকাহইতে কাটিয়া রাখা যায়, তবে ঐ বিশেষ কমিসানরেরা ঐ২ দফরখানার উপযুক্ত কার্য্যকারকদিগকে ঐ টাক্সের ফর্দ্দের সেইরূপ নকল দেওয়াইবেন। ও সেই কার্য্যকারকেরা এই আইনের শক্তিক্রমে যে সকল টাকা আটকিয়া রাখেন, তাহার যথার্থ হিসাব রাখিবেন, ও এই আইনমতে যেমন আজ্ঞা হইয়াছে তেমনি তাহার হিসাব রাখিবেন, ও সেই টাকা দিবেন।

[Duties on Offices which cannot be stopped to be certified in case of non-payment.]

[যদি কোন টাক্স বেতনহইতে কাটিয়া লওয়া যাইতে না পারে, তবে টাক্স না দেওয়া গেলে সেই কথার সর্টিফিকট হইবার কথা।]

29. Where the Duties hereby chargeable upon any office or employment of profit, cannot be detained and stopped according to the provisions of this Rule, or the amount of such Duties shall have been paid over to the person holding or exercising the said office or employment, and such person shall refuse or neglect to pay the sum of money charged upon him, the Commissioners for raising the Duties on the said offices shall and may certify in

২৯ প্রকরণ। এই আইনমতে কোন পদের কি লভ্যজনক কর্ম্মের উপর যে টাক্স লাগিতে পারে, তাহা যদি এই ধারার নিয়মমতে আটকিয়া রাখা যাইতে না পারে, কিন্তু সেই টাক্স যত টাকা হয় তাহা যদি ঐ পদস্থ লোককে কিম্বা ঐ কর্ম্মকারি লোককে দেওয়া গিয়াছে, ও তাঁহার উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা যদি সেই লোক দিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, তবে ঐ ত্রুটি করিবার কি স্বীকার না করিবার কথা, ও এই আইনের বলে যত টাকা দিতে হয় সেই কথার সর্টি-

writing such neglect or refusal and the sum payable by virtue of this Act.

[When Commissioners shall be distinct from Commissioners for general purposes, the certificates to be addressed to the latter, who shall issue their warrants to the Collector of the District where parties reside for levying the same.]

30. When the last mentioned Commissioners shall be distinct from the Commissioners for general purposes, such certificate shall be addressed to the Commissioners for general purposes, and upon the receipt of such certificate, or, in case the Commissioners for raising the Duties on the said Offices shall be also the Commissioners for general purposes, as soon as the same shall have been signed by them, the Commissioners for general purposes shall issue their warrant, authorising and empowering the Collecting Officer of the District where such Officer or person shall reside, to levy the said Duties from such Officer or person.

[Collectors to execute such warrants]

31. Such Collecting Officer shall thereupon execute such warrant accordingly, and shall levy the said Duties by the like ways and means, and under the like powers as is herein provided, in regard to the Duties under Schedules I. and II., and as if such Officer or person were charged to the said Duties in such District.

[Officers acting in raising the Duties on Offices liable to penalties for default.]

32. The respective Assessors and Officers appointed to raise and assess, or levy, collect and pay the sums of money to be charged under Schedule IV. of the Act, shall respectively be subject to the penalties and forfeitures for refusing or neglecting the performance of their duty, or for being guilty of any fraud or abuse in executing the same as are inflicted on such Officers respectively, for the like offences in respect of Schedules I. and II., or either of them.

[Duties to be stopped at the times at which payable.]

33. Such of the said Duties, levied under Schedule IV of this Act, as may be stopped and deducted out of the sums in respect whereof they shall be charged or deducted, shall be respectively stopped or deducted at such times in each year as the said sums shall be payable to the person entitled thereto.

Part XI.

Discretionary modes of Assessment in particular Districts

[Government may order Assessment by Punchayets or otherwise than according to the general provisions of this Act.]

LXXIII Whenever it shall appear desirable to the local Government that the assessment to the Duties imposed under Schedules I. and II. of this

ফিকট, এই পদের টাক্স আদায় করিবার কমিসানরের লিখিতে পারিবেন ও লিখিবেন।

[ঐ কমিসানরেরা যদি সাধারণ কার্য্যের কমিসানর-ভাড়া অন্য হন, তবে তাঁহারদিগের নামে ঐ সর্টিফিকট লিখিবার কথা, ও সেই লোকেরা যে প্রদেশে বাস করেন তাহার কালেক্টরকে ঐ টাক্স উসুল করিবার হুকুমনামা দিবার কথা।]

৩০ প্রকরণ। শেষোক্ত কমিসানরেরা যদি সাধারণ কার্য্যের কমিসানর না হইয়া অন্য কমিসানর হন, তবে সেই সর্টিফিকট ঐ সাধারণ কার্য্যের কমিসানরেরদের নামে লিখিতে হইবেক, ও তাঁহারা সেই সর্টিফিকট পাইলে পর, কিম্বা ঐ২ আফিসে টাক্স বসাইবার কমিসানরেরা যদি সাধারণ কার্য্যের কমিসানর হন, তবে ঐ সর্টিফকটে তাঁহারা দস্তখৎ করিলে পর, সাধারণ কার্য্যের কমিসানরেরা ঐ কর্ম্মকারক কি ব্যক্তি যে প্রদেশে বাস করেন সেই প্রদেশের টাক্স আদায়কারির নামে হুকুমনামা জারী করিয়া ঐ লোকের স্থানে ঐ টাক্স উসুল করিতে ক্ষমতা ও শক্তি দিবেন।

[সেই হুকুমনামামতে কালেক্টরেরদের কার্য্য করিবার কথা।]

৩১ প্রকরণ। তাহা হইলে টাক্স আদায়কারি ঐ কার্য্যকারক ঐ হুকুমনামামতে কার্য্য করিবেন, ও ১ ও ২ নম্বরের তফসীলমতের টাক্সের বিষয়ে যেরূপে ও যে নিয়মে ও যে শক্তিক্রমে টাক্স আদায় করিবার বিধান এই আইনে হইয়াছে, সেইরূপে ও নিয়মে ও সেই শক্তিক্রমে ও সেই কর্ম্মকারকের কি ব্যক্তির সেই টাক্স ঐ প্রদেশে বসান যাইবার মতে, ঐ কালেক্টর সেই টাক্স আদায় করিবেন।

[যে কার্য্যকারকেরা পদের টাক্স বসান তাঁহারদের ত্রুটি হইলে তাঁহারদের দণ্ডের কথা।]

৩২ প্রকরণ। এই আইনের ৪ নম্বরের তফসীলমতে যে টাক্স বসান যাইবে, তাহা বসাইতে ও ধার্য্য করিতে কি তাহা উসুল ও আদায় করিতে ও দিতে যে২ আসেসরেরা ও কর্ম্মকারকেরা নিযুক্ত হন, তাঁহারা যদি আপনারদের কর্ত্তব্য কর্ম্ম করিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, কিম্বা সেই কর্ম্ম করিতে যদি কোন চাতুরী কি অন্যায় করিবার দোষী হন, তবে ১ ও ২ নম্বরের কি তাহার মধ্যের কোন তফসীলের সম্পর্কে সেই প্রকারের কার্য্যকারকেরা সেই অপরাধ করিলে যে দণ্ডের যোগ্য হন তাঁহারদের সেই দণ্ড হইতে পরিবেক।

[বেতনাদির টাকা যে সময়ে দেওয়া যায় সেই সময়ে টাক্স কাটিয়া রাখিবার কথা।]

৩৩ প্রকরণ। এই আইনের ৪ নম্বরের তফসীলমতের ধার্য্যকরা উক্ত টাক্স যে বেতনাদির উপর বসান যায় তাহাহইতে যদি কাটিয়া রাখিবার ও বাদ দিবার অনুমতি হয়, তবে ঐ টাকা বৎসরের যে২ সময়ে ঐ টাকাপাওনিয়া লোককে দেওয়া যায়, সেই২ সময়ে ঐ টাকসের টাকা আটকিয়া কি বাদ দিয়া রাখিতে হইবে ইতি।

একাদশ খণ্ড।

বিশেষ কোন২ জিলাতে লোকেরদের ইচ্ছামতে টাক্স ধার্য্য করিবার বিধি।

[পঞ্চায়ত দ্বারা, কিম্বা এই আইনের সাধারণ বিধিমতে না হইয়া টাক্স ধার্য্য করিতে গবর্ণমেণ্টের হুকুম করিবার কথা।]

৮৩ ধারা। কোন জিলাতে কি নগরে কি প্রদেশে, কিম্বা কোন জিলার কি নগরের কি প্রদেশের কোন অংশে কি মহলাতে এই আইনের ১ ও ২ নম্বরের তফ-

Act, or either of them, in any District, Town, Village, or Tract of country, or in any portions or quarter of a District, Town, Village, or Tract of Country should be made by a Punchayet, or otherwise than according to the general provisions of this Act, it shall be lawful for such Government, subject to the approval of the Governor-General in Council, to order that the inhabitants of the said District, Town, Village, or Tract of Country, or of the said portion of a District, Town, Village, or Tract, or any class of such inhabitants who shall be chargeable with such Duties, shall be assessed to the Duties mentioned in Schedules I. and II. of this Act, or in either of such Schedules, by Punchayet, or otherwise than according to the general provisions of this Act, and according to such mode of assessment as shall be directed by the said local Government with such sanction as aforesaid, under the tenth part of this Act.

[Government may rescind or vary the order from time to time.]

LXXXIV. It shall be lawful for the local Government, with such sanction as aforesaid, at any time after the said order shall have been in operation for one year, to rescind the said order, or from time to time to vary the same, and to alter the mode of assessment thereby directed

[Collector to publish such order in the District before proceedings are taken under it.]

LXXXV. Before any proceedings shall be had under such original order, or under any order varying the same, or in consequence of any such order of rescission, the Collector of the District shall cause such original order, or such varied order, or such order of rescission as aforesaid, to be published and notified in and throughout the said District, Town, Village, or Tract of Country in the manner usual in such District, Town, Village, or Tract

[Orders shall also be published in the *Government Gazette*.]

LXXXVI. Every such original order, and every order varying the same, and every such order of rescission, shall also be published in the *Government Gazette*, of the Lieutenant-Governorship, or Province in or nearest to which the said District or Town, Village or Tract shall be.

[Where any such order shall have been made and shall remain in force, Duties to be assessed under such order, and not under general provisions of Act.]

LXXXVII. Whenever any such original order, or any order varying the same, shall have been made, the inhabitants of the said District, Town, Village, or Tract, or of such portion of such District, Town, Village, or Tract, or the Members of such class of the said inhabitants as aforesaid, who shall be chargeable with such Duties, shall, so long as such order shall be in force, be assessed in respect of all the property and profits mentioned in Schedules I. and II. of this Act, or in respect of all

[*Government Gazette*, 29*th May* 1860.]

নীলমতের টাক্স পঞ্চায়তের দ্বারা ধার্য্যকরা বিহিত, কিম্বা এই আইনের সাধারণ বিধানমতে না হইয়া অন্য প্রকারে ধার্য্য করা বিহিত, স্থানবিশেষের গবর্ণমেণ্ট যদি এমত বোধ করেন, তবে স্থানবিশেষের ঐ গবর্ণমেণ্ট আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের কিম্বা ঐ জিলা-প্রভৃতির উক্ত অংশের নিবাসি লোকেরদের, কিম্বা তদ্রূপ নিবাসি যে কোন শ্রেণীর লোকেরদের ঐ টাক্স লাগিতে পারে তাঁহারদের, এই আইনের ১ ও ২ নম্বরের তফসীল কিম্বা তাহার কোন তফসীলের লিখিত টাক্স পঞ্চায়তে দ্বারা ধার্য্য হয়, কিম্বা এই আইনের সাধারণ বিধানমতে না হইয়া অন্য প্রকারে ধার্য্য হয়, ও ঐ টাক্স ধার্য্য করিবার যে নিয়ম ঐ স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনের দশম খণ্ডঅনুসারে নির্দ্দিষ্ট করেন, সেই নিয়মমতে ঐ টাক্স ধার্য্য হয়, কিন্তু এই কার্য্যেতে হুজুর কৌন্সেলে স্থিত গবরনর্ জেনরল বাহাদুরের সম্মতির প্রয়োজন থাকে ইতি।

[এই হুকুম গবর্ণমেণ্টের সময়ের২ বাতিল কি বদল করিতে পারিবার কথা।]

৮৪ ধারা। উক্ত হুকুম এক বৎসরপর্য্যন্ত প্রবল থাকিলে পর কোন সময়ে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট উক্ত গবরনর্ জেনরল বাহাদুরের অনুমতি লইয়া ঐ হুকুম রদ করিতে পারিবেন, কিম্বা সময়ের২ তাহা বদল করিতে পারিবেন, ও তাহাতে টাক্স ধার্য্য করিবার যে নিয়মের আজ্ঞা হইয়াছে তাহার পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[সেই হুকুমমতের কোন কার্য্য হইবার পূর্ব্বে কালেক্টরের প্রদেশের মধ্যে ঐ হুকুম প্রকাশ করিবার কথা।]

৮৫ ধারা। সেই প্রথম হুকুমমতের, কিম্বা তাহার পরিবর্ত্তন করিবার কোন হুকুমমতের কোন কার্য্য হইবার পূর্ব্বে, কিম্বা ঐ হুকুম রদ হওয়াপ্রযুক্ত কোন কার্য্য হইবার পূর্ব্বে, প্রদেশের কালেক্টর উক্ত জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের মধ্যে ও তাহার সর্ব্ব স্থানে, ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের চলিত রীতিমতে, ঐ প্রথম হুকুম কিম্বা মতান্তরকরা ঐ হুকুম কিম্বা ঐ হুকুম পূর্ব্বোক্তমতে রদ হইবার কথা প্রকাশ করাইবেন ও তাহার এত্তেলা দেওয়াইবেন ইতি

[ঐ হুকুম গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবার কথা।]

৮৬ ধারা। আরো সেই প্রথম হুকুম ও তাহা মতান্তর করিবার প্রত্যেক হুকুম ও তাহা রদ করিবার প্রত্যেক হুকুম, ঐ জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ যে লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের এলাকার কি প্রদেশের মধ্যে কি অতি নিকট থাকে, তাহার গবর্ণমেণ্ট গেজেটে ছাপা হইবেক ইতি।

[সেই প্রকারের হুকুম হইয়া যত কাল প্রবল থাকে তত কাল সেই হুকুমমতে টাক্স ধার্য্য হইবার কথা ও আইনের সাধারণ বিধানমতে না হইবার কথা।]

৮৭ ধারা। সেই প্রকারের কোন অমল হুকুম কিম্বা তাহা মতান্তর করিবার কোন হুকুম যখন করা যায়, তখন ঐ জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ নিবাসি, কিম্বা সেই জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের উক্ত প্রকার অংশ নিবাসি লোকেরদের, কি তদ্রূপ নিবাসি যে শ্রেণীর লোকেরদের ঐ টাক্স লাগিতে পারে, তাঁহারদের এই আইনের ১ ও ২ নম্বরের তফসীলের লিখিত সকল সম্পত্তির ও প্রাপ্তির জন্যে, কিম্বা উক্ত যে কোন তফসীলের কথা ঐ হুকুমে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার লিখিত সকল সম্পত্তির ও প্রাপ্তির জন্যে তাঁহারদের টাক্স ঐ হুকুম যত কাল বহাল থাকে তত কালপর্য্যন্ত

the property and profits mentioned in such one of the said Schedules as the said order shall direct, by punchayet or otherwise, according to the provisions of such order, and of the eleventh part of this Act, and not according to the general provisions of this Act.

[Any person giving notice to the Collector within ten days after proclamation of order of his unwillingness to be assessed under the order, shall not be assessed under such order, but according to general provisions of Act.]

LXXXVIII. Provided, always, that if any inhabitant of the said District, Town, Village, or Tract of Country, or of the portion or quarter of a District, Town, Village, or Tract, included in any such said original order, or in any order varying or altering the same, or any Member of the said class of inhabitants included in the said order shall, within ten days after the said original order, or order varying or altering the same, shall have been so proclaimed as aforesaid, notify to the Collector of the District that he is desirous to be assessed according to the ordinary provisions of this Act, such person shall not be assessed under the said order, but shall be assessed under the ordinary provisions of this Act as contained in the third and fourth parts thereof, as if no such order had been made.

[Assessment to be made to the satisfaction of the Collector, who shall be at liberty to attend meetings of assessing Body]

LXXXIX. The assessment to be made under any such order of the local Government, shall be made by such punchayet or other persons appointed as aforesaid, to the satisfaction of the Collector of the District, who shall be at liberty to attend at any meetings of such punchayet or persons as aforesaid, or from time to time, to call for their proceedings.

[Collector may require Punchayet to reconsider their assessment.]

XC. If the said punchayet or persons propose to make an assessment with which the said Collector shall not be satisfied, he shall require them to reconsider and revise the same from time to time, until he shall be satisfied with the said assessment.

[If the Collector be dissatisfied, the assessment shall be made according to the ordinary provisions of this Act.]

XCI. If the said Collector shall not be satisfied with the assessment proposed to be made, after he shall have so required them to reconsider the same as aforesaid, and if they shall refuse or neglect to revise and alter the same to his satisfaction, the said Collector shall certify that he is dissatisfied with the assessment proposed to be made, and thereupon no further proceedings shall be held under the said order; but the said several persons in the said District, Town, Village, or Tract of Country, or in

ঐ হুকুমের ও এই আইনের একাদশ খণ্ডের বিধানমতে পঞ্চায়তের দ্বারা কি অন্য প্রকারে ধার্য্য হইবেক, এই আইনের সাধারণ বিধানমতে ধার্য্য হইবেক না ইতি।

[ঐ হুকুমের এত্তেলা দেওয়া যাইবার পরে দশ দিনের মধ্যে যদি কোন লোক এ হুকুমমতে টাক্স ধার্য্য না হইবার মানস প্রকাশ করেন, তবে তাঁহার টাক্স সেই হুকুমমতে ধার্য্য না হইয়া, আইনের সাধারণ বিধানমতে ধার্য্য হইবার কথা।]

৮৮ ধারা। কিন্তু উক্ত প্রকারের কোন আসল হুকুমেতে কিম্বা তাহার পরিবর্ত্তন কি মতান্তর করিবার কোন হুকুমে, উক্ত যে জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ ধরা আছে, কিম্বা ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের যে অংশ কি মহল্লা ধরা আছে, তাহার কোন বাশেন্দা কিম্বা ঐ বাশেন্দারদের যে শ্রেণী উক্ত হুকুমে ধরা আছে তাঁহারদের কোন লোক, ঐ আসল হুকুম কিম্বা তাহা পরিবর্ত্তন কি মতান্তর করিবার হুকুম পূর্ব্বোক্তমতে জারী হইলে পর দশ দিনের মধ্যে, যদি প্রদেশের কালেক্টরকে জ্ঞাত করেন যে, আমার টাক্স এই আইনের সাধারণ বিধানমতে ধার্য্য হয় আমার এই ইচ্ছা, তবে সেই লোকের টাক্স উক্ত হুকুমমতে ধার্য্য হইবেক না, কিন্তু সেই হুকুম না হইবার মতে এই আইনের তৃতীয় ও চতুর্থ খণ্ডে এই আইনের যে বিধান আছে সেই বিধানমতে তাঁহার টাক্স ধার্য্য হইবেক ইতি।

[টাক্স কালেক্টরের খাতিরজমামতে করিবার কথা ও যাঁহারা টাক্স ধার্য্য করেন তাঁহারদের বৈঠকে তাঁহার বর্ত্তমান থাকিবার কথা।]

৮৯ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্টের উক্ত প্রকারের কোন হুকুমমতে যে টাক্স ধার্য্য করিতে হইবেক, তাহা কোন পঞ্চায়তের কিম্বা পূর্ব্বোক্তমতের নিযুক্ত কোন লোকেরদের দ্বারা প্রদেশের কালেক্টরের খাতিরজমামতে ধার্য্য করিতে হইবেক। পূর্ব্বোক্ত পঞ্চায়তের কি লোকেরদের কোন বৈঠক হইলে তিনি তাহাতে বর্ত্তমান থাকিতে পারিবেন, কিম্বা সময়ে২ তাঁহারদের কার্য্যের কাগজপত্র তলব করিয়া দেখিতে পারিবেন ইতি।

[পঞ্চায়তকে আপনারদের ধার্য্যকরা টাক্স পুনরায় বিবেচনা করিতে কালেক্টরের আজ্ঞা করিতে পারিবার কথা।]

৯০ ধারা। উক্ত পঞ্চায়ত কি লোকেরা যে টাক্স ধার্য্য করিতে প্রস্তাব করেন, তাহাতে যদি উক্ত কালেক্টরের খাতিরজমা না হয়, তবে তিনি তাঁহারদিগকে সেই টাক্স পুনর্ব্বিচার কি পুনর্দৃষ্টি করিতে আজ্ঞা করিবেন, ও যত কাল উক্ত ধার্য্যকরা টাক্সেতে তাঁহার খাতিরজমা না হয়, তত কাল তিনি সময়ে২ সেই প্রকারের হুকুম করিতে পারিবেন ইতি।

[কালেক্টরের যদি খাতিরজমা না হয় তবে এই আইনের সাধারণ বিধানমতে টাক্স ধার্য্য হইবার কথা।]

৯১ ধারা। এ কালেক্টর তাঁহারদিগকে এ টাক্স পূর্ব্বোক্তমতে পুনর্ব্বিচার করিতে আজ্ঞা করিলে পর, তাঁহারা যে টাক্স ধার্য্য করিতে চাহেন তাহাতে যদি তাঁহার খাতিরজমা না হয়, ও তাঁহারা যদি এ টাক্স তাঁহার খাতিরজমামতে পুনর্দৃষ্টি ও মতান্তর করিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, তবে তাঁহারা যে টাক্স ধার্য্য করিতে চাহেন তাহাতে তাঁহার খাতিরজম হয় নাই, এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন, তাহা করিলে ঐ হুকুমমতে আর কোন কার্য্য হইবেক না। কিন্তু ঐ জিলার কি নগরের কি গ্রামের কি প্রদেশের, কিম্বা তাহার

the said portion of District, Town, Village, and Tract, or in the said class mentioned in the said order, and chargeable by the said Duties, shall be assessed to the said Duties in the manner prescribed, and according to the ordinary provisions of this Act, as contained in the fourth and subsequent parts thereof, and shall be liable to make all the returns, statements, and declarations, and to do the several acts and things in order to the said assessment, and shall be subject to the same proceedings as in the fourth and subsequent parts of this Act provided, as if no such order had been made.

[Collector, if satisfied, shall confirm the assessment.]

XCII. If the said Collector shall be satisfied with any assessment made by such punchayet or persons as aforesaid, he shall confirm the same, and shall cause proclamation to be made as aforesaid, in the said District, Town, Village, or Tract aforesaid, that he has confirmed the said assessment.

[Such confirmation shall be final and conclusive, except in cases of appeal or fraud]

XCIII. The assessment so confirmed shall be final and conclusive, unless the same shall be disallowed or varied upon any such appeal or further proceeding as hereafter mentioned, and shall be subject also to be surcharged in case of fraud as in Section LXI. of this Act provided.

[To be continued.]

উক্ত অংশের উক্ত যে প্রত্যেক লোকের উপর, কিম্বা ঐ হুকুমের লিখিত শ্রেণীর যে প্রত্যেক জনের উপর ঐ টাক্স ধার্য্য হইতে পারে, তাঁহার উপর ঐ টাক্স এই আইনের নির্দ্দিষ্ট প্রকারে ও এই আইনের চতুর্থ ও তৎপরের অন্য২ খণ্ডের লিখিত সাধারণ বিধানমতে ধার্য্য হইবেক। ও সেই টাক্স ধার্য্য হইবার জন্যে এই আইনের চতুর্থ ও তৎপরের অন্য২ খণ্ডে যে২ কর্ম্ম ও কৈফিয়ৎ ও নিশ্চয়ার্থক কথা লিখিবার, ও অন্য যে২ কার্য্য ও বিষয় করিবার বিধান আছে তাহা ঐ লোকের করিতে হইবেক, ও সেই বিধানমতে তাহার উপর মোকদ্দমা চলিতে পারিবেক, অর্থাৎ উক্ত প্রকারের কোন হুকুম না করা যাইবার মতে হইবেক ইতি।

[কালেক্টরের খাতিরজমা হইলে, ঐ টাক্স মঞ্জুর হইবার কথা]

৯২ ধারা। ঐ পঞ্চায়ত কি উক্ত লোকেরা যে টাক্স ধার্য্য করেন, তাহাতে যদি কালেক্টরের খাতিরজমা হয়, তবে তিনি তাহা মঞ্জুর করিবেন। ও তিনি ঐ ধার্য্যকরা টাক্স মঞ্জুর করিয়াছেন এই কথা পূর্ব্বোক্ত জিলাতে কি নগরে কি গ্রামে কি প্রদেশে পূর্ব্বোক্ত প্রকারে ঘোষণা করাইবেন ইতি।

[প্রতারণা কি আপীল না হইলে, ঐ টাক্স মঞ্জুর করা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবার কথা।]

৯৩ ধারা। উক্ত মতে ধার্য্যকরা যে টাক্স মঞ্জুর হইয়াছে তাহার উপর পশ্চাৎ লিখিতমতে আপীল হইয়া কি অন্য প্রকারের কার্য্য হইয়া যদি তাহা অগ্রাহ্য কি মতান্তর না হয়, তবে তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। আরো যদি প্রতারণা হয়, তবে এই আইনের ৬১ ধারার লিখনমতে তাহার উপর উপরি টাক্স বসান যাইতে পারিবে ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 8.

To the several Civil Judges in the Lower Provinces, and to the Civil Authorities in the Non Regulation Provinces to which Act VIII. of 1859 has been extended.

The Court, having had referred to them by the Officiating Judge of Cuttack the questions inserted in the margin,* connected with the enforcement of private awards under Section 327, Act VIII. of 1859, direct me, with a view to uniformity of procedure in the Courts under their control, to circulate the following answers for general information.

* "Is the application to be made as a miscellaneous matter in the Judge's Court, or is it to be regarded as the institution of a regular suit, and preferred therefore in the Court of lowest jurisdiction competent to try the case, i. e. in the Courts of the Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, according as the amount may or may not exceed 300 Rupees and 1000 Rupees?"

2. "Is the application to be made on stamp paper prescribed for petitions of plaint, or on that for miscellaneous petitions and applications?"

[*Government Gazette, 29th May*, 1860.]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু, ও আইনবহির্ভূত যে২ প্রদেশে ১৮৫৯ সালের ৮ আইন চালান গিয়াছে সেই২ প্রদেশের দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮৫৯ সালের ৮ আইনের ৩২৭ ধারামতে আপোসে যে ফয়সলা হয় তাহা প্রবল করিবার বিষয়ে কটকের একটিং জজ সাহেব নীচের লিখিত * কথা সদর আদালতে জিজ্ঞাসা করিয়াছেন। তাহাতে তাঁহারদের অধীন আদালতে কার্য্য করিবার একি নিয়ম হয়, এই কারণে সকল লোকের জানিবার জন্যে তাঁহারা আমাকে এই উত্তর প্রকাশ করিতে আজ্ঞা করেন।

* ১। ঐ দরখাস্ত কোথায় করিতে হইবেক, অর্থাৎ মুৎফরকা বিষয়ের ন্যায় জজ সাহেবের আদালতে, না আরেত'মতের মোকদ্দমা উপস্থিত করণের তুল্য জ্ঞান হইয়া অধঃস্থ যে আদালতে ঐ মোকদ্দমার বিচার হইতে পারে সেই আদালতে, অর্থাৎ মুনসেফের, কিম্বা ৩০০৲ শত টাকার অধিকের মোকদ্দমা হইলে সদর আমীনের, কি ১০০০৲ টাকার অধিকের হইলে প্রধান সদর আমীনের আদালতে করিতে হইবেক।

২। ঐ দরখাস্ত কি প্রকারের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক, অর্থাৎ নালিশের আরজী যে প্রকারের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে তাহাতে, না মুৎফরকা আরজী ও দরখাস্ত যে ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে তাহাতে।

2. In regard to the *first* question, the Court have held that the *application to give effect* to a private *award* should be made to the Court having jurisdiction as to value; and so far as the question involved is to be tried, viz., whether the award shall stand or not, it will be brought on the file as a *regular suit*, and be inserted in the Quarterly Statement No. 1, intended for the entry of regular cases.

২। প্রথম কথার বিষয়ে সদর আদালতের সাহেবেরা এই নির্দ্ধার্য্য করিয়াছেন, আপোসে যে ফয়সলা হয় তাহা প্রবল করিবার দরখাস্ত, মূল্য বুঝিয়া যে আদালতের এলাকা থাকে সেই আদালতে করিতে হইবেক। ও ঐ দরখাস্ত যে বিষয়ের হয়, অর্থাৎ ঐ ফয়সলা বহাল থাকিবে কি না এই বিষয়ের বিচার হইবার জন্যে তাহা জাবেতামত মোকদ্দমার ন্যায়, মধ্যে শামিল করা যাইবেক, ও তিন২ মাসের ১ নম্বরের যে কৈফিয়তে জাবেতামতের মোকদ্দমা লিখিতে হয়, তাহাতে লেখা যাইবে।

After the award is upheld on trial, *application for its execution* should be made to the Court upholding the award, on its *miscellaneous side*, and be inserted in the statement No. 2 or No. 3 for the entry of miscellaneous cases, according as the deciding Court may be that of the Judge and Principal Sudder Ameen, or that of the Sudder Ameen and Moonsiff.

ঐ ফয়সলা বিচার হইয়া বহাল রাখা গেলে, যে আদালতে ঐ ফয়সলা বহাল করা যায়, সেই আদালতে মুৎফরক্কার ন্যায় ঐ ফয়সলা জারী করিবার দরখাস্ত করিতে হইবেক। ও যে আদালত ঐ মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহা জজ সাহেবের কি প্রধান সদর আমীনের আদালত হইলে, মুৎফরক্কা মোকদ্দমার ২ নম্বরের কৈফিয়তে লিখিতে হইবেক, কিম্বা সদর আমীনের কি মুনসেফের আদালত হইলে ৩ নম্বরের কৈফিয়তে লিখিতে হইবেক।

A special heading (18) for the entry of these Cases in their *second* or miscellaneous stage, has been provided in the new statement No 2. The Court request that a similar heading may be inserted in the new statement No. 3, between the present headings, 3 and 4, and numbered 4; the present headings, 4, 5, 6 & 7, being severally altered to 5, 6, 7 and 8.

এ মোকদ্দমার দ্বিতীয় অর্থাৎ মুৎফরক্কা অবস্থা হইলে, তাহা লিখিবার জন্যে ১৮ নম্বরের এক বিশেষ ঘর ২ নম্বরের নূতন কৈফিয়তে হইয়াছে। সদর আদালতের সাহেবেরা আদেশ করিতেছেন যে, ৩ নম্বরের নূতন কৈফিয়তে এইক্ষণকার ৩ ও ৪ নম্বরের ঘরের মধ্যে অন্য ঘর করিয়া তাহার ৪ নম্বর লেখ, ও এইক্ষণকার ৪ ও ৫ ও ৬ ও ৭ ঘরের নম্বর পরিবর্ত্তন করিয়া ৫ ও ৬ ও ৭ ও ৮ নম্বর লেখ।

3. In regard to the *second* question, the Court have held that the applications should be made on the stamp now required for miscellaneous petitions.

৩। দ্বিতীয় জিজ্ঞাসার বিষয়ে সদর আদালতের সাহেবেরা এই নির্দ্ধার্য্য করিয়াছেন যে, এইক্ষণে মুৎফরক্কা দরখাস্ত যে প্রকারের ইষ্টাম্প কাগজে লিখিতে হয় সেই প্রকারের কাগজে ঐ দরখাস্ত লিখিতে হইবেক।

(Signed) H. B LAWFORD,
Offg Register.

এচ বি লাফর্ড। এক্টিং রেজিষ্টর।

Fort William, the 14th April, 1860.

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৪ আপ্রিল।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 16th May, 1860.

Baboo Biseshur Chuckerbutty, Moonsiff of Bishenpore, in Zillah West Burdwan, to be Moonsiff of Culna, in Zillah East Burdwan, Baboo Umbica Churn Mitter, Moonsiff of Ajmerigunge, in Zillah Sylhet, to be Moonsiff of Bishenpore, and Goorocchurn Doss, to be Moonsiff of Ajmerigunge.

LEAVE OF ABSENCE.

The 16th May, 1860.

Moulvy Syed Ahmed, Moonsiff of Bhotmaree, Zillah Rungpore, for ten days, under Medical Certificate.

H. B. LAWFORD, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৬ মে।

পশ্চিম বর্দ্ধমানের বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী পূর্ব্ব বর্দ্ধমানের কুলনার মুনসেফ হইবেন। ছিলটের আজমীরীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকা চরণ মিত্র বিষ্ণুপুরের মুনসেফ হইবেন। ও শ্রীযুত বাবু গুরুচরণ দাস আজমীরীগঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ মে।

জিলা রঙ্গপুরের ভোটমারীর মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

২৪৩৭ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এল ডিবিরিয়া সাহেব (Mr. L. Deveria,) গত নবেম্বর মাসের ১৫ তারিখঅবধি অস্থিপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তরাংশে দ্বিতীয় সব-আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত জি ই নাশ সাহেব (Mr. G. E. Nash,) গত জানুআরি মাসের ১ তারিখঅবধি অস্থিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশে দ্বিতীয় সব-আসিষ্টাণ্ট হইবেন

শ্রীযুত পি এচ ডবলিউ ব্রেডি সাহেব (Mr. P. H. W. Brady,) গত ফেব্রুআরি মাসের ১ তারিখঅবধি অস্থিপী

কার্য্যের ষষ্ঠ অর্থাৎ ছোট নাগপুর এলাকাতে দ্বিতীয় সব-আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত পাল আগাবেগ সাহেব (Mr. Paul Agabeg,) জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশে প্রধান সব-আসিষ্টাণ্ট হইবেন।

১৮৬০ সাল ১০ মে।

১৮৬০ সালের ১১ আইনের ১২ ধারার বিধানমতে নীচের লিখিত মহাশয়েরা বাঙ্গলা দেশে নীল বুনিবার যে নিয়ম চলে ও বাঙ্গলা দেশে নীলকরেরদের ও রাইয়তেরদের ও জমীদারেরদের মধ্যে যে সম্পর্ক থাকে তাহার তদন্ত ও রিপোর্ট করিবার নিমিত্তে কমিস্যনরস্বরূপ নিযুক্ত হইয়াছেন বিশেষত:

শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেব (Mr. W. S. Seton-Karr,) সভাপতি।

শ্রীযুত আর টেম্পল সাহেব (Mr. R. Temple.)

শ্রীযুত ডবলিউ এফ ফর্গসন সাহেব (Mr. W. F. Fergusson.)

শ্রীযুত পাদরি জে সেল সাহেব (Reverend J. Sale.)

শ্রীযুত বাবু চন্দ্রমোহন চাটুয্যা।

শ্রীযুত এফ জে আলেকজাণ্ডর সাহেব (Mr. F. J. Alexander.) সেরঘাটি এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন ও বেহারে ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ১১ মে।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব (Captain E. A. Rowlatt,) খাসিয়া ও জয়ন্তিয়া পর্ব্বতের কর্ম্মের ভার পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ই পি লয়েড সাহেব (Captain E. P. Lloyd. কামরূপ জিলার কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত জে বি সাডুয়েল সাহেব (Mr. J. B. Shadwell,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান রৌলাট সাহেবের (Captain Rowlatt,) আসিষ্টাণ্টস্বরূপ চেরাপুঞ্জীতে থাকিবেন।

শ্রীযুত বাবু অভয়কুমার দত্ত মেদিনীপুরের অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত জে এস আর্মষ্ট্রং সাহেব (Mr. J. S. Armstrong,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৬০ সাল ১২ মে।

মুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ সি রাইট সাহেব (Mr. A. C. Wright,) ঢাকা জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ক্লেমণ্টসন সাহেব (Mr. W. Clementson,) ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ৪ মে।

আরাকাণের জরিপী কার্য্যে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত ডবলিউ এ মাজ সাহেব (Sub-Assistant Revenue Surveyor W. A. Madge,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৯ মে।

ভাগলপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ওয়াজিদ খাঁ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৯ ধারামতে পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১২ মে।

সেরঘাটীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডইসন সাহেব (Mr. J. Dyson.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৪ মে।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ সি মাঙ্গলস সাহেব (Mr. A. C. Mangles,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে পনের মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১১ মে।

সেণ্টপালনামক গির্জা ঘরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে কেব ব্রৌন সাহেব (Reverend J. Cave Browne,) বর্ত্তমান মাসের ৫ তারিখে নুবিয়া নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১১ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত যে২ গ্রাম ও মহল্লা বালেশ্বর নগর কিম্বা তাহার শহরতলীর শামিল আছে তাহাতে অদ্যকার তারিখ-অবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক এবং এ আইনের বিধান সফল করিবার জন্যে উক্ত আইনের ৩ ধারামতে সংযুক্ত হইবেক।

১। আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে রেবিনিউর সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ২ গ্রামের যাহার যেপর্য্যন্ত সীমা নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ কাগজ বালেশ্বরের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন।

৩। আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ সকল গ্রাম নিবাসিরদের উপর যে টাক্স আদায় করিতে হইবেক তাহা তাহার অবস্থা বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বিবেচনা করিয়া ধার্য্য হইবেক।

ঐ সকল গ্রামাদির নাম এই২। মাণিক খাঁ, বেনামার ডাঙ্গা, বারো বাটী, ওলন্দবহী, রাণী পতনা, শ্রীকান্তপুর, পরোয়া পদ্মা, করণ্ডিয়া কৃষ্ণরায়পুর, তুলঙ্গ, চন্দ্রবড়ি, বাগবৃন্দাবন, গৌরীজা বাগ, সোলপুর, নালারাজার, দামোদরপুর, আজিমাবাদ, কিল হরি খামপতনা, মজুমগঞ্জ, ফকির জনিয়া, মলি কাসপুর, গোবিন্দরামপুর, মাখালপুর, বটায়োর, ব্রহ্মাণী নগর, কাজীবাগ, আলমগঞ্জ, আক্টপুর, শুনহট, পাতর পাড়া, কেদারাবাদ, মানসিংহ বাজার, নুরপুর মহম্মদপুর, কসবা,।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১১ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে যে কটক নগরে ও তাহার শহরতলীতে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। রেবিনিউর সরবেহর সাহেব ঐ নগর ও তাহার শহরতলী জরিপ করিয়া তাহার যে নক্‌শা ১৮৪৯ সালের আপ্রিল মাসে প্রস্তুত করিয়াছিলেন তাহাতে ঐ নগরাদির যে সীমা নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ নক্‌শার এক কেতা নকল কটকের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে। যাঁহার দেখিবার মানস থাকে তিনি সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ কটক নগরে ও তাহার শহরতলীতে যে টাক্স আদায় করিতে হইবেক তাহা লোকেরদের ভাবগতিক বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বিবেচনা করিয়া ধার্য্য হইবেক।

২৫৫১ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ মে।

শ্রীযুত জে গেগেগান সাহেব (Mr. J. Geoghegan,) ও শ্রীযুত বাবু হংসগিরি সোস্বামী ও শ্রীযুত বাবু পরশুনাথ চৌধুরী মালদহে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬০ সাল ১৪ মে।

শ্রীযুত টি এম গিবন সাহেব ও শ্রীযুত জেমস স্মিথ সাহেব (Messrs. T. M Gibbon and James Smith,) চম্পারণে ফেরি ফণ্ড কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ সি সথরলাণ্ড সাহেব (Mr H. C. Sutherland) ত্রিপুরাতে দলীল দস্তাবেজের রেজিষ্টর ও রিবেজের রেজিষ্ট্রার হইবেন।

১৮৬০ সাল ১৫ মে।

সাঁওতালপরগনার চিকিৎসক শ্রীযুত ডবলিউ এফ গমস সাহেব (Mr. W. F. Goms.) ঐ পরগনাতে আসিষ্টণ্ট কমিসানরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬০ সাল ১৬ মে।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,) জিলা চব্বিশপরগনার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত ডাক্তর এ জে পেন সাহেব (Mr. A. J. Payne, M. D.,) ভবানীপুরে ও দমদমাতে ইউরোপীয় ও এ দেশীয় পাগলা গারদের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ রাইলাণ্ড সাহেব (Mr. W. H Ryland,) রাণীগঞ্জ এলাকাখণ্ডের কার্য্যের ভার পাইয়াছেন ও বাঁকুড়াতে মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ মে।

যশোহরের নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এস রচফোর্ট সাহেব (Mr. J. S. Rochfort,) আপন পদের কর্ম্মের ভার খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্রের প্রতি অর্পণ করিয়া অটীচিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন তিনি যত কাল কর্ম্মে ফিরিয়া না আইসেন কিম্বা অন্য হুকুম না হয় তত কাল উক্ত বাবু আপনার কর্ম্মের অতিরিক্ত তাঁহার কর্ম্মও করিবেন।

১৮৬০ সাল ১৭ মে।

কলিকাতায় সেণ্ট জেমস নামক গির্জা ঘরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এ এচ সিটওএল সাহেব (Mr. A. H. Sitwell.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে পল্টনের নিয়মিত ছুটীর নূতন বিধির ১৩ ধারামতে বারো মাসের ছুটী পাইয়াছেন, ও ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৯ সালের ৮ আপ্রিল তারিখের নির্দ্ধারণমতে প্রস্তুত হইবার জন্যে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৬ মে।

শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেবকে (Mr J. S. Drummond,) পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্মে নিযুক্ত হইবার যে হুকুম বর্ত্তমান মাসের ১ তারিখে হইয়াছিল, সেই হুকুম রহিত হইয়াছে। অন্য হুকুম না হওনপর্য্যন্ত তিনি ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কার্য্য করিতে থাকিবেন।

কাছাড়ের জেলখানায় চিকিৎসকের কর্ম্মকারি ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস এম শরকোর সাহেব (Mr. S. M. Shrcore,) গত ফেব্রুআরি মাসের ৯ তারিখে যে ছুটী পাইয়াছিলেন তাহা রহিত হইয়াছে।

ডাকাইতী নিবারণের কমিসানরের অধীন ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দাস গত মাসের ২৩ তারিখে যে ছুটী পাইয়াছিলেন তাহা রহিত হইয়াছে।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে গত ১ মার্চ তারিখে যে সকল ব্যক্তিরা বালেশ্বর নেমক খরিদ করিয়াছিল এইক্ষণে মোকাম সালিখার সরকারী গোলায় যত নেমক মৌজুদ আছে তাহার অন্দরে ৩,৭৭,০৪৮/ মোন হিজলী নেমক সেই সকল ব্যক্তিরদিগকে টেণ্ডরের দ্বারা বিক্রী করা যাইবেক, প্রত্যেক ব্যক্তি গতবারে যে পরিমাণে বালেশ্বরের নেমক পাইয়াছিল এবারেও সেই পরিমাণে উক্ত হিজলীর নেমক পাইবেক।

দর ফি ১০০/ মোন ৩৭৬৲ টাকা।

যে পরিমাণ নেমকের জন্য টেণ্ডরের দরখাস্ত দাখিল হইবেক সেই নেমকের মূল্যের টাকার ট্রেজুরী রসিদ তাহারদিগের টেণ্ডরের দরখাস্তের সহিত একত্রে দাখিল করিতে হইবেক বর্ত্তমান মাসের ২৮ তারিখ সোমবারঅবধি আগামি মাসের ১ তারিখ শুক্রবারপর্য্যন্ত যে কএক দিন দপ্তরখানা খোলা থাকিবেক সেই কএক দিন বেলা দুই প্রহর ১ ঘণ্টাঅবধি বেলা দুই প্রহর ২ ঘণ্টাপর্য্যন্ত এই দপ্তরখানায় টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৯ মে।]

প্রত্যেক টেণ্ডরের দরখাস্ত ৫০০/ মোনের অধিক পরিমাণে দাখিল করিতে পারিবেক না এবং প্রত্যেক টেণ্ডরের দরখাস্ত দুই টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

বিমোজীদ হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ২৫ মে।

ই টি টুবর। সেক্রেটারী।

---

50 *Rupees Reward.*

Stolen on the 17th April. 1860, a gold Geneva watch. Maker's name Aucre.

No. 28,200.

The above reward will be paid to any one giving such information as may lead to the recovery of the property stolen.

Apply to the Joint Magistrate of Hooghly.

R V. COOKERELL, *Joint Magistrate*

৫০৲ টাকা পুরস্কার।

জেনিবা দেশের নির্ম্মিত এক সোণার ওয়াচ ঘড়ি চুরি হইয়াছে। ঘড়ি নির্ম্মাতার নাম (Aucre) ওকর ঘড়ির নম্বর ২৮২০০।

ঐ ঘড়ি যাহাতে ফিরিয়া পাওয়া যাইতে পারে এমত সন্ধান যে কেহ হুগলীর মাজিষ্ট্রেট সাহেবকে জানাইতে পারেন তাঁহাকে ঐ ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে।

আর বি কাক্রেল। জাইণ্ট মাজিষ্ট্রেট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্টের বিজ্ঞাপন।

সুপ্রিম কোর্ট।

রিশীবর আফিস জমিদারীদিগর ইজারা।

বজলর রহমান — বাদী।

মৌলবী মণিরুদ্দীনদিগর — প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সনহালের ৯ জুন শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিশীবর শ্রীযুত জেমশ ওএলচ সাহেব তাঁহার আফিসে মৃত মুন্সী গোলাম হফদরের ইষ্টেটের দরুণ নীচের লিখিত জমিদারীদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জিলা বীরভূম

পরগনে খটাঙ্গা লাট দুর্গাপুর ৩ মৌজা।

ঐ পরগনার লাট মাজিগ্রাম ৬ মৌজা।

পরগনে শাহা সেলামপুর লাট মান্দারি ৬ মৌজা।

পরগনে সারেক্ষ মৌরেশ্বর তরফ বাঁশাডা বাহাদরগঞ্জ রকম ৵০ তিন আনা।

জিলা বর্দ্ধমান।

পরগনে নূতনপুর লাট কুকুলনরুল ১ মৌজা।

পরগনে আজমতশাহী আয়মা মঙ্গলকোট ৩ মৌজা।

ঐ পরগনার আয়মা মাজিখণ্ড।

পরগনে মনোহরশাহী আয়মা নারেজা।

জিলা মুরশিদাবাদ

কিসমত পরগনে কুতবপুর ১৭ মৌজা।

কিসমত নারায়ণপুর ২ মৌজা।

কিসমত কালিকাপুর ২ মৌজা।

পরগনে কোঙরপ্রতাপ লাট কানুহা ৭ মৌজা।

পরগনে ধাওয়া কিসমত তাড়গ্রাম।

ঐ পরগনার কিসমত জোত রামভদ্র।

পরগনে মহলন্দী কিসমত খাসপুর ৬ মৌজা রকম ।৵৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।

পরগনে ভাতশালা কিসমত ইন্দরা ২ মৌজা রকম ।৵৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।

পরগনে ফতেসিংহ কিসমত অনন্তপুর রকম ৲১৫৮— পোনের গণ্ডা তিনকড়া এক ক্রান্তি।

ঐ পরগনার কিসমত সৈয়দ কুলুটিয়া ৪ মৌজা রকম ৲৫ এক পাই।

পরগনে নূতনপুর লাট হস্তিনাপুর ৬ মৌজা।

পরগনে শমশখালি লাট হাতিনগর ২ মৌজা।

পরগনে চুনাখালি কিসমত তরফ বেজপাড়া রামনাথপুরদিগর ৪ মৌজা রকম /৫ পাঁচ পাই

মেরুলী তালুক পরগনে ফতেসিংহ তরফ তালিবপুর ৩ মৌজা।

মৌরুলী তালুকের তালিবপুরের মধ্যে মহল দেবোত্তর।

মৌরুলী তালুক ঐ পরগনার কিসমত অনন্তপুর রকম /৪ = এক আনা চারি গণ্ডা দুই ক্রান্তি।

ছোট আকবা ১৯ উনিশ দফা।

কিসম [illegible]পুর।

তাহের ফকীর মহম্মদ।

[*Government Gazette, 29th May*, 1860.]

মেছবাহা অদ্দীন।
বরকতুল্লা।
মৈনদ্দীন।
বদরুদ্দীন।
মুনশী এনাতুল্লা ও কাজী গোলাম এ হিয়া
হানিফ মহম্মদ।
রাহাতুল্লা।
ছরফদ্দীন।
খোনকার বদরুদ্দীন
কিসমত শালাড়া
হেদাতুল্লা।
সমছল্লা
মহম্মদ নছির।
কিসমত কাঁদরা।
কলিমদ্দীন।
সেখ বেকু।
কিসমত শালিন্দা খোনকার মহম্মদ ওফা।
কিসমত তালগ্রাম মুন্সী আবদুল রেজাক।
কিসমত নওয়াপাড়া খোনকার আলা অদ্দীন।
কিসমত কুলটিয়া সেখ পছন ঐ তালিবপুরের মধ্যে লাখেরাজ বাজেআপ্তী ভূমি ও পুষ্করিণী ঐ তালিবপুরদিগরের লাখেরাজ রাইয়তি জমী।
শিকমি জমা পরগনে কোওরপ্রতাপ পটীদিগয়র বন্দো।
আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।
রিসিবর আফিস কোর্ট হৌস তারিখ ১৭ মে ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানষ্টুকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্টুকসন ও সাধারণ লিপি এবং সংকৃত দায়ভাগ, ব্যবস্থা দর্পণ চন্দ্রিকা, ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দের বিদ্যারত্ন যত্নে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বটতলার ২৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০। ২৯ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল ফ্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 5, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৫ জুন।

ACTS.

LEGISLATIVE COUNCIL OI INDIA

THE 26TH MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India received the assent of the Right Honorable the Governor General on the 21st May 1860, and is hereby promulgated for general information —

ACT No XXI. OF 1860.

An Act for the Registration of Literary, Scientific, and Charitable Societies.

[Preamble]

WHEREAS it is expedient that provision should be made for improving the legal condition of Societies established for the promotion of Literature, Science, or the Fine Arts, or for the diffusion of useful knowledge, or for Charitable purposes, It is enacted as follows .—

[Societies formed by Memorandum of Association and Registration]

I Any seven or more persons associated for any Literary, Scientific, or Charitable purpose, or for any such purpose as is described in Section XX of this Act, may, by subscribing their names to a Memorandum of Association, and filing the same with the Registrar of Joint-Stock Companies under Act XIX of 1857, form themselves into a Society under this Act.

[Memorandum of Association.]

II. The Memorandum of Association shall contain the following things, (that is to say)—

The name of the Society.

The objects of the Society

The names, addresses, and occupations of the Governors, Council, Directors, Committee, or other governing body to whom, by the Rules of the So-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৬ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সলের মাননীয়েরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২১ মে তারিখে সম্মত হইলেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২১ আইন।

সাহিত্য ও বিদ্যাঘটিত ও দানাদি কার্য্যের সমাজ রেজিষ্টরী করিবার আইন।

[হেতুবাদ।]

সাহিত্য ও পদার্থপ্রকৃতি ও চিত্রকর্ম্মাদি বিদ্যা ও লোকেরদের উপকারক জ্ঞান বর্দ্ধনার্থে ও দানাদি কার্য্যের নিমিত্তে যে২ সোসাইটি অর্থাৎ সমাজ স্থাপন হয় তাহার আইনসম্পর্কীয় অবস্থা আরো উত্তম করিবার বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[সামাজিক লিপি করিয়া রেজিষ্টরী করণের দ্বারা সমাজ স্থাপনের কথা।]

১ ধারা। সাহিত্য কি সাধারণ বিদ্যাঘটিত কি দানাদি কার্য্যের নিমিত্তে, কিম্বা এই আইনের ২০ ধারাতে যে২ অভিপ্রায় নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যে কোন অভিপ্রায়ে সংযুক্ত কোন সাত জন কি ততোধিক জন সামাজিক লিপিতে স্বাক্ষর করিয়া, তাহা ১৮৫৭ সালের ১৯ আইনমতে আইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্টার সাহেবের নিকটে দাখিল করিলে তাঁহারা এই আইনমতে সোসাইটি হইতে পারিবেন ইতি।

[সামাজিক লিপির কথা।]

২ ধারা। সামাজিক লিপিতে এই২ কথা লিখিতে হইবেক, অর্থাৎ

সোসাইটির নাম ও

সোসাইটির অভিপ্রায় ও

সোসাইটির বিধিমতে তাহার কার্য্যনির্ব্বাহের ভার যাঁহারদের প্রতি অর্পণ হয় এমত যে গবরনর অর্থাৎ কর্ত্তা, কি কৌন্সেল অর্থাৎ সভা, কি ডৈরেক্টর অর্থাৎ

ciety, the management of its affairs is entrusted. A copy of the Rules and Regulations of the Society, certified to be a correct copy by not less than three of the Members of the governing body, shall be filed with the Memorandum of Association.

[Registration. Fees.]

III. Upon such Memorandum and certified copy being filed, the Registrar shall certify under his hand that the Society is registered under this Act. There shall be paid to the Registrar for every such registration a fee of fifty Rupees, or such smaller fee as the Governor General of India in Council may from time to time direct; and all fees so paid shall be accounted for to Government.

[Annual list of managing body to be filed.]

IV. Once in every year, on or before the 14th day succeeding the day on which, according to the Rules of the Society, the Annual General Meeting of the Society is held, or if the Rules do not provide for an Annual General Meeting, in the month of January, a list shall be filed with the Registrar of Joint-Stock Companies, of the names, addresses, and occupations of the Governors, Council, Directors, Committee, or other governing body then entrusted with the management of the affairs of the Society

[Property of Society how to be vested.]

V. The property, moveable and immoveable, belonging to a Society registered under this Act, if not vested in trustees, shall be deemed to be vested, for the time being, in the governing body of such Society, and in all proceedings, Civil and Criminal, may be described as the property of the governing body of such Society by their proper title.

[How suits by and against Societies to be brought.]

VI. Every Society registered under this Act may sue or be sued in the name of the President, Chairman, or Principal Secretary, or Trustees, as shall be determined by the Rules and Regulations of the Society, and in default of such determination, in the name of such person as shall be appointed by the governing body for the occasion; provided that it shall be competent for any person having a claim or demand against the Society, to sue the President or Chairman, or Principal Secretary or the Trustees thereof, if on application to the governing body some other Officer or person be not nominated to be the defendant.

[Suits not to abate.]

VII. No suit or proceeding in any Civil Court shall abate or discontinue by reason of the person

কর্ম্মাধ্যক্ষ, কি কমিটি অর্থাৎ কর্ম্মনির্ব্বাহক সম্প্রদায় নিযুক্ত হন, তাঁহারদের নাম ও বাসস্থান ও ব্যবসায়াদি। ঐ সামাজিক লিপির সঙ্গে সোসাইটির বিধি ও ব্যবস্থার এক কেতা নকল দিতে হইবেক। ও সেই নকল শুদ্ধ আছে এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া তাহাতে ঐ সোসাইটির কর্ত্তৃত্বকারি তিন জন মেম্বর অর্থাৎ অন্তর্গত লোক দস্তখৎ করিবেন ইতি।

[রেজিষ্টরী করণের ও রসুমের কথা।]

৩ ধারা। সেই সামাজিক লিপি ও সর্টিফিকটযুক্ত নকল দেওয়া গেলে পর, ঐ সোসাইটী এই আইনমতে রেজিষ্টরী করা গিয়াছে, এই কথার সর্টিফিকট লিখিয়া রেজিষ্ট্রার সাহেব তাহাতে দস্তখৎ করিবেন। সেই প্রকারে রেজিষ্টরী করণের নিমিত্তে ঐ রেজিষ্ট্রার সাহেবকে পঞ্চাশ টাকা রসুম দিতে হইবেক, কি তাহার কম যে রসুম হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সময়ে২ হুকুম করেন তাহা দিতে হইবেক। ও সেই প্রকারে যে সকল রসুম দেওয়া যায় তাহার হিসাব গবর্ণমেণ্টে দিতে হইবেক ইতি।

[সোসাইটির কর্ম্মনির্ব্বাহক লোকেরদের নামাদির ফর্দ্দ বৎসরে২ দিবার কথা।]

৪ ধারা। সোসাইটির গবরনরের ও কৌন্সেলের ও ডৈরেক্টরেরদের ও কমিটির, কিম্বা ঐ সোসাইটির কার্য্যনির্ব্বাহের ভার যাঁহারদের প্রতি অর্পণ থাকে, তাঁহারদের নাম ও বাসস্থান ও ব্যবসায়াদির ফর্দ্দ, প্রতিবৎসরে একবার, অর্থাৎ সোসাইটির বিধিমতে ঐ সোসাইটির সাধারণ বৈঠক বৎসরে২ যে দিনে হয় তাহার পর চতুর্দ্দশ দিনে কি তৎপূর্ব্বে, কিম্বা যদি বিধির মধ্যে বৎসরে সাধারণ বৈঠক করিবার নিয়ম না থাকে, তবে জানুআরি মাসে, জইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবের নিকটে দাখিল করিতে হইবেক ইতি।

[সোসাইটির সম্পত্তি যাঁহারদের প্রতি সমর্পিত থাকিবেক তাঁহারদের কথা।]

৫ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা সোসাইটির স্থাবর ও অস্থাবর সম্পত্তি যদি ট্রষ্টীরদের হাতে সমর্পিত না থাকে, তবে যে সময়ে যাঁহারা ঐ সোসাইটির কর্ত্তৃত্বকারি লোক হন তাঁহারদের প্রতি সমর্পিত আছে জ্ঞান হইবেক, ও দেওয়ানী কি ফৌজদারী কোন মোকদ্দমা হইলে ঐ সোসাইটির সেই কর্ত্তৃত্বকারি লোকেরদের উপযুক্ত খ্যাতি দিয়া তাঁহারদের সম্পত্তি বলিয়া নির্দ্দিষ্ট হইবেক ইতি।

[সোসাইটির তরফে ও তাহার নামে মোকদ্দমা যে রূপে করিতে হইবেক তাহার কথা।]

৬ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা কোন সোসাইটির বিধি ও ব্যবস্থাতে যেমত নির্দ্ধার্য্য হয়, সেইমতে ঐ সোসাইটির প্রসীডেণ্টের কি চেয়মানের কি প্রধান সেক্রেটারীর কি ট্রষ্টীর নাম ধরিয়া ঐ সোসাইটি নালিশ করিতে পারিবেক ও তাহার নামে নালিশ হইতে পারিবেক। ও সেই প্রকারের কথা নির্দ্ধার্য্য না থাকিলে, কর্ত্তৃত্বকারি লোকেরা সেই কার্য্যের নিমিত্তে যাঁহাকে নিযুক্ত করেন তিনি নালিশ করিতে পারিবেন ও তাঁহার নামে নালিশ হইতে পারিবেক। পরন্তু সোসাইটির উপর যদি কোন লোকের দাওয়া থাকে, ও তিনি কর্ত্তৃত্বকারি লোকদিগকে জিজ্ঞাসা করিলে, যদি কোন বিশেষ কার্য্যকারক কি অন্য লোক আসামী হইবার নিমিত্তে নিযুক্ত না হন, তবে তিনি ঐ সোসাইটির প্রসীডেণ্টের কি চেয়মানের কিম্বা প্রধান সেক্রেটারীর কি ট্রষ্টীর নামে নালিশ করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমা স্থগিত না হইবার কথা।]

৭ ধারা। সোসাইটির কোন লোক দেওয়ানী কোন আদালতে নালিশ করিলে কিম্বা তাহার নামে নালিশ হইলে

by or against whom such suit or proceedings shall have been brought or continued, dying or ceasing to fill the character in the name whereof he shall have sued or been sued, but the same suit or proceeding shall be continued in the name of or against the successor of such person.

[How judgment to be enforced against.]

VIII. If a judgment shall be recovered against the person or Officer named on behalf of the Society, such judgment shall not be put in force against the property, moveable or immoveable, or against the body of such person or Officer, but against the property of the Society. The application for execution shall set forth the judgment, the fact of the party against whom it shall have been recovered having sued or having been sued, as the case may be, on behalf of the Society only, and shall require to have the judgment enforced against the property of the Society.

[Society may make Bye-law to be enforced.]

IX. Whenever by any Bye-law duly made in accordance with the Rules and Regulations of the Society, or, if the Rules do not provide for the making of Bye-laws, by any Bye law made at a General Meeting of the Members of the Society convened for the purpose, (for the making of which the concurrent votes of three-fifths of the Members present at such Meeting shall be necessary), any pecuniary penalty is imposed for the breach of any Rule or Bye-law of the Society, such penalty, when accrued, may be recovered in any Court having jurisdiction where the defendant shall reside, or the Society shall be situate, as the governing body thereof shall deem expedient.

[Members liable to be sued as strangers.]

X. Any Member who may be in arrear of a subscription which according to the Rules of the Society he is bound to pay, or who shall possess himself of or detain any property of the Society in a manner or for a time contrary to such Rules, or shall injure or destroy any property of the Society, may be sued for such arrear or for the damage accruing from such detention, injury, or destruction of property in the manner hereinbefore provided. But if the defendant shall be successful in any suit or other proceeding brought against him at the instance of the Society, and shall be adjudged to recover his costs, he may elect to proceed to recover the same from the Officer in whose name the suit shall be brought, or from the Society, and in the latter case shall have process against the property of the said Society in the manner above described.

যে হয়, যদি সেই লোক সেই কিয়া তাঁহার যে পদের খাতিরক্রমে তিনি নালিশ করিয়াছিলেন কি তাঁহার নামে নালিশ হইয়াছিল সেই পদ ত্যাগ করেন, তবু সেই মোকদ্দমা স্থগিত কি রহিত হইবেক না, কিন্তু তাঁহার স্থানে যে জন নিযুক্ত হন তিনি ঐ মোকদ্দমা চালাইবেন কি তাঁহার নামে মোকদ্দমা চলিবেক ইতি।

[সোসাইটির বিপক্ষে যে হুকুম হয় তাহা জারী হইবার কথা।]

৮ ধারা। সোসাইটির পক্ষে যে লোকের কি যে কার্য্যকারকের নামে মোকদ্দমা চলে তাঁহার বিপক্ষে ডিক্রী হয়, তবে সেই ডিক্রী সেই লোকের কি কার্য্যকারকের উপর, কিম্বা তাঁহার স্থাবর কি অস্থাবর সম্পত্তির উপর জারী হইবেক না, কিন্তু সোসাইটির সম্পত্তির উপর জারী হইবেক। যে ডিক্রী হইয়াছে তাহা, ও যে লোকের বিপক্ষে ডিক্রী হইয়াছে তিনি, কেবল সোসাইটির তরফে নালিশ করিয়াছেন, কিম্বা বিশেষবিশেষে সোসাইটীর তরফে তাঁহার নামে নালিশ হইয়াছে, এই২ কথা ঐ ডিক্রীজারী হইবার দরখাস্তে লিখিতে হইবেক, ও সোসাইটির সম্পত্তির উপর ঐ ডিক্রীজারী হয় এমত প্রার্থনা করিতে হইবেক ইতি।

[সোসাইটির নিয়মের ও তাহা প্রবল করিবার কথা।]

৯ ধারা। যদি সোসাইটির বিধি ও ব্যবস্থামতে কোন নিয়ম উপযুক্তরূপে করা গিয়া থাকে, কিম্বা যদি নিয়ম করিবার বিধান ঐ সোসাইটির বিধির মধ্যে না থাকে, কিন্তু নিয়ম করিবার জন্যে সোসাইটির অন্তর্গত ব্যক্তিদের সাধারণ বৈঠক হইয়া কোন নিয়ম করা যায়, ও তদনুসারে যদি সোসাইটির কোন বিধি কি নিয়ম অমান্য করিলে জরীমানা দিতে হয়, তবে কোন লোকের সেই জরীমানা দিতে হইলে, তিনি যে আদালতের এলাকার মধ্যে বাস করেন, কিম্বা সোসাইটি যে আদালতের এলাকায় থাকে, অর্থাৎ কর্তৃত্বকারি লোকেরা ইহার মধ্যে যাহা বিহিত জ্ঞান করেন, সেই আদালতে নালিশ করিয়া ঐ জরীমানা আদায় হইতে পারিবেক। পরন্তু নিয়ম করিবার সেইরূপ বৈঠকে যে মেম্বরেরা বর্ত্তমান থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোকের সম্মতি না হইলে কোন নিয়ম করা যাইতে পারিবেক না ইতি।

[উদাসীন লোকেরদের ন্যায় মেম্বরেরদের নামে নালিশ হওয়ার কথা।]

১০ ধারা। সোসাইটির বিধিমতে এক২ জন মেম্বরের যত টাকা নির্দ্ধারিত সময়ে২ দিতে হয়, তাহা যদি কেহ না দিয়া বাকী পাড়েন, কিম্বা ঐ বিধিমতে সোসাইটির কিছু সম্পত্তি যে প্রকারে ও যত কাল কোন মেম্বরের হাতে থাকিতে পারে তদ্ভিন্ন অন্য প্রকারে কি তাহার অধিক কাল যদি কোন মেম্বর তদ্রূপ কিছু সম্পত্তি প্রাপ্ত হন কি আটকিয়া রাখেন, কিম্বা সোসাইটির কিছু সম্পত্তির হানি কি নাশ করেন, তবে সেই বাকীর নিমিত্তে কিম্বা সম্পত্তি সেইরূপে আটকিয়া রাখাতে কি হানি কি নাশ করাতে যত ক্ষতি হয়, সেই ক্ষতি পরিশোধের নিমিত্তে তাঁহার নামে এই আইনে যে বিধি হইয়াছে সেই বিধিমতে নালিশ হইতে পারিবেক। কিন্তু সোসাইটির তরফে যে কোন নালিশ কি মোকদ্দমা আসামীর নামে করা যায়, তাহাতে যদি আসামী জিতেন ও তাঁহার খরচ পাইবার ডিক্রী হয়, তবে তিনি আপনার বিবেচনামতে, যে কার্য্যকারকের নাম ধরিয়া সেই মোকদ্দমা উপস্থিত করা গিয়াছিল, হয় তাঁহার স্থানে, না হয় সোসাইটির স্থানে, সেই খরচা আদায় করিতে পারিবেন। যদি সোসাইটির স্থানে আদায় করিতে চাহেন, তবে ইহার পূর্ব্বে যেমন লিখিত হইয়াছে তেমনি এ সোসাইটির সম্পত্তির উপর তিনি ডিক্রী জারীর পরওয়ানা পাইবেন ইতি।

[Members guilty of offences punishable as strangers.]

XI. Any Member of the Society who shall steal, purloin, or embezzle any money or other property, or wilfully and maliciously destroy or injure any property of such Society, or shall forge any deed, bond, security for money, receipt, or other instrument, whereby the funds of the Society may be exposed to loss, shall be subject to the same prosecution, and if convicted shall be liable to be punished in like manner, as any person not a Member would be subject and liable to in respect of the like offence.

[মেম্বরেরা অপরাধ করিলে তাহাদিগের প্রতি তাহারদের মত হইবার কথা।]

১১ ধারা। সোসাইটির কোন মেম্বর যদি কিছু টাকা কি অন্য দ্রব্য চুরী করেন কি অপহরণ করেন কি তহবীল ভাঙ্গেন, কিম্বা ঐ সোসাইটির কোন বিষয় জানিয়াশুনিয়া ও ইর্দ্ধা করিয়া নষ্ট করেন কি ক্ষতি করেন, কিম্বা কোন দলীল কি খৎ কি টাকার নিদর্শনপত্র কি রসীদ কি অন্য লিপি জাল করেন, ও তাহাতে সোসাইটির তহবীলের হানি হইবার সম্ভাবনা হয়, তবে মেম্বর না হইলে সেই অপরাধের নিমিত্তে তাঁহার প্রতি যেরূপে হইতে পারিত, সেইরূপে তাঁহার নামে নালিশ হইতে পারিবেক, ও দোষ সাব্যস্ত হইলে তাঁহার সেইরূপে দণ্ড হইতে পারিবেক ইতি।

[Societies enabled to alter, extend, or abridge their purposes.]

XII. Whenever it shall appear to the governing body of any Society registered under this Act, which has been established for any particular purpose or purposes, that it is advisable to alter, extend, or abridge such purpose to or for other purposes within the meaning of this Act, or to amalgamate such Society either wholly or partially with any other Society, such governing body may submit the proposition to the Members of the Society in a written or printed report, and may convene a Special Meeting for the consideration thereof according to the Regulations of the Society; but no such proposition shall be carried into effect unless such report shall have been delivered or sent by post to every Member of the Society ten days previous to the Special Meeting convened by the governing body for the consideration thereof, nor unless such proposition shall have been agreed to by the votes of three-fifths of the Members delivered in person or by proxy, and confirmed by the votes of three-fifths of the Members present at a second Special Meeting convened by the governing body at an interval of one month after the former Meeting.

[সোসাইটির অভিপ্রায় পরিবর্ত্তন কি বিস্তার কি খর্ব্ব করণের ক্ষমতার কথা।]

১২ ধারা। বিশেষ কোন এক কি অধিক অভিপ্রায়ে এই আইনমতের রেজিষ্টরীকরা যে সোসাইটি স্থাপন হইয়াছে, এমত কোন সোসাইটির কর্ত্তৃত্বকারি লোকেরা যদি বোধ করেন যে, সেই অভিপ্রায় পরিবর্ত্তন কি বৃদ্ধি কি খর্ব্ব করিয়া এই আইনের অর্থের মধ্যে অন্য অভিপ্রায় নিরূপণকরা, কিম্বা অন্য কোন সোসাইটির সঙ্গে সেই সোসাইটিকে একেবারে কি অংশমতে সংযোগ করা উচিত, তবে ঐ কর্ত্তৃত্বকারি লোকেরা সেই কথার প্রস্তাব হাতের লেখা কি ছাপাকরা রিপোর্টে প্রকাশ করিয়া সোসাইটির মেম্বরেরদের গোচর করিতে পারিবেন, ও সেই কথা বিবেচনা করিবার জন্যে সোসাইটির ব্যবস্থামতে বিশেষ বৈঠক করিতে পারিবেন। কিন্তু সেই কথা বিবেচনা করিবার জন্যে ঐ কর্ত্তৃত্বকারি লোকেরা যে বিশেষ বৈঠক করিবেন, তাহার দশ দিন থাকিতে যদি সেই রিপোর্ট ঐ সোসাইটির প্রত্যেক জন মেম্বরকে না দেওয়া যায় কি ডাকযোগে পাঠান না যায়, ও সেইরূপ বৈঠকেতে যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক যদি আপনারা কি অন্যেরদের দ্বারা ঐ প্রস্তাবেতে সম্মতি প্রকাশ না করেন, ও সেই বৈঠকের পরে এক মাস গত হইলে ঐ কর্ত্তৃত্বকারি লোকেরা পুনরায় বিশেষ বৈঠক করিয়া তাহাতেও যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক যদি সেই প্রস্তাব মঞ্জুর না করেন, তবে তাহা প্রবল হইবেক না ইতি।

[Provision for the dissolution of Societies and adjustment of their affairs.]

XIII. Any number not less than three-fifths of the Members of any Society may determine that it shall be dissolved, and thereupon it shall be dissolved forthwith, or at the time then agreed upon, and all necessary steps shall be taken for the disposal and settlement of the property of the Society, its claims, and liabilities, according to the Rules of the said Society applicable thereto if any, and, if not, then as the governing body shall find expedient, provided that, in the event of any dispute arising among the said governing body or the Members of the Society, the adjustment of its affairs shall be referred to the principal Court of original Civil jurisdiction of the District in which the chief building of the Society is situate; and the Court shall make such order in the matter as it shall deem requisite. Provided that no Society shall be dissolved unless three-fifths of the Members shall have expressed a wish

[সোসাইটির কর্ম্ম রহিত করিবার ও তাহার কার্য্য ব্যাপার নিষ্পত্তি করিবার বিধি।]

১৩ ধারা। সোসাইটি রহিত হয় এই কথা ঐ সোসাইটির মেম্বরেরদের পাঁচ ভাগের অন্যূন তিন ভাগ লোক নির্দ্ধার্য্য করিতে পারিবেন। তাহা করিলে ঐ সোসাইটি তৎক্ষণাৎ রহিত হইবেক, কিম্বা তাহা রহিত হইবার যে সময় তাঁহারা তখন একবাক্যে নির্দ্ধার্য্য করেন সেই সময়ে রহিত হইবেক। ও সেই সোসাইটির কর্ম্ম বন্ধ করিবার বিষয়ে যদি কোন বিধি থাকে, তবে সেই বিধিমতে সোসাইটির সম্পত্তি ও তাহার দাওয়া ও দায় বিক্রয়াদি ও নিষ্পত্তি করিবার যে সকল কার্য্য আবশ্যক হয় সেই সকল কার্য্য করা যাইবেক। যদি কোন বিধি না থাকে, তবে কর্ত্তৃত্বকারি লোকেরা যেমন বিহিত বোধ করেন তেমনি তাহা করা যাইবেক। পরন্তু যদি উক্ত কর্ত্তৃত্বকারি লোকেরদের কিম্বা সোসাইটির মেম্বরেরদের মধ্যে কিছু বিবাদ হয়, তবে তাহার কার্য্যব্যাপার নিষ্পত্তি করিবার ভার, ঐ সোসাইটির প্রধান ঘর যে জিলার মধ্যে থাকে সেই জিলাতে, দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার প্রধান যে আদালতের ক্ষমতা থাকে, সেই আদালতের প্রতি অর্পিত হইবেক, ও সেই আদালত সেই বিষয়ে যে

for such dissolution by their votes delivered in person, or by proxy, at a general Meeting convened for the purpose: Provided that whenever the Government is a Member of, or a contributor to, or otherwise interested in any Society registered under this Act, such Society shall not be dissolved without the consent of Government.

[Upon a dissolution no Member to receive profit. Proviso for Joint-Stock Companies.]

XIV. If upon the dissolution of any Society registered under this Act there shall remain, after the satisfaction of all its debts and liabilities, any property whatsoever, the same shall not be paid to or distributed among the Members of the said Society or any of them, but shall be given to some other Society, to be determined by the votes of not less than three-fifths of the Members present personally or by proxy at the time of the dissolution, or in default thereof, by such Court as aforesaid; provided however that this Clause shall not apply to any Society which shall have been founded or established by the contributions of shareholders in the nature of a Joint-Stock Company.

[Who is a Member.]

XV. For the purposes of this Act a Member of a Society shall be a person who having been admitted therein according to the Rules and Regulations thereof, shall have paid a subscription, or shall have signed the roll or list of Members thereof, and shall not have resigned in accordance with such Rules and Regulations; but in all proceedings under this Act no person shall be entitled to vote or be counted as a Member whose subscription at the time shall have been in arrear for a period exceeding three months.

[The governing body defined.]

XVI. The governing body of the Society shall be the Governors, Council, Directors, Committee, Trustees, or other body to whom by the Rules and Regulations of the Society the management of its affairs is entrusted.

[Registration of Societies formed before this Act.]

XVII. Any Company or Society established for a Literary, Scientific, or Charitable purpose and registered under Act XLIII. of 1850, or any such Society established and constituted previously to the passing of this Act but not registered under the said Act XLIII. of 1850, may at any time hereafter be registered as a Society under this Act; subject to the proviso that no such Company or Society shall be registered under this Act unless an assent to its being so registered has been given by three-fifths of the Members present personally,

[*Government Gazette, 5th June*, 1860.]

হুকুম করা আবশ্যক তাহা করিবেন। পরন্তু কোন সোসাইটির ভার্য্য ভঙ্গ করিবার কথা বিবেচনা করিবার জন্যে সাধারণ বৈঠক হইয়া মেম্বরেদের পাঁচ ভাগের তিন ভাগ লোক যদি আপনারাই কিম্বা আপনার লোক দ্বারা মত জানাইবা সেই সোসাইটি রহিত হইবার বিষয়ে সম্মতি প্রকাশ না করেন, তবে রহিত হইবেক না। গবর্ণমেণ্ট যদি এই আইনমতে রেজিষ্টরীকরা কোন সোসাইটির মেম্বর হন, কিম্বা যদি তাহাতে চাঁদা দেন; কিম্বা তাহাতে যদি গবর্ণমেণ্টের অন্য প্রকারে সম্পর্ক থাকে, তবে গবর্ণমেণ্ট সম্মত না হইলে, ঐ সোসাইটি রহিত হইবে না ইতি।

[সোসাইটি রহিত হইলে কোন মেম্বরের কিছু লভ্য না পাইবার কথা। ও জাইণ্ট ষ্টক কোম্পানির বিষয়ে বর্জ্জিত বিধি।]

১৪ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা কোন সোসাইটির কর্ম্ম বন্দ হইলে, তাহার সকল কর্জ্জ ও দায় শোধ করিবার পরে যদি কিছু সম্পত্তি থাকে, তবে তাহা উক্ত সোসাইটির মেম্বরদিগকে কি তাঁহারদের কোন জনকে দেওয়া যাইবেক না, ও তাঁহারদের মধ্যে বিভি হইবেক না, কিন্তু অন্য কোন সোসাইটিকে দেওয়া যাইবেক, ও যে সোসাইটিকে দিতে হইবেক তাহা রহিত হইবার সময়ে যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক আপনারা কি অন্যেরদের দ্বারা যে মত প্রকাশ করেন তদনুসারে নির্দ্ধার্য্য হইবে। ইহার ত্রুটি হইলে পূর্ব্বোক্তমতের আদালত নির্দ্ধার্য্য করিবেন। পরন্তু যদি ঐ সোসাইটি অংশিরদের দেওয়া টাকাহইতে জাইণ্ট ষ্টক কোম্পানির মতে সংস্থাপিত হয়, তবে তাহার উপর এই ধারার কথা খাটিবেক না ইতি।

[মেম্বর তাঁহাকে বলে তাহার কথা।]

১৫ ধারা। সোসাইটির বিধি ও ব্যবস্থামতে যে কেহ সোসাইটিতে ভর্ত্তি হইয়া আপনার দেনা চাঁদার টাকা দিয়াছেন, কিম্বা সোসাইটির মেম্বরেরদের নামের কর্দ্দে স্বাক্ষর করিয়াছেন, ও সেই বিধি ও ব্যবস্থামতে পদ ত্যাগ না করিয়াছেন, সেই জন এই আইনের কর্ম্ম সম্পর্কে সোসাইটির মেম্বর হইবেন। কিন্তু এই আইন মতের কোন কার্য্যেতে যে কেহ তিন মাসের অধিক কালপর্য্যন্ত আপনার দেনা টাকা না দিয়া বাকীদার হইয়াছেন, তিনি মত প্রকাশ করিতে, কিম্বা মেম্বর বলিয়া গণ্য হইতে পারিবেন না ইতি।

[কর্ত্তৃত্বকারি লোক এই কথার অর্থ।]

১৬ ধারা। সোসাইটির গবরনর ও কৌন্সেল ও ডেরেক্টর ও কমিটি ও ট্রষ্টী কিম্বা সোসাইটির বিধি ও ব্যবস্থামতে তাহার কার্য্য নির্ব্বাহ করিবার ভার যাঁহারদের প্রতি অর্পিত থাকে তাঁহারা ঐ সোসাইটির কর্ত্তৃত্বকারি লোক হইবেন ইতি।

[এই আইনের পূর্ব্বে যে সোসাইটি হইয়াছিল তাহা রেজিষ্টরী করিবার কথা।]

১৭ ধারা। সাহিত্য ও বিদ্যাঘটিত কিম্বা জ্ঞানাদি কার্য্যের অভিপ্রায়ে যে কোন কোম্পানি কি সোসাইটি স্থাপিত হইয়া ১৮৫০ সালের ৪৩ আইনমতে রেজিষ্টরী করা যায়, কিম্বা তদ্রূপ যে কোন সোসাইটি এই আইন জারী হইবার পূর্ব্বে নির্দ্দিষ্ট ও স্থাপিত হইয়া ১৮৫০ সালের উক্ত ৪৩ আইনমতে রেজিষ্টরী না হইয়াছে, তাহা ইহার পর কোন সময়ে এই আইনমতের সোসাইটি বলিয়া রেজিষ্টরী হইতে পারিবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে, সেই প্রকারের কোন কোম্পানির কি সোসাইটির রেজিষ্টরী করিবার কথা বিবেচনা করিবার জন্যে তাহার কর্ত্তৃত্বকারি লোকেরা সাধারণ বৈঠক

or by proxy, at some General Meeting convened for that purpose by the governing body. In the case of a Company or Society registered under Act XLIII. of 1850, the Directors shall be deemed to be such governing body. In the case of a Society not so registered, if no such body shall have been constituted on the establishment of the Society, it shall be competent for the Members thereof, upon due notice, to create for itself a governing body to act for the Society thenceforth.

[Such Societies to file Memorandum &c., with Registrar of Joint-Stock Companies.]

XVIII. In order to any such Society as is mentioned in the last preceding Section obtaining registry under this Act, it shall be sufficient that the governing body file with the Registrar of Joint-Stock Companies under Act XIX. of 1857, a Memorandum showing the name of the Society, the objects of the Society, and the names, addresses, and occupations of the governing body, together with a copy of the Rules and Regulations of the Society certified as provided in Section II., and a copy of the report of the Proceedings of the General Meeting at which the registration was resolved on.

[Inspection of documents. Certified copies.]

XIX. Any person may inspect all documents filed with the Registrar under this Act on payment of a fee of one Rupee for each inspection; and any person may require a copy or extract of any document or any part of any document, to be certified by the Registrar, on payment of two annas for every hundred words of such copy or extract; and such certified copy shall be *primâ facie* evidence of the matters therein contained in all legal proceedings whatever.

[To what Societies the Act shall apply.]

XX. The following Societies may be registered under this Act, Charitable Societies, the Military Orphan Funds or Societies established at the several Presidencies of India, Societies established for the promotion of Science, Literature, or the fine Arts, for instruction, the diffusion of useful knowledge, the foundation or maintenance of Libraries or Reading-rooms for general use among the Members or open to the public, or public Museums and Galleries of Paintings and other works of Art, Collections of Natural History, Mechanical and Philosophical Inventions, Instruments, or Designs.

M. WYLIE,
Clerk of the Council.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন।]

করেন ও সেই বৈঠকে যে মেম্বরেরা উপস্থিত থাকেন তাঁহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক আপনারদের কিম্বা অন্যেরদের দ্বারা সম্মতি না জানাইলে সেই কোম্পানি কি সোসাইটি এই আইনমতে রেজিষ্টরী হইবেক না। ১৮৫০ সালের ৪৩ আইনমতে যে কোম্পানি কি সোসাইটি রেজিষ্টরী হইয়াছে, তাহার ডৈরেক্টরেরা সেই কর্ত্তৃত্বকারি লোক জ্ঞান হইবেন। যে সোসাইটি সেই প্রকারে রেজিষ্টরী না হইয়াছে, তাহা স্থাপন করিবার সময়ে যদি সেই প্রকারের কর্ত্তৃত্বকারি লোকেরা নিযুক্ত না হইয়া থাকেন, তবে মেম্বরেরা উপযুক্তমতের সম্বাদ দিয়া আপনারদের কর্ত্তৃত্বকারি লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন, ও তাঁহারা সেই সময়াবধি সোসাইটির পক্ষে কর্ম্ম করিবেন ইতি।

[ঐ প্রকারের সোসাইটির সাম্বাত্সরিক লিপিপ্রভৃতি জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবকে দিবার কথা।]

১৮ ধারা। ইহার পূর্ব্ব লিখিত ধারামতের কোন সোসাইটি এই আইনমতে রেজিষ্টরী হয় এই কারণে কর্ত্তৃত্বকারি লোকেরদের এই কর্ত্তব্য। তাঁহারা ঐ সোসাইটির নাম, ও ঐ সোসাইটির অভিপ্রায়, ও কর্ত্তৃত্বকারি লোকেরদের নাম ও বাসস্থান ও ব্যবসায়াদি সম্বলিত এক লিপি, ও সোসাইটির বিধি ও ব্যবস্থার এই আইনের ২ ধারামতে সর্টিফিকটযুক্ত নকল, ও সেই সোসাইটি রেজিষ্টরী করা যায় এই কথা সাধারণ যে বৈঠকে নির্দ্ধার্য্য হইয়াছিল সেই বৈঠকের কার্য্যের রিপোর্টের এক কেতা নকল, এই সকল কাগজপত্র ১৮৫৭ সালের ১৯ আইনমতে জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবের নিকটে দাখিল করিবেন ইতি।

[দলীল দৃষ্টি করিবার কথা ও সর্টিফিকটযুক্ত নকলের কথা।]

১৯ ধারা। এই আইনমতে যে সকল কাগজপত্র রেজিষ্ট্রার সাহেবের নিকটে দাখিল করা যায় তাহা যদি কেহ দৃষ্টি করিতে চাহেন, তবে এক২বার দৃষ্টি করিবার জন্যে এক টাকা রসুম দিলে দেখিতে পাইবেন। ও কোন কাগজপত্রের কি তাহার কোন অংশের নকল কি কোন কথার নকল যদি চাহেন, তবে সেই নকলের কি সেই গৃহীত কথার এক২ শত শব্দের প্রতি দুই২ আনা দিলে, রেজিষ্ট্রার সাহেবের সর্টিফিকটযুক্ত সেই নকল পাইতে পারিবেন। ও আদালতসম্পর্কীয় সমস্ত কার্য্যেতে সেই সর্টিফিকটযুক্ত নকল আদিদৃষ্টে তাহার লিখিত কথার প্রমাণ হইবেক ইতি।

[এই আইন যে২ সোসাইটির উপর খাটে তাহার কথা।]

২০ ধারা। এই আইনমতে এই২ সোসাইটি রেজিষ্টরী হইতে পারে। দাতব্যাদি কার্য্যের সোসাইটি, ও ভারতবর্ষের নানা রাজধানীর মিলিটারী আরফন ফণ্ড কি সোসাইটি, ও বিদ্যা ও সাহিত্যঘটিত ও চিত্রাদি কর্ম্ম বর্দ্ধনার্থে ও শিক্ষা দানার্থে, ও সাধারণের উপকারক জ্ঞান বর্দ্ধনার্থে, ও সোসাইটির মেম্বরেরদের কিম্বা সর্ব্ব সাধারণের ব্যবহার করিবার পুস্তকালয় কি পাঠালয় করণার্থে, কি তাহার ব্যয় শোধনার্থে, ও সর্ব্ব সাধারণ লোক যাহাতে যাইতে পারিবেক এমত নানা আশ্চর্য্য দ্রব্যসঞ্চয়াগার, ও ছবি প্রতিমাপ্রভৃতি নির্ম্মাণ বিদ্যাঘটিত নানা দ্রব্য প্রকাশালয়, ও নানাপ্রকারের জীবন্ত সংগ্রহ করিবার ও শিল্প বিদ্যা ও পদার্থ বিদ্যাঘটিত নবরচিত দ্রব্য ও যন্ত্র ও নানা কার্য্যের নক্‌শাপ্রভৃতি সংগ্রহ করিবার আলয় করণার্থে যে সকল সোসাইটি স্থাপন হয় তাহা ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

The 26th May 1860.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 21st May 1860, and is hereby promulgated for general information:—

Act No. XXII of 1860.

An Act to remove certain tracts on the Eastern border of the Chittagong District from the jurisdiction of the tribunals established under the general Regulations and Acts.

[Preamble.]

WHEREAS it is expedient to remove the Hilly and Forest tracts of country situated on the Eastern border of the District of Chittagong from the jurisdiction exercised by the Civil, Criminal, and Revenue Courts and Offices of that District, under the General Regulations and Acts of the Government; It is enacted as follows:—

[Certain tracts removed from the operation of the General Regulations and Acts. Proviso.]

I. The tracts of country described in the Schedule to this Act are hereby removed from the jurisdiction of the Courts of Civil and Criminal Judicature, and from the control of the Offices of Revenue constituted by the Regulations of the Bengal Code and the Acts passed by the Governor-General of India in Council and the Legislative Council of India, as well as from the system of procedure prescribed for the said Courts and Offices by the Regulations and Acts aforesaid; and no Act hereafter passed by the Legislative Council of India relative to the constitution or procedure of the said Courts and Offices shall be deemed to extend to any part of the said tract, unless the same be specially named therein: provided that nothing herein contained shall extend to or affect any case now pending in any Court or Office.

[Administration of justice and collection of Revenue vested in Officers subject to the control of the Lieutenant Governor of Bengal.]

II. The administration of Civil and Criminal justice and the superintendence of the settlement and realization of the public Revenue and of all matters relating to rent within the said tracts, are hereby vested in such Officer or Officers as the Lieutenant Governor of Bengal may for the purpose of tribunals of first instance or of reference and appeal appoint, and the Officer or Officers so appointed shall, in the matter of the administration and superintendence aforesaid, be subject to the direction and control of the Lieutenant Governor of Bengal, and be guided by such instructions as the Lieutenant Governor of Bengal may from time to time issue.

[Appeals.]

III. It shall be lawful for the Lieutenant Governor of Bengal to direct that an appeal may be

[*Government Gazette, 5th June*, 1860.]

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ মে

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সলের আজ্ঞিরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২১ মে তারিখে সম্মত হইলেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২২ আইন।

চাটিগাঁ জিলার পূর্ব্ব সীমার কতক দেশ সাধারণ আইন ও আকট মতের স্থাপিত আদালতপ্রভৃতির এলাকাহইতে পৃথক্ করিবার আইন।

[হেতুবাদ।]

চাটিগাঁ জিলার দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বের আদালতের ও কাছারীর যে এলাকা গবর্ণমেণ্টের সাধারণ আইন ও আকটঅনুসারে থাকে, সেই এলাকাহইতে ঐ জিলার পূর্ব্ব সীমানার পাহাড়ীয় ও বন্য দেশ স্বতন্ত্র করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[কোন২ দেশ সাধারণ আইন ও আকটের আমলহইতে স্বতন্ত্র করিবার কথা। ও বর্জ্জিত কথা।]

১ ধারা। এই আইনের তফসীলে যে সকল স্থান নির্দ্দিষ্ট হইয়াছে তাহা, বাঙ্গলা দেশের চলিত আইনদ্বারা ও হজুর কৌন্সলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ও ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সলের জারী করা আকটদ্বারা স্থাপিত দেওয়ানী ও ফৌজদারী আদালতের এলাকাহইতে, ও রাজস্বের কার্য্যকারকদের কর্ত্তৃত্বহইতে, ও উক্ত আইন ও আকট দ্বারা ঐ২ আদালতের ও সিরিশ্তার কার্য্য করিবার যে নিয়ম নির্দ্ধার্য্য হইয়াছে তাহাহইতেও স্বতন্ত্র করা গেল। ও উক্ত আদালতের ও সিরিশ্তার সংস্থাপনের কি কার্য্য করিবার নিয়মের বিষয়ে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সলের যে কোন আইন ইহার পরে জারী হয়, তাহাতে যদি ঐ দেশের নাম বিশেষমতে লেখা না থাকে, তবে সেই আইন ঐ দেশের কোন স্থানে খাটে এমত জ্ঞান করিতে হইবেক না। পরন্তু কোন আদালতে কি কাছারীতে এইক্ষণে যে মোকদ্দমা উপস্থিত আছে, তাহার উপর এই আইনের কোন কথা খাটিবেক না, ও এই আইনেতে তাহার কিছু ক্ষতিবৃদ্ধি হইবেক না ইতি।

[বিচার করিবার কার্য্যের ও রাজস্ব আদায়ের কার্য্যের ভার বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্ত্তৃআধীন লোকেরদের প্রতি থাকিবার কথা।]

২ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে মোকদ্দমা প্রথমে শুনিবার জন্যে কিম্বা অপর্ণ কি আপীলক্রমে শুনিবার জন্যে নিযুক্ত করেন, তাঁহারদের প্রতি উক্ত দেশসম্পর্কীয় দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার বিচারণি কার্য্যের ভার, ও সরকারী মালগুজারীর ও খাজানাসম্পর্কীয় সকল বিষয়ের বন্দোবস্ত ও আদায় করিবার কার্য্যের তজ্বীবরাধীনের ভার ইহাতে অর্পণ করা গেল। ও তদ্রূপে যে কার্য্যকারক কি কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহারা পূর্ব্বোক্ত কার্য্য নির্ব্বাহের ও তজ্বীবধারণের সম্পর্কে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবেন, ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ে২ যে হুকুম জারী করেন তদনুসারে তাঁহারা কার্য্য করিবেন ইতি।

[আপীলের কথা।]

৩ ধারা। চাটিগাঁয়ের সিবিল ও সেশন জজ সাহেব কিম্বা ঐ জিলার রাজস্বের কমিশ্যনর সাহেব কিম্বা সদর

heard in any of the matters described in the last preceding Section by the Civil and Sessions Judges of Chittagong or the Commissioner of Revenue for that District or by the Sudder Dewanny and Nizamut Adawlut or by the Board of Revenue, and to declare in what cases the order made by any Officer or Court empowered by the Lieutenant Governor to dispose of any of the matters aforesaid, shall be final.

[Reference to the Sudder Court.]

IV. It shall be lawful to the Lieutenant Governor of Bengal to direct any Officer empowered to administer Criminal jurisdiction in or for the tracts aforesaid, to refer the sentence passed by him in any class of Criminal trials for the confirmation of the Sudder Court; and no sentence of death passed by any person competent under the direction of the Lieutenant Governor to pass such sentence, shall be carried into execution until it be confirmed by the Sudder Court. In disposing of any trial referred for disposal under this Section, the Sudder Court shall not call for the Futwah of its Law Officer, and shall pass such order as it may deem just and proper, so as that it shall not convict any person acquitted by the referring Officer, or enhance any sentence pronounced by him.

[Place of imprisonment or transportation.]

V. Any person liable to be imprisoned in any Civil or Criminal Jail or to be transported beyond sea under any order or sentence passed by any Officer or Court empowered as provided in this Act, may be imprisoned in any Civil or Criminal Jail or transported to any place which the Lieutenant Governor of Bengal may direct.

[Questions of disputed boundary to be determined by Commissioner of Chittagong.]

VI. When a question shall arise whether any place falls within the tracts described in the Schedule of this Act, it shall be competent to the Commissioner of Revenue for the District of Chittagong to consider and determine on which side of the described boundary the place aforesaid may lie, and the order made by the Commissioner shall be final.

[Commencement of Act.]

VII. This Act shall take effect from such date as shall be fixed by the Lieutenant Governor of Bengal, and notification thereof shall be published in the Office of the Commissioner of Revenue and the Courts of the Civil and Sessions Judge and of the Magistrate of Chittagong, and in such other manner as the Lieutenant Governor may direct.

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন।]

দেওয়ানী ও নিজামৎ আদালতের কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবেরা উহার পূর্ব্বের ধারায় লিখিত কোন বিষয়ের আপীল শুনিতে পারেন। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এমত হুকুম করিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত প্রকারের কোন মকদ্দমা নিষ্পত্তি করিতে যে কার্য্যকারক সাহেব কি আদালত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের স্থানে ক্ষমতা পান, তাঁহারদের হুকুম যে প্রকারের মোকদ্দমার চূড়ান্ত হইবেক তাহাও তিনি প্রকাশ করিতে পারিবেন ইতি।

[সদর আদালতের প্রতি অর্পণ করিবার কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত দেশেতে কি তন্নিমিত্তে ফৌজদারী কার্য্যনির্ব্বাহ করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক ফৌজদারী কোন২ প্রকারের মোকদ্দমায় যে হুকুম করেন সেই হুকুম তিনি সদর আদালতের মঞ্জুর করিবার জন্যে অর্পণ করেন বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এমত হুকুম করিতে পারিবেন। ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞামতে প্রাণদণ্ডের আজ্ঞা করিতে যাঁহার ক্ষমতা থাকে, তিনি তদ্রূপ যে আজ্ঞা করেন তাহা সদর আদালতের দ্বারা মঞ্জুর না হইলে করা যাইবেক না। এই ধারামতে নিষ্পত্তি হইবার নিমিত্তে যে কোন মোকদ্দমা অর্পণ করা যায়, তাহার নিষ্পত্তি করণেতে সদর আদালতের সাহেবেরা ঐ আদালতের কোন মৌলবীর ফতওয়া লইবেন না, ও যে হুকুম ন্যায্য ও উপযুক্ত বোধ হয় তাহা করিবেন, কিন্তু ঐ মোকদ্দমা অর্পণকরণিয়া কার্য্যকারক যে কোন লোককে নির্দ্দোষ করেন তাহাকে দোষী করিবেন না, ও তিনি যে কোন দণ্ডের আজ্ঞা করেন তাহা বৃদ্ধি করিবেন না ইতি।

[কয়েদ করিবার কি দ্বীপান্তর প্রেরণের স্থানের কথা।]

৫ ধারা। এই আইনের বিধানমতের ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের কি আদালতের কোন হুকুম কি দণ্ডাজ্ঞামতে যদি কোন লোককে দেওয়ানী কি ফৌজদারী কোন জেলখানায় কয়েদ করিতে হয়, কিম্বা সমুদ্রপারের কোন দ্বীপান্তরে পাঠাইতে হয়, তবে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে কোন স্থান আজ্ঞা করেন সেই স্থানের দেওয়ানী কি ফৌজদারী কোন জেলখানায় তাহাকে কয়েদ করা যাইবেক, কিম্বা দ্বীপান্তরের সেই স্থানে পাঠান যাইবেক ইতি।

[সীমানার কোন বিবাদ হইলে চাটীগাঁয়ের কমিস্যনর সাহেবের তাহা নিষ্পত্তি করিবার কথা।]

৬ ধারা। এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট কোন দেশের মধ্যে কোন স্থান থাকে কি না, এই কথা লইয়া যদি কিছু বিবাদ হয়, তবে ঐ স্থান সেই নির্দ্দিষ্ট সীমানার কোন্ দিগে থাকে এই কথা চাটীগাঁ জিলার রাজস্বের কমিস্যনর সাহেব বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ও কমিস্যনর সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

[এই আইন যে সময়াবধি চলিবে তাহার কথা।]

৭ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে তারিখ নিরূপণ করেন সেই তারিখাবধি এই আইন চলিবেক। তাহার ইশ্তিহার চাটিগাঁয়ের রাজস্বের কমিস্যনর সাহেবের কাছারীতে, ও সিবিল ও সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের আদালতে প্রকাশ হইবেক, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে প্রকাশ হইবেক ইতি।

SCHEDULE.

The boundary of the Hilly and Forest tract referred to in the foregoing Act shall be understood generally to run to the eastward of the surveyed area of the villages situated on the eastern frontier of the Chittagong District as surveyed and mapped in the course of the Revenue Survey of that District, and shall be more particularly taken to be indicated as follows :—

As respects Thannah Futtickcherree, all the country lying east of the villages Ramghur, Joozkola, Hapunsah, Fuckeerachung, Kunchunpoor, and Gomarcetulla.

" " Thannah Hathezaree, all the country lying east of Mugkatta, Radahmadhebpoor, and other surveyed villages of this Thannah and of a line drawn from the south-eastern boundary to Gogra in Faree Rungunneah.

" " Faree Rungunneah, all the country lying to the east of Gogra, Nichintapoor, Kodala, Puddoos, Dood-Pookereah, and other surveyed villages of this Faree situated on both sides of the Feuny River.

" " Thannah Putteah, all the country lying east of the surveyed villages of this Thannah, that is to say lying east of a line drawn from the eastern surveyed boundary of Dood-Pookereah in Faree Rungunneah down to the eastern surveyed boundary of the village Doobacherree lying north of the River Sunkoo.

" " Thannah Sutkunneah, all the country lying east of Pooranghur, Burdoosra, Andar Manik, Rajbarree and other surveyed villages of this Thannah.

" " Thannah Chuckereah, all the country lying eastward of a line drawn from the village Rajbaree in Thannah Tulkuneah to the surveyed villages Boonoo and Bilcharrie on the Moree River in Thannah Chuckereah, and also all the country lying eastward of the surveyed villages of this Thannah between Bilcharrie and Pagoleebeel.

" " Thannah Ramoo, all the country lying east of a line drawn from Pagoleebeel in Thannah Chuckereah to Edghur, Gurjamah, and Kucheppeah in Thannah Ramoo.

Also all the country comprised in Thannah Teknaaf and lying south of the mouth of the Rajoo River and south and east of a line drawn from the Rajoo River to the surveyed village Kucheppeah of Thannah Ramoo.

M. WYLIE,
Clerk of the Council.

তফসীল।

এই আইনেতে পাহাড়ীয় ও বন্য যে দেশের কথা আছে তাহার সীমানা এই। চাটীগাঁ জিলার রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যমতে ঐ জিলা জরিপ হইয়া যে নক্সা করা গিয়াছে সেই নক্সামতে ঐ জিলার পূর্ব্ব অঞ্চলের যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব্ব সীমা ঐ দেশের সাধারণ সীমানা জান হইবেক। তাহা আরো বিশেষমতে নির্দ্দিষ্ট করা যাইতেছে। অর্থাৎ

থানা ফটিকচেরির রামগড় ও জুয়কলা ও হাপনিয়া ও ফকীরাচঙ্গ ও কাঞ্চনপুর ও গুমারিতলা গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা হাটহাজারীর মগকাটা ও রাধামাধবপুর ও ঐ থানার জরিপকরা অন্য সকল গ্রামের পূর্ব্ব দিগের ও তাহার দক্ষিণ পূর্ব্ব সীমাঅবধি রজনিয়া ফাঁড়ির গোগরাপর্য্যন্ত রেখা টানিলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

ফাঁড়ি রজনিয়ার গোগরা ও নিশ্চিন্তপুর ও কোদালা ও পদুয়া ও দুদপুকুরিয়া গ্রামের, ও ফেনি নদীর দুই ধারে ঐ ফাঁড়ির অন্য যে সকল গ্রাম জরিপ হইয়াছে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা পটিয়ার জরিপকরা গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ অর্থাৎ ফাঁড়ি রজনিয়ার দুদপুকুরিয়ার জরিপমতে তাহার পূর্ব্ব সীমাঅবধি শঙ্খ নদীর উত্তর দিগে দুবাচারী গ্রামের জরিপমতে তাহার পূর্ব্ব সীমাপর্য্যন্ত রেখা টানিলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা সৎকন্যার পুরাণঘর ও বড়দারা ও আঁধারমাণিক ও রাজবাড়ী ও ঐ থানার জরিপকরা অন্যান্য গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা ডলকন্যার রাজবাড়ী গ্রামহইতে থানা চকেরিয়ার মোরী নদীর জরিপকরা বুনু ও বিলচেরী গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের, ও বিলচেরি ও পাগলিবিলের মধ্যে ঐ থানার জরিপকরা সকল গ্রামের পূর্ব্ব দিগের সকল দেশ।

থানা চকেরিয়ার পাগলিবিলহইতে থানা রামুর এমঘর ও গর্জামা ও কচ্ছপিয়াপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার পূর্ব্ব দিগের সকল দেশ।

রাজু নদীর মোহনার দক্ষিণে ও রাজু নদীঅবধি থানা রামুর জরিপকরা কচ্ছপিয়া গ্রামপর্য্যন্ত রেখা টানা গেলে তাহার দক্ষিণ ও পূর্ব্ব দিগে থান টিকনাফের সকল দেশ।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

THE 26TH MAY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 23rd May 1860, and is hereby promulgated for general information :—

ACT No. XXIII. OF 1860.

An Act to amend Act XXI. of 1856 (to consolidate and amend the law relating to the Abkaree Revenue in the Presidency of Fort William in Bengal.)

[Preamble.]

WHEREAS it is expedient to increase the rate of duty levied on spirits manufactured at distilleries worked according to the English method, and otherwise to amend Act XXI. of 1856; It is enacted as follows :—

[Sections repealed. Rate of duty to be levied on spirits manufactured according to the English method.]

I. Section IX. Act XXI. of 1856, so much of Section VII. of the said Act as prescribes that the duty leviable on spirits manufactured at distilleries worked according to the English method for the Imperial gallon of the strength of London proof shall be one Rupee, and so much of Section XV. of the said Act as prohibits spirits under bond from being exported or shipped to any Port in India without payment of duty, are hereby repealed. On and after the 21st January 1860 it shall be lawful for the Government to levy the duty as aforesaid at the rate of three Rupees, and the duty shall be rateably increased as the strength exceeds London proof.

[Removal of spirits from distillery under bond without payment of duty.]

II. Spirits may be removed from any licensed distillery for exportation without payment of duty under such rules and restrictions as may be from time to time prescribed by the Board of Revenue, on the person removing them executing a bond with one or more sureties to the Government in the form hereunto annexed for the payment of the prescribed duty upon such portion of the said spirits as may not be exported within four months from the date of the bond, or upon such portion as may be exported to any other Port within British India not being a free Port, proof of the landing whereof and of the payment of the duty whereon shall not be furnished to the satisfaction of the Board of Revenue within six months from the date of such bond. Provided however that it shall be lawful for the Collector, with the sanction of the Commissioner, on sufficient cause shown, to extend the period allowed for the exportation of the spirits, or as the case may be for the production of such proof as aforesaid, for a further term of four months. Provided also that spirits exported as aforesaid shall if imported at any Port in the Territories subject to the Government of India, be

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৩ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরুনর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৩ মে তারিখে সম্মত হইলেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৩ আইন।

১৮৫৬ সালের ২১ আইন (অর্থাৎ বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মোতালক স্থানে আবকারীর রাজস্বের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন) সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে কারখানাতে কার্য্য হইতেছে তাহাতে যে সকল উগ্র শরাব চোয়ান যায় তাহার উপর যে মাসুল আদায় হয় তাহা বৃদ্ধিকরা, ও ১৮৫৬ সালের ২১ আইন অন্য প্রকারে সংশোধন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[যে২ ধারা রদ হইল তাহার কথা ও ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে উগ্র শরাব চোয়ান যায় তাহার যে মাসুল আদায় হইবেক তাহার কথা।]

১ ধারা। ১৮৫৬ সালের ২১ আইনের ৯ ধারা, ও যে২ কারখানাতে ইঙ্গলণ্ডের নিয়মমতে মদিরা চোয়ান যায় তাহাতে লণ্ডন প্রুফের মত তীব্র মদিরার ইম্পিরিয়ল গালন্ প্রতি ১৲ টাকার হিসাবে মাসুল লওয়া যাইবেক, ঐ আইনের ৭ ধারার এই কথা, ও মাসুল না দেওয়া গেলে বণ্ডক্রমে দেওয়া কোন মদিরা ভারতবর্ষের কোন বন্দরে রফু হইবেক না কি জাহাজে উঠাইয়া দেওয়া যাইবে না ঐ আইনের ১৫ ধারার এই মর্ম্মের কথা ইহাতে রদ হইল। ১৮৬০ সালের জানুআরি মাসের ২১ তারিখে ও তাহার পরে, গবর্ণমেণ্ট তিন টাকার হিসাবে উক্ত মাসুল আদায় করিতে পারিবেন, ও সেই শরাব লণ্ডনপ্রুফহইতে যত অধিক তীব্র হয় তদনুসারে তাহার ঐ মাসুল বৃদ্ধি হইবেক ইতি।

[বণ্ডক্রমে দেওয়া শরাব মাসুল না দিয়া কারখানাহইতে লইয়া যাইবার কথা।]

২ ধারা। উগ্র শরাব রফ্তানী হইবার জন্যে পাট্টাপ্রাপ্ত কোন কারখানাহইতে মাসুল না দিয়া এই প্রকারে স্থানান্তর করা যাইতে পারিবে। অর্থাৎ যে ব্যক্তি তাহা লইয়া যাইবে সে যদি গবর্ণমেণ্টকে এই আইনের শেষ ভাগের লিখিত পাঠে এক কি অধিক জন জামিন দিয়া এই মর্ম্মের এক বণ্ড লিখিয়া দেয় যে, এই বণ্ডের তারিখঅবধি চারি মাসের মধ্যে উক্ত শরাবের যে অংশ রফ্তা না হয়, কিম্বা বেমাসুলী বন্দর না হইয়া ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের মধ্যের অন্য কোন বন্দরে তাহার কোন অংশ রফ্তা হইলে, সেই অংশের পঁহুছিবার ও তাহার উপর মাসুল দেওয়া যাইবার প্রমাণ ঐ বণ্ডের তারিখঅবধি ছয় মাসের মধ্যে বোর্ড রেবিনিউর সাহেবেরদের খাতিরজমামতে না দেওয়া গেলে, সেই অংশের নিষ্কৃষ্ট মাসুল দিব. তবে বোর্ড রেবিনিউর সাহেবেরা যে বিধি ও নিষেধাজ্ঞা সময়২ করিয়া থাকিবেন সেই বিধিমতে ঐ লোক মাসুল না দিয়া ঐ শরাব লইয়া যাইতে পারিবেক। কিন্তু উপযুক্ত কারণ দর্শান গেলে, কমিসনর সাহেবের অনুমতি পাইয়া কালেক্টর সাহেব ঐ শরাব রফ্তা করিবার কিম্বা বিষয়বিশেষে পূর্ব্বোক্তমতের প্রমাণ দেখাইবার মিয়াদ অধিক চারি মাসপর্য্যন্ত বৃদ্ধি করিতে পারিবেন। আরো পূর্ব্বোক্তমতে যে শরাব রফ্তা হয়, তাহা যদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের শাসিত দেশের কোন বন্দরে আমদানী হয়, তবে তৎকালের চলিত আইনমতে সমুদ্রপথে আমদানী

charged with the duty payable on account of spirits imported by sea under any Act for the time being in force.

[Imprisonment in default of payment of fine.]

III. When any person is sentenced to pay any fine or forfeiture under the said Act, such person in default of payment of the same may be imprisoned by order of the Magistrate for any term not exceeding two months when the amount of the fine or forfeiture shall not exceed fifty Rupees, or for any term not exceeding four months when the amount of the fine or forfeiture shall not exceed two hundred Rupees, or for any term not exceeding six months when the amount of the fine or forfeiture shall exceed two hundred Rupees: but in any case the imprisonment shall determine upon the payment of the fine or forfeiture adjudged.

[Indemnity to Collectors, &c.]

IV. Every Collector or other Officer is hereby indemnified for any thing done on and after the said 21st of January 1860 in collecting or enforcing the duty leviable under the 1st Section of this Act, or by virtue of any order of Government heretofore made authorizing the levy of any such duty, or in otherwise carrying out this Act; and no action or other proceeding shall be maintained against any such Collector or other Officer in respect of any thing so done.

[Construction of Act.]

V. This Act and Act XXI. of 1856 as hereby amended shall be read as one Act.

FORM OF BOND UNDER SECTION II.

Know all men by these presents, That we are jointly and severally held and firmly bound unto the Secretary of State for India in the sum of Company's Rupees to be paid to the said Secretary of State for India; for which payment well and truly to be made, we jointly and severally bind ourselves and each of us binds himself and each and every one of our respective heirs, administrators, and representatives by these present.

Sealed with our seals.

Dated this day of

Whereas the above bounden are justly and truly indebted to the Secretary of State for India in the sum of Company's Rupees being the amount of duty payable to the Secretary of State for India at the rate of three Rupees per Imperial gallon London proof for gallons of manufactured at which the said

হওয়া শরাবের যে মাসুল লাগিতে পারে তাহার সেই মাসুল লাগিবেক ইতি।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার কথা।]

৩ ধারা। উক্ত আইনমতে কোন লোকের জরীমানা দিবার কি টাকা জব্দ হইবার হুকুম হইলে, যদি সেই লোক ঐ জরীমানার টাকা না দেয়, তবে সেই জরীমানা কি জব্দকরা টাকা পঞ্চাশ টাকার অধিক না হইলে তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিম্বা জরীমানা কি জব্দকরা টাকা দুই শত টাকার অধিক না হইলে, তাহাকে চারি মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিম্বা জরীমানা কি জব্দকরা টাকা দুই শত টাকার অধিক হইলে তাহাকে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিন্তু যত কাল হউক, জরীমানার কি জব্দকরা যত টাকা দিবার হুকুম হয় তাহা দেওয়া গেলেই সে কয়েদহইতে মুক্ত হইবেক ইতি।

[কালেক্টর সাহেবপ্রভৃতির দায়হইতে রক্ষা পাইবার কথা।]

৪ ধারা। এই আইনের ১ ধারাক্রমে যে মাসুল আদায় হইতে পারে তাহা, কিম্বা গবর্ণমেণ্টের যে কোন হুকুমমতে উক্ত প্রকারের কোন মাসুল আদায় করিবার ক্ষমতা ইতিপূর্ব্বে দেওয়া গেল তৎক্রমে ঐ মাসুল আদায় করিবার কিম্বা বলপূর্ব্বক লইবার কার্য্যেতে, কিম্বা অন্য প্রকারে এই আইনমতের কোন কার্য্য করণেতে, কোন কালেক্টর সাহেব কিম্বা অন্য কার্য্যকারক ১৮৬০ সালের জানুআরি মাসের উক্ত ২১ তারিখে কি তাহার পরে যে কোন কার্য্য করিয়া থাকেন তাহার নিমিত্তে তিনি কোন দায় ঠেকিবেন না, ও তদ্রূপের করা কোন কার্য্যের নিমিত্তে তদ্রূপ কোন কালেক্টর সাহেবের কি অন্য কার্য্যকারকের নামে কোন দাবীর নালিশ কি মোকদ্দমার অন্য কার্য্য গ্রাহ্য হইবেক না ইতি।

[এই আইনের অর্থ করিবার কথা।]

৫ ধারা। এই আইনমতে সংশোধনকরা ১৮৫৬ সালের ২১ আইন ও এই আইন একি আইনমতে পাঠ করিতে হইবেক ইতি।

---

২ ধারাতে যে বণ্ডের কথা আছে তাহা লিখিবার পাঠ।

এই লিখনদ্বারা সকলে জ্ঞাত হউন যে, আমরা অমুক২ ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে এত টাকা দিবার জন্যে ভারতবর্ষের নিমিত্তে উক্ত শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের নিকটে একত্রে ও স্বতন্ত্রে দৃঢ়রূপে বদ্ধ হইলাম। সেই টাকা উত্তমরূপে ও যথার্থমতে দেওয়া যায় এই জন্যে আমরা একত্রে ও স্বতন্ত্রে আপনারদিগকে বদ্ধ করিলাম, ও আমরা প্রত্যেক জন আপনাকে ও প্রত্যেক জন আপনং উত্তরাধিকারিকে ও আডমিনিষ্ট্রেটরদিগকে ও স্থলাভিষিক্তদিগকে আপনং মোহরকরা এই পত্রদ্বারা বদ্ধ করিলাম ইতি।

লাল মা ভাং।

পূর্ব্বোক্তমতে বদ্ধ অমুক২, অমুক স্থানের কারখানার প্রস্তুত অমুক শরাবের এত গালনের জন্যে, লণ্ডন প্রুফ শরাবের ইম্পিরিয়ল গালনপ্রতি ৩৲ টাকার হিসাবে, ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে দেয় কোম্পানির এত টাকা মাসুলের বাবৎ ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের নিকটে ন্যায় ও যাথার্থমতে বদ্ধ আছে। উক্ত অমুক২ সেই মাসুল না দিয়া সেই শরাবাদি সমুদ্রপথে রপ্তানী

ha been allowed to remove thence for exportation by sea without having paid the amount of such duty. Now the condition of this obligation is such that, if the above-bounden his or their heirs, executors, administrators, or representatives or some or one of them, do and shall at the expiration of four calendar months from the date of this obligation well and truly pay or cause to be paid to the said Secretary of State for India duty at the rate of three Rupees per Imperial gallon of proof spirit for all or any portion of the above-mentioned which shall not have been exported by sea or which shall have been passed for local consumption, or if the above-bounden his or their heirs, executors, administrators, or representatives or one of them do and shall within four months from the date of this obligation export the said by sea to some Port in British India (not being a free Port) and within six months from the date of this obligation afford proof to the satisfaction of the Board of Revenue that the same has been landed at such Port (not being a free Port) and that duty thereon according to the provisions of this Act has at such Port been paid thereon, then this obligation shall be void; otherwise it shall remain in full force and virtue.

Sealed and delivered
in the presence of

M. WYLIE,
Clerk of the Council.

করিবার জন্যে লইয়া যাইতে অনুমতি পাইয়াছেন। এখন এই করারপত্রের এই নিয়ম। যদি পূর্ব্বোক্ত শরাবের সমুদয় কি তাহার কোন অংশ সমুদ্রপথে রফ্ত না হয় কিম্বা যদি সমুদয় কি তাহার কোন অংশের এই দেশে ব্যবহার হইবার জন্যে পাস দেওয়া যায়, তবে এই করার করিবার তারিখঅবধি চারি মাস গত হইলেই উপরের মতে বদ্ধ ঐ অমুক কি তাহার কি তাহারদের উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরের কি মূলাভিষিক্ত ব্যক্তিরা কি তাহারদের কোন এক জন কি কোন এক জন প্রুফ শরাবের ইম্পিরিয়ল গালন-প্রতি ৩৲ টাকার হিসাবে পূর্ব্বোক্ত মাসুল ভারতবর্ষের নিমিত্তে উক্ত শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে উত্তম ও যথার্থমতে দিলে কি দেওয়াইলে এই করার বাতিল হইবেক। কিম্বা উক্তমতে বদ্ধ উক্ত অমুক কি তাহার কি তাহারদের উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি মূলাভিষিক্তেরা কি তাহারদের কোন এক জন যদি এই করারনামার তারিখঅবধি চারি মাসের মধ্যে ঐ শরাব (বেমাসুলী বন্দর না হইয়া) ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের কোন বন্দরে সমুদ্রপথে রফ্ত করায় ও সেই শরাব (বেমাসুলী বন্দর না হয় এমত) কোন বন্দরে পঁহুছিয়াছে ও এই আইনের বিধানমতে তাহার মাসুল সেই বন্দরে দেওয়া গিয়াছে এই কথার প্রমাণ যদি এই করার করিবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে বোর্ড রেবিনিউর সাহেবেরদের খাতিরজমামতে দেয়, তবে এই করারনামা বাতিল হইবেক। নতুবা তাহা সম্পূর্ণরূপে প্রবল ও শক্তিমন্ত থাকিবেক ইতি।

আমারদের সাক্ষাতে
মোহর করিয়া দেওয়া গেল।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 287.]

PART XI.

Appeals from Assessment.

[Persons dissatisfied may appeal within days, on satisfying Collector that they have *primâ facie* ground of appeal. Persons prevented from appealing by sickness or otherwise shall be allowed extended time to appeal.]

XCIV. (1) If any person charged with the said Duties under any such assessment shall be dissatisfied therewith and shall, within days after the proclamation of the said assessment in the District, Town, Village, or Tract in which he shall reside at the time of the said assessment, (or in case of his being prevented from appealing within the time by sickness or any other excuse that shall appear reasonable to the said Collector, within such further time as the said Collector shall allow for that purpose,) satisfy the said Collector that he ought to be allowed to appeal from the said assessment, (in which case the Collector shall certify that, to his judgment, the said person ought to be

আইনের মুসাবিদা।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

[২৮৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

একাদশ খণ্ড।

ধার্য্যকরা টাক্সের উপর আপীলের বিধি।

[কোন লোকেরদের আপীল করিবার হেতু আছে এই কথা আপাততঃ কালেক্টরেরদের খাতিরজমামতে জানাইলে তাঁহারদের এত দিনের মধ্যে আপীল করিতে পারিবার কথা। ও পীড়াপ্রভৃতির কারণে আপীল করিতে না পারিলে মিয়াদ বৃদ্ধির কথা।]

৯৪ ধারা। ১ প্রকরণ। উক্তমতে যে টাক্স ধার্য্য হয় তাহাতে যদি কোন লোক সন্তুষ্ট না হন, ও সেই টাকসের বিষয়ে তাঁহার আপীল করিবার অনুমতি হওয়া উচিত, এই কথা ঐ টাক্স ধার্য্যহওয়ার সময়ে ঐ লোক যে জিলাতে কি নগরে কি গ্রামে কি প্রদেশে বাস করেন, তাহাতে ঐ টাক্স ধার্য্যহওয়ার কথা ঘোষণা হইবার পর এত দিনের মধ্যে, যদি উক্ত কালেক্টরের খাতিরজমামতে দেখাইতে পারেন; তবে কালেক্টর এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন যে আমার বিবেচনামতে উক্ত লোকের পূর্ব্বোক্তমতে আপীল করিবার অনুমতিহওয়া উচিত। তাহাতে তিনি ঐ সময়ের মধ্যে ঐ ধার্য্যকরা টাক্সের উপর আপীল করিতে পারিবেন। যদি তাঁহার পীড়া হওয়াতে কিম্বা অন্য যে কারণ উক্ত কালেক্টর উপযুক্ত জ্ঞান করেন এমত কোন কারণে তিনি

allowed to appeal as aforesaid,) he shall be at liberty, within the time aforesaid, to appeal from the said assessment.

[Appeal to lie to Commissioners for special purposes.]

2. Where special Commissioners shall have been appointed for the District in which the said person shall have been assessed, such appeal shall lie to the Commissioners for special purposes of the District.

[Or where none such have been appointed, to Commissioners for general purposes.]

3. Where no such Commissioners shall have been appointed, such appeal shall lie to the Commissioners for general purposes of the said District.

[Proceedings upon appeal shall be according to Part V. of this Act.]

XCV. 1. The proceedings upon any such appeal shall be conducted according to the provisions of Part IV. of this Act, so far as the same are applicable, and according to any regulations that may be passed in that behalf under Section C. of this Act.

2. The persons so appealing shall return all such lists, statements, and declarations, and shall do all such acts and things, and shall be subject to the said several provisions in the said Part IV., provided in regard to persons appealing, except so far as the same may be modified or varied by any special provisions contained in any such regulations, in which case the provisions of such regulations shall be observed.

[Commissioners, if satisfied upon such appeal, shall reduce the assessment.]

XCVI. If, upon the hearing of any such appeal, the said Commissioners shall be satisfied that the Collector has so certified as aforesaid, and shall be of opinion that the said assessment upon the person appealing as aforesaid is erroneous and excessive, the said Commissioners shall reduce the said assessment upon such person, and shall settle and ascertain, according to the best of their judgment, in what sum the person so appealing ought to be assessed, and make an assessment on him accordingly, which assessment shall be final and conclusive, subject only to such surcharge in the case of fraud as in the 61st Section of this Act is provided.

[Commissioners, if dissatisfied, shall dismiss the appeal, and may charge double assessment.]

XCVII. If, upon the hearing of any such appeal, the person so appealing shall not satisfy the Commissioners that the Collector has so certified as aforesaid, and that the said assessment upon him was erroneous and excessive, his appeal shall be dismissed by the said Commissioners; and he shall be liable to be charged by them to the said Duties in a sum not exceeding double the amount at which he was assessed under the said assessment.

[*Government Gazette*, 5th June, 1860.]

ঐ বিচারের মধ্যে আপীল করিতে না পারেন, তবে উক্ত কালেক্টর আপীল করিবার জন্যে অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে আপীল করিতে পারিবেন।

[সেই আপীল বিশেষ কার্য্যের কমিসানরেরদের নিকটে হইবার কথা।]

২ প্রকরণ। উক্ত লোকের যে প্রদেশে টাক্স ধার্য্য হইল সেই প্রদেশে যদি বিশেষ কমিসানরেরা নিযুক্ত থাকেন তবে ঐ আপীল সেই প্রদেশের বিশেষ কার্য্যের কমিসানরেরদের নিকটে করিতে হইবেক।

[সেই প্রকারের কমিসানর নিযুক্ত না থাকিলে, সাধারণ কার্য্যের কমিসানরেরদের নিকটে আপীল হইবার কথা।]

৩ প্রকরণ। যদি সেই প্রকারের কমিসানরেরা নিযুক্ত না হন, তবে সেই আপীল ঐ প্রদেশের সাধারণ কার্য্যের কমিসানরেরদের নিকটে করিতে হইবেক ইতি।

[আপীলের কার্য্য এই আইনের চতুর্থ খণ্ডমতে হইবার কথা।]

৯৫ ধারা। ১ প্রকরণ। উক্ত প্রকারের যে কোন আপীল হয় তাহার উপর এই আইনের ৪ খণ্ডের বিধান যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত সেই বিধানমতে, ও এই আইনের ১০০ ধারামতে তদ্বিষয়ের যে কোন বিধান করা যায় সেই বিধানঅনুসারে ঐ আপীলমতের কার্য্য হইবেক।

২ প্রকরণ। যাঁহারা উক্তমতে আপীল করেন তাঁহারা আপীলকরণিয়া লোকেরদের বিষয়ে উক্ত চতুর্থ খণ্ডেতে যে বিধান হইয়াছে সেই বিধানমতের ফর্দ্দ ও কৈফিয়ৎ ও নিশ্চয়ার্থক কথা লিখিয়া দিবেন ও সেই বিধানমতের সকল কার্য্য ও বিষয় করিবেন ও তাঁহারদের উপর ঐ সকল বিধান খাটিবেক। কিন্তু যদি উক্ত প্রকারের কোন বিধানের লিখিত কোন বিশেষ বিধিমতে তাহার পরিবর্ত্তন কি যতান্তর হয় তবে সেই বিধি মানিতে হইবেক ইতি।

[ঐ আপীল শুনিয়া কমিসানরেরদের খাতিরজমা হইলে টাক্স কম করিবার কথা।]

৯৬ ধারা। উক্ত প্রকারের কোন আপীল শুনিলে কালেক্টর পূর্ব্বোক্তমতের সর্টিফিকট দিয়াছেন এই কথা যদি কমিসানরেরা খাতিরজমামতে জানেন ও আপীলকরণিয়া লোকের উপর উক্ত যে টাক্স ধার্য্য হইয়াছে তাহাতে ভুল হইয়াছে ও তাহা অধিক ধরা হইয়াছে, ইহা যদি বোধ করেন, তবে উক্ত লোকের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা ঐ কমিসানরেরা কম করিবেন, ও তাঁহারদের বিবেচনামতে উক্ত আপীলকরণিয়া লোকের যত টাক্স ধার্য্য করিতে হয় তাহা নির্দ্ধার্য্য ও নিরূপণ করিয়া, তদনুসারে ঐ লোকের উপর টাক্স ধার্য্য করিবেন, ও সেই টাক্স চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। কেবল যদি প্রতারণা হয় তবে এই আইনের ৬১ ধারার বিধানমতে তাঁহার উপরি টাক্স লাগিতে পারিবেক ইতি।

[কমিসানরেরদের খাতিরজমা না হইলে আপীল ডিসমিস হইবার ও দ্বিগুণ টাক্স ধার্য্য হইবার কথা।]

৯৭ ধারা। সেই প্রকারের কোন আপীল শুনিবার সময়ে, কালেক্টর পূর্ব্বোক্তমতের সর্টিফিকট দিয়াছেন এই কথা ও তাঁহার উপর উক্ত যে টাক্স ধার্য্য হইয়াছে তাহাতে ভুল হইয়াছে ও তাহা অধিক ধরা হইয়াছে এই কথা যদি আপীলকরণিয়া লোক কমিসানরেরদের খাতিরজমামতে না জানাইতে পারেন, তবে ঐ কমিসানরেরা তাঁহার আপীল ডিসমিস করিবেন। ও তাঁহার উপর উক্ত যত টাক্স ধার্য্য হইয়াছে তাহার দ্বিগুণপর্য্যন্ত ঐ কমিসানরেরা তাঁহার স্থানে টাক্স লইতে পারিবেন ইতি।

[Commissioners to redistribute amount struck off from aggregate assessment among all the persons assessed, giving opportunity to persons re-assessed to be heard.]

XCVIII. 1. In any such case, it shall be lawful for the said Commissioners to make a new distribution and apportionment, according to the best of their judgment, of the entire and aggregate sum assessed by the said punchayet or persons as aforesaid, among all the persons assessed by them, under the said order of Government, and to vary and increase the amount of assessment upon each of the said persons so assessed as aforesaid.

2. Before the said Commissioners shall finally increase the assessment upon any person who shall not have appealed to them, they shall cause notice to be given to such person to show cause before them why his assessment shall not be increased, and such person shall be entitled to be heard before the said Commissioners, in support of the said assessment, in the same manner and subject to the same regulations as persons appealing from assessments are entitled to be heard.

3. If such person shall not appear to show cause, or shall not, on appearing, show sufficient cause in the judgment of the said Commissioners against an increase of his said assessment, the said Commissioners shall increase the amount of his said assessment according to the best of their judgment.

4. If any such person shall show sufficient cause in the judgment of the said Commissioners against any increase of his assessment, the said Commissioners shall confirm his original assessment.

5. The assessment so varied and increased, or so confirmed by the said Commissioners, shall be final and conclusive.

[Members of Punchayets may attend before the Commissioners and support their assessment when appealed from.]

XCIX. In all such cases of appeal it shall be lawful for the members of the punchayet or other body, from whose assessment the appeal shall have been preferred, or any of them, to attend before the said Commissioners and to support their said assessment.

[Local Government to make Regulations for the execution of this part of the Act, with the sanction of the Governor General in Council.]

C. 1. It shall be lawful for the local Government, with the consent of the Governor General in Council in that behalf first had and obtained, from time to time to make such regulations as it may deem necessary for the following purposes, that is,

1st.—For determining the mode of constituting the punchayet or other body of persons employed to make such assessments, and of appointing and removing the persons constituting the same, and of filling up vacancies among such persons.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৩০। ৫ জুন।]

[মোটে যত ধার্য্য হয় তাহা টাক্‌স ধার্য্যহওয়া সকল লোকেরদের স্থানে ভাগ হারমতে লইবার, ও যাঁহারদের টাক্‌স পুনরায় ধার্য্য হয় তাঁহারদের আপত্তি শুনিবার কথা।]

৯৮ ধারা। ১ প্রকরণ। এমত কোন স্থলে, গবর্ণমেণ্টের উক্ত হুকুমমতে উক্ত পঞ্চায়ত কি পূর্ব্বোক্ত লোকেরা ঐ লোকেরদের উপর সর্ব্ব সুদ্ধ যত টাক্‌স ধার্য্য করিয়াছেন, তাহা যে লোকেরদের উপর ধার্য্য হইয়াছে তাঁহারদের স্থানে উক্ত কমিসানরেরা আপনারদের বিবেচনামতে নূতন ভাগ হার করিয়া লইতে পারিবেন, ও পূর্ব্বোক্তমতে ঐ লোকেরদের এক২ জনের যত টাক্‌স ধার্য্য হইয়াছে তাহা মতান্তর কি বৃদ্ধি করিতে পারিবেন।

২ প্রকরণ। ঐ কমিসানরেরদের নিকটে যে জন আপীল না করিয়াছেন এমত কোন লোকের ঐ টাক্‌স চূড়ান্তরূপে বৃদ্ধি করিবার পূর্ব্বে, তাঁহার সেই টাক্‌স বৃদ্ধি না হইবার কারণ দর্শাইতে তাঁহারা তাঁহাকে এত্তেলা দিবেন। ও ধার্য্যকরা টাক্‌সের বিষয়ে আপীলকরণিয়া লোকেরদের কথা যে প্রকারে ও যে বিধানমতে শুনা যাইতে পারে, সেই প্রকারে ও সেই বিধানমতে উক্ত লোকের প্রথম ধার্য্যকরা টাক্‌স বহাল রাখিবার জন্যে উক্ত কমিসানরেরদের সম্মুখে তাঁহার কথা শুনা যাইতে পারিবেক।

৩ প্রকরণ। ঐ লোকের উক্ত টাক্‌স বৃদ্ধি না হইবার কারণ দর্শাইবার জন্যে যদি সেই লোক উপস্থিত না হন, কিম্বা উপস্থিত হইয়া যদি উক্ত কমিসানরেরদের বিবেচনামতে উপযুক্ত কারণ না দর্শান, তবে উক্ত কমিসানরেরা আপনারদের বিবেচনামতে ঐ ধার্য্যকরা টাক্‌সের ঐ লোকের দেনা টাকা বৃদ্ধি করিবেন।

৪ প্রকরণ। যদি উক্ত প্রকারের কোন লোক ঐ কমিসানরেরদের বিবেচনামতে টাক্‌স বৃদ্ধি না হওয়ার উপযুক্ত কারণ দর্শান, তবে তাঁহার উপর প্রথমে যে টাক্‌স ধার্য্য হইয়াছিল তাহা উক্ত কমিসানরেরা বহাল রাখিবেন।

৫ প্রকরণ। উক্ত কমিসানরেরদের সেই প্রকারের মতান্তরকরা ও বৃদ্ধিহওয়া কিম্বা সেই প্রকারের বহাল রাখা টাক্‌স চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক ইতি।

[পঞ্চায়তের লোকেরা যে টাক্‌স ধার্য্য করেন তাহার উপর আপীল হইলে, কমিসানরেরদের সম্মুখে তাঁহারদের উপস্থিত হওয়ার ও টাক্‌সের পোষকতায় প্রমাণ দিবার কথা।]

৯৯ ধারা। উক্ত প্রকারের আপীল যখন হয়, তখন যে পঞ্চায়তের কি অন্য লোকেরদের ধার্য্যকরা টাক্‌সের উপর ঐ আপীল হয়, তাঁহারা সকলে কিম্বা তাঁহারদের কোন২ লোক উক্ত কমিসানরেরদের সম্মুখে হাজির হইয়া উক্ত যে টাক্‌স ধার্য্য করিয়াছেন তাহার পোষকতায় কথা কহিতে পারিবেন ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতি লইয়া আইনের এই অংশমতে কার্য্য করিবার বিধান স্থানবিশেষের গবর্ণমেণ্টের করিবার কথা।]

১০০ ধারা। ১ প্রকরণ। স্থানবিশেষের গবর্ণমেণ্ট, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতি প্রথমে লইয়া, নীচের লিখিত কার্য্য করিবার যে২ বিধান আবশ্যক জ্ঞান করেন তাহা সময়ে২ করিতে পারিবেন। অর্থাৎ

প্রথম। ঐ টাক্স ধার্য্য করিবার জন্যে যে পঞ্চায়ত কি অন্য সভা নিযুক্ত হইবে তাহা করিবার বিধান, ও যাঁহারদিগকে লইয়া ঐ পঞ্চায়তপ্রভৃতি হইবে তাঁহারদিগকে নিযুক্ত করিবার ও অবসর করিবার, ও তাঁহারদের কাঁহারো পদ শূন্য হইলে সেই পদে অন্য লোককে ভর্ত্তি করিবার বিধান।

2*nd*.—For regulating the proceedings of any punchayet, or of any persons who may be employed to make assessment under the tenth part of this Act, and of revising and correcting the same.

3*rd*.—For enabling the said punchayet or persons making such assessment as aforesaid, when and if they shall make an aggregate assessment on the whole of the persons chargeable under such assessment, to duly apportion the aggregate sum assessed among the several persons included in such assessment, and to revise and correct such apportionment.

4*th*.—For regulating the proceedings before the Commissioners upon any appeal from any assessment, and for enabling such Commissioners upon the allowance of any appeal, to make a new apportionment and distribution of the sums assessed.

5*th*.—Generally for effecting the said assessment, and for all matters properly incidental thereto.

2. Such regulations shall be published in the *Government Gazette* of the Presidency, Lieutenant Governorship, or Province, in or nearest to which the said District, Town, Village, or Tract of country shall be situated, and shall also be published and notified by proclamation in the said District, Town, Village, or Tract in the manner usual therein.

3. Such regulations, when so published and notified, shall be binding on the several persons who shall have been assessed under such order, and shall, as to such persons, have the force and effect of law.

[Sums assessed shall be paid under the general provisions of this Act, except where the manner of payment is varied or modified by the order of Government.]

CI. The sums assessed under Part X of the Act shall be paid at the time and in the manner prescribed in the general provisions of this Act, except so far as the said order shall postpone the time, or modify or vary the manner of payment, in which case the said sums shall be paid at the time and in the manner directed by the said order.

[The general remedies and provisions of this Act shall apply to persons assessed under Part XI.]

CII. Upon any assessment being made under Part XI. of this Act, the several provisions of this Act relating to the recovery of the Duties aforesaid, and the remedies in respect thereof, and the penalties and forfeiture for any refusal or neglect to comply with any of the regulations of this Act, shall extend to the persons so assessed as last aforesaid, and to the property of such persons.

Part XII.

Exemptions and Deductions.

[Exemption of persons whose income is less than 200 Rupees yearly.]

CIII. Any person who shall be charged or

[*Government Gazette*, 5*th June*, 1860.]

দ্বিতীয়। যে পঞ্চায়ত কিম্বা এই আইনের দশম খণ্ডমতে টাক্স ধার্য্য করিতে যে কোন লোকেরা নিযুক্ত হন তাঁহারদের কার্য্য করিবার বিধান, ও সেই কার্য্য মোকাবিলা করিয়া শুধরাইবার বিধান।

তৃতীয়। উক্ত পঞ্চায়ত কিম্বা যে লোকেরা পূর্ব্বোক্ত মতের টাক্স ধার্য্য করেন, তাঁহারা যখন ঐ টাক্স দিবার যোগ্য সমুদয় লোকের মোটে এত টাক্স ধার্য্য করেন, তখন ঐ টাক্সের ফর্দ্দের মধ্যে যত জন ধরা গিয়াছে তাঁহারদের যাঁহার যত দিতে হইবেক এমত ভাগ হার করিয়া দিতে পারেন, ও তাহা পুনর্দৃষ্টি করিয়া সংশোধন করিতে পারেন এমত বিধান।

চতুর্থ। ধার্য্যকরা কোন টাক্সের উপর কোন আপীল যখন হয় তখন কমিস্যনরেরদের সম্মুখে কার্য্য করিবার বিধান ও আপীল করিবার অনুমতি হইলে ঐ কমিস্যনরেরা লোকেরদের দেনা ঐ টাক্সের টাকা নূতন ভাগ ও বিলি করিয়া লইতে পারেন এমত বিধান।

পঞ্চম। সাধারণমতে ঐ ধার্য্যকরা টাক্স সফল করিবার ও তৎসম্পর্কীয় অন্য সকল কার্য্য করিবার বিধান।

২ প্রকরণ। উক্ত জিলা কি নগর কি গ্রাম কি প্রদেশ যে রাজধানীর কি যে লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এলাকার কি যে প্রদেশের মধ্যে কি অতি নিকট থাকে, সেই রাজধানীপ্রভৃতির গবর্ণমেণ্ট গেজেটে ঐ২ বিধান ছাপা হইবেক ও সেই জিলাতে কি নগরে কি গ্রামে কি প্রদেশে যে রীতি চলন আছে, সেই রীতিমতে ঐ২ বিধান ঘোষণা হইয়া প্রকাশ করা যাইবেক ও তাহার ইশ্তিহার দেওয়া যাইবেক।

৩ প্রকরণ। সেই বিধান উক্তমতে প্রকাশ হইলে পর ও তাহার ইশ্তিহার দেওয়া গেলে পর, ঐ হুকুমমতে যাঁহারদের টাক্স ধার্য্য হইয়াছে তাঁহারা প্রত্যেক জন তাহাতে বদ্ধ হইবেন ও সেই লোকেরদের পক্ষে ঐ বিধানের আইনের তুল্য বল ও ফল হইবেক ইতি।

[টাক্সের টাকা দিবার নিয়ম গবর্ণমেণ্টের হুকুমমতে মতান্তর কি পরিবর্ত্তন না হইলে, ঐ টাকা এই আইনের সাধারণ বিধানমতে আদায় হইবার কথা।]

১০১ ধারা। এই আইনের দশম খণ্ডমতে যে২ টাক্স ধার্য্য হয় তাহা এই আইনের সাধারণ বিধানের নির্দ্দিষ্ট সময়ে ও প্রকারে দিতে হইবেক। কিন্তু যদি উক্ত হুকুমেতে অন্য সময় নিরূপণ হয় কি টাকা দিবার নিয়ম মতান্তর কি পরিবর্ত্তন করা যায়, তবে ঐ টাকা ঐ হুকুমের নিরূপিত সময়ে ও প্রকারে দিতে হইবেক ইতি।

[১১ খণ্ডমতে যাঁহারদের টাক্স ধার্য্য হইল তাঁহারদের উপর এই আইনের সাধারণ উপায় ও বিধান খাটিবার কথা।]

১০২ ধারা। এই আইনের ১১ খণ্ডমতে যখন কোন টাক্স ধার্য্য হয়, তখন পূর্ব্বোক্ত টাক্স আদায় করিবার বিষয়ে, ও তৎসম্পর্কীয় উপায়ের বিষয়ে, ও এই আইনের কোন বিধানমতে কার্য্য করিতে কেহ স্বীকার না করিলে কি ত্রুটি করিলে তাঁহার দণ্ড হইবার ও টাকাপ্রভৃতি জব্দ হওয়ার বিষয়ে যে২ বিধান এই আইনেতে আছে, সেই সকল বিধান পূর্ব্বোক্ত প্রকারে যে লোকেরদের টাক্স ধার্য্য হইয়াছে তাঁহারদের উপর ও তাঁহারদের সম্পত্তির উপর খাটিবে ইতি।

দ্বাদশ খণ্ড।

মুক্তহওয়ার ও বাদ দেওয়ার বিধি।

[যাঁহারদের আয় বৎসরে ২০০৲ টাকার কম হয় তাঁহারদের মুক্ত হওয়ার কথা।]

১০৩ ধারা। এই আইনমতে যে টাক্সের নিয়ম হয়

chargeable to any of the Duties granted by this Act, either by assessment, or by way of deduction from any rent, annuity, interest, or other annual payment to which he may be entitled, or shall have paid the same either by deduction or otherwise, and who shall prove before the Commissioners for general purposes, in the manner hereinafter mentioned, that the aggregate annual amount of his income, estimated according to the several Rules and directions of this Act, is less than Rupees 200, shall be exempted from the said Duties, and shall be entitled to be re paid the amount of all deductions or payments on account thereof, in the manner hereinafter directed, except so much of such Duties as the person claiming such exemption shall or may be entitled to charge against any other person, or to deduct or retain from, or out of any payment to which such claimant may be or become liable

[Exemption of persons from the Duty of 1 per cent., from excess above 2 per cent or 3 per cent. Duty, whose income is less than 500 Rupees annually.]

CIV. Any person who shall be charged or chargeable as aforesaid to any of the Duties granted by this Act, or shall have paid the same either by deduction or otherwise, and who shall prove before the said Commissioners, in the manner hereinafter prescribed, that his total income from every source, although amounting to 200 Rupees or upwards, is less than 500 Rupees for the year of the assessment of his profits or gains, shall be exempted and relieved from the whole of the Duty of 1 Rupee in every 100 Rupees for local purposes mentioned in the 2nd Section of this Act, and from so much of the Duty of 3 Rupees in every 100 Rupees assessed upon, or paid by him, under the 1st Section of this Act, as shall exceed the rate of 2 Rupees for every 100 Rupees of his profits, and shall be entitled to be repaid the amount of all deductions or payments on account of the said Duty of 1 per cent., or of the excess of the said Duty of 3 per cent., from which he shall be so exempted as aforesaid, except as in the last preceding Section of this Act is excepted.

[Claims for exemption in the preceding 80th Section mentioned, and proceedings thereon shall be determined before Commissioners for general purposes.]

CV. 1. The exemption and relief in the said Sections respectively mentioned shall be claimed and proved, and all proceedings thereupon shall be had (except in the case provided for in Section CXIV of this act.) before the Collectors and Commissioners for general purposes in the District where the claimants shall reside (whether such claimant shall be personally charged in such District or not)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন।]

তাহা টাক্স ধার্য্য করণ দ্বারা, কিম্বা কোন লোকের প্রাপ্য কোন তাড়া কি খাজানা কি বার্ষিক বৃত্তি কি সুদ কি বৎসরের পাওনা অন্য টাকাহইতে বাদ দেওনের দ্বারা যে কোন লোকের উপর বসান যায় কি বসান যাইতে পারে, কিম্বা যে কোন লোকের টাক, বাদ দেওন দ্বারা কি অন্য প্রকারে ঐ টাক্স দেওয়া হইয়াছে, এমত কোন লোক যদি সাধারণ কার্য্যের কমিস্যানরেরদের সম্মুখে নীচের লিখিত প্রকারে প্রমাণ করিতে পারেন যে, এই আইনের নানা বিধান ও নিয়মানুসারে হিসাব করিলে আমার আয় বৎসরে২ সর্ব্বসুদ্ধ ২০০৲ টাকার কম হয়, তবে তাঁহার উক্ত টাক্স দিতে হইবেক না, ও সেই টাক্সের বাবৎ যত টাকা বাদ দেওয়া গিয়াছে কি যত টাকা দেওয়া হইয়াছে তাহা নীচের লিখিত বিধানমতে ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু যে জন উক্ত প্রকারে মুক্তহওয়ার দাওয়া করেন, সেই জন অন্য কোন লোকের নিমিত্তে যে টাকা পাইতে পারেন তাহাহইতে ঐ টাক্সের যে অংশ দেওয়া গেল, কিম্বা সেই দাওয়াদার যে কিছু টাকা দিবার যোগ্য হন কি হইতে পারেন তাহাহইতে ঐ টাক্সের যত টাকা বাদ দিয়া রাখা গেল তাহা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে না ইতি।

[যাঁহারদের আয় বৎসরে ৫০০৲ টাকার কম হয়, তাঁহারদের শতকরা ১৲ টাকা টাক্সহইতে, কিম্বা শতকরা ২৲ টাকার অধিক শতকরা ৩৲ টাকার টাক্সহইতে মুক্ত হওয়ার কথা।]

১০৪ ধারা। এই আইনমতের কোন টাক্স যে কোন লোকের উপর বসান যায় কি বসান যাইতে পারে, কিম্বা যে কোন লোক বাদ দেওনদ্বারা কি অন্য প্রকারে ঐ টাক্স দিয়াছেন, এমত কোন লোক যদি সাধারণ কার্য্যের কমিস্যানরেরদের সম্মুখে নীচের লিখিত প্রকারে প্রমাণ করিতে পারেন যে, আমার যে বৎসরের প্রাপ্তির কি লভ্যের টাক্স ধার্য্য হইয়াছে সেই বৎসরে নানা কর্ম্মাদির দ্বারা আমার আয় যদিও সর্ব্বসুদ্ধ ২০০৲ টাকাপর্য্যন্ত কি তাহার অধিক হয় তথাপি ৫০০৲ টাকার কম হইল, তবে স্থানবিশেষের কার্য্যের নিমিত্তে কি শত টাকার উপর যে ১৲ টাকা টাক্সের কথা এই আইনের ১ ধারাতে লেখা আছে তাহাহইতে তিনি সম্পূর্ণরূপে মুক্ত হইবেন। ও তাঁহার প্রাপ্তির কি শত টাকার উপর ২৲ টাকার হিসাবের অধিক, কি শত টাকার উপর ৩ টাকার যত টাক্স এই আইনের ১ ধারামতে তাঁহার উপর বসান গিয়াছে কি তাঁহার দেওয়া হইয়াছে তাহাহইতে মুক্ত হইবেন। ও শতকরা ১৲ টাকার উক্ত যে টাক্সহইতে, ও শতকরা ২৲ টাকার অধিক উক্ত যে টাক্সইইতে তাঁহাকে পূর্ব্বোক্তমতে মুক্ত করা যায়, তাহার মধ্যে যত টাকা বাদ দেওয়া গিয়াছে কি যত টাকা দেওয়া গিয়াছে তাহা ফিরিয়া পাইতে পারিবেন। কেবল ইহার পূর্ব্ব ধারাতে যে কথা বর্জ্জিত হইয়াছে তাহা ফিরিয়া দেওয়া যাইবে না ইতি।

[৮০ ধারামতে মুক্ত হওয়ার যে দাওয়া হয় ও তাহাতে অন্য যে কার্য্য হয় তাহার নিষ্পত্তি সাধারণ কার্য্যের কমিস্যানরেরদের সম্মুখে হইবার কথা।]

১০৫ ধারা। ১ প্রকরণ। পূর্ব্বোক্ত নানা ধারাতে যে মুক্ত হওয়ার ও যে রেয়াইতের কথা লেখা আছে তাহার দাওয়া ও প্রমাণ ঐ দাওয়াদারেরা যে প্রদেশে বাস করেন (সেই প্রদেশে তাঁহারদের টাক্স আদায় হউক কি না) সেই প্রদেশের কালেক্টরের ও সাধারণ কার্য্যের কমিস্যানরেরদের সম্মুখে করিতে হইবেক ও তাহার সম্পর্কে যে সকল কার্য্য হয় তাহাও তাঁহারদের সম্মুখে হইবেক। কেবল এই আইনের ১১৪ ধারাতে যে স্থলের বিধান আছে সেই স্থলে নয়।

2. Such exemption shall be proved, and such proceedings shall thereupon be had pursuant to and under the powers and provisions by which the Duties in Schedule II. are herein directed to be ascertained and charged, and subject to the rules and directions hereinafter contained.

[Persons entitled to such exemptions shall deliver to the Assessor a statement, stating the source of income.]

CVI. Every person claiming to be entitled to such exemption or relief as aforesaid shall, within the time to be limited as hereinbefore directed for delivering in the lists, declarations and statements required by this Act, or within such further time as the Collector or Commissioners respectively shall for special cause assigned allow, deliver, or cause to be delivered to the Assessor of the District where such claimant shall reside, a notice of his claim for such exemption, together with a declaration and statement signed by such claimant and in such form as may be provided under the authority of this Act, declaring and setting forth therein all the particular sources from whence the income of such claimant shall arise, and the particular amount arising from each source, and also every sum of annual interest or other annual payment reserved or charged thereon, whereby the income shall or may be diminished, and also every sum which such claimant may have charged, or may be entitled to charge against any other person, for or on account of the Duty made payable by this Act, or which he may have deducted or retained, or may be entitled to deduct or retain under the authority of this Act, from or out of any payment to which he may be or become liable.

2. Every Assessor shall be at liberty to peruse and examine and to take copies of, or extracts from every such declaration and statement under the like powers as in other cases.

[Assessor to transmit such statement to Collector, who shall allow the same, if not objected to by Assessor.]

CVII. The Assessor shall transmit such notice, declaration, and statement to the Collector, and if the Assessor shall not object to such declaration within forty days after such transmission, or within such further time as the said Collector, on just cause, shall allow to him to make such objection, and if the said Collector shall be satisfied with the justice of the said claim, the said Collector shall allow such claim of exemption or relief; and shall discharge, either wholly, or to the extent of such excess as aforesaid, as the case may require, the assessment made upon any property, or profits, or income of such person within the District of the said Collector.

[Property of persons claiming such exemption in any other District shall be exempted on the certificate of the Collector, or by the Chief Revenue Authority of the District.]

CVIII. If it shall appear to the said Collector

২ প্রকরণ। ২ মহুরের তদ্ধর্গীরের ঐরূপ যে ক্ষমতা ও যে বিধানমতে নিরূপণ করিয়া বসাইবার আজ্ঞা হইয়াছে, সেই ক্ষমতা ও বিধানমতে ঐ ইহার পশ্চাৎ লিখিত বিধি ও আজ্ঞামতে ঐ মুক্ত হওয়ার প্রমাণ করিতে হইবেক ও তদনুযায়ি কার্য্য হইবেক ইতি।

[যাঁহারা মুক্ত হইতে পারেন তাঁহারদের আয়দির কৈফিয়ৎ আসেসরকে দিবার কথা।]

১০৬ ধারা। ১ প্রকরণ। উক্ত প্রকারের মুক্তহওয়া কি রেয়াইৎ যে কেহ হক বলিয়া দাওয়া করেন, তিনি যে প্রদেশে বাস করেন সেই প্রদেশের আসেসরকে, এই আইনমতের ফর্দ্দ ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ ইহার পূর্ব্বের বিধানমতে যে মিয়াদে দাখিল করিতে হয় সেই মিয়াদের মধ্যে, কিম্বা বিশেষ কোন কারণে কালেক্টর কিম্বা কমিসানরেরা অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে, আপনার মুক্ত হওয়ার দাওয়ার এত্তেলা দিবেন, ও ঐ দাওয়াদারের যে নানা কর্ম্মাদির দ্বারা আয় হয়, ও এক২ কর্ম্মাদির দ্বারা যত পাওয়া যায়, ও বৎসরে২ যত সুদ কি অন্য টাকা ঐ আয়ের উপর ধরা হইয়া কিম্বা ঐ আয়হইতে দিতে হইয়া সেই আয়ের কমী হয়, আর এই আইনমতে যাহা আদায় হইতে পারে এমত কোন টাকের রাবৎ ঐ দাওয়াদার অন্য কোন লোকের স্থানে যাহা পাইয়াছেন কি পাইতে পারেন, কিম্বা তাঁহার যে কোন টাকা দিতে হয় তাহাহইতে যদি এই আইনের শক্তিক্রমে তিনি কিছু টাকা বাদ দিয়া রাখিয়াছেন কি বাদ দিয়া রাখিতে পারেন, তাহার সকল বিবরণ এই আইনমতের পাঠে লিখিয়া তাঁহার দস্তখৎকরা নিশ্চয়ার্থক কথার ও কৈফিয়তের সঙ্গে ঐ এত্তেলা দিবেন।

২ প্রকরণ। অন্য২ স্থলে আসেসরের যেমন ক্ষমতা আছে তেমনি সেই স্থলেও ঐ আসেসর ঐ নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ পাঠ করিতে ও দেখিয়া বিবেচনা করিতে ও তাহা নকল করিতে কিম্বা তাহাহইতে কোন কথা গ্রহণ করিতে পারিবেন ইতি।

[ঐ কৈফিয়ৎ কালেক্টরের নিকটে পাঠাইবার কথা ও আসেসরের আপত্তি না হইলে তাহা গ্রাহ্য হইবার কথা।]

১০৭ ধারা। আসেসর ঐ এত্তেলা ও নিশ্চয়ার্থক কথা ও কৈফিয়ৎ কালেক্টরের নিকটে পাঠাইবেন ও পাঠাইবার পরে চল্লিশ দিনের মধ্যে কিম্বা উপযুক্ত কারণে কালেক্টর অধিক মিয়াদ দিলে সেই অধিক মিয়াদের মধ্যে যদি আসেসর ঐ নিশ্চয়ার্থক কথার বিষয়ে কোন আপত্তি না করেন, ও যদি উক্ত দাওয়া যথার্থ বলিয়া উক্ত কালেক্টরের খাতিরজমা হয়, তবে উক্ত কালেক্টর ঐ মুক্ত হওয়ার কি রেয়াইতের ঐ দাওয়া স্বীকার করিবেন। ও ঐ কালেক্টরের প্রদেশের মধ্যে ঐ লোকের কোন সম্পত্তির কি প্রাপ্তির কি আয়ের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে, তাহা হয় সমুদয় মাফ করিবেন, কিম্বা বিষয় বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি পূর্ব্বোক্তমতে অধিক যত দেওয়া গিয়াছে তাহা মাফ করিবেন ইতি।

[যে জন মুক্ত হওয়ার দাওয়া করেন তাঁহার সম্পত্তি অন্য কোন প্রদেশে থাকিলে, তাহা ঐ প্রদেশের কালেক্টরের কিম্বা রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেবের সার্টিফিকটমতে মুক্ত হইবার কথা।]

১০৮ ধারা। ঐ লোকের কোন সম্পত্তির কি প্রাপ্তির

hat any property or profits of such person is or are assessed, or liable to be assessed in any other District, the said Collector shall certify to the Chief Revenue Authority of the Presidency, Lieutenant-Governorship, or Province, in such form as shall be provided under the authority of this Act, the allowance of such exemption; and the said last-mentioned Chief Revenue Authority shall direct the assessment made upon any property or profits of such claimant, in any other District, to be discharged either wholly or to the extent of such excess, as aforesaid, as the case may require, and the same shall be discharged accordingly.

[To be continued.]

উপর অন্য কোন প্রদেশে টাক্স ধার্য্য হইয়াছে কি ধার্য্য হইতে পারে, ইহা যদি উক্ত কালেক্টর দেখিতে পান, তবে ঐরূপ মুক্ত হওয়ার অনুমতি হইয়াছে এই কথার সার্টিফিকট ঐ কালেক্টর এই আইন মতের নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া, রাজধানীর কিম্বা লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকার কিম্বা প্রদেশের রাজস্বের প্রধান কর্ম্মকারক সাহেবের নিকটে পাঠাইবেন। তাহাতে অন্য কোন প্রদেশে ঐ দাওয়াদারের কোন সম্পত্তির কি প্রাপ্তির উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা রাজস্বের শেষোক্ত প্রধান কার্য্যকারক সাহেব, হয় সমুদয় ক্ষমা করিতে, কিম্বা পূর্ব্বোক্তমতে বিবর বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি অধিক মত ধার্য্য হইয়াছে তাহা ক্ষমা করিতে আজ্ঞা করিবেন, ও সেই আজ্ঞামতে ক্ষমা হইবেক ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 21st May, 1860.

Moulvee Ameenoddeen Ahmed, Moonsiff of Sonamookey, Zillah West Burdwan, from the 23d March to the 7th May, 1860, under Medical Certificate.

The 25th May, 1860.

Baboo Juddoonath Mookerjee, late Moonsiff of Satkhirah, Zillah 24-Pergunnahs, for one month and six days, on Medical Certificate.

The 28th May, 1860.

Moonshee Mahomed Ally, Moonsiff of Begumgunge, Zillah Tipperah, for ten days, on private affairs

Mr W. Cardozo, Moonsiff of Raojan, Zillah Chittagong, for one day, on private affairs.

The 31st May, 1860.

Baboo Gopeenath Moitree, Moonsiff of Amtah, Zillah Hooghly, for seven days, on private affairs.

H. B. LAWFORD, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ২১ মে।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ শ্রীযুত মৌলবী আমীনুদ্দিন আহমদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৬০ সালের মার্চ মাসের ২৩ তারিখঅবধি মে মাসের ৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৫ মে।

জিলা চব্বিশপরগনার সাতখীরার সাবেক মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখুর্য্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাস ছয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৮ মে।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুক্ত মুন্‌শী মহম্মদ আলী আপন কর্ম্মের নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের রাওজানের মুনসেফ শ্রীযুত ডবলিউ কারডোজো সাহেব আপন কর্ম্মের নিমিত্তে এক দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩১ মে।

জিলা হুগলীর আমতার মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র আপনার কর্ম্মের নিমিত্তে সাত দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফোর্ড। রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৫৩২ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১২ মে।

গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণেতে যে২ বিষয়ের পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাতে এই২ আসিষ্টাণ্ট ও ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা উত্তীর্ণ হইয়াছেন, পরীক্ষক বোর্ডের এই রিপোর্ট হইয়াছে।

প্রথম অর্থাৎ প্রধান শ্রেণীতে।

শ্রীযুত ই ডি লকউড সাহেব (Mr. E. D. Lockwood.)

শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell.)

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা।

শ্রীযুত বাবু সাতকৌড়ী রায়।

শ্রীযুত বাবু রামকুমার বসু।

শ্রীযুত বাবু দ্বারকানাথ দে।

শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ।

দ্বিতীয় শ্রেণীতে।

শ্রীযুত ই ই লৌইস সাহেব (Mr. E. E. Lowis.)

শ্রীযুত জি এল টি হারিস সাহেব (Mr. G. L. T. Harris.)

শ্রীযুত এফ জে আলেকজাণ্ডর সাহেব (Mr. F. J. Alexander.)

শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C T. Metcalfe.)

শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Olifhant.)

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr T. J. C. Grant.)

শ্রীযুত এফ এচ পেলিউ সাহেব (Mr. F. H. Pollew.)

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander.)

শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Monro.)

শ্রীযুত এচ সি সথরলাণ্ড সাহেব (Mr. H. C. Sutherland.)

শ্রীযুত ডবলিউ ওরাইলি সাহেব (Mr. W. O'Reilly.)

শ্রীযুত বাবু শ্যামলালচন্দ্র মুখুর্য্যা।

শ্রীযুত মৌলবী মীর মহম্মদ।

শ্রীযুত মৌলবী দলীলুদ্দীন আহমদ।

শ্রীযুত মুনশী ফিদা আলী।

শ্রীযুত বাবু চন্দ্রচরণ সিংহ।
শ্রীযুত বাবু দিননাথ আঢ্য।
শ্রীযুত বাবু শ্যামচন্দ্র নাথ।
শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র বিদ্যারত্ন।
শ্রীযুত মৌলবী আবদুল করীম।
শ্রীযুত ই বি গডফ্রি সাহেব (Mr. E. B. Godfrey.)

নিয়োগ।

১৮৬০ সাল ১১ মে।

শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell.) মুরশিদাবাদে জাইণ্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

নীচের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরদের নামের পার্শ্বে যে২ জিলার নাম লেখা যাইতেছে সেই২ জিলাতে তাঁহারা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবেরদের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত ই ই লৌইস সাহেব (Mr. E. E. Lowis,) মেদিনীপুরে।
শ্রীযুত জি এল টি হারিস সাহেব (Mr. G. L. T. Harris,) পাবনাতে।
শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,) রাজশাহীতে।
শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Oliphant,) নদীয়াতে।
শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,) চব্বিশপরগনাতে।
শ্রীযুত এফ এচ পেলিউ সাহেব (Mr. F. H. Pellew,) কটকে।
শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander,) সারণে।
শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Monro,) ফরিদপুরে।
শ্রীযুত এচ সি সথরলাণ্ড সাহেব (Mr. H. C. Sutherland,) ত্রিপুরাতে।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেটেরদের ও ডেপুটী কালেক্টরেরদের নামের পার্শ্বে যে২ জিলার নাম লেখা যাইতেছে সেই২ জিলাতে তাঁহারা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

শ্রীত মৌলবী দীন মহম্মদ। মুরশিদাবাদে।
শ্রীযুত মৌলবী দলীলুদ্দীন আহমদ। বাকরগঞ্জে।
শ্রীযুত মুনশী ফিদা আলী। পাটনাতে।
শ্রীযুত বাবু চণ্ডীচরণ সিংহ। বর্দ্ধমানে।
শ্রীযুত বাবু দিননাথ আঢ্য। হুগলীতে।
শ্রীযুত বাবু শ্যামচন্দ্র নাথ। মেদিনীপুরে।
শ্রীযুত মৌলবী আবদুল করীম। ময়মনসিংহে।
শ্রীযুত ই বি গডফ্রি সাহেব (Mr. E. B. Godfrey,) বাকরগঞ্জে।

২৬২৫ নম্বর।

ছুটী।

১৮৬০ সাল ১২ মে।

বর্দ্ধমানের ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারাচাঁদ বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকট-ক্রমে অচিকিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৮ মে।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে বি আলেন সাহেব (Mr. J. B. Allen,) গত মার্চ মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহার অধিক ১৮৫৬ সালের ২ মে তারিখের মিলিটারী ডিপার্টমেণ্টের হুকুমমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২২ মে।

সেরঘাটীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডাইসন সাহেব (Mr. J. Dyson,) যে ছুটী বর্ত্তমান মাসের ১২ তারিখে পাইয়াছিলেন তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

২৬৩১ নম্বর।

১৮৬০ সাল ১১ মে।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুরের তমলুক নগরের শহরতলীর অন্তঃপাতি নীচের লিখিত গ্রামসকল ঐ নগরের সঙ্গে সংযুক্ত হয় এই অভিপ্রায়ে সেই সকল গ্রামে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক।

ঐ২ গ্রামের নাম এই২। তমলুক ও শালগাছী ও পার্ব্বতীপুর ও পদ্মভূষণ ও আউশবাড়ী ও কামিনা ও কালিকাপাড়া।

আরো ঐ আইনের ৪ ধারামতে এই সংবাদ দেওয়া যাইতেছে রেবিনিউর সরবেয়র সাহেব ঐ সকল গ্রাম জরিপ করিয়া যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে যে২ গ্রামের যে সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক, ঐ কাগজ মেদিনীপুরের কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল হইয়াছে যাঁহার দেখিবার মানস থাকে তিনি তথায় গিয়া দেখিতে পারিবেন।

আরো ঐ আইনের ১০ ধারামতে এই সংবাদ দেওয়া যাইতেছে যে ঐ২ গ্রামে যে টাক্স আদায় হইবেক তাহা টাক্স দিবার যোগ্য লোকেরদের অবস্থা বুঝিয়া ও তাহারদের যত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বিবেচনা করিয়া ধার্য্য করিতে হইবেক।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্টের বিজ্ঞাপন।

সুপ্রিম কোর্ট।

রিশীবর আফিস জমিদারীদিগের ইজারা।

রজলর রহমান বাদী।
মৌলবী মণিরুদ্দীনদিগের প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সমহালের ৯ জুন শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিশীবর শ্রীযুত জেমস ওএলচ সাহেব তাঁহার আফিসে মৃত মুন্সী গোলাম ছফদরের ইষ্টেটের দরুণ নীচের লিখিত জমিদারীদিগের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জিলা বীরভূম।

পরগনে খটাঙ্গা লাট দুর্গাপুর ৩ মৌজা।
ঐ পরগনার লাট মাজিগ্রাম ৬ মৌজা।

[*Government Gazette 5th June, 1860.*]

পরগনে শাহা সেলামপুর লাট মান্দারি ৬ মৌজা।
পরগনে সাবেক মৌরেশ্বর তরফ বাঁশাড়া বাহাদুরগঞ্জ রকম ৵০ তিন আনা।

জিলা বর্দ্ধমান।

পরগনে কুতবপুর লাট কুসুলনরুল ৩ মৌজা।
পরগনে আজমতশাহী আয়মা মঙ্গলকোট ৩ মৌজা।
ঐ পরগনার আয়মা মাজিখণ্ডা।
পরগনে মনোহরশাহী আয়মা নারেঙ্গা।

জিলা মুরশিদাবাদ।

কিসমত পরগনে কুতবপুর ১৭ মৌজা।
কিসমত নারায়ণপুর ১ মৌজা।
কিসমত কালিকাপুর ২ মৌজা।
পরগনে কোঙরপ্রতাপ লাট কানুহা ৭ মৌজা।
পরগনে ধাওয়া কিসমত তাড়গ্রাম।
ঐ পরগনার কিসমত জোত রামভদ্র।
পরগনে মহলন্দী কিসমত খাসপুর ৬ মৌজা রকম ।৵৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।
পরগনে ভাতশালা কিসমত ইন্দরা ১ মৌজা রকম ।৵৬॥= ছয় আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি।
পরগনে ফতেসিংহ কিসমত অনন্তপুর রকম ৻১৫৸— পোনের গণ্ডা তিনকড়া এক ক্রান্তি।
ঐ পরগনার কিসমত সৈয়দ কুলুটিয়া ৪ মৌজা রকম ৻৫ এক পাই।
পরগনে কুতবপুর লাট হস্তিনাপুর ৬ মৌজা।
পরগনে শমশখালি লাট হাতিনগর ১ মৌজা।
পরগনে চুনাখালি কিসমত তরফ বেজপাড়া রামনাথপুরদিগর ৪ মৌজা রকম /৫ পাঁচ পাই।
মৌরুসী তালুক পরগনে ফতেসিংহ তরফ তালিবপুর ৩ মৌজা।
মৌরুসী তালুক ঐ তালিবপুরের মধ্যে মহল দেবোত্তর।
মৌরুসী তালুক ঐ পরগনার কিসমত অনন্তপুর রকম /৪= এক আনা চারি গণ্ডা দুই ক্রান্তি
ছোট আয়মা ১৯ উনিশ দফা।

জায়

কিসমত তালিবপুর।
তাহুত ফকীর মহম্মদ।
মেছবাহা অদ্দন।
বরকতুল্লা।
ইমনদ্দীন।
বদরদ্দীন।
মুনশী এনাতুল্লা ও কাজী গোলাম এ হিয়া।
হানিফ মহম্মদ।
রাহাতুল্লা।
ছয়ফদ্দীন।
খোনকার বদরদ্দীন।
কিসমত শালাড।
হেদাতুল্লা।
সমছল্লা।
মহম্মদ নছিব।
কিসমত কাঁদরা।
কলিমদ্দীন।
সেখ বেকু।
কিসমত শালিন্দা খোনকার মহম্মদ ওফ।
কিসমত তালগ্রাম মুন্সী আবদুল বেজাক।
কিসমত নওয়াপাড়া খোনকার আলা অদ্দীন।
কিসমত কুলুটিয়া সেখ পছন ঐ তালিবপুরের মধ্যে লাখেরাজ বাজেআফ্তী ভূমি ও পুষ্করিণী ঐ তালিবপুরদিগের লাখেরাজ রাইয়তি জমী।
শিকমি জমা পরগনে কোঙরপ্রতাপ পটীদিগম্বর বন্দো।
আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসিবর আফিস্ কোর্ট হৌস তারিখ ১৭ মে ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন কানষ্ট্রকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্ট্রকসন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ, ব্যবস্থা দত্তক চন্দ্রিক, ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দেব বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১৮০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইতে তাঁহারা শহর কলিকাতায় বটতলার ১৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন।

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৫ জুন]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 12, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১২ জুন।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA

THE 2ND JUNE 1860

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 31st May 1860, and is hereby promulgated for general information —

Act No XXVI of 1860

An Act to amend Act VIII. of 1855 (relating to the office and duties of Administrator General.)

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act VIII. of 1855, relating to the office and duties of Administrator General, It is enacted as follows .—

[Administrator General in certain cases to secure and distribute the estate and effects of Soldiers. Proviso]

I The Administrator General shall, when duly authorized or required so to do by the Military Secretary to Government, secure and distribute the assets of the estate and effects of any Officer, Soldier, or other person subject to any Articles of War, in all cases in which such estate and effects do not exceed on the whole five hundred Rupees, charging the estate with a commission of three per centum only Provided always that it shall not be necessary for the Administrator General to take out letters of administration in cases referred to in this Section.

[Grant of certificate to creditors Proviso.]

II If in cases falling within Section XLIII of Act VIII. of 1855, no person claiming to be entitled to a principal share of the effects of the de-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আজ্ঞাকরা এই আইনেতে শ্রীযুত বাইট অনরবিল গবরুনর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩১ মে তারিখে সম্মত হইলেন। এইক্ষণে সেই আইন সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৬ আইন।

১৮৫৫ সালের ৮ আইন (অর্থাৎ আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন) সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৫ সালের ৮ আইন অর্থাৎ আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধন করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[সৈন্যোরদের সম্পত্তি ও মাল কোন২ স্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের আদায় ও বণ্টন করিতে হইবার কথা ও বর্জ্জিত কথা।]

১ ধারা। কোন সেনাপতি সাহেব কি সৈন্য কিম্বা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন লোক যদি মরিলা সর্ব্বসুদ্ধ পাঁচ শত টাকার অনধিক মূল্যের সম্পত্তি ও মাল রাখিয়া যান, তবে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব গবর্ণমেণ্টের শ্রীযুত মিলিটারী সেক্রেটারী সাহেবের স্থানে উপযুক্তমতে ক্ষমতা কিম্বা আজ্ঞা পাইলে, এ মাল ও সম্পত্তির উৎপন্ন টাকা আদায় করিবেন, ও বণ্টন করিবেন, ও সেই ইষ্টেটের উপর শতকরা কেবল তিন টাকা কমিশান লইবেন। কিন্তু এই ধারার লিখিত কোন স্থলে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান লইবার আবশ্যক হইবেক না ইতি।

[মহাজনদিগকে লেটর্স অফ আডমিনিষ্ট্রেশান দিবার কথা ও বর্জ্জিত কথা।]

২ ধারা। ১৮৫৫ সালের ৮ আইনের ৪৩ ধারার মধ্যে যে বিষয় আইনে এমত কোন বিষয়ে, মৃত ব্যক্তির সম্পত্তির প্রধান ভাগ পাইবার দাওয়াদার কোন লোক যদি

ceased shall within three months obtain a certificate from the Administrator General under the said Section of the said Act, or letters of administration to the estate and effects of the deceased, the Administrator General may administer the estate without letters of administration in the same manner as if such letters of administration had been granted to him, and if he shall neglect or refuse to take upon himself the administration of the estate and effects, he shall upon the application of a creditor and upon being satisfied of his title, grant a certificate in the same manner as if such creditor were entitled to a principal share of the effects of the deceased, and such certificate shall have the same effect as a certificate granted under the provisions of the said Section of the said Act, and shall be subject to all the provisions of the said Act which are applicable to such certificate. Provided that the Administrator General may, before granting such certificate, if he think fit, require the creditor to give reasonable security for the due administration of the estate and effects of the deceased.

[Appointment of Officiating Administrator General.]

III. Whenever any person holding the Office of Administrator General shall obtain leave of absence, it shall be lawful for the Government to appoint some person to officiate as Administrator General, and such person while so officiating shall be subject to the same conditions and be bound by the same responsibilities as the Administrator General by any law now in force or that may hereafter be enacted, and he shall be deemed to be Administrator General for the time being under Act VIII. of 1855, and shall be liable to give security under Section VII. of the said Act in like manner as if he had been appointed Administrator General.

M. WYLIE,
Clerk of the Council.

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices

PART XII.

Exemptions and Deductions.

[Continued from page 310.]

[If Assessor object to such exemption, the same shall be determined by Commissioners for general purposes.]

CIX. In case the Assessor shall object to any such claim as aforesaid in writing, suggesting to the said Collector that he has reason to believe that the

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১২ জুন।]

উক্ত নদীর দক্ষিণ তীরে দরজ গ্রামে যে থাম আছে তাহাঅবধি উক্ত নদীর বাম তীরে যে সীমার থাম আছে তাহাপর্য্যন্ত রেখা টানিলে তাহাই পশ্চিম সীমা।

দেবী বন্দরের যে সীমা উপরে লেখা গিয়াছে তাহা পূর্ব্ব সীমা।

কাদুয়া নদীর সীমা এই।

উক্ত নদীর দক্ষিণ তীরে দরজ গ্রামে যে থাম আছে তাহাঅবধি, ঐ নদীর বাম তীরের অন্য থামপর্য্যন্ত রেখা টানিলে তাহাই ঐ নদীর পশ্চিম সীমা।

ধামরা বন্দরের যে সীমা উপরে লেখা গিয়াছে তাহা পূর্ব্ব সীমা।

পুরী বন্দরের সীমা এই।

চক্রতীর্থনামক ঘরের ও বঙ্গোপসাগরের মধ্যে যে থাম আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

স্বর্গদ্বার নামক মন্দিরের উত্তরে ২০০ হাত অন্তরে যে থাম আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই থামের মধ্যে সমুদ্রাঞ্চলের সমান বঙ্গোপসাগরের যে স্থানে দশ বাঁউ জল থাকে সেই স্থানে রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

ঐ দুই থামের মধ্যস্থিত তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

মীতাকুরা বন্দরের সীমা এই।

নিমক গোলার উত্তর পূর্ব্বে ২০০০ হাত অন্তর যে থাম তীরে আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

নিমক গোলার দক্ষিণে ২০০০ হাত অন্তর যে থাম তীরে আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই থামের মধ্যে সমুদ্রাঞ্চলের সমান কএক রেখা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৯ জুন।]

বঙ্গোপসাগরের যে স্থানে দশ বাঁউ জল থাকে সেই স্থানে টানিলে তাহা দক্ষিণ সীমা।

ঐ দুই থামের মধ্যস্থিত তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

সান্দী বন্দরের সীমা এই।

সান্দীতে নিমক রক্তানী করিবার স্থানে যে নিশানকাঠ আছে তাহার উত্তর ২০০০ হাত অন্তর যে থাম তীরে আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

ঐ নিশান কাঠের দক্ষিণ ২ ০০ হাত অন্তরে যে থাম তীরে আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই থামের মধ্যে ও বঙ্গোপসাগরের যে সকল স্থানে জল দশ বাঁউপর্য্যন্ত গভীর হয় সেই স্থানে সমুদ্র তীরের সমান রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

ফতেপুর বন্দরের সীমা এই।

ফতেপুরের নিমক রক্তানী করিবার স্থানে যে নিশান কাঠ আছে তাহার উত্তর দিগে ২০০০ হাত অন্তর যে থাম তীরে আছে তাহা উত্তর পূর্ব্ব সীমা।

ঐ নিশান কাঠের দক্ষিণ দিগে ২০০০ হাত অন্তর যে থাম তীরে আছে তাহা দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই থামের মধ্য ও বঙ্গোপসাগরের যে সকল স্থানে জল দশ বাঁউপর্য্যন্ত গভীর হয় সেই স্থানে সমুদ্র তীরের সমান রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

তীরে কটালী জোয়ারের জল যত উচ্চে উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

নন্দোলার বন্দরের সীমা এই।

নিমক রক্তানী করিবার নিশানের কাঠের ২০০০ হাত অন্তর দুই দিগে যে দুই থাম আছে, তাহা উত্তর পূর্ব্ব ও দক্ষিণ পশ্চিম সীমা।

ঐ দুই থামের মধ্যে ও বঙ্গোপসাগরের যে সকল স্থানে জল দশ বাঁউপর্য্যন্ত গভীর হয়, সেই স্থানে সমুদ্র তীরের সঙ্গে সমান রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা।

তীরে কটালী জোয়ারের জল যত উচ্চ উঠে তাহার এক শত হাতপর্য্যন্ত ঐ বন্দরের সীমার মধ্যে ধরা যাইবে।

বন্দরের বিধি।

হুজুর কৌন্সেলে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের সম্মতিমতে, ফাল্‌স পাইণ্ট ও দেবী নদী ও পুরী ও মীতাকুরা ও সান্দী ও ফতেপুর ও নন্দোলা এই২ বন্দারর এই২ বিধি করা গিয়াছে ও সকল লোকের জানিবার জন্যে ও তাহা দেখিয়া কর্ম্ম করিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

১। বন্দরে যে জাহাজ ভিতরে বাহিরে যায় তাহার চলিবার পথ রাখিবার জন্যে বন্দরের সকল জাহাজ জিবরুম নামাইয়া একি শ্রেণীমতে লঙ্গর করিবে।

২। ঘাটকাপ্তান সাহেব যে স্থানে হুকুম দিবেন বন্দরের সেই স্থানে সকল জাহাজ লঙ্গর করিয়া থাকিবে। ও যে সময়ে ঐ কার্য্যকারক হুকুম দিবেন সেই সময়ে এ স্থান পরিবর্ত্তন করিবে কিম্বা এ স্থানহইতে যাইবে।

৩। ঘাটকাপ্তান সাহেব আদেশ করিলে কোন জাহাজের পার্শ্বহইতে যদি কোন লঙ্গর কিম্বা ফালতু বুম কিম্বা আর কোন বস্তু বেড়াইয়া রহে তবে তাহা তুলিয়া রাখিতে হইবে।

৪। ঘাটকাপ্তান সাহেবের অনুমতি না পাইলে, কোন জাহাজ বয়াতে বদ্ধ হইবেক না।

৫। ফালুস পাইণ্ট ও দেবীনদী ও পুরী ও মাতাকুয়া ও সান্দী ও ফতেপুর ও নন্দলা বন্দরে জাহাজ লঙ্গর করিয়া থাকিলে, সূর্য্যের অস্ত হইবার কালঅবধি উদয় হইবার কালপর্য্যন্ত মাস্তুলের আগাতে প্রদীপ জ্বালাইয়া রাখিতে হইবেক।

২৬৯৪ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৬ মে।

পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় ভাগলপুরে নিযুক্ত হইয়াছেন, ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২১ মে।

শ্রীযুত কাপ্তান ই পি লয়ড সাহেব (Captain E. P. Lloyd,) আসামের কমিসানর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer.) যত দিন না পঁহুছেন তত দিন শ্রীযুত আর বি কাক্রেল সাহেব (Mr. R. V. Cockerell,) হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ২২ মে।

শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Furrell,) রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বি ওরগান সাহেব (Mr. J. B. Worgan,) মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Oliphaut,) নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এন এস আলেক্জাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander,) সারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই ই লৌইস সাহেব (Mr. E. E. Lowis,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও সেই জিলার মধ্যে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের লিখনমতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতাক্রমে ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

শ্রীযুত ই ই লৌইস সাহেব (Mr. E. E. Lowis.) বাঁকুড়াতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৪ মে।

জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের কর্ম্মের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত এন টি ডেবি সাহেব (Mr. N. T. Davey,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ২৭ জুন তারিখের বিজ্ঞাপনমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২২ মে।

দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ২৩ মে।

মাণিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব (Mr. H. H. Metcalfe,) গত মাসের ২১ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

২৬৯৭ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৭ মে।

ইহার দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে, ১৮৫৬ সালের ২০ আইন ত্রিহুত জিলার রাহুচারু ও মধ্যবঙ্গ ও ভবারে নগরে অদ্যকার তারিখঅবধি চলিবে।

আরো ঐ আইনের ৩ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। নীচের লিখিত সীমার মধ্যে যে২ গ্রাম আছে সেই২ গ্রাম উক্ত আইনের কার্য্যের নিমিত্তে উক্ত নগরের সঙ্গে সংযুক্ত হইবেক।

রাহুচারুর সীমা।

কাশীদাস ফকীরের ঘরের নিকটে পূর্ব্ব ও পশ্চিম দিগে রেখা টানিলে তাহা উত্তর সীমা। দক্ষিণ সীমা ধবানালা। পূর্ব্ব সীমা লাটিয়া তলা সমেত ঐ তলা। পশ্চিম সীমা বড় গন্ডক নদ।

ভবারের সীমা।

গোবিন্দ দাসের ফলের বাগানের নিকটে পূর্ব্ব ও পশ্চিম দিগে রেখা টানিলে তাহা উত্তর সীমা। গঙ্গাসাগর পুকুরের নিকটে পূর্ব্ব ও পশ্চিম দিগে রেখা টানিলে তাহা দক্ষিণ সীমা। দ্বার ভাঙ্গার মহারাজার পুরাণ পরিখা উত্তর সীমা। জলাহার পুরাণ মসজীদের নিকটে উত্তর ও দক্ষিণ দিগে রেখা টানিলে তাহা পশ্চিম সীমা।

মধ্যবঙ্গের সীমা।

উত্তর সীমা পূরণরাজের পুকুর ও ছুতারী নদী। দক্ষিণ সীমা ছুতারী নদীতে প্রাণনাথ পূর্ব্বের পাকা সাঁকো। চকদহ কুমারের পাকুড় নামক গাছের নিকট উত্তর দক্ষিণ রেখা টানিলে তাহা পূর্ব্ব সীমা। কেবল স্তুড়ির পুকুরের নিকট উত্তর ও দক্ষিণ রেখা টানিলে তাহা পশ্চিম সীমা।

এই আইনের কার্য্যের নিমিত্তে ভবারে ও মধ্যবঙ্গ নগরের সংযোগ হইবে।

এই আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ঐ২ নগর নিবাসি লোকেরদের উপর যে টাক্স আদায় হয় তাহা ঐ টাক্স দিবার লোগ্য লোকেরদের সঙ্গতি বুঝিয়া ও যাহার যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া নির্দ্ধার্য্য হইবে।

হোম ডিপার্টমেণ্ট।

৯৮৪ নম্বর।

১৮৬০ সাল ২৫ মে।

১৮৬০ সালের, ১২ আইনের, ৩ ধারার উপলক্ষে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষ দশের

লোকেরা মজুরস্বরূপে সেণ্ট বিন্‌সেণ্ট নামক ব্রিটনীয় বসতি স্থানে যত কাল বাস করে তত কাল তাহারদের সুরক্ষার ও ভারতবর্ষে তাহারদের ফিরিয়া আসিবার যে সকল বিধান ও নিয়ম হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর আবশ্যক জ্ঞান করেন সেই সকল বিধান ও নিয়ম করা গিয়াছে। অতএব ১৮৬০ সালের ১২ আইন সেণ্ট বিন্‌সেণ্ট নামক উক্ত বসতি স্থানের সম্পর্কে অদ্যকার তারিখ অবধি চলন হইবেক।

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৭৬৮ নম্বর।
নিয়োগ।
১৮৬০ সাল ১৯ মে।

শ্রীযুত সি জে পৌলেট সাহেব ও শ্রীযুত ই বি গডফ্রি সাহেব (Messrs. C. J. Powlett and E. B. Godfrey.) কলিসালের সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬০ সাল ২৩ মে।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কষ্টলি সাহেব (Mr. W. C. Costley) শাসিরামের এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন, ও শাহাবাদ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৫ মে।

শ্রীযুত এস এফ এলফিনষ্টন সাহেব (Mr. S. F. Elphinstone,) পূরণিয়াতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ঐ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও ঐ জিলাতে ১৭৯৭ সালের ১১ আইনমতে ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৬ মে।

নদীয়ার একটিং জজ শ্রীযুত পি জি ই টেলর সাহেব (Mr. P. G. E. Taylor,) ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসরীমতে বিচার করিবার জন্যে ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবীডসন সাহেব (Mr. A. Davidson,) ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসরীমতে বিচার করিবার জন্যে নদীয়া জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসরীমতে বিচার করিবার জন্যে নদীয়া জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী শাহাবাদের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত এস ডাকষ্টা সাহেব (Mr. S. DaCosta,) শাহাবাদের সদর আমীন হইবেন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী ফরিদুদ্দীন পূরণিয়ার সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু ফরিদপুরে নিযুক্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে ঐ জিলাতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ষ্টুআর্ট সাহেব (Mr. E. Stewart,) পাবনাতে নিযুক্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে ঐ জিলাতে কার্য্য করিবেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস ত্রিহুতে নিযুক্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে ঐ জিলাতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ২৯ মে।

শ্রীযুত ই ডবলিউ পেরি সাহেব (Mr. E. W. Perry,) ইষ্টাল্প ও ষ্টেসনরির সুপরিণ্টেণ্ডের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৮ মে।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মুজফরপুরের ঔষধালয়ের সব-আসিষ্টণ্ট চিকিৎসক শ্রীযুত কানাইলাল সেন এদেশীয় কবিরাজ শ্রীযুত বংশীলালের প্রতি স্বীয় কর্ম্মের ভার অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন ও যত কাল শ্রীযুত বাবু কানাইলাল সেন প্রত্যাগমন না করেন তত কাল কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ কবিরাজ তাঁহার কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ২১ মে।

কালীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ২৩ মে।

দরঙ্গে আসামের কমিসনর সাহেবের প্রধান আসিষ্টণ্ট শ্রীযুত কাপ্তান এ কে কোম্বর সাহেবকে (Capt. A K Comber,) নিয়মিত ছুটী লইয়া যাইবার পূর্ব্বে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৩৯ সালের ১৪ জানুআরি তারিখের নির্দ্ধারণমতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৮ মে।

আরাকাণের কমিসনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান আর টি লী সাহেবকে (Capt. R. T. Leigh,) গত ফেব্রুআরি মাসের ২১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

ময়মনসিংহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত পি এফ বেলিউ সাহেবকে (Mr. P. F. Bellew,) গত মার্চ মাসের ৮ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে বি আলেন সাহেব (Mr. J. B. Allen,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। তাহাতে ঐ মাসের ১৮ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৬ জুন ১৯ জুন।]

[Calcutta Gazette, 11th June, 1870.]

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ৯ জুলাই সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮। ৫৯ সালের পয়দায়শী আফিমের সওয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিস্তার প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৪ এবং ২৪ জুলাই এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিষরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সরেস্তেদরের সাহেবের দস্তখতী ডেলুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৪ জুলাই শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ডেলুরি রসিদ সন ১৮৬০ সালের ২৪ জুলাই মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত বেহারের ও বানারসের আফিম কিছিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহারে অথবা তাহার কিছিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	৬	আগষ্ট	সোমবার	অথবা কিছিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	সেপ্টেম্বর	বুধবার	অথবা কিছিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১	অক্টোবর	সোমবার	অথবা কিছিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা কিছিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা কিছিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
					৬৩২৫	২৫৪৯	৮৯০৪

রিমৌজাদ হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ৫ জুন

ই টি টুবর সেক্রেটারী

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানষ্ট্রকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্ট্রকসন ও সাধারণ লিপি এবং সংকৃত দায়ভাগ, ব্যবস্থা দর্পণ চন্দ্রিকা, ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুক্ত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দের বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া যাক্করকারির প্রতি ১০৲ টাকা ও বিনা যাক্করকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার এটর্ণিদার ১৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন।

[গবর্ণ্মেণ্ট গেজেট। ১৮৬০। ১৯ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 26, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৬ জুন।

DRAFT OF ACT.

A Bill for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 351.]

PART XVI.

Miscellaneous.

[Provisions applied to any particular Schedules may extend to any other Schedule.]

CCII. Every provision in this Act contained and applied to the Duties in any particular Schedule, which shall also be applicable to the Duties in any other Schedule, and not repugnant to the provisions for ascertaining or charging the Duties in such other Schedule, shall, in ascertaining and charging the same, be applied as fully and effectually as if the application thereof had been so expressly and particularly directed.

[Rules in Schedule VI. to be observed in execution of Act.]

CCIII. The Forms and Rules and Direction contained in the Schedule marked VI. shall, in making returns of the amount of annual value or profits on which any Duty is chargeable under this Act, so far as the same are respectively applicable to the case of each person or company chargeable under this Act on behalf of himself, and also of others for whom he may act in any of the characters described in this Act, be observed by such person or company, or by his or its agents or officers in the cases where such agents or officers are authorised to make such returns.

আইনের মুসাবিদা।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যব্যাপারেতে ও চাকরী করিয়া যে লভ্য হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইনের মুসাবিদা।

[৩৪৬ পৃষ্ঠাহইতে চালিতেছে।]

ষোড়শ খণ্ড।

নানা বিষয়ের বিধি।

[কোন বিশেষ তফসীলের যে বিধান হইয়াছে তাহা অন্য কোন তফসীলের উপর খাটিবার কথা।]

২০২ ধারা। এই আইনের লিখিত যে২ বিধান বিশেষ কোন তফসীলভুক্ত টাক্সের উপর খাটে, তাহা যদি অন্য কোন তফসীলের টাক্সের উপর খাটিতে পারে, ও সেই অন্য তফসীলের টাক্স নিরূপণ করিবার কি বসাইবার বিধানেতে অসঙ্গত না হয়, তবে সেই টাক্স নিরূপণ করিবার ও বসাইবার কার্য্যেতে এ বিশেষ বিধি খাটিবার যেন সাক্ষাৎ এ বিশেষ আজ্ঞা হইয়াছে এমত সম্পূর্ণরূপে ও সফলরূপে ঐ বিধি অন্য তফসীলেও খাটিবে ইতি।

[এই আইনের খাটা করণে ৬ নম্বরের তফসীলের বিধি মানিবার কথা।]

২০৩ ধারা। বৎসরের প্রাপ্ত যে টাকার কি প্রাপ্তির উপর এই আইনমতে কোন টাক্স বসান যাইতে পারে তাহার ফর্দ্দ করিতে হইলে, এই আইনমতে যে লোকের কি কোম্পানির উপর টাক্স বসান যাইতে পারে নিজ তাঁহার উপর, কিম্বা সেই লোক এই আইনের লিখিত কোন পদস্থ হইয়া অন্য যে লোকেরদের নিমিত্তে কর্ম্ম করেন তাঁহারদের উপর, ৬ নম্বরের তফসীলের পাঠ ও বিধি ও উপদেশ যেপর্য্যন্ত খাটিতে পারে, সেইপর্য্যন্ত ঐ লোক কি কোম্পানি, কিম্বা যে স্থলে তাঁহার কি ঐ কোম্পানির গোমাশ্তারা কি কর্ম্মকারকেরা ঐ ফর্দ্দ দিতে ক্ষমতাপন্ন হন সেই স্থলে ঐ গোমাশ্তারা কি কার্য্যকারকেরা, ঐ তফসীলের নির্দ্দিষ্ট পাঠ ও বিধি ও উপদেশ মানিবেন ইতি।

[Power to Governor General in Council to issue further forms.]

CCIV. 1. It shall be lawful for the Governor General of India in Council, from time to time, to approve of and issue forms of any notices, or of any lists, statements, or declarations; or of any Schedules or returns, or of any oaths or affirmations to be delivered, made, returned, or taken respectively, or of any proceedings to be taken or had under the authority of this Act; and to vary or alter the same from time to time.

2. Such forms shall be published at least three times in the *Government Gazette* of the several Presidency Towns aforesaid, and of all places in India at which any *Government Gazette* shall be published.

3. When they shall have been so published, and until they shall be altered, varied, or annulled by any subsequent order of the Government, the said forms shall be observed by all persons required by this Act to do the matters referred to in such forms, and all notices given, and all lists, statements, or declarations made, and all Schedules or returns returned or filed, and all oaths or affirmations taken or made, and all proceedings had according to such forms respectively, shall, if otherwise valid, be deemed valid and effectual.

[Power to Governor-General in Council to allow Salaries.]

CCV. It shall be lawful for the Governor-General of India in Council, from time to time, to allow from rent of the Duties collected under this Act any salaries or any remuneration, whether by way of fixed fees or of percentage on sums realised or otherwise, to any officer or person who shall be appointed under this Act for the performance of any of the Duties prescribed by this Act.

[Interpretation of Terms.]

CCVI. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such meanings:—

1. Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number; words importing the masculine gender shall include females.

2. The word "India" shall mean the Territories which, at the time of the passing of an Act of the Imperial Parliament, called an Act for the better government of India in the 22nd year of Her Majesty's Reign, (21 and 22 Victoria, Chap. 106,) were in the possession or under the Government of the East India Company, and which, under and by virtue of that Act, have been and are vested in *Her Majesty*.

3. The expression "Governor General in Council" shall include the President of the Council of the Governor General of India in Council.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৬ জুন:]

[অন্য২ পাঠের নির্দ্দিষ্ট করিতে হুজুর কৌন্সেলে শ্রীযুতগবরনর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

২০৪ ধারা। ১ প্রকরণ। কোন এত্তেলা কি তালিকা কি রৈফিরৎ কি নিশ্চয়ার্থক কথা কিম্বা কোন তফসীল কি কর্দ্দ যে পাঠে লিখিতে হইবেক, কিম্বা কোন শপথ কি প্রতিজ্ঞা যে পাঠে দাখিল করিতে কি করিতে কি ফিরিয়া দিতে কি লইতে হইবে তাহা, কিম্বা এই আইনমতের ক্ষমতাক্রমে কোন কার্য্য যে নিয়মমতে করিতে হইবেক তাহার পাঠ, হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সময়েং মঞ্জুর ও জারী করিতে পারিবেন, ও তাহা সময়েং বদল কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

২ প্রকরণ। প্রত্যেক রাজধানীর পূর্ব্বোক্ত প্রধান নগরের গবর্ণমেণ্ট গেজেটে, ও ভারতবর্ষের যে সকল স্থানে গবর্নমেণ্ট গেজেট প্রকাশ হয় সেই স্থানের গবর্ণমেণ্ট গেজেটে, ঐ সকল পাঠ অতিকম তিনবার ছাপাইতে-হইবেক।

৩ প্রকরণ। তাহা সেই প্রকারে ছাপা হইলে পর গবর্নমেণ্টের কোন হুকুমমতে যত কাল বদল কি পরিবর্ত্তন কি অসিদ্ধ না করা যায়, তত কাল ঐ পাঠের লিখিত কার্য্য করিতে এই আইনেতে যে সকল লোকের প্রতি আজ্ঞা হয় তাঁহারা ঐ পাঠ মানিয়া কর্ম্ম করিবেন। ও যে সকল এত্তেলা দেওয়া যায়, ও যে সকল তালিকা কি রৈফিরৎ কি নিশ্চয়ার্থক কথা লেখা যায়, ও যে সকল তফসীল কি কর্দ্দ দেওয়া যায় কি দাখিল করা যায়, ও যে সকল শপথ কি প্রতিজ্ঞা করা যায়, ও যে সকল কার্য্য হয় তাহা যদি অন্য সকল ভাবে সিদ্ধ হয় তবে সেই পাঠানুসারে হইলে সিদ্ধ ও সফল জ্ঞান হইবেক ইতি।

[হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বেতন করিয়া দিবার ক্ষমতার কথা।]

২০৫ ধারা। এই আইনের নির্দ্দিষ্ট কোন কার্য্য করিবার জন্যে যে কোন কার্য্যকারক কি লোক এই আইনমতে নিযুক্ত হন, তাঁহাকে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, এই আইনমতের আদায়করা টাকসের টাকাহইতে কোন নির্দ্ধারিত রসুম কিম্বা আদায়করা টাকার কিশত টাকাপ্রতি এত টাকা করিয়া কিম্বা অন্য নিয়মে বেতন কি মেহনতানা দিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[শব্দের অর্থ করিবার ধারা।]

২০৬ ধারা। এই আইনের নানা শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা যাইতেছে তাহার সেই অর্থ হইবে। কিন্তু বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার ভাব ধরিয়া যদি সেই অর্থ না খাটে তবে তাহার সেই অর্থ হইবে না। অর্থাৎ

১ প্রকরণ। এক বচনের শব্দেতে বহু বচনের শব্দ ও বহু বচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবে। পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীদিগকে বুঝাইবে।

২ প্রকরণ। "ভারতবর্ষ" এই শব্দেতে শ্রীশ্রীমতী মহারাণীর রাজত্ব কালের ২২ বৎসরে "ভারতবর্ষ দেশের আরো উত্তমরূপে কর্ত্তৃত্ব করিবার আইন" নামে মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের রাজকীয় পারলিমেণ্টের আইন জারী হইবার সময়ে, যে সকল দেশ কোম্পানি বাহাদুরের অধিকারের মধ্যে ও তাঁহারদের শাসনে থাকিয়া সেই আইনমতে ও তাহার শক্তিক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি অর্পিত হয়, সেই সকল দেশকে বুঝাইবে।

৩ প্রকরণ। "হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর" এই কথাতে হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবকেও বুঝাইবে।

4. The words "Local Government" shall mean the persons immediately administering the Executive Government in each Presidency, Lieutenant Governorship, or Province in India.

৪ প্রকরণ। "স্থানবিশেষের গবর্নমেণ্ট" এই শব্দেতে ভারতবর্ষের প্রত্যেক রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নরের এলাকায় কি প্রদেশে যিনি সাক্ষাৎ কর্ত্তায় কার্য্য করিতেছেন তাঁহাকে বুঝাইবে।

5. The expression "Lieutenant Governorship" shall mean any part of India for the time being under the Government or administration of any Lieutenant Governor appointed under, or by virtue of any Act of the Imperial Parliament relating to India.

৫ প্রকরণ। "লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকা" এই কথাতে ভারতবর্ষের যিবারি রাজকীয় পার্লিমেণ্টের কোন আইনমতে নিযুক্ত কোন লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনে কি কর্ত্তৃত্বের অধীনে ভারতবর্ষের যে দেশ যে সময়ে থাকে সেই সময়ে সেই দেশকে বুঝাইবে।

6. The word "Division" shall mean any Division of, or for the purposes of, Revenue.

৬ প্রকরণ। "এলাকা" এই শব্দেতে রাজস্বসম্পর্কীয় কি রাজস্বের কার্য্যের নিমিত্তে কোন এলাকা বুঝাইবে।

7. The expression "Chief Revenue Authority" shall mean the person or Board exercising the chief authority for the time being in matters of revenue alone in any Presidency, Lieutenant Governorship, or Province; though subject to the order of the Local Government—and shall not include the Local Government. When in any Presidency, Lieutenant Governorship or Province, there shall be no person exercising such Chief Revenue Authority throughout such Province, other than the person administering the executive Government, the expression shall mean the person or Board exercising chief authority in matters of revenue in any Division of such Presidency, Lieutenant Governorship, or Province.

৭ প্রকরণ। "রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেব" এই কথাতে কোন রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকায় কি প্রদেশে যে ব্যক্তি কি যে বোর্ড যে সময়ে কেবল রাজস্বের বিষয়ে প্রধান কার্য্যকারক হন, তাঁহাকে বুঝাইবে, ও তিনি যদিও স্থানবিশেষের গবর্ণমেণ্টের অধীন থাকেন তথাপি ঐ শব্দেতে স্থানবিশেষের গবর্ণমেণ্টকেই বুঝাইবে না। কোন রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকায় কি প্রদেশে যদি কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক ব্যক্তি ভিন্ন রাজস্বের প্রধান কার্য্যকারক অন্য লোক সেই প্রদেশের মধ্যে না থাকেন, তবে ঐ রাজধানীর কি লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকার কি প্রদেশের কোন এলাকায় যে জন কিম্বা যে বোর্ড রাজস্ববিষয়ে প্রধান কার্য্য করেন তাঁহাকে সেই কথাতে বুঝাইবে।

8. The word "Collector" shall include any Officer exercising, by authority of Government, the duties of a Collector of Revenue, by whatever name his office may be designated.

৮ প্রকরণ। "কালেক্টর" এই শব্দেতে যে কোন ব্যক্তি গবর্নমেণ্টহইতে ক্ষমতা পাইয়া রাজস্ব আদায় করিবার কর্ম্ম করেন, তাঁহার পদের যে কোন খ্যাতি হউক, তাঁহাকে বুঝাইবে।

9. The word "Magistrate" shall include an Assistant Magistrate, or any person duly invested with the powers of a Magistrate. It shall not include Justice of the Peace.

৯ প্রকরণ। "মাজিষ্ট্রেট" এই শব্দেতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতা যে কোন ব্যক্তিকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে তাঁহাকেও বুঝায়। কিন্তু জুষ্টিস অফ দি পীসকে বুঝাইবে না।

10. The expression "Justice of the Peace" when applied to any of the Presidency Towns, or any of the Stations of the Settlements of Prince of Wales' Island, Singapore and Malacca, shall include a Magistrate of Police appointed under Act XIII. of 1856.

১০ প্রকরণ। "জুষ্টিস অফ দি পীস" এই কথা যখন রাজধানীর কোন প্রধান নগরের, কিম্বা পুলু পিনাঙ্গ কি সিঙ্গপুর কি মলাকা বসতিস্থানের সম্পর্কে প্রয়োগ হয়, তখন তাহাতে ১৮৫৬ সালের ১৩ আইনমতের নিযুক্ত পোলীসের মাজিষ্ট্রেট সাহেবকেও বুঝাইবে।

11. The word "Land" shall include and extend to all immoveable property, and all hereditaments and tenements whatsoever, whether corporeal or incorporeal, of the nature of immoveable property, except houses, and all estates or interests therein, whether freehold or chattel, or held by lease, or howsoever otherwise, or whether partial or derivative or otherwise, and whether divided or undivided shares.

১১ প্রকরণ। "জমী" এই শব্দেতে সকল স্থাবর সম্পত্তি বুঝাইবে ও তাহার উপর খাটিবে, ও ঘর বিনা স্থাবর সম্পত্তির তুল্য প্রকারের সকল জমী অর্থাৎ উহা অধিকারিদের ভোগ্য কি পাট্টাক্রমে প্রাপ্ত প্রকৃত জমী কি তাহাতে যে স্বত্ব কি প্রাপ্তি, ও তাহাতে যে স্বামিত্ব কি সম্পর্ক থাকে, তাহা চিরকালের ভোগ্য হউক কি তাহার মৌরসদস্তাবেজ হউক, কিম্বা পাট্টাক্রমে কি অন্য কোন প্রকারে ভোগ্য হউক, কিম্বা অংশখতে কি অন্যহইতে হস্তান্তর করণদ্বারা কি অন্য প্রকারে প্রাপ্ত হউক, ও তাহাতে বিভক্ত কি অবিভক্ত অংশ হউক, সেই সমুদায় প্রকারের সম্পর্ক বুঝাইবে।

12. The word "House" shall include and extend to all messuages and buildings used for the purpose of habitation; and all warehouses, factories, and shops, and to all out-houses, offices, godowns, and buildings attached to, or used with, or for the purposes of such messuages, buildings, warehouses, factories, or shops.

১২ প্রকরণ। "ঘর" এই শব্দেতে সকল বসত বাটী ও বাস করিবার সকল কোটাপ্রভৃতি বুঝাইবে ও সকল আড়ত গোলাপ্রভৃতি ও কারখানা ও দোকান ও বসতঘরের বাহিরের সকল ঘর ও সকল দপ্তরখানা কি কর্ম্ম করিবার ঘর কি গুদাম কিম্বা ঐ বসত ঘরের কি কোটার কি আড়তপ্রভৃতির কি কারখানার কি দোকানের লাগাও কি তাহার সঙ্গে কি ঐ বসত বাটীপ্রভৃতিরূপে ব্যবহার করা সকল ঘর বুঝাইবে।

[Power to Governor General in Council to issue further forms.]

CCIV. 1. It shall be lawful for the Governor General of India in Council, from time to time, to approve of and issue forms of any notices, or of any lists, statements, or declarations; or of any Schedules or returns, or of any oaths or affirmations to be delivered, made, returned, or taken respectively; or of any proceedings to be taken or had under or in relation to any such matter, and to vary or alter

[অন্য২ পাইতে নির্দ্দিষ্ট করিতে হুজুর কৌন্সেলে গবর্ণর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

২০৪ ধারা। ৯ প্রকরণ। কোন এত্তেলা কি তালিকা কি কৈফিয়ৎ কি নিশ্চয়ার্থক কথা কিম্বা কোন উকলীল কি ফর্দ্দ যে পাটে লিখিতে হইবেক, কিম্বা কোন শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা যে পাঠে দাখিল করিতে কি করিতে কি কিরিয়া দিতে কি লইতে হইবে তাহা, কিম্বা এই আইনমতের ক্ষমতায় [illegible] করিতে হইবেক তাহা হউক, সেই জমীর কি ঘরের ভোগ-দখল করিয়া যে জন তাহাহইতে প্রাপ্তি পান তাঁহাকে বুঝাইবে, ও অন্য কোন লোকের নিমিত্তে আমানৎ-স্বরূপে ঐ জমী রাখিবার যাহার স্বত্ব থাকে তাঁহাকেও বুঝাইবে।

15. The word "Holder," as applied to land or houses, shall include any person in possession or in the receipt of the rents and profits of land or houses under any claim to be entitled to any estate, whether freehold or chattel, partial or derivative, or otherwise, at law or in equity: and whether on his account or on account of any other person.

১৫ প্রকরণ। "ভোগি ব্যক্তি কি দখীলকার" এই শব্দ যখন জমীর কি ঘরের সম্পর্কে প্রয়োগ হয় তখন আইন কি একটি পক্ষে উত্তরাধিকারিদের ভোগ্য বিষয় কি দখীলদস্তাবেজ হউক, কি অংশমতে কি অন্যের স্থানে হস্তান্তরক্রমে কি প্রকারান্তরে কোন ইষ্টেটের উপর স্বত্বের কোন ধারাক্রমে যে জন কোন জমী কি ঘর দখল করেন কি তাহার খাজানা ও ভাড়া ও প্রাপ্তি পান তাঁহাকেও বুঝাইবে।

16. The word "Person" shall include any Corporation.

১৬ প্রকরণ। "লোক কি ব্যক্তি" এই শব্দেতে চার্টরপ্রাপ্ত সমাজকেও বুঝাইবে।

17. The word "Representatives" shall extend to any person who is a legal representative of a person deceased, and shall include, in the case of a deceased person, subject to the Law of England, the heirs or devisees of such a person, in regard to real estate, and the executors or administration of such person in regard to personal estate; and in the case of a deceased Mahomedan or Hindoo, the heirs and persons legally entitled to succeed to the property of such person.

১৭ প্রকরণ। "স্থলাভিষিক্ত" এই শব্দেতে যে কোন জন আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন তাঁহাকেও বুঝাইবে। ও ইঙ্গলণ্ডীয় আইনের অধীন লোক সম্বন্ধে তাঁহার স্থাবর সম্পত্তির বিষয়ে তাঁহার উত্তরাধিকারিদিগকে, কি নিয়মপত্রক্রমে তাঁহার সম্পত্তি যাঁহারদিগকে দেওয়া যায় তাঁহারদিগকে বুঝায়, ও অস্থাবর সম্পত্তির বিষয়ে ঐ লোকের অছিদিগকে কি আডমিনিষ্ট্রেটরদিগকে বুঝায়। ও মৃত মুসলমান কি হিন্দুর বিষয় হইলে তাঁহার যে উত্তরাধিকারিরা ও যে ব্যক্তিরা আইনমতে তাঁহার সম্পত্তি পাইবার স্বত্ববান হন তাঁহারদিগকেও বুঝাইবেক।

It shall also include the successors of a Corporation.

আরো চার্টরপ্রাপ্ত সমাজের উত্তরাধিকারিদিগকে বুঝাইবে।

18. The word "Company" shall extend to any Society, Association, Fraternity, or partnership of any kind whatever, of or carried on by more than six persons.

১৮ প্রকরণ। "কোম্পানি" এই শব্দেতে ছয় জনের অধিক লইয়া যে কোন সোসাইটি কি সমাজ কি সংসৃষ্টি কি যৌতার কর্ম্মকারি লোক থাকেন তাঁহারদের সকলকে বুঝাইবে।

19. The word "Trade" shall include any manufacture, and any business, adventure, or concern in the nature of a trade.

১৯ প্রকরণ। "বাণিজ্য" এই শব্দেতে কোন শিল্প দ্রব্য প্রস্তুত করিবার কর্ম্ম ও বাণিজ্য কার্য্যের ন্যায় কোন কার্য্য কি পরীক্ষাকার্য্য ব্যবসায়াদি কি কারবার বুঝাইবে।

20. The word "Profession" shall extend to any employment, vocation, or calling, other than a trade.

২০ প্রকরণ। "বিদ্যাব্যবসায়" এই শব্দ বাণিজ্য কার্য্যভিন্ন কোন কর্ম্মের কি কর্ম্মের কি পেশার উপর লাগে।

21. The word "Profits" shall include gains of every kind.

২১ প্রকরণ। "প্রাপ্তি" এই শব্দেতে কোন প্রকারের লভ্য বুঝাইবে।

22. The word "Lunatic" shall include every person of unsound mind, and every person being an idiot.

২২ প্রকরণ। "ক্ষেপা" এই শব্দেতে অপ্রকৃতমনা সকল লোককে ও জড় সকল লোককে বুঝাইবে।

23 The word "Oath" shall include an affirmation in the case of any person entitled by law to make any affirmation in lieu of any oath on affidavit.

২২ প্রকরণ। "শপথ কি হলফ" এই শব্দেতে কোন লোক আফিডেবিটে শপথের পরিবর্ত্তে আইনমতে ধর্ম্মতঃপ্রতিজ্ঞা করিতে পারিলে তাঁহারদের সেই ধর্ম্মতঃপ্রতিজ্ঞাও বুঝাইবে।

[Commencement and continuance of Act.]

[এই আইনের কার্য্য আরম্ভ হইবার ও চলন থাকিবার কথা।]

CCVII. This Act shall commence and take effect on the 1st day of May 1860, and together with the Duties therein contained, shall continue in force until the 1st day of May 1865, and no longer.

২০৭ ধারা। এই আইন ১৮৬০ সালের ১ মে তারিখ অবধি চলন হইয়া প্রবল হইবেক, ও তাহার লিখিত টীকস সমেত ১৮৬৫ সালের মে মাসের ১ তারিখপর্য্যন্ত চলন থাকিবে। তাহার অধিক কাল নহে।

[বঙ্গদেশে সেক্টে ১৮৬০ ২৬ জুন।]

4. The words "Local Government" shall mean the persons immediately administering the Executive Government in each Presidency, Lieutenant Governorship, or Province in India.

5. The expression "Lieutenant Governorship" shall mean any part of India for the time being under the Government or administration of any Governor ... not under, or by virtue respect to any deduction of the portion thereof, authorised by Law, to be relating to of any rent, interest, or other annual payment which shall become due or payable before the said last mentioned day; nor with respect to any penalty for refusing to allow any such deduction, although such refusal may be after the said last-mentioned day; nor shall the said Duties cease in any case where the assessments for the preceding year shall not have been completed before the said 1st of May 1865.

But all the powers and provisions of this Act shall continue in force, for making and completing all such assessments as aforesaid, and for levying and recovering the Duties so assessed or to be assessed, and all arrears of such Duties, and also for re-assessing the same in default of payment in the manner herein directed, and for making and allowing such deduction as aforesaid, and for the suing for, adjudging, and recovering any penalty which shall have been or may be incurred.

Form of Contract of Composition.

Whereas an assessment of the Duties on profits and gains, chargeable under Schedules I. and II. (or Schedule II.,) as the case may be, of Act No. of 1860, hath been duly made by two of the Commissioners for ( ) purposes, acting in the execution of the said Act, upon A B of in the sum of for the year ending on the day of 186 , and the said A B is desirous of compounding for the said Duties, as allowed by the said Act, for the term hereinafter mentioned;

We, the undersigned, two of the Commissioners for purposes, acting in the execution of the said Act, have, by virtue and in pursuance of the power and authority thereby given to us in this behalf, contracted and agreed with the said A B for a composition for the said Duties chargeable, or which may become chargeable upon him under the said Schedules I. and II. (or Schedule II.,) during the term of , to be computed from the day of and the following are the terms of such composition, that is to say—

The said A B, his heirs, executors, or administrators shall will and truly pay to for the purpose of Act of 1860, in each and every year of the said term the sum of , being the amount of the said assessment, to-

[*Government Gazette, 26th June, 1860.*]

৪ প্রকরণ। "স্থানবিশেষের গবর্ণমেণ্ট" এই শব্দেতে ভারতবর্ষের প্রত্যেক রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্ণরের এলাকার কি প্রদেশে যিনি সাক্ষাৎ কর্ত্তার কার্য্য করিতেছেন তাঁহাকে বুঝাইবে।

৫ প্রকরণ। "লেপ্টেনেণ্ট গবর্ণরের সাহেবের এলাকা" এই কথাতে ভারতবর্ষের যিনি রাজকীয় পারলিমেণ্টের কোন আইনমতে নিযুক্ত কোন লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনকর্তৃত্বের অধীনে ভারতবর্ষের সেইকা আইনমতে যান ... সেই সময়ে সেই ভূমির বিষয়ে, ও সেই প্রকারে বাদ দিবা... স্বীকার না হইলে, যদিও সেই স্বীকার ... লেখোক্ত তারিখের পরে হয় তথাপি স্বীকার না করাতে যে দণ্ড হয় তদ্বিষয়ে, এ আইন রহিত হইবে না। ও যদি কোন স্থলে পূর্ব্ব বৎসরের টাক্স ধার্য্য করিবার কার্য্য ১৮৬৫ সালের উক্ত ১ মে তারিখের পূর্ব্বে সাঙ্গ না হয়, তবে সেই স্থলে এ টাক্স রহিত হইবেক না।

কিন্তু পূর্ব্বোক্ত সকল টাক্স ধার্য্য করিবার ও তাহার কার্য্য সাঙ্গ করিবার জন্যে, ও সেই প্রকারের যে টাক্স তদ্রূপে ধার্য্য হইয়াছে কি হয় তাহা, ও এ টাক্সের সকল বাকী টাকা আদায় ও উসুল করিবার জন্যে, ও তাহা না দেওয়া গেলে এই আইনের লিখনমতে তাহা পুনরায় ধার্য্য করিবার জন্যে, ও পূর্ব্বোক্তমতে বাদ দেওয়ার জন্যে, ও সেই বাদ দেওয়ার অনুমতি দিবার জন্যে, ও যে কিছু জরীমানার টাকা দিতে হয় তাহা আদালতের নিমিত্তে নালিশ করিবার জন্যে ও তাহার হুকুম করিবার ও তাহা আদায় করিবার জন্যে, এই আইনের সকল শক্তি ও বিধান বলবৎ থাকিবে।

ফুরণ করিবার করারনামার পাঠ।

১৮৬০ সালের অমুক আইনের ১ ও ২ নম্বরের (কিম্বা বিশেষনির্দ্দেশে ২ নম্বরের) তফসীলমতে যে প্রাপ্তির ও লভ্যের উপর টাক্স বসান যাইতে পারে তাহার নিমিত্তে ঐ আইনের কার্য্যকারি ( ) কার্য্যের দুই জন কমিসানর, অমুকের উপর অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের নিমিত্তে, এত টাকা টাক্স উপযুক্তমতে ধার্য্য করিয়াছেন, আর উক্ত অমুক ঐ আইনের অনুমতিমতে নীচের লিখিত মিয়াদের নিমিত্তে ঐ টাক্স ফুরণ করিয়া দিতে ইচ্ছা করিয়াছেন।

অতএব ( ) কার্য্যের দুই জন কমিসানর আমরা ঐ আইনমতে কার্য্য করিয়া, এই কর্ম্মের নিমিত্তে ঐ আইনমতে যে শক্তি ও ক্ষমতা দেওয়া গেল তদনুসারে উক্ত অমুকের সঙ্গে উক্ত ১ ও ২ নম্বরের (কিম্বা ২ নম্বরের) তফসীলমতে যে টাক্স বসান যাইতে পারে কি পরে বসান যাইতে পারে, তাহার নিমিত্তে এত মিয়াদের জন্যে ফুরণের করার করিয়াছি। সেই মিয়াদ অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি আরম্ভ হইবেক। ঐ করারের নিয়ম এই, অর্থাৎ,

উক্ত অমুক কি তাঁহার উত্তরাধিকারিরা কি অভিধা কি কার্য্যনির্ব্বাহকেরা ১৮৬০ সালের অমুক আইনের কার্য্যের নিমিত্তে উক্ত ধার্য্যকর্ত্তা টাক্সের বাবতে ও তদতিরিক্ত উক্ত ধার্য্যকর্ত্তা টাক্সের যে (শত টাকায়) উপর এত টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ এত টাকা উক্ত পিয়াদের বৎসরের তিন মাসের চারি কিস্তী করিয়া অগ্র-

gether with an addition thereto, at and after the rate of for every of the sum assessed as aforesaid, by four equal quarterly instalments, *viz.* :—*First* instalment, on or before the day of , *Second* instalment, on or before the day of , *Third* instalment, on or before the day of , *Fourth* instalment, on or before the day of in each and every year of the term aforesaid. Provided always, that the instalments, now due and payable according to the tenor of this contract, shall be paid, together with the instalment, on or before the day of now next ensuing.

Dated this day of

(Signed)

Witness

Commissioners.

SCHEDULE V.

Form of an Oath or Affirmation to be taken by the Commissioners for the General Purposes of this Act; by the Commissioners for Special Purposes; by the Collector, and by the Members of a Punchayet or other persons appointed under the 11th Part of this Act to make assessments; acting in the execution of this Act, in respect of the Duties contained in Schedule II.

I, A B, do swear solemnly (or affirm, as the case may be,) as follows :—

[Oath for Commissioners, &c., in respect of Duties in Schedule II.]

1. I will truly, faithfully, impartially, and honestly, according to the best of my skill and knowledge, execute the powers and authorities vested in me as a Commissioner, &c., as the case may be, by Act No. of 1860, for imposing Duties on profits arising from property, profession, and trades.

2. I will exercise the powers entrusted to me by the said Act in such manner only as shall appear to me necessary for the due execution of the same, and I will judge and determine upon all matters and things which shall be brought before me under the said Act without favor, affection, or malice.

3 I will not disclose any particular contained in any Schedule or statement delivered with respect to any duties charged under the provisions and Regulations relating to Schedule II. of the said Act, or any evidence or answers given by any person who shall be examined, or shall make affidavit, deposition, or affirmation respecting the same, in pursuance of the said Act, excepting in such cases and to such persons only who shall be sworn to the due execution of this Act, and where it shall be necessary to disclose the same for the purpose of the said Act, or to the Chief Revenue Authority of (*name the Presidency, Lieutenant Governorship, or*

দে নিতান্ত দিবেন। অর্থাৎ প্রথম কিস্তী উক্ত মিয়াদের প্রত্যেক সনলাদের অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে ও দ্বিতীয় কিস্তী অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে ও তৃতীয় কিস্তী অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে ও চতুর্থ কিস্তী অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে দিবেন। পরন্তু অমুক কিস্তীর যে টাকা এইক্ষণে পাওনা হয় ও এই করারের মর্ম্মমতে দেনা হয় তাহা, ও অমুক কিস্তীর টাকা আগামি অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে দিতে হইবেক।

সাল মাং তাং।

ইসাদী। (দস্তখৎ।)

কমিস্যানর।

---

৫ নম্বরের তফসীল।

২ নম্বরের তফসীলের লিখিত টাক্সের বিষয়ে এই আইনমতের কার্য্যনির্ব্বাহক এই আইনের সাধারণ কার্য্যের কমিস্যানরেরদের, ও বিশেষ কার্য্যের কমিস্যানরেরদের, ও কালেক্টরের, ও এই আইনের ১১ খণ্ডমতে টাক্স ধার্য্য করিতে যে পঞ্চায়ত কি অন্য লোকেরা নিযুক্ত হন সেই লোকেরদের যে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতে হইবেক তাহা এই২।

[২ নম্বরের তফসীলের টাক্সের বিষয়ে কমিস্যানর-প্রভৃতির শপথ।]

আমি অমুক এই শপথ (কিম্বা বিষয়বিশেষে এই প্রতিজ্ঞা) ধর্ম্মতঃ করিতেছি।

১। সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও বাণিজ্যকার্য্য দ্বারা যে প্রাপ্তি হয় তাহার উপর টাক্স বসাইবার জন্যে ১৮৬০ সালের অমুক আইনমতে অমুক কার্য্যের কমিস্যানরস্বরূপে আমাকে যে শক্তি ও ক্ষমতা দেওয়া গিয়াছে তদনুসারে আমি সত্যভাবে ও বিশ্বস্তমতে ও বিনাপক্ষপাতে ও সরলভাবে আপনার বুদ্ধি ও জ্ঞানমতে কার্য্য করিব।

২। এই আইনমতের কার্য্য উপযুক্তরূপে করিবার জন্যে যেপর্য্যন্ত আমার বিবেচনায় আবশ্যক হয় কেবল সেইপর্য্যন্ত আমি এই আইনমতের দেওয়া শক্তিক্রমে কর্ম্ম করিব। ও সেই আইনমতে যে কোন বিষয় আমার সম্মুখে উপস্থিত করা যায় তাহার বিচার ও নিষ্পত্তি আমি পক্ষপাত ও স্নেহ ও ঈর্ষাবিনা করিব।

৩। ঐ আইনের ২ নম্বরের তফসীলের বিধি ও বিধানমতে যে কোন টাক্স বসান যাইতে পারে তাহার সম্পর্কীয় যে কোন তফসীল কি কৈফিয়ৎ দেওয়া যায় তাহার লিখিত কোন কথা আমি অন্যকে জানাইব না, ও সেই আইনঅনুসারে কোন লোক জোবানবন্দী দিবার সময়ে যে সাক্ষ্য কি প্রমাণ দেন কিম্বা তদ্বিষয়ে যে আফিডেবিট কি লিখিত জোবানবন্দী কি ধর্ম্মতঃপ্রতিজ্ঞা করেন তাহা অন্য কাহাকে জানাইব না। কেবল যাঁহারা এই আইনমতে উপযুক্তরূপে কার্য্য করিতে শপথ করিয়াছেন তাঁহারদিগকে ঐ কার্য্য করণসম্পর্কে জানাইব। ও যখন এই আইনের কার্য্যের নিমিত্তে তাহা প্রকাশ করা আবশ্যক হয় তখন, কিম্বা (অমুক স্থানের অর্থাৎ এই শপথকারি কমিস্যানরেরা কি লোকেরা যে রাজধানীতে কি

Province within which the Commissioners or persons taking the oath have been appointed to act) to or in the course of a prosecution for perjury committed in such examination, affidavit, deposition, or affirmation.

II. Form of Oath or Affirmation to be taken by an Assessor as aforesaid.

I (A B) do swear (or affirm) as follows :—

I. In the execution of Act No. of 1860 for

I will, in all respects, act and perform the duties of an Assessor diligently, honestly, and without favour, affection, or malice, to the best of my knowledge, belief, and abilities.

2. I will exercise the powers entrusted to me by the said Act in such manner only as shall appear to me to be necessary for the due execution of the same, or as I shall be directed by the Collectors of the District, or by the Chief Revenue Authority of (*name the Presidency, Lieutenant Governorship, or Province within which the Commissioners or persons taking the oath have been appointed to act*).

3. I will not disclose any particular contained in any Statement or Schedule, with respect to any Duties charged under the provisions and Regulations relating to Schedule II. of the said Act, or any evidence or answer given by any person who shall be examined, or shall make affidavit, deposition, or affirmation respecting the same in pursuance of the said Act, except in such cases and to such persons only who shall be sworn to the due execution of the said Act, and where it shall be necessary to disclose the same for the purposes of the said Act, or to the Commissioners of Stamps and Taxes, or in order to, or in the course of a prosecution for perjury committed in such examination, affidavit, deposition, or affirmation.

III. Form of Oath or Affirmation to be taken by the Collecting Officer and Officer for Receipt.

[Oath for Collecting Officers and Officers for Receipts.]

1. I, A B, do swear (or affirm), in the execution of Act of 1860, I will diligently and faithfully execute the office of (*Collecting Officer*) or (*Officer for Receipt*) to the best of my knowledge and ability.

2. I will not disclose any assessment, or the amount of any sum paid, or to be paid, by any

[*Government Gazette, 26th June,* 1860.]

যে লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এলাকায় কি প্রদেশে কার্য্য করিতে নিযুক্ত হইয়াছেন তাহার নাম লিখিতে হইবেক) রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে তাহা জানাইব, কিম্বা ঐ জোবানবন্দী দিবার সময়ে কি এ আফিডেবিটে কি লিখিত জোবানবন্দীতে কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাতে যদি মিথ্যা শপথের দোষ হয়, তবে তাহার নালিশ হইবার জন্যে কিম্বা তাহার বিচার হইবার জন্যে তাহা জানাইব।

২। পূর্ব্বোক্ত আসেসরের যে শপথ করিতে হইবেক তাহার পাঠ।

আমি অমুক শপথ (কি প্রতিজ্ঞা) করিয়া এই কথা কহিতেছি।

১। অমুক স্থানে ১৮৬০ সালের অমুক আইনমতে কার্য্য নির্ব্বাহ কালে, আমি আসেসরের কর্ম্ম সর্ব্বাংশে মনোযোগ করিয়া ও সরলভাবে ও পক্ষপাত কি স্নেহ কি ঈর্ষ্যা বিনা আপনার জ্ঞান ও বিশ্বাস ও সাধ্যমতে করিব ও নির্ব্বাহ করিব।

২। ঐ আইনমতের কর্ম্ম উপযুক্তরূপে করিবার জন্যে আমার যেপর্য্যন্ত আবশ্যক হয় কেবল সেইপর্য্যন্ত আমি ঐ আইনমতের দেওয়া ক্ষমতাক্রমে কার্য্য করিব, ও প্রদেশের কালেক্টরেরা, কিম্বা (অমুক স্থানের অর্থাৎ শপথকারি কমিসনরেরা কি যাহারা যে রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এলাকায় কি প্রদেশে কর্ম্ম করিতে নিযুক্ত হন তাহার) রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেব আমাকে যখন হুকুম করেন তখন সেই ক্ষমতামতে কার্য্য করিব।

৩। ঐ আইনের ২ নম্বরের তফসীলের বিধি ও বিধানমতে যে কোন টাক্স বসান যাইতে পারে তাহার সম্পর্কীয় যে কোন তফসীল কি রৈকিয়ৎ দেওয়া যায় তাহার লিখিত কোন কথা আমি কোন কাহাকে জানাইব না, ও সেই আইনমতে কোন লোক জোবানবন্দী দিবার সময়ে যে সাক্ষ্য কি প্রমাণ দেন, কিম্বা তদ্বিষয়ের যে আফিডেবিট কি লিখিত জোবানবন্দী কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করেন তাহা কোন কাহাকে জানাইব না। কেবল যাঁহারা এই আইনমতে উপযুক্তরূপে কার্য্য করিতে শপথ করিয়াছেন তাঁহারদিগকে ঐ কার্য্য করণের সম্পর্কে তাহা জানাইব, ও ঐ আইনমতের কার্য্য করিবার নিমিত্তে যখন আবশ্যক হয় তখন তাহা জানাইব, ও ইষ্টাম্পের ও টাক্সের কমিসনরদিগকে তাহা জানাইব, কিম্বা সেই জোবানবন্দী করিবার কালে ও আফিডেবিটে ও লিখিত জোবানবন্দীতে ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞাতে যদি মিথ্যাশপথের দোষ হয়, তবে তাহার নালিশ হইবার জন্যে কিম্বা তাহার বিচার হইবার জন্যে তাহা জানাইব।

৩। টাকা আদায় করিবার ও গ্রহণ করিবার কার্য্যকারকের যে শপথ কি প্রতিজ্ঞা করিতে হইবেক তাহার পাঠ।

[টাকা আদায় করিবার ও গ্রহণ করিবার কার্য্যকারকেরদের শপথ।]

১। আমি অমুক শপথ (কি প্রতিজ্ঞা) করিতেছি যে, ১৮৬০ সালের অমুক আইনমতে কার্য্য করিবার কালে আমি আপন জ্ঞান ও সাধ্যমতে টাকা (আদায় করিবার কি গ্রহণ করিবার) কার্য্যকারকের কর্ম্ম মনোযোগ করিয়া ও বিশ্বস্তমতে নির্ব্বাহ করিব।

২। ঐ আইনের ২ নম্বরের তফসীলের বিধি ও বিধানমতে যে কোন টাক্স বসান যায় তাহার সম্পর্কে

individual under the said Act, or the accounts or memoranda of assessment which shall be delivered to me in the execution of the said Act, with respect to any Duties charged under the provisions and Regulations relating to Schedule II. of the said Act, except in such cases and to such persons only who shall be sworn to the due execution of the said Act, and where it shall be necessary to disclose the same for the purpose of the said Act, or to the Commissioners of Stamps and Taxes, or in order to, or in the course of prosecutions for perjury committed in relation to the said Duties.

IV. Form of Oath or Affirmation to be taken by a Clerk to the Commissioners aforesaid.

I, A B, do swear (or affirm) as follows:—

1. I will diligently and faithfully execute the office of a Clerk to the Commissioners for General Purposes according to Act of 1860, to the best of my knowledge and judgment.

2. I will not disclose any particulars contained in any Statement, Declaration, or Schedule with respect to the Duties charged under the provisions and Regulations relating to Schedule II. of the said Act, or any evidence or answer given by any person who shall be examined, or that make affidavit, deposition, or affirmation respecting the same, except in such cases and to such persons only who shall be sworn to the due execution of the said Act, and where I shall be directed so to do by the Regulations of the said Act, or any two or more of the Commissioners under whom I act, or of the Chief Revenue Authority of the Presidency, Lieutenant Governorship, or Province, or in order to aid in the course of a prosecution for perjury committed on such examination, affidavit, deposition, or affirmation.

SCHEDULE VI.

Statements and Declarations.

I. By every owner or holder of lands or houses, tenements or hereditaments, throughout India, to be charged under Schedules I. and II.

A statement of the rent and annual value, or the annual value and profits, as the case shall require, derived during the preceding years, of all lands, houses, tenements, and hereditaments owned or held in every District, distinguishing the proportions in each District, and estimating separately such as are occupied as owner or tenant, and also such as are held under different landlords, and also such as are chargeable by the rent or annual value, or on the amount of profits, distinguishing the same as follows, *viz.*:—

উক্ত আইনমতে কোন লোকের উপর যত টাক্স ধার্য্য হইয়াছে, ও কোন লোক যত টাকা দিয়াছেন কি কোন লোকের যত টাকা দিতে হয় তাহা, ও ঐ আইনের কার্য্য নির্ব্বাহেতে টাক্সের ধার্য্যকর্ত্তা যে হিসাব কিতাবাদি আমাকে দেওয়া যায় তাহা আমি কোন তাহাকে জানাইব না। কেবল যাঁহারা ঐ আইনের কার্য্য উপযুক্তমতে করিতে শপথ করিয়াছেন তাঁহারদিগকে ঐ কার্য্য করণের সম্পর্কে তাহা জানাইব, ও ঐ আইনের কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে যখন আবশ্যক হয় তখন তাহা জানাইব, ও ইষ্টাম্পের ও টাক্সের কমিসানরদিগকে তাহা জানাইব, কিম্বা ঐ টাক্স সম্পর্কে যদি মিথ্যা শপথের দোষ হয়, তবে সেই দোষের নালিশ করিবার জন্যে কি তাহার বিচার করিবার জন্যে তাহা জানাইব।

IV. Form of Oath or Affirmation to be taken by a Clerk to the Commissioners aforesaid.

৪। পূর্ব্বোক্ত কমিসানরেরদের ক্লার্কের যে শপথ কি প্রতিজ্ঞা করিতে হইবেক তাহার পাঠ।

আমি অমুক এই শপথ (কি প্রতিজ্ঞা) করিতেছি। অর্থাৎ

১। ১৮৬০ সালের অমুক আইনানুসারে সাধারণ কার্য্যের কমিসানরেরদের ক্লার্কের কর্ম্ম আমি আপনার জ্ঞান ও বুদ্ধিসাধ্যমতে মনোযোগ করিয়া ও বিশ্বস্তমতে নির্ব্বাহ করিব।

The Government of Bengal, having under date, the 12th September 1859, No. 341, approved of a plan suggested by the Board for raising a Revenue by renting the Fisheries in all navigable rivers in this Presidency, I have the honor to request, that you will account for the demands, collections and balances thereof in your Quarterly and Annual Land Revenue returns under a separate head, styled "Fisheries" of which the proceeds are assigned to District improvements, and credit the collections to the same head in the body of your Treasury Accounts debiting the disbursements therefrom to the above head on bills passed by the Civil Auditor. A plus and minus memorandum in the usual form should be appended to your Treasury accounts.

(Signed) F. LUSHINGTON,
Acctt. Govt. of Bengal.

Fort William,
Office of Acctt., Govt. of Bengal,
The 22nd March, 1860.

No. 186

To the Magistrate of

Under the orders of the Government of Bengal, No. 721, dated 27th February 1860, I have the honor to request that you will open a separate Register in your Office for all fines imposed upon convicted prisoners in commutation of labor under the Provision of Regulation II. of 1834, and remit the amounts when realized under separate Chellans to the Collector of your district, with a request that he will credit them to "Convict Labor Fund" in his Treasury Accounts in the same manner as the Profits of Jail Manufactures, and add the amounts to the Memo. at foot with reference to these In-

---

সরকুলরে যে তারিখ লেখা আছে তাহার পর অনেক দিবস গেলে মাসের ফর্দ্দ পাঠান দিয়া থাকে।

৩। অতএব ইহার পরে যে মাসের যে ফর্দ্দ ঐ তাহার পর মাসের ১৪ তারিখপর্য্যন্ত ঐ ফর্দ্দ যদি পাঠান না যায়, তবে বিলম্ব হইবার কারণ ঐ ফর্দ্দের সঙ্গে লিখিয়া জানাইবা, আমার এই আদেশ। আর ঐ বিলম্বের হেতু যদি খাতিরজমামতে না জানান যায়, তবে গবর্ণমেণ্টে সেই কথার রিপোর্ট করা আমার কর্ত্তব্য কর্ম্ম জ্ঞান হইবেক, এই কথা তোমাকে জানাইতেছি।

৪। ত্রেজুরীর কার্য্যকারকেরদের স্থানে ঐ ত্রেজুরীর হিসাব ঠিক সময়মতে পাওয়া আবশ্যক। কারণ তাহা না পাইলে যে সকল রিটর্ণ ইঙ্গলণ্ডীয় ও এতদ্দেশীয় কার্য্যকারক সাহেবেরদের নিকটে পাঠাইতে হয় তাহা এই দপ্তরখানায় নিরূপিত সময়ে প্রস্তুত হইতে পারিবে না।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৬০ সাল ১৯ মার্চ।

১০২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই রাজধানীর যে সকল নদীতে নৌকাদি চলিতে পারে তাহাতে জলকরের দ্বারা রাজস্ব পাইবার যে পরামর্শ বোর্ড রেবিনিউর সাহেবেরা দিয়াছেন তাহাতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট ১৮৫৯ সালের ১২ সেপ্টেম্বর তারিখের ৩৪১ নম্বরের পত্রেতে সম্মতি জানাইয়াছেন। অতএব আমার আদেশ এই, তোমার তিন২ মাসের ও বৎসরের মালগুজারীর রিটর্ণে "জলকর" নামে পৃথক দফা করিয়া তাহাতে ঐ বাবতের দাবী ও ওয়াসীলবাকীর হিসাব লিখিবা। ঐ জলকর খরচ বাদে জিলার কার্য্য আরো উত্তম করিবার কর্ম্মে খরচ হইবে। তোমার ত্রেজুরীর খাতায় ঐ বাবতের আদায়করা টাকা জমা করিয়া তাহাহইতে যে খরচ হয় তাহার বিল সিবিল আডিটর সাহেব মঞ্জুর করিলে, সেই খরচ ঐ হিসাবে লিখিবা। জমাখরচের খোলাসা নিয়মিতরূপে লিখিয়া তোমার ত্রেজুরীর হিসাবের তলভাগে লিখিতে হইবে।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৬০ সাল ২২ মার্চ।

---

১৮৬ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৬০ সালের ফেব্রুআরি মাসের ২৭ তারিখের ৭২১ নম্বরের হুকুমমতে তোমাকে এই আদেশ হইতেছে। যে কয়েদীরদের দোষ সাব্যস্ত হইয়াছে তাহারদের পরিশ্রমের পরিবর্ত্তে যখন ১৮৩৪ সালের ২আইনের বিধানমতে জরীমানার হুকুম হয়, তখন তাহা লিখিবার জন্যে তুমি আপন দপ্তরখানায় পৃথক এক রেজিষ্টর কর। ও সেই জরীমানার টাকা আদায় হইলে, তাহা পৃথক চালান দিয়া আপন জিলার কালেক্টর সাহেবের নিকটে পাঠাও। ও তিনি জেলখানার প্রস্তুতকরা দ্রব্যের প্রাপ্তি যেরূপে আপন খাজানাখানার খাতায় জমা করিয়া থাকেন, সেইরূপে ঐ জরীমানার টাকাও "কয়েদীরদের পরিশ্রমের টাকার"

structions. No percentage will be allowed to your Jail Darogah on these amounts.

2nd. I beg, at the same time, to inform you that the rate of Commission payable to your Jail Darogah on the Profits of Jail Manufactures has been directed to be reduced from 25 to 15 per cent., from and after the 1st of May next.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Government of Bengal.

Fort William,
Office of Acctt., Govt. of Bengal,
The 23rd March, 1860.

No. 1030.

Forwarded to the Collector of Land Revenue, Lower Provinces.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt., Govt. of Bengal,
The 24th March, 1860.

No. 1031.

To the Collector of Land Revenue, Lower Provinces

I have the honor to inform you in continuation of the Circular Instructions of this Office No. 993, dated 14th March 1859, that on grants of money sanctioned by Government for the purposes of the Electric Telegraph Department being intimated to you from this Office, you can advance funds to the Officers of the Telegraph Department to the extent of the grant upon their receipts, although not countersigned by the Superintendent, Electric Telegraph. in India, and debit the payments in your Treasury Accounts under the Head of "Government of India" supported by the receipts as Vouchers.

(Signed) F. LUSHINGTON,
Accountant to the Government of Bengal.

Fort William,
Office of Acctt., Govt. of Bengal,
The 27th March, 1860.

No. 1033.

To the Collector of Land Revenue, Lower Provinces.

On the requisition of the Accountant General to the Government of Fort Saint George, I have the honor to request that, in the event of any of the Carnatic Stipendiaries of that Presidency, taking up their residence in your District, and applying to you for payment of their Stipends, you will make such payments on receiving intimation and a Descriptive Roll of the Payee from the Madras Accountant General. The first payment should be made on

হিসাবে জমা করেন. ও এই উপদেশের উপলক্ষে ঐ হিসাবের তলে যে খোলাসা লেখা যায় তাহাতে ঐ টাকাও লেখেন তাঁহাকে এই আদেশ করিবেন। জেলদারোগা শতকরার হারে যে টাকা পাইয়া থাকেন তাহা ঐ টাকার উপর পাইতে পারিবেন না।

২। এই সুযোগে তোমাকে জানাইতেছি যে, জেলখানার প্রস্তুতকরা দ্রব্যের প্রাপ্তির উপর জেলদারোগাকে যে হারে কমিসন দেওয়া যায় তাহা আগামি মে মাসের ১ তারিখঅবধি কম করা যাইবে অর্থাৎ শতকরা ২৫৲ টাকার হিসাবে না হইয়া ১৫৲ টাকার হিসাবে দিবার হুকুম হইয়াছে। এফ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৬০ সাল ২৩ মার্চ।

১০৩০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর কালেক্টর সাহেবের নিকটে পাঠান গেল।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৬০ সাল ২৪ মার্চ।

১০৩১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই দপ্তরখানার ১৮৫৯ সালের মার্চ মাসের ২৪ তারিখের ৯৯৩ নম্বরের সরকুলরের উপদেশের অতিরিক্ত তোমাকে এই কথা জানাইতেছি। ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টের কর্ম্মের নিমিত্তে টাকা দিতে গবর্ণমেণ্টের অনুমতি হইলে, তাহার কথা যখন এই দপ্তরখানাহইতে তোমাকে জানান যায় তখন টেলিগ্রাফ ডিপার্টমেণ্টের কার্য্যকারকেরদের রসীদ লইয়া যত টাকা দিবার অনুমতি হয় তত টাকাপর্য্যন্ত দিতে পারিবা, সেই রসীদে ভারতবর্ষের ইলেকট্রিক টেলিগ্রাফ ডিপার্টমেণ্টের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দস্তখৎ না থাকিলেও দিতে পারিবা। সেই টাকা তোমার খাজানাখানার খাতায় "ভারতবর্ষের গবর্ণমেণ্টের" হিসাবে খরচ লিখিবা, ও সেই টাকা দেওয়ার প্রমাণে ঐ রসীদ দিবা।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৬০ সাল ২৭ মার্চ।

১০৩৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

"মান্দ্রাজের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের আজ্ঞামতে আমার এই আদেশ। যদি ঐ রাজধানীর কর্ণাট দেশের মুশাহেরাদার কোন লোক তোমার জিলাতে গিয়া বাস করেন, ও আপনার মুশাহেরার টাকা তোমার স্থানে চাহেন, তবে মান্দ্রাজের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবহইতে সম্বাদ ও ঐ মুশাহেরাদারের ফর্দ্দিকা পাইলে, ঐ টাকা দিবা। প্রথমবার যখন দিবা, তখন ঐ মুশাহেরা দেওয়া যাইবার শেষ সার্টিফিকট দেখাইলে দিবা, ও সেই টাকা আপনার খাতায় খরচ লিখিবা, ও

production of a last Pay Certificate, and the debit in your Account supported by a Bill to be drawn by you, and audited by the Civil Auditor of this Presidency; the same voucher being furnished to this Office in support of debits for subsequent payments of these Stipends, which should be entered under the head of "Fort Saint George Presidency" in your Treasury Account.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt., Govt. of Bengal,
The 9th April, 1860.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 15.

Circular Memo.

The correspondence noted on the margin* is herewith forwarded, for the information and guidance of Revenue Officers.

By order of the Board of Revenue, L. P.

(Signed) R. T. TREVOR,
Secretary.

Fort William, the 30th March, 1860.

Circular of Sudder Nizamut Adawlut, dated 19th October, 1859, No 10, to the Criminal Authorities in the Lower and Extra-Regulation Provinces.

The Court promulgate for your information and guidance Copy of an opinion of the Advocate-General, as to whether European British Subjects can be compelled to give evidence in the Local Courts and punished for refusing to do so.

Opinion of Advocate-General, dated 16th June, 1859.

Question I.—1. I am of opinion that any Court of Justice in the Punjab, and its dependencies, which has power to commit to prison persons subject to its general jurisdiction, has also power to punish by fine, or by commitment to prison, European British Subjects who are required by it to give evidence, and who, without lawful excuse, refuse to do so.

2. I entertain this opinion, whether Act XXX. of 1841, relating to obstructions to justice, applies to the case of a refusal to give testimony or not. If it does apply, it is perfectly clear that the circumstance that the person guilty of the obstruction to justice is a European British Subject, does not

* Circular of Sudder Nizamut Adawlut, dated 19th October 1859. No 10, with annexure.

Board to Superintendent and Remembrancer of Legal Affairs, dated 28th ult. No. 17.

Superintendent and Remembrancer of Legal Affairs to Board, dated 13th Instant, No. 378.

তোমার লেখা হুণ্ডী এই রাজধানীর সিবিল আডিটর সাহেব আডিট করিলে তাহা ঐ খরচের প্রমাণ হইবে। তাহার পরে যতবার সেই প্রকারের মুশাহেরা দেও, ততবার ঐ খরচের সেই প্রমাণপত্র এই সহরখানায় পাঠাইবা। ঐ খরচ তোমার হাজিরাখাতার খাতায় "মাদ্রাজ রাজধানীর" হিসাবে লিখিতে হইবেক।

এজবর্শিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্টের।

কোর্ট উলিয়ম।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের সহরখানা।

১৮৬০ সাল ৯ আপ্রিল।

JOHN ROBINSON, *Bengales Translator.*

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২৫ নম্বর।

নীচের লিখিত * কাগজপত্র মালগুজারীর কার্য্যকারকেরদের জানিবার নিমিত্তে ও তাঁহারদের উপদেশের জন্যে ইহার সঙ্গে পাঠান যাইতেছে।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমমতে।

ই ছি টুবর। সেক্রেটারী।

কোর্ট উলিয়ম।

১৮৬০ সাল ৩০ মার্চ।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেবেরদের নিকটে সদর নিজামৎ আদালতের ১৮৫৯ সালের ২৯ অক্টোবর তারিখের ১০ নম্বরের সরক্যুলর।

স্বামবিশেষের আদালতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের সাক্ষ্য বলপূর্ব্বক লওয়া যাইতে পারিবেক কি না ও তাঁহারা সাক্ষ্য দিতে স্বীকার না করিলে তাঁহারদের দণ্ড হইতে পারিবেক কি না এই বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেব যে মত প্রকাশ করিয়াছেন তাহার সকল তোমার জানিবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে সদর আদালতের সাহেবেরা প্রকাশ করিতেছেন।

শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের ১৮৫৯ সালের ১৬ জুন তারিখের রায়।

প্রথম প্রশ্ন।—১। পঞ্জাবের ও তাহার সীমাস্থ স্থানের কোন আদালত আপনার সাধারণ এলাকার মধ্যের লোকদিগকে যদি তলব করিতে ক্ষমতাপন্ন হন, তবে সেই আদালতের এই ক্ষমতাও আছে যে, ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকে সাক্ষ্য দিতে তলব করিলে যদি তাঁহারা উপযুক্ত ওজর না থাকিতেও স্বীকার না করেন, তবে তাঁহারদিগের জরীমানা করিতে কিম্বা করেদ করিতেও পারেন। আমার এই বিবেচনা।

২। যথার্থ বিচারের বাধাজনক কার্য্যের বিষয়ে ১৮৪১ সালের যে ৩০ আইন হইয়াছে তাহা সাক্ষ্য দিতে স্বীকার না করার বিষয়ে যদি খাটে কি না খাটে তবু আমার এ মত। যদি খাটে, তবে যে জন যথার্থ বিচারের বাধা করেন তিনি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হওয়াতে, তাঁহার ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইবার

* সদর নিজামৎ আদালতের ১৮৫৯ সালের ১৯ অক্টোবরের ১০ নম্বরের পত্র ও তাহার সঙ্গে প্রেরিত পত্র। ও সরকারী মোকদ্দমার প্রযোজক ও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নামে বোর্ডের সাহেবেরদের গত মাসের ২৮ তারিখের ১৭ নম্বরের পত্র। ও বোর্ডের নামে সরকারী মোকদ্দমার প্রযোজক ও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের বর্ত্তমান মাসের ১৩ তারিখের ৩৭৮ নম্বরের পত্র।

exempt him from punishment by fine not exceeding 200 Rupees, and in default of payment by imprisonment for a period not exceeding one month. Indeed, the whole of Section I. of the Act is framed upon the assumption that a person subject to the jurisdiction of the Supreme Court is liable to summary punishment under the Act.

3. If the Act does not apply to such a case, I am still of opinion, upon general principles, that a Court in the Punjab or other Provinces of British India similarly situated, has the power of visiting with fine and imprisonment the contempt of its authority manifested by an obstinate refusal to give evidence, whatever may be the country and the status of the witness, provided the Court be one having the power of committing to custody persons subject to its jurisdiction. Such a power is, according to the principles of English Law, inherent to every Court of Record, whether the person guilty of the contempt be subject to its general jurisdiction or not; and to constitute a Court of Record it is only necessary that the Court should be one having power to award imprisonment. These principles do not rest upon any technical rule peculiar to English Law, but upon the necessity of arming all Courts of sufficient importance to have the power of imprisonment entrusted to them, with adequate powers to protect themselves against contempt and obstruction of their proceedings; and there seems to be no valid reason why they should not apply to the Courts of this country, where no Regulation or Act prescribes a different course, as to the Queen's Courts at home.

4. These considerations would probably have led me to a different conclusion, as to the power even of the Courts of the Bengal Presidency and its dependencies, from that arrived at by my predecessor in the opinion set out in the Circular Order of 1st February 1854, and which, I need scarcely say, is entitled to great weight: but although, in that case, I should have hesitated much in advising that any Court should act upon my view in preference to his, I am clearly of opinion that there is no legal principle upon which a European British Subject, refusing to give evidence in a Court in the Punjab or its dependencies, or in any Province not annexed to any of the Presidencies, can be exempted from the summary process of fine and imprisonment for his contempt of Court, to which all other witnesses are subject.

Question II.—5. Whether the Act of 1841, does or does not apply to a mere refusal to give evidence, unaccompanied by any words or conduct disrespectful or contemptuous in themselves, is an extremely doubtful question. I incline however to think, that although, in addition to the words "using menacing gestures, or expressions," the words "or otherwise obstructing justice," are used, these latter words only apply to

আইন নাই। ও সেই জরীমানার টাকা না দিলে তাঁহার এক মাসপর্য্যন্ত কয়েদ হইবার আইন নাই, ইহা নিতান্ত স্পষ্ট দেখা যাইতেছে। ফলতঃ ঐ আইনানুসারে সুপ্রিম কোর্টের এলাকার অধীন ব্যক্তিদের জরীমানা হইতে পারে এই ভাব লক্ষ করিয়া ঐ আইনের ১ ধারার সমুদয় কথা লেখা হইয়াছে।

৩। ঐ আইন যদি এমন স্থলে না খাটে, তথাপি সাধারণ নিয়মানুসারে আমার ঐ মত হয়, অর্থাৎ সাক্ষী যে কোন দেশের কি যে শ্রেণীর লোক হউন, যদি আদালতহইতে আজ্ঞা পাইয়া সাক্ষ্য দিতে জেদ করিয়া স্বীকার না করাতে আদালতের ক্ষমতা তুচ্ছ করেন, তবে পঞ্জাবের আদালত হউক কিম্বা ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে তদ্রূপ অবস্থার অন্য কোন প্রদেশের আদালত হউক, সেই আদালত ঐ ব্যক্তির জরীমানা কি কয়েদ করিতে পারিবেন, কেবল ইহাতে প্রয়োজন যে আপন এলাকার অধীন ব্যক্তিরদিগকে কয়েদ করিবার ক্ষমতাপন্ন আদালত হন। ইঙ্গলণ্ডীয় আইনের মূল নিয়মানুসারে রিকার্ডের আদালত হইলেই সেই ক্ষমতা থাকে, ও যে জন অবজ্ঞার দোষী হন তিনি সেই আদালতের সাধারণ এলাকার অধীন ব্যক্তি হউন কি না হউন ঐ আদালতের সেই ক্ষমতা থাকে। রিকার্ডের আদালত হইবার জন্যে এইমাত্র প্রয়োজন যে ঐ আদালতের কয়েদ করিবার ক্ষমতা থাকে। কেবল ইঙ্গলণ্ডীয় আইনসম্পর্কীয় কোন বিশেষ বিধি থাকাপ্রযুক্ত এই মূল নিয়ম হয় তাহা নয়, ফলতঃ গুরুতর বলিয়া যে সকল আদালতের প্রতি কয়েদ করিবার ক্ষমতা দেওয়া যায় সেই সকল আদালতের অবজ্ঞা না হয় ও কার্য্যের বাধা না হয় ইহার উপযুক্ত ক্ষমতা প্রদান করা আবশ্যক এইপ্রযুক্ত ঐ মূল নিয়ম হইয়াছে। আর যদি কোন আইনেতে কি আক্টেতে রূপান্তর বিধি না থাকে, তবে সেই নিয়ম ইঙ্গলণ্ডে মহারাণীর আদালতে যেমন খাটে তেমনি এই দেশের সকল আদালতেও না খাটে ইহার কোন মাতবর কারণ দৃষ্ট হয় না।

৪। আমার পূর্ব্বে যিনি আডবোকেট জেনরল ছিলেন তিনি বাঙ্গলা রাজধানীর ও তাঁহার মোতালক স্থানের আদালতের ক্ষমতার বিষয়ে ১৮৫৪ সালের ১ ফেব্রুআরি তারিখের সরক্যুলর অর্ডরে আপনার যে মত প্রকাশ করিয়াছিলেন তাহা নিতান্ত গুরুতর বটে, ইহা আমার লেখা অতিরিক্ত, তথাপি, আমার পূর্ব্ব লিখিত অভিপ্রায়অনুসারে বুঝি, তাঁহার মতে আমার সম্পূর্ণ সম্মতি হইত না। এমন স্থলে তাঁহার মত অগ্রাহ্য করিয়া আমারই মতানুসারে কোন আদালতের কর্ম্ম করা উচিত এমন পরামর্শ দিতে যদিও আমার অনিচ্ছা হইত বটে, তথাপি পঞ্জাবের কিম্বা তাহার মোতালক স্থানের, কিম্বা কোন রাজধানীর মোতালক নয় এমত কোন প্রদেশের কোন আদালতে, অন্য সাক্ষিরা প্রমাণ দিতে স্বীকার না করিলে যদি আদালতের অবজ্ঞা দোষপ্রযুক্ত তাহারদের জরীমানা কি কয়েদ সরাসরী হুকুমমতে হইতে পারে, তবে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হওয়াতে সেই দোষ করিলে সেই দণ্ডহইতে মুক্ত হইবে কোন আইনমতের এমত নিয়ম নাই, এই আমার নিতান্ত জ্ঞান হয়।

দ্বিতীয় প্রশ্ন—৫। অনাদর কি অবজ্ঞাসূচক কোন কথা না কহিয়া কিম্বা কোন কর্ম্ম না করিয়া মাত্র সাক্ষ্য দিতে স্বীকার না করিলে ১৮৪১ সালের আইনের কথা খাটে কি না ইহার অত্যন্ত সন্দেহ হইতে পারে বটে। ঐ আইনেতে "কর ভর্ৎসনের অঙ্গভঙ্গীর কিম্বা কথার দ্বারা" এই শব্দ ছাড়া "অথবা অন্য প্রকারে যথার্থ বিচারের বাধা জন্মায়" এই কথা যদিও লেখা আছে, তথাপি বোধ করি এই শেষ কথা কেবল পূর্ব্ব নির্দ্দিষ্ট

obstructions of the same nature as those specified, i.e. rather to obstructions of a physical or active kind to the Court proceeding with its business generally, than to the obstruction to the due course of justice in a particular case by reason of the witness not giving evidence. Had the case rested on the words of the Act alone, I should have thought that the Act might fairly be held to apply to a deliberate and unauthorized refusal by a witness in Court to give evidence, when called on by the Court itself to do so. For the words used in this and the following Section might be satisfied by supposing them to apply to all obstructions of justice committed in the face of the Court, and thereby interrupting the due course of its regular business, as distinguished from a contempt committed out of Court, such as a refusal to attend upon a summons, or the use of disrespectful words towards the Court beyond its precincts.

6. But on looking at the state of the Law which the Act intended to remedy, I think it clear that in the Regulations "obstruction to justice and contempt of Court," had been treated as offences quite distinct from the refusal of a witness to give evidence. Thus, Regulation IV. of 1793, Section 6, and Regulation L. of 1803, Section 2, Clause 2, which prescribe the punishment for refusal to give evidence, are left unrepealed by the Act of 1853, while Regulation XXIII. of 1814, Section 42, and Regulation XII. of 1825, Section 6, which relate to contempts of Court and obstruction of a different kind, and which themselves had been substituted for earlier provisions empowering the Magistrate to visit such contempts or obstruction with stripes or imprisonment, are expressly repealed by the Act of 1841. The recital, too, that sufficient provision is not made for repressing obstruction to justice, appears to point to such obstructions as were dealt with in the Regulation repealed as insufficient, or not dealt with in any Regulation, rather than to a totally different kind of obstruction for which an adequate means of repression were provided by Regulations which the Act left untouched.

7. If, therefore, the power of the Court to fine and commit European British Subjects rested upon the Act alone, I should have thought that no such legal power existed. But as I have a strong opinion that the power exists in Non-Regulation Provinces independently of the Act, I do not hesitate to advise that in any case in which a European British Subject wilfully refused to give evidence before a Court in the Punjab or in any unannexed Non-Regulation Province having general power to imprison, the Court should proceed to fine him in a sum not exceeding Co.'s Rs. 200, the sum provided by the Act, and in default of payment to order him to be imprisoned for a period not exceeding one

[*Government Gazette*, 3rd *July*, 1860.]

প্রকারের বাধার উপর খাটে, অর্থাৎ সাক্ষির সাক্ষ্য না দেওয়াতে মোকদ্দমাবিশেষে উপযুক্ত ধারামতে যথার্থ বিচার হইবার বাধার উপর ঐ কথা তাদৃশ না খাটিয়া, বরং আদালতের সাধারণ কর্ম্ম চলিতেছে এমন সময়ে হাত পা চালাওনের দ্বারা কি কোন কর্ম্ম দ্বারা যে বাধা হয় তাহার উপর খাটে। এই বিষয় যদি কেবল আইনের কথামতে নির্ণয় করিতে হইত, তবে আদালত আপনি কোন সাক্ষিকে সাক্ষ্য দিতে আজ্ঞা করিলে সেই সাক্ষী পূর্ব্বে কল্পনা করিয়া সাক্ষ্য দিতে স্বীকার না করিবার ক্ষমতা না থাকিলেও, স্বীকার করে না এমন স্থলে ঐ আইন মান্যমতে খাটে, আমার এই বিবেচনা হইত। কেননা সময় হইলে আদালতে উপস্থিত হইতে স্বীকার না করা কিম্বা আদালতের বাহিরে থাকিয়া আদালতের অনাদরসূচক কথা উচ্চারণ করাপ্রভৃতি আদালতের বাহিরে এমত অবজ্ঞা দোষ ভিন্ন, আদালতের ভিতরে যথার্থ বিচারের যে সকল বাধা হইয়া তাহার নিয়মিত কার্য্যের উপযুক্ত ক্রমের ভঙ্গ হয় এমত সকল কার্য্যের উপর খাটে জ্ঞান করিলে, ঐ আইনের ১ ও ২ ধারার কথার উপযুক্ত অর্থ করা হয়।

৬। কিন্তু আইনের যে অপ্রচুরতার প্রতিকার করিবার আশাতে এ আক্ট জারী হইয়াছিল তাহা বিবেচনা করিলে বোধ হয়, সকল আইনেতে "যথার্থ বিচারের বাধা ও আদালতের অবজ্ঞা" দোষ, সাক্ষির প্রমাণ দিতে স্বীকার না করার দোষহইতে ভিন্ন বলিয়া উল্লেখ হইয়াছে। ফলতঃ ১৭৯৩ সালের ৪ আইনের ৬ ধারাতে ও ১৮০৩ সালের ৫০ আইনের ২ ধারার ২ প্রকরণে সাক্ষ্য দিতে স্বীকার না করার দণ্ড নিরূপণ হইয়াছে, কিন্তু তাহা ১৮৫৩ সালের আইনেতে রদ হয় নাই। ১৮১৪ সালের পূর্ব্বের কোন২ বিধিমতে আদালতের অবজ্ঞা কিম্বা ভিন্ন প্রকারে যথার্থ বিচারের বাধা হইলে মাজিষ্ট্রেট সাহেবের বেত মারিবার কিম্বা কয়েদ করিবার ক্ষমতা ছিল। তাহার পরিবর্ত্তে ঐ প্রকারের অবজ্ঞার কি বাধার বিষয়ে ১৮১৪ সালের ২৩ আইনের ৪২ ধারা ও ১৮২৫ সালের ১২ আইনের ৬ ধারা জারী হইয়াছিল, কিন্তু সেই ধারা ১৮৪১ সালের আক্টেতে স্পষ্টরূপে রদ হইয়াছে। ও সেই আক্টের হেতুবাদে লেখা আছে যে, যথার্থ বিচারের বাধা করা নিবারণ করিবার প্রচুর বিধান হয় নাই,। ইহাতে বোধ হয় অপ্রচুর বলিয়া যে আইন রদ হইয়াছে, সেই আইনেতে যে বাধার কথার উল্লেখ হইয়াছে, কিম্বা যে বাধার উল্লেখ কোন আইনেতে হয় নাই, সেই প্রকারের বাধা ঐ ১৮৪১ সালের আক্টেতে লক্ষ হইয়াছে, ও সেই আক্টেতে অন্য যে২ আইন রদ হয় নাই সেই২ আইনেতে ভিন্ন প্রকারের যে বাধা নিবারণ করিবার উপযুক্ত উপায় হইয়াছিল সেই প্রকারের বাধা তাহাতে লক্ষ হয় নাই।

৭। ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের জরীমানা ও কয়েদ করিতে আদালতের ঐ ক্ষমতা যদি কেবল ১৮৪১ সালের আক্টমতে হইতে পারিত, তবে আইনমতে সেই প্রকারের কোন ক্ষমতা নাই আমার এইরূপ বিবেচনা হইত। কিন্তু সেই আইনছাড়া ঐ ক্ষমতা আইনবহির্ভূত প্রদেশে আছে আমার এই দৃঢ় মত আছে এই কারণে আমি অবাধিতরূপে এই পরামর্শ দিতেছি। পঞ্জাব দেশের কোন আদালতের কিম্বা আইনবহির্ভূত যে কোন প্রদেশ সেই বিশেষ রাজধানীর মেতালফকরা যায় নাই তাহার যে কোন আদালতের কয়েদ করিবার সাধারণ ক্ষমতা থাকে এমত আদালতে যদি কোন ইউরোপীয় ব্রিটনীয় প্রজা জানিয়াশুনিয়া সাক্ষ্য দিতে স্বীকার না করেন, তবে সেই আদালত ঐ আইনের নিরূপিতমতে ২০৯ টাকাপর্য্যন্ত তাঁহার জরীমানা

month. The limits of punishment prescribe by the Act should not, in any case, be exceeded. If the Act applies, it would be illegal to go beyond them, and even if it does not apply, it affords a criterion of the extent of fine and imprisonment which the Legislature thought reasonable. In cases where the party recusant is a rich man to whom the fine of Rs. 200 will not be an adequate punishment, and it is thought worth while to proceed against him in the Supreme Court, it will be better to prefer charge before a Justice of the Peace for refusing to give evidence, and such Justice can hold him to bail to take his trial in the Supreme Court.

Question III.—8. Under the Act of 1853, a European British Subject who refuses to give his evidence in a Civil Court, is, I think, liable to the penalties prescribed by Section 24 to the same extent as any other witness. But that Law only applies to Civil Courts of the Presidency of Fort William in Bengal, and having been passed subsequently to the annexation of the Punjab, cannot be considered as in force in that Province or its depeudencies. The main features in which its provisions differ on this head from those of Act XXX. of 1841 are, that the power to fine is extended to Rupees 500 realizable from the witness's property, but such fine is not commutable to imprisonment: and the power to imprison is given until the witness shall consent to give his evidence instead of for a time certain, i. e. one month, on nonpayment of the fine. The English Law does not, in the absence of express legislative authority, recognize this power of indefinite imprisonment, but requires that a time certain should be specified in the commitment in such cases. It will not be safe, under these circumstances, to adopt the course prescribed by the Act of 1853, against European British Subjects refusing to give evidence in Civil Courts in the Punjab. But in all Courts, both Civil and Criminal, it will be safer to adopt the measure of punishment prescribed by Act XXX. of 1841, as the extreme limit in such cases. It will be open to the Court that commits a witness, in default of payment of the fine imposed, to order his release befor the expiration of the month or of any shorter period of imprisonment to which it may have sentenced him, on his consenting to give his evidence.

9. I observe that this is the course which has actually been adopted in regard to witnesses generally by the Forms of Civil Procedure for the Punjab proposed by the Judicial Commissioner. See Section 1, Clause 12, and Section 2, Clause 4, wherein the refusal is properly treated on the footing of a

করেন, ও তিনি সেই জরীমানার টাকা না দিলে তাঁহার এক মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম করেন। ঐ আইনে দণ্ডের যে সীমা নিরূপণ হইয়াছে তাহার অধিক কোন স্থলে না করেন। কলতঃ ঐ আইন যদি এমন স্থলে খাটে, তবে অধিক দণ্ডকরা বোধ হয় না। ও যদি না খাটে. তবু ব্যবস্থাপক সাহেবেরা যত টাকা জরীমানা ও যত কালের কয়েদ উপযুক্ত জ্ঞান করিলেন তাহা সেই আইনে বুঝা যায়। যে জন সাক্ষ্য দিতে অস্বীকার করেন তিনি ধনাঢ্য লোক হওয়াতে যদি ২০৭ টাকা জরীমানা অত্যল্প দণ্ড জ্ঞান হয়, ও তাঁহার নামে যদি সুপ্রিম কোর্টে নালিশ করা উচিত জ্ঞান হয়, তবে সাক্ষ্য দিতে স্বীকার না করিবার দোষে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে তাঁহার নামে নালিশ হইতে পারিবেক, ও সেই জুষ্টিস তাঁহার বিচার হইবার নিমিত্তে সুপ্রিম কোর্ট তাঁহার হাজির হইবার জামিন লইতে পারিবেন।

তৃতীয় প্রশ্ন।—৮। ১৮৫৩ সালের আইনমতে যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা দেওয়ানী আদালতে সাক্ষ্য দিতে স্বীকার না করেন, তবে অন্য কোন সাক্ষির যেমন দণ্ড হইতে পারে তেমনি বোধ করি ঐ ব্রিটনীয় প্রজারও ঐ আইনের ২৪ ধারায় নির্দ্দিষ্ট দণ্ড হইতে পারে। কিন্তু সেই আইন কেবল বাঙ্গলা দেশের সুপ্রিম উলিয়ম রাজধানীর অধীন দেওয়ানী আদালতে খাটে ও পঞ্জাব দেশ ইঙ্গলণ্ডীয়েরদের অধিকার করণের পরে জারী হইয়াছিল, অতএব সেই প্রদেশে কি তাহার মোতালক স্থানে চলন আছে এমত জ্ঞান হইতে পারিবেক না। উল্লিখিত বিষয়ে ঐ আইনের বিধানমতে ও ১৮৪১ সালের ৩০ আইনের বিধানমতে প্রধান এই২ বিশেষ হয়, অর্থাৎ ঐ আইনমতে ৫০০ টাকাপর্য্যন্ত জরীমানা করিবার ক্ষমতা আছে, সেই টাকা সাক্ষিরদের সম্পত্তি বিক্রয় করিয়া আদায় হইতে পারে কিন্তু জরীমানার পরিবর্ত্তে কয়েদ হইতে পারে না। আরও ১৮৪১ সালের আইনমতে জরীমানার টাকা না দেওয়া গেলে এক মাস নিরূপিত মিয়াদপর্য্যন্ত কয়েদ হইতে পারে ও ১৮৫৩ সালের আইনমতে সেই সাক্ষী যত কাল সাক্ষ্য দিতে স্বীকার না করে তত কাল তাহাকে কয়েদ করিবার ক্ষমতা দেওয়া গেল। ব্যবস্থাপক সাহেবেরদের করা বিশেষ আইন না থাকিলে, অনিরূপিত কালপর্য্যন্ত কয়েদ করিবার ঐ ক্ষমতা ইঙ্গলণ্ডীয় আইনেতে গ্রাহ্য হয় না, তদ্রূপ স্থলে কয়েদ করিবার পরওয়ানাতে নিশ্চিত কোন সময় নিরূপণ করা আবশ্যক। এইপ্রযুক্ত ইউরোপীয় ব্রিটনীয় প্রজারা পঞ্জাবের দেওয়ানী আদালতে সাক্ষ্য দিতে স্বীকার না করিলে, তাঁহারদিগকে লইয়া ১৮৫৩ সালের আইনের নির্দ্দিষ্ট নিয়মমতে কার্য্য করা নিরাপদে হয় না। কিন্তু ১৮৪১ সালের ৩০ আইনে যত দণ্ড নিরূপণ হইয়াছে দেওয়ানী ও ফৌজদারী সকল আদালতে সেই সীমার দণ্ড ধার্য্যকরা ভাল হয় কোন স্থলে তাহার অধিক না হয়। যে জরীমানার হুকুম হইল তাহা না দেওয়া গেলে যদি আদালত সাক্ষিকে কয়েদ করেন, তবে সাক্ষ্য দিতে স্বীকার করিলে সেই এক মাস কিম্বা তাহার কম যত কাল আদালত তাহার কয়েদ হইবার হুকুম করিয়া থাকিবেন তাহা না ফুরাইলেও, আদালত তাহার মুক্ত হইবার হুকুম করিতে পারিবেন।

৯। পঞ্জাবে দেওয়ানী লোকদমার কার্য্য চালাইবার যে নিয়ম জুডিশিয়ল কমিশনর সাহেব প্রস্তাব করেন তাহাতে সর্ব্ব সাধারণ সাক্ষিরদের বিষয়ে উক্ত কথামতে কার্য্য হইয়াছে বটে ইহা দেখিতে পাই। ঐ বিষয়ের ১ ধারার ১২ প্রকরণে ও ২ ধারার ৪ প্রকরণে সাক্ষ্য দিতে স্বীকার না করা অবজ্ঞার তুল্য জ্ঞান হই-

contempt. I consider that the rule thus prescribed is a perfectly proper one, and that it did not require the express authority of the Legislature to warrant it. If, therefore, it has been adopted in the Punjab with respect to any one class of witnesses, it should also be applied, I think, to all classes of witnesses alike, including European British Subjects, until the new Law of Civil Procedure, Act VIII. of 1859, which contains a clause providing for the refusal of a witness to give evidence, Section 169, is extended to the Punjab by the Governor General in Council.

Question IV.—10. The right of a Justice of the Peace to fine or imprison a witness who refuses to answer has been doubted, but on the whole, I think, the better opinion is, that a Justice, while acting judicially and not merely ministerially, has the power. He should, however, be very guarded in his exercise of it, and should not, in any case, I think, impose a fine or a period of imprisonment beyond the limits prescribed for the inferior Criminal Courts established by the E. I. Company.

Question V.—11. I do not think that any exemption can be claimed from any of the above penalties, by reason of the European British Subject being a Soldier, either in Her Majesty's Service generally, or Her Majesty's Indian Force, except perhaps in the single case of a fine imposed by a Justice of the Peace as afterwards mentioned; but Soldiers are exempt from imprisonment by the Civil Courts for all debts not exceeding 300 Rupees, and for other matters enumerated in the 52nd Section of the Annual Mutiny Act, and in the 58th Section of the Indian Mutiny Act. But from the grounds of exemption "any charge" of felony or misdemeanor, or any crime or offence other than the misdemeanor of refusing to comply with an order of justice for the payment of money, are excepted. Now, I think, the refusing to give evidence is a misdemeanor or offence within the meaning of this Clause, and that therefore a Soldier cannot plead his exemption from liability to imprisonment under this provision where the Court sentence him for such refusal. I doubt whether even in the case of an order made by a Justice of the Peace to pay a fine, or in default to be imprisoned for the offence, a Soldier would be absolutely entitled to the exemption; but as the Justice of the Peace has power to commit to prison for contempt, without imposing the alternative penalty of a fine, I think a Justice of the Peace should, if the case be a flagrant one of wilful refusal to give material evidence, commit the witness, when a European British Soldier, without imposing any fine.

[*Government Gazette, 3rd July*, 1860.]

যাহে, ইহা উপযুক্ত বটে। ঐ প্রকারে যে বিধি স্থির হইয়াছে তাহা আমি বিবাহ উপযুক্ত বিধি জ্ঞান করি, ও তাহা দৃঢ় করিবার জন্যে ব্যবস্থাপক সাহেবদের নূতন আইনের প্রয়োজন ছিল না। দেওয়ানী আদালতের কার্য্য করিবার নূতন আইন অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইনমতে সাক্ষী সাক্ষ্য দিতে স্বীকার না করিলে তাহার বিষয়ে ১৬৯ ধারাতে আছে, ও সেই আইন হজুর কৌন্সেলে শ্রীযুত পক্সমন্ত্র সেমরল যাহা-দূর যাবৎ পঞ্জাবে না চালায়, তাবৎ পূর্ব্ব লিখিত নিয়ম যদি পঞ্জাবে মাজিস্ত্রেদের কোন এক শ্রেণীর উপর চলন হইয়াছে, তবে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকেও লইয়া সকল প্রকারের মাজিস্ত্র উপর চলন করিতে হয়।

চতুর্থ প্রশ্ন।—১০। যে সাক্ষী জওয়াব দিতে স্বীকার না করে তাহার জরীমানা কি কয়েদ করিতে জুষ্টিস অফ দি পীস সাহেবের ক্ষমতা আছে কি না এই কথার কিছু সন্দেহ হইয়াছে। কিন্তু সেই জুষ্টিস সাহেব যখন কেবল কার্য্যকারকরূপে কর্ম্ম করিতেছেন তখন তাঁহার সেই ক্ষমতা নাই, যখন বিচারকর্ত্তারূপে কর্ম্ম করিতেছেন তখন তাঁহার সেই ক্ষমতা আছে এই মত আমার বিবেচনাতে উত্তম। কিন্তু সেই ক্ষমতামতে তাঁহার অত্যন্ত সতর্ক হইয়া কর্ম্ম করা উচিত, ও আমি বোধ করি কোম্পানি বাহাদুরের স্থাপিত অধস্থ ফৌজদারী আদালত যত টাকা জরীমানা কি যত কাল কয়েদ করিতে পারেন তাহার অধিক তাঁহার করা উচিত নয়।

৫ পঞ্চম প্রশ্ন।—১১। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা সাধারণমতে শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনের সৈন্য আছেন বলিয়া পূর্ব্বোক্ত কোন সজাইতে মুক্ত থাকার কোন দাওয়া করিতে পারেন, আমার এই বিবেচনা হয় না। কেবল জুষ্টিস অফ দি পীস যে জরীমানার হুকুম করিতে পারেন তাহাতে মুক্ত হইতে পারেন। তাহার কথা পরে লিখিতেছি। কিন্তু ৩০০৲ টাকাপর্য্যন্ত কর্জের নিমিত্ত, ও রাজবিদ্রোহিতা বিষয়ের বার্ষিক আইনের ৫২ ধারাতে ও রাজবিদ্রোহিতা বিষয়ের ভারতবর্ষীয় আইনের ৫৮ ধারাতে অন্য যে২ কথার উল্লেখ হইয়াছে তাহারি মিমিত্তে, দেওয়ানী আদালত সৈন্যেরদিগকে কয়েদ করিতে পারেন না। কিন্তু কিছু টাকা দিতে কোন জুষ্টিস সাহেবের যে হুকুম হয় তাহা মানিতে স্বীকার না করার দোষ ভিন্ন ফেলোনির কি মিসডিমীনরের কিম্বা কোন অপরাধের কি দোষের "যে কোন নালিশ হয়" তাহা ঐ মুক্ত থাকার হেতুর মধ্যে ধরা যায় না। আমি বোধ করি যে, এই প্রকরণেতে মিসডিমীনর কি অপরাধ বলিয়া যাহা লেখা হইয়াছে তাহার মধ্যে সাক্ষ্য দিতে স্বীকার না করার দোষ বুঝা যায়। অতএব সেইরূপ স্বীকার না করার দোষপ্রযুক্ত যদি আদালত কোন সৈন্যের কয়েদ থাকার হুকুম করেন, তবে এই বিধানমতে তিনি সেই দায়হইতে মুক্ত থাকার কোন দাওয়া করিতে পারিবেন না। আরও জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ অপরাধের জন্যে কোন সৈন্যের জরীমানা করিলে কিম্বা জরীমানার টাকা না দিলে তাঁহার কয়েদ হইবার হুকুম করিলে, তিনি ঐ মুক্ত থাকার দাওয়া অবশ্য করিতে পারেন এই বিষয়েও আমার সন্দেহ আছে। কিন্তু জুষ্টিস অফ দি পীস সাহেব অবজ্ঞার নিমিত্তে জরীমানা করিতে না পারিলেও কয়েদ করিতে পারেন, ইহাতে বোধ করি যে, সাক্ষী যদি জানিয়াশুনিয়া গুরুতর সাক্ষ্য দিতে জেদ করিয়া স্বীকার না করেন তবে ইউরোপীয় ব্রিটনীয় সৈন্য হইলে জুষ্টিস অফ দি পীস সাহেবের কর্ত্তব্য যে তাঁহার জরীমানা না করিয়া কয়েদ করেন।

12. I think the power above described may be exercised by a Magistrate or Justice of the Peace acting under the provisions of Act XVIII. of 1853, for regulating the sale of liquor in Military Cantonments.

১২ । ১৮৫৩ সালের ১৮ আইনমতে অর্থাৎ সৈন্যদের ছাউনি স্থানে সুরা বিক্রয় করিবার বিধানের আইনমতে যে আসিষ্টেণ্ট সাহেব কি জুডিশল অফিসর সাহেব কর্ম্ম করেন, তিনি তোমার বিবেচনামতে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

From E. T. Trevor, Esq., Secy. to the Board of Revenue, L. P., to the Superintendent and Remembrancer of Legal Affairs. Dated 28th February, 1860, No. 17.

With reference to the Advocate General's definition of a Court of Record, contained in his opinion promulgated with the Sudder Nizamut Adawlut's Circular, No. 10, dated the 10th October last, I am directed by the Board of Revenue to request that you will state, whether in your opinion a Collector's Court is a Court of Record when a Collector is hearing cases in which he is authorized to administer an oath.

সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রবর সাহেবের ১৮৬০ সালের ২৮ ফেব্রুআরি তারিখের ১৭ নম্বরের পত্র।

রিকার্ডের আদালত কি হয়. এই বিষয়ে আডবোকেট জেনরল সাহেবের যে রায় সদর নিজামৎ আদালতের গত অক্টোবর মাসের ১০ তারিখের ১০ নম্বরের সরক্যুলরের সঙ্গে জারী হইয়াছিল, তাহার উপলক্ষে আমি বোর্ড রেবিনিউর সাহেবদের আজ্ঞামতে এই আদেশ করিতেছি। কালেক্টর সাহেব যে প্রকারের মোকদ্দমায় শপথ করাইতে পারেন এমত মোকদ্দমা যে সময়ে শুনিতেছেন সেই সময়ে কালেক্টর সাহেবের আদালত রিকার্ডের আদালত হয় কি না, এই বিষয়ে তোমার যে মত হয় তাহা জানাও।

From F. Beaufort, Esq., Superintendent and Remembrancer of Legal Affairs, to the Secretary to the Board of Revenue. Dated 13th March, 1860, No. 378.

I have the honor to acknowledge the receipt of your letter, No. 17, of the 28th ultimo, enquiring whether the Court of a Collector is a Court of Record with reference to the opinion of the Advocate General promulgated in the Sudder Court's Circular, No 10, of the 19th October last.

বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর শ্রীযুত এফ বোফর্ট সাহেবের ১৮৬০ সালের ১৩ মার্চ তারিখের ৩৭৮ নম্বরের পত্র।

সদর আদালতের গত অক্টোবর মাসের ১৯ তারিখের ১০ নম্বরের সরক্যুলর অর্ডরের সঙ্গে আডবোকেট জেনরল সাহেবের যে রায় জারী হইয়াছিল, তদুপলক্ষে কালেক্টর সাহেবের আদালত রিকার্ডের আদালত হয় কি না এই কথা জিজ্ঞাসা করিতে তুমি গত মাসের ২৮ তারিখের ১৭ নম্বরের যে পত্র পাঠাইয়াছিলা সেই পত্র পাইয়াছি।

2. Blackstone says "all Courts of Record are the King's Courts in right of his Crown and royal dignity, and, therefore, no other Court hath authority to fine, or imprison; so the very creation of a new jurisdiction with the power of fine or imprisonment makes it instantly a Court of Record." But it is observed that every Court of Record has not necessarily a power to fine and imprison; and that the Courts of Equity in Chancery, the Admiralty Courts, and others, are not Courts of Record. And, as I understand it, the term is technically applied to those Courts which "are held by course of common law." It is not clear, therefore, whether the Court of a Collector is, generally speaking, a Court of Record, as understood by English Lawyers.

২। ব্লাকষ্টন সাহেব এই কথা লিখিয়াছেন, "রাজার রাজত্ব ও রাজকীয় মহত্বসম্পর্কীয় ক্ষমতাপ্রযুক্ত রিকার্ডের সকল আদালত রাজার আদালত হয়, অতএব জরীমানা কি কয়েদ করিতে অন্য কোন আদালতের ক্ষমতা নাই। জরীমানা কি কয়েদ করিবার ক্ষমতা পন্ন কোন নূতন আদালত স্থাপন হইলেই তাহা একেবারে রিকার্ডের আদালত হয়।" কিন্তু দৃষ্ট হইতেছে যে, রিকার্ডের প্রত্যেক আদালতের জরীমানা ও কয়েদ করিবার ক্ষমতা অবশ্য থাকে এমত নয়। ও চান্সরির এক্চুটি কোর্ট ও আডমিরালটি কোর্টপ্রভৃতি অন্য কএক আদালত রিকার্ডের আদালত নয়। আমার বিবেচনামতে "সাধারণ আইনক্রমে যেসকল আদালত স্থাপন হয়" তাহার উপর রিকার্ডের আদালত এই পারিভাষিক নাম খাটে। অতএব রিকার্ডের আদালত শব্দেতে ইঙ্গলণ্ডীয় উকীলেরা যে প্রকারের আদালত বুঝেন কালেক্টর সাহেবের আদালত সেই প্রকারের আদালত হয় কি না, ইহা স্পষ্ট হয় না।

3. But when the Collector sits to determine suits under Act X. 1859, for instance, his Court is essentially, I apprehend, one of record; for it appears to exercise the powers on which the term is founded.

৩। কিন্তু কালেক্টর সাহেব যখন ১৮৫৯ সালের ১৭ আইনমতের মোকদ্দমা নিষ্পত্তি করিতে বসেন তখন বুঝি তাঁহার আদালত নিতান্ত রিকার্ডের আদালত হয় কেননা ঐ শব্দেতে যে সকল ক্ষমতা বুঝায় ঐ আদালত সেই সকল ক্ষমতামতে কার্য্য করেন এমত দেখা যাইতেছে।

4. In the opinion referred to, Mr. Ritchie argues that, whether Act XXX. 1841, applies to certain courts in Non-Regulation Provinces or not, they have the power of punishing for contempts, because that is a power inherent in a Court of Record.

৪। শ্রীযুত রিচি সাহেবের যে রায়ের উল্লেখ হইয়াছে, তাহাতে তিনি লিখিয়াছেন যে, ১৮৪১ সালের ৩০ আইন আইনবহির্ভূত প্রদেশের কোন২ আদালতে খাটুক কি না খাটুক, ঐ২ আদালতের অবজ্ঞাপ্রযুক্ত দণ্ড করিবার ক্ষমতা আছে, কেননা রিকার্ডের আদাল-

Now, that Law expressly gives to a Collector the power of punishing any person for a contempt, by fine or imprisonment, and therefore his court, as it seems, is one of record.

5. If the Board desired to ascertain whether a Collector has the power to fine and imprison European British Subjects, who refuse to give evidence before him in cases in which he is empowered to administer an oath, I should say that he is vested with such power in all cases before him to which either Section 169. Act VIII. 1859, or Section 24, Act XIX. 1853, is applicable.

No. 16.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Collector of

Dated Fort William, the 9th April, 1860.

With reference to my letter No. 1, dated the 23rd ultimo, I am desired by the Board of Revenue to request that you will indent at once upon the Lithographic Press for the number of Forms of Collectors' Business Return, which you may require for your District.

(Signed) E. T. TREVOR,

Secretary.

No. 17.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, L. P., to the Commissioner of Revenue, for the Division of

Dated Fort William, the 10th April, 1860.

The following correction is to be made in the list of latest dates following Section I. of the revised Sale Series, dated the 21st December 1859, lately issued. For "In Cuttack," read "In the Province of Cuttack," and for "8th April" read "28th April."

By Order of the Board of Revenue, L. P.

(Signed) E. T. TREVOR,

Secretary.

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 11.

Resolution of the Presidency Court of Sudder Dewanny Adawlut, under date the 27th April, 1860.

The Court, having had, under consideration, the several Resolutions passed by it, under which individuals, holding Law Diplomas of the Presidency College, or Certificates, under paragraph 3 of the statutes, which regulate the conferring of *Degrees in Law* in the Calcutta University, have been allowed to practise at the Bar of the Sudder and Mofussil

এখন সেই আইনে কালেক্টর সাহেবকে স্পষ্টরূপে এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে লোক অবজ্ঞা দোষ করিলে তাহাকে জরীমানা কি কয়েদ করিয়া দণ্ড করেন, ইহাতে দৃষ্ট হয় যে তাঁহার আদালত রিকার্ডের আদালত বটে।

৫। কালেক্টর সাহেব যে প্রকারের মোকদ্দমায় শপথ করাইতে পারেন এমত কোন মোকদ্দমাতে কোন ইউরোপীয় ব্রিটনীয় প্রজা তাঁহার সম্মুখে সাক্ষ্য দিতে স্বীকার না করিলে, কালেক্টর সাহেব তাঁহাকে জরীমানা ও কয়েদ করিতে পারেন কি না, এই কথা যদি বোর্ডের সাহেবেরদের জানিবার অভিপ্রায় থাকে, তবে আমার বিবেচনা এই যে, ১৮৫৯ সালের ৮ আইনের ১৬৯ ধারা কিম্বা ১৮৫৩ সালের ১৯ আইনের ২৪ ধারা যে২ মোকদ্দমাতে খাটে কালেক্টর সাহেবের সম্মুখে এমত যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে তাহাতে তাঁহার সেই ক্ষমতা আছে।

---

১৬ নম্বর।

অমুক জিলার কালেক্টর সাহেবের নিকটে বাঙ্গলা-প্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ৯ আপ্রিল।

আমার গত মাসের ২৩ তারিখের ১ নম্বরের পত্রের উপলক্ষে বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে আমার এই আদেশ। কালেক্টর সাহেবেরদের কার্য্যের রিটর্ণের যত কেতা নক্‌শার তোমার জিলার নিমিত্তে প্রয়োজন হয়, তাহা পাইবার জন্যে তুমি অবিলম্বে পাতরীয়া ছাপাখানাতে পত্র লিখ।

ই টি ট্রেবর।

সেক্রেটারী।

---

১৭ নম্বর।

অমুক এলাকার মাজিষ্ট্রারীর শ্রীযুত কমিশনর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১০ আপ্রিল।

১৮৫৯ সালের ২১ ডিসেম্বর তারিখে নীলামের যে সংশোধিত বিধিশ্রেণী সম্প্রতি জারী হইয়াছে তাহার ১ ধারার নীচে জমা দাখিল করিবার শেষ যে সকল তারিখ নিরূপণ হইয়াছে তাহা এইরূপে সংশোধন করিতে হইবে। অর্থাৎ "কটকে" এই শব্দের পরিবর্ত্তে "কটক প্রদেশে" এই শব্দ পড়িতে হইবেক। ৮ আপ্রিল এই তারিখের পরিবর্ত্তে ২৮ আপ্রিল পড়িতে হইবেক।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১১ নম্বর।

সদর দেওয়ানী আদালতের ১৮৬০ সালের ২৭ আপ্রিল তারিখের নির্দ্ধারণ।

যাঁহারা প্রসীডেন্সী কালেজের ল ডিপ্লোমা পাইয়াছেন, কিম্বা যে বিধানঅনুসারে কলিকাতার ইনিবর্সিটিতে আইনের উপাধি দেওয়া যায় সেই বিধানের ৩ দফাঅনুসারে যাঁহারা সার্টিফিকট পাইয়াছেন, তাঁহারা সদর আদালতের নির্দ্ধারিত মে২ নিয়মমতে সদর ও মফঃসল আদালতে ওকালতী কার্য্য চালাইতে অনুমতি পাইয়াছেন, সেই২ নির্দ্ধারণ সদর আদালতের সাহে-

Courts, now determine, that, in future, only those who have *attained* the degree of B. L., or that of Licentiate of Law in the Calcutta University, shall be deemed to be eligible to practise in the aforesaid Courts, and that no one so qualified can be admitted to practise without first subscribing the usual declaration before a Judge of the Sudder Court.

Ordered

That a Copy of this Resolution be sent to each Judge in the Lower Provinces for his information, and that Copies be sent for publication in the Bengalee, Oorseah and Oordoo *Gazettes*.

(Signed) H. B. LAWFORD,
Register.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 18th June, 1860.

Moulvee Atioolah, Moonsiff of Nitrokonah, Zillah Mymensingh, to be Moonsiff of Chittra, Zillah Hazareebagh; Moonshee Rameezoodden, Moonsiff of Nasirnuggur, Zillah Tipperah, to be Moonsiff of Commullah, in the same district; Moonshee Rehanoodden, diploma holder, to be Moonsiff of Nasirnuggur in the same district; Baboo Sreemohun Ghuttuck, Additional Moonsiff, to be Moonsiff of Nitrokonah, Zillah Mymensingh; and Ramchunder Dhur, Acting Moonsiff of Nitrokonah, to be Additional Moonsiff of that district.

H. B. LAWFORD, *Register*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

৩১৫৭ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ জুন।

এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত ফৈজুল্লা খাঁ আরার দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ১১ জুন।

বেঙ্গলের এজেণ্টীর আফীসের নীচের লিখিত সব-ডেপুটী এজেণ্ট সাহেবদিগকে উচ্চ পদে নিযুক্ত করা গিয়াছে অর্থাৎ

মুঙ্গেরের শ্রীযুত জে বীন সাহেব (Mr. J. Beau,) তৃতীয় শ্রেণীতে।

ও হাজিপুরের শ্রীযুত এচ ডবলিউ কুক সাহেব (Mr. H. W. Cooke,)

ও ছাপরার শ্রীযুত জে জি পিউ সাহেব (Mr. J. G. Pughe,) চতুর্থ শ্রেণীতে ভর্ত্তি হইয়াছেন।

১৮৬০ সাল ১২ জুন।

শ্রীযুত ডি কন্লিফ সাহেব (Mr. D. Cunliffe,) ছগলীর মেমকের এজেণ্ট হইয়েন।

শ্রীযুত জি জি মরেস সাহেব (Mr. G. G. Morris,) বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) বেহারের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন ও যত কাল মরেস সাহেব (Mr. Morris,) না আইসেন তত কালপর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ জে রেনাল্ড সাহেব (Mr. H. J. Reynolds.) ত্রিপের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেব (Mr. W. Cornell,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৬০ সাল ১৩ জুন।

শ্রীযুত পাদরি জে কেব ব্রৌণ সাহেবের (Reverend J. Cave Browne,) প্রস্থানের তারিখঅবধি শ্রীযুত পাদরি পি জে জার্বো সাহেব (Reverend P. J. Jarbo, PH. D.,) সেণ্টপাল নামক গির্জ্জাতে ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ১৪ জুন।

শ্রীযুত এস বি পার্টরিজ সাহেব (Mr. S. B. Partridge, F. R. C. S.,) সুকিয়ার রাস্তার ডিসপেনসরীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৫ জুন।

শ্রীযুত পাদরি এ এচ সিটওয়েল সাহেব (Reverend A. H. Sitwell,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে কিমানিরল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের আপ্রিল মাসের ২৯ তারিখের নির্দ্ধারণমতে গত মাসের ১৭ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ জুন।

জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত মৌলবী আতিউল্লা জিলা হাজারীবাগের চিত্রার মুনসেফ হইবেন। ও জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফ শ্রীযুত মুনশী রামীজুদ্দীন ঐ জিলার কমিল্লার মুনসেফ হইবেন। ও যোগাতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মুনশী রেহানুদ্দীন ঐ জিলার নাসিরনগরের মুনসেফ হইবেন। ও আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু শ্রীমোহন ঘটক জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ হইবেন। নেত্রকোণার একটিং মুনসেফ শ্রীযুত রামচন্দ্র ধর ঐ জিলার আডিশ্যনল মুনসেফ হইবেন।

এচ বি লাফর্ড।
রেজিষ্টর।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৯ জুন।

এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত বাবু গৌরমোহন ঘোষের নাম গবর্ণমেণ্টের কর্ম্মের চিকিৎসকেরদের নামের কর্দ্দহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে।

১৮৬০ সাল ১১ জুন।

ইহার দ্বারা সকল লোকতে জানাইবার জন্যে এই সম্বাদ দেওয়া যাইতেছে। রেলরোডে ও সরকারী অন্য কর্ম্মেতে যাহারা খাটে, তাহারদের মুনিবের সঙ্গে ঐ কর্ম্মকারিরদের কোন২ বিবাদ আরার নিষ্পত্তি করিবার বিধান করণের আইন নামক ১৮৬০ সালের ৯ আইনের ৯ ধারার লিখিত বিধানমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব মহীরা ও চব্বিশপরগণা ও বারাসৎ জিলাতে ঐ আইন চালাইয়াছেন।

এ আর ইয়ৎ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

100 RUPEES REWARD

Will be paid to any person giving such information as may lead to the apprehension of Bonomally Roy, (whose descriptive roll is given below in the Vernacular) charged with the homicide of Beni Chuttopadhya.

Apply to the Joint Magistrate of Serampore.

J. P. GRANT,
Joint Magistrate.

আসামি শ্রী বনমালী রায়, পিতার নাম অপ্রকাশ, বয়স অনুমান ৫০ বৎসর জাতি ব্রাহ্মণ সাবেক বাস জগৎনগর হাল সাং মেয়াখালা, শ্যামবর্ণ, দোহারা শরীর লম্বা কদ, দাড়ি গোঁপ কামান, মস্তকে ঝাপড়ি চুল, চক্ষু বড় রকম, লম্বা নাসিকা, কর্ণ স্বাভাবিক, কোলা ভুরু

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১২৬৪ ও সন ১২৬৫ সালের ২১৫৪৫৬/ মোন পুরি নেমক (খোরদা ও চিলকা) মোং শালিখার সরকারী গোলায় মৌজুদ আছে যাহারা গত ১ মার্চ তারিখে বালেশ্বর নেমক খরিদ করিয়াছিল সেই সকল ব্যক্তিদিগকে উক্ত নেমক টেণ্ডরের দ্বারা বিক্রয় করা যাইবেক, যত মোন বালেশ্বর নেমকের কারণ পূর্ব্বে টেণ্ডর দাখিল করিয়াছিল প্রত্যেক ব্যক্তি তাহার উপর শতকরা ১৬/ মোনের হিসাবে পুরি নেমক এবারে পাইবেক অর্থাৎ পূর্ব্বে হারহারিতে শতকরা ২৮/ মোন দেওয়া গিয়াছিল এবারে তাহার পরিবর্ত্তে ১৬/ মোন দেওয়া যাইবেক।

২। নিরিখের কর্দ্দমত উক্ত নেমকের দর ফি ১০০/ মোনে ৩৮৪৲ টাকা

৩। যে নেমকের জন্যে টেণ্ডরের দরখাস্ত দাখিল করিবেক তাহার কিম্মতের বাবৎ ট্রেজুরি রসিদ উক্ত টেণ্ডরের দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক।

৪। বর্ত্তমান মাসের ৩০ তারিখ শনিবার এবং আগামি মাসের ১ তারিখ সোমবার বেলা দুইপ্রহর ১ ঘণ্টাঅবধি বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক।

৫। প্রত্যেক দরখাস্তে ৫০০/ মোনের অধিক লিখিতে পারিবেক না এবং উক্ত দরখাস্ত দুই টাকা মূল্যের ইষ্টাম্প কাগজের উপর লিখিতে হইবেক।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ২৬ জুন.

ই টি ট্রেবর। সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানষ্টুকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্টুকসন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ, ব্যবস্থা দর্পণ চন্দ্রিকা ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেনীমাধব দের বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বউতলার ২৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন

কলঙ্কভঞ্জন নাটক।

কাব্যপ্রিয় কৌতুকামোদি ব্যক্তি বৃন্দের চিত্ত বিনোদনার্থে কাব্য ও কারুণ্য রসে পরিপূরিত "কলঙ্কভঞ্জন নাটক" মুদ্রাঙ্কণে প্রবৃত্ত হইয়াছি। বিপুল পরিশ্রম সহকারে রচনা করায় যেরূপ সুমিষ্ট সুশ্রাব্য হইয়াছে তাহা বর্ণন বাহুল্য মাত্র, একবার পাঠ করিলেই অবগত হইবেন। মূল্য স্বাক্ষরকারির প্রতি ॥০ আনা, বিনা স্বাক্ষরকারির প্রতি ৸০ আনা গ্রহণেচ্ছুক মহোদয়গণ কলিকাতার পার্কষ্ট্রীটের ৪৩ নং ভবনে শ্রীযুক্ত বাবু তারিণীচরণ পালের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইবেন ইতি।

[*Government Gazette, 3rd July*, 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 10, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১০ জুলাই।

ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 27TH JUNE 1860.

X. If any person shall, within the British Territories in India, draw and issue any Bill of Exchange payable out of the British Territories in India, purporting to be drawn in a set of three, and shall not draw and issue on paper duly Stamped as required by law the whole number of Bills which such Bill purports the set to consist of, or if any person shall within the British Territories in India transfer or negotiate any such Bill of Exchange as aforesaid purporting to be drawn in a set of three, and shall not at the same time transfer or deliver on paper duly Stamped as aforesaid the whole number of Bills which such Bill purports the set to consist of, every such person so offending in any of such cases, shall be liable to the penalty prescribed in Section III. of this Act; and if any person shall take or receive in the British Territories in India any such Bill as aforesaid either in payment, or as a security or by purchase or otherwise, without having transferred or delivered to him duly Stamped as aforesaid the whole number of Bills which such Bill purports the set to consist of, he shall not be entitled to recover on any such Bill or to make the same available for any purpose whatever.

১০ ধারা। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বাহিরে যে বিল অফ একসচেঞ্জের টাকা দেওয়া যাইবে, এমত কোন বিল তেকর লিখিবার মর্ম্ম দেখাইয়া যদি কেহ ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে কোন স্থানে লেখে ও দেয়, ও সেই মর্ম্মমতে ঐ হুণ্ডীর যত কেতা লিখিতে হয় তাহা সমুদয় যদি আইনমতে উপযুক্তমতের ইষ্টাম্পকরা কাগজে না লেখে, কিম্বা তেকর লিখিবার মর্ম্ম দেখাইয়া পূর্ব্বোক্তমতের যে বিল লেখা গিয়াছে তাহা যদি কোন লোক ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশে হস্তান্তর কি বিক্রয় করে, ও সেই মর্ম্মমতে ঐ বিলের যত কেতা লিখিতে হয় তাহা সমুদয় যদি পূর্ব্বোক্ত মতে উপযুক্তরূপে ইষ্টাম্পকরা কাগজে সেই সময়ে হস্তান্তর না করে কি না দেয়, তবে সেই প্রকারের অপরাধি কোন লোক এই আইনের ৩ ধারায় লিখিত দণ্ডের যোগ্য হইবে। ও ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশে যদি কোন লোক পাওনা টাকার পরিশোধে কি জামিনীস্বরূপে কি খরীদ করিয়া কি অন্য প্রকারে পূর্ব্বোক্তমতের কোন হুণ্ডী গ্রহণ করে কি লয়, ও সেই হুণ্ডীর তিন কেতা লেখা হইবার মর্ম্মমতে যদি পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে ইষ্টাম্পকরা সেই তেকর হুণ্ডী সেই সময়ে আনাইয়া না লয় ও না পায়, তবে সেইরূপ কোন হুণ্ডীর টাকা হক বলিয়া আদায় করিতে পারিবে না, ও তাহা কোন কার্য্যেতে ব্যবহার করাইতে পারিবে না ইতি।

[Penalty for use of adhesive Stamp which has been removed from a Receipt, &c.]

[আটাল যে ইষ্টাম্প কোন রসীদপ্রভৃতিহইতে উঠাইয়া লওয়া গিয়াছে তাহা বসাইবার দণ্ড।]

XI. If any person shall affix or use any adhesive Stamp which to his knowledge shall have been taken off or removed from any paper whereon any Receipt or any Draft, Order, or Bill of Exchange shall have been written, to or for any Receipt, Draft, Order, or Bill of Exchange, or any paper whereon

১১ ধারা। কোন রসীদ কিম্বা কোন ড্রাফ্‌ট কি অর্ডর কি বিল অফ একসচেঞ্জ যে কাগজে লেখা গিয়াছে সেই কাগজহইতে কোন আটাল ইষ্টাম্প পাওয়া গিয়াছে কি উঠাইয়া লওয়া গিয়াছে, জানিয়া যদি কেহ সেই ইষ্টাম্প কোন রসীদে কি ড্রাফ্‌টে কি অর্ডরে কি বিল অফ একসচেঞ্জে বসায় কিম্বা লাগান

any such Receipt, Draft, Order, or Bill of Exchange shall be or be intended to be written; or if any person shall do or practise or be concerned in any fraudulent act, contrivance, or device whatever not specially provided for by this or some other Act, with intent to defraud the Government of any duty imposed by this Act upon Receipts or upon Drafts, Orders, or Bills of Exchange—every person so offending in any of the said several cases shall forfeit a sum not exceeding two hundred Rupees.

কিম্বা তদ্রূপ কোন রসীদ কি ড্রাফ্ট কি অর্ডর কি বিল যে কাগজে লেখা যাইবেক কি লিখিবার মানস আছে এমত কাগজে বসায় কি লাগায়, কিম্বা রসীদের উপর কিম্বা ড্রাফ্টের কি অর্ডরের কি হুণ্ডীর উপর এই আইনমতে যে কোন মাসুল লাগে তাহা গবর্ণমেণ্ট-হইতে ঠগাইয়া লইবার মানসে, যদি কেহ কোন প্রতারণার কার্য্য, কিম্বা অন্য যে কোন কৌশল কি উপায় নিবারণের বিশেষ বিধি এই আইনেতে কি অন্য কোন আইনেতে হয় নাই, এমত কোন কার্য্য কি কৌশলপ্রভৃতি করে কি চালায় কি তাহাতে সম্পর্ক রাখে, তবে উক্ত নানা বিষয়ের মধ্যে কোন বিষয়ে যে কোন লোকের অপরাধ হয় তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[Effect of a Writing not duly stamped. Proviso.]

[লেখাপড়ার উপযুক্তমতে ইষ্টাম্প না হইলে তাহার ফলের কথা ও বর্জ্জিত কথা।]

XII. Except as otherwise provided by this Act, no Deed, Instrument, or Writing for which any duty shall be payable under Section II of this Act shall be received as creating, transferring, or extinguishing any right or obligation, or as evidence in any Civil proceeding in any Court of Justice, whether established by Royal Charter or otherwise, or shall be registered in any public Office or authenticated by any public Officer, unless such Deed, Instrument, or Writing be upon a Stamp of a value not less than that indicated to be proper for it by the said Schedule. Provided that every Deed, Instrument, or Writing liable to Stamp Duty shall be admitted as evidence in any criminal proceeding, although it may not have the Stamp required by law impressed thereon or affixed thereto

১২ ধারা। এই আইনেতে যদি অন্য প্রকারের বিধান না থাকে, তবে এই আইনের ২ ধারামতে যে কোন দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার ইষ্টাম্পের মাসুল দিতে হয়, ঠিক তফসীলে সেই দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার মিমিত্তে উপযুক্ত বলিয়া যত মূল্য ধার্য্য হইয়াছে, তাহার কম মূল্যের ইষ্টাম্প কাগজে যদি সেই দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া লেখা যায়, তবে তাহাতে কোন স্বত্ব কি একরার হইল কি হস্তান্তর কি লোপ করা গেল বলিয়া তাহা গ্রাহ্য হইবেক না, অথবা রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতে কিম্বা অন্য কোন আদালতে দেওয়ানীর কোন কার্য্যেতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক না, কিম্বা সরকারী কোন দফ্তরখানায় রেজিষ্টরী করা যাইবেক না, কিম্বা সরকারী কোন কার্য্যকারকের দ্বারা মাতবর বলিয়া তাহাতে দস্তখৎ করা যাইবেক না, কিন্তু ইষ্টাম্পের মাসুল যাহাতে লাগে এমত কোন দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার যে ইষ্টাম্প ছাপাইবার কি বসাইবার আজ্ঞা আইনেতে হইয়াছে তাহা বসান না থাকিলেও সেই দলীলপ্রভৃতি ফৌজদারী কোন মোকদ্দমাতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 3rd July, 1860

Baboo Juggoobundoo Dass, Moonsiff of Burpetta, Zillah Kamroop, for ten days, on urgent private affairs

H. B. LAWFORD, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ৩ জুলাই।

জিলা কামরূপের বড়পেটার মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু দাস আপনার অত্যন্ত আবশ্যক কর্ম্মের নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৩২১৩ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৪ জুন।

প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr. A. Davidson.) ও শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell) জিলা যশোহরে ১৮৬০ সালের ১১ আইনমতে নীলের চুক্তিভঙ্গের নালিশের সরাসুরীমতে বিচার করিবার জন্যে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

১৮৬০ সাল ১৫ জুন।

শ্রীযুত বর্টরম রাট্টি সাহেব (Mr. Bertram Rattray,) বাঙ্গলা দেশের পোলীসের ৭ পল্টনের প্রথম শ্রেণীর সব-লেপ্টেনেণ্ট হইবেন।

রসলদার শ্রীযুত উজীর খাঁ বাঙ্গলা দেশের পোলীসের ১ পল্টনের দ্বিতীয় শ্রেণীর সব-লেপ্টেনেণ্ট হইবেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৫ জুন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান এলাকার শামিল ঘাটাল ও বাঁশবেড়িয়া ও বৈদ্যবাটী ও ভদ্রেশ্বর ও চন্দ্রকোণা ও গুপ্তিপাড়া ও পাণ্ডুয়া ও খানাকুল ও শাহাগঞ্জের শহরতলীর নীচের লিখিত সকল গ্রাম ও মহল্লাতে অদ্যকার তারিখঅবধি ১৮৫৬ সালের ২০ আইন চলন হইবেক ও ঐ আইনের ৩ ধারামতে ঐ সকল গ্রাম ও মহল্লা ঐ আইনের কার্য্য সফল করিবার নিমিত্তে ঐ২ নগরের সঙ্গে সংযুক্ত হইবেক।

ঐ২ গ্রামের নাম এই২।

১। ঘাটালের শামিল এই২ গ্রাম। নিশ্চিন্তপুর ও পটিপাঁচঘরা ও গম্ভীর নগর ও কৃষ্ণনগর ও পটি সাহেবগঞ্জ ও আড়গড়া ও রঘুনাথচক ও পটি সুখচন্দ্রপুর ও পটি খারগম্ভীর নগর ও কোণ নগর ও পটি গোসাঞ্জিবাজার।

২। বাঁশবেড়িয়ার শামিল এই২ গ্রাম। খামারপাড়া ও শ্রীপুর ও শাহাপুর ওরফে গাজিদরগা ও শিবপুর ও ত্রিবেণী ও মুরারিপুর বাজার ও রামেশ্বরপুর বাজার ও দৌলত বাজার ও বাজেবৈকুণ্ঠপুর ও বৈকুণ্ঠপুর ও কছাটি ও বসুদেবপুর তাহার মধ্যে পাঁজারিপাড়া।

৩। বৈদ্যবাটীর শামিল এই২ গ্রাম। শঙ্করপুর ও দীর্ঘাঙ্গ ও বৈদ্যপুর ও মহেন্দ্রনগর ও চকমগলামি ও সেওড়াপুলি ও মুন্সীডাঙ্গা ও নোনাডাঙ্গা ও দেবগঞ্জ।

৪। ভদ্রেশ্বরের শামিল মাণিকনগর।

৫। চন্দ্রকোণার শামিল এই২ গ্রাম। গাঙ্গীপুর ও শ্যামসুন্দরপুর ও মাধবপুর ও ঘর্ম্মামার ও পুরুষোত্তমপুর ও নরহরিপুর ও বেগুণবাটী ও দরিক্ষিরপাই ও খিড়কিবাজার ও সতীবাজার ও গোঁসাইবাজার ও মানসপুর ও কিসমত মানসপুর ও বাবুর বোর ও ভিয়েরবাজার ও রাধাকৃষ্ণপুর ও নওয়াগঞ্জ ও শ্যামনগর ও মিত্তিসানপুর ও আমডাঙ্গা ও গোকুলনগর ও নিশ্চিন্দিপুর ও আলমারা ও সমাসপুর ও গোঁসাইবাজার ও রামনগর ও বাণেশ্বরপুর ও নূতনহাট ও এলমবাজার ও অযোধ্যা ও রঘুনাথপুর ও জিরাট মুণ্ডলিকা ও কিসমৎ নসীপুর ও গোলোকধামপুর ও পাঠানঘের ও গোবিন্দপুর ও বড়বাজার ও বৈদ্যব্যার।

৬। গুপ্তিপাড়ার শামিল এই২ গ্রাম। পটি পরশুরাম ও পটি মত্তিগাছি ও পটি রামজীবনপুর ও পটি নীলকান্ত ও মৌজা মধুবড়াঙ্গা ও মৌজা পাট মহল।

৭। পাণ্ডুয়ার শামিল এই২ গ্রাম। চাওহাটা ও দীঘির বাজার ও হরিগড়িয়া ও বালিহাটা ও জয়পুর ও বসুমহলা ও নাকশি মহলা ও শালালপুর ও কাজীমহলা ও সাতঘরিয়া ও রৌজামহল্লা ও মীরামহল্লা ও মাজিপাড়া ও বেরয়া মহল্লা ও মতি মহল্লা।

৮। খানাকুলের শামিল এই২ গ্রাম। চাগদারবেড ও রামনগর।

৯। শাহাগঞ্জের শামিল এই২ গ্রাম। উজেদনগর ও গরীর আলম বাগ ও সাতু ঠাকুর বাগ ও মল্লিক জয়দ্দিবাগ ও কৌতা ও বলাগড়ি।

আরো ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। রেবিনিউ সরবেয়র সাহেব সংযোগকরা ঐ সকল গ্রাম জরিপ করিয়া যে কাগজ প্রস্তুত করিয়াছেন সেই কাগজে ঐ গ্রামের যে২ সীমা ধরা গিয়াছে তাহার সেই সীমা হইবেক। ঐ কাগজ হুগলীর কালেক্টরী কাছারীতে দাখিল হইয়াছে, যাঁহার দেখিবার মানস থাকে তিনি তথায় গিয়া দেখিতে পাইবেন।

ঐ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। এ২ গ্রামনিবাসিরদের উপর যে টাক্স বসান যাইবে তাহা ঐ টাক্স দিবার যোগ্য লোকেরদের সম্মতি বুঝিয়া ও যাহার যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

৩২৯৪ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ১৮ জুন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারাচাঁদ বাঁড়ুয্যা যত কাল কর্ম্মে ফিরিয়া না যান তত কাল কিম্বা অন্য হুকুম যাবৎ না হয় তাবৎ এদেশীয় চিকিৎসক শ্রীযুত আবদুল সমদ বর্দ্ধমানের ডিসপেনসরির কর্ম্মের ভার লইবেন।

১৮৬০ সাল ১০ জুন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আজিম উদ্দীন হুসেন বক্সার এলাকাখণ্ডের কর্ম্মের ভার লইবেন ও শাহাবাদে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কে এচ ষ্টিফন সাহেব (Mr. K. H Stephen,) পঞ্চম শ্রেণীভুক্ত হইয়াছেন।

রঙ্গপুরের ভোটমারীর মুনসেফ শ্রীযুত সৈয়দ আহমদ তেঁতুলিয়া এলাকাখণ্ডের মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

রঙ্গপুরের কুন্দগণ্ডের মুনসেফ শ্রীযুত রাম পাঁতাম্বর মুখুয্যা তেঁতুলিয়া এলাকাখণ্ডের মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

100 RUPEES REWARD

Will be paid to any person giving such information as may lead to the apprehension of Bonomally Roy, (whose descriptive roll is given below in the Vernacular) charged with the homicide of Bem Chuttopadhya.

Apply to the Joint Magistrate of Serampore.

J. P. GRANT,
Joint Magistrate.

আসামি শ্রী বনমালী রায়, পিতার নাম অপ্রকাশ, বয়স অনুমান ৫০ বৎসর জাতি ব্রাহ্মণ সাকিম রাম জগৎনগর হাল সাং সেয়াখালা, শ্যামবর্ণ, দোহারা শরীর লম্বা কদ, দাড়ি গোঁপ কামান, মস্তকে ঝাপড়ি চুল, চক্ষু বড় রকম, লম্বা নাসিকা, কর্ণ স্বাভাবিক, ভোলা ভুরু

[*Government Gazette*, 10*th July*, 1860]

মালকাবারী হিসাব মৌজুদ নেমক ঘাং ও পরসেণ্ট গোলাস্তকি বাবৎ লাগাদ ৩০ জুন সন ১৮৬০ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নেমকের।

এজেন্সীর নাম।	সন ১২৬৪ সাল অথবা ১৮৫৭।৫৮ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭।৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮।৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবক ইং ১৮৫৯।৬০ সাল	মৌজুদ নেমকের একুন		
					পাঙ্গা	করুচ	মোটএকুন
হিজলী।							
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর		৪৬৮/	৬৩২ ॥৫ ॥	৯৬,৭৩১/	৯৭,৮৩১।৫ ॥		৯৭,৮৩১ ॥৫ ॥
ঐ কৃষ্ণনগর।		৫,৬১৮/৬॥	২৫,৪৭৬ ।০ ॥	১,৫১,১৯৫/	১,৮২,২৮৯ ।৭		১,৮২,২৮৯ ।৭
ঐ রায়নগর।	২২/		২৫,৫৪১৸০	১,২৫,৬৩২/	১,৫১,১৯৫৸০		১,৫১,১৯৫৸০
ঐ কালীনগর।			৬২,২৫৫ ॥২৸	১,৪২,৪১১/	২,০৪,৬৬৬ ॥২৸		২,০৪,৬৬৬ ॥২৸
ঐ পুরীঘাটা।			২,০১১/	৬৭,৩৮৫/	৬৯,৩৯৬/		৬৯,৩৯৬/
একুন।	২২/	৬,০৮৬/৬॥	১,১৫,১১৭/৮৸	৫,৮৩ ৩৫৪/	৭,০৫,৩৭১ ।৫।		৭,০৫,৩৭১ ।৫।
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।				২,০৭,৩৭১ ॥১ ।	২,০৭,৩৭১ ॥১ ।		২,০৭,৩৭১॥১ ।
একুন।				২,০৭,৩৭১ ॥১ ।	২,০৭,৩৭১ ॥১ ।		২,০৭,৩৭১ ।১ ।

এজেন্সীর নাম।	সন ১২৬৪ সাল অথবা ১৮৫৭। ৫৮সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৯। ৬০ সাল	মৌজুদ নেমকের একুন। পাল্লা	করকচ	মোট একুন।
চট্টগ্রাম।							
পাল্লা নেমক বাগখালি ঘাট।	•	•	১,১৯৬ ॥০	•	১,১৯৬ ॥০	•	১,১৯৬ ॥০
ঐ সদর ঘাট এজেন্সী।	•	•	•	•	•	•	•
ঐ আরাকিন।	•	•	•	২২,১০৭ ॥০	২২,১০৭ ॥০	•	২২,১০৭ ॥০
করকচ মাদ্রাজ।	৬,৬৯১ ॥০	৯০,৬৬৯ ।২ ॥/	১,৪৩,১৯১ ॥০	৭৮,০৮৬০	•	৩,১৮,৬৩৯/ ২ ॥/	৩,১৮,৬৩৯/ ২ ॥/
একুন।	৬,৬৯১ ॥০	৯০,৬৬৯ ।২ ॥/	১,৪৪,৩৮৮/	১,০০,২২৪ ।০	২৩,৩০৪/	৩,১৮,৬৩৯/ ২ ॥/	৩,৪১,৯৭৩/ ২ ॥/
শালিখা।							
পাল্লা নেমক ভটক।	•	•	১ ১১,৫০৩/	•	১.১১,৫০৩/	•	১.১১,৫০৩/
ঐ বালেশ্বর।	•	৭,১২৩/	৬২,৮৮১ ॥০	•	৭০,০০৪ ॥০	•	৭০,০০৪ ॥০
ঐ খোরদা।	•	•	১,২৬,৮৩০/	•	১,২৬,৮৩০/	•	১,২৬,৮৩০/
ঐ চিলকা।	•	১১,৪৭২/	১,২৮,১৫৪/	•	১,৩৯,৬২৬/	•	১,৩৯,৬২৬/
ঐ নারায়ণপুর।	২১ ১৭৯ ॥০	•	•	•	২১,১৭৯ ॥০	•	২১,১৭৯ ॥০
ঐ কৃষ্ণনগর।	•	•	৭,০৬৬/	•	৭,০৬৬/	•	৭,০৬৬/
ঐ পুরী ঘাট।	•	৩৬৪/	১৫,৫২২/	•	১৫,৮৮৬/	•	১৫,৮৮৬/
ঐ রায়নগর।	২,৫৬৭/	১,৩৩১/	২,৮৩৫/	•	৬,৭৩৩/	•	৬,৭৩৩/
মিশ্রিত পাল্লা নেমক।	•	১১/	•	•	১১/	•	১১/
করকচ মাদ্রাজ পরমিট।	৯,১৫,৯৭৮০	•	•	২ ৪০৪ ॥০	•	৯.১৮,৩৮৩ ।০	৯,১৮,৩৮৩ ।০
ঐ চিলকা।	১,৬২,৯৪৬ ॥০	৬৯,৪১০/	৮৬,০২১/	•	•	৩,১৮,৩৭৭ ॥০	৩ ১৮,৩৭৭ ॥০
মিশ্রিত করকচ।	•	•	২,৯০০/	•	•	২,৯০০/	২,৯০০/
একুন।	১১,০২,৬৭১৮০	৮৯,৭১১/	৫,৪৪,০১২ ॥০	২,৪০৪ ॥০	৪,৯৯,১৩৯/	১২,৩৯,৬৬০৮০	১৭,৩৮,৭৯৯৮০
আরাকিন।							
পাল্লা নেমক ঘাট কৈকড়ু।	•	•	৭০,৯০৯/	৭,৪৮৯/	৭৮,৩৯৮/	•	৭৮,৩৯৮/
একুন।	•	•	৭০,৯০৯/	৭,৪৮৯/	৭৮,৩৯৮/	•	৭৮,৩৯৮/
মোট একুন।	১১,০৯,৩৮৫ ।০	১,৮৬,৪৬৬ ।৯/	৮,৭৫,২২৬ ॥৮৭	৯,০০,৮৪০ ।৫	১৫.১৩,৬২২/ ৪ ॥	১৫,৫৮,২৯৯৮৩ ॥/	৩০,৭১,৯১১৮৭/

ই টি টুবর। সেক্রেটারী।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন, কানষ্টুকসন, ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে. তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন, কানষ্টুকসন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ, ব্যবস্থা দত্তক চন্দ্রিকা ও দত্তকমীমাংসাপ্রভৃতির বঙ্গানুবাদ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র মুনসেফ মহাশয়ের সহায়তায় শ্রীযুত বাবু বেণীমাধব দের বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত হইতেছে এই পুস্তক ১০০০ পৃষ্ঠা পরিমাণে উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত করত উত্তমরূপে বাঁধাইয়া স্বাক্ষরকারির প্রতি ১০৲ টাকা ও বিনা স্বাক্ষরকারির প্রতি ১২৲ টাকা মূল্যে বিক্রয় করা যাইবেক যে সকল মহাশয়দিগের উক্ত পুস্তক প্রয়োজন হইবে তাঁহারা শহর কলিকাতার বটতলায় ২৪৬ নং ভবনে উক্ত যন্ত্রাগারে অথবা উক্ত যন্ত্রাধ্যক্ষের পুস্তকালয়ে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি তারিখ সন

কলঙ্কভঞ্জন নাটক।

কাব্যপ্রিয় কৌতুকামোদি ব্যক্তিবৃন্দের চিত্ত বিনোদনার্থে কাব্য ও কারুণ্য রসে পরিপূরিত "কলঙ্কভঞ্জন নাটক" মুদ্রাঙ্কণে প্রবৃত্ত হইয়াছি। বিপুল পরিশ্রম সহকারে রচনা করায় যেরূপ সুমিষ্ট সুশ্রাব্য হইয়াছে তাহা বর্ণন বাহুল্য মাত্র, একবার পাঠ করিলেই অবগত হইবেন। মূল্য স্বাক্ষরকারির প্রতি ॥০ আনা, বিনা স্বাক্ষরকারির প্রতি ৸০ আনা গ্রহণেচ্ছুক মহোদয়গণ কলিকাতার পার্কষ্ট্রীটের ৪৩ নং ভবনে শ্রীযুক্ত বাবু তারিণীচরণ পালের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইবেন ইতি।

বিজ্ঞাপন।

সাধারণের সুলভার্থে, প্রতিমাসের গবর্ণমেণ্টের গেজেটে যে সমস্ত আইন ও সরক্যুলর অর্ডর ও অন্য বিধি প্রকাশ হইবেক, তাহা সমুদয় অবিকল একত্রিত সংগ্রহ করণান্তর, আমি নবব্যবহার সংহিতা নামে এক খানি মাসিক পত্রিকা, ঢাকা বাঙ্গলা যন্ত্রে বঙ্গ ভাষার মুদ্রাঙ্কনপূর্ব্বক প্রকাশ করিব। প্রতিমাসের সংগৃহীত পত্রিকা তৎপরমাসের প্রথম পক্ষ শেষ হওয়ার পূর্ব্বে প্রকাশ হইবেক। কিন্তু বর্ত্তমান জুন মাসের সমুদয় বিধি পত্রিকাকারে আগামি ২৮ জুলাই তারিখে প্রথম প্রকাশ হইবেক। গ্রহণকারি মহাশয়েরদের ডাকমাসুল ব্যতীত বার্ষিক মূল্য অগ্রিম প্রদান করিলে ৪৲ টাকা নচেৎ ৫৲ টাকা দিতে হইবেক। যাঁহারা গ্রহণেচ্ছুক হইবেন, এযন্ত্রে অথবা সদর আমিনী আদালতে আমার নিকট পত্র পাঠাইলেই আমি পত্রিকা প্রেরণ করিব, অতএব আমার প্রার্থনা যে, আইনবেত্তা মহাশয়েরা কৃপাপূর্ব্বক এই পত্রিকাখানি গ্রহণ করিলেই চরিতার্থ হই।

শ্রী রামচন্দ্র শর্ম্মভৌমিক উকীল। ঢাকা সদর আমীন। ৪৲

বিজ্ঞাপন।

সাধারণের সুলভার্থে সিবিল গাইডের রীত্যনুসারে, প্রত্যেক বিষয়বিশেষের একটী ফিরিস্তি সং রদবাতীত ১৭৯৩ সালের ১ আইনহইতে ১৮৬০ সালের এপ্রেল মাসপর্য্যন্তের প্রকাশিত মাল ও দেওয়ানী সমুদয় বাঙ্গালী আইন এক পুস্তকে, ও সরক্যুলর অর্ডর ও আইনের অর্থ অপর পুস্তকে, ঢাকা বাঙ্গলা যন্ত্রে বঙ্গভাষায় মুদ্রাঙ্কন হইতেছে, উক্ত ফিরিস্তি দ্বারা এক বিষয়ের সমুদয় বিধি একেবারে দৃষ্ট করিবার বিশেষ সুবিধা হইবেক। প্রথমোক্ত পুস্তক বর্ত্তমান জুলাই মাসের শেষ হওয়ার পূর্ব্বে এবং শেষোক্ত পুস্তক আগামি আগষ্ট মাস শেষ হওয়ার পূর্ব্বে নিশ্চয় সমাপন হইবেক। যাঁহারা আগমি জুলাই মাস শেষ হওয়ার পূর্ব্বে পুস্তক প্রাপণাশায় এযন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন, তাঁহারা প্রথমোক্ত পুস্তক ৩৲ টাকা ও শেষোক্ত পুস্তক ১॥০ টাকা মূল্যে পাইতে পারিবেন, নতুবা ৪॥০ টাকা ও ২৲ টাকা মূল্য দিতে হইবেক। অপর যাঁহারা উক্ত পুস্তক বিক্রয় করিয়া দিবেন, তাঁহারা শতকরা ১৫৲ টাকা কমিসান পাইবেন ইতি।

শ্রীরামচন্দ্র শর্ম্ম ভৌমিক উকীল। ঢাকা সদর আমীন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১০ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 17, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৭ জুলাই।

DRAFT OF ACT

A Bill to consolidate and amend the law relating to Stamp Duties

[Continued from page 404.]

[Deeds inadvertently executed on unstamped or insufficiently stamped paper may be stamped on payment of proper Stamp duty and penalty Proviso.]

XIII *First.*—Deeds, Instruments, and Writings executed on unstamped or insufficiently Stamped paper from accident, ignorance, inadvertence, mistake, or from other unavoidable cause, may be impressed with the requisite Stamp or Stamps, on application being made to the Collector, after payment of the proper amount of Stamp duty, and the penalties hereinunder stated, or such mitigated penalty as the local Government or any Board or Officer authorized by the local Government may prescribe. Provided always that the payment of such penalty shall exempt the person making the same from any other penalty provided by this Act for such neglect or omission, and that if any such other penalty shall already have been imposed, then the same shall be taken as far as it goes in reduction of any penalty arising under this Clause.

[Penalty if executed on unstamped or insufficiently stamped paper and brought to be stamped within thirty days of execution Penalty if brought within three months of execution or six months of promulgation of Act. Penalty if not brought within the two periods last mentioned]

Second.—If the Deed, Instrument, or Writing executed as aforesaid on unstamped or insufficiently stamped paper be brought within thirty days

আইনের মুসাবিদা।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[৪০৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[অনবধানতাতে যদি কোন দলীল ইষ্টাম্প না হওয়া কাগজে কিম্বা অনুপযুক্ত ইষ্টাম্পকরা কাগজে লেখা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও জরীমানা দিলে তাহাতে ইষ্টাম্প দিতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৩ ধারা। প্রথম প্রকরণ।—কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া যদি দৈবাৎ কিম্বা অজ্ঞানতা কি অনবধানতা কি ভুলক্রমে কিম্বা অনিবার্য্য অন্য কারণে ইষ্টাম্প না হওয়া কাগজে কিম্বা অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও পশ্চাৎ লিখিত জরীমানার টাকা দিলে পর, কিম্বা তাহার কম যে জরীমানা স্থানবিশেষের গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করেন, কি স্থানবিশেষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া কোন বোর্ড কি কার্য্যকারক নির্দ্ধার্য্য করেন, সেই জরীমানা দিলে পর, কালেকটর সাহেবের নিকটে দর খাস্ত হইলে প্রয়োজনমতের এক কি অধিক ইষ্টাম্প তাহাতে ছাপাইয়া দেওয়া যাইতে পারিবে। কিন্তু সেই জরীমানার টাকা কোন লোক দিলে পর, তাহার ঐ দোষ কি ত্রুটিপ্রযুক্ত এই আইনেতে অন্য যে কোন জরীমানার বিধান হয় তাহা সেই লোকের দিতে হইবেক না, ও যদি পূর্ব্বে সে ঐ অন্য জরীমানার টাকা দিয়া থাকে, তবে যত টাকা জরীমানা দিয়াছে তাহা এই প্রকরণমতের কোন জরীমানাইতে বাদ দেওয়া যাইবে।

[ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা হইয়া, ত্রিশ দিনের মধ্যে ইষ্টাম্প হইবার জন্যে আনা গেলে যত জরীমানা লাগিবে তাহার কথা। ও লিখিবার পর তিন মাসের মধ্যে, কি আইন জারী হইবার পর ছয় মাসের মধ্যে আনা গেলে, ও ঐ দুই কালের মধ্যে না আনা গেলে, যত জরীমানা লাগিবে তাহার কথা।]

দ্বিতীয় প্রকরণ। যে দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া পূর্ব্বোক্তমতে ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তাহা যদি

from the date of execution, the requisite Stamp may be impressed on payment of the proper amount of Stamp Duty and treble the amount of the deficient duty; if brought after thirty days from the date of execution, but within three months from that date, or if brought within six months from the time of this Act coming into force, the requisite Stamp may be impressed on payment of the proper amount of Stamp duty and five times the amount of the deficient duty, or if not brought within the two periods last mentioned, the requisite Stamp may be impressed on payment of the proper amount of Stamp duty and twenty times the deficient duty.

দস্তখৎ করিবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে উপস্থিত করা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল দেওয়া গেলে ও তাহার কম যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে তাহার তিনগুণ টাকা দেওয়া গেলে প্রয়োজনমতের ইষ্টাম্প তাহাতে ছাপা হইতে পারিবেক। যদি দস্তখৎ হইবার তারিখঅবধি ত্রিশ দিনের পর, কিন্তু ঐ তারিখঅবধি তিন মাসের মধ্যে, কিম্বা এই আইন জারী হইবার সময়অবধি ছয় মাসের মধ্যে উপস্থিত করা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল দিলে, ও তাহার কম যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে তাহার পাঁচগুণ টাকা দিলে প্রয়োজনমতের ইষ্টাম্প তাহাতে ছাপা হইতে পারিবে। যদি শেষোক্ত দুই মিয়াদের মধ্যে উপস্থিত না করা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল দিলে, ও তাহার কম যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে তাহার বিশগুণ টাকা দিলে প্রয়োজনমতের ইষ্টাম্প তাহাতে ছাপা হইতে পারিবে।

[Collector to determine whether, on payment of penalty, a Deed, &c. executed on unstamped or insufficiently stamped paper shall be stamped. In what cases decision of Collector final. Mitigation of penalty]

[দলীলপ্রভৃতি ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা হইলে ও জরীমানা দেওয়া গেলে তাহাতে ইষ্টাম্প বসান যাইবে কি না এই কথা কালেক্টর সাহেবের স্থির করিবার কথা। ও কালেক্টর সাহেবের নিষ্পত্তি যে স্থলে চূড়ান্ত হইবে তাহার কথা, ও জরীমানা কম করিবার কথা।]

Third.—It shall be the duty of the Collector of the Stamp Revenue of the District, or other Officer as aforesaid, to determine whether upon payment of the penalties mentioned in the last preceding Clause the requisite Stamp shall be impressed on any Deed, Instrument, or Writing which shall have been executed on unstamped or insufficiently stamped paper, and the decision of the Collector shall be conclusive and final, except in cases in which he shall refuse to allow the Deed, Instrument, or Writing to be Stamped. The Board of Revenue or other general controlling Revenue Authority may, however, upon petition order such penalty to be mitigated, and if paid, may order such part of it as they may consider proper to be returned.

তৃতীয় প্রকরণ। কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া যদি ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত জরীমানা দেওয়া গেলে, তাহাতে উপযুক্ত ইষ্টাম্প ছাপান যাইবে কি না এই কথা নির্দ্ধার্য্য করা জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম হইবে। ও কালেক্টর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক, কেবল যে স্থলে ঐ দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প বসাইতে না দেন সেই স্থলে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে না। বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিকটে কিম্বা রাজস্বের সাধারণ তত্ত্বাবধারক অন্য সাহেবের নিকটে দরখাস্ত হইলে তাঁহারা ঐ জরীমানা কম করিতে পারিবেন, কিম্বা জরীমানার টাকা যদি দেওয়া গিয়া থাকে, তবে যত টাকা উপযুক্ত বোধ করেন তত ফিরিয়া দিবার হুকুম করিতে পারিবেন।

[In what cases Civil Court may receive Deed, &c., on payment of Stamp Duty and penalty.]

[যে স্থলে ইষ্টাম্পের মাসুল ও জরীমানা দেওয়া গেলে পর দেওয়ানী আদালতে দলীলপ্রভৃতি গ্রাহ্য হইতে পারে তাহার কথা।]

Fourth.—Sections 130 and 131 of Act VIII. of 1859 *(for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter)* are hereby repealed, and in lieu thereof it is enacted as follows:—In all cases under this Act in which a Collector may impress a Stamp on payment of the proper amount of Stamp duty and a penalty, any Civil Court may receive in evidence any Deed, Instrument, or Writing which might be so impressed, on payment into Court of the proper amount of Stamp Duty, and the penalty as by this Section imposed.

চতুর্থ প্রকরণ। ১৮৫৯ সালের ৮ আইনের (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনের) ১৩০ ও ১৩১ ধারা ইহাতে রদ হইল, ও তাহার পরিবর্ত্তে এই বিধান হইল। ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও জরীমানার টাকা দেওয়া গেলে যে স্থলে কালেক্টর সাহেব এই আইনমতে ইষ্টাম্প ছাপাইতে পারেন, এমত স্থলে যে দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প এ রূপে ছাপান যাইতে পারে তাহার ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও এই ধারার নির্দ্দিষ্ট জরীমানার টাকা দেওয়ানী আদালতে দাখিল হইলে, ঐ আদালত ঐ দলীলপ্রভৃতি প্রমাণস্বরূপে গ্রাহ্য করিতে পারিবেন।

[Procedure on payment under preceding Clause.]

[ইহার পূর্ব্বের প্রকরণমতে টাকা দেওয়া গেলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

Fifth.—An entry of such payment and of the amount thereof shall be made in a book to be kept in the Court, and shall also be endorsed on the

পঞ্চম প্রকরণ। ঐ রূপে যে টাকা দেওয়া যায় তাহার কথা লিখিবার একখান বহী আদালতে রাখিতে হইবেক। ও সেই টাকা যে দেওয়া গেল ও

back of the Deed, Instrument, or Writing, and shall be signed by a Judge of the Court. The Court shall at the end of every month make a return to the Collector of the Stamp Revenue of the District, of the monies (if any) which it has so received, distinguishing between the monies received by way of penalty and those received by way of duty, stating the number and title of the suit and the name of the party from whom such monies were received, and the date, if any, and description of the document, for the purpose of identifying the same, and the Court shall pay over the said monies to such Collector or to such person as he may appoint to receive the same. And such Collector or other proper authority shall, upon the production of the Deed, Instrument, or Writing, with the endorsement hereinbefore mentioned, cause it to be Stamped thereon with a Stamp of the amount paid into Court on account of such duty. All the provisions hereinbefore contained as to the mitigation or payment of penalties paid to the Collector shall be applicable to penalties paid into Court.

যত টাকা দেওয়া গেল তাহা সেই বহীতে, ও ঐ দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার পৃষ্ঠে লিখিতে হইবেক, ও তাহাতে আদালতের বিচারপতি দস্তখৎ করিবেন। কোন আদালতে সেইরূপ কিছু টাকা পাওয়া গেলে, ঐ আদালত মাসের শেষে সেই কথার রিপোর্ট লিখিয়া জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবকে দিবেন, তাহাতে জরীমানা বলিয়া যত টাকা দেওয়া গেল ও মাসুল বলিয়া যত দেওয়া গেল তাহা বিশেষ করিয়া লিখিতে হইবেক, ও মোকদ্দমার নম্বর ও নাম, ও যাহার স্থানে ঐ সকল টাকা পাওয়া গেল তাহার নাম, ও সেই দলীল চেনা যায় এই নিমিত্তে তাহাতে তারিখ থাকিলে সেই তারিখ ও দলীলের খোলাসা লিখিতে হইবেক। ও সেই আদালত ঐ টাকা ঐ কালেক্টর সাহেবকে, কিম্বা তিনি অন্য যে ব্যক্তিকে ঐ টাকা লইতে নিযুক্ত করেন, তাহাকে দিবেন। তাহাতে ঐ দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া পৃষ্ঠের লিখিত পূর্ব্বোক্ত কথাসমেত ঐ কালেক্টর সাহেবের কি উপযুক্ত অন্য কার্য্যকারকের নিকটে উপস্থিত করা গেলে, তিনি ঐ মাসুলের বাবৎ যত টাকা আদালতে দাখিল হইয়াছে তত টাকার ইষ্টাম্প তাহাতে দেওয়াইবেন। কালেক্টর সাহেবকে যে জরীমানার টাকা দেওয়া যায়, তাহা কম করিবার কিম্বা তাহা দিবার যে সকল বিধি উপরে লেখা গিয়াছে, তাহা আদালতে দেওয়া জরীমানার ঐ টাকার উপরও খাটিবে।

[No unstamped or insufficiently stamped Deed, &c., to be stamped except as aforesaid.]

[ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে যে দলীলপ্রভৃতি লেখা যায়, তাহাতে কেবল পূর্ব্বোক্তমতে ইষ্টাম্প দেওয়া যাইবার কথা।]

Sixth.—No Deed, Instrument, or Writing executed on stamped or insufficiently Stamped paper shall be Stamped at any time after the execution thereof, except as aforesaid.

ষষ্ঠ প্রকরণ। ইষ্টাম্প না হওয়া কাগজে কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে যে কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া হয়, তাহাতে দস্তখৎ হইলে পর, পূর্ব্বোক্তমতে না হইলে কোন সময়ে ইষ্টাম্প দেওয়া যাইতে পারিবে না।

[Cost of transmitting Deed, &c., to be Stamped by whom to be paid.]

[ইষ্টাম্প দিবার জন্যে দলীলপ্রভৃতি চালান করিবার খরচ যাহার দিতে হইবেক তাহার কথা।]

Seventh.—The cost of transmitting all Deeds, Instruments, and Writings required to be stamped under this Section and the cost of registering the same at the Post Office for transmission, shall, in all cases, be borne by the party applying to have such Deeds, Instruments, and Writings stamped.

সপ্তম প্রকরণ। এই ধারামতে যে সকল দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প দেওয়া প্রয়োজন হয় তাহা চালান করিবার খরচ, ও চালান করিবার নিমিত্তে তাহা ডাকঘরে রেজিষ্টর করিবার খরচ, যে জন ঐ দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে ইষ্টাম্প দিবার দরখাস্ত করে তাহার সর্ব্বদা দিতে হইবেক।

[Government not responsible for loss or damage to Deed, &c.

Eighth.—The Government shall not be responsible for any loss or damage which may occur in respect of any Deed, Instrument, or Writing entrusted to the Collectors of Stamp Revenue, and no person employed by the Government in the Stamp Department shall be responsible for any such loss or damage, unless that person shall wilfully, fraudulently, or by gross negligence, cause such loss or damage.

[দলীলপ্রভৃতি হারাণ গেলে কি তাহার নোকসান হইলে গবর্ণমেণ্টের দায়ী না হইবার কথা।]

অষ্টম প্রকরণ। ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবদিগের নিকটে যে কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া গচ্ছিত করা যায় তাহা হারাণ গেলে কি তাহার কিছু নোকসান হইলে গবর্ণমেণ্ট তাহার নিমিত্তে দায়ী হইবেন না। ও যে কোন লোক গবর্ণমেণ্টহইতে ইষ্টাম্প ডিপার্টমেণ্টে নিযুক্ত হন, তিনিও তাহার নিমিত্তে দায়ী হইবেন না, কেবল যদি সেই লোক জানিয়াশুনিয়া কি প্রতারণা করিয়া কি ভারি অমনোযোগ করিয়া ঐ দলীলপ্রভৃতি হারাইয়া ফেলেন কি তাহার নোকসান করেন, তবে দায়ী হইবেন ইতি।

[Provisions of this Section not to extend to Bills of Exchange, &c., drawn in India.]

[এই ধারার বিধান ভারতবর্ষের মধ্যে লেখা কোন হুণ্ডীপ্রভৃতির উপর না খাটিবার কথা।]

But no part of this Section shall extend to Bills of Exchange or other forms of orders for money drawn within the British Territories in India, or to receipts for money.

কিন্তু ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে লেখা কোন হুণ্ডীর উপর, কি টাকা দিবার অন্য কোন প্রকারের হুকুমনামার উপর, কিম্বা টাকার কোন রসীদের উপর এই ধারার কোন কথা খাটিবে না।

[What sum recoverable under a Writing bearing an optional stamp.]

XIV No larger sum shall be recoverable in any Court of Justice by reason of any Deed, Instrument, or Writing for which an optional Stamp is indicated to be proper by the said Schedule, than the largest sum for which, if specially stated in a Deed, Instrument, or Writing of the same denomination, the Stamp actually used under the option so given, would be of sufficient value. And no such Deed, Instrument, or Writing shall be held by any Court of Justice to be valid in respect to any sum of money larger than that for which the Stamp on the said Deed, Instrument, or Writing would be sufficient.

[যে লেখাপড়ার স্বেচ্ছামতের ইষ্টাম্প দেওয়া যায় তাহার উপর যত মাসুল আদায় হইতে পারে তাহার কথা।]

১৪ ধারা। উক্ত তফসীলেতে কোন দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার জন্যে লোকের স্বেচ্ছামতের ইষ্টাম্প যদি উপযুক্ত প্রকাশ হয়, তবে তত্তুল্য প্রকারের অন্য দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার নিমিত্তে অত্যধিক যত টাকা উপযুক্ত বলিয়া বিশেষমতে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার অধিক টাকা সেই স্বেচ্ছামতের ইষ্টাম্প করা কাগজে লেখা দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার নিমিত্তে কোন আদালতে আদায় হইতে পারিবেক না। আর উক্ত দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার যে ইষ্টাম্প থাকে তাহা যত টাকার লিপির উপযুক্ত হয় তাহার অধিক টাকার নিমিত্তে ঐ দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া কোন আদালতে মাতবর জ্ঞান হইবেক না ইতি।

[Expense of providing Receipt Stamps, &c.]

XV. Every person receiving payment of any sum of money, the receipt for which under this Act requires a Stamp, shall, if required, give a receipt bearing the proper Stamp indicated by this Act, and shall bear the expense of furnishing the same, and in case of refusal shall be liable to a penalty not exceeding one hundred Rupees. The expense of providing the Stamp of all Bills of Exchange, Letters of Credit, Drafts, Cheques on Bankers or others, Promissory Notes, and other Orders and Obligations for the payment of money made or drawn in the British Territories in India (not being Bonds or Instruments or Writings bearing the attestation of one or more witnesses) shall be borne by the person making or drawing the same.

[রসীদের ইষ্টাম্পপ্রভৃতি দিবার খরচের কথা।]

১৫ ধারা। কোন লোককে কিছু টাকা দেওয়া গেলে, যদি এই আইনমতে সেই টাকার রসীদে ইষ্টাম্প দিবার আজ্ঞা হয়, তবে সেই লোক আজ্ঞা পাইলে, এই আইনের নির্দ্দিষ্ট উপযুক্ত ইষ্টাম্প করা কাগজে রসীদ দিবে, ও সেই ইষ্টাম্প দিবার খরচ ঐ লোকের দিতে হইবে। যদি না দেয়, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। সকল হুণ্ডীতে, ও লেটর অফ ক্রেডিট অর্থাৎ বরাৎচিঠীতে, ও দ্রাফ্‌টে, ও চেকেরদের কি অন্যেরদের উপর যে চাক দেওয়া যায় তাহাতে ও প্রমিসরি নোটে, ও এক কি অধিক জন ইসাদির দস্তখৎ-করা বণ্ড কি দস্তাবেজ কি লেখাপড়া ভিন্ন, টাকা দিবার অন্য যে হুকুমে ও খতে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে দস্তখৎ হয়, তাহাতে ইষ্টাম্প দিবার খরচ, যে জন ঐ হুণ্ডীপ্রভৃতি দেয় কি লেখে তাহার দিতে হইবেক ইতি।

[Stamp duty payable under Schedule B.]

XVI. Except within the local limits of the jurisdiction of the Courts established by Royal Charter, no Instrument or Writing of any of the kinds specified as requiring Stamps in the Schedule B annexed to this Act, shall be filed, exhibited, or recorded in any Court of Justice or Office with respect to which Court or Office such Instrument or Writing is required by Schedule B to have a Stamp, or shall be received or furnished by any Public Officer, unless such Instrument or Writing be upon a Stamp prescribed as aforesaid by the Governor General of India in Council, and of a value not less than that indicated to be proper for it by the said Schedule B.

[B চিহ্নের তফসীলমতে যে ইষ্টাম্পের মাসুল দিতে হইবেক তাহার কথা।]

১৬ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত আদালতের এলাকার সীমাসরহদ্দের বহিরে কোন আদালত কি আফিসসম্পর্কে যে কোন প্রকারের দস্তাবেজ কি লেখাপড়া এই আইনের B চিহ্নিত তফসীলে ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম হয়, তাহা যদি হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নির্দ্দিষ্ট ইষ্টাম্প কাগজে লেখা না থাকে ও ঐ B চিহ্নিত তফসীলে তাহার যত টাকার ইষ্টাম্প উপযুক্ত বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে তত টাকার ইষ্টাম্প কাগজে যদি লেখা না থাকে, তবে তাহা ঐ আদালতে কি আফিসে দাখিল করা যাইতে পারিবেক না, ও দলীল বলিয়া উপস্থিত করা যাইতে পারিবেক না ও আদালতের কাগজপত্রের শামিল করা যাইতে পারিবেক না, ও সরকারী কোন কার্য্যকারক তাহা গ্রাহ্য করিতে কি দিতে পারিবেন না ইতি।

[Effect of provision contained in the Schedules.]

XVII Every provision contained in the Schedules annexed to this Act shall be of the same force as if it were contained in the body of the Act.

[তফসীলের লিখিত বিধানের ফল।]

১৭ ধারা। এই আইনের তফসীলে যে সকল বিধান আছে তাহা এই আইনের মূল পাঠে থাকার মত বলবৎ হইবেক ইতি।

[Governor General in Council may lower rates of Stamp Duty in any District, or altogether exempt the same, &c Proviso.]

XVIII. The Governor General in Council may by an order to be published in the Calcutta Gazette

[কোন জিলাতে ইষ্টাম্পের মাসুলের হার কম করিতে কিম্বা একেবারে উঠাইয়া দিতে হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা ও বর্জ্জিত কথা।]

১৮ ধারা। এই আইনের তফসীলের লিখিত কোন কি সকল দলীলের কি দস্তাবেজের কি লেখাপড়ার উপর

direct that in any District such lower rates of Stamp Duty as he shall prescribe shall be taken on all or any of the Deeds, Instruments, or Writings specified in the Schedules to this Act or altogether exempt the same, and in like manner as occasion shall require cancel or vary such order to the extent of the powers hereby given. Provided that this Section shall not extend to Bills of Exchange or other Instruments classed as Bills of Exchange.

যে ইষ্টাম্পের মাসুল নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার তার কোন২ জিলাতে কম করা যায় কিম্বা একেবারে উঠাইয়া দেওয়া যায়. হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে ছাপাইয়া এমত আজ্ঞা করিতে পারিবেন, ও ইহাতে যেপর্য্যন্ত ক্ষমতা দেওয়া গিয়াছে সেইপর্য্যন্ত তিনি তদ্রূপে প্রয়োজনমতে ঐ হুকুম রদ কি বদল করিতে পারিবেন। কিন্তু এই ধারা বিল অফ এক্সচেঞ্জের অর্থাৎ হুণ্ডীর উপর কিম্বা তাহার সমান প্রকারের অন্য দস্তাবেজের উপর খাটিবে না ইতি।

[Appointment of Officers for collection of Revenue. Licensed Stamp venders.]

[রাজস্ব আদায় করিবার কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবার কথা ও অনুমতিপত্রপ্রাপ্ত ইষ্টাম্পবিক্রেতার কথা।]

XIX. The local Executive Government may appoint Officers for the collection of the Stamp Revenue, and may prescribe the duties of such Officers and may assign Districts to such Officers, and may license or cause to be licensed venders of Stamps, and may direct how and under what conditions Stamps may be supplied to such venders for sale.

১৯ ধারা। ইষ্টাম্পহইতে যে রাজস্ব হয় তাহা আদায় করিবার জন্যে, স্থানবিশেষের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কার্য্যকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন, ও সেই কার্য্যকারকেরদের কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দিষ্ট করিতে ও তাঁহারদের এলাকা নিরূপণ করিতে পারিবেন। ও ইষ্টাম্প কাগজবিক্রেতাদিগকে অনুমতিপত্র দিতে কি দেওয়াইতে পারিবেন, ও ইষ্টাম্প কাগজ বিক্রয় হইবার জন্যে যে প্রকারে ও যে নিয়মমতে ঐ বিক্রেতাদিগকে দেওয়া যাইবেক, তাহার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Licenses and Schedules to be stuck up in Stamp vender's shop.]

[ইষ্টাম্পবিক্রেতার দোকানে অনুমতিপত্র ও তফসীল লট্‌কাইবার কথা।]

XX. Every vender of Stamps shall at all times have his license together with the Schedules annexed to this Act in the vernacular language of the District stuck up in a conspicuous situation in the place where he sells the Stamps, on pain of a fine not exceeding fifty Rupees.

২০ ধারা। ইষ্টাম্পবিক্রেতা প্রত্যেক জন যে ঘরে ইষ্টাম্প বিক্রয় করে, তাহার কোন প্রকাশ স্থানে আপনার অনুমতিপত্র, ও এই আইনের তফসীল জিলার চলন ভাষাতে সর্ব্বদা লট্‌কাইয়া রাখিবেক। না রাখিলে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[Endorsement by vender on Stamp when issued.]

[ইষ্টাম্প কাগজ বিক্রয় হইলে তাহার পৃষ্ঠে বিক্রেতার সহী করিবার কথা।]

XXI. Every vender of Stamps shall write on the back (at the bottom of the page) of each Stamp which he issues, except Stamps used for Receipts or for Bills of Exchange, Drafts, or other Orders for money, the date of issue, the name of the person to whom it is issued, and his own ordinary signature, on pain of a fine not exceeding one hundred Rupees.

২১ ধারা। রসীদের কি হুণ্ডীর কি ড্রাফ্‌টের কি টাকার নিমিত্তে অন্য অর্ডরের জন্যে যে ইষ্টাম্পের ব্যবহার হয় তাহা ছাড়া, ইষ্টাম্পবিক্রেতা প্রত্যেক জন যে২ ইষ্টাম্প কাগজ কোন কাহাকে দেয়, তাহা দিবার তারিখ ও যাহাকে দেওয়া গেল তাহার নাম, ঐ কাগজের পৃষ্ঠের নীচ ভাগে লিখিবেক ও তাহাতে আপনি রীতিমতে দস্তখৎ করিবে। ঐ সকল কথা না লিখিলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

[Penalty for false endorsement.]

[পৃষ্ঠে মিথ্যা কথা লিখিবার দণ্ড।]

XXII. Any vender who shall knowingly write a false date or name on the back of any Stamp, shall be punished by a fine not exceeding five hundred Rupees, or imprisonment not exceeding three months, or both.

২২ ধারা। কোন বিক্রেতা যদি কোন ইষ্টাম্প কাগজের পৃষ্ঠে জানিয়াশুনিয়া মিথ্যা তারিখ কি নাম লেখে, তবে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা, কিম্বা তিন মাসপর্য্যন্ত কয়েদ, কি ঐ উভয় দণ্ড হইবেক ইতি।

[Delay by Stamp vender in issuing Stamps.]

[ইষ্টাম্পবিক্রেতা ইষ্টাম্প দিতে বিলম্ব করিলে তাহার কথা।]

XXIII. Every vender of Stamps shall, without delay, deliver any Stamp which he has in his possession for sale on demand by any person tendering the value in any currency which the vender is duly authorized to receive in payment for Stamps, on pain of a fine not exceeding one hundred Rupees.

২৩ ধারা। ইষ্টাম্পবিক্রেতার কাছে বিক্রয় হইবার জন্যে যে ইষ্টাম্প কাগজ থাকে, এমত কোন কাগজ যদি কেহ লইতে চাহে, ও সেই ইষ্টাম্প কাগজের নিমিত্তে বিক্রেতার যে প্রকারের মুদ্রা গ্রহণ করিবার অনুমতি আছে, চলিত এমত কোন মুদ্রাতে যদি তাহার মূল্য দেয়, তবে ইষ্টাম্পবিক্রেতা তৎক্ষণাৎ সেই কাগজ তাহাকে দিবেক। না দিলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[Stamp vender accepting any consideration other than that authorized.]

[যত লইবার অনুমতি হয় তাহাভিন্ন ইষ্টাম্পবিক্রেতা কিছু গ্রহণ করিলে তাহার কথা।]

XXIV. Any vender who demands or accepts for any Stamp any consideration other than the value thereof in such currency as he is duly au-

২৪ ধারা। ইষ্টাম্প কাগজের নিমিত্তে ইষ্টাম্পবিক্রেতার যে প্রকারের মুদ্রা গ্রহণ করিবার অনুমতি উক্তমতে দেওয়া গিয়াছে সেই প্রকারের মুদ্রাতে এ কাগ-

thorized to receive in payment for Stamps, shall be punished by a fine not exceeding one hundred Rupees.

[Stamp vender accepting any consideration exceeding the value of the Stamp.]

XXV. Any vender who demands or accepts for any Stamp any consideration exceeding the value of such Stamp shall be punished by imprisonment for a period not exceeding six months, or by a fine not exceeding ten times the value so demanded or accepted, or by both, and it shall be in the discretion of the Court or Officer passing the sentence to direct the value of the excess to be refunded out of such fine to any person from whom such excessive consideration may have been accepted.

[Illegal sale of old Stamps.]

XXVI. Any vender or other person who after any period which may have been appointed by the Governor General in Council for the commencement of the use of new Stamps sells any old Stamps, shall be punished by a fine not exceeding one hundred Rupees.

[Stamps vender refusing or omitting to render accounts.]

XXVII. If any vender refuses or omits to render any accounts required by the provisions of any bond he may have entered into, or to permit the Collector of the Stamp Revenue of the District or any Officer duly authorized by him to inspect his accounts, or to examine the store of Stamps in his possession, it shall be lawful for the said Collector to proceed against the said vender for the recovery of the value of the balance of Stamps standing against the vender in the books of the said Collector, or for the recovery of the balance of money, standing against the said vender in the said books, in the same manner as Collectors of Land Revenue are authorized by law to proceed against persons owing Revenue or rent to Government.

[Delivery of Stamps &c. by vender on determination of his license.]

XXVIII Any vender who, upon the determination or resignation of his license, does not within such reasonable time as shall have been prescribed by the Collector of the Stamp Revenue of the District, make over to some Officer duly authorized to receive them, accounts of all his transactions in relation to Stamps, kept according to the provisions of any bond he may have entered into, together with any Stamps remaining, or which ought to be remaining in his hands, and any balance of cash which may be due from him to Government on the abovementioned accounts, shall be liable to a fine not exceeding five hundred Rupees : provided always that no vender shall, by the payment of such fine, be exempt from any punishment provided by law for any embezzlement of which he may have been

ক্রের যে মূল্য হয় তাহাছাড়া, যদি সেই বিক্রেতা অন্য কিছু চাহে কি লয়, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

। ইষ্টাম্প কাগজের যে মূল্য হয় তাহার অধিক কিছু লইলে তাহার কথা।]

২৫ ধারা। যদি কোন ইষ্টাম্পবিক্রেতা কোন ইষ্টাম্প কাগজের মূল্যের অধিক কিছু সেই ইষ্টাম্প কাগজের নিমিত্তে চাহে কি লয়, তবে সে ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবেক, কিম্বা যত চাহিয়াছে কি লইয়াছে তাহার দশগুণপর্য্যন্ত জরীমানা হইবেক, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক। ও যে আদালত কি কার্য্যকারক সাহেব ঐ দণ্ডের আজ্ঞা করেন তিনি আপনার বিবেচনামতে এই আজ্ঞাও করিতে পারিবেন, যে ঐ মূল্যের অধিক যত যাহার স্থানে লওয়া গিয়াছে তাহাকে ঐ জরীমানার টাকাহইতে তত ফিরিয়া দেওয়া যায় ইতি।

[পুরাতন ইষ্টাম্প কাগজ বেআইনীমতে বিক্রয় করিবার কথা।]

২৬ ধারা। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নূতন ইষ্টাম্প কাগজ চলন হইবার যে কোন সময় নিরূপণ করেন, তাহার পর যদি কোন বিক্রেতা কি অন্য লোক কোন পুরাতন ইষ্টাম্প কাগজ বিক্রয় করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ইষ্টাম্পবিক্রেতা হিসাব না দিলে কি দিতে স্বীকার না করিলে তাহার কথা।]

২৭ ধারা। কোন ইষ্টাম্পবিক্রেতা যে কোন একরারনামা লিখিয়া দেয় তাহার নিয়মমতে যে হিসাব দিতে হয় তাহা যদি না দেয় কি দিতে স্বীকার না করে, কিম্বা জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবকে, কিম্বা তাঁহার স্থানে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারককে, সেই হিসাব দেখিতে না দেয়, কিম্বা তাহার নিকটে যে সকল ইষ্টাম্প কাগজ থাকে তাহা দেখিতে না দেয়, তবে সরকারের মালগুজারী কি খাজানা যাহারদের নিকটে পাওনা থাকে তাহারদের উপর মালগুজারীর কালেক্টর সাহেবেরা আইনমতে যেরূপে কার্য্য চালাইতে পারেন, উক্ত কালেক্টর সাহেবের খাতায় বিক্রেতার নামে যত ইষ্টাম্প কাগজ লেখা গেল তাহার বাকীর মূল্য পাইবার নিমিত্তে, কিম্বা উক্ত খাতায় ঐ বিক্রেতার নামে বাকী পাওনা যত টাকা লেখা আছে তাহা পাইবার নিমিত্তে, ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রেতার উপর সেই প্রকারের কার্য্য চালাইতে পারিবেন ইতি।

[বিক্রেতার অনুমতিপত্রের মিয়াদ ফুরাইলে তাহার ইষ্টাম্পকাগজপ্রভৃতি ফিরিয়া দিবার কথা।]

২৮ ধারা। কোন বিক্রেতার অনুমতিপত্রের মিয়াদ যখন ফুরায়, কিম্বা সে ঐ অনুমতিপত্র যখন ত্যাগ করে, তখন ঐ বিক্রেতার লিখিত একরারনামার নিয়মমতে ইষ্টাম্প সম্পর্কে আপন লেনাদেনার যে হিসাব রাখিয়াছে তাহা, ও তাহার কাছে যে কিছু ইষ্টাম্প কাগজ থাকে কি যত থাকা উচিত হয় তাহা, ও উক্ত বাবতে তাহার স্থানে গবর্নমেণ্টের যত টাকা পাওনা থাকে তাহা গ্রহণ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের হাতে, ঐ জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেব উপযুক্ত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে দিবেক। না দিলে, তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। কিন্তু উক্ত জরীমানা দিলেও ঐ বিক্রেতা কোন মামুল চুরীর দোষে দোষী হইলে তাহার যে দণ্ড আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার সেই দণ্ড হইতে পারিবেক। ও কোন ইষ্টাম্প কাগজের মূল্য কিম্বা ঐ বিক্রেতার হাতে থাকা কিম্বা তাহার নামে লেখা যে

guilty, or from such proceeding as by Section XXVII. of this Act the Collector of the Stamp Revenue of the District is empowered to adopt for the recovery of the value of any Stamps or balance of cash remaining in the hands of or standing against such vender.

[On death of Stamp vender unsold Stamps &c. to be delivered to a duly authorized Officer.]

XXIX. Upon the death of any vender, his executors or administrators, or in case there be no executor or administrator any other person in possession of his effects, shall, upon demand being made by the Collector of Stamp Revenue or any Officer duly authorized by him, make over within a reasonable time to such Collector or Officer any Stamps which the deceased vender may have received and not have issued at the time of his death, and any accounts of the transactions of the deceased vender in relation to Stamps which may have been kept according to the provisions of any bond such vender may have entered into, of which Stamps and accounts such executor, administrator, or other person may have the possession, or be able to obtain the possession, on pain of a fine not exceeding five hundred Rupees.

[Proceedings against sureties of Stamp vender.]

XXX. In any of the cases specified in the preceding Sections the Collector of the Stamp Revenue of the District may call upon the surety or sureties of the vender, or any of them, to make good the value of the balance of Stamps standing against the vender in the books of the said Collector, or the balance of money standing against the vender in the books of the said Collector, and on his or their failure to do so, may proceed against all or any of them for the recovery of the value of the balance of Stamps or for the recovery of the balance of money as aforesaid, in the same manner as Collectors of Land Revenue are authorized by law to proceed against the sureties of persons owing Revenue or rent to Government.

[Unlicensed sale of Stamps.]

XXXI. No person not being a licensed vender of Stamps duly appointed, shall sell any Stamp unless it has been in an authorized manner obtained for use and not for sale, under pain of a fine not exceeding one hundred Rupees; provided that nothing in this Section shall be held to apply to any adhesive Stamp.

[Renewal of damaged or spoiled Stamps.]

XXXII. *First.*—If any stamped paper, parchment, vellum, or the like, after having been obtained in the regular manner, shall have become damaged, spoiled, or unfit for use, either by any accident happening to the same, or because of error in the drawing up or copying any Instrument or Writing thereupon, which being discovered before such Instrument or Writing may be finally signed and

টাকা পাওনা আছে তাহা আদায় করিবার জন্যে, এই আইনের ২৭ ধারামতে জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের যে কার্য্য করিবার ক্ষমতা আছে, তাহাহইতেও সেই বিক্রেতা মুক্ত হইবেক না ইতি।

[ইষ্টাম্পবিক্রেতা মরিলে, যত ইষ্টাম্প কাগজপ্রভৃতি বিক্রয় না হইয়া থাকে তাহা উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে দিবার কথা।]

২৯ ধারা। কোন বিক্রেতা মরিলে, তাহার অছির কি সৎসারাধ্যক্ষের, কিম্বা অছি কি সৎসারাধ্যক্ষ না থাকিলে তাহার সম্পত্তি অন্য যে কোন লোকের হাতে থাকে তাহার স্থানে, যদি ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেব কিম্বা তাঁহাহইতে উপযুক্তমতের ক্ষমতাপন্ন কার্য্যকারক চাহেন, তবে ঐ অছি কি সৎসারাধ্যক্ষ কি অন্য ব্যক্তি যে সকল ইষ্টাম্প কাগজের কি হিসাবের দখল পাইয়াছে কি পাইতে পারে, এমত যে সকল ইষ্টাম্প কাগজ ঐ মৃত বিক্রেতা পাইয়া মরণ কাল পর্য্যন্ত বিক্রয় না করিয়াছিল সেই সকল কাগজ, ও সেই মৃত বিক্রেতার লিখিত একরারনামার নিয়মমতে ইষ্টাম্পের সম্পর্কে যে সকল লেনাদেনার হিসাব রাখিয়াছিল, তাহা উপযুক্ত সময়ের মধ্যে সেই কালেক্টর সাহেবকে কি কার্য্যকারককে দিবেক। না দিলে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ইষ্টাম্পবিক্রেতার জামিনেরদের নামে নালিশ করিবার কথা।]

৩০ ধারা। ইহার পূর্ব্বের কএক ধারার নির্দ্দিষ্ট স্থলে, উক্ত কালেক্টর সাহেবের খাতা বহীতে বিক্রেতার যত ইষ্টাম্প কাগজ লেখা থাকে তাহার বাকী কাগজের মূল্য, কিম্বা ঐ কালেক্টর সাহেবের খাতা বহীতে ঐ বিক্রেতার নামে যত টাকা পাওনা লেখা আছে তাহা, জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেব ঐ বিক্রেতার জামিনকে কি জামিনদিগকে কি তাহারদের কোন কাহাকে আনিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। ও সে কি তাহারা তাহা না দিলে, গবর্ণমেণ্টের মালগুজারী কি খাজানা যাহারদের স্থানে পাওনা থাকে তাহারদের জামিনেরদের উপর ভূমির রাজস্বের কালেক্টর সাহেবেরা আইনমতে যেরূপে কার্য্য চালাইতে পারেন, তেমনি ঐ বাকী ইষ্টাম্প কাগজের মূল্য কিম্বা পূর্ব্বোক্তমতের বাকী টাকা আদায়ের জন্যে, ঐ জামিনেরদের কি তাহারদের কোন কাহার উপর কার্য্য চালাইতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না পাইয়া ইষ্টাম্প কাগজ বিক্রয় করিবার কথা।]

৩১ ধারা। ইষ্টাম্প কাগজ বিক্রয় করিবার অনুমতিপ্রাপ্ত ও উচিতমতের নিযুক্ত লোক না হইলে, কেহ কোন ইষ্টাম্প কাগজ বিক্রয় করিতে পারিবেক না। করিলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। কেবল যদি তাহা উপযুক্ত কার্য্যের নিমিত্তে লওয়া গিয়াছে, বিক্রয়ের নিমিত্তে নয়, তবে বিক্রয় করিতে পারে, কিন্তু এই ধারার কথা কোন আটাল ইষ্টাম্পের উপর খাটে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[ইষ্টাম্প কাগজের নোকসান কি ক্ষতি হইলে তাহার কথা।]

ও তাহার উপর পঁচিশ২ হাজার টাকার কি তাহার কোন ভাগের	১০০৲ ১০০৲

এক বৎসরের অধিক মিয়াদের পাট্টার যত ইষ্টাম্প লাগে তত।

৩১। সেলামীপ্রভৃতি অন্য টাকা না দিয়া খাজানার কি ভাড়ার নিমিত্তে যদি জমীর কি ঘরের কি অন্য স্থাবর সম্পত্তির বেমিয়াদী পাট্টা হয় তবে তাহার উপর

সেলামীপ্রভৃতির টাকা বুঝিয়া হস্তান্তর করণপত্রের যত ইষ্টাম্প, ও খাজানা ধরিয়া পাট্টার যত ইষ্টাম্প হয়, সেই দুই ইষ্টাম্পের তুল্য লাগিবে।

৩২। জমীর কি ঘরের কি স্থাবর অন্য সম্পত্তির খাজানার কি ভাড়ার করার করিয়া সেলামীপ্রভৃতি টাকা লইয়া যে পাট্টা দেওয়া যায় তাহার উপর

পাট্টার যত ইষ্টাম্প তত।

৩৩। কবুলিয়ৎপ্রভৃতির উপর ... ..

যে পাট্টার ইষ্টাম্প লাগিবে না তাহার কথা।

রাইয়তেরদের ও জমীর অন্য চাষিরদের সঙ্গে যে পাট্টা ও কবুলিয়তের লেনা দেনা হয় তাহা। কিন্তু ইহাতে প্রয়োজন যে এ কার্য্যের মধ্যে কোন সেলামীপ্রভৃতি টাকা না লওয়া যায় ও জামিনী খৎ না করা যায়।

(মান্দ্রাজে ও বোম্বাইতে।)

সরকারের মালগুজারীর জমীর বিষয়ে জমীদারেরদের ও রাইয়তেরদের মধ্যে যে পাট্টা ও কবুলিয়ৎ কি অন্য বন্দোবস্তপত্র হয় তাহা।

মোখ্তারনামা।

৩৪। উকীলের যে পত্র কি ক্ষমতাপত্র কি মোখ্তার-নামাপ্রভৃতির বিধান B চিহ্নিত তফসীলে হয় নাই

কোন বিশেষ কর্ম্ম নির্ব্বাহ করিবার নিমিত্তে কিম্বা বিশেষ কোন এক মোকদ্দমার কি ব্যাপারের সম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিবার নিমিত্তে হইলে তাহার উপর ॥৹

পূর্ব্বোক্তমতে বিশেষ না হইয়া আম মোখ্তারনামার উপর ... . ৪৲

মন্তব্য কথা। আদালতে কিম্বা মালগুজারীর কার্য্যকারকেরদের সম্মুখে উপস্থিতথাকা জাবেতামতের কি সরাসরী কি কোন প্রকারের মোকদ্দমা চালাইবার জন্যে যে ওকালৎনামা ও মোখ্তারনামা ও অন্য ক্ষমতাপত্র দাখিল করিতে হয় তাহার নিমিত্তে ... ... B চিহ্নিত তফসীল দেখ।

৩৫। খাতকদিগকে কর্জ্জ শোধ করিবার জন্যে মহাজনেরা অধিক সময় দিবার যে পত্র দেন তাহার উপর.. ৮৲

বন্ধকী পত্র।

৩৬। বন্ধকী পত্র।, অর্থাৎ যে টাকা পাওনা হয় কি কর্জ্জ দেওয়া যাইবে তাহার জামিনীস্বরূপে কোন জমীর কি ইস্টেটের কি স্থাবর কি অস্থাবর সম্পত্তির দখল দেওয়াইয়া কি না দেওয়াইয়া, তাহার বন্ধকী পত্রের কি নিয়মাধীনে বিক্রয়পত্রের, ও যে টাকা পাওনা হয় কিম্বা কর্জ্জ দেওয়া যায় তাহার জামিনীস্বরূপ কিছু সম্পত্তি দেওয়া গেলে ঐ সম্পত্তির অধিকারপত্র দাখিল করিবার সময়ে যে কোন দলীল কি চুক্তিপত্র করা যায় তাহার উপর ... যত টাকা পাওনা হয় কি কর্জ্জ দেওয়া যায় তত টাকার বণ্ডের সমান ইষ্টাম্প।

	উচিত ইষ্টাম্প।
৩৭। গবর্ণমেণ্টের কোন নিদর্শনপত্র খারিজদাখিল করিবার কিম্বা নিরূপিত কালের নিমিত্তে বার্ষিক বৃত্তি দিবার, কিম্বা যাহার মূল্য ধরা যাইতে পারে এমত কোন বিষয় কি দ্রব্য পরে কোন কালে দাখিল করিবার জামিনীস্বরূপে যে বন্ধকী পত্রপ্রভৃতি দেওয়া যায় তাহার উপর	যত টাকার জামিন হয় কিম্বা যত মূল্য হয় তত টাকা দিবার বণ্ডের সমান ইষ্টাম্প।
৩৮। কোন কাহার আয়ুঃপর্য্যন্তপ্রভৃতি অনিরূপিত কালের নিমিত্তে বার্ষিক বৃত্তির জামিনীস্বরূপ যে বন্ধকী পত্র দেওয়া যায় তাহার উপর	বৎসরে যত টাকা দিতে হয় তাহার দশগুণ টাকার উপযুক্ত ইষ্টাম্প।
ঐ বন্ধকী পত্র যত টাকার জামিনীস্বরূপ হয় তাহা এত টাকার অধিক না হয় এই মর্ম্মের যদি করার হয় তবে	তত টাকার বন্ধকী পত্রের সমান ইষ্টাম্প।
ঐ বন্ধকী পত্র মোটে যত টাকার জামিনীস্বরূপ হয় তাহা যদি অনিশ্চিত থাকে তবে	স্বেচ্ছামতের ইষ্টাম্প। আইনের ১৪ ধারা দেখ।
যত টাকার বাবৎ বন্ধক হয় তাহার বণ্ড যদি পূর্ব্বে লওয়া গিয়া থাকে, কিম্বা অন্য যে কোন ব্যাপারে দস্তাবেজ ইষ্টাম্প কাগজে করা গিয়াছে তাহাতে যদি অন্য কোন কারণে ঐ বন্ধকী পত্র আসল দলীল না হইয়া প্রতিপোষক দলীলস্বরূপ হয় তবে তাহার উপর ..	ঐ বণ্ড কি অন্য দস্তাবেজ আট টাকার অধিক মূল্যের ইষ্টাম্প কাগজে না হইলে তাহার সমান ইষ্টাম্প লাগিবে। অধিক হইলে আট টাকার ইষ্টাম্প লাগিবে।
উভয় পক্ষ যে প্রকারে ঐ বন্ধকী কার্য্য করিতে চাহে তাহা বুঝিয়া যদি এক দলীলের অধিকের প্রয়োজন হয়, তবে আসল দলীল উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা থাকিলে অন্য প্রত্যেক দলীলের উপর ...	আসল দলীলের ইষ্টাম্প আট টাকার অধিক না হইলে তাহার সমান ইষ্টাম্প লাগিবেক। অধিক হইলে আট টাকার ইষ্টাম্প লাগিবে।
৩৯। গবর্ণমেণ্টের নিদর্শনপত্র কি সোণারূপা কি রূপার ঘটীবাটী কি গহনাপ্রভৃতি আমানৎ করিয়া যে টাকা কর্জ্জ দেওয়া যায় কি আগাম দেওয়া যায় তাহার বন্ধকী পত্রের, কি আসৈনমেণ্টের অর্থাৎ অর্পণপত্রের, কি রসীদের উপর	প্রমিসরি নোটের যত ইষ্টাম্প লাগে তত।
বিভাগপত্র।	
৪০। বিভাগপত্র। অর্থাৎ ইষ্টেট কি স্থাবর কি অস্থাবর সম্পত্তি আপোসে কিম্বা সরকারী কার্য্যকারকেরদের দ্বারা বিভাগ করা গেলে, কিম্বা হিন্দুরদের মধ্যে যেমন হইয়া থাকে তেমন ভ্রাতারদের সম্পত্তিবিভাগের মত বিভাগ হইলে, প্রত্যেক জন শরীক ঐ বিভাগপত্রের যে নকল লয় তাহার উপর ---	
শরীকের অংশের মূল্য শত টাকার অধিক না হইলে	॥০
১০০৲ টাকার অধিক ২০০৲ টাকার অনধিক হইলে ...	১৲
২০০৲ ঐ ৪০০৲ ঐ ..	২৲
৪০০৲ ঐ ৬০০৲ ঐ ...	৪৲
৬০০৲ ঐ ৮০০৲ ঐ ...	৬৲
৮০০৲ ঐ ১০০০৲ ঐ ..	৮৲
তাহার উপর দুই২ শত টাকার	১৲
যে বিষয়ের বিভাগ হয় তাহার সমুদয় কি কোন অংশ যদি টাকা ছাড়া অন্য বিষয় হয়, ও সেই বিষয় ন্যায্যমতে বিভাগের যে কিছু কমী বেশী হয় তাহা সমান করিবার জন্যে, ঐ বিষয়ের মধ্যে নয় এমত কোন টাকা যদি দেওয়া যায় কিম্বা দিবার করার হয় তবে ...	যে বিষয়ের বিভাগ হয় তাহা ন্যায্যরূপে অংশাংশমতে নিতান্ত বিভাগ হইলে যত ইষ্টাম্প লাগে, ও তাহার কমী বেশী সমান করিবার নিমিত্তে যত টাকা দেওয়া যায় কি দিবার করার হয়, তত টাকার হস্তান্তর করণপত্রের কি রহনামার যত ইষ্টাম্প লাগে, এই দুই ইষ্টাম্পের সমান মূল্যের ইষ্টাম্প লাগিবে।
বিমাপত্র।	
৪১। বিমাপত্র। অর্থাৎ কোন লোকের কি লোকেরদের মরণের পরে, কিম্বা তাহার কি তাহারদের আয়ুর কালে কোন ঘটনা হইলে, কতক টাকা দিবার যে বিমাপত্র, কিম্বা অন্য কোন নামে খ্যাত যে দস্তাবেজ করা যায়, তাহা	
এক হাজার টাকার হইলে ও হাজারের কম যত টাকার হয় তাহার উপর।	॥৹

	উচিত ইষ্টাম্প।
৪২। কোন জাহাজের কি সুলুপের কি ভড়ের কি নৌকাপ্রভৃতির উপর, কিম্বা জাহাজাদিতে থাকা কোন মালের কি দ্রব্যের উপর, কিম্বা কোন জাহাজ কি সুলুপ কি ভড়ের কি নৌকাপ্রভৃতির বোঝাই দ্রব্যের উপর, কিম্বা তাহার কোন সম্পর্কের উপর বিমাপত্র হইলে, কিম্বা যত টাকার বিমাপত্র হয় তাহার উপর শতকরা দুই টাকার অধিকের প্রিমিয়ম যদি না হয় তবে ঐ জাহাজপ্রভৃতির কোন যাত্রার উপর বিমাপত্র হইলে, যদি হাজার টাকার অধিকের বিমাপত্র না হয় তবে তাহার ...	॥৹
যদি হাজার টাকার অধিকের বিমাপত্র হয় তবে কি হাজার টাকার উপর, ও তাহার মধ্যে হাজারের কম যত হয় তাহারও উপর	॥৹
যত টাকার বিমাপত্র হয় তাহার উপর শতকরা দুই টাকার অধিক প্রিমিয়ম হইলে, সমুদয় যদি এক হাজার টাকার অধিক না হয় তবে তাহার	১৲
যদি এক হাজার টাকার অধিকের বিমাপত্র হয়, তবে কি হাজার টাকার উপর ও তাহার মধ্যে হাজারের কম যত হয় তাহারও উপর	১৲
প্রমিসরি নোট।	
প্রমিসরি নোট। অর্থাৎ করারী তমঃসুক কি খৎ।	বিল অফ এক্সচেঞ্জ দেখ।
৪৩। সর্ব্বসুদ্ধ যত টাকা দিতে হইবেক ইহা স্থির ও নিশ্চিত হইয়া, কিস্তিবন্দী করিয়া টাকা দিবার কিম্বা ভিন্ন২ তারিখে বিশেষ২ কতক টাকা দিবার খতের উপর	ঐ সমুদয় টাকা দিবার খতের সমান ইষ্টাম্প।
৪৪। প্রোটেষ্ট অর্থাৎ কোন হুণ্ডী কি কতক টাকার প্রমিসরি নোট যাঁহার উপর দেওয়া যায় তাঁহার হাতে ঐ হুণ্ডীর টাকা নাই এই কথা লেখা গেলে কি সরকারী উকীলের দ্বারা ঐ হুণ্ডীপ্রভৃতির পৃষ্ঠে ঐ কথা লেখান গেলে, যদি তাহার ইষ্টাম্পের বিধি এই তফসীলের অন্য স্থানে হয় নাই কি তাহার ইষ্টাম্প না হইবার বিধি হয় নাই তবে তাহার উপর	২৲
রসীদ।	
৪৫। কোন টাকা পাওয়া গেলে কিম্বা কর্জ্জী টাকার কি অন্য প্রকারের পাওনা টাকার পরিশোধ হইলে তাহার ফারখৎস্বরূপে রসীদ কি ফারখতীপত্র দেওয়া গেলে, ঐ রসীদ কি ফারখৎ যদি ১০৲ টাকার হয় কিম্বা ৫০৲ টাকার অধিকের না হয় তবে তাহার উপর ...	৵১০
যদি ৫০৲ টাকার অধিকের হয় তবে তাহার উপর ...	৵০
যে২ রসীদের ইষ্টাম্প লাগিবে না তাহার কথা। (বাঙ্গলা দেশে।)	
কোন রাইয়ৎ কি জমীর অন্য চাষী যে জমী চাষ করিয়াছে সরকারের মালগুজারীর এমত জমীর খাজানার যে রসীদ কি ফারখৎ দেওয়া যায় তাহা।	
(মান্দ্রাজ ও বোম্বাই দেশে)	
সরকারী মালগুজারীর জমীর দখীলকার যে খাজানা দেয় তাহার রসীদ কি ফারখৎ।	
সাধারণ যে২ রসীদপ্রভৃতির ইষ্টাম্প লাগিবে না তাহার কথা।	
যাহার উপযুক্ত ইষ্টাম্প হইয়াছে এমত কোন প্রমিসরি নেটের কি হুণ্ডীর কি ড্রাফটের কি অর্ডরের টাকা দেওয়া গেলে তাহার উপর যে রসীদ কি ফারখৎ লেখা যায় তাহার।	
কোন প্রমিসরি নোট কি হুণ্ডী কি টাকার অন্য নিদর্শনপত্র পাওয়া গিয়াছে এই মর্ম্মের যে পত্র তাকে চালান হয় তাহার।	

	উচিত ইষ্টাম্প।
উপযুক্তমতের ইষ্টাম্প কাগজে লেখা কোন বন্ধকী পত্রের কি অন্য নিদর্শনপত্রের কি হস্তান্তর করণপত্রের কি নিরূপণপত্রের কি লোকবিশেষের বর্গের কি অন্য দস্তাবেজের উপর কি তাহার মধ্যে যে রসীদ কি ফারখৎ লেখা থাকে, অর্থাৎ কোন বিষয়ের পরিবর্ত্তে যে টাকা ঐ দলীলে নির্দ্দিষ্ট থাকে তাহা পাইবার, কিম্বা তাহাতে যে আসল টাকা কি সুদ কি বার্ষিক বৃত্তি ধরা আছে তাহা পাইবার রসীদ কি ফারখৎ।	
কোন ব্যাঙ্কে আমানৎকরা কিম্বা কোন বণিকের হাতে গচ্ছিতকরা সুদসমেত কি সুদছাড়া যে টাকার হিসাব দেওয়া যায় তাহার রসীদ। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ টাকার হিসাব যাহাকে দেওয়া যায় তাহারই স্থানে ঐ টাকা পাওয়া গিয়াছে এই কথা লেখা থাকে, অন্যের হাতে পাওয়া গিয়াছে এমন লেখা না থাকে। আরো জানিতে হইবেক যে, কোন-জাইণ্ট ষ্টাক কি অন্য কোম্পানির কি প্রস্তাবিত কি সম্ভাবিত কোম্পানির কোন লিপির কি শ্যারের উপর টাকা দিবার যে দাওয়া হয়, তৎসম্পর্কীয় শ্যার বিলি করিবার পত্রের উপর যে টাকা দেওয়া যায় কি আমানৎ করা যায় সেই টাকার রসীদের কি ফারখতীর উপর এই বিধি খাটিবে না। সেই প্রকারের রসীদ যে কেহ দিউক তাহার উপর রসীদের উপযুক্ত ইষ্টাম্প লাগিবে।	
তফসীল।	
৪৬। কোন করারনামাতে কি পাট্টায় কি বণ্ডে কি দলীলে কি অন্য দস্তাবেজে যে তফসীলের উল্লেখ হয় তাহার ফি হাজার শব্দের কি তাহার কোন অংশের উপর	১৸৵
নিরূপণপত্র।	
৪৭। নিরূপণপত্র কি স্ত্রীধন নিরূপণপত্রপ্রভৃতি। অর্থাৎ কোন লোকের কি লোকেরদের নিমিত্তে কি মঙ্গলার্থে যে কিছু টাকা কি গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোট কি স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি কোন প্রকারেতে নিরূপণ করিয়া দেওয়া যায় কি দিবার করার হয় সেই টাকার কোন দলীলের কি দস্তাবেজের উপর ...	যত টাকা নিরূপণ করিয়া দেওয়া যায় কি দিবার করার হয়, কিম্বা সম্পত্তি হইলে তাহার যত টাকা মূল্য হয়, তত টাকার বণ্ডের যত ইষ্টাম্প লাগে তত। কিম্বা যদি মূল্য নিশ্চিত না হয় তবে স্বেচ্ছামতের ইষ্টাম্প। এই আইনের ১৪ ধারা দেখ।
নিরূপণপত্রের যে ইষ্টাম্প লাগিবে না তাহার কথা।	
উইলপ্রভৃতি অর্থাৎ মরণের পরে সম্পত্তির নিয়মপত্র ও পূর্ব্বকরা কোন নিরূপণপত্র কি দলীল কি উইলঅনুসারে কেবল ট্রষ্টপ্রভৃতি নিরূপণ করিবার দলীল।	
সাধারণমতে যে২ দলীলে ইষ্টাম্প লাগিবে না তাহা ও সাধারণ বিধি।	
কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া যে প্রকারের হউক, তাহাতে যদি গবর্ণমেণ্ট কি কোন বোর্ড কি কমিসান কি আদালত কিম্বা সরকারী কর্ম্মকারক আপন সরকারী পদোপলক্ষে এক পক্ষ হন, তবে তাহার ইষ্টাম্প লাগিবে না।	

[*Government Gazette, 24th July*, 1860.]

	উচিত ইষ্টাম্প।
মন্তব্য কথা। ইষ্টাম্প না লাগিবার উক্ত কথা কোর্ট ওয়ার্ডসের কি স্থানবিশেষের এজেণ্ট সাহেবের-দের কিম্বা তাঁহারদের আজ্ঞার অধীন অন্য কর্ম্মকারকেরদের কিম্বা কোন আডমিনিষ্ট্রেটর জেনরলের করা কি তাঁহারদিগকে করিয়া দেওয়া কোন দলীলের ও দস্তাবেজের ও লেখাপড়ার উপর লাগিবে না। ও খার্কা মালগুজারীর কি খাজানার নিমিত্তে, কিম্বা আদালতের ডিক্রী কি হুকুম জারী করিয়া যে নীলাম হয় তাহার উপরও লাগিবে না। এমন স্থলে খরীদারেরা যখন খরীদের টাকা দেয় তখন উপযুক্ত ইষ্টাম্প কাগজের মূল্য কি উপযুক্ত ইষ্টাম্প কাগজ দিবেক, ও তাহারা উপযুক্ত ইষ্টাম্প কাগজে লেখা বয়নামা ঐ নীলামকরণিয়া কার্য্যকারকের স্থানে পাইবে।	
এই তফসীলমতে যে কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া ইষ্টাম্প কাগজে লিখিতে হয়, তাহা একই ইষ্টাম্প কাগজে কিম্বা অনেক কাগজে লেখা যাইতে পারিবে। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ তফসীলমতে যত মূল্যের ইষ্টাম্প কাগজ লাগে, ঐ সকল কাগজের মোটে তত মূল্য হয়।	

B চিহ্নিত তফসীল।

ইহার কথা আইনের ১৩ ধারাতে আছে। ইহাতে আদালতের কাগজপত্রের বিশেষ কথা নির্দ্দিষ্ট হইয়াছে

হাজিরজামিন।	
১। হাজিরজামিনী কি ফেরালজামিনী খং বিশেষ কতক টাকার তাইনে হউক কিম্বা জরীমানার নিশ্চিত কি অনিশ্চিত কতক টাকার তাইনে হউক, যদি দেওয়ানী আদালতের, কিম্বা বিচারকর্ত্তার ক্ষমতামতে কার্য্যকারি মালগুজারীর কোন কর্ম্মকারকের হুকুমমতে দেওয়া যায় ও দাখিল করা যায় তবে তাহার উপর ...	দরখাস্তের মত ইষ্টাম্প লাগে তত লাগিবে।
আদালতের হুকুম না হইয়া যদি লোকেরা আপোসে করে তবে তাহার উপর	বণ্ডের মত ইষ্টাম্প লাগিবে। A চিহ্নিত তফসীল দেখ
হুকুমের ও ডিক্রীর নকল।	
২। হুকুমের ও ডিক্রীর নকল, অর্থাৎ জাবেতামতের সকল মোকদ্দমায় সদর দেওয়ানী আদালতের অধীন কোন আদালতে যে হুকুম ও ডিক্রী হয় তাহাতে যদি ৫০৲ টাকাপর্য্যন্ত দাবী হয় তবে তাহার নকলের ফর্দ্দপ্রতি	
সদর দেওয়ানী আদালতে জাবেতামতের কোন মোকদ্দমায় যে হুকুম কি ডিক্রী হয় তাহার নকলের ফর্দ্দপ্রতি	
৩। মালগুজারীর ও আদালতের রুবকারীর নকল, কিম্বা কিসাবের ও কৈফিয়তের ও রিপোর্টের নকল, যদি নথীর শামিল করা গিয়াছে কিন্তু ব্যবহার করিবার কি দেখিবার জন্যে নকল করা যায়, কিম্বা আসল উঠাইয়া লইয়া তাহার পরিবর্ত্তে নথীর শামিল রাখিবার জন্যে নকল করা যায়, তবে সেই নকলের ফর্দ্দপ্রতি ...	
ও এক২ ফর্দ্দ নকল করিবার কাগজের যে পরিমাণ নকপণ আছে তাহার অধিক বড় হইবেক না (অর্থাৎ ইষ্টাম্প আফিসের ৩ নম্বরের কাগজের সমান হইবে) ও তাহার কেবল এক পিঠে লিখিতে হইবেক।	
মোখ্তারনামাপ্রভৃতি।	
৪। মোখ্তারনামা ও ওকালৎনামা ও অন্য যে ক্ষমতাপত্র জাবেতামতের কি সরাসরী মোকদ্দমায়, কিম্বা দেওয়ানী কি ফৌজদারী আদালতে কি মালগুজারীর কার্য্যকারক সাহেবেরদের সম্মুখে উপস্থিতথাকা কোন প্রকারের মোকদ্দমায় কি কার্য্যেতে দাখিল করা যায় কি দেখান যায়, তাহা	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৪ জুলাই।]

	উচিত ইষ্টাম্প।
যদি কোন সদর আদালতে দেখাইবার জন্যে হয় তবে	২৲ টাকা।
যদি কোন বোর্ড রেবিনিউতে কিম্বা হাসিল ও নিমক ও অফীনের বোর্ডের কি কমিসানরের সম্মুখে দেখাইতে হয় তবে	২৲
যদি সদর আদালত ছাড়া কোন দেওয়ানী কি ফৌজদারী আদালতে কিম্বা কোন কালেক্টর সাহেবের কিম্বা মালগুজারীর অন্য কার্য্যকারকের সম্মুখে দেখাইতে হয় তবে ...	॥৹
যে মোক্তারনামার ইষ্টাম্প লাগিবে না তাহার কথা।	
পল্টনের সেনাপতিরা কি সৈন্যেরা যে মোক্তারনামা দেয় তাহার।	
কোন ফৌজদারী আদালত যদি আসামীর পক্ষে কৌন্সেলী সাহেবপ্রভৃতিকে মোক্তারনামা বিনা হাজির হইতে দেন তবে এমন স্থলে।	
আপীল।	
৫। আপীলের আরজী। অর্থাৎ নালিশের আরজী অগ্রাহ্য করিবার হুকুমের উপর, কিম্বা ডিক্রীর উপর, কিম্বা যে হুকুম আইনমতে ডিক্রীর তুল্য বলবৎ হয় তাহার উপর না হইয়া, অন্য আপীলের আরজী। কোন আদালতের বিচার্য্য কোন বিষয়ের যে দরখাস্ত কি আরজী ঐ আদালতে করা যায় তাহা নীচের লিখিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। অর্থাৎ	
সদর আদালতে দাখিল হইলে	২৲
সদর আদালতের অধীন কোন আদালতে দাখিল হইলে	॥৹
বাঙ্গলা দেশের জন্যে বিশেষ বিধি।	
এই তফসীলমতে যাহার ইষ্টাম্প লাগিবে না তাহা ছাড়া অন্য যে দরখাস্ত কি আরজী সদর নিজামৎ আদালতে কি বোর্ড রেবিনিউতে কি হাসিল ও নিমক ও আফীনের বোর্ডে করা যায় তাহার	২
এই তফসীলমতে যাহার ইষ্টাম্প লাগিবে না তাহা ছাড়া অন্য যে দরখাস্ত কি আরজী অন্য কোন ফৌজদারী আদালতে কি মালগুজারীর অন্য কাছারীতে করা যায় তাহার	।৹
যে আরজীর ইষ্টাম্প লাগিবে না তাহার কথা।	
পঞ্চাশ টাকার কম মূল্যের কোন মোকদ্দমার সম্পর্কে যে দরখাস্ত কি আরজী কোন মুনসেফের আদালতে দাখিল হয় তাহার।	
কোন সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে সাক্ষ্য দিবার জন্যে কিম্বা দলীল উপস্থিত করিবার জন্যে সমন করিবার যে দরখাস্ত হয়, কিম্বা কোন দস্তাবেজ উপস্থিত করিবার কি দাখিল করিবার বিষয়ে যে দরখাস্ত হয় তাহার।	
মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে চৌকিদারী টাক্সের উপর আপীলের যে আরজী দেওয়া যায় তাহার।	
পোলীসসম্পর্কীয় কার্য্য বিষয়ে যে পত্র মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে পাঠান যায় কিন্তু রিকার্ড হইবার অভিপ্রায়ে নহে সেই পত্রের।	
বন্দোবস্তের কার্য্য উপস্থিত থাকিবার সময়ে, জমীর খাজানাসম্পর্কীয় কিম্বা স্বত্ব নিরূপণের বিষয়ে, কিম্বা জমীর উপর সরকারী মালগুজারী ধার্য্য করণসম্পর্কীয় অন্য কোন বিষয়ে যে দরখাস্ত কালেক্টর সাহেবেরদের কি বন্দোবস্তের অন্য কার্য্যকারকেরদের নিকটে করা যায় তাহার।	

[*Government Gazette, 24th July, 1800.*]

উচিত ইষ্টাম্প।

রেবিনিউ বোর্ডে কি কমিস্যনরেরদের নিকটে উক্ত বিষয়ে যে দরখাস্ত হয় তাহার।

দোষ ও অপরাধের বিষয়ে যে সকল দরখাস্ত ও আরজী ও নালিশ ও জ্ঞাপনপত্র দেওয়া যায় তাহার।

কয়েদীরা কি বন্দুয়ানেরা কি যে লোকেরা জোবান-বন্দী দিবার অপেক্ষায় কিম্বা অন্য প্রকারে আদালতের কি আমলারদের হাতে থাকে কি তাহারদের দ্বারা আটকান থাকে তাহারা যে দরখাস্ত করে তাহার।

মান্দ্রাজ ও বোম্বাই দেশে যে দরখাস্তের ইষ্টাম্প লাগিবে না তাহার কথা।

বোম্বাই দেশের চলিত ১৮২৮ সালের ৬ আইনমতের যে সকল মোকদ্দমা হয় তাহার সম্পর্কীয় যে সকল দরখাস্ত কি আরজী মালগুজারীর কার্য্যকারক সাহেবদিগকে দেওয়া যায় তাহা ইষ্টাম্প কাগজে লেখা প্রয়োজন নাই। কেবল এই তফসীলের শেষে যে বিশেষ বিধি করা গেল সেই বিধির নির্দ্দিষ্ট স্থলে লাগিবে।

নালিশের আরজী।

৬। নালিশের আরজী। অর্থাৎ টাকা পাইবার জন্যে কিম্বা কোন সম্পর্ক কি বিষয় কি দ্রব্য পাইবার জন্যে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত আদালতের এলাকার সীমাসরহদ্দের বাহিরের কোন দেওয়ানী আদালতে যে কোন মোকদ্দমা ও আপীল উপস্থিত করা যায় তাহার অন্য বিধি যদি না হইয়া থাকে তবে সেই মোকদ্দমায় ও আপীলে যে নালিশের আরজী হয় তাহার উপর—

ইষ্টাম্পের ফর্দ্দ।

যে সম্পত্তির দাওয়া হয় তাহা ১৬৲ টাকার অধিক না হইলে	...	...	...	১৲
১৬৲ টাকার অধিক	৩২৲ টাকার অনধিক হইলে			২৲
৩২৲	ঐ	৬৪৲	ঐ	৪৲
৬৪৲	ঐ	১৫০৲	ঐ	৮৲
১৫০৲	ঐ	৩০০৲	ঐ	১৬৲
৩০০৲	ঐ	৮০০৲	ঐ	৩২৲
৮০০৲	ঐ	১,৬০০৲	ঐ	৫০৲
১,৬০০৲	ঐ	৩,০০০৲	ঐ	১০০৲
৩,০০০৲	ঐ	৫,০০০৲	ঐ	১৫০৲
৫,০০০৲	ঐ	১০,০০০৲	ঐ	২৫০৲
১০,০০০৲	ঐ	১৫,০০০৲	ঐ	৩৫০৲
১৫,০০০৲	ঐ	২৫,০০০৲	ঐ	৫০০৲
২৫,০০০৲	ঐ	৫০,০০০৲	ঐ	৭০০৲
৫০,০০০৲	ঐ	১,০০,০০০৲	ঐ	১,০০০৲
১,০০,০০০৲	ঐ	...	...	১,০০০৲

কালেক্টরী কাছারীতে ১৮৫৯ সালের ১০ আইনমতে যে সকল মোকদ্দমা করা যায় তাহার নালিশের আরজীরও উক্ত হারে মাসুল লাগিবে।

মন্তব্য কথা। (ক) বাঙ্গলা দেশে সরকারী মালগুজারীর জমীর সাবৎ মোকদ্দমা হইলে, যদি সেই জমী এক পূরা মহাল হয় কিম্বা তাহার বিশেষ এক অংশ হয় ও সেই অংশের নির্দ্ধারিত জমা থাকে, তবে কটকসমেত দণ্ড ও জয়করা দেশে ঐ মহালের কিম্বা তাহার পূর্ব্বোক্ত অংশের যত মালগুজারী বৎসরে২ সরকারে দিতে হয়, তাহাই ঐ মহালপ্রভৃতির মূল্য বলিয়া ধরা যাইবে। ঐ জমীর যদি ইস্তমরারী জমা ধার্য্য হইয়াছে তবে তাহার মূল্য বৎসরে যত জমা দিতে হয় তাহার তিনগুণ ধরা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৪ জুলাই।]

(খ) মান্দ্রাজ দেশে, সরকারী মালগুজারীর জমীর যাবৎ মোকদ্দমা হইলে, যে বৎসরে মোকদ্দমা হয় সেই বৎসরে সদর তালুকদারেরদের ও মফঃসলী ইজারদারেরদের ও রাইয়তেরদের ঐ জমীর বৎসরের উৎপন্ন যত দিতে হয় তাহা ঐ জমীর মূল্য বলিয়া ধরা যাইবে।

(গ) বোম্বাই দেশে, সরকারী মালগুজারীর জমীর যাবৎ মোকদ্দমা হইলে, বৎসরে যত খাজানা ধার্য্য হয় তাহা ঐ মোকদ্দমার সম্পত্তির মূল্য বলিয়া ধরা যাইবেক।

(ঘ) লাখেরাজ কি ইনাম কি নিষ্কর জমীর মোকদ্দমায়, ঐ জমীর রাইয়তেরদের কি অন্য পেটাও প্রজার বৎসরে যত জমা দিতে হয় তাহার মোট টাকার আঠারগুণ ঐ জমীর মূল্য বলিয়া ধরা যাইবেক।

(ঙ) পূর্ব্বোক্ত প্রকারের সম্পত্তিভিন্ন ঘরের কি বাগানের কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য মূল্যবান সম্পত্তির যাবৎ মোকদ্দমা হইলে, ও মালগুজারীর জমীতে কোন সম্পর্কের যাবৎ, কিম্বা যাহার মূল্য ইহার পূর্ব্বের কএক বিধানমতে ধরা যাইতে না পারে এমত অন্য কোন স্বত্বের কি বস্তুর যাবৎ মোকদ্দমা হইলে, তাহা অনুমান যে দরে বিক্রয় হইতে পারে সেই দর তাহার মূল্য বলিয়া ধরা যাইবেক, কিম্বা যদি সেই প্রকারের আন্দাজী দর করা যাইতে না পারে, তবে ফরিয়াদী আপন মোকদ্দমায় যে মূল্য ধরে সেই মূল্য ধরা যাইবেক ও খেসারতের কিম্বা ক্ষতিপ্রভৃতির প্রতিকারের যে মোকদ্দমা হয় তাহাতে ফরিয়াদী যত টাকা দাওয়া করে তত টাকা মোকদ্দমার মূল্য জ্ঞান হইবেক।

(ছ) কোন আপীল কি আরজী অধঃস্থ আদালতে ১৮৫৯ সালের ৮ আইনের লিখিত কোন কারণে অগ্রাহ্য হইলে যদি তাহা গ্রাহ্য করিবার হুকুম হয়, কিম্বা যদি কোন মোকদ্দমার আপীল হইলে তাহা অধঃস্থ আদালতের দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার জন্যে ফিরিয়া পাঠান যায়, তবে আপীলের দরখাস্তের জন্যে ইষ্টাম্পের যত মাসুল লাগিয়াছে তাহা সমুদয় কালেক্টর সাহেবের স্থানে ফিরিয়া পাইবার সর্টিফিকট আপীল আদালত আপেলান্টকে দিবেন।

রাজীনামাপ্রভৃতি।

৭। রাজীনামা ও রফানামা ও সোলেনামাপ্রভৃতি যে কোন লিখিত আরজীমতে দেওয়ানী আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্দমা, বিচারপতির কি অন্য কার্য্যকারকের তদারক বিনা রফা হইয়াছে কি রফা হইতে পারে তাহার উপর।

বোম্বাই দেশের নিমিত্তে বিশেষ বিধান।

১৮৩৮ সালের ১৬ আইনমতে ১৮২৭ সালের যে ১৭ আইন মতান্তর হইল তাহার ৮ অধ্যায়ানুসারে কালেক্টর সাহেবেরা যে মোকদ্দমা গ্রাহ্য করিতে পারেন তাহাতে ইষ্টাম্পের বিষয়ে যে সকল বিধি উপরের লিখিতমতে দেওয়ানী আদালতে চলন আছে সেই সকল বিধি খাটিবে।

সাধারণ বিধি।

কোন আরজীর কি লিখিত কৈফিয়তের কি দরখাস্তের মর্ম্ম যদি উপরের নির্দ্দিষ্ট মূল্যের একি ইষ্টাম্প কাগজে স্বচ্ছন্দে ধরিতে না পারে, তবে দরখাস্ত যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে সেই মূল্যের আর এক কি কএক তক্তা কাগজে লেখা যাইতে পারিবে।

[*Government Gazette, 24th July*, 1860.]

উচিত ইষ্টাম্প।

দরখাস্তের মত ইষ্টাম্প লাগিবে।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 7th July, 1860.

Baboo Sreenauth Roy, to officiate as Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore, during the absence of the incumbent.

Sheikh Ishfaq Hossein, Additional Moonsiff of Gya, Zillah Behar, to be Moonsiff of Toobkibograh, Zillah Tipperah.

The 17th July, 1860.

Moonshee Jae Lall Sing, to be Acting Moonsiff of Chittra, Zillah Hazareebagh, till the arrival of Moulvie Atioollah.

LEAVES OF ABSENCE.

The 16th July, 1860.

Baboo Tarinichurn Mookerjee, Moonsiff of Jhenidah, Zillah Jessore, for one month, on private affairs, from the date he availed himself of the leave.

Moulvy Gholam Rubanee, Moonsiff of Ghataul, Zillah Hooghly, for one month, under Medical Certificate.

Syud Saadut Hossein, Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore, for two months, under Medical Certificate.

H. B. Lawford, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৭ জুলাই।

জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের মুনসেফ যত কাল কর্ম্মে ফিরিয়া না আইসেন তত কাল শ্রীযুত বাবু শ্রীনাথ রায় তাঁহার কর্ম্ম করিবেন।

জিলা বেহারের গয়ার অতিরিক্ত মুনসেফ শ্রীযুত সেক ইশফাক হুসেন জিলা ত্রিপুরার তুবকিবোগরার মুনসেফ হইবেন।

১৮৬০ সাল ১৭ জুলাই।

শ্রীযুত মৌলবী আতিউল্লা যত কাল না পঁহুছেন তত-কাল শ্রীযুত মুন্সী জয়লাল সিংহ জিলা হাজারীবাগের চিত্রার একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ জুলাই।

জিলা যশোহরের ঝিনিদহের মুনসেফ শ্রীযুত বাবু তারিণীচরণ মুখুয্যা যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি আপনার বিশেষ কোন কর্ম্মের নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর ঘাটালের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বাণি চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত সৈয়দ সাআদৎ হুসেন চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

100 RUPEES REWARD

Will be paid to any person giving such information as may lead to the apprehension of Bonomally Roy, (whose descriptive roll is given below in the Vernacular) charged with the homicide of Beni Chuttopadhya.

Apply to the Joint Magistrate of Serampore.

J P. Grant,
Joint Magistrate

আসামি শ্রী বনমালী রায়, পিতার নাম অপ্রকাশ, বয়স অনুমান ৫০ বৎসর জাতি ব্রাহ্মণ সাবেক বাস জগৎনগর হাল সাং সেরাখালা, শ্যামবর্ণ, দোহারা শরীর লম্বা কদ, দাড়ি গোঁপ কামান, মস্তকে ঝাপড়ি চুল, চক্ষু বড় রকম, লম্বা নাসিকা, কর্ণ স্বাভাবিক, ভোলা ভুরু

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

Two pieces of halves of Bengal Bank Notes Nos. 26363 and 26145 for Co.'s Rs. 10 each have been lost; any one can give information, will be duly thanked by the owner.

Denonath Roy, *Head Clerk to the Rajah of Eachuck*,
via Faxire-baugh.

[গবর্ণমে-ট গেজেট। ১৮৬০। ২৪ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 31, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৩১ জুলাই।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 21ST JULY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 17th July 1860, and is hereby promulgated for general information :—

ACT No. XXXI. OF 1860.

An Act relating to the manufacture, importation, and sale of Arms and Ammunition and for regulating the right to keep and use the same, and to give power of disarming in certain cases.

[Preamble.]

WHEREAS it is expedient to regulate the manufacture, importation, and sale of Arms and Ammunition and the right to keep and use the same, and also to give power of disarming Districts and places in certain cases; It is enacted as follows :—

[Act XXVIII. of 1857 continued in force till 1st October 1860.]

I. Act XXVIII. of 1857 shall continue in force until the 1st day of October 1860.

[Manufacture of cannon &c. without authority of Government prohibited Penalty.]

II No person in India, unless authorized by Government, shall manufacture or assist in manufacturing any cannon, howitzer, or mortar, and whoever not being so authorized shall manufacture or assist in manufacturing any cannon, howitzer, or mortar, shall be liable to a fine not exceeding one thousand Rupees, and to imprisonment with or without hard labor for a period not exceeding three years.

[Penalty for possession of cannon &c. without permission. Exception.]

III. If any person in India shall, without the

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২১ জুলাই।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আমীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৭ জুলাই তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সকল লোকের জানিবার জন্যে ছাপা হইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩১ আইন।

অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার ও আমদানী ও বিক্রয় করিবার, ও তাহা রাখিবার ও ব্যবহার করিবার বিধান করিবার, ও কোন২ গতিকে অস্ত্রাদি লইবার ক্ষমতা দেওনের আইন।

[হেতুবাদ।]

অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার করিবার ও আমদানী করিবার ও বিক্রয় করিবার ও তাহা রাখিবার ও ব্যবহার করিবার বিধান করা, ও কোন২ গতিকে জিলার ও স্থানবিশেষের সকল লোকের অস্ত্রাদি লইবার ক্ষমতা দেওয়া বিহিত। এই কারণে এই২ বিধান করা গেল।

[১৮৫৭ সালের ২৮ আইন ১৮৬০ সালের ১ অক্টোবরপর্য্যন্ত বহাল রাখিবার কথা।]

১ ধারা। ১৮৫৭ সালের ২৮ আইন ১৮৬০ সালের অক্টোবর মাসের ১ তারিখপর্য্যন্ত বহাল থাকিবে ইতি।

[গবর্ণমেণ্টহইতে ক্ষমতা না পাইলে কামানপ্রভৃতি গড়িবার নিষেধ ও দণ্ডের কথা।]

২ ধারা। গবর্ণমেণ্টহইতে ক্ষমতা না পাইলে, ভারতবর্ষের মধ্যে কোন লোক কোন কামান কি হৌইৎসর কি মর্টর গড়িবে না ও গড়িতে সাহায্য করিবে না। ও যে কেহ সেই প্রকারের ক্ষমতা না পাইয়া, কোন কামান কি হৌইৎসর কি মর্টর গড়ে কি গড়িতে সাহায্য করে, তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা ও কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে তিন বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক ইতি।

[অনুমতি না পাইলে কামানপ্রভৃতি কাছে রাখিবার দণ্ডের কথা ও বর্জ্জিত কথা।]

৩ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতি না

permission of the local Government, have in his possession any cannon, howitzer, or mortar, except in the course of his duty as a public Officer of Government, he shall be liable to a fine not exceeding five hundred Rupees for every such cannon, howitzer, or mortar, and in default of payment thereof may be imprisoned with or without hard labor for a period not exceeding one year. The provisions of this Section shall not extend to any cannon, howitzer, or mortar, forming part of the ordinary armament of any ship or vessel.

[Permission to possess cannon &c. to be in writing, and to specify number permitted to be possessed.]

IV. Whenever the local Government shall permit any person to possess any cannon, howitzer, or mortar, such permission shall be in writing and signed by the Secretary to the Government, and shall specify the number of cannon, howitzers, or mortars permitted to be possessed by such person. A fee of fifty Rupees shall be paid on the delivery of such written permission.

[Manufacturing or dealing in arms and ammunition without license prohibited. Penalty.]

V. No person shall manufacture, repair, or sell, or keep or expose for sale, any arms of the description hereinafter mentioned, or shall manufacture or sell, or keep or expose for sale, percussion caps, sulphur, gunpowder, or other ammunition, except under a license to manufacture or deal in arms or percussion caps, sulphur, gunpowder, or other ammunition, as the case may be, and any person who shall manufacture, repair, sell, or keep or expose for sale, any of such arms, or any percussion caps, sulphur, gunpowder, or other ammunition without such license as aforesaid, or contrary to any of the conditions contained in such license, shall be liable to a fine not exceeding five hundred Rupees, or to imprisonment with or without hard labor for a period not exceeding two years, or to both fine and imprisonment, and all arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition belonging to the offender shall be forfeited, if the Court or Officer before whom the offender is convicted shall so adjudge.

[Specification of Arms referred to in Section V.]

VI. The following are the arms referred to in Section V., namely fire-arms, bayonet, sword, dagger, spear, and spear head.

[Licenses by whom to be granted.]

VII. Licenses to manufacture or deal in arms, percussion caps, sulphur, gunpowder, or other am-

পাইয়া, যদি ভারতবর্ষের মধ্যে কোন লোক আপনার নিকটে কোন কামান কি হৌইৎসর কি মর্টর রাখে, তবে তাহার প্রত্যেক কামানের কি হৌইৎসরের কি মর্টরের নিমিত্তে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, ও সেই জরীমানার টাকা না দিলে তাহার কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে এক বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক। কেবল গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা আপনারদের কর্ত্তব্য কর্ম্মক্রমে কামানপ্রকৃতি নিকটে রাখিতে পারিবেন। আরো কোন জাহাজের রীতিমতের অস্ত্রশস্ত্রের মধ্যে যে কামান কি হৌইৎসর কি মর্টর থাকে, তাহার উপর এই ধারার বিধান খাটিবে না ইতি।

[কামানপ্রকৃতি নিকটে রাখিবার অনুমতি লিখিয়া দেওয়া যাইবার কথা, ও যত কামান নিকটে রাখিবার অনুমতি হয় তাহাও লিখিবার কথা।]

৪ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট যখন কোন লোককে কোন কামান কি হৌইৎসর কি মর্টর নিকটে রাখিতে অনুমতি দেন, তখন সেই অনুমতি লিখিয়া দেওয়া যাইবে, ও তাহাতে ঐ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দস্তখৎ করিতে হইবেক। ও যেই লোকের যত কামান কি হৌইৎসর কি মর্টর নিকটে রাখিবার অনুমতি হয় তাহাও বিশেষ করিয়া লিখিয়া দিতে হইবেক। সেই লিখিত অনুমতিপত্র পাইবার সময়ে পঞ্চাশ টাকা রসুম দিতে হইবেক ইতি।

[অনুমতিপত্র না পাইলে অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার করিবার কি তাহা লইয়া কারবার করিবার নিষেধ ও দণ্ডের কথা।]

৫ ধারা। কোন লোক যদি অস্ত্রশস্ত্র কি পরকশন্ ক্যাপ অর্থাৎ রুঞ্জকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য তৈয়ার করিবার কি তাহা লইয়া কারবার করিবার অনুমতিপত্র না পায়, তবে সে ইহার পরের লেখা কোন প্রকারের অস্ত্রশস্ত্র তৈয়ার কি মেরামৎ করিতে কি বেচিতে কি বেচিবার নিমিত্তে রাখিতে কি দেখাইতে পাইবে না, ও কোন রুঞ্জকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য তৈয়ার করিতে কি বেচিতে কি বেচিবার নিমিত্তে রাখিতে কি দেখাইতে পাইবে না। ও যদি কোন লোক সেই প্রকারের অনুমতিপত্র না পাইয়া, কি সেই অনুমতিপত্রের লেখা কোন নিয়ম না মানিয়া, সেই প্রকারের কোন অস্ত্রশস্ত্র কি কোন রুঞ্জকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য তৈয়ার কি মেরামৎ করে কি বেচে কি বেচিবার নিমিত্তে রাখে কি দেখায়, তবে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা ও কয়েদ এই দুই দণ্ড হইতে পারিবেক, ও ঐ অপরাধির দোষ যে আদালতের কি কার্য্যকারকের সম্মুখে সাব্যস্ত হয় তিনি আজ্ঞা করিলে ঐ অপরাধির সকল অস্ত্রশস্ত্র ও রুঞ্জকের টুপি ও গন্ধক ও বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য জব্দ হইবেক ইতি।

[৫ ধারার লিখিত অস্ত্রশস্ত্রের বিশেষ কথা।]

৬ ধারা। ৫ ধারাতে যে অস্ত্রশস্ত্রের কথা লেখা আছে তাহা এই২, আগ্নেয় সকল অস্ত্র, ও সঙ্গিন, ও তলওয়ার, ও কিরিচ, ও বল্লম, ও বরশার ফলা ইতি।

[অনুমতিপত্র যাঁহারা দিতে পারিবেন তাঁহারদের কথা।]

৭ ধারা। অস্ত্রশস্ত্র ও রুঞ্জকের টুপি ও গন্ধক ও বারুদ কিম্বা বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য তৈয়ার করিবার, কি তাহা লইয়া কারবার করিবার অনুমতিপত্র কোন

munition may be granted by a Magistrate, or by an Officer authorized by the Governor General of India in Council or by the Executive Government to grant such licenses.

[Form &c. of license.]

VIII. Licenses granted under the last preceding Section shall be in the form prescribed by the Governor-General of India in Council, and shall be engrossed on a stamp paper of the value of ten Rupees. The stamp paper shall be furnished by the person applying for the license. A separate license shall be taken out for the sale of sulphur.

[License to affix a board in a conspicuous part of his shop.]

IX. Every person to whom such license shall be granted shall affix a board in a conspicuous part of his shop or usual place of business, and shall cause to be painted thereon in large letters in the vernacular of the District the words "Licensed to manufacture or deal in arms or percussion caps, sulphur, gunpowder, or other ammunition," as the case may be.

[Penalty for omission.]

X. If any person to whom such license shall be granted shall omit to put up a board inscribed as above in a conspicuous part of his shop or usual place of business, he shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Penalty for putting up a board without a license.]

XI. If any person to whom such license shall not have been granted in the manner prescribed shall put up such board as aforesaid in his shop or usual place of business, he shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Duration of license.]

XII. Licenses granted under Section VII. of this Act shall be in force for one year from the date thereof.

[Penalty for knowingly purchasing arms or ammunition from an unlicensed person.]

XIII. Any person knowingly purchasing arms of the description mentioned in Section VI. or any percussion caps, sulphur, gunpowder, or other ammunition from any person not licensed, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Licensed manufacturers or dealers to enter in a book an account of stock-in-trade, names of purchasers, &c. Inspection of book.]

XIV. Every person licensed to manufacture or deal in arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition, shall enter in a book to be kept by him for that purpose, an account of all the stock-in-trade which he may from time to time have

মাজিষ্ট্রেট সাহেব দিতে পারিবেন। কিম্বা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা তদ্রূপ কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট অন্য যে কোন কার্য্যকারককে অনুমতিপত্র দিবার ক্ষমতা দেন, তিনি তাহা দিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্রপ্রকৃতি লিখিবার পাঠ।]

৮ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে যে অনুমতিপত্র দেওয়া যায়, তাহা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিরূপণকরা পাঠে লিখিতে হইবেক, ও তাহা ১০৲ টাকার ইষ্টাম্প কাগজে লিখিয়া দেওয়া যাইবেক। যে জন অনুমতিপত্র প্রার্থনা করে তাহার ঐ ইষ্টাম্প কাগজ দিতে হইবেক। গন্ধক বেচিবার স্বতন্ত্র এক অনুমতিপত্র লইতে হইবেক ইতি।

[অনুমতিপত্রপ্রাপ্ত দোকানের কোন প্রকাশ স্থানে তক্তা লট্‌কাইবার কথা।]

৯ ধারা। যে কোন লোককে সেই প্রকারের অনুমতিপত্র দেওয়া যায়, তাহার দোকানের কিম্বা নিয়ত কর্ম্ম করিবার স্থানের কোন প্রকাশ স্থানে একটা তক্তা লট্‌কাইতে হইবেক, ও সেই তক্তার উপর জিলার চলন ভাষায় বড়২ হরফে এই কথা রঙ্গ দিয়া লেখাইতে হইবেক, "অস্ত্রশস্ত্র (কিম্বা বিষয়বিশেষে রক্তকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য) তৈয়ার করিবার কি বিক্রয় করিবার অনুমতিপত্রপ্রাপ্ত।" ইতি।

[ঐ তক্তা না লট্‌কাইবার দণ্ডের কথা।]

১০ ধারা। সেই প্রকারের অনুমতিপত্র কোন লোককে দেওয়া গেলে, যদি সে আপনার দোকানের কি নিয়ত কর্ম্ম করিবার স্থানের কোন প্রকাশ স্থানে পূর্ব্বোক্তমতের লেখা কথার তক্তা লট্‌কাইতে ত্রুটি করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[অনুমতিপত্র না পাইয়া ঐ রূপ তক্তা লট্‌কাইবার দণ্ডের কথা।]

১১ ধারা। যাহাকে পূর্ব্ব লিখিতমতে অনুমতিপত্র না দেওয়া যায়, এমত কোন লোক যদি সেই প্রকারের তক্তা আপনার দোকানে কি নিয়ত কর্ম্ম করিবার স্থানে লট্‌কায়, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[অনুমতিপত্র যত কাল বহাল থাকিবে তাহার কথা।]

১২ ধারা। এই আইনের ৭ ধারামতে যে কোন অনুমতিপত্র দেওয়া যায়, তাহা ঐ অনুমতিপত্রের তারিখ অবধি এক বৎসর বহাল থাকিবে ইতি।

[যাহার অনুমতিপত্র নাই এমন লোকের স্থানে অস্ত্রশস্ত্র কি বারুদাদি কিনিবার দণ্ডের কথা।]

১৩ ধারা। যে জন অনুমতিপত্র না পাইয়াছে তাহার স্থানে যদি কেহ জানিয়াশুনিয়া ৬ ধারায় লিখিত প্রকারের কোন অস্ত্রশস্ত্র কি রক্তকের টুপি কি গন্ধক কি বারুদ কিম্বা বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য খরীদ করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[যাহারা অস্ত্রাদি তৈয়ার করিতে কি তাহা লইয়া কারবার করিতে অনুমতিপত্র পায় তাহারদের যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা ও খরীদারেরদের নামপ্রভৃতি বহীতে লিখিবার কথা ও সেই বহী দেখাইবার কথা।]

১৪ ধারা। অস্ত্রশস্ত্র কি রক্তকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য তৈয়ার করিবার কি তাহা লইয়া কারবার করিবার অনুমতিপত্র যে জন পায়, সেই জন বহী রাখিয়া, অস্ত্রশস্ত্রপ্রভৃতি কারবারের যে সকল দ্রব্য সময়েং তাহার দখলে আইসে

in his possession or under his control, and also the name and address of every purchaser of arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition sold by him, together with the nature, description, and quantity of such arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition. Such book shall be open at all times to inspection by the Magistrate or other Officer duly authorized by Government in that behalf by whom copies may be taken of all entries therein contained. If any such person shall omit or fail duly to keep such book, or to make therein all such entries as are hereby required, or if any person shall prevent or obstruct the inspection of such book or shall make a false entry therein, he shall be liable for every such offence to a fine not exceeding five hundred Rupees, in addition to double the value of any arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition sold of which he shall fail to make such entry or respecting which he shall make a false entry; and if the offender be licensed to manufacture or deal in arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition, he shall also forfeit his license if the Magistrate shall so adjudge.

কি তাহার জিম্মায় থাকে, তাহার বেওরা ঐ বহীতে লিখিবেক। ও যে সকল অস্ত্রশস্ত্র কি রঞ্চকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য বিক্রয় করে তাহার খরীদারেরদের নাম ধামাদি, ও যে ভাবের ও যে প্রকারের ও যত অস্ত্রশস্ত্র কি রঞ্চকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য বেচে তাহাও সেই বহীতে লিখিবেক। মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে গবর্ণমেণ্টহইতে উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক, সেই বহী সর্ব্বদাই অবাধিতরূপে দেখিতে পারিবেন, ও তাহার লিখিত কোন কথার নকলও করিয়া লইতে পারিবেন। যদি সেই প্রকারের কোন লোক সেই প্রকারের বহী না রাখে, কিম্বা তাহা উপযুক্তমতে রাখিতে ত্রুটি করে, কিম্বা তাহাতে যে২ কথা লিখিবার হুকুম ইহাতে হইয়াছে সেই তাবৎ কথা লিখিতে ত্রুটি করে, অথবা যদি কোন লোক সেই বহী দেখিতে বারণ করে কি বাধা দেয়, কিম্বা সেই বহীতে কোন অসত্য কথা লেখে, তবে তাহার বিক্রয়করা যে কিছু অস্ত্রশস্ত্র কি রঞ্চকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য লিখিবার ত্রুটি করিয়াছে, কি যে অস্ত্রশস্ত্রপ্রভৃতির অসত্য কথা লিখিয়াছে তাহার মূল্যের দ্বিগুণ তাহার দিতে হইবেক, ও তদ্ভিন্ন তাহার সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানাও হইতে পারিবেক। আর ঐ অপরাধী যদি অস্ত্রশস্ত্র কি রঞ্চকের টুপি কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য তৈয়ার কি বিক্রয়াদি করিবার অনুমতিপত্র পাইয়া থাকে, তবে যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, তাহার সেই অনুমতিপত্রও বাতিল হইবেক ইতি।

[Magistrate or other Officer may inspect dealers' premises.]

XV. The Magistrate or other Officer authorized by Government as aforesaid may at any time enter the premises in which arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition shall be manufactured or kept by any licensed manufacturer or dealer in arms or percussion caps, sulphur, gunpowder, or other ammunition, in order to inspect the stock in-trade of such manufacturer or dealer, and if any such manufacturer or dealer shall intentionally conceal from such Magistrate or other Officer as aforesaid any part of his stock-in-trade, or shall wilfully refuse to point out where the same is kept, he shall be liable to a fine not exceeding five hundred Rupees, or to imprisonment with or without hard labor for a period not exceeding two years, or to both fine and imprisonment, and any arms, percussion caps, sulphur, gunpowder, or other ammunition, belonging to such person, may be seized and shall be confiscated if the Magistrate shall so adjudge.

[মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক ব্যবসায়িরদের বাটীতে ঢুকিয়া দেখিতে পারিবেন।]

১৫ ধারা। যে কোন লোক অস্ত্রশস্ত্র কি রঞ্চকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য তৈয়ার করিতে কি তাহা লইয়া কারবার করিতে অনুমতিপত্র পায়, সে ঐ অস্ত্রশস্ত্র কি রঞ্চকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য যে বাটীর মধ্যে তৈয়ার করে কি রাখে, তাহাতে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেব, ঐ নির্ম্মাণকারির কি ব্যবসায়ির যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা দেখিবার জন্যে, কোন সময়ে প্রবেশ করিতে পারিবেন। আর যদি সেই নির্ম্মাণকারী কি ব্যবসায়ী জানিয়াশুনিয়া আপনার কারবারের ঐ অস্ত্রশস্ত্রপ্রভৃতির কোন ভাগ ঐ মাজিষ্ট্রেট সাহেবহইতে কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবহইতে লুকায়, কিম্বা তাহা যে স্থানে রাখা আছে সেই স্থান দেখাইতে জানিয়াশুনিয়া স্বীকার না করে, তবে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানা ও কয়েদ এই দুই দণ্ড হইতে পারিবেক, আর যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি আজ্ঞা করিলে, ঐ লোকের যত অস্ত্রশস্ত্র কি রঞ্চকের টুপি কি গন্ধক কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য থাকে, তাহা সকলই ক্রোক ও জব্দ হইতে পারিবেক ইতি।

[Revocation of license to manufacture or deal in arms or ammunition.]

XVI. Any license granted under the provisions of Section VII. may be granted subject to such conditions as shall be thought necessary, and may be revoked or suspended by the Officer authorized to grant such licenses whenever he may think fit.

[অস্ত্রশস্ত্র ও বারুদাদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র বাতিল করিবার কথা।]

১৬ ধারা। ৭ ধারার বিধানমতে যে কোন অনুমতিপত্র দেওয়া যায়, তাহা যে২ নিয়ম আবশ্যক বোধ হয় সেই২ নিয়মক্রমে দেওয়া যাইতে পারিবেক। ও সেই অনুমতিপত্র দিতে যে কার্য্যকারকের ক্ষমতা থাকে তিনি যখন উচিত বোধ করেন তখন তাহা বাতিল কি স্থগিত করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৩১ জুলাই।]

[Cannon and arms and ammunition not to be imported without license.]

XVII. No cannon, howitzer, or mortar, and no arms, percussion caps, sulphur, saltpetre, gunpowder, or other ammunition, shall be imported either by sea or by land into any part of the territories in the possession and under the Government of India except under a license from the Governor General of India in Council or from some Officer authorized in that behalf by the Governor General of India in Council.

[অনুমতিপত্র না পাইলে কামান ও অস্ত্রশস্ত্র ও বারুদাদি আমদানী না করিবার কথা।]

১৭ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতি না হইলে, কিম্বা অনুমতিপত্র দিবার জন্যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে কোন কার্য্যকারক সাহেবকে ক্ষমতাপন্ন তাঁহার অনুমতি না হইলে, কোন কামান কি হৌইৎসর কি মর্টর কি কোন অস্ত্রশস্ত্র কি রঞ্জকের টুপি কি গন্ধক কি শোরা কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধিকৃত ও শাসিত দেশের কোন স্থানে সমুদ্রপথে কি স্থলপথে আমদানী হইবেক না ইতি।

[Penalty for importation without license.]

XVIII. If any person shall import or attempt to import without such license either by sea or by land into any part of the said territories, any cannon, howitzer, or mortar, or any arms, percussion caps, sulphur, saltpetre, gunpowder, or other ammunition, or shall aid or assist in such importation or in such attempt to import, or shall knowingly conceal or assist in concealing any cannon, howitzer, or mortar, or any arms, percussion caps, sulphur, saltpetre, gunpowder, or other ammunition, imported without such license, he shall be liable to imprisonment with or without hard labor for any term not exceeding three years and also to a fine not exceeding one thousand Rupees, and the articles so imported shall be confiscated if the Magistrate shall so adjudge.

[অনুমতিপত্র বিনা আমদানী করিবার দণ্ড।]

১৮ ধারা। যদি কোন লোক সেই প্রকারের অনুমতিপত্র না পাইয়া, কিম্বা কামান কি হৌইৎসর কি মর্টর কি কোন অস্ত্রশস্ত্র কি রঞ্জকের টুপি কি গন্ধক কি শোরা কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য উক্ত দেশের কোন স্থানে সমুদ্রপথে কি স্থলপথে আমদানী করে কি করিবার উদ্যোগ করে, কিম্বা সেইরূপ আমদানী করিবার কার্য্যেতে কি উদ্যোগে সাহায্য কি উপকার করে, কিম্বা সেই প্রকারের অনুমতিপত্র বিনা যে কিছু কামান কি হৌইৎসর কি মর্টর কি কোন অস্ত্রশস্ত্র কি রঞ্জকের টুপি কি গন্ধক কি শোরা কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য আমদানী হইয়াছে, তাহা যদি কেহ জানিয়াশুনিয়া লুকায় কি লুকাইতে সাহায্য করে, তবে সেই লোক তিন বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবেক, ও তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানাও হইতে পারিবেক। আর মাজিষ্ট্রেট সাহেব হুকুম করিলে, সেই প্রকারের আমদানীকরা সকল দ্রব্য জব্দ হইবেক ইতি।

[Importation of arms and ammunition for private use.]

XIX. The provisions of the last two preceding Sections shall not extend to arms, percussion caps, gunpowder, and other ammunition imported by any person in reasonable quantities for his own private use; but the Collector of Customs may at any time detain any such articles, if he shall think it necessary, until he shall receive the orders of Government.

[কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে অস্ত্রশস্ত্র ও বারুদাদি আমদানী করিবার কথা।]

১৯ ধারা। কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে সঙ্গতমতে কতক অস্ত্রশস্ত্র কি রঞ্জকের টুপি কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য আমদানী হইলে, তাহার উপর ইহার পূর্ব্বের দুই ধারার বিধান খাটিবেক না। কিন্তু হাসিলের কালেক্টর সাহেব যদি আবশ্যক বোধ করেন, তবে গবর্ণমেণ্টহইতে হুকুম যত কাল না পান তত কাল সেই প্রকারের কোন দ্রব্য কোন সময়ে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[Seizure and detention of sulphur by Government.]

XX. The Governor-General of India in Council or the local Government may at any time seize all sulphur in the possession of any person and detain the same for such time as they may deem necessary for the public safety.

[গন্ধক ক্রোক ও আটক করিবার কথা।]

২০ ধারা। কোন লোকের নিকটে যে সকল গন্ধক থাকে তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন সময়ে ক্রোক করিতে পারিবেন, ও সাধারণ লোকেরদের নিরাপদের জন্যে যত দিন আবশ্যক বোধ করেন তত দিন তাহা আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[Exception.]

XXI. Nothing in this Act shall apply to sulphur kept or sold in reasonable quantities for medicinal purposes.

[বর্জ্জিত কথা।]

২১ ধারা। ঔষধের নিমিত্তে যত গন্ধক সঙ্গতমতে নিকটে রাখা যায় কি বিক্রয় হয়, তাহার উপর এই আইনের কোন কথা খাটিবেক না ইতি।

[Government may prohibit transport of arms, ammunition, military stores, &c.]

XXII. The Governor-General of India in Council may by order prohibit the transport of any arms, military stores, lead, sulphur, saltpetre, gunpowder, or other ammunition, or any particular description of arms, ammunition, or military stores from one part of India to another, or the transport thereof in any particular direction or to any specified

[গবর্ণমেণ্টহইতে অস্ত্রশস্ত্র ও বারুদাদি ও যুদ্ধসরঞ্জাম প্রভৃতি স্থানান্তরে চালান করিবার নিষেধ করিবার কথা।]

২২ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুকুম জারী করিয়া, অস্ত্রশস্ত্র কি যুদ্ধসরঞ্জাম কি সীসা কি গন্ধক কি শোরা কি বারুদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য কিম্বা কোন বিশেষ প্রকারের অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি যুদ্ধসরঞ্জাম ভারতবর্ষের এক স্থানহইতে অন্য স্থানে চালান করিতে, অথবা কোন দিগে কোন বিশেষ দিগ নিরূপণ করিয়া সেই দিগের দিগে

in the order, or prohibit the transport thereof except according to such rules and conditions as may be specified in the order, and the local Government of any Presidency or place shall have the like power within the territories under its Government.

[Penalty for prohibited transport.]

XXIII. If any person shall transport or cause to be transported or shall attempt to transport or cause to be transported, or shall aid in transporting any arms, military stores, lead, sulphur, saltpetre, gunpowder, or other ammunition, contrary to such order, or to the rules and conditions specified therein, he shall be liable to a fine not exceeding five hundred Rupees, or to imprisonment with or without hard labor for a period not exceeding three years, or to both fine and imprisonment, and the articles transported or attempted to be transported shall be confiscated. If any person shall by concealment or other device transport or cause to be transported, or attempt to transport or cause to be transported, such arms, military stores, lead, sulphur, saltpetre, gunpowder, or other ammunition, he shall, in addition to the fine hereby provided, be liable, upon conviction, to imprisonment with or without hard labor for a term not exceeding seven years.

[Provisions of two preceding Sections not to apply to Districts not ordered or liable to be disarmed under Section XXXII.]

XXIV. Nothing in the last two preceding Sections shall extend to arms, percussion caps, gunpowder, and other ammunition transported by any person in reasonable quantities for his own private use, in any District or place not ordered or liable to be disarmed under Section XXXII. of this Act.

[Persons conveying arms, ammunition, &c. under suspicious circumstances may be apprehended without warrant. Procedure if apprehended by other than Magistrates, &c.]

XXV. If any person shall be found carrying or conveying any arms, military stores, percussion caps, sulphur, gunpowder, or other ammunition, in such a manner or under such circumstances as to afford just grounds of suspicion that the same are being carried by such person with intent to use the same, or that the same may be used for any unlawful purpose dangerous to the public peace, it shall be lawful for any Magistrate, Deputy Magistrate, or Assistant to a Magistrate, or Police Officer, or for any other person, to apprehend without warrant the person so carrying or conveying such arms, military stores, percussion caps, sulphur, gunpowder, or other ammunition, and to detain such person in custody in oder that he may be dealt with according to law. If any person be apprehended by a person not being a Magistrate, Deputy Magistrate, or Assistant to a Magistrate, or Police Officer, he shall be delivered over as soon as possible to a Police Officer; and all persons ap-

তাহা চালান করিতে, কিম্বা ঐ হুকুমেতে যে২ বিধি ও নিয়ম নির্দ্দিষ্ট থাকে তদ্ভিন্ন অন্য প্রকারে চালান না করিতে, নিষেধ করিতে পারিবেন। ও কোন প্রাদেশীয় কি স্থানের কর্ত্তৃক কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অধীন দেশে ঐ গবর্ণমেণ্টেরও সেই ক্ষমতা থাকিবেক ইতি।

[নিষেধ হইলেও চালান করিলে যে দণ্ড হইবেক।]

২৩ ধারা। সেই প্রকারের হুকুম, কিম্বা সেই হুকুমের লিখিত বিধি ও নিয়ম না মানিয়া, যদি কোন লোক কোন অস্ত্রশস্ত্র কিম্বা যুদ্ধসরঞ্জাম কি সীসা কি গন্ধক কি শোরা কি বারূদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য চালান করে কি করায় কি চালান করিবার কি করাইবার উদ্যোগ কি সাহায্য করে, তবে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে তিন বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা জরীমানা ও কয়েদ এই দুই দণ্ড হইতে পারিবেক, ও যে দ্রব্য চালান করা যায় কি চালান করিবার উদ্যোগ হয় তাহা জব্দ হইবেক। যদি কোন লোক সেইপ্রকারের অস্ত্রশস্ত্র কি যুদ্ধসরঞ্জাম কি সীসা কি গন্ধক কি শোরা কি বারূদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য লুকাইয়া, কি অন্য কৌশলে চালান করে কি করায় কি করিবার কি করাইবার উদ্যোগ করে, তবে এই ধারাতে যে জরীমানির বিধান হইয়াছে তদতিরিক্ত, তাহার ঐ দোষ সাব্যস্ত হইলে, তাহার সাত বৎসরের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবেক ইতি।

[৩২ ধারামতে যে২ জিলার লোকেরদের অস্ত্রশস্ত্র লইবার হুকুম না হয়, তাহারদের উপর উক্ত দুই ধারার বিধান না লাগিবার কথা।]

২৪ ধারা। এই আইনের ৩২ ধারামতে যে কোন জিলার কি স্থানের লোকেরদের অস্ত্রশস্ত্র লইবার হুকুম না হয় কি লওয়া উপযুক্ত না হয় এমত কোন জিলার কি স্থানের কোন লোক, আপন কর্ম্মের নিমিত্তে সম্ভবমতে যে অস্ত্রশস্ত্র কি রঞ্জকের টুপি কি বারূদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য চালান করে, তাহার উপর উক্ত দুই ধারার কোন কথা খাটিবে না ইতি।

[যাহাতে সন্দেহ জন্মিতে পারে এমন ভাবে যদি কোন লোক অস্ত্রশস্ত্রপ্রভৃতি সঙ্গে লয়, তবে ওয়ারণ্ট বিনা তাহার গ্রেফ্তার হইবার কথা ও মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি ছাড়া অন্য লোক তাহাকে ধরিলে যেরূপে কার্য্য হইবেক তাহার কথা।]

২৫ ধারা। কোন লোক যেরূপে কি যে গতিকে কোন অস্ত্রশস্ত্র কি যুদ্ধসরঞ্জাম কি রঞ্জকের টুপি কি গন্ধক কি বারূদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য লইয়া যাইতেছে কি চালান করিতেছে তাহা বুঝিয়া, সেই লোক সাধারণ লোকেরদের শান্তির বিঘ্নজনক কোন বেআইনী কর্ম্মের নিমিত্তে তাহা ব্যবহার করিবার অভিপ্রায়ে লইয়া যাইতেছে, কিম্বা তাহা সেইরূপে ব্যবহার হইতে পারিবে, এমত সন্দেহ করিবার যদি উপযুক্ত কারণ থাকে, তবে কোন মাজিষ্ট্রেট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট কি মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট কি পোলীসের কর্ম্মকারক কিম্বা অন্য কোন লোক, ওয়ারণ্ট না পাইয়াও, যে লোক ঐ অস্ত্রশস্ত্র কি যুদ্ধসরঞ্জাম কি রঞ্জকের টুপি কি গন্ধক কি বারূদ কি বন্দুকাদি ছুড়িবার অন্য দ্রব্য লইয়া যায় কি চালান করে তাহাকে গ্রেফ্তার করিতে পারিবেন, ও তাহাকে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্তে তাহাকে হেফাজতে রাখিতে পারিবেন। যদি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেট কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট কি পোলীসের কার্য্যকারক ছাড়া অন্য কোন ব্যক্তির দ্বারা সেই প্রকারের কোন লোককে গ্রেফ্তার করা যায়, তবে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সেই লোককে পোলীসের কার্য্যকারকের

ইহারদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মহামান্য সদর বোর্ডের আদেশমতে জেলা ২৪ পরগনার মোতালক সুন্দরবন সংক্রান্ত নিম্নের লিখিত লাটহারের ভূমি আলীপুর মোকামেসুন্দরবনের কমিস্যনরি কাছারিতে ইংরাজী সন ১৮৬০ সালের ১৬ আগষ্ট মোতাবেক সন ১২৬৭ সালের ১ ভাদ্র তারিখে বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে অতি উচ্চ মূল্য ডাকিবেক তিনি লাট পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় মূল্য দাখিল করিতে হইবেক পরে গবর্ণমেণ্টের সন ১৮৫৩ সালের ২৪ সেপ্টেম্বর দিবসীয় কবলানুযায়ি পাট্টা তাহার নামে প্রস্তুত হইয়া সদর বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক এবং সরকারের লবণ প্রস্তুত জন্যে এই লাটহারের মধ্যে জমী লওয়ার প্রয়োজন হইলে তাহা ছাড়িয়া দিবার নিয়ম পাট্টায় লেখা যাইবেক পরন্তু আরও জানান যাইতেছে যে খরিদ্দার কি অন্য ব্যক্তিমাত্রেই ঐ লাটের মহলা দেখিতে চাহেন তবে তাহারা কিম্বা মোক্তারের দ্বারায় কমিস্যনরের উক্ত মোকামের কাছারিতে যাইয়া দেখিতে পারেন এবং নীলামের অগ্রে দেওয়া নীলামের অঙ্ক প্রকাশ করা যাইবেক আর খরিদ্দারেরা ঐ নীলাম বোর্ড রিবিনিউর হুকুমে মঞ্জুর না হয় তবে খরিদের পণের টাকা জিমাসুদে ফেরত পাইবেক আর নিম্নে লিখা যাইতেছে যে যে সমস্ত লাটের ইরেজেনরি লাটুমের দ্বারা সীমারা অবধারিত আছে ঐ লাটের যে ছানহইতে আরম্ভ ও যে রোখে যাইবেক তাহা লাটদারানতে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া যাইবেক পরে লাটদারকর্ত্তৃক লাটের প্রয়োজনীয় ভূমি আবাদ হইলে ঐ সীমানা নিশ্চয়রূপে নিরূপণ করা যাইবেক ইতি সন ১২৬০। তারিখ।

কাপ্তান হাজিস সাহেবের নক্‌শায় লিখিত লাটের নং	আন্দাজী জমীর পরিমাণ	তৈকিয়ৎ
১১ নং লাট	৮২০০/	অত্র লাট সুন্দরবনের বাহির রাস্তার নিকট এবং তাহার নিকটাবর্ত্তি লাট-সকল আবাদ হইতেছে।
১৮ নং লাট	১২৯০০/	অত্র লাট উত্তমরূপে নিরূপিত সীমাযুক্ত ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১৯ নং লাট দক্ষিণ খণ্ড	১৮০০/	এই লাট জমীদারীর ভূমির সংলগ্ন থাকাবিধায় তাহার গৌরব হইয়াছে।
৯২ নং লাট	২১৯০০/	উত্তম লাট প্রায় আবাদী লাটহারের সংলগ্ন এবং জমীদারীর ভূমির নিকটাবর্ত্তি এবং সুন্দরবন মোড়াদলের ঐ হামের ভূমিসকল অনেকেই পাইতে আকাঙ্ক্ষা করে।
১০৫ নং লাট	৮৪০০/	অত্র লাট উত্তম এবং উপরোক্ত লাটের দক্ষিণস্থিত।
১০৬ নং লাট	২০৯০০/	অত্র লাট আবাদের উপযুক্ত এবং সুন্দরবনের ভিতর রাস্তার পার্শ্বস্থ বটে।
১০৯ নং লাট	২২০০০/	বাওয়ালিগণ সর্ব্বদা অত্র লাটে জাহাজ লইয়া গমনাগমন করিয়া থাকে এবং এই লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ ও যে সকল লাট আবাদ হইতেছে তাহার নিকটাবর্ত্তী।
১১০ নং লাট	৩১০০০/	এই লাটের পশ্চিম সীমানা বিখ্যাত বারাশুলার খাল পূর্ব্ব সীমানা সুন্দরবনের বাহির রাস্তা, পং ছারায় ইষ্টিমার গমনাগমন হয়।
১১১ নং লাট উত্তর খণ্ড	৩৯০০/	সমুদয় লাট অত্যন্ত বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারা আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে, অত্র খণ্ড জমীদারীর ভূমির নিকটাবর্ত্তী ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১১ নং লাট দক্ষিণ খণ্ড	২১০০০/	ঐ
১১২ নং লাট	২২০০০/	সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১৩ নং লাট	১৬০০০/	ঐ
১১৪ নং লাট উত্তর খণ্ড	৩০০০০/	সমুদয় লাট অতিশয় বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারায় আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে এই লাটের অবস্থা এইরূপ উত্তম যে উত্তর জল ও স্থল পথে গমনাগমন করা যাইতে পারে এবং জমীদারীর ভূমি ও আবাদী লাটের নিকটাবর্ত্তী।
১১৪ নং লাট দক্ষিণ খণ্ড	৩২০০০/	উপরোক্ত লাটের দ্বিতীয় খণ্ড।
১১৫ নং লাট	৩৮০০০/	অত্র লাট স্বাভাবিক সীমানার বেষ্টিত এবং পূর্ব্ব দেশে গমনাগমনের রাস্তার পার্শ্বস্থ ও ঐ অঞ্চল ক্রমশ আবাদ হইয়া আসিতেছে।
১১৬ নং লাট	২৭০০০/	এই লাট প্রসিদ্ধ মাতলা নদীর তীরস্থ।
১২৭ নং লাট উত্তর খণ্ড	১৭০০০/	অত্র লাট মাতলা নদীর তীরস্থ এবং গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল ভূমি সরকারী কার্য্যের নিমিত্ত রাখিত হইয়াছে তাহার নিকটাবর্ত্তী।
১২৭ নং লাট দক্ষিণ খণ্ড	২১০০০/	ঐ
১২৮ নং লাট উত্তর খণ্ড	৬০০০০/	এই লাটের কিয়দংশ সরকারী কার্য্যের নিমিত্তে সরকারে রাখা হইয়াছে এবং মাতলার রেলরোড যে স্থানে শেষ হইবেক তাহার নিকটাবর্ত্তী থাকায় এই লাটের গৌরব হইয়াছে।
১২৮ নং লাট দক্ষিণ খণ্ড	২৯০০০/	ঐ
১৩৮ নং লাট	১৭০০০/	উত্তম লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ এবং সহজেই আবাদ হইতে পারিবেকইতি।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্যং শিল্প দ্রব্যাদি আমার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়া যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে দৌড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০ ৩১ জুলাই।]

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য অতি হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর রূপ লক্ষ্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপশের এক্টিং সুপরিন্টেণ্ডেণ্ট।

---

100 RUPEES REWARD

Will be paid to any person giving such information as may lead to the apprehension of Bonomally Roy, (whose descriptive roll is given below in the Vernacular) charged with the homicide of Beni Chuttopadhya.

Apply to the Joint Magistrate of Serampore.

J. P. GRANT,
Joint Magistrate.

আসামি শ্রী বনমালী রায়, পিতার নাম অপ্রকাশ, বয়স অনুমান ৫০ বৎসর জাতি ব্রাহ্মণ সাবেক বাস জগৎল্লার হাল সাং সেরাবোলা, শ্যামবর্ণ, মোহারা শরীর লম্বা কদ, দাড়ি গোঁপ কামান, মস্তকে আপড়ি চুল, চক্ষু বড় রকম, লম্বা নাসিকা, কর্ণ স্বাভাবিক, ভোলা ভুরু।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALEXANDER MACKENZIE MURDOCK, an Insolvent.

On Tuesday, the 10th day of July instant, it was ordered, that unless cause be shewn on Tuesday, the 4th day of September next, at the hour of 11 o'clock in the forenoon, the Judicature of Assignment of the 5th day of June 1847, be declared vacated but so nevertheless that no act or thing done prior to this order by the present Assignee or any other Assignee before him, be in any way annulled or affected thereby, and that the Official Assignee do reassign and deliver over the Estate and Effects of the said Insolvent, (if any) to Charlotte Murdock, the widow and Executrix of the said Insolvent

W. W. and C. D. LINTON, *Attornies.*

Chief Clerk's Office, 17th July, 1860.

যোত্রহীন আলেকজাণ্ডর মাকেঞ্জি মর্ডক সাহেবের বিষয়ে.

বর্ত্তমান জুলাই মাসের ১০ তারিখে এই হুকুম হইয়াছিল। আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ মঙ্গলবারে বেলা ১১ ঘণ্টা সময়ে, যদি আপত্তির কারণ দেখান না যায়, তবে ১৮৪৭ সালের জুন মাসের ৫ তারিখের আসৈনমেণ্টের দলীল, বাতিল বলিয়া প্রকাশ হইবেক। কিন্তু এই হুকুম হইবার আগে, বর্ত্তমান আসৈনি কি তাঁহার পূর্ব্বের কোন আসৈনি যে কোন কার্য্য কি কর্ম্ম করিয়া থাকেন, তাহা সেই হুকুমের দ্বারা বাতিল হইবেক না. ও তাহার কিছু হানি হইবে না। ও সেই যোত্রহীনের যদি কিছু সম্পত্তি কি মাল থাকে তবে তাহা সরকারী আসৈনি সাহেব ঐ যোত্রহীনের স্ত্রী ও অছি শ্রীমতী চারলট মর্ডকের হাতে পুনরায় অর্পণ করিয়া দিবেন।

প্রধান ক্লার্কের দপ্তরখানা।
১৮৬০ সাল ১৭ জুলাই।

ডবলিউ ডবলিউ ও সি ডি লিণ্টন।
উকীল।

In the matter of GEORGE RIPLEY, an Insolvent.

Notice is hereby given, that Tuesday, the 7th day of August next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 31st day of August 1858, until the 1st day of July instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 25th July, 1860.

যোত্রহীন জর্জ রিপলি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সমাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আগষ্ট মাসের ৭ তারিখ মঙ্গলবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৮ সালের আগষ্ট মাসের ৩১ তারিখ-অবধি বর্ত্তমান জুলাই মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সমাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৫ জুলাই।

[*Government Gazette*, 31*st July*. 1860]

In the matter of JAMES YOUNG and others, Insolvents.

Notice is bereby given, that Tuesday, the 7th day of August next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of March 1853, until the 30th day of June 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 26th July, 1860.

যোত্রহীন জেমস ইয়ং ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আগষ্ট মাসের ৭ তারিখ মঙ্গলবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৩ সালের মার্চ মাসের ১ তারিখ-অবধি বর্ত্তমান ১৮৬০ সালের জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব বিবরে করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ দাখিল লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৫ জুলাই।

জান কক্‌রেন। সরকারী আসৈনি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৩১ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 7, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৭ আগষ্ট।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 28TH JULY 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 24th July 1860, and is hereby promulgated for general information :—

ACT No. XXXII. OF 1860.

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

PART I.

Imposes Duties of 3 and 1 per Cent.

[Duty of 3 per cent., and Schedules 1, 2, 3, and 4.]

I. FROM and after the 31st day of July 1860, there shall be collected and paid for the service of the Government of India, during the term herein limited, for and in respect of the property and profits mentioned in the several Schedules contained in this Act, and marked 1, 2, 3, and 4 respectively, the yearly Duty of three Rupees for every hundred Rupees of the annual value thereof, that is to say—

SCHEDULE 1.

For and in respect of the property in, and profits arising from, all lands and houses in India.

SCHEDULE 2.

For and in respect of the annual profits arising to any person residing in India from any kind of property whatever, whether situate in India, or elsewhere; and for and in respect of the annual profits arising to any person residing in India from any profession, trade, or employment, whether the same shall be carried on in India or elsewhere.

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৮ জুলাই।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আরীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২৪ জুলাই তারিখে যে সম্মতি প্রকাশ করেন। তাহা সকল লোকের জানিবার জন্যে ছাপা হইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসার ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জ্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন।

প্রথম অধ্যায়।

শতকরা ৩৲ টাকা ও শতকরা ১৲ টাকা টাক্স বসাইবার বিধি।

[শতকরা ৩৲ টাকা টাক্সের কথা ও ১ ও ২ ও ৩ ও ৪ নম্বরের তফসীল।]

১ ধারা। এই আইনের ১ ও ২ ও ৩ ও ৪ নম্বরের তফসীলে যে সম্পত্তির ও উপার্জ্জনের কথা লেখা আছে তাহাতে বৎসরে যত প্রাপ্তি হয় তাহার শিশত টাকার উপর বৎসরে ৩৲ টাকা টাক্স ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্যের নিমিত্তে, ১৮৬০ সালের জুলাই মাসের ৩১ তারিখঅবধি এই আইনে যত কাল নির্দ্ধারিত হইয়াছে তত কালপর্য্যন্ত, উসুল হইবে, ও লোকেরদের তাহা দিতে হইবে। অর্থাৎ,

১ নম্বরের তফসীল।

ভারতবর্ষে যে সকল জমী ও ঘর থাকে তাহাতে যে বাসিন্দা ও যে মালিক হয় তাহার নিমিত্তে ও তাহার উপর এ টাক্স লাগিবে।

২ নম্বরের তফসীল।

ভারতবর্ষনিবাসি কোন লোকের যে কোন প্রকারের সম্পত্তি ভারতবর্ষের মধ্যে কি অন্য কোন দেশে থাকে, তাহাতে বৎসরে যত প্রাপ্তি হয় তাহার নিমিত্তে ও তাহার উপর। ও ভারতবর্ষনিবাসি কোন লোক ভারতবর্ষের মধ্যে কি অন্য দেশে যে কোন বিদ্যাব্যবসার কি কারবার করেন কি যে কোন কর্ম্ম করেন, তাহাতে তাঁহার বৎসরে যত উপার্জ্জন হয় তাহার নিমিত্তে ও তাহার উপর।

And for and in respect of the annual profits arising to any person whatever, whether a subject of Her Majesty or not, although not resident in India, from any property whatever in India, or any profession, trade, or employment carried on within India.

And for and in respect of all interest of money, annuities, and other annual profits arising to any person residing in India, or accruing and payable in India to any person, whether residing in India or not, not charged by virtue of any other Schedule of this Act.

SCHEDULE 3.

For and in respect of all profits arising from interest, annuities, or dividends, payable in India to any person, whether residing in India or elsewhere, out of the public Revenues of India.

SCHEDULE 4.

For and in respect of every public office or employment of profit in India, and every office or employment of profit in or under any Company in India, and upon every annuity, salary, or pension, payable to any person residing in India, or paid in India to or on account of any person whatever by the Government of India, except annuities charged to the Duty under Schedule 3.

[Collection and payment of Duties.]

II. The Duties charged under this Act shall be assessed, collected, and paid under the Rules hereinafter provided.

[Duty of ½ per cent for reproductive public works.]

III. From and after the day aforesaid, there shall also be collected and paid, under the Rules contained in this Act, for the purposes hereinafter mentioned and described as roads, canals, or other reproductive public works, for and in respect of the property and profits mentioned in the said several four Schedules respectively, the further yearly Duty of one Rupee for every hundred Rupees of the annual value thereof.

[Duty on fractional parts of 100 Rupees.]

IV. Upon every fractional part of one hundred Rupees of the annual value or amount of the property and profits aforesaid, the like proportion of Duty at the respective rates aforesaid shall be charged, but no Duty shall be charged of a less denomination than one anna.

[Assessments to be for the current year.]

V. The said Duties shall be charged and levied by yearly assessments, except in the cases hereinafter provided. Every assessment made under this Act within the year appointed for making the same, shall be deemed to be for the current year, and shall be in force for such year. And every assess-

আরো শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হউন কি না হউন কোন লোক ভারতবর্ষের মধ্যে বাস না করিলেও যদি ভারতবর্ষের মধ্যে তাঁহার কোন প্রকারের সম্পত্তি থাকে, কিম্বা তিনি যদি ভারতবর্ষের মধ্যে কোন বিদ্যাব্যবসায় কি কারবার কিম্বা কোন কর্ম্ম করেন, তবে সেই সম্পত্তি-প্রভৃতিতে তাঁহার বৎসরে যত প্রাপ্তি হয়, তাহার নিমিত্তে ও তাহার উপর।

আরো ভারতবর্ষনিবাসি কোন লোকের টাকার সকল সুদের ও বার্ষিক বৃত্তির, ও বৎসরের তাহার অন্য যে প্রাপ্তির উপর এই আইনের অন্য কোন তফসীলে টাক্স ধার্য্য হয় নাই, এমত যে সুদপ্রভৃতি ভারতবর্ষে পাওনা হয়, ও সেই দেশ কি ভিন্ন দেশনিবাসি কোন লোককে ভারতবর্ষের মধ্যে দিতে হয়, তাহার নিমিত্তে ও তাহার উপর ঐ টাক্স লাগিবে।

৩ নম্বরের তফসীল।

ভারতবর্ষ কি অন্য দেশনিবাসি কোন লোককে যে সুদ কি বার্ষিক বৃত্তি কি ডিবিডেণ্ড ভারতবর্ষেতে ভারতবর্ষের সরকারী কোন খাজানাখানাহইতে দিতে হয়, সেই সুদের কি বার্ষিক বৃত্তির কি ডিবিডেণ্ডের নিমিত্তে ও তাহার উপর ঐ টাক্স লাগিবে।

৪ নম্বরের তফসীল।

ভারতবর্ষে সরকারী যে কোন পদে কি চাকরীতে, ও ভারতবর্ষস্থ কোন কোম্পানির কি তাহার তাবের যে কোন পদে কি চাকরীতে কিছু উপার্জ্জন হয়, তাহার নিমিত্তে ও তাহার উপর, ও যে কোন বার্ষিক বৃত্তি কি বেতন কি পেনসান ভারতবর্ষ নিবাসি কোন লোকের পাওনা হয়, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টহইতে ভারতবর্ষে কোন লোককে কি কোন লোকের জন্যে দেওয়া যায়, তাহার উপর ঐ টাক্স লাগিবে। কিন্তু ৩ নম্বরের তফসীলমতে যে বার্ষিক বৃত্তির উপর টাক্স ধার্য্য হইয়াছে তাহা এই তফসীলে ধরা যাইবে না।

টাক্স উসুল করিবার ও দিবার কথা।]

১ ধারা। এই আইনমতে যে টাক্স বসান যায়, তাহা ইহার পরের লেখা বিধানমতে ধার্য্য ও উসুল হইবেক ও দিতে হইবেক ইতি।

[সাধারণের উপকারার্থ কার্য্যের নিমিত্তে শতকরা ১২ টাকা টাক্সের কথা।]

২ ধারা। আরো উক্ত চারি তফসীলে যে২ সম্পত্তির ও উপার্জ্জনের কথা লেখা আছে তাহাতে বৎসরে যত প্রাপ্তি হয়, তাহার শত টাকার উপর আর এক টাকা টাক্স পূর্ব্বোক্ত তারিখঅবধি এই আইনের বিধানমতে বৎসরে২ লওয়া যাইবে ও দিতে হইবে। সেই টাকা ইহার পরের লিখিত কার্য্যেতে অর্থাৎ রাস্তা ও খাল কি অন্য যে কর্ম্মহইতে লভ্য হইতে পারে সাধারণের ব্যবহার্য্য সেই কর্ম্মেতে ব্যয় হইবেক ইতি।

[শতের কম টাকার উপর ঐ টাক্সের কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত সম্পত্তির ও উপার্জ্জনের যত প্রাপ্তি কি টাকা বৎসরে হয় তাহার মধ্যে একশ শতের কম যে টাকা হয়, তাহারও উপর পূর্ব্বোক্ত হিসাবে টাক্স ধরা যাইবেক, কিন্তু এক আনার কম কিছু টাক্স লওয়া যাইবে না ইতি।

[টাক্স চলিত বৎসরের নিমিত্তে ধার্য্য হইবার কথা।]

৫ ধারা। ইহার পরে যে২ স্থলের অন্য বিধান হইয়াছে সেই২ স্থলছাড়া, উক্ত টাক্স বৎসরে২ বসান যাইবে ও আদায় হইবে। এই আইনমতে টাক্স ধার্য্য করিবার যে বৎসর নিরূপণ হয়, সেই বৎসরে যে টাক্স ধার্য্য হয় তাহা চলিত বৎসরের নিমিত্তে হইল জ্ঞান হইবেক, ও সেই বৎসরে প্রবল থাকিবেক।

ment made after the expiration of any year in which the same ought to have been made, shall be deemed to be for the year when the assessment ought to have been made.

[Such year to commence on the 1st August 1860.]

VI. Such year shall commence, for the first assessment, on the 1st day of August 1860, and for every subsequent assessment during the continuance of this Act on the 1st day of August in the year of such assessment.

ও কোন বৎসরে যে টাক্স ধার্য্য করা উচিত হয়, তাহা সেই বৎসরের পরে ধার্য্য হইলে, যে বৎসরে ধার্য্য করা উচিত ছিল সেই বৎসরের নিমিত্তে হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[সেই বৎসর ১৮৬০ সালের ১ আগষ্ট তারিখে আরম্ভ হইবার কথা।]

৬ ধারা। টাক্স ধার্য্য করিবার ঐ প্রথম বৎসর ১৮৬০ সালের ১ আগষ্ট তারিখে আরম্ভ হইবে। ও তাহার পর এই আইন যত কাল চলন থাকে তত কালপর্য্যন্ত টাক্স ধার্য্য করিবার জন্যে প্রত্যেক বৎসর ১ আগষ্ট তারিখঅবধি আরম্ভ হইবে ইতি।

PART. II.

Appointment of Officers for managing and assessing the Duties.

দ্বিতীয় অধ্যায়।

ঐ টাক্সের কার্য্য করিবার ও ধার্য্য করিবার কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবার বিধি।

[Duties to be under whose direction and management.]

[টাক্সের কার্য্য যাঁহার হুকুমমতে ও তত্ত্বাবধারণে করা যাইবে তাহার কথা।]

VII. The Duties imposed by this Act shall, subject to the provisions of this Act, be under the direction and management of the Governor General of India in Council, the several Governors, Lieutenant Governors, and Chief Commissioners, for the time being in each Presidency, Lieutenant Governorship, and Province. The said Governments and Authorities respectively are hereby empowered to do all such acts and things, subject as aforesaid, as may be deemed necessary for the collecting, receiving, and accounting for the said Duties throughout the respective Presidencies, Lieutenant Governorships, and Provinces, for which the said Duties are assessed, in the like manner as they are authorized to do with relation to any other Duties or revenue under their care.

৭ ধারা। এই আইনমতে যে টাক্স ধার্য্য যায়, তাহা এই আইনের বিধান বহাল রাখিয়া, হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ও এক রাজধানীতে ও লেপ্টেনেণ্ট গবরনরের এলাকার ও প্রদেশে যিনি যে সময়ে গবরনর্ ও লেপ্টেনেণ্ট গবরনর ও প্রধান কমিসানর হন তাঁহার আজ্ঞার ও তত্ত্বের অধীনে থাকিবে। উক্ত সকল গবর্ণমেণ্ট ও কার্য্যকারক সাহেব আপনাদের তত্ত্বের মধ্যে অন্য কোন টাক্সের কি মালগুজারীর বিষয়ে যেরূপে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন, সেইরূপে তাঁহারা আপনং অধীন উক্ত রাজধানীর ও লেপ্টেনেণ্ট গবরনরের এলাকার ও প্রদেশের সকল স্থানে এই টাক্স উসুল ও গ্রহণ করিবার ও তাহার হিসাব দিবার জন্যে এই আইনের বিধি বহাল রাখিয়া যে সকল কার্য্য ও কর্ম্ম আবশ্যক বোধ করেন, তাহা করিতে এই ধারামতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[Divisions and Districts.]

[এলাকার ও জিলার কথা।]

VIII The Divisions and Districts of Revenue as already constituted, or as they shall be from time to time constituted, shall be made use of for the purposes of this Act, except in the cases hereinafter specified. The Presidency Towns and the Stations of the Straits Settlement shall be separate Districts for the purposes of this Act, and it shall be lawful for the local Government to add thereto any portions of the adjoining Districts of Revenue. In any such case each part of any such District so added to a Presidency Town or to a Station in the Straits Settlement shall, for all the purposes of this Act, be held and taken to be a part of such Presidency Town or such Station.

৮ ধারা। মালগুজারীর যে২ এলাকা ও জিলা এখন নির্দ্ধার্য্য আছে কি ইহার পরে সময়ে২ নির্দ্ধার্য্য হয়, তাহা নীচের লিখিত স্থল ছাড়া, এই আইনের কার্য্যের নিমিত্তে এলাকা ও জিলা বলিয়া জানা যাইবে। প্রত্যেক রাজধানী ও মোহনার নিকট বসতি স্থানের প্রত্যেক সদর মোকাম এই আইনের কার্য্যের নিমিত্তে পৃথক২ জিলা হইবে। ও তাহার লাগাও মালগুজারীর জিলার কোন২ অংশ স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাহার শামিল করিতে পারিবেন। তাহা করিলে, রাজধানীর কি মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামের শামিলকরা জিলার উক্ত প্রত্যেক অংশ, এই আইনের কার্য্যের নিমিত্তে ঐ রাজধানীর কি ঐ সদর মোকামের এক অংশ বলিয়া জ্ঞান হইবে ও ধরা যাইবে ইতি।

[Jurisdiction.]

[এলাকার কথা।]

IX. The limits of the Presidency Towns and Stations of the Straits Settlement, with any addition of adjoining Districts made by the local Government, shall be defined by the local Government, and notified in the Official Gazette of the Presidency or Settlement. All persons subject to the provisions of this Act not resident in any such Divisions or Districts of Revenue aforesaid, or in any Presidency Town, or any Station of the Straits Settlement, shall be deemed for the purposes of this Act to be within such Revenue jurisdiction as the

৯ ধারা। ঐ রাজধানীর ও মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামের, ও তাহার লাগাও জিলার যে কোন অংশ স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাহার শামিল করেন, এই সকলের সীমা স্থানবিশেষের ঐ গবর্ণমেণ্ট নিরূপণ করিয়া, তাহার ইস্তিহার রাজধানীর কি বসতি স্থানের সরকারী গেজেটে ছাপাইবেন। এই আইনের বিধান যাঁহারদের উপর খাটে এমত কোন লোক যদি মালগুজারীর পূর্ব্বোক্ত কোন এলাকার কি জিলার মধ্যে, কি রাজধানীতে, কি মোহনার নিকট বসতিস্থানের কোন মোকামের মধ্যে বাস না করেন, তবে তাঁহারা এই আইনের কার্য্যের নিমিত্তে রাজধসম্পর্কীয় যে এলাকার নিবাসি লোক জ্ঞান হইবেন, এই কথা হুজুর কৌন্সেলে

Governor General of India in Council, by order to be published in the Calcutta Gazette shall appoint.

[Commissioners to be appointed for the Presidency Towns and Straits Settlement]

X. In the Presidency Towns and Stations of the Straits Settlement, the local Government shall, from time to time, appoint persons to be Commissioners for the purposes of this Act.

[Number of Commissioners for the Presidency Towns and Straits Settlement.]

XI. In the Presidency Towns the number of such Commissioners shall be not less than six, of whom not less than two shall be persons not in the service of Government; and in the Stations of the Straits Settlement, the number of such Commissioners shall be not less than three, of whom one shall be a person not in the service of Government. The Local Government may grant to such Commissioners in the Presidency Towns and Stations in the Straits Settlement as may not be in the service of Government, such fee or remuneration as may be approved by the Governor General of India in Council.

[If person not in the service of Government be appointed and refuse or neglect to act.]

XII. If any person not in the service of Government, having been so appointed, shall decline or neglect to act, it shall be lawful for the local Government to appoint any other person, whether in the service of Government or not, to be a Commissioner in lieu of the person so declining or neglecting.

[Duration of appointment, re-appointment, and removal of Commissioners appointed under the preceding Sections.]

XIII. The Commissioners appointed under the last three preceding Sections shall hold the appointment for one year only, but it shall be in the discretion of the local Government, after the expiration of that period, to re-appoint any of them. It shall also be lawful for the local Government, at any time, to remove any of such Commissioners.

[Quorum.]

XIV. Any two of the Commissioners, one of them being an Officer of Government, shall form a quorum.

[Meetings of Commissioners]

XV. The Senior Officer of Government in the Commission shall be President of the Commission. At every Meeting of the Commissioners at which such Officer shall not be present, the Senior Officer of Government present shall preside. If a difference of opinion shall arise, and the opinions shall be equally divided, the President of the Meeting shall have a casting vote.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৭ আগষ্ট।]

ভারতবর্ষের শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে হুকুম প্রকাশ করিয়া নিরূপণ করিবেন ইতি।

[রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানে কমিসানরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১০ ধারা। নানা রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামে স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই আইনের কার্য্য করিবার জন্যে কমিসানরের পদে কোন২ লোককে সময়ে২ নিযুক্ত করিবেন ইতি।

[রাজধানীতে ও মোহনার বসতিস্থানে যত জন কমিসানর থ কিবেন তাহার কথা।]

১১ ধারা। প্রত্যেক রাজধানীতে ছয় জনের কম উক্ত প্রকারের কমিসানর নিযুক্ত হইবেন না। তাঁহারদের অতি কম দুই জন গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন এমত লোক হইবেন। মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামে তিন জনের কম উক্ত প্রকারের কমিসানর নিযুক্ত হইবেন না, তাঁহারদের এক জন গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন এমন লোক হইবেন। নানা রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের নানা সদর মোকামে যে২ কমিসানর গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন, তাঁহারদের যে রসুম কি মেহনতানা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর মঞ্জুর করেন, তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাঁহারদিগকে দিতে পারিবেন ইতি।

[সরকারের কর্ম্মকারী নহেন এমত লোক নিযুক্ত হইয়া কার্য্য করিতে স্বীকার না করিলে কি শৈথিল্য করিলে তাহার কথা।]

১২ ধারা। গবর্ণমেণ্টের কার্য্যকারক নহেন এমত কোন লোক উক্ত প্রকারে নিযুক্ত হইয়া, যদি কার্য্য করিতে সম্মত না হন কি শৈথিল্য করেন, তবে সেই সম্মত না হওয়া কি শৈথিল্যকারি লোকের পরিবর্ত্তে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সরকারের কর্ম্মকারি কোন লোককে কিম্বা অন্য লোককে কমিসানরের পদে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[পূর্ব্ব ধারামতের নিযুক্ত কমিসানরেরা যত কাল নিযুক্ত থাকিবেন তাহার কথা, ও তাঁহারদের পুনরায় নিযুক্ত করিবার ও অবসর করিবার কথা।]

১৩ ধারা। ইহার পূর্ব্বের তিন ধারামতে যে সকল কমিসানর নিযুক্ত হন তাঁহারা কেবল এক বৎসর ঐ পদে থাকিবেন। কিন্তু সেই কাল অতীত হইলে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করিলে তাঁহারদের কোন লোককে পুনরায় ঐ পদে নিযুক্ত করিতে পারিবেন। আরো স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন সময়ে ঐ কমিসানরেরদের কোন লোককে অবসর করিতে পারিবেন ইতি।

[যত জন বর্ত্তমান থাকিলে বৈঠক হইতে পারে তাহার কথা।]

১৪ ধারা। কমিসানরেরদের কোন বৈঠকে যদি দুই জন উপস্থিত হন, তবে কার্য্য চলিতে পারিবে। কিন্তু ইহাতে প্রয়োজন যে এক জন গবর্ণমেণ্টের কার্য্যকারক হন ইতি।

[কমিসানরেরদের বৈঠকের কথা।]

১৫ ধারা। ঐ কমিসানরেরদের মধ্যে যিনি গবর্ণমেণ্টের প্রধান কার্য্যকারক হন তিনি কমিসানরেরদের সভাপতি হইবেন। কমিসানরেরদের কোন বৈঠকে যদি ঐ কার্য্যকারক সাহেব উপস্থিত না হন, তবে গবর্ণমেণ্টের প্রধান যে কার্য্যকারক উপস্থিত থাকেন তিনি সভাপতি হইবেন। যদি মতের অনৈক্য হয়, ও একমতের যত জন থাকেন বিপক্ষমতের যদি তত জন থাকেন, তবে বৈঠকের সভাপতির যে মত তাহা প্রবল হইবেক ইতি।

[Appointment of Special Commissioner for Presidency Towns and Straits Settlement.]

XVI. For every Presidency Town and Station in the Straits Settlement, the local Government shall appoint an Officer in the service of Government on such salary as shall be approved by the Governor General of India in Council, to be called the Special Commissioner, fur the purpose of making assessments in the cases referred to him under the provisions hereinafter contained.

[রাজধানীতে ও মোহনার বসতি স্থানে বিশেষ কমিসানরকে নিযুক্ত করিবার কথা।]

১৬ ধারা। এক২ রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের এক২ মোকামে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট খাস কমিসানর বলিয়া গবর্ণমেণ্টের এক২ জন কার্য্যকারককে নিযুক্ত করিবেন। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর তাঁহার যত বেতন মঞ্জুর করেন তত বেতন হইবেক। তাঁহার কর্ম্ম এই। পশ্চাৎ লিখিত বিধানমতে কোন বিষয় তাঁহার প্রতি অর্পণ হইলে তিনি সেই বিষয় বুঝিয়া টাক্স ধার্য্য করিবেন ইতি।

[Appointment of Assessors.]

XVII. In each of the Presidency Towns and Stations of the Straits Settlement, the local Government may appoint, on such salaries as may be approved by the Governor General of India in Council, such number of Assessors and such Ministerial and other Officers as may be deemed necessary for carrying out the provisions of this Act.

[আসেসরেরদের নিযুক্ত হইবার কথা।]

১৭ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য হইবার জন্যে যত জন আসেসরকে (অর্থাৎ টাক্স ধার্য্য করিবার লোককে) ও আমলাকে ও অন্য কার্য্যকারকদিগকে নিযুক্ত করা আবশ্যক বোধ হয়, স্থানবিশেষের গবর্ণমেণ্ট তত জনকে প্রত্যেক রাজধানীতে ও মোহনার বসতি স্থানের সদর মোকামে নিযুক্ত করিতে পারিবেন, ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর তাঁহারদের যত বেতন মঞ্জুর করেন তাঁহারা তত বেতন পাইবেন ইতি।

[Except in the Presidency Towns and Straits Settlement, Collector of Land Revenue to be entrusted with execution of Act and management of Duties.]

XVIII. Except in the Presidency Towns and the Stations of the Straits Settlement, the Collector of Land Revenue shall be entrusted with the execution of this Act, and the managing, levying, receiving, and accounting for the Duties imposed thereby, under the control of the ordinary Revenue Authorities to whom such Collector is subject in matters relating to the Land Revenue.

[রাজধানী ও মোহনার নিকট বসতি স্থান ছাড়া অন্য স্থানে এই আইনমতে কার্য্য করিবার ও টাক্সের কার্য্য নির্ব্বাহের ভার মালগুজারীর কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইবার কথা।]

১৮ ধারা। রাজধানী ও মোহনার নিকট বসতি স্থানের মোকাম ছাড়া, অন্য সকল স্থানে এই আইনমতে কার্য্য করিবার ভার ও এই আইনেতে যে সকল টাক্স বসান যায় তাহার কার্য্য চালাইবার ও তাহা উসুল ও [illegible] করিবার ও তাহার হিসাব করিবার ভার জমীর মালগুজারীর কালেক্টর সাহেবের প্রতি থাকিবেক, ও মালগুজারীর নানা বিষয়ে ঐ কালেক্টর সাহেবেরা সাধারণমতে রাজস্বসম্পর্কীয় যে কার্য্যকারক সাহেবেরদের অধীনে থাকেন, এই আইনের কার্য্যবিষয়ে তাঁহারদের অধীনে কর্ম্ম করিবেন ইতি।

[Collector may associate others with himself to assist him in making assessments.]

XIX. The Collector may, from time to time, whenever he shall think proper, associate with himself two or more persons, whether in the service of Government or not, to assist him in making assessments under this Act or in any proceeding held under the provisions of this Act.

[টাক্স ধার্য্য করিবার কার্য্যেতে কালেক্টর সাহেবের অন্য লোকেরদের সাহায্য লইবার কথা।]

১৯ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতে টাক্স ধার্য্য করিবার কার্য্যেতে, কিম্বা এই আইনের বিধানমতের মোকদ্দমাঘটিত কোন কার্য্যেতে, আপনার সাহায্যের নিমিত্তে যখন উপযুক্ত বোধ করেন তখন গবর্ণমেণ্টের চাকরীতে থাকা কি না থাকা দুই কি তাহার অধিক জনকে সঙ্গে লইতে পারিবেন ইতি।

[Appointment of Deputy Collectors as Assessors.]

XX. The local Government may appoint in any District one or more Deputy Collectors as Assessors, on such salaries as shall be approved by the Governor General of India in Council, for the performance of the duties that may be performed by Assessors under this Act.

[ডেপুটী কালেক্টরদিগকে আসেসরের কর্ম্মে নিযুক্ত করিবার কথা।]

২০ ধারা। এই আইনমতে আসেসরেরদের যে কর্ম্ম করিতে হয় সেই কর্ম্ম করিবার জন্যে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন জিলাতে এক কি অধিক জন ডেপুটী কালেক্টরকে আসেসরের পদে নিযুক্ত করিতে পারিবেন। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর তাঁহারদের যে বেতন মঞ্জুর করেন তাঁহারা সেই বেতন পাইবেন ইতি।

[Appointment as Assessors of persons already employed as Deputy Collectors.]

XXI. The local Government may also entrust any person who may be now employed or may hereafter be employed as a Deputy Collector in the Revenue Department with the duties of an Assessor.

[যাঁহারা এখন ডেপুটী কালেক্টরের কর্ম্ম করেন তাঁহারদিগকে আসেসরের কর্ম্মে নিযুক্ত করিবার কথা।]

২১ ধারা। যে লোকেরা রেবিনিউ ডিপার্টমেণ্টে ডেপুটী কালেক্টরের কর্ম্মে এখন নিযুক্ত আছেন কি পরে নিযুক্ত হন্, এমত কোন লোককে স্থানবিশেষের গবর্ণমেণ্ট আসেসরের কর্ম্মের ভার অর্পণ করিতে পারিবেন ইতি।

[Powers of Deputy Collectors.]

XXII. The Collector may empower any De-

[ডেপুটী কালেক্টরেরদের ক্ষমতার কথা।]

২২ ধারা। কোন ডেপুটী কালেক্টর আসেসরের

puty Collector, whether employed as an Assessor or not, subordinate to such Collector, to exercise all the powers conferred on such Collector by this Act in respect of assessments in cases of profits or income not exceeding one thousand Rupees a year, subject to appeal to such Collector in the event of surcharge by such Deputy Collector.

*

[Delegation of powers and duties to Deputy Collectors.]

XXIII The Collector may, with the sanction of the local Government, delegate to any Covenanted Officer or to any Deputy Collector, whether employed as an Assessor or not, subordinate to such Collector, any of the powers or duties with which he is entrusted under this Act; but in exercising such powers and duties, such Covenanted Officer or Duputy Collector shall be subject to the direction and control of such Collector.

[Appointment of Ministerial Officers by Collectors.]

XXIV. It shall be lawful for the local Government to authorize the Collector to appoint, on such salaries as shall be approved by the Governor General of India in Council, such Assessors and Ministerial and other Officers as may be necessary for carrying out the provisions of this Act, subject to the same control and Regulations as in other Departments of Revenue.

[Collector and Commissioners may exercise functions of Assessors.]

XXV. The Collector and Commissioners respectively may at his or their discretion exercise any of the functions that may be performed by Assessors.

Part III

Ex Officio and Special Assessors for Government Securities and in Public Departments.

[Ex-Officio Assessors for interest on Government Securities.]

XXVI. The Accountant General and the Sub-Treasurer of the Presidencies of Bengal, Madras, and Bombay respectively, and every Authority in charge of a Public Treasury and authorized to pay the interest of any security of the Government of India, or any annuity payable out of the public revenue of India, shall be respectively Ex-Officio Assessors for executing this Act for the purpose of assessing and discharging the Duties hereby imposed in respect of interest on securities of the Government of India, and of all annuities payable out of the revenues of India to any person whatever, at the places at which the said Officers respectively hold office, and in respect of all other yearly sums (other than the salaries or pensions mentioned in

কর্ম্মে নিযুক্ত হউন কি না হউন, তিনি যে কালেক্টর সাহেবের অধীনে থাকেন সেই কালেক্টর সাহেব তাঁহাকে এই শক্তি দিতে পারিবেন যে, এই আইনমতে এ কালেক্টর সাহেবকে যে সকল ক্ষমতা দেওয়া গেল, বৎসরে এক হাজার টাকাপর্য্যন্ত কোন লভ্যের কি আয়ের উপর টাক্স ধার্য্য করিবার বিষয়ে সেই সকল ক্ষমতামতে কার্য্য করেন। কিন্তু যদি ঐ ডেপুটী কালেক্টর অধিক করিয়া টাক্স ধার্য্য করেন, তবে তাঁহার হুকুমের উপর ঐ কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক ইতি।

[ডেপুটী কালেক্টরদিগকে কোন২ ক্ষমতা ও কর্ম্ম অর্পণ করিবার কথা।]

২৩ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবকে যে কোন ক্ষমতা কি কর্ম্ম দেওয়া গেল তাহা, তিনি স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতি লইয়া কোন চিহ্নিত কার্য্যকারকের হাতে অর্পণ করিতে পারিবেন কিম্বা ঐ কালেক্টর সাহেবের অধীন কোন ডেপুটী কালেক্টর আসেসরের কর্ম্মে নিযুক্ত হউন কি না হউন তাঁহার হাতে অর্পণ করিতে পারিবেন। কিন্তু সেই ক্ষমতামতের কর্ম্ম ও সেই কার্য্য করিতে হইলে, ঐ চিহ্নিত কার্য্যকারক কি ঐ ডেপুটী কালেক্টর ঐ কালেক্টর সাহেবের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে কর্ম্ম করিবেন ইতি।

[কালেক্টর সাহেবদের দ্বারা আমলাদের নিযুক্ত হইবার কথা।]

২৪ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য হইবার জন্যে যত জন আসেসর ও আমলা ও অন্য কর্ম্মকারক আবশ্যক হয়, তাহারদিগকে নিযুক্ত করিতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট কালেক্টর সাহেবকে ক্ষমতা দিতে পারিবেন। হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর তাহারদের যত বেতন মঞ্জুর করেন তাহারা তত বেতন পাইবে। কিন্তু রাজস্বের অন্য২ ডিপার্টমেণ্টে তাহারা যাঁহারদের অধীন থাকে ও যে বিধান মানে তাঁহারদের অধীনে থাকিয়া ঐ বিধান মানিবে ইতি।

[আসেসরের কর্ম্ম কালেক্টর সাহেবেরদের ও কমিস্যানর সাহেবেরদের করিবার কথা।]

২৫ ধারা। আসেসরেরদের যে সকল কর্ম্ম করিতে হয় তাহার কোন কর্ম্ম, কালেক্টর সাহেবেরা ও কমিস্যানর সাহেবেরা উপযুক্ত বোধ করিলে, করিতে পারিবেন ইতি।

তৃতীয় অধ্যায়।

গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের নিমিত্তে ও সরকারী ডিপার্টমেণ্টে স্বং পদোপলক্ষের ও বিশেষং আসেসর করিবার বিধি।

[গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের সুদের আসেসরের-দের কথা।]

২৬ ধারা। বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই দেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেব ও সব-ট্রেজুরর সাহেব, ও যে২ কার্য্যকারক সাহেবেরদের জিম্মায় সরকারী খাজানাখানা থাকে, ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোটের সুদ কিম্বা ভারতবর্ষের সরকারী মালগুজারী হইতে দেনা কোন বার্ষিক বৃত্তি যাঁহারদের দিবার ক্ষমতা থাকে, তাঁহারা যে২ স্থানে স্বপদের কর্ম্ম নির্ব্বাহ করেন সেই২ স্থানে আপন২ পদের উপলক্ষে এই আইনমতের কার্য্যনির্ব্বাহার্থ আসেসর হইবেন। অর্থাৎ ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের সুদের উপর, ও ভারতবর্ষের মালগুজারীহইতে কোন লোকের পাওনা সকল বার্ষিক বৃত্তির উপর, ও (এই আইনের এই ধারার পর পাঁচ ধারাতে যে বেতন কি পেনস্যানের কথা লেখা আছে তাহা ছাড়া) উক্ত গবর্ণমেণ্টের যে সকল টাকা কিম্বা সরকারী মালগুজারীহইতে অন্য যে টাকা ঐ২ স্থানের

the five next succeeding Sections of this Act) payable by the said Government, or out of the public revenue at the Government Treasuries at the said places respectively, and also in respect of all other profits chargeable with any Duty under this Act, and arising within any office or department under the management or control of, or the accounts of which are rendered to, or pass through the office of the said several Officers respectively.

[Ex-Officio Assessors for Civil salaries.]

XXVII. The several Officers entrusted with the duty of auditing the Civil salaries and allowances payable out of the public revenue shall be respectively Ex-Officio Assessors for executing this Act for the purpose of assessing all such salaries and allowances payable to any person in the Civil employment of the Government, or serving in any Civil Department, or for the payment of which the audit of any Civil Auditor is required, and payable from the public revenue by or upon the audit of such Officers respectively.

[Ex-Officio Assessors for Military pay.]

XXVIII. The several Officers charged with the duty of auditing any pay, salaries, or allowances payable to any Officer or person in Her Majesty's Army, or in Her Majesty's Indian Military Forces, or in the Military employment of the Government, or serving in any Military Department, or for the payment of which the audit of any Military Auditor is required and payable out of any public revenue, shall be respectively Ex-Officio Assessors for executing this Act, for the purpose of assessing all pay, salaries, and allowances payable to any person in the Military employment of the Government, or serving in any Military Department, or for the payment of which the audit of a Military Auditor General is required, and payable from the public revenue upon the audit of such Officers respectively.

[Ex-Officio Assessors for Marine Pay.]

XXIX. The several Officers entrusted with the duty of auditing any pay, salaries, and allowances to any Officer or person in Her Majesty's Navy, or Indian Naval Forces, or in the Marine Service of, or in any Marine Department and employment under the Government, shall be Ex-Officio Assessors for executing this Act, in respect of all pay, salaries, and allowances payable to any person in Her Majesty's Navy or Indian Naval Forces or in the

[*Government Gazette, 7th August,* 1[illegible]]

গবর্ণমেণ্টের খাজানাখানাহইতে বৎসরে২ দিতে হয় তাহার উপর, ও উক্ত নানা কার্য্যকারকের কর্ত্তৃত্বের অধীনে কি তত্ত্বাবধারণে যে কোন আফিস কি ডিপার্টমেণ্ট থাকে তাহাহইতে অন্য যে সকল টাকা দেওয়া যায় কিম্বা যে টাকার হিসাব তাঁহারদিগকে দেওয়া যায় কি তাঁহারদের আফিসে আইসে, এমত যে সকল টাকার উপর এই আইনমতে টাক্স লাগে তাহার উপর, যে টাক্স এই আইনমতে বসান গেল তাহা ধার্য্য ও আদায় করিবার নিমিত্তে তাঁহারা আসেসর হইবেন ইতি।

[দেওয়ানীর কার্য্যকারকেরদের বেতনের বিষয়ে আসেসরেরদের কথা।]

২৭ ধারা। দেওয়ানীর কার্য্যকারকেরদের যে বেতন ও উপরি টাকা সরকারী খাজানাহইতে দেওয়া যায়, তাহা আডিট করিবার ভার যে সকল কার্য্যকারকের প্রতি অর্পিত হয়, তাঁহারা আপনং পদোপলক্ষে এই আইনের কার্য্য নির্ব্বাহের জন্যে আসেসর হইবেন। অর্থাৎ, গবর্ণমেণ্টের কোন দেওয়ানী কর্ম্মেতে যাঁহারা নিযুক্ত থাকেন, কি কোন দেওয়ানী ডিপার্টমেণ্টে যাঁহারা কর্ম্ম করেন, তাঁহারদের উক্ত প্রকারের যে সকল বেতন ও উপরি টাকা পাওনা হয় তাহার উপর, কিম্বা যে বেতনপ্রভৃতি দিবার পূর্ব্বে কোন সিবিল আডিটর সাহেবের আডিটকরা প্রয়োজন হয়, ও সেই২ কার্য্যকারক সাহেবেরদের দ্বারা আডিট হইলে পর সরকারী খাজানাহইতে দেওয়া যায়, সেই সকল বেতনের ও উপরি টাকার উপর টাক্স ধার্য্য করিবার নিমিত্তে তাঁহারা আসেসর হইবেন ইতি।

[পল্টনের লোকেরদের বেতনের বিষয়ে আসেসরেরদের কথা।]

২৮ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনের, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনের, কিম্বা গবর্ণমেণ্টের কোন পল্টনীয় কর্ম্মে নিযুক্ত, কিম্বা কোন মিলিটারী ডিপার্টমেণ্টে কর্ম্মকারি কোন সেনাপতি সাহেবের কি লোকের যে কিছু দরমাহা কি বেতন কি উপরি টাকা পাওনা হয়, কিম্বা যে কিছু টাকা দিবার পূর্ব্বে কোন মিলিটারী আডিটর সাহেবের আডিটকরা প্রয়োজন হয় ও সরকারী কোন খাজানাহইতে দেওয়া যায়, তাহা আডিট করিবার কর্ম্ম যে সকল কার্য্যকারক সাহেবেরদের প্রতি অর্পিত হয়, তাঁহারা এই আইনের কার্য্যনির্ব্বাহের নিমিত্তে আপনং পদের উপলক্ষে আসেসর হইবেন। অর্থাৎ গবর্ণমেণ্টের পল্টনীয় কর্ম্মে নিযুক্ত কিম্বা কোন মিলিটারী ডিপার্টমেণ্টে কর্ম্মকারি কোন লোকের যে সকল দরমাহা ও বেতন ও উপরি টাকা পাওনা হয়, কিম্বা যে দরমাহাপ্রভৃতি দিবার পূর্ব্বে কোন মিলিটারী আডিটর জেনরল সাহেবের আডিট করা প্রয়োজন হয়, ও সেই কার্য্যকারক সাহেবেরদের দ্বারা আডিট হইলে পর সরকারী খাজানাহইতে দেওয়া যায়, সেই সকল দরমাহার ও বেতনের ও উপরি টাকার উপর টাক্স ধার্য্য করিবার নিমিত্তে তাঁহারা আসেসর হইবেন ইতি।

[জাহাজীয় লোকেরদের বেতনের উপর আসেসরেরদের কথা।]

২৯ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধজাহাজের, কি ভারতবর্ষীয় যুদ্ধজাহাজের, কিম্বা গবর্ণমেণ্টের কোন জাহাজের কর্ম্মের কিম্বা গবর্ণমেণ্টের তাবে কোন মারীন ডিপার্টমেণ্টে ও কর্ম্মে নিযুক্ত কোন হুদ্দাদার সাহেবের কি লোকের কোন দরমাহা ও বেতন ও উপরি টাকা আডিট করিবার কর্ম্ম যে সকল কার্য্যকারক সাহেবের প্রতি অর্পিত হয়, তাঁহারা আপনং পদের উপলক্ষে এই আইনের কার্য্যনির্ব্বাহের নিমিত্তে আসেসর হইবেন। অর্থাৎ শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধজাহাজের কি ভারতবর্ষের যুদ্ধজাহাজের পল্টনের কিম্বা গবর্ণমেণ্টের কোন

Marine Service of the Government, or serving in any such Marine Department and employment.

[Ex-Officio and Special Assessors for Pensions.]

XXX. The several Collectors, Pay-masters, and Officers, charged with the audit and payment, or payment without audit, of pensions payable by the Government, shall be Ex-Officio Assessors for executing this Act in respect of all such pensions; and if the local Government shall think fit to appoint any other persons to act in that behalf, the persons so appointed shall be Special Assessors for executing this Act in respect of any of the pensions payable, or audited by such Pay-masters and Officers respectively.

[Government to have power to appoint Special Assessors for other Departments.]

XXXI. Whenever it shall appear to the local Government necessary to appoint any Special Assessor for the purpose of executing any matter in relation to any of the Duties mentioned in Schedule 3 or Schedule 4 of this Act, in respect of which no provision has been herein made for the appointment of Assessors for the purpose of executing any matter in relation to the Duties mentioned in either of the said Schedules at any place not herein mentioned, it shall be lawful for the said local Government to appoint a Special Assessor for the special purpose of executing this Act, in respect of such matter, and at such place.

[Assessors to have same powers as Collector or Commissioners when acting.]

XXXII. The Assessors appointed under the last six preceding Sections of this Act shall have authority to exercise and apply all the powers of this Act as fully and effectually as the Collector or Commissioners are authorized to exercise and apply the same, so far as the same relate to the said Duties to be assessed by the said Assessors, and shall make their assessment of the said Duties subject to the Rules contained in this Act in respect of such Duties respectively, according to the several Schedules under which such Duties are chargeable.

[Oath of secrecy to be taken by Officers]

XXXIII. Every Commissioner, Collector, or other Officer employed in making any assessment under this Act, shall, before acting in execution of this Act, take an oath of secrecy in a form to be prescribed as hereinafter mentioned by the Governor General of India in Council.

[Administration of oaths]

XXXIV. In the Presidency Towns and the Stations of the Straits Settlement, any one of the Commissioners, and in other places the Collector,

জাহাজের কর্ম্মের কিম্বা উক্ত কোন মারীন ডিপার্টমেণ্টে ও কর্ম্মে নিযুক্ত কোন লোকের যে সকল দরমাহা ও বেতন ও উপরি টাকা পাওনা হয় তাহার বিষয়ে আসেসর হইবেন ইতি।

[পেনস্যানের জন্যে বিশেষ আসেসরেরদের কথা।]

৩০ ধারা। গবর্ণমেণ্টের দেনা সকল পেনস্যানের টাকা আডিট করিয়া দিবার কি আডিটবিনা দিবার ভার যে সকল কালেক্টর ও পেমাষ্টর সাহেবের ও কার্য্যকারক সাহেবেরদের প্রতি অর্পিত হয়, তাঁহারা আপন২ পদের উপলক্ষে ঐ সকল পেনস্যানের বিষয়ে এই আইনমতে কার্য্যনির্ব্বাহের নিমিত্তে আসেসর হইবেন। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট যদি সেই কর্ম্ম করিবার নিমিত্তে অন্য কোন লোককে নিযুক্ত করা উচিত বোধ করেন, তবে ঐ পেমাষ্টর ও কার্য্যকারক সাহেবেরদের দেনা কি আডিটকরা পেনস্যানের বিষয়ে, উক্ত প্রকারের নিযুক্ত লোকেরা এই আইনমতে কার্য্যনির্ব্বাহের নিমিত্তে বিশেষ আসেসর হইবেন।

[অন্য২ ডিপার্টমেণ্টে বিশেষ আসেসরদিগকে নিযুক্ত করিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৩১ ধারা। এই আইনের ৩ নম্বরের কি ৪ নম্বরের তফসীলে যে কোন টাক্সের কথা লেখা হইয়াছে তৎসম্পর্কীয় কোন কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে, এই আইনে যে স্থান লেখা হয় নাই এমত কোন স্থানে যদি আসেসরদিগকে নিযুক্ত করিবার কোন বিধান এই আইনে হয় নাই, ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট যদি ঐ২ তফসীলের লিখিত টাক্সের কোন কার্য্য করিবার জন্যে বিশেষ কোন আসেসরকে নিযুক্ত করা আবশ্যক বোধ করেন, তবে উক্ত স্থানের গবর্ণমেণ্ট সেই কার্য্য বিষয়ে সেই স্থানে এই আইনমতে বিশেষরূপে কার্য্য করিবার নিমিত্তে বিশেষ আসেসরকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[কালেকটর কি কমিস্যনর সাহেব এই আইনমতে কর্ম্ম করিলে তাঁহার যে ক্ষমতা হয়, আসেসরেরদের সেই ক্ষমতা থাকিবার কথা।]

৩২ ধারা। উক্ত আসেসরেরদের উক্ত যে টাক্স ধার্য্য করিতে হয় তাহার উপর এই আইনমতের যে সকল ক্ষমতা খাটে, সেই ক্ষমতামতে সম্পূর্ণ ও সফলরূপে কার্য্য করিতে ও তাহা খাটাইতে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের যেমন শক্তি আছে, এই আইনের এই ধারার পূর্ব্বের ছয় ধারামতে যে আসেসরেরা নিযুক্ত হন তাঁহারদেরও তেমনি এই আইনমতের সকল ক্ষমতাক্রমে সম্পূর্ণ ও সফলরূপে কার্য্য করিতে ও এই আইন খাটাইতে শক্তি থাকিবে। ও উক্ত টাক্সের বিষয়ে এই আইনে যে সকল বিধি আছে সেই বিধি মানিয়া, যে২ তফসীলমতে উক্ত টাক্স বসান যাইতে পারে সেই২ তফসীলঅনুসারে তাঁহারা ঐ টাক্স ধার্য্য করিবেন ইতি।

[সকল কথা গুপ্ত রাখিতে কার্য্যকারকেরদের শপথ করিবার কথা]

৩৩ ধারা। এই আইনমতে কোন টাক্স ধার্য্য করিতে যে কমিস্যনর কি কালেক্টর সাহেব কি অন্য কার্য্যকারক নিযুক্ত হন, তাঁহারদের প্রত্যেক জনের এই আইনমতে কার্য্য করিবার পূর্ব্বে, কোন কথা প্রকাশ না করিবার শপথ করিতে হইবেক। সেই শপথের পাঠ ইহার পরের লিখনমতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নির্দ্দিষ্ট করিবেন ইতি।

[শপথ করাইবার কথা।]

৩৪ ধারা। নানা[illegible]ধানীতে ও মোহনার নিকট বসতি স্থানের সদর মোকামে কমিস্যনর সাহেবেরদের কোন এক জনকে, ও অন্য২ স্থানে কালেক্টর সাহেবকে

is hereby authorized to administer such oath. The oath may be administered to the Collector by any other Officer of Government above the rank of a Deputy Collector.

Part IV.

Mode of Assessment.

[Proceedings of Collector and Commissioners to be recorded.]

XXXV. A record shall be kept of all the proceedings held by the Collector and Commissioners under this Act.

[Apportionment of District among Assessors.]

XXXVI. The Collector and Commissioners shall assign to each Assessor such portion of the District in which such Assessor shall be employed as may appear proper, and shall fix the place or places at which the Assessor shall ordinarily hold his office.

[Issue by Collector and Commissioners of general notice to fill in return of profits and income.]

XXXVII. The Collector and Commissioners shall issue a general notice, requiring every person, liable to the Duties imposed by this Act, to fill in a return of his profits or income, in the form to be prescribed by the Governor General of India in Council, as hereinafter provided, and to transmit such return to the Assessor by a date to be specified in the notice. It shall be explained in the notice that persons requiring forms of returns can procure them at the Office of any of the Assessors. Copies of such notice shall be affixed at the Office of the Commissioners in the Presidency Towns and Straits Settlement, at the Collector's Office, at every Revenue or Police Office, and at such other conspicuous places through the Town, Stations of the Settlement, and Districts, as the Collector or Commissioners, respectively, shall appoint.

[Special Notices to be served by Assessors.]

XXXVIII. The Assessor shall, without delay after this Act shall come into operation, and afterwards, from year to year, serve a notice, in the form to be prescribed by the Governor General of India in Council as hereinafter provided, on every person within his jurisdiction, whom he may consider to be liable to the Duties imposed by this Act. Such notice shall require the person to return his profits and income, and shall specify the date by which the return is to be made and the place of the Assessor's Office at which the return is to be made; and shall be signed by the Assessor. The form of the return shall be prescribed as aforesaid and accompany the notice. If the person be not found, the notice shall be left at his usual place of residence or business, or shall be affixed thereto, and thereupon such notice shall be held to have been served.

ঐ শপথ করাইবার শক্তি ইহাতে দেওয়া গেল। ডেপুটী কালেক্টরের পদের উক্ত গবর্ণমেণ্টের অন্য কোন কার্য্যকারক সাহেব কালেক্টর সাহেবকে সেইরূপ শপথ করাইতে পারিবেন ইতি।

চতুর্থ অধ্যায়।

টাক্স ধার্য্য করিবার নিয়ম।

[কালেক্টর ও কমিস্যনর সাহেবেরদের কার্য্যের রিকার্ড রাখিবার কথা।]

৩৫ ধারা। এই আইনমতে কালেক্টর ও কমিস্যনর সাহেবেরা যে সকল কার্য্য করেন তাহার রিকার্ড রাখিতে হইবেক ইতি।

[আসেসরেরদিগকে জিলার নানা ভাগে রাখিবার কথা।]

৩৬ ধারা। আসেসরদিগকে জিলার যে২ খণ্ডেতে কর্ম্ম করিতে নিযুক্ত করা উপযুক্ত বোধ হয়, সেই২ খণ্ডে কালেক্টর সাহেব ও কমিস্যনর সাহেবেরা এক২ জন আসেসরকে নিযুক্ত করিবেন, ও যে স্থানে কি যে২ স্থানে ঐ আসেসর সাধারণমতে কাছারী করিবেন তাহাও তাঁহারা নিরূপণ করিবেন ইতি।

[প্রাপ্তির ও আয়ের ফর্দ্দ দাখিল করিবার ইশ্তিহার জারী করিবার কথা।]

৩৭ ধারা। এই আইনমতে যে টাক্স বসান যায় তাহা দিবার যোগ্য প্রত্যেক জনের যে প্রাপ্তি কি আয় হয়, তাহা ফর্দ্দে লিখিয়া ইশ্তিহারের নির্দ্দিষ্ট কোন তারিখে তিনি আসেসরের নিকটে পাঠান্, এই মর্ম্মের সাধারণ এক ইশ্তিহার কালেক্টর সাহেব ও কমিস্যনর সাহেবেরা জারী করিবেন। পশ্চাৎ লিখিত বিধানমতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যে পাঠ নিরূপণ করেন, সেই পাঠে ঐ ফর্দ্দ হইবেক। যাঁহারা ঐ ফর্দ্দের নক্‌শা চাহেন তাঁহারা কোন আসেসরের কাছারীতে তাহা পাইতে পারিবেন, এই কথা ঐ ইশ্তিহারে লেখা থাকিবে। ঐ ইশ্তিহার প্রত্যেক রাজধানীতে ও মোহনার নিকট বসতি স্থানে কমিস্যনর সাহেবেরদের আফিসে, ও কালেক্টর সাহেবেরদের কাছারীতে, ও মালগুজারীর কি পোলীসের প্রত্যেক কাছারীতে লট্‌কাইয়া দেওয়া যাইবে, ও নগরের ও মোহনার বসতি স্থানের ও জিলার অন্য যে২ প্রকাশ স্থান কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা আজ্ঞা করেন সেই২ স্থানে লট্‌কান যাইবে ইতি।

[আসেসরেরদের বিশেষ২ ইশ্তিহার জারী করিবার কথা।]

৩৮ ধারা। এই আইনমতের বসান টাক্স দিবার যোগ্য যাঁহারদিগকে জ্ঞান করেন আসেসর আপন এলাকার মধ্যের এমত প্রত্যেক জনের নামে, এই আইন জারী হইবার পর অগৌণে ইশ্তিহার দিবেন, ও পরে বৎসরে২ সেই ইশ্তিহার দিবেন। ঐ ইশ্তিহার লিখিবার পাঠ পশ্চাৎ লিখিত বিধানমতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর নির্দ্দিষ্ট করিবেন। ঐ ইশ্তিহারেতে সেই লোককে আপনার প্রাপ্তির ও আয়ের ফর্দ্দ দিতে আজ্ঞা হইবেক। ও যে তারিখপর্য্যন্ত ঐ ফর্দ্দ দিতে হইবেক সেই তারিখ, ও আসেসরের যে কাছারীতে ঐ ফর্দ্দ দিতে হইবেক তাহা যে স্থানে থাকে সেই নামও ঐ ইশ্তিহারে লেখা থাকিবে, ও তাহাতে আসেসর দস্তখৎ করিবেন. ঐ ফর্দ্দের পাঠ পূর্ব্বোক্তমতে নির্দ্ধার্য্য হইবেক, ও ঐ ইশ্তিহারের সঙ্গে এক২ ফর্দ্দ দেওয়া যাইবেক। সেই লোককে যদি না পাওয়া যায়, তবে তিনি যে স্থানে নিয়ত বাস করেন কি কর্ম্ম করেন সেই স্থানে ঐ ইশ্তিহার রাখিয়া কি লট্‌কাইয়া দেওয়া যাইবে। তাহাতে ঐ ইশ্তিহার তাঁহার উপর জারী হইয়াছে জ্ঞান হইবেক ইতি।

[Return and declaration how to be made.]

XXXIX. Every person who is liable to the Duties chargeable by this Act, shall transmit to or deliver at the Assessor's Office the return duly filled in and signed by him. A declaration in the form to be prescribed as hereinafter provided, shall be added at the foot of the return, that the profits or income stated therein are truly estimated on all the sources contained in the several Schedules of this Act, after setting against, or deducting from such profit or income, such sums as are allowed by this Act, and no other sum. The return may be sealed up, and the seal shall be broken only by the Assessor.

[ফর্দ্দ ও কৈফিয়ৎ যে প্রকারে লিখিতে হইবেক তাহার কথা।]

৩৯ ধারা। এই আইনমতের টাক্স যাঁহারা দিবার যোগ্য হন, তাঁহারা ঐ ফর্দ্দের নক্‌শাতে উপযুক্ত সকল কথা লিখিয়া তাহাতে দস্তখৎ করিয়া আসেসরের কাছারীতে পাঠাইবেন কি দিয়া যাইবেন। ফর্দ্দের নীচে এক২ কৈফিয়ৎ লিখিতে হইবেক। কৈফিয়ৎ লিখিবার পাঠ পশ্চাৎ লিখিত বিধানেতে নির্দ্দিষ্ট হইবে। তাহার মর্ম্ম এই। এই আইনের নানা তফসীলে টাকা উপার্জ্জনের যে২ বিষয় লেখা হইয়াছে তাহাতে আমার যত প্রাপ্তি কি আয় হয় তাহা এই ফর্দ্দেতে যথার্থমতে হিসাব করিয়া লেখা গিয়াছে। যে সকল খরচাদি কাটিতে ও বাদ দিতে এই আইনে অনুমতি হইয়াছে, কেবল তাহা ছাড়া কিছু বাদ দিলাম না। পরে ঐ ফর্দ্দ লা দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবে। কেবল আসেসর ঐ লা ভাঙ্গিয়া খাম খুলিতে পারিবেন ইতি।

[Lists to be delivered by persons chargeable on account of others.]

XL. Every person who is in the receipt of any money or value, or the profits arising from any of the sources mentioned in this Act, belonging to any other person, in whatever character the same shall be received, for which such other person is chargeable under this Act, or would be so chargeable if he he were resident in India, shall, within the period mentioned in such notice as aforesaid, prepare and deliver, in the form to be prescribed as aforesaid, a list containing a true and correct statement of all such money, value, or profits, and the name and place of abode of the person to whom the same shall belong, together with a declaration in the form to be prescribed as aforesaid whether such person is of full age, or a married woman, subject to the provisions of the English Law regarding coverture, living with her husband, or a married woman, subject as aforesaid, whose husband is not accountable for the payment of the Duty hereby chargeable, or whether such person is or is not a resident in India, or an infant, or lunatic

[অন্যেরদের জন্যে যে লোকেরদের উপর টাক্স বসান যায় তাহারদের যে ফর্দ্দ দিতে হইবে তাহার কথা।]

৪০ ধারা। এই আইনেতে টাকা উপার্জ্জনের যে২ বিষয় লেখা হইয়াছে এমত কোন বিষয়হইতে যদি কোন জন অন্য লোকের কিছু টাকা কি প্রাপ্তি কি লাভ আদায় করিয়া থাকেন, ও তাহার উপর যদি সেই অন্য লোকের টাক্স লাগিতে পারে, কিম্বা ভারতবর্ষে বাস করিলে লাগিত, তবে যে জন ঐ টাকাপ্রভৃতি আদায় করিয়া থাকেন তিনি যে কোন সম্পর্কে থাকিয়া ঐ টাকা আদায় করুন, তাঁহার ঐ ইশ্‌তিহারের লিখিত মিয়াদের মধ্যে পূর্ব্বের নির্দ্দিষ্ট পাঠে ঐ টাকাপ্রভৃতির এক ফর্দ্দ প্রস্তুত করিয়া দিতে হইবেক। ঐ ফর্দ্দেতে উক্ত প্রকারের সকল টাকার কি প্রাপ্তির কি লাভের সত্য ও যথার্থ বেওরা, ও সেই টাকাপ্রভৃতি যাঁহার হয় সেই জনের নাম ও বাসস্থান লিখিতে হইবেক। ও পূর্ব্বের লিখনমতে যে কৈফিয়তের পাঠ নির্দ্দিষ্ট হইবে এমত কৈফিয়ৎও ঐ ফর্দ্দের সঙ্গে দিতে হইবেক। ও সেই লোক বয়ঃপ্রাপ্ত হইয়াছেন কি না, ও বিবাহিতা স্ত্রীর জন্যে ইঙ্গলণ্ডীয় আইনের যে বিধান আছে সেই বিধানের অধীনা বিবাহিতা স্ত্রী হইয়া স্বামির সঙ্গে বাস করেন কি না, কিম্বা পূর্ব্বোক্ত বিধানের অধীনা বিবাহিতা স্ত্রী হইলেও ইহাতে যে টাক্স লাগে তাহা দিবার দায় তাঁহার স্বামির উপর থাকে কি না, কিম্বা সেই লোক ভারতবর্ষে বাস করেন, কি নাবালগ কি ক্ষেপা আছেন, এই সকল কথা ঐ কৈফিয়তে লিখিতে হইবে ইতি।

[Lists to be delivered by persons so acting conjointly with others.]

XLI. Every person acting in such character jointly with any other person, shall, in the manner aforesaid, deliver a list of the name and place of abode of every person so joined with him at the time of delivering such list.

[যাঁহারা অন্যেরদের সঙ্গে ঐ প্রকারের কর্ম্ম করেন তাঁহারদের ঐরূপ ফর্দ্দ দিবার কথা।]

৪১ ধারা। কোন লোক যদি অন্য লোকের সঙ্গে মিলিত হইয়া ঐ প্রকারের কর্ম্ম করেন, তবে যে সময়ে ঐ ফর্দ্দ দেন সেই সময়ে যত জন তাঁহার সঙ্গে উক্ত প্রকারে মিলিত হন তাঁহারদের নাম ও বাসস্থানের এক ফর্দ্দ তাঁহার পূর্ব্বোক্ত প্রকারে দিতে হইবেক ইতি।

[Lists of Lodgers, Inmates, &c.]

XLII. Every person, when required so to do by a notice to be prescribed as aforesaid, shall, within the period to be mentioned in such notice, prepare and deliver to the Assessor of the District, wherein such person shall reside, a list in writing, containing, to the best of his belief, the proper name of every lodger or inmate resident in his dwelling-house, and of any other persons, not being menial servants receiving less wages than two hundred Rupees per annum, employed in his

[ঘরের উপরি লোকেরদের নামের ফর্দ্দের কথা।]

৪২ ধারা। পূর্ব্বোক্তমতের নির্দ্দিষ্ট ইশ্‌তিহারেতে যখন কোন লোককে হুকুম হয়, তখন তিনি যে জিলাতে থাকেন সেই জিলার আসেসরকে ঐ ইশ্‌তিহারের লিখিত তারিখের মধ্যে এই মর্ম্মের এক ফর্দ্দ লিখিয়া দিবেন, অর্থাৎ তাঁহার বসতঘরে উপরি যে লোকেরা আছেন কি থাকেন তাঁহারদের প্রকৃত নাম যেপর্য্যন্ত জানেন তাহা লিখিয়া দিবেন, ও ঘরের চাকরছাড়া অন্য যে লোকেরা তাঁহার নিকটে চাকরী করিয়া বৎসরে দুই শত টাকার কম বেতন পায়, তাহারা সেই বসত ঘরে বাস করুক কি না করুক তাহারদের নাম, ও তাহারদের মধ্যে যাহারা সেই

service, whether resident in such dwelling-house or not, and the place of residence of such of them as are not resident in such dwelling-house and also of any such lodger or inmate who shall have any ordinary place of residence elsewhere, at which he is liable, under this Act, to be assessed, who shall be desirous of being so assessed at such place of ordinary residence. Such lists shall be signed by the respective persons delivering the same, and shall be made out in the form to be prescribed as aforesaid. No person being required to deliver a list of lodgers, inmates, or other persons aforesaid, shall be liable to the penalties hereinafter mentioned, or either of them, for any omission of the name or residence of any person in his service or employ, and not resident in his dwelling-house, if it shall appear that such person is entitled to be exempted from the payment of all and every the Duties hereby imposed.

[Returns by persons desirous of being assessed by Special Commissioner.]

XLIII. If in any Presidency Town or any Station of the Straits Settlement any person shall desire that his return be rendered to, and his assessment fixed by, the Special Commissioner, he may, together with the return, transmit, under cover to the Assessor, an application to that effect, sealed and addressed to the Special Commissioner. Such application shall, on receipt thereof, be transmitted to the Special Commissioner

[Returns by persons desirous of being assessed by Collector.]

XLIV. If in any other place, any person whose annual profits or income shall exceed two thousand Rupees, shall desire that his return be rendered to, and his assessment fixed by, the Collector, he may transmit such return sealed and addressed to the Collector.

[Form of returns under the two preceding Sections.]

XLV. The return made under the last two preceding Sections shall be in the form which shall be prescribed for returns as aforesaid. The declaration required by Section XXXIX. shall be added thereto.

[Procedure on Assessor receiving returns. Preparation of an Abstract.]

XLVI. The Assessor on receiving the returns shall compute the Duties to the best of his judgment, according to the Rules herein contained for each Schedule respectively; but he shall not summon or question the parties making the returns. The Assessor shall make an Abstract in the form to be prescribed as aforesaid, specifying the name of each person, the amount of profits or income returned by such person, and the amount of Duty chargeable on such return under this Act.

[Under-stated returns to be noticed in the Abstract.]

XLVII. If the Assessor consider any return to

বসত ঘরে বাস না করে তাহারদের বাসস্থান, ও সেই ঘরের উপরি অন্য যে লোকেরা নিয়ত অন্য স্থানে বাস করেন যদি সেই স্থানে তাঁহারদের এই আইনমতে টাক্স বসান যাইতে পারে ও আপনারদের সেই নিয়ত বাসস্থানে টাক্স ধার্য্য হয় এমত ইচ্ছা করেন, তবে তাঁহারদের বাসস্থান ঐ ফর্দ্দে লিখিয়া দিবেন। যাঁহারা এরূপ ফর্দ্দ দেন তাঁহারদের তাহাতে দস্তখৎ করিতে হইবেক। ও পূর্ব্বোক্তমতে তাহার যে পাঠ নির্দ্দিষ্ট হইবে সেই পাঠে তাহা লিখিতে হইবেক। যাঁহারদিগকে পূর্ব্বোক্তমতে উপরি লোকেরদের কি অন্য লোকেরদের নামের ফর্দ্দ লিখিবার হুকুম হয়, তাঁহারা আপনারদের চাকরীতে কি কর্ম্মে নিযুক্ত যে লোক তাঁহারদের ঘরে বাস না করে এমত কোন লোকের নাম কি বাসস্থান যদি ইহা লেখেন, ও পরে যদি দেখা যায় যে যাহার নাম লেখা যায় নাই সেই লোক এই আইনমতের বসান কোন টাক্স দিবার যোগ্য বটে, তবে ঐ নাম না লেখাতে তাঁহারা পশ্চাৎ লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেন না ইতি।

[খাস কমিস্যনর সাহেবের দ্বারা যাঁহারদের টাক্স ধার্য্য হইবার বাসনা হয় তাঁহারদের ফর্দ্দের কথা।]

৪৩ ধারা। কোন রাজধানীতে কিম্বা মোহনার নিকট বসতি স্থানের কোন মোকামে যদি কোন লোকের এমন ইচ্ছা হয় যে আপনার ঐ ফর্দ্দ খাস কমিস্যনর সাহেবকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা তাঁহার টাক্স ধার্য্য হয়, তবে তিনি সেই মর্ম্মের এক দরখাস্ত খাস কমিস্যনর সাহেবের নামে লিখিয়া আটকিয়া দিয়া ঐ ফর্দ্দসমেত খামে দিয়া আসেসরের নিকটে পাঠাইতে পারিবেন। আসেসর সেই দরখাস্ত পাইলেই খাস কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

[কালেক্টর সাহেবের দ্বারা যাঁহারদের টাক্স ধার্য্য হইবার বাসনা হয় তাঁহারদের ফর্দ্দের কথা।]

৪৪ ধারা। অন্য কোন স্থানে যে লোকের প্রাপ্তি কি আর বৎসরে দুই হাজার টাকার অধিক হয়, তিনি যদি চাহেন যে আপনার ঐ ফর্দ্দ কালেক্টর সাহেবকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা তাঁহার টাক্স ধার্য্য হয়, তবে তিনি সেই ফর্দ্দ খামে দিয়া আঁটিয়া কালেক্টর সাহেবের নামে শিরনামা দিয়া পাঠাইতে পারিবেন ইতি।

[ইহার পূর্ব্বের দুই ধারামতে ঐ ফর্দ্দ যে পাঠে লিখিতে হইবে তাহার কথা।]

৪৫ ধারা। ইহার পূর্ব্বের দুই ধারামতের ফর্দ্দ যে পাঠ পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হইবেক সেই পাঠে লিখিতে হইবে। ৩৯ ধারাতে যে কৈফিয়ৎ লিখিবার হুকুম হইয়াছে, তাহাও এ ফর্দ্দের সঙ্গে দিতে হইবে ইতি।

[আসেসর ঐ ফর্দ্দ পাইলে যাহা করিতে হইবে তাহার কথা ও খোলাসা লিখিবার কথা।]

৪৬ ধারা। আসেসর ঐ ফর্দ্দ পাইলে পর, এক তফসীলের যে বিধি পরে লেখা যাইতেছে সেই বিধি অনুসারে আপনার বুদ্ধি সাধ্যমতে টাক্সের হিসাব করিবেন। কিন্তু যাঁহারা ঐ ফর্দ্দ দিয়াছেন তাঁহারদিগকে তলব করিবেন না ও কোন কথা জিজ্ঞাসা করিবেন না। পূর্ব্বোক্তমতে যে পাঠ নির্দ্দিষ্ট হইবেক সেই পাঠে আসেসর খোলাসা লিখিয়া দিবেন। তাহাতে এক এক জনের নাম লিখিবেন, ও ফর্দ্দমতে প্রত্যেক জনের যত প্রাপ্তি কি আয় হয় তাহা, ও এই আইনঅনুসারে এ ফর্দ্দমতে যত টাক্স বসান যাইতে পারে তাহা লিখিবেন ইতি।

[ফর্দ্দ কম করিয়া ধরা গেলে তাহার কথা খোলাসাতে লিখিবার কথা।]

৪৭ ধারা। কোন লোকের ফর্দ্দেতে প্রাপ্তিপ্রভৃতি কম

be under-stated, he shall state, in the Abstract prescribed in the last Section, the sum on which he shall consider the person making such return ought to be assessed and the amount of Duty chargeable thereon.

[List of persons omitting to furnish returns.]

XLVIII. The Assessor shall make a list of the persons, if any, who have omitted to furnish returns, and shall compute, to the best of his ability, the amount at which such persons should be assessed, and shall enter the Duties chargeable thereon.

[List of persons applying to be assessed by Special Commissioner or Collector.]

XLIX. The Assessor shall also make out a list of the persons, if any, who have sent applications to be assessed by the Special Commissioner or Collector.

[Assessor to have access to Collectorate or Revenue Records.]

L. The Assessor shall have full access to any Collectorate or Revenue Records which he may require to inspect, in order to enable him to compute the Duties on landed property of all kinds, according to the directions hereinafter contained.

[Abstract and Lists to be sent by Assessor to Collector or Commissioners.]

LI. The Assessor shall deliver or transmit the said abstract and lists, signed by himself, together with the returns received by him, to the Collector or Commissioners. If the Assessor be empowered to make assessments under Section XXII. of this Act, he shall also deliver or transmit to the Collector an abstract of the assessments so made by him.

[Collector or Commissioners definitely to assess each party.]

LII. The Collector or Commissioners shall consider the said lists and returns, and shall assess each person with the Duties properly chargeable; but they shall not summon or question the persons chargeable at this stage of the proceedings.

[Assessments made by Collector or Commissioners according to returns furnished.]

LIII. If the Collector or Commissioners be satisfied with the return made by any person chargeable under this Act, they shall assess him in the amount with which he is chargeable according to the return. Such assessment shall be final, subject only to such surcharge in case of fraud as provided in this Act.

[Surcharges.]

LIV. Whenever the Collector or Commissioners shall be dissatisfied with any return, and shall consider that any person should be charged with Duty in excess of the sum chargeable on the amount of the profits or income returned by him, the Collector or Commissioners shall surcharge such person accordingly in such sum as they shall think fit.

করিয়া ধরা গিয়াছে, আসেসর যদি এমত বোধ করেন, তবে তাঁহার বিবেচনামতে ঐ ফর্দ্দ লেখকের টাক্স যত টাকার উপর ধার্য্য করা উচিত ও ঐ টাকার উপর যত টাক্স বসাইতে হয়, এই২ কথা তিনি ইহার পূর্ব্বের ধারার নির্দ্দিষ্ট খোলাসাতে লিখিবেন ইতি।

[যাঁহারা ফর্দ্দ না দেন তাঁহারদের নামের ফর্দ্দ দিবার কথা।]

৪৮ ধারা। যদি কোন লোক ফর্দ্দ লিখিয়া দিতে ত্রুটি করেন, তবে আসেসর এমত লোকেরদের নামের ফিরিস্তি করিবেন, ও তাঁহারদের টাক্স যত টাকার উপর ধার্য্যকরা উচিত, ও ঐ টাকার উপর যত টাক্স বসাইতে হয় তাহার হিসাব আপনার সাধ্যমতে করিবেন ইতি।

[খাস কমিস্যানর কি কালেক্টর সাহেবের দ্বারা টাক্স ধার্য্য হইবার প্রার্থনা যাঁহারা করেন তাঁহারদের নামের ফিরিস্তির কথা।]

৪৯ ধারা। খাস কমিস্যানর সাহেবের কি কালেক্টর সাহেবের দ্বারা টাক্স ধার্য্য হইবার প্রার্থনা যাঁহারা করেন, তাঁহারদের নামের ফিরিস্তিও আসেসর করিবেন ইতি।

[কালেক্টরীর কি রাজস্বের কাগজপত্র আসেসরের দেখিতে পারিবার কথা।]

৫০ ধারা। সকল প্রকারের ভূমি সম্পত্তির উপর যত টাক্স ধরিতে হইবেক তাহার হিসাব পশ্চাৎ লিখিত বিধানমতে আসেসর করিতে পারেন, এই নিমিত্তে কালেক্টরীর কি মালগুজারীর যে সকল কাগজপত্র তাঁহার দেখিবার প্রয়োজন হয়, তাহা দেখিতে পারিবেন ইতি।

[আসেসরেরদের খোলাসা ও ফর্দ্দ কালেক্টর কি কমিস্যানর সাহেবেরদের নিকটে পাঠাইবার কথা।]

৫১ ধারা। আসেসর যে সকল ফর্দ্দ পান তাহা ও আপনার দস্তখৎকরা উক্ত খোলাসা ও ফিরিস্তি কালেক্টর সাহেবকে কি কমিস্যানর সাহেবদিগকে দিবেন। ঐ আসেসর যদি এই আইনের ২২ ধারামতে টাক্স ধার্য্য করিতে ক্ষমতাপন্ন হন, তবে তদ্রূপ যে টাক্স ধার্য্য করেন তাহার খোলাসা কালেক্টর সাহেবকে দিবেন কি তাঁহার নিকটে পাঠাইবেন ইতি।

[কালেক্টর ও কমিস্যানর সাহেবেরদের দ্বারা এক২ জনের টাক্স নির্দ্ধার্য্য হইবার কথা।]

৫২ ধারা। কালেক্টর সাহেব কি কমিস্যানর সাহেবেরা উক্ত ফিরিস্তি ও ফর্দ্দ বিবেচনা করিয়া এক২ জনের যত টাক্স দেওয়া উচিত হয় তত তাহার নামে ধরিবেন। কিন্তু যাঁহারদের উপর টাক্স বসান গেল তাঁহারদিগকে তাঁহারা সেই সময়ে তলব করিবেন না ও তাঁহারদিগকে কোন কথা জিজ্ঞাসা করিবেন না ইতি।

[যে ফর্দ্দ দেওয়া যায় তাহা দেখিয়া কালেক্টর ও কমিস্যানর সাহেবেরদের টাক্স ধার্য্য করিবার কথা।]

৫৩ ধারা। এই আইনমতে যাঁহার টাক্স লাগিতে পারে তাঁহার ফর্দ্দ দেখিয়া যদি কালেক্টর সাহেবের কি কমিস্যানর সাহেবেরদের খাতিরজমা হয়, তবে ঐ ফর্দ্দঅনুসারে তাঁহার যত টাক্স ধরিতে হয় তাঁহারা তত ধরিবেন। ও তাঁহারা যে টাক্স ধরেন তাহা স্থির থাকিবে। কেবল প্রতারণা হইলে এই আইনের বিধানমতে উপরি টাক্স লাগিবে ইতি।

[উপরি টাক্সের কথা।]

৫৪ ধারা। যদি কালেক্টর সাহেব কি কমিস্যানর সাহেবেরা কোন লোকের ফর্দ্দেতে খাতিরজমা না হন, ও সেই লোক আপনার প্রাপ্তি কি আয় যত টাকা ধরিয়াছেন তাহার উপর যত টাক্স লাগে তাহার অধিক টাক্স তাঁহার দিতে হয়, এমত যদি বোধ করেন, তবে ঐ কালেক্টর সাহেব কি কমিস্যানর সাহেবেরা অধিক যত টাকা ধরা উচিত জ্ঞান করেন তত ধরিবেন ইতি।

[Notice of surcharge.]

LV. Whenever any person shall have been surcharged or shall have been charged on an assessment made under Section XLVIII. by the Collector or Commissioners, a notice shall be given to such person in a form to be prescribed as aforesaid, stating the amount of such surcharge or charge, and intimating that, if he desire to urge any objection thereto he may appear, on a date specified, before the Collector or Commissioners, and make such representation, and tender such proof in support thereof as he may wish. But no person who shall have been charged on an assessment made under Section XLVIII., shall be heard against such charge, if he shall have been served with a notice in the manner prescribed by this Act, unless he can satisfy the Collector or Commissioners that his failure to make the return within the period allowed in such notice was unavoidable.

[To be continued.]

[অধিক টাক্স ধরা যাইবার এত্তেলার কথা।]

৫৫ধারা। কালেক্টর সাহেব কি কমিস্যনর সাহেবেরা যদি কোন লোকের অধিক টাক্স ধরেন, কিম্বা ৪৮ ধারামতে টাক্স ধার্য্য করিয়া বসান্, তবে সেই কথার এক এত্তেলা ঐ লোককে দেওয়া যাইবেক। তাহা লিখিবার পাঠ পূর্ব্বোক্তমতে নিরূপণ হইবেক। তাহাতে ঐ টাক্স কি অধিক টাক্স যত টাকা ধরা গেল তাহা লেখা থাকিবে। ও তাহাতে এই অনুমতি হইবে যে, ঐ লোক যদি ঐ টাক্সের উপর কিছু আপত্তি করিতে চাহেন, তবে অমুক তারিখে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের সম্মুখে হাজির হইয়া যে সকল কথা কহিতে চাহেন তাহা কহেন, কিম্বা প্রথম যে টাক্স ধরা যায় তাহা বহাল রাখিবার কারণে যে প্রমাণ দিতে চাহেন তাহা দেন। কিন্তু কোন লোককে এই আইনের নির্দ্দিষ্টমতে ইশ্তিহার দেওয়া গেলে পর, যদি ৪৮ ধারামতে তাঁহার টাক্স বসান যায়, তবে তিনি অনিবার্য্য কোন কারণে ঐ ইশ্তিহারের লিখিত সময়ের মধ্যে হাজির করিতে পারিলেন না, এই কথা কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমাযতে দেখাইতে না পারিলে, তাঁহার ঐ টাক্সের উপর কোন আপত্তির কথা শুনা যাইতে পারিবে না ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 15.

To the Judges in the Lower Provinces, and to the Commissioners of Arracan and Tenasserim Provinces, and to the Deputy Commissioners of Assam and Hazareebaugh.

I am directed to request, that you will submit with the Report, required in July 1860, on the working of Act VIII., 1859, a return in the subjoined form, showing for all the Courts of your District up to the end of this month, how far the fundamental principle of the Act in question has been acted upon by the Native Judges.

2. You will observe that the Return includes parties present in Court voluntarily, as well as those who may appear by summons

(Signed) H. B. LAWFORD,
Register.

Fort William, the 22nd June, 1860.

Cases in which the parties, or one of them, were before the Court in person voluntarily or by Summons.

In which Plaintiff was personally before the Court.	In which Defendant was personally before the Court.	In which both parties were before the Court.	Total.

(Signed) H. B. LAWFORD,
Register.

(True Copies,)
R. STUART,
Assistant Register.

Government Gazette, 7th August, 1860.]

সদর দেওয়ানী আদালতের সরকুল্যর অর্ডর।

১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব ও আরাকাণ ও থনাসরিম প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব ও আসামের ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

১৮৫৯ সালের ৮ আইনমতে কার্য্য যেরূপে সকল হইতেছে ইহার যে রিপোর্ট তোমার ১৮৬০ সালের জুলাই মাসে পাঠাইতে আজ্ঞা হইয়াছে, তাহার সঙ্গে মাচের লিখিত পাঠে এক রিটর্ণ পাঠাইতে তোমাকে আদেশ হইতেছে। তাহাতে তোমার জিলার সকল আদালতে এই দেশীয় বিচারপতিরা বর্ত্তমান মাসের শেষপর্য্যন্ত ঐ আইনের মূল বিধানমতে যেপর্য্যন্ত কার্য্য করিয়াছেন তাহা প্রকাশ হইবে।

২। তুমি দেখিতে পাইবা যে, আদালতে যাহারা সমনমতে হাজির হয় ও যাহারা স্বেচ্ছামতে উপস্থিত হয় এই দুই প্রকারের লোকের কথা ঐ রিটর্ণে ধরা হইয়াছে।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ২২ জুন।

যে২ মোকদ্দমায় উভয় পক্ষ কি এক পক্ষ স্বেচ্ছামতে কি সমনমতে আদালতে হাজির হয় তাহার ফর্দ্দ।

যে২ মোকদ্দমায় ফরিয়াদী নিজে আদালতে হাজির হয়।	যে২ মোকদ্দমায় আসামী নিজে আদালতে হাজির হয়।	যে২ মোকদ্দমায় উভয় পক্ষ আদালতে হাজির হয়।	মোট।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

(যথার্থ নকল।)

আর আর্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 1036.

To the Collector of Land Revenue, Lower Provinces.

In continuation of this Office Circular, No. 904, dated 15th July 1856, I have the honor to intimate that the Director General of the Post Office in India has now ruled that all Postal Bills, whether fixed or contingent, when passed by the Civil Auditor, should be retained in the Office of the Post Master General, Bengal You are, therefore, requested to advance to the Deputy Post Master of your district the amount of his monthly fixed or Contingent Bills on his receipts, when presented, accompanied with the original intimation from the Post Master General of the audit of those Bills, debiting the amounts so advanced, in your Treasury Accounts under "Post Office Remittances" and supporting the debits with the original receipts as before.

(Signed) F. LUSHINGTON,
Acctt to the Govt of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt of Bengal,
The 27th April, 1860

No. 1037.

To the Collector of Land Revenue, Lower Provinces.

I have the honor to draw your attention to the Notification of the Home Department, No 309, dated the 6th February last, and published in the *Calcutta Gazette* of the 8th idem, page 228, and to request that you will be guided by the instructions contained in the Extract from the Despatch of the Secretary of State for India subjoined to it, in respect to the adjustment of Salaries of Government Officers who may be committed to prison either for debt, or on criminal charges.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 30th April, 1860

No. 1038.

To the Collector of

Under the Orders of the Government of Bengal, No. 314, dated 23rd March 1860, I have the honor to request that in the event of any Electric Telegraph Messages being sent to Government by you or any Officer subordinate to you, care may be taken

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

১০৩৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই আফিসের ১৮৫৬ সালের ১৫ জুলাই তারিখের ৯০৪ নম্বরের সরক্যুলরের কথার অতিরিক্ত তোমাকে এই কথা জানাইতেছি। ভারতবর্ষের ডাকঘরের শ্রীযুত ডৈরেক্টর জেনরল সাহেব এইক্ষণে এই বিধান করিয়াছেন যে, ডাকসম্পর্কীয় নিয়মিত কি বাজে খরচের সকল বিল সিবিল আডিটর সাহেবের দ্বারা সাকরাইয়া দেওয়া গেলে পর বাঙ্গলা দেশের শ্রীযুত পোষ্ট মাষ্টর জেনরল সাহেবের আফিসে থাকিবে। অতএব তোমাকে এই আদেশ হইতেছে। তোমার জিলার ডেপুটী পোষ্ট মাষ্টর যখন আপনার মাসের নিয়মিত কি বাজেখরচের বিলের টাকার রসীদ দেন, তখন, ঐ বিল যে আডিট হইয়াছে পোষ্ট মাষ্টর জেনরল সাহেবের লিখিত এই কথার আসল লিপি ঐ রসীদের সঙ্গে দিলে তুমি ঐ বিলের টাকা তাঁহাকে দেও। ও তোমার ত্রেজুরীর খাতাবহীতে "ডাক ঘরের চালান টাকার" হিসাবে ঐ টাকা খরচ লেখ ও পূর্ব্বকার মতে ঐ আসল রসীদের দ্বারা ঐ খরচের প্রমাণ কর।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ২৭ আপ্রিল।

১০৩৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

হোম ডিপার্টমেণ্টের গত ফেব্রুআরি মাসের ৬ তারিখের ৩০৯ নম্বরের যে বিজ্ঞাপন এ মাসের ৮ তারিখের কলিকাতা গেজেটের ২২৮ পেজে ছাপা হয় তাহাতে তোমাকে মনোযোগ করাইয়া এই আদেশ করিতেছি। সরকারের কার্য্যকারকেরা যদি দেনা টাকার নিমিত্তে কিম্বা ফৌজদারী নালিশমতে কয়েদ হন, তবে তাঁহারদের বেতনের টাকা দিবার বিষয়ে ঐ বিজ্ঞাপনের নীচে ভারতবর্ষের শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পত্রহইতে গৃহীত যে কথা ছাপা হইয়াছে তাহা দেখিয়া কর্ম্ম কর।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ৩০ আপ্রিল।

১০৩৮ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৬০ সালের ২৩ মার্চ তারিখের ৩১৪ নম্বরের হুকুমমতে তোমাকে এই আদেশ করিতেছি। তুমি কি তোমার অধীন কোন কার্য্যকারক যদি ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা কোন সম্বাদ গবর্ণমেণ্টে পাঠাও, তবে যে তারিখে ও যে ঘণ্টায় ঐ

that the date and hour of the despatch of the Message are not omitted.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt of Bengal,
The 2nd May, 1860.

No. 1089.

To the Collector of

It being desirable that the deficit Stamp duty and penalty levied on exhibits filed in the Civil Courts, under Section 130 of Act 8 of 1859, and remitted to your Treasury under Section 131, should be separately shewn in your Treasury Account. I have the honor to intimate that I have introduced a new entry for the exhibition of the former, in the Form of Treasury Account about to be supplied to you from this Department, and to request that in the event of your being in the habit of shewing the duty and penalty together in the item of "Penalty," heretofore entered in the said Form, that you will refrain from the practice in future, and indicate the two descriptions of items separately, as in the new Form.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 8th May, 1860.

No. 1040

To the Collector of

It being desirable that the sale proceeds of Acts of the Legislative Council, connected with the Revenue and Judicial Administration of the country, should be credited to the Department bearing the printing and other charges appertaining thereto, I have the honor to request that you will credit under the head of "Profit and Loss of the Revenue Department," in your Treasury Account, the sale proceeds of Acts 10 and 11 of 1859, recently sent to you by the Board of Revenue, Lower Provinces, for sale in your District.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 15th May, 1860.

[*Government Gazette, 7th August*, 1860.]

সময় পাঠাও তাহা আমাইতে ত্রুটি না হয় এই বিষয়ে মনোযোগ কর।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ২ মে।

১০৩৯ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

দেওয়ানী আদালতে যে দলীলদস্তাবেজ দাখিল করা যায় তাহার ইষ্টাম্পের মাসুল কম হইলে, ঐ ইষ্টাম্পের অবশিষ্ট যে টাকা ও জরীমানার যে টাকা ১৮৫৯ সালের ৮ আইনের ১৩০ ধারামতে আদায় হইয়া ১৩১ ধারামতে তোমার ত্রেজুরীতে চালান হয়, সেই সকল টাকার হিসাব তোমার ত্রেজুরীর খাতাবহীতে পৃথক্‌রূপে লেখা যায়, ইহা উপযুক্ত বোধ হইয়াছে। অতএব তোমাকে এই কথা জানাইতেছি যে, তোমার ত্রেজুরীর হিসাব রাখিবার যে নূতন পাঠ এই ডিপার্টমেণ্টহইতে তোমার নিকটে পাঠান যাইবে তাহাতে ইষ্টাম্পের ঐ বাকী টাকা লিখিবার এক নূতন ঘর করিয়াছি। ও তোমাকে এই আদেশ হইতেছে যে, ঐ মাসুলের বাকী টাকা ও জরীমানার টাকা এই দুই কথা যদি তুমি ঐ পাঠের মধ্যে "জরীমানার" ঘরে লিখিয়া আসিতেছ, তবে ইহার পরে তাহা সেইরূপে আর না লিখিয়া, নূতন পাঠের লিখনমতে ঐ মাসুলের বাকী টাকা ও জরীমানার টাকা স্বতন্ত্র লিখিবা।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ৮ মে।

১০৪০ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই দেশের আদালতের ও মালগুজারীর কার্য্যসম্পর্কে যে সকল আইন রাজকীয় কৌন্সেলে জারী হয় তাহা বিক্রয় হইয়া তাহাতে যে টাকা পাওয়া যায়, সেই টাকা ঐ আইন ছাপা হইবার খরচ ও তৎসম্পর্কীয় অন্যং খরচ যে ডিপার্টমেণ্টহইতে দেওয়া যায়, সেই ডিপার্টমেণ্টের নামে জমা করা উচিত বোধ হয়। এই কারণে তোমাকে এই আদেশ হইতেছে। ১৮৫৯ সালের ১০ ও ১১ নম্বরের যে আইন বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সাহেবেরা তোমার জিলার মধ্যে বেচিবার নিমিত্তে সম্প্রতি তোমার নিকটে পাঠাইয়াছিলেন তাহা বিক্রয় করিয়া যে টাকা পাও সেই টাকা তোমার ত্রেজুরীর খাতাবহীতে "রেবিনিউ ডিপার্টমেণ্টের লাভলোকসানের" খাতায় জমা কর।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ১৫ মে।

No. 1041.

To the Collector of

I have the honor to inform you that you are hereby authorized to grant Land Revenue Transfer Drafts at your discretion, to parties residing in your District on account of Estates possessed by them in other Districts.

2d. Transfer orders should not however be issued on the Treasuries named in the margin,* without a previous reference to this Office.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 15th May, 1860.

*Balasore, Banecorah, Baraset, Beerbhoom, Behar, Bhaugulpore, Burdwan, Cachar, Chumparun, Cossyah Hills, Darjeeling, Deoghur, Durrung, Furreedpore, Gowalparah, Hazareebaugh, Heerunpore or Pakour, Jorehaut, Kamroop, Lohardugga, Luckimpore, Maunbhoom, Moonghyr, Moorshedabad, Nowgong, Nya Doauka, Patna, Rajmehal, Ramree, Sahebgunge, Sandoway, Sarun, Shahabad, Singbhoom, Soonderbuns, Sumbulpore, Tirhoot.

No. 1042.

To the Collector of Land Revenue of Lower Provinces.

I have the honor to inform your that with a view to abbreviate correspondence the routine communications of this Office regarding accounts and other matters where the usual style of Official Letters may appropriately be dispensed with, will be made in the form of a annexed docket and it is requested that the same form of address may be adopted by you.

(Signed) F. LUSHINGTON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 22nd May, 1860.

No.

From the Accountant Government of Bengal to the Collector of

Dated Calcutta, the 18
your letter No. dated

No. 1044.

To the Collector of

Under instructions received from the Accountant General in the Military Department, I have the honor to request that in future on granting Sepoys' Family Remittance Drafts under the Government Order of the 10th April 1810, you will invariably require Commanding Officers of Native Regiments to specify in the Receipts that accompany the Drafts in question, as well as in the Descriptive Roll at foot of the Drafts, the name of the Station at which their Regiments are located, to enable

১০৪১ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

তোমার জিলাসিবাসি যে লোকেরদের অন্য২ জিলাতে জমীদারী থাকে, তাহারদিগকে তুমি উপযুক্ত বোধ করিলে মালগুজারীর ট্রান্সফর ড্রাফ্ট অর্থাৎ খারিজদাখিলের হুণ্ডী দিতে পারিবা এই কথা তোমাকে জানাইতেছি।

২। কিন্তু বালেশ্বর ও বাঁকুড়া ও বারাসৎ ও বীরভূম ও বেহার ও ভাগলপুর ও বর্দ্ধমান ও কাছাড় ও চম্পারণ ও কাশিয়া পর্ব্বত ও দারজিলিং ও দেবগড় ও দরঙ ও ফরিদপুর ও গোয়ালপাড়া ও হাজারীবাগ ও হীরণপুর কি পাকোর ও যোড়হাট ও কামরূপ ও লোহারডগা ও লক্ষ্মীপুর ও মানভূম ও মুঙ্গের ও মুরশিদাবাদ ও নওগাঁ ও নয়া দোয়াঙ্গা ও পাটনা ও রাজমহল ও রামরী ও সাহেবগঞ্জ ও সাঙ্গোএ ও সারণ ও শাহাবাদ ও সিংভূম ও সুন্দরবন ও সম্বলপুর ও সিল্হৎ এই সকল স্থানের ট্রেজুরীর উপর তুমি এই আফিসে জিজ্ঞাসা না করিয়া খারিজদাখিলের হুণ্ডী দিবা না।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ১৫ মে।

১০৪২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মালগুজারীর শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

লেখাপড়া কিছু খাটো করিবার অভিপ্রায়ে, হিসাবের ও অন্য২ কার্য্যের বিষয়ে যদি সরকারী পত্র লিখিবার নিয়মিত ধারা না মানিলে চলে, তবে এই দফ্তরখানার নিয়মিত পত্রাদি ঐ পত্রের মর্ম্ম গ্রহণমতে লেখা যাইবে এই কথা তোমাকে জানাইতেছি। তাহার পাঠ নীচে লেখা যাইবে। তোমারও সেই পাঠে লিখিবার আদেশ হইতেছে।

এফ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ২২ মে।

অমুক নম্বর।

অমুক স্থানের কালেক্টর সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের পত্র।
কলিকাত্তা। সাল তাং

তোমার অমুক তারিখের অমুক নম্বরের পত্রইত্যাদি।

১০৪৪ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

মিলিটারী ডিপার্টমেণ্টের শ্রীযুত আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের স্থানে যে উপদেশ পাওয়া গেল সেই উপদেশমতে তোমাকে এই আদেশ হইতেছে। গবর্ণমেণ্টের ১৮১০ সালের ১০ আপ্রিল তারিখের হুকুমমতে তুমি যখন সিপাহীরদের পরিবারের নিকটে চালান টাকার হুণ্ডী দেও, তখন ঐ হুণ্ডীর সঙ্গে যে রসীদ দেওয়া যায় সেই রসীদ পাঠাইবার লোকেরদের উপযুক্ত রাজস্থানে তাহারদের নিকটে পাঠাইতে পার এই কারণে তুমি এদেশীয় পল্টনের জেনার্লডি সাহেবদিগকে সর্ব্বদাই আদেশ কর যে, তাঁহারদের পল্টন যে স্থানে ছাউনি করিয়া আছে সেই স্থানের নাম তাঁহারা ঐ

to return the Receipts to the Remitters at their per destination.

(Signed) W. WATERFIELD,
Offg. Accts. to the Govt. of Bengal.

Fort William,
ce of Accts. to the Govt. of Bengal,
The 18th June, 1860.

No. 1045.

To the Collector of

With reference to the Circular of this Office, No. , of the 7th December 1858, I have the honor to mate that the Accountant General at Madras instructed the Sub-Treasurer of his Presidency ssue Bills of Exchange in lieu of Certificates and gisters on Treasury Officers of other Presidencies, are therefore requested to make a note of this nge.

(Signed) W. WATERFIELD,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William,
ce of Acctt. to the Govt. of Bengal,
The 20th June, 1860

রসীদে লেখেন ও হুণ্ডীর পীঠে যে ফুলিয়া থাকে তাহাতেও লেখেন।

ডবলিউ ওয়াটরফিল্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ১৮ জুন।

১০৪৫ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই আফিসের ১৮৫৮ সালের ৭ ডিসেম্বর তারিখের ১৮৩ নম্বরের সরক্যুলরের উপলক্ষে তোমাকে জানাইতেছি। মাদ্রাজের আকৌণ্টেণ্ট জেনরল সাহেব ঐ রাজধানীর সব-ত্রেজুরর সাহেবকে এই আদেশ করিয়াছেন যে অন্য রাজধানীর ত্রেজুরীর কার্য্যকারক সাহেবেরদের উপর তিনি সর্টিফিকট ও রেমিটর না দিয়া হুণ্ডী দেন। এই কথা তোমাকে মনে রাখিতে আদেশ হইতেছে।

ডবলিউ ওয়াটরফিল্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৬০ সাল ২০ জুন।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের ২১ তারিখের এই বোর্ডের ইশ্তেহারঅনুসারে পশ্চাৎ মত পরিমাণে নেমকের বিভাগ করা গেল।

২ দফা। এজেন্সী ঘাটে মৌজুদ যে পরিমাণ হিজলী পাঙ্গা নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত দাখিল হইয়াছে তাহার সমুদয় নেমক হাসিয়ার লিখিত চারি ঘাটহইতে ওজন দেওয়া যাইবেক টেণ্ডরের দরখাস্ত দাখিলের পর পর নম্বরক্রমে নেমকের ছাড় রওয়ানা পাইবেক প্রথমতঃ রসুলপুর এবং তালীনগরের ঘাটের জন্য ও তাহার পরে কৃষ্ণনগর ও রামনগরের ঘাটের নেমকের জন্য ছাড় রওয়ানা দেওয়া যাইবেক শেষোক্ত দুই ঘাট অর্থাৎ কৃষ্ণনগর ও রামনগরের ঘাটের কারণ অদ্যকার তারিখহইতে আগামি অক্টোবর মাসের ১ তারিখের মধ্যে খরিদার লোকের যে দিন ইচ্ছা সেই দিবস ছাড় রওয়ানা দেওয়া যাইবেক।

৩ দফা। মোং শালিখার গোলায় মৌজুদ হিজলীর পুরীঘাটা এবং পুরীর চিলকা পাঙ্গা নেমক টেণ্ডরের দরখাস্তের লিখিত পরিমাণের অন্দরে শতকরা ৪০/ মোন হিসাবে এবং উক্ত শালিখার গোলায় মৌজুদ কটক পাঙ্গা নেমকের শতকরা ৪৫/ মোন ও বালেশ্বর পাঙ্গা নেমকের শতকরা ৮/ মোন এবং নারায়ণপুর ঘাটে মৌজুদ তমলুক পাঙ্গা নেমক শতকরা ১৫/ মোনের হিসাবে দেওয়া যাইবেক যে পরিমাণ নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত দাখিল হইয়াছে এবং প্রত্যেক রকমের যে সকল নেমক বিক্রয়ার্থে মৌজুদ আছে তদনুসারে উক্ত হারহারি হিসাবে বিভাগ করা গেল।

৪ দফা। মোং শালিখার গোলায় মৌজুদ ২৪ পরগনার নারায়ণপুর পাঙ্গা নেমকের বাবৎ যে সকল টেণ্ডর দরখাস্ত দাখিল হইয়াছে তাহাতে ঐ দরখাস্তের লিখিত পূরা নেমক পাইবেক।

বিমৌজীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ৩০ জুলাই।

ই টি টুনর সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the undermentioned allotments within the limits of the Twenty four gunnahs portion of the Soonderbuns will be sold at the Soonderbun Commissioner's Office at Allipore, the 16th day of August 1860, corresponding with the 1st of Bhadro 1567, B. S. The sale will comence at 12 o'clock mid-day.

2nd. The highest bidder will be entitled to the grant on depositing, immediately after the sale, the amount of the bid, on condition the sale is sanctioned by the higher authorities, otherwise the money be refunded to the party without interest. On confirmation of the sale, the Pottah will be drawn up he name of the purchaser, under orders of Government of the 24th September 1853, and will be made

over to him after Registry in the Board's Office, and the purchaser will become the Grantee of the lands under the conditions prescribed in the Pottah, save and except such lands as may be requited by Government for the manufacture of Salt.

3rd. It is further notified that intending purchasers who are desirous to inspect the Map of the Lots, or to obtain any information, connected with them, and their present condition, can have the same, by attending either personally, or through their Agents, at the Office of the Soonderbun Commissioner.

4th. In all lots in which there are line Boundaries, the points from which they commence, and their direction will be pointed out to the Grantees, but it is to be understood that these Boundaries can only be accurately defined when the Grantees have cleared their grants sufficiently to enable the Government officers to do so.

J. H. REILY, *Soonderbun Commissioner.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July 1860.

Lots to be granted, District 24-Pergunnahs.

Nos. of Lot according Capt. Hodge's Map.	Estimated Area.	Remarks.
11	8,200	This lot is situated on the outer Soonderbun passage most of the lots near it are cultivated to some extent.
18	12,900	A compact lot with well defined Boundaries situated on the outer Soonderbun passage.
	South portion.	
19	1,800	This lot adjoins Zemindaree lands, the portion to be sold is consequently valuable.
99	21,900	This a good lot adjoins grants in which cultivation is in progress, it is situated near Zemindaree land in a part of the Soonderbuns where the land is sought after.
105	8,400	A good lot situated to the South of the above.
106	20,900	A manageable lot, situated on the inner Soonderbun passage.
109	22,000	The lot is frequented by wood cutters it is situated on the inner Soonderbun passage and in the neighbourhood of lots in which cultivation is in progress
110	31,000	The West boundary of this lot is the well known and much frequented channel creek or Buratullah river, its East boundary is the outer Soonderbun passage shewn in Hodge's Maps and frequented by steamers.
	North portion.	
111	39,000	The original lot contains too large an area for ordinary Grantees, it has therefore been sub-divided. This the North portion is not far from Zemindaree lands, is situated on the outer Soonderbun passage, and is a valuable lot.
	South portion.	
111	21,000	The above remarks apply to this portion.
112	29,000	Situated on the outer Soonderbun passage.
113	26,000	Do. Do.
	North portion	
114	30,000	Sub-divided on account of its size being somewhat large for the generality of Grantees. This lot is advantageously situated, being approachable by both land and water, it is close to Zemindaree lands and adjoin cultivated lots.
	South portion.	
114	32,000	A portion of the above lot.
115	38,000	This is a very compact lot, with well defined natural boundaries, it is situated on the route to the Eastern Districts; cultivation is extending towards this part of the Soonderbuns.
123	27,000	This lot has the advantage of being situated on the banks of the Mutlah.
	North portion.	
127	17,000	Lot situated on the Mutlah in the neighbourhood of lands reserved by the Government for public purposes.

	South portion.	
127	21,000	The above remarks apply to this portion.
	North portion.	
128	30,000	This is a valuable lot, a portion of it has been reserved for public purposes. It is not far from the proposed terminus of the Mutlah Railway.
	South portion.	
128	29,000	The above remarks apply to this lot.
138	17,000	This is a good lot, it is situated on the inner Soonderbun passage and is of a manageable size.

J. H. Reilly, *Commissioner in the Soonderbuns.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July, 1860.

সুন্দরবনের কমিসানরি দপ্তরখানার এস্তাহার।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে মহামান্য সদর বোর্ডের আদেশমতে জেলা ২৪ পরগনার মোতালক সুন্দরবন সংক্রান্ত বিল্লের লিখিত লাটহারের জুমি আলীপুর মোকামে সুন্দরবনের কমিসানরি কাছারিতে ইংরাজী সন ১৮৬০ সালের ১৬ আগষ্ট মোতাবেক সন ১২৬৭ সালের ১ ভাদ্র তারিখে বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে অতি উচ্চ মূল্য ডাকিবেক তিনি লাট পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় মূল্য দাখিল করিতে হইবেক পরে গবর্ণমেণ্টের সন ১৮৫৩ সালের ২৪ সেপ্টেম্বর দিবসীয় কলানুযায়ি পাট্টা তাহার নামে প্রস্তুত হইয়া সদর বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক এবং সরকারের সবণ প্রস্তুত জন্যে এই লাটহারের মধ্যে জমী লওয়ার প্রয়োজন হইলে তাহা ছাড়িয়া দিবার নিয়ম পাট্টায় লেখা যাইবেক পরন্তু আরো জানান যাইতেছে যে খরিদা কি খ্যাত ব্যক্তিগণ কেহ ঐ সকল লাটের নক্শা দেখিতে চাহেন তবে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারায় কমিস্যনরের উক্ত মোকামের কাছারিতে যাইয়া দেখিতে পারেন এবং নীলামের অপর দেওয়া নীলামের সময় প্রকাশ করা যাইবেক আর যদিস্যাৎ এই নীলাম বোর্ড রিবিনিউর হুজুরে মঞ্জুর না হয় তবে খরিদের শতের টাকা বিনাসুদে ফেরত পাইবেক আর ইহাও জানান যাইতেছে যে যে সমস্ত লাটের ইরেজেনরি লাইনের দ্বারা সীমানা অবধারিত আছে ঐ লাইন যে স্থানহইতে আরম্ভ ও যে রোকে যাইবেক তাহা লাটদারানকে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া যাইবেক পরে লাটদারকর্ত্তৃক লাটের প্রয়োজনীয় জুমি আবাদ হইলে ঐ সীমানা নিশ্চয়রূপে নিরূপণ করা যাইবেক ইতি সন ১৮৬০। তারিখ।

কাপ্তান হাজিস সাহেবের নক্শার লিখিত লাটের নং	আন্দাজী জমীর পরিমাণ	কৈফিয়ৎ
১১ নং লাট	৮২০০/	অত্র লাট সুন্দরবনের বাহির রাস্তার নিকট এবং তাহার নিকটাবর্ত্তি লাট সকল আবাদ হইতেছে।
১৮ নং লাট	১২৯০০/	অত্র লাট উত্তমরূপে নিরূপিত সীমানাভুক্ত ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১৯ নং লাট	১৮০০/	এই লাট জমীদারীর জুমির সংলগ্ন থাকাবিধায় তাহার গৌরব হইয়াছে।
দক্ষিণ খণ্ড		
১৯ নং লাট	১১৯০০/	উত্তম লাট প্রায় আবাদী লাটহারের সংলগ্ন এবং জমীদারীর জুমির নিকটাবর্ত্তি এবং সুন্দরবন মোতালকের ঐ স্থানের জুমিসকল অনেকেই পাইতে আকাঙ্ক্ষা করে।
১০৫ নং লাট	৮৪০০/	অত্র লাট উত্তম এবং উপরোক্ত লাটের দক্ষিণস্থিত।
১০৬ নং লাট	১০৯০০/	অত্র লাট আবাদের উপযুক্ত এবং সুন্দরবনের ভিতর রাস্তার পার্শ্বস্থ বটে।
১০৯ নং লাট	২১০০০/	বাওয়ালিগণ সর্ব্বদা অত্র লাটে কাঠ কাটনাশয় গমনাগমন করিয়া থাকে এবং এই লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ ও যে সকল লাট আবাদ হইতেছে তাহার নিকটাবর্ত্তী।
১১০ নং লাট	৩১০০০/	এই লাটের পশ্চিম সীমানা বিখ্যাত বারাতলার খাল পূর্ব্ব সীমানা সুন্দরবনের বাহির রাস্তা, পং দ্বারায় ইষ্টিমার গমনাগমন হয়।
১১১ নং লাট উত্তর খণ্ড	৩৯০০/	সমুদয় লাট অত্যন্ত বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারা আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে অত্র খণ্ড জমীদারীর জুমির নিকটাবর্ত্তী ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১১ নং লাট দক্ষিণ খণ্ড	১১০০০/	ঐ
১১২ নং লাট	২৯০০০/	সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১৩ নং লাট	২৬০০০/	ঐ
১১৪ নং লাট উত্তর খণ্ড	৩০০০০/	সমুদয় লাট অতিশয় বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারায় আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে এই লাটের অবস্থা এইরূপ উত্তম যে উত্তর জল ও স্থল পথে গমনাগমন করা যাইতে পারে এবং জমীদারীর জুমি ও আবাদী লাটের নিকটাবর্ত্তী।
১১৪ নং লাট দক্ষিণ খণ্ড	৩২০০০/	উপরোক্ত লাটের দ্বিতীয় খণ্ড।

[*Government Gazette, 7th August,* 1860.]

১১৫ নং লাট	৩৮০০৲	অত্র লাট স্বাভাবিক সীমানায় বেষ্টিত এবং পূর্ব্ব দেশে গমনাগমনের রাস্তার পার্শ্বস্থ ও ঐ অঞ্চল ক্রমশ আবাদ হইয়া আসিতেছে।
১২৩ নং লাট	২৭০০৲	এই লাট প্রসিদ্ধ মাতলা নদীর তীরস্থ।
১২৭ নং লাট উত্তর খণ্ড	১৭০০৲	অত্র লাট মাতলা নদীর তীরস্থ এবং গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল ভূমি সরকারী কার্য্যের নিমিত্ত রাখিত হইয়াছে তাহার নিকটাবর্ত্তী।
১২৭ নং লাট দক্ষিণ খণ্ড	২১০০৲	ঐ
১২৮ নং লাট উত্তর খণ্ড	৩০০০৲	এই লাটের কিয়দংশ সরকারী কার্য্যের নিমিত্তে সরকারে রাখা হইয়াছে এবং মাতলার রেসরোড যে স্থানে শেষ হইবেক তাহার নিকটাবর্ত্তী থাকায় এই লাটের গৌরব হইয়াছে।
১২৮ নং লাট দক্ষিণ খণ্ড	২৯০০৲	ঐ
১৩৮ নং লাট	১৭০০৲	উত্তম লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ এবং সহজেই আবাদ হইতে পারিবেক ইতি।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইস্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোরুত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টিব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপশের এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

WANTED

A Head Writer in the Judge's Office, Purneah. Salary 75 Rupees. A man who can read and write Oordoo preferred.

W. M. BEAUFORT,
Offg. Judge.

পূরণিয়ার জজ সাহেবের কাছারীতে প্রধান কেরাণীর (হেড রাইটরের) পদ খালী আছে। ঐ পদের বেতন ৭৫৲ টাকা। যে জন ঐ পদ পাইতে চাহেন তিনি উর্দ্দু ভাষাতে লেখাপড়া করিতে পারিলে আরো ভাল।

ডবলিউ এম বফোর্ট। এক্টিং জজ।।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইস্তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউ গাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন কানেক্টমেণ্ট ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন কানেক্টমেণ্ট ও সাধারণ লিপি এবং সংকৃত দায়ভাগ ব্যবস্থা, দত্তক মীমাংসা ও দত্তক চন্দ্রিকাপ্রভৃতি বঙ্গানুবাদ সম্বলিত শ্রীযুক্ত বাবু গোপীনাথ মৈত্র মুন্সেফ মহাশয়ের সহায়তায় অস্মদীয় "বিদ্যারত্ন যন্ত্রে" উক্ত পুস্তক ১১৪০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে ও উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইয়াছে গ্রহণাকাঙ্ক্ষি মহাশয়েরা চিতপুর রোড রটতলার ২৪৬ নং বাটীতে উপরোক্ত যন্ত্রে তত্ত্ব করিলে কিম্বা পত্র প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন মূল্য ১২৲ বার টাকা, বিদেশীয় গ্রহণাকাঙ্ক্ষি মহাশয়েরা মূল্যের সহিত ডাক মাসুল প্রেরণ করিবেন এবং আমার নামাঙ্কিত মোহর ব্যতীত কেহ এই পুস্তক ক্রয় করিবেন না ইতি।

শ্রীবেণিমাধব দে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৭ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 14, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৪ আগষ্ট।

ACT.

Act No. XXXII. of 1860.

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 487.]

PART IV.

[Procedure on appearance of party.]

LVI. *Clause.* 1. If, on the day appointed, the erson shall appear, he shall be heard before the ollector or Commissioners sitting with closed doors, nd the Assessor shall also, if required, attend. The ollector or Commissioners shall hear the statement f the person, and may inspect any books or papers hich he shall voluntarily tender, or question any itness whom he shall produce, but they shall not re-uire the person chargeable to produce any books or roofs besides those which he may choose to tender. n oath or affirmation may be administered to any itness produced by the person, but the person mself shall not be sworn unless he shall desire it. fter such hearing the Collector or Commissioners all modify, abate, or confirm the surcharge or arge upon such person, or shall postone the case r further hearing. After finally hearing the case, he they shall decide the amount in which the person ght to be charged or surcharged, and shall assess m in such amount. Such decision and assessment all be final, subject only to such surcharge in se of fraud and to such revision as are provided this Act.

[Revision of assessment.]

Clause. 2. For the purpose of correcting any mis-

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জ্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাশুল বসাইবার আইন।

[৪৮৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

চতুর্থ অধ্যায়।

[লোক উপস্থিত হইলে যাহা হইবে তাহার কথা।]

৫৬ ধারা। ১ প্রকরণ। উক্ত নিরূপিত তারিখে যদি ঐ লোক হাজির হন, তবে কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা অন্য লোককে বিদায় করিয়া তাঁহার কথা গোপনে শুনিবেন। যদি প্রয়োজন হয়, তবে আসেসরও তখন থাকিতে পারিবেন। কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা ঐ লোকের কথা শুনিয়া, তিনি আপন ইচ্ছামতে যে কোন বহী কি কাগজপত্র দেখান তাহা তাঁহারা দেখিতে পারিবেন ও যে কোন সাক্ষিকে উপস্থিত করেন তাঁহাকে তাঁহারা কথা জিজ্ঞাসা করিতে পারিবেন। কিন্তু ঐ লোক আপন ইচ্ছামতে যে বহী কি প্রমাণ দেন তদ্ভিন্ন তাঁহারা তাঁহাকে অন্য প্রমাণাদি দেখাইতে আজ্ঞা করিবেন না। তিনি সাক্ষিরূপে যাঁহাকে আনেন তাঁহাকে শপথ কি প্রতিজ্ঞা করাণ যাইতে পারিবে। কিন্তু যে জন তাঁহাকে আনেন তাঁহাকে শপথ করাণ যাইতে পারিবে না। কেবল আপনি ইচ্ছা করিলে তাঁহাকে শপথ করাণ যাইতে পারিবে। কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা উক্ত প্রকারে কথা শুনিলে পর ঐ লোকের উপর বসান ঐ অধিক টাক্স কি টাক্স কম করিতে পারিবেন, কিম্বা কম করিতে কি বহাল রাখিতে পারিবেন, কিম্বা ঐ মোকদ্দমা পুনর্ব্বার শুনিবার দিন নিরূপণ করিবেন। সেই বিষয় শেষবার শুনিলে পর, ঐ লোকের যত টাক্স কি অধিক যত টাক্স বসাইতে হয় তাহা ঐ সাহেব কি সাহেবেরা নিরূপণ করিয়া তাঁহার তত টাক্স ধরিবেন। ঐ নিরূপণ ও সেইমতের বসান টাক্স স্থির থাকিবে। কেবল যদি প্রতারণা হয়, তবে এই আইনের বিধানমতে উপরি টাক্স লাগিতে পারে, কিম্বা ঐ টাকসের সংশোধন হইতে পারে।

[টাক্স সংশোধনের কথা।]

২ প্রকরণ। কালেক্টর সাহেব যে টাক্স ধার্য্য

take in law, or for deciding any point specially referred by the Collector, such assessment, if made by the Collector, may be revised on the application of the person assessed by the authorities to whom the Collector in matters relating to the land Revenue is subordinate, if they think fit so to do, under such rules as those authorities shall from time to time prescribe.

[Deposit of costs before revision.]

Clause. 3. Before any revision shall be made, the applicant shall deposit, with the revising authorities, such amount as they may require to be deposited for the purpose of covering costs as hereinafter mentioned.

[Pending revision applicant liable to pay the duty.]

ACT No. XXXIV. OF 1860

An Act to indemnify Officers of Government and other persons in respect of fines and contributions levied, and acts done by them during the late disturbances.

[Preamble.]

WHEREAS fines and penalties have been imposed and levied by Officers of Government in respect of acts committed during the late disturbances; and whereas assessments and contributions have been made and collected for the reconstruction or repairs of public buildings destroyed or injured during the same period and for other purposes, and whereas it is expedient to indemnify all Officers of Government and other persons acting under the authority of Officers of Government from any penalties or proceedings to which they may have rendered themselves liable since the 10th day of May 1857 in respect of the said fines, penalties, assessments, and contributions, and of any other acts which may have been done by them, and which have been or shall be ratified by the Executive Government, and to confirm and make valid the levy of the said fines, penalties, assessments, and contributions, and the said acts; It is enacted as follows :—

[Certain fines, penalties, &c. imposed since 10th May 1857 to be deemed to have been duly imposed and levied. Proviso]

I. All fines, penalties, assessments, and contributions imposed since the 10th day of May 1857 in respect of the destruction or injury of Government or other property, or on any other account connected with the late disturbances by any Officer of Government, or by any person acting under the authority of an Officer of Government, shall be deemed to have been duly imposed and levied if the same shall have been levied in pursuance of an order of Government or shall have been or shall be

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬০ । ১৪ আগষ্ট ।]

[এই আইন আমলে আসিবার কথা ।]

৩ ধারা । মেটীলনামক উক্ত বসতি স্থানে ঐ প্রকার মজুরেরা যত কাল বাস করে তত কাল তাহারদের ভালমতে থাকায় ও ভারতবর্ষে তাহারদের ফিরিয়া আসিবার যে সকল বিধান ও নিয়ম হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর আবশ্যক জ্ঞান করেন সেই সকল বিধান ও নিয়ম করা গিয়াছে এই কথা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে তারিখে কলিকাতা গেজেট প্রকাশ করেন সেই তারিখঅবধি এই আইন মেটীলনামক উক্ত বসতি স্থানের সম্পর্কে চলন হইবেক ইতি ।

এম ওয়াইলি ।
কৌন্সেলের ক্লার্ক ।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ আগষ্ট ।

ভারতবর্ষের রাজস্থাপক কৌন্সেলের আরোকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২ আগষ্ট তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন । তাহা এইক্ষণে সকল লোকেরজানিবার জন্যে ছাপা হইতেছে ।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩৪ আইন ।

সম্প্রতিকার গোলযোগের কালে সরকারী কার্য্যকারক সাহেবেরা ও অন্য লোকেরা যে সকল জরীমানার ও চাঁদার টাকা আদায় করিলেন, ও যে২ কর্ম্ম করিলেন, তাহার নিমিত্তে তাঁহারদিগকে দায়হইতে মুক্ত করিবার আইন ।

[হেতুবাদ ।]

সম্প্রতিকার গোলযোগের কালে যে২ কার্য্য হইয়াছিল তাহার নিমিত্তে সরকারী কার্য্যকারক সাহেবেরা জরীমানার ও অর্থদণ্ডের হুকুম করিয়া তাহার টাকা আদায় করিয়াছেন, ও সেই কালে সরকারী যে২ ঘর নষ্ট হইয়াছিল কি যে২ ঘরের নোকসান হইয়াছিল, তাহা পুনরায় গাঁথিবার কি মেরামৎ করিবার নিমিত্তে ও অন্য২ কারণে লোকেরদের স্থানে চাঁদা ও টাক্স ধার্য্য হইয়া লওয়া গিয়াছে, ও উক্ত যে সকল অর্থদণ্ড ও জরীমানা ও টাক্স ও চাঁদা ও অন্য যে কোন কার্য্য করিয়াছেন, ও উক্ত যে২ কার্য্য কর্তৃক্ষ কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট মঞ্জুর করিয়াছেন কি করিবেন, এমত কর্ম্ম করাতে সরকারী কার্য্যকারক সাহেবেরা ও অন্য যে লোকেরা সরকারী ঐ কার্য্যকারক সাহেবেরদের আজ্ঞামতে কর্ম্ম করিয়াছেন তাঁহারা ১৮৫৭ সালের মে মাসের ১০ তারিখের পরে যে দণ্ডের যোগ্য হইতে পারেন ও তাঁহারদের উপর যে মোকদ্দমাপ্রভৃতি হইতে পারে তাহাহইতে তাঁহারদিগকে মুক্তকরা বিহিত । ও সেই জরীমানার ও দণ্ডের টাকা ও টাক্স ও চাঁদা আদায়ের কার্য্য ও উক্ত সকল কার্য্য মঞ্জুরকরা ও সিদ্ধ করা বিহিত । এই২ কারণে এই২ বিধান হইল ।

[১৮৫৭ সালের ১০ মে তারিখের পর যে২ জরীমানাপ্রভৃতির হুকুম হইয়াছিল তাহা উপযুক্তমতে আদায় হইয়াছে এমত জ্ঞান করিবার কথা ।]

১ ধারা । সরকারী কোন কার্য্যকারক সাহেব, কিম্বা সরকারী কোন কার্য্যকারক সাহেবের আজ্ঞামতে কোন লোক, ১৮৫৭ সালের মে মাসের ১০ তারিখের পর, গবর্ণমেণ্টের কি অন্য সম্পত্তি নষ্ট হইল কি ঐ সম্পত্তির নোকসান হইল বলিয়া কি সম্প্রতিকার গোলযোগসম্পর্কীয় অন্য কোন কারণে, যে সকল জরীমানা ও অর্থদণ্ড ও টাক্স ও চাঁদা বসাইয়াছেন, তাহা যদি গবর্ণমেণ্টের কোন আজ্ঞাক্রমে আদায় হইয়াছিল, কিম্বা কর্তৃক্ষ কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যদি তাহা মঞ্জুর করিয়াছেন কি করেন, তবে তাহা উপযুক্তমতে বসান গিয়াছে ও আ-

ratified by the Executive Government; and all Officers of Government and all persons acting under their authority are hereby indemnified and discharged from liability in respect of any such fines, penalties, assesaments, and contributions, and levying the same, and no suit or proceeding shall be commenced or prosecuted in respect thereof. Provided that nothing in this Act shall authorize the levy of any fine, penalty, assessment or contribution not already levied.

[Officers indemnified for certain acts done since 10th May 1857.]

II. All acts done since the 10th day of May 1857 in connection with the late disturbances by Officers of Government, or by persons acting under their authority or otherwise in pursuance of an order of Government, or which shall have been or shall be ratified by the Executive Government, are hereby confirmed and made valid; and all such Officers of Government and persons as aforesaid are hereby indemnified and discharged from liability in respect of such acts.

M. WYLIE,
Clerk of the Council.

THE 4TH AUGUST 1860.

THE following Act, passed by the Legialative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 2nd August 1860, and is hereby promulgated for general information:—

ACT No. XXXV OF 1860.

An Act relating to the Transportation of Convicts

[Preamble.]

WHEREAS it is expedient to provide that convicted offenders sentenced to transportation shall be transported to such places only as the Governor General of India in Council shall appoint; It is enacted as follows:—

[Place of transportation not to be specified in sentences.

I From and after the passing of this Act, whenever any person convicted of an offence which is punishable with transportation shall be sentenced by any Court within the British Territories in India to be transported, such Court shall not in its sentence specify the place to which such person shall be sent for the purpose of undergoing the sentence of transportation.

[Governor General in Council to appoint a place or places. Local Government to direct removal of persons sentenced to such place or places.]

II. It shall be lawful for the Governor General of India in Council from time to time to appoint a place or places within the British Territories in

দায় হইয়াছে এমত জ্ঞান হইবেক। ও সেই প্রকারের কোন জরীমানা কি অর্থদণ্ড কি টাক্স কি চাঁদা করার জন্যে ও আদায় করিবার জন্যে সরকারী সকল কার্য্যকারক সাহেবদিগকে ও তাঁহারদের আজ্ঞামতে যে সকল লোক কর্ম্ম করিয়াছেন তাঁহারদিগকে ইহাতে নির্দ্দোষ করা গেল ও দায়হইতে মুক্ত করা গেল, ও সেই জরীমানাপ্রভৃতির জন্যে তাঁহারদের নামে কোন মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কোন কার্য্য করা যাইতে কি চালান যাইতে পারিবেক না। কিন্তু যে কোন জরীমানা কি অর্থদণ্ড কি টাক্স কি চাঁদা এহার পূর্ব্বে আদায় না হইয়া থাকে তাহা আদায় করিবার ক্ষমতা এই আইনের কোন কথাতে হইবেক না ইতি।

[১৮৫৭ সালের ১০ মে তারিখের পর যে২ কার্য্য করা গেল তাহার কোন২ কার্য্যের নিমিত্তে কার্য্যকারকেরদের দায়হইতে মুক্ত হইবার কথা।]

২ ধারা। সম্প্রতিকার গোলযোগের সময়ে, সরকারী কার্য্যকারক সাহেবেরা কিম্বা কোন লোক গবর্ণমেণ্টের কোন আজ্ঞাক্রমে তাঁহারদের স্থানে হুকুম পাইয়া ১৮৫৭ সালের মে মাসের ১০ তারিখের পরে যে সকল কার্য্য করিয়াছেন, কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট উক্ত যে সকল কার্য্য মঞ্জুর করিয়াছেন কি করেন সেই সকল কার্য্য এহাতে বহাল ও সিদ্ধ করা গেল। ও পূর্ব্বোক্ত সকল সরকারী কার্য্যকারককে ও সকল লোককে সেই কার্য্য করাপ্রযুক্ত এহাতে নির্দ্দোষ করা গেল ও দায়হইতে মুক্ত করা গেল ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৪ আগষ্ট।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের আরীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ২ আগষ্ট তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সকল লোকের জানিবার জন্যে ছাপা হইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩৫ আইন।

বন্দুযানদিগকে দ্বীপান্তরে পাঠাইবার আইন।

[ছেড়ুবাদ।]

দোষ সাবুদ হইয়া যে অপরাধিরদিগকে দ্বীপান্তরে পাঠাইবার হুকুম হয়, তাহারদিগকে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যে স্থান নিরূপণ করেন, কেবল সেই স্থানে পাঠাইবার বিধান করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[যে স্থানে পাঠাইতে হইবেক তাহা দণ্ডাজ্ঞাতে না লিখিবার কথা।]

১ ধারা। যে অপরাধ হইলে দ্বীপান্তরে পাঠাইবার দণ্ড হইতে পারে কোন লোকের প্রতি কোন অপরাধ সাব্যস্ত হইয়া, যদি ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত কোন দেশের অন্তঃপাতি কোন আদালতের দ্বারা সেই লোকের দ্বীপান্তরে পাঠাইবার হুকুম হয়, তবে সেই দণ্ড ভোগ করিবার জন্যে ঐ লোককে যে স্থানে পাঠাইতে হইবেক তাহা, এই আইন জারী হইবার কালাবধি ঐ আদালতের দণ্ডাজ্ঞাতে নির্দ্দিষ্ট করিতে হইবেক না ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের স্থান নিরূপণ করিবার ও সেই স্থানে লোকেরদিগকে পাঠাইবার হুকুম স্থানবিশেষের গবর্ণমেণ্টের করিবার কথা।]

২ ধারা। যাহারদিগকে দ্বীপান্তরে পাঠাইবার হুকুম হয়, তাহারদিগকে ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের অন্তঃপাতি যে স্থানে কি যে২ স্থানে পাঠাইতে

India to which persons sentenced to transportation shall be sent: and the local Government of the Presidency or place in which such persons shall have been sentenced, or some Officer duly authorized by the local Government, shall give orders for their removal to the place or places so appointed.

[Provision for intermediate custody.]

III. In every case in which a sentence of transportation is passed, the person upon whom such sentence is passed, until he is transported, shall be dealt with in the same manner as if sentenced to imprisonment with hard labor, and shall be held to have been undergoing his sentence of transportation during the term of his imprisonment.

[Execution of sentences of transportation passed on persons already undergoing transportation under a previous sentence.]

IV. When sentence of transportation shall be passed on a person already undergoing transportation under a sentence previously passed for another offence, it shall not be necessary for the Government to order the removal of such person from the place in which he is so undergoing transportation

[Saving Clause]

V. Nothing in this Act shall effect the provisions of Act XXIV. of 1855 (*to substitute penal servitude for the punishment of transportation in respect of European and American Convicts, and to amend the law relating to the removal of such convicts*), or the provisions of any Act of Parliament passed in the United Kingdom of Great Britain and Ireland for punishing mutiny and desertion.

M. WYLIE,
Clerk of the Council.

হইবেক তাহা সময়ে২ নিরূপণ করিতে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক। ও যে রাজধানীতে কি স্থানে ঐ লোকেরদের ঐ দণ্ডাজ্ঞা হয় সেই রাজধানীর কি স্থানবিশেষের গবর্নমেণ্ট, কিম্বা ঐ গবর্নমেণ্টহইতে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক, ঐ বন্দুবানেরদের সেই নিরূপিত স্থানে পাঠাইবার বিধান করিবেন ইতি।

[ইহার মধ্যে তাহারদের কয়েদ রাখিবার বিধান।]

৩ ধারা। দ্বীপান্তরে পাঠাইবার হুকুম যখন হয় তখন ঐ দণ্ডের হুকুম যে লোকের উপর হয়, তাহাকে যত কাল দ্বীপান্তরে পাঠান না যায় তত কাল কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার হুকুম হওয়ার মতে তাহাকে লইয়া কার্য্য হইবেক। ও যত কাল সেই মতে কয়েদ থাকে তত কাল ঐ দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভুগিতেছে জ্ঞান হইবেক ইতি।

[কোন হুকুমমতে দ্বীপান্তরে দণ্ড ভুগিবার সময়ে দ্বীপান্তরে পাঠাইবার অন্য দণ্ড ভোগ করিবার কথা।]

৪ ধারা। কোন অপরাধের নিমিত্তে কোন লোক দ্বীপান্তরে পাঠান যাইবার কোন হুকুমমতে দণ্ড ভুগিতেছে এমন সময়ে যদি অন্য অপরাধের নিমিত্তে তাহাকে দ্বীপান্তরে পাঠাইবার অন্য হুকুম হয়, তবে সেই লোক প্রথম হুকুমমতে যে স্থানে দণ্ড ভুগিতেছে সেই স্থানহইতে তাহাকে অন্য স্থানে পাঠাইতে গবর্নমেণ্টের হুকুম করা আবশ্যক হইবেক না ইতি।

[অন্য আইন বহাল রাখিবার কথা।]

৫ ধারা। ১৮৫৫ সালের ২৩ আইনের, (অর্থাৎ "ইউরোপীয় ও আমেরিকা দেশীয় বন্দুবানেরদের দ্বীপান্তর প্রেরণ দণ্ডের পরিবর্ত্তে খাটনির দণ্ড নিরূপণ করণের, আর ঐ প্রকার বন্দুবানেরদিগকে স্থানান্তর করিবার আইন সংশোধন করিবার আইনের") ও রাজদ্রোহিতা করিবার ও পলায়ন করিবার দণ্ড নিরূপণের যে কোন আক্ট পারলিমেণ্ট গ্রেটব্রিটন ও আয়রলাণ্ড সংযুক্ত রাজ্যের মধ্যে জারী হয়, তাহার কোন বিধানের হানি এই আইনের কোন কথাতে হইবেক না ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

সদর দেওয়ানী আদালতের হুকুম।

LEAVES OF ABSENCE.

The 4th August, 1860.

The unexpired portion of the leave granted to Baboo Juggut Chunder, Moonsiff of Howlah, Zillah Chittagong, on the 19th March last, is hereby cancelled.

The 6th August, 1860.

Moulvie Ameenooddeen Ahmud, Moonsiff of Sooramookhy, Zillah West Burdwan, for two weeks, under Medical Certificate.

ERRATUM.

In the Gazette of the 12th June last, page 331, for *Fukeer Ahmed*, Moonsiff of Chuppye, read *Gour Chunder Mucoomdar*.

H. B. LAWFORD, *Register.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০ ১৪ আগষ্ট।]

ছুটী।

১৮৬০ সাল ৪ আগষ্ট।

চাটীগাঁ জিলাতে হোলার মুনসেফ শ্রীযুত জগৎচন্দ্র বাবু গত মার্চ মাসের ১৯ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ইহাতে রহিত হইয়াছে।

১৮৬০ সাল ৬ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ শ্রীযুত মৌলবী আমিনুদ্দিন আহমদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

অশুদ্ধ সংশোধন।

গত জুন মাসের ১২ তারিখের গেজেটের ৩৩১ পৃষ্ঠাতে "চাপাইয়ের মুনসেফ শ্রীযুত ফকীর আহমদ" এই নামের পরিবর্ত্তে "গৌরচন্দ্র মজুমদার" এই নাম পড়িতে হইবেক।

এচ বি লাকোর্ড। রেজিষ্টর।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the undermentioned allotments within the limits of the Twenty four Pergunnahs portion of the Soonderbuns will be sold at the Soonderbun Commissioner's Office at Allipore, on the 16th day of August 1860, corresponding with the 1st of Bhadro 1567, B. S. The sale will commence at 12 o'clock mid-day.

2nd. The highest bidder will be entitled to the grant on depositing, immediately after the sale, the full amount of the bid, on condition the sale is sanctioned by the higher authorities, otherwise the money will be refunded to the party without interest. On confirmation of the sale, the Pottah will be drawn up in the name of the purchaser, under orders of Government of the 21th September 1853, and will be made over to him after Registry in the Board's Office, and the purchaser will become the Grantee of the lands under the conditions prescribed in the Pottah, save and except such lands as may be required by Government for the manufacture of Salt.

3rd. It is further notified that intending purchasers who are desirous to inspect the Map of the Lots, or to obtain any information, connected with them, and their present condition, can have the same, by attending either personally, or through their Agents, at the Office of the Soonderbun Commissioner

4th. In all lots in which there are line Boundaries, the points from which they commence, and their direction will be pointed out to the Grantees, but it is to be understood that these Boundaries can only be accurately defined when the Grantees have cleared their grants sufficiently to enable the Government officers to do so.

J H REILY, *Soonderbun Commissioner.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July 1860.

Lots to be granted, District 24-Pergunnahs.

Nos. of Lot according Capt. Hodge's Map.	Estimated Area.	Remarks.
11	8,200	This lot is situated on the outer Soonderbun passage most of the lots near it are cultivated to some extent.
18	12,900	A compact lot with well defined Boundaries situated on the outer Sooderbun passage.
	South portion.	
19	1,800	This lot adjoins Zemindaree lands, the portion to be sold is consequently valuable.
99	21,900	This a good lot adjoins grants in which cultivation is in progress, it is situated near Zemindaree land in a part of the Soonderbuns where the land is sought after.
105	8,400	A good lot situated to the South of the above
106	20,000	A manageable lot, situated on the inner Soonderbun passage.
109	22,000	The lot is frequented by wood cutters it is situated on the inner Soonderbun passage and in the neighbourhood of lots in which cultivation is in progress
110	31,000	The West boundary of this lot is the well known and much frequented channel creek or Buratullah river, its East boundary is the outer Soonderbun passage shewn in Hodge's Maps and frequented by steamers.
	North portion.	
111	39,000	The original lot contains too large an area for ordinary Grantees, it has therefore been sub-divided. This the North portion is not far from Zemindaree lands, is situated on the outer Soonderbun passage, and is a valuable lot.
	South portion.	
111	21,000	The above remarks apply to this portion.
112	29,000	Situated on the outer Soonderbun passage.
113	26,000	Do. Do.
	North portion	
114	30,000	Sub-divided on account of its size being somewhat large for the generality of Grantees. This lot is advantageously situated, being approachable by both land and water, it is close to Zemindaree lands and adjoin cultivated lots.
	South portion.	
114	32,000	A portion of the above lot.
115	38,000	This is a very compact lot, with well defined natural boundaries, it is situated on the route to the Eastern Districts; cultivation is extending towards this part of the Soonderbuns.
123	27,000	This lot has the advantage of being situated on the banks of the Mutlah.
	North portion.	
127	17,000	Lot situated on the Mutlah in the neighbourhood of lands reserved by the Government for public purposes.
	South portion.	
127	21,000	The above remarks apply to this portion.
	North portion.	
128	30,000	This is a valuable lot, a portion of it has been reserved for public purposes. It is not far from the proposed terminus of the Mutlah Railway.
	South portion.	
128	29,000	The above remarks apply to this lot.

[*Government Gazette, 14th August, 1860.*]

138 17,000 . This is a good lot, it is situated on the inner Soonderbun passage and is of a manageable size.

J. H. REILY, *Commissioner in the Soonderbuns.*

Soonderbun Commissioner's Office, Allipore, the 27th July, 1860.

সুন্দরবনের কমিস্যানরি দপ্তরের এত্তাহার।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে মহামান্য সদর বোর্ডের আদেশমতে জেলা ২৪ পরগনার মোতালক সুন্দরবন সংক্রান্ত নিম্নের লিখিত লাটছায়ের ভূমি আলীপুর মোকামে সুন্দরবনের কমিস্যানরি কাছারিতে ইংরাজী সন ১৮৬০ সালের ১৬ আগষ্ট মোতাবেক সন ১২৬৭ সালের ১ ভাদ্র তারিখে বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে অতি উচ্চ মূল্য ডাকিবেক তিনি লাট পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় মূল্য দাখিল করিতে হইবেক পরে গবর্নমেণ্টের সন ১৮৫৩ সালের ২৪ সেপ্টেম্বর দিবসীয় রুলানুযায়ি পাট্টা তাহার নামে প্রস্তুত হইয়া সদর বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক এবং সরকারের লবণ প্রস্তুত জন্যে এই লাটছায়ের মধ্যে জমী লওয়ার প্রয়োজন হইলে তাহা ছাড়িয়া দিবার নিয়ম পাট্টায় লেখা যাইবেক পরন্তু আরো জানান যাইতেছে যে খরিদ্দা কি খ্যাত ব্যক্তিগণ কেহ ঐ সকল লাটের নক্‌শা দেখিতে চাহেন তবে স্বয়ং কিম্বা মোখ্তারের দ্বারায় কমিস্যানরের উক্ত মোকামের কাছারিতে যাইয়া দেখিতে পারেন এবং নীলামের অপর দেওয়া নীলামের সময় প্রকাশ করা যাইবেক আর যদিস্যাৎ এই নীলাম বোর্ড রিবিনিউর হুজুরে মঞ্জুর না হয় তবে খরিদের পণের টাকা বিনাসুদে ফেরত পাইবেক আর ইহাও জানান যাইতেছে যে যে সমস্ত লাটের ইরেজে নরি লাইনের দ্বারা সীমানা অবধারিত আছে ঐ লাইন যে স্থানহইতে আরম্ভ ও যে রোকে যাইবেক তাহা লাট দারানকে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া যাইবেক পরে লাটদারকর্ত্তৃক লাটের প্রয়োজনীয় ভূমি আবাদ হইলে ঐ সীমানা নিশ্চয়রূপে নিরূপণকরা যাইবেক ইতি সন ১৮৬০। তারিখ।

কাপ্তান হাজিস সাহেবের নক্‌শার লিখিত লাটের নং	আন্দাজী জমীর পরিমাণ	তৈফিয়ৎ
১১নং লাট	৮১০০/	অত্র লাট সুন্দরবনের বাহির রাস্তার নিকট এবং তাহার নিকটাবর্ত্তি লাট সকল আবাদ হইতেছে।
১৮ নং লাট	১২৯০০/	অত্র লাট উত্তমরূপে নিরূপিত সীমানাভুক্ত ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১৯ নং লাট	১৮০০০/	এই লাট জমীদারীর ভূমির সংলগ্ন থাকাবিধায় তাহার গৌরব হইয়াছে
দক্ষিণ খণ্ড ৯২ নং লাট	১১৯০০/	উত্তম লাট গ্রাস আবাদী লাটছায়ের সংলগ্ন এবং জমীদারীর ভূমির নিকটাবর্ত্তি এবং সুন্দরবন মোতালকের ঐ স্থানের ভূমিসকল অনেকে পাইতে আকাঙ্ক্ষা করে।
১০৫ নং লাট	৮৪০০/	অত্র লাট উত্তম এবং উপরোক্ত লাটের দক্ষিণস্থিত।
১০৬ নং লাট	১০৯০০/	অত্র লাট আবাদের উপযুক্ত এবং সুন্দরবনের ভিতর রাস্তার পার্শ্বস্থ বটে
১০৯ নং লাট	১২০০০/	বাওয়ালিগণ সর্ব্বদা অত্র লাটে কাষ্ঠ কাটনাশয় গমনাগমন করিয়া থাকে এবং এই লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ ও যে সকল লাট আবাদ হইতেছে তাহার নিকটাবর্ত্তী।
১১০ নং লাট	৩১০০০/	এই লাটের পশ্চিম সীমানা বিখ্যাত বারাতলার খাল পূর্ব্ব সীমানা সুন্দরবনের বাহির রাস্তা. পং দ্বারায় ইষ্টিমার গমনাগমন হয়।
১১১ নং লাট উত্তর খণ্ড	৩৯০০০/	সমুদয় লাট অত্যন্ত বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারা আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে অত্র খণ্ড জমীদারীর ভূমির নিকটবর্ত্তী ও সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১১ নং লাট দক্ষিণ খণ্ড	১১০০০/	ঐ
১১১১ নং লা	১৯০০০/	সুন্দরবনের বাহির রাস্তার পার্শ্বস্থ।
১১৩ নং লাট	১৬০০০/	ঐ
১১৪ নং লাট উত্তর খণ্ড	৩০০০০/	সমুদয় লাট অতিশয় বৃহৎ সাধারণ গ্রাণ্টীর দ্বারায় আবাদ হওয়া সুকঠিন বিবেচনায় বিভাগ করা হইয়াছে এই লাটের অবস্থা এইরূপ উত্তম যে উত্তম জল ও স্থল পথে গমনাগমন করা যাইতে পারে এবং জমীদারীর ভূমি ও আবাদী লাটের নিকটাবর্ত্তী।
১১৪ নং লাট দক্ষিণ খণ্ড	৩১০০০/	উপরোক্ত লাটের দ্বিতীয় খণ্ড।
১১৫ নং লাট	৩৮০০০	অত্র লাট স্বাভাবিক সীমানার বহিতে এবং পূর্ব্ব দেশে গমনাগমনের রাস্তার পার্শ্বস্থ ও ঐ অঞ্চল ক্রমশ আবাদ হইয়া আসিতেছে।
১১৬ নং লাট	১৭০০০/	এই লাট প্রসিদ্ধ মাতলা নদীর তীরস্থ।
১১৭ নং লাট উত্তর খণ্ড	১৭০০০/	অত্র লাট মাতলা নদীর তীরস্থ এবং গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল ভূমি সরকারী কার্য্যের নিমিত্ত রাখিত হইয়াছে তাহার নিকটাবর্ত্তী।
১১৭ নং লাট দক্ষিণ খণ্ড	১১০০০/	ঐ
১১৮ নং লাট উত্তর খণ্ড	৩০০০০/	এই লাটের কিয়দংশ সরকারী কার্য্যের নিমিত্তে সরকারে রাখা হইয়াছে এবং মাতলার রেলরোড যে স্থানে শেষ হইবেক তাহার নিকটাবর্ত্তী থাকায় এই লাটের গৌরব হইয়াছে।
১১৮ নং লাট দক্ষিণ খণ্ড	১৯০০০/	ঐ
৩৮ নং লাট	১৭০০০/	উত্তম লাট সুন্দরবনের ভিতরের রাস্তার পার্শ্বস্থ এবং সহজেই আবাদ হইতে পারিবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৪ আগষ্ট।]

SALT.

নেমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেণ্ট গোলাস্তক্তি বাবৎ লাগাদ ৩১ জুলাই সন ১৮৬০ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নেমকের।

এজেন্সীর নাম।	সন ১২৬৪ সাল অথবা ১৮৫৭।৫৮ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭।৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮।৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবক ইং ১৮৫৯ ৬০ সাল	মৌজুদ নেমকের একুন। পাঙ্গা	করকচ	মোটএকুন
হিজলী।							
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।	•	৪৬৮/	৪৬৬ ॥৩ ॥	১,৪৩,৮৩০/	১,৪৪,৭৬৪ ॥৩ ॥	•	১,৪৪,৭৬৪ ॥৩ ॥
ঐ কৃষ্ণনগর।	•	৫,৬১৮/ ৬॥	২৫,৩৬২ ।০ ॥	২,০৬,২৫৩/	২,৩৭,২৩৩ ।৭	•	২,৩৭,২৩৩ ।৭
ঐ রামনগর।	৩৸০	•	২৪,৩৮৫৸০	১,৫৪,৯৩৯/	১,৭৯,৩২৮ ॥০	•	১,৭৯,৩২৮ ॥০
ঐ কালীনগর।	•	•	৬১,৭৮৪৸৮৸	২,০৪,১৩৪/	২,৬৫,৯১৮৸৮৸	•	২,৬৫৯১৮৸৮৸
ঐ পুরীঘাটা।	•	•	২,৬৩৬/	৯৫,০১৯/	৯৭,৬৫৫/	•	৯৭,৬৫৫/
একুন।	৩৸০	৬,০৮৬/ ৬॥	১,১৪,৬৩৫ ॥২৸	৮,০৪,১৭৫/	৯,২৪,৯০০ ।৯।	•	৯,২৪,৯০০ ।৯।
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর	•	•	•	৪,১৯,২৬৮/ ১৶	৪,১৯,২৬৮/ ১৶	•	৪,১৯,২৬৮/ ১৶
একুন।	•	•	•	৪ ১৯,২৬৮/ ১৶	৪,১৯,২৬৮/ ১৶	•	৪,১৯,২৬৮/ ১৶

এজেন্সীর নাম।	সন ১২৬৪ সাল অর্থাৎ ১৮৫৭। ৫৮সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবক ইং ১৮৫৯। ৬০ সাল	মৌজুদ নেমকের একুন।		
					পাঙ্গা	করকচ	মোট একুন।
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক বাগখালি ঘাট।	•	•	১,০৪৬ ॥০	•	১,০৪৬ ॥০	•	১,০৪৬ ॥০
ঐ সদর ঘাট এজেন্সী।	•	•	•	৩,০০০,০০/	৩,০০,০০০/	•	৩,০০,০০০/
ঐ আরাকিন।	•	•	•	১৯,৫৯৪ ॥০	১৯,৫৯৪ ॥০	•	১৯,৫৯৪ ॥০
করকচ মাস্ত্রাজ	৬,৬৯১ ॥০	৭৩,৩৬২ ॥২।	১,৪৩,১৯১ ॥০	১,১৯,৮৪৩/৫	•	৩,৪৩,০৮৮ ॥৭।	৩,৪৩,০৮৮ ॥৭।
একুন।	৬ ৬৯১ ॥০	৭৩,৩৬২ ॥২।	১,৪৪,২৩৮/	৪,৩৯,৪৩৭ ॥৫	৩,২০,৬৪১/	৩,৪৩০৮৮ ॥৭।	৬,৬৩,৭২৯ ॥৭ ॥
শালিখা							
পাঙ্গা নেমক কটক।	•	•	১,১১,৫০৩/	•	১,১১,৫০৩/	•	১.১১,৫০৩/
ঐ বালেশ্বর।	•	৭,১২৩/	৬২,০৮৪ ॥০	•	৬৯,২০৭ ॥০	•	৬৯,২০৭ ॥০
ঐ খোরদা।	•	•	৫,০৩০/	•	৫,০৩০/	•	৫,০৩০/
ঐ চিলকা।	•	৪৭২/	৪৮,১৩০/	•	৪৮,৬০২/	•	৪৮,৬০২/
ঐ নারায়ণপুর।	১৯,০৫০/০	•	•	•	১৯,০৫০ ॥০	•	১৯,০৫০ ॥০
ঐ কৃষ্ণনগর।	•	•	৭,১০৬/	•	৭.১০৬/	•	৭,১০৬/
ঐ পুরী ঘাটা।	•	৩৬৪/	১৫,৫২২/	•	১৫,৮৮৬/	•	১৫,৮৮৬/
ঐ রামনগর।	২,৫৬৯/	১,৩৩১/	২,৮৩৫/	•	৬,৭০৫/	•	৬,৭০৫/
মিশ্রিত পাঙ্গা নেমক।	•	১১/	•	•	১১/	•	১১/
করকচ মাস্ত্রাজ পরমিট।	৮,৭৬,৩৫৮৹	•	•	২,৪০৪ ॥০	•	৮,৭৮,৭৬৩ ।০	৮,৭৮,৭৬৩ ।০
ঐ চিলকা।	১,৬২,৯৪৬ ॥০	২১,২৫৩/	৭৮,৯২১/	•	•	২,৬৩,১২০ ॥০	২,৬৩,১২০ ॥০
মিশ্রিত করকচ।	•	•	২,৯০০/	•	•	২,৯০০/	২,৯০০/
একুন।	১০,৬০,৯২৪৮০	৩০,৫৫৪/	৩,৩৪,০৬১ ॥০	২,৪০৪ ॥০	২,৮৩,১৬১/	১১ ৪৪,৭৮৩৮০	১৪,২৭,৯৪৪৮০
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।	•	•	৭০,৯০৯/	৭,৪৮৯/	৭৮,৩৯৮/	•	৭৮,৩৯৮/
একুন।	•	•	৭০,৯০৯/	৭,৪৮৯/	* ৭৮,৩৯৮/	•	৭৮,৩৯৮/
মোট একুন।	১০,৬৭,৬১০/	১,১০,০০২ ॥৮৸	৬.৬৩,৮৪৪/২৸	১৬,৭২,৭৭৪/৬৶	২০,২৬,৩৬৮ ॥০ ।৶	১৪,৮৭,৮৭২ ।৭।	৩৫,১৪,২৪০৸৭ ॥৶

* এই নেমকের অন্দরে অনেক পরিমাণ নেমক বিক্রয় হইয়াছে

ই টি টুবর। সেক্রেটারী।

OPIUM.

আফিম

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ৫ সেপ্টেম্বর বুধবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮। ৫৯ সালের পয়দায়শী আফিমের নবম নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১০ এবং ২০ সেপ্টেম্বর এই দুই দিন ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিষরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবজেজরর সাহেবের দস্তখতী ডেলিবরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১০ সেপ্টেম্বর সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্তের পুর টাকার দরুণ কোন ডেলিবরি রসিদ সন ১৮৬০ সালের ২০ সেপ্টেম্বর বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদারু আফিম দেওয়ার ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখদারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন:

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	৩	অক্টোবর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
					৩৮১৫	১৫২৯	৫৩৪৪

বিশেষ তাং হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ৩ আগষ্ট

এচ্ এল ডাম্পিয়র। এক্টিং সেক্রেটারী।

মেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আমার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য সত্বর হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপশের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদিগের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

দেওয়ানী ও রেবিনিউগাইড।

অর্থাৎ ইংরাজী ১৭৯৩ সালহইতে ১৮৬০ সালপর্য্যন্ত যে সকল আইন কানেক্টকরন ও সাধারণ লিপি প্রচলিত হইয়াছে তন্মধ্যহইতে রহিত ব্যতীত সমুদয় আইন কানেক্টাকরন ও সাধারণ লিপি এবং সংস্কৃত দায়ভাগ ব্যবস্থা, দত্তক মীমাংসা ও দত্তক চন্দ্রিকাপ্রভৃতি বঙ্গানুবাদ সম্বলিত শ্রীযুক্ত বাবু গোপীনাথ মৈত্র মুন্সেফ মহাশয়ের সহায়তায় অস্মদীয় "বিদ্যারত্ন যন্ত্রে" উক্ত পুস্তক ১১৪০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে ও উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইয়াছে গ্রহণাকাঙ্ক্ষি মহাশয়েরা চিতপুর রোড বটতলায় ২৪৬ নং বাটীতে উপরোক্ত যন্ত্রে তত্ত্ব করিলে কিম্বা পত্র প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন মূল্য ১২৲ বার টাকা, বিদেশীয় গ্রহণাকাঙ্ক্ষি মহাশয়েরা মূল্যের সহিত ডাক মাসুল প্রেরণ করিবেন এবং আমার নামাঙ্কিত মোহর ব্যতীত কেহ এই পুস্তক ক্রয় করিবেন না ইতি।

শ্রীহেমাধব দে।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে বিজ্ঞাপন করা যাইতেছে যে সন ১৮৬০ সালের ৩২ আইন অর্থাৎ ইনকম টেক্স আইনের বাঙ্গলা তরজমা ছাপা হইতেছে অতি অল্পের প্রস্তুত হইবেক গ্রহণেচ্ছুক মহাশয়েরা সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীযুত বাবু অনুকূলচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের নিকট তত্ত্ব করিলে বা মূল্যসহকারে পত্র পাঠাইলে পাইতে পারিবেন মূল্য ১৲ টাকা মাত্র।

বিজ্ঞাপন।

যদ্যপি ১০ ও ১৭ জুলাইয়ের গেজেটে মরব্যবহার সংহিতা বঙ্গভাষার একখানি মাসিক পত্রিকা, ২৮ জুলাই তারিখে প্রথম প্রকাশ করার বিজ্ঞাপন দেওয়া গিয়াছে, কিন্তু মহরমেতে কাছারী বন্দ থাকাপ্রযুক্ত ঐ তারিখে প্রচার হয় নাই। ২৮ আগষ্ট তারিখে ঐ পত্রিকা প্রথম প্রচার হইবে। প্রতিমাসের গবর্ণমেণ্ট গেজেটে যে সমস্ত আইন ও সরক্যুলর অর্ডরাদি প্রকাশিত হইবে, তাহা সমুদয় উক্ত পত্রিকাতে প্রকটিত হইবেক অন্যান্য মাসের পত্রিকা তৎপর মাসের ১৫ তারিখের পূর্ব্বে প্রকাশ হইবেক। এই পত্রিকা যে, আইনব্যবসায়িদের নিতান্ত প্রয়োজনীয়, তাহা পত্রিকা পাঠে অবিদিত থাকিবে না। ইহার বার্ষিক অগ্রিম মূল্য ৪৲ টাকা নচেৎ ৫৲ টাকা দিতে হইবেক। যাঁহারা গ্রহণেচ্ছুক হইবেন ঢাকা বাঙ্গলা যন্ত্রে পত্র পাঠাইলেই আমি পত্রিকা প্রেরণ করিব।

শ্রী রামচন্দ্র শর্ম্ম ভৌমিক। উকীল ঢাকা সদর আমীন।

বিজ্ঞাপন।

আমি ইনকম টাক্সের নূতন আইন অর্থাৎ আয়ের উপর কর নিরূপণবিষয়ক ১৮৬০ সালের ৩২ আইন বঙ্গভাষায় পুস্তকাকারে মুদ্রাঙ্কন আরম্ভ করিলাম অচিরে সমাপন হইবে। যিনি আগষ্ট মাসের মধ্যে ঢাকা বাঙ্গলা যন্ত্রে কি সদর আমীন আদালতে আমার নিকট মূল্য পাঠাইবেন তিনি ডাক মাসুল ব্যতীত ১৲ টাকা মূল্যে উক্ত পুস্তক পাইতে পারিবেন। নচেৎ প্রতিপুস্তকের মূল্য ১৷৷০ টাকা নিশ্চয় দিতে হইবেক। পরন্তু গ্রহণেচ্ছুক মহাশয়েরা অনেকে একত্রিত হইয়া নোট কি হুণ্ডী পাঠাইলে, অথবা যাঁহারা তাহাতে অশক্ত হইবেন তাঁহারা অর্দ্ধ১ আনার ডাক ইষ্টাম্প পাঠাইলেও আমি গ্রহণ করিব ইতি।

শ্রীরামচন্দ্র শর্ম্ম ভৌমিক। উকীল ঢাকা সদর আমীন।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 21, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২১ আগষ্ট।

ACT.

Act No. XXXII. of 1860.

Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 505.]

PART VII.

"Rules under Schedule" 1.

[Assessment of Duties imposed under Schedule 1.]

XCVII. The Duties hereby imposed and contained in Schedule I. shall be assessed and charged under the following Rules, that is to say :—

SCHEDULE 1.

[Profits of lands paying revenue direct to Government under settlements subject to revision, to be estimated at one-third the Government Revenue.]

Rule 1. The annual profits of the proprietors or holders of lands paying revenue direct to Government, not under any permanent settlement, but under any settlement liable to revision or alteration, shall be estimated at *one*-third of the annual amount of revenue payable to the Government. The owners or holders of such lands shall be chargeable with the amount of the annual profits so estimated.

[Assessment upon such lands may be reduced on proof that the profits realized are less than one-third the Government Revenue.]

Rule 2. If any owner or holder of lands included in Rule 1 shall prove to the satisfaction of the Collector or Commissioners, that the actual annual profits received by him from the said lands are less in value than one-third the annual amount of revenue payable in respect of the said lands, the Collector or Commissioners shall reduce accordingly the annual amount of Duty with which such owner or holder is chargeable.

[*Government Gazette*, 21*st August*, 1860.]

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জ্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাইবার আইন।

[৫০৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

সপ্তম অধ্যায়।

১ নম্বরের তফসীলমতের বিধি।

[১ নম্বরের তফসীলমতে যে টাক্স লাগে তাহা বসাইবার কথা।]

৯৭ ধারা। ১ নম্বরের তফসীলের লিখিত যে টাক্স এই আইনমতে ধরা যায়, তাহা বসাইবার ও ধার্য্য করিবার এই২ বিধি, অর্থাৎ

১ নম্বরের তফসীল।

[যে বন্দোবস্তের পরিবর্ত্তন হইতে পারে এমত বন্দোবস্তের যে জমীর মালগুজারী সরকারে আদায় হয় তাহার লাভ সরকারের মালগুজারীর তিন ভাগের এক ভাগের হিসাবে ধরিবার কথা।]

১ বিধি। সদর মালগুজারীর যে জমীর ইস্তমরারী বন্দোবস্ত না হইয়া, যাহা সংশোধন কি পরিবর্ত্তন হইতে পারে এমত বন্দোবস্ত হয়, সেই জমীর মালিকেরদের কি মকীলকারেরদের বৎসরের লাভ ঐ জমীর সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশপর্য্যন্ত ধরা যাইবে। সেই হিসাবমতের ঐ বার্ষিক লাভের উপর ঐ জমীর মালিকেরদের কি মকীলকারেরদের টাক্স ধার্য্য হইবে।

[ঐ লাভ সরকারের মালগুজারীর তিন অংশের এক অংশের কম হয়, ইহার প্রমাণ হইলে, ঐ জমীর টাক্স কম করিবার কথা।]

২ বিধি। ১ বিধিতে যে জমীর কথা আছে তাহাহইতে বৎসরে যে লাভ নিতান্ত হয়, তাহা ঐ জমীর সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশের কম হয়, এই কথার প্রমাণ যদি ঐ জমীর মালিক কি মকীলকার কালেক্টর সাহেবের কিম্বা কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করিতে পারেন, তবে ঐ মালিকের কি মকীলকারের বৎসরের টাক্স ঐ কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনর সাহেবেরা তদনুসারে কম করিয়া ধরিবেন।

[Upon application to reduce, holder if he fails liable to be charged with excess of profits above one-third of the Government Revenue.]

Rule 3. If any such owner or holder shall object, either before the Collector or the Commissioners, to be charged with the annual value at the rate of one-third the annual amount of revenue payable on the said lands, he shall be bound to make all the returns and declarations, and be subject to the same rules as the owners or holders of lands mentioned in the following rules; and if it shall appear to the Collector or to the Commissioners that the annual profits arising from the said lands are more in value than one-third of the said annual amount of the said Government Revenue, the Collector or the Commissioners shall charge such owner or holder with such increased annual value of the profits, and he shall be charged double Duty in respect thereof.

[All persons in receipt of rents and profits of lands and houses not included in Rule 1, to make returns, and to be chargeable with actual profits.]

Rule 4. All persons in the actual receipt, whether as owners or not, of any rents or profits arising out of any lands or houses not included in the said first general rule whether paying revenue to the Government or not, shall return and deliver, as aforesaid, a statement of all the several estates, tenures, sub-tenures, lands, and houses held by them, and of the nature of such estates, tenures, and sub-tenures, and of the amount of the rents and profits whereof they shall be in receipt as aforesaid, under any title whatever, and in whatever District situated, and of the rents and profits of whatsoever nature or kind, received and receivable by them on account of every such separate estate, tenure, sub-tenure, lands, and houses as the rent or profits payable for the preceding year, that is to say, the revenue-year immediately preceding the year of assessment, and shall be chargeable upon the annual amount of such rents and profits. Every return required by this Section shall be accompanied by a rent roll containing the name of every person, to whom such lands or houses or any part thereof are underlet by the person making such return and the amount of rent payable in every such case, and every such return and rent-roll shall be filed in the Collector's office and shall be conclusive evidence against the person making such return in any suit for the recovery of rent as to the amount payable by any tenant included in such rent-roll for the period to which such return applies, and shall also be conclusive evidence against him in all other actions or suits, unless it shall be proved to the satisfaction of the Court or Officer before whom such return and rent-roll is offered in evidence, that any statement contained therein is erroneous, and that the error arose from accident and not from any fraudulent intention,

[কিন্তু করিবার প্রার্থনা হইলে, যদি ঐ প্রমাণ না হয়, তবে সরকারের মালগুজারীর তিন অংশের এক অংশের অধিক প্রাপ্তির উপর টাক্স ধরিবার কথা।]

৩ বিধি। সেই প্রকারের কোন মালিক কি দখীলকার যদি ঐ কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবেরদের সম্মুখে ঐ জমীর সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশের হিসাবে আপন প্রাপ্তি ধরিবার বিষয়ে আপত্তি করেন, তবে ইহার পশ্চাৎ লিখিত বিধিমতে মালিকেরদের কি দখীলকারেরদের যে২ ফর্দ্দ দিবার প্রস্তুত করিতে ও যে বিধি মানিতে হইবেক, তাঁহারা তাহা করিতে ও সেই বিধি মানিতে হইবে। আর ঐ জমীহইতে বৎসরে যে লাভ হয় তাহা সরকারে প্রাপ্য উক্ত সালিয়ানা মালগুজারীর তিন অংশের এক অংশের অধিক হয় কি না যদি ঐ কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা দেখিতে পান, তবে ঐ কালেক্টর সাহেব কিম্বা ঐ কমিসানর সাহেবেরা ঐ মালিকের কি দখীলকারের ঐ অধিক বার্ষিক প্রাপ্তি ধরিবেন, ও সে অধিক টাকার উপর তাঁহার দ্বিগুণ টাক্স ধার্য্য হইবে।

[১ বিধির মধ্যে যে জমী ও ঘর আইসে না তাহার খাজানা ও ভাড়া ও প্রাপ্তি যে জন আদায় করেন, তাহার ফর্দ্দ দিবার ও যথার্থ প্রাপ্তির টাক্স তাঁহার উসাঁলিবার কথা।]

৪ বিধি। উক্ত প্রথম সাধারণ বিধির মধ্যে যে কোন ঘর কি জমী না আইসে, সেই জমী সদর মালগুজারীর হউক কি না, তাহার খাজানা কি ভাড়া প্রাপ্তি যাঁহারা আদায় করিয়া থাকেন তাঁহারা স্বরূপে কি অন্য ভাবে তাহা আদায় করুন, তাঁহার দখলে যে সকল মহাল ও তালুক ও পেটাও তালুক, জমী ও ঘর থাকে তাহার, ও সেই মহাল ও তালুক ও পেটাও তালুক যে প্রকারের হয়, ও সেই মহাল প্রভৃতি যে কোন জিলাতে হউক তাহার যত টাকা খাজানা ও ভাড়া ও প্রাপ্তি যে কোন প্রকারের পাট্টামতে পূর্ব্বোক্তরূপে পাইয়া থাকেন তাহার, ও পূর্ব্ব বৎসরের, অর্থাৎ টাক্স ধার্য্য করিবার বৎসরের অব্যবহিত পূর্ব্বে মালগুজারীর যে সন গত হইয়াছে সেই সনের প্রাপ্য খাজানা কি ভাড়া কি প্রাপ্তি বলিয়া তাঁহারা উক্ত এক২ মহাল ও তালুক ও পেটাও তালুক ও জমী ও ঘরের বাবৎ যে কোন প্রকারের কি ভাবের যত খাজানা ও ভাড়া ও প্রাপ্তি পাইয়াছেন ও পাইতে পারেন, তাহার কৈফিয়ৎ লিখিয়া পূর্ব্বোক্তমতে দিবেন, ও উক্ত খাজানা ও ভাড়া ও প্রাপ্তির যত টাকা বৎসরে হয় তাহার উপর তাঁহারদের টাক্স লাগিবে। এই ধারামতে যে ফর্দ্দ দিবার আজ্ঞা হয় তাহার সঙ্গে খাজানার ফর্দ্দ দিতে হইবে। অর্থাৎ যে জনের ঐ ফর্দ্দ দিতে হইবেক তিনি ঐ জমী কি ঘর কি তাহার কোন অংশ যে প্রজারদিগকে খাজানা কি ভাড়া করিয়া দিয়াছেন তাহারদের নাম, ও যে জন যত খাজানা কি ভাড়া দিয়া থাকে তাহার ফর্দ্দ দাখিল করিবেন। ও সেই ফর্দ্দ ও খাজানার ফর্দ্দ কালেক্টর সাহেবের কাছারীতে রক্ষা করিয়া রাখা যাইবে। পরে সেই লোক খাজানা পাইবার জন্যে কোন মোকদ্দমা করিলে, ঐ ফর্দ্দেতে রায়তের নামে যত খাজানা লেখা আছে সে তত খাজানা সেই ফর্দ্দ করিবার সময়ে দিত, ঐ ফর্দ্দই এই কথার সিদ্ধান্ত প্রমাণ হইবে, ও অন্য সকল দাবীর নালিশে ও মোকদ্দমাতে সেই ফর্দ্দ ঐ কথার সিদ্ধান্ত প্রমাণ হইবে। কিন্তু ঐ ফর্দ্দের লিখিত কোন কথার ভুল হইয়াছে ও সেই ভুল দৈবাৎ হইয়াছে, প্রতারণার কোন অভিপ্রায়ে নয়, ঐ ফর্দ্দ ও খাজানার ফর্দ্দ যে আদালতে কি যে কার্য্যকারকের সম্মুখে প্রমাণস্বরূপে দেওয়া যায়, তাঁহার সন্তোষমতে যদি ঐ কথার প্রমাণ করা যায়, তবে ঐ

in which case the said Court or Officer shall not be bound to treat the same as conclusive.

[Provision as to co-sharers.]

Rule 5. Every such person as aforesaid who shall not receive for his own sole use and benefit the whole rents and profits of any such estate, tenure, sub-tenure, lands, or houses as aforesaid, shall state in his said return, to the best of his knowledge and belief, the name of every other person having a share therein, the extent of the respective shares of such persons, and the amount of rents and profits received by them for their own use and benefit. Any two or more persons being sharers in any estate, tenure, sub-tenure, lands, or houses may render a joint return to the above effect, in which they shall specify their respective shares.

[Assessment after deducting land revenue or rent.]

Rule 6. *Clause* 1. In returning such rents and profits the gross amount received and receivable during the preceding year shall be fully stated, but if the person receiving or entitled to receive the same be himself liable to pay, in respect of any land or house, any land revenue to Government or any rent to any superior landlord, he shall state in his return the amount of such Revenue and rent, and the name of the person to whom the rent is payable, and shall be charged, with the said Duties on his rent and profits whether received or not, after deducting the amount of such land revenue or of the rent so payable by him to such superior landlord.

[Assessment without deduction.]

Clause 2. Or at the option of the Collector or Commissioners, he may be charged with the Duties on the rent and profits without making any such deduction on account of land revenue or rent.

[Person so assessed may deduct from superior landlord.]

Clause 3. Whenever any person shall pay the said Duties on the rent or profits of any land or house without deduction on account of any land revenue or rent payable by him in respect of such house or land, he shall have a right to deduct from any revenue or rent payable by him, as the case may be, a sum equal to the amount of the Duty computed upon such revenue or rent.

[Payment deemed a payment to Government by the person from whom deduction is made.]

Clause 4. A deduction from revenue or rent under the provisions of this Act sha... ... deemed a payment to Government by the person from whom the deduction is made of the amount so deducted.

[*Government Gazette*, 21*st August*, 1860.] 3 U 2

আদালত কি ঐ কার্য্যকারক সেই ফর্দ্দ সিদ্ধান্ত প্রমাণ-স্বরূপে গ্রাহ্য করিতে বদ্ধ হইবেন না।

[শরীকেরদের বিষয়ি বিধি।]

৫ বিধি। পূর্ব্বোক্তমতের কোন মহাল কি তালুক কি পেটাও তালুক কি জমী কি ঘরহইতে যে খাজানা ও ভাড়া ও প্রাপ্তি হয় তাহার সমুদয় যদি উক্ত প্রকারের লোক একলা নিজ ব্যবহারের ও লাভের নিমিত্তে না পান, তবে অন্য যত জনের তাহাতে স্বত্ব থাকে তাঁহারদের নাম, ও যাঁহার যত হিস্যা হয়, ও তাঁহারদের এক২ জন ঐ খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির যত টাকা আপন ব্যবহারের ও লাভের নিমিত্তে পান, এই সকল কথা ঐ লোক আপন জ্ঞান ও বিশ্বাসমতে ঐ ফর্দ্দেতে লিখিবেন। দুই কি তাহার অধিক লোক কোন মহালের কি তালুকের কি পেটাও তালুকের কি জমীর কি ঘরের স্বত্বদার হইলে, তাঁহারা একত্র এ মর্ম্মের এক ফর্দ্দ দাখিল করিতে পারিবেন, তাহাতে আপনং স্বত্ব বিশেষ করিয়া লিখিবেন।

[খাজানা কি ভাড়া বাদ দিয়া টাক্স ধরিবার কথা।]

৬ বিধি। ১ প্রকরণ। ঐ খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির ফর্দ্দ লিখিবার সময়ে, গত বৎসরে যত পাইয়াছেন ও পাইতে পারেন তাহার কিছুই বাদ না দিয়া তাহার মোট সম্পূর্ণরূপে লিখিবেন। কিন্তু যে জন তাহা পান কি পাইতে পারেন তাঁহার যদি কোন জমীর কি ঘরের বাবতে সরকারে কিছু জমা দিতে হয়, কি উপরিস্থ কোন জমীদারকে কিছু খাজানা কি ভাড়া দিতে হয়, তবে তদ্রূপ যত জমা কি খাজানা কি ভাড়া তাঁহার দিতে হয় ও সেই খাজানা কি ভাড়া যাঁহাকে তাঁহার দিতে হয় তাঁহার নাম তিনি ঐ ফর্দ্দে লিখিবেন। পরে তাঁহার যত টাকা মালগুজারী দিতে হয়, কিম্বা ঐ উপরিস্থ জমীদারকে তাঁহার যত টাকা খাজানা কি ভাড়া দিতে হয়, তত বাদ দিয়া অবশিষ্ট খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির উপর তাঁহার ঐ টাক্স ধরা যাইবেক, তিনি এ টাকা আদায় করুন কি না করুন ধরা যাইবেক।

[বাদ না দিয়া টাক্স ধরিবার কথা।]

২ প্রকরণ। কিম্বা কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের ইচ্ছা হইলে, তাঁহার এ মালগুজারীর কি খাজানার কি ভাড়ার কিছু বাদ না দিয়া, ঐ খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির উপর ঐ টাক্স ধরা যাইতে পারিবে।

[যাঁহারদের টাক্স এইমতে ধরা যায়, তাঁহারদের উপরিস্থ জমীদারের পাওনা টাকাহইতে তাহা বাদ দিবার কথা।]

৩ প্রকরণ। কোন জমীর কি ঘরের নিমিত্তে কোন লোকের যে মালগুজারী কি খাজানা কি ভাড়া দিতে হয় তাহার বাবৎ কিছু বাদ না দিয়া যদি কোন লোক এ জমীর কি ঘরের খাজানার ও ভাড়ার ও প্রাপ্তির উপর ঐ টাক্স দেন, তবে ঐ মালগুজারীর কি খাজানার কি ভাড়ার উপর ঐ টাকসের হিসাব করিয়া যত টাকা হয় তত টাকা আপনার দেনা মালগুজারীহইতে কি বিশেষ আপনার দেনা খাজানা কি ভাড়াহইতে তিনি কাটিয়া লইতে পারিবেন।

[যাঁহার স্থানে ঐ টাকা কাটিয়া লওয়া যায় তাঁহার ঐ টাকা সরকারে দিবার মত জ্ঞান হইবার কথা।]

৪ প্রকরণ। এই আইনের বিধানমতে যখন মালগুজারী কি খাজানা কি ভাড়াহইতে কিছু কাটিয়া লওয়া যায়, তখন যাঁহার স্থানে যত টাকা কাটিয়া লওয়া গেল তাঁহার তত টাকা গবর্ণমেণ্টে দেওয়া হইল জ্ঞান হইবে।

[All other persons occupying lands to return and be charged with actual profits.]

Rule 7. All other persons occupying lands or houses, other than ryots and occupiers as provided in Sections CXXX. and CXXXI. of this Act, and not being the owners thereof, shall return and deliver, in manner aforesaid, the actual amount of profits realized by them from the said lands or houses during the preceding year, and shall be assessed thereon.

[Owners of lands or houses occupying the same to be charged at rack-rent at which the same are worth to be let.]

Rule 8. Owners of lands or of houses occupying the same, except ryots and occupiers as last aforesaid, shall be chargeable in respect of the annual value thereof, at the rack-rent at which such lands or houses are worth to be let for the year.

[Fines and bonuses on leases.]

Rule 9. The said Duty shall also be assessed upon the amount received within the year preceding by or on account of any person as a fine or bonus in consideration of any lease of, or agreement to let any land or house.

[Mortgagees in possession.]

Rule 10. When any mortgagee or creditor having a lien on any land or house shall be in possession of the land or house mortgaged, such mortgagee or creditor, whether in the actual occupation, or in the receipt of the rents and profits of such land or house, shall be chargeable as the owner of the same, according to the Rules herein contained; and upon any settlement of accounts between such mortgagee or creditor, and the mortgagor or debtor, the Duty chargeable under this Act, in respect of the amount of the interest payable upon the mortgage or debt, shall be taken and allowed as so much money received by such mortgagee or creditor on account of such interest.

[Owners dying before payment.]

Rule 11. If the person who is the owner of any land or house at the time the assessment is made, shall die before payment of the Duty chargeable under this Act, the heirs, executors, administrators, or assigns, or other person who, on the death of such person, shall become entitled to the rent or profit of such land or house, shall be liable to the payment of all arrears of the said Duty due at the time of the death of such person, and to all subsequent instalments for the same year, without any new assessment.

[Houses divided into distinct portions.]

Rule 12. When any house shall be divided into distinct portions, and such portions shall be occupied by distinct owners or their respective tenants, such owners shall be liable for their respective proportions of the Duties chargeable under this Act.

[অর্দ্ধনারেণ্ট গেজেট। ১৮৬০। ২১ আগষ্ট।]

[অন্য যে সকল লোকের দখলে জমী থাকে তাঁহারদের যথার্থ লাভের কর্ম্ম দিবার ও তাহার উপর টাক্স ধরা যাইবার কথা।]

৭ বিধি। যে রাইয়তেরদের ও বাশেন্দারদের বিধি এই আইনের ১৩০ ও ১৩১ ধারাতে হইয়াছে, তাঁহারদের ছাড়া, অন্য যে লোকেরদের দখলে জমী কি ঘর থাকে তাঁহারা নিজে সেই জমীর কি ঘরের স্বামী না হইলে, তাঁহারা পূর্ব্ব বৎসরে সেই জমী কি ঘরহইতে নিতান্ত যত টাকা লাভ করিয়াছেন, তাহার কর্ম্ম পূর্ব্বোক্তমতে লিখিয়া দিবেন, ও তাহার উপর তাঁহারদের টাক্স ধরা যাইবেক।

[জমীর কি ঘরের স্বামিরা নিজ ঘরে কি জমীতে থাকিলে, তাহার বেশী যে খাজানা কি ভাড়া হইতে পারে তাহা বুঝিয়া তাঁহারদের টাক্স ধরিবার কথা।]

৮ বিধি। পূর্ব্বোক্তমতের রাইয়ত ও বাশেন্দাছাড়া, যাঁহারা নিজ জমীতে কি ঘরে বাস করেন, তাঁহারদের সেই জমী কি ঘরহইতে বৎসরে যত লাভ হয় তাহার উপর, অর্থাৎ সেই জমীর কি ঘরের বেশী যত খ জানা কি ভাড়া বৎসরে পাওয়া যাইতে পারে তাহা বুঝিয়া তাহার উপর, টাক্স বসান যাইবেক।

[পাট্টার সেলামী ও উপরি টাকার বিষয়ের বিধি।]

৯ বিধি। আরো কোন জমীর কি ঘরের পাট্টার জন্যে কি কোন জমী কি ঘর খাজানা কি ভাড়া করিয়া দিবার একরারনামার জন্যে, কোন লোক আপনার কি অন্য কাহারো নিমিত্তে পূর্ব্ব বৎসরে যত টাকা সেলামীপ্রভৃতি পাইয়াছেন তাহার উপর এ টাক্স ধরা যাইবেক।

[বন্ধকলওনিয়া বাকি দখল করিলে তাহার কথা।]

১০ বিধি। কোন জমীর কি ঘরের উপর যাঁহার দাওয়া থাকে এমত কোন বন্ধকলওনিয়ার কি মহাজনের দখলে যদি ঐ বন্ধকলওয়া জমী কি ঘর থাকে, তবে ঐ বন্ধকলওনিয়ার কি মহাজনের দখলে ঐ জমী কি ঘর থাকিলে, কিম্বা তিনি তাহার ভাড়া কি খাজানা কি উপস্বত্ব পাউন, তাঁহার এই আইনের বিধিমতে স্বামির মতে টাক্স লাগিবে। ও সেই বন্ধকলওনিয়ার কি মহাজনের ও বন্ধকদেওনিয়ার কি খাতকের মধ্যে দেনা-পাওনার নিকাশ হইলে, ঐ বন্ধকের কি কর্জ্জা টাকার সুদের উপর এই আইনমতে যে টাক্স দেনা হয় তাহা ঐ বন্ধকলওনিয়ার কি মহাজনের ঐ সুদের বাবতে প্রাপ্ত টাকারূপে জ্ঞান হইবেক ও ধরা যাইবেক।

[টাক্সের টাকা দিবার আগে মালিকের মরণ হইলে তাহার কথা।]

১১ বিধি। কোন জমীর কি ঘরের টাক্স যে সময়ে নির্দ্ধার্য্য হয়, সেই সময়ে যিনি মালিক হন তিনি যদি এই আইনমতের বসান ঐ টাক্স দিবার আগে মরেন, তবে তাঁহার মরণের সময়ে ঐ টাক্সের যত দেনা থাকে তাহা, ও নূতন টাক্স ধার্য্য না হইয়া সেই বৎসরের যত কিস্তি পরে দেনা হয় তাহা, তাঁহার উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি আসিনেরা কি অন্য যে লোক তাঁহার মরণেতে ঐ জমীর কি ঘরের খাজানা কি ভাড়া কি উপস্বত্ব গ্রহণ করিবার বজবান হন, তিনি দিবেন।

[বাটী বিভক্ত হইলে তাহার বিধির কথা।]

১২ বিধি। কোন ঘর যদি ভিন্ন২ ভাগে বিভক্ত হয় ও সেই২ ভাগের ভিন্ন২ মালিকেরা কি ভাড়াটিয়ারা যদি তাহাতে থাকেন, তবে সেই টাক্স ঐ ভিন্ন২ ভাগের হারহারিমতে ঐ২ ভাগের মালিকেরদের উপর এই আইনমতে বসান যাইবেক।

[No deduction allowed, unless expressly authorized and stated in writing]

Rule 13. No deduction from the assessment of any land or house shall be allowed in any case, unless the same shall be authorized by this Act, nor unless an account in writing, signed by the party claiming such deduction, stating the nature and amount thereof, shall have been delivered to the Assessor within the time, and pursuant to the notice given by such Assessor. Provided it shall be lawful for any local Government to authorize a deduction to be made in respect of any extraordinary or unusual charge to which the property is subjected.

[Surcharge for deductions made contrary to Act.]

Rule 14. If any such deduction shall be made contrary to this Act, or without such account in writing as aforesaid, the person making the same shall be surcharged with the amount of such deduction.

[Rent received in grain or produce.]

Rule 15. When the rent of any land shall depend wholly or in part on the price of any kind of grain, or on the actual produce of the land, the computation for the purpose of charging the Duties in Schedule 1 of this Act, in respect either of the price or quantity of such produce, shall be made, and the amount to be assessed shall be ascertained, according to the rules and in the manner by which such rent has been usually ascertained in the same District between landlord and tenant, and the Collector or Commissioners shall, in such cases determine according to what rules and in what manner it has been usual, in the said District, to ascertain the amount of such rent between landlord and tenant.

[Duty to be assessed on lands and houses, whether occupied or not.]

Rule 16. The Duty shall be assessed on all lands and houses, whether occupied at the time of assessment or not.

[Remission of assessment on unoccupied houses.]

Rule 17. The said Duty shall not be levied on any house which shall be unoccupied, for such year or portion of the year as the same shall be unoccupied, but the assessment thereupon for such year, or portion of the year as aforesaid, shall, upon appeal, be discharged or diminished by the Collector or Commissioners, on due proof of the time during which such house remained unoccupied.

[Power to appoint a Valuer.]

Rule 33. Whenever it shall be proved to the satisfaction of the Collector or Commissioners acting in the place where any person making the application shall reside that any annuity, interest of money, or other annual payment shall be annually paid out of the profits *bonâ fide* accounted for and charged by virtue of this Act, at the rate and according to the Rules specified in Schedule 2, without any deduction on account thereof, it shall be lawful for the Collector or Commissioners to grant a certificate thereof under the hands of any one of them, in the form to be prescribed as aforesaid, which certificate shall entitle the person so assessed, upon payment of such annuity, interest, or other annual payment, to deduct so much thereof as a like rate on such annuity, interest, or other annual payments would amount unto. But no such certificate shall be required where such payments are to be made out of the profits arising from any land or house as before mentioned, or of any office or employment of profit, or out of any annuity, or pension, or any dividend or share in such public annuities as are herein mentioned, but such deductions in all such cases may be made without having obtained such certificate.

Rules as to Districts in which persons are chargeable.

[Where Corporations, Companies, or Societies are chargeable.]

Rule 34. Every Body Corporate, Company, or

[*Government Gazette*, 21*st August*, 1860.]

[অন্য ব্যক্তিকে দেওয়া গেলে তাহার কারখতীর কথা।]

৩১ বিধি। ঐ টাকম যাহার উপর বসান হয় তিনি ঐ টাকা কাটিয়া লইলে পর ঐ যাকে দেওয়া টাকার নিমিত্তে সম্পূর্ণ কারখৎ পাইবেন। অর্থাৎ ঐ টাকা যাহার পাওনা ও যাহাকে দিতে হয় তাহাকে সমুদয় দিতায় দেওয়া যাইবার মতে ঐ কারখতী হইবেক।

[অন্য সুদের টাকম যে প্রকারে বসাইতে হইবে তাহার কথা।

৩২ বিধি। পূর্ব্বোক্তমতের বার্ষিক বৃত্তিপ্রভৃতি যে সম্পত্তি কি নিদর্শন পত্রহইতে দেওয়া যায় তাহা ভারতবর্ষে না থাকাতে কি অন্য কারণে যদি পূর্ব্বোক্ত প্রকারে কিছু বাদ না দিয়া পাওয়া যায় কি পাওয়া যাইতে পারে, ও যে লাভের উপর এই আইনমতে টাকম বসান যায় নাই তাহাহইতে যদি উক্ত প্রকারের বৃত্তিপ্রভৃতি দেওয়া যায়, কিম্বা টাকার কিছু সুদ যদি এক বৎসরপর্য্যন্ত দেয় না হয় কি লওয়া না যায় কি দিতে না হয়, তবে এমন প্রত্যেক স্থলে পূর্ব্বোক্ত সেই সুদের কি বৃত্তির কি অন্য বার্ষিক টাকার উপর এই আইনের লিখিত টাকম বসান যাইবে, অর্থাৎ ২ নম্বরের তফসীলের তৃতীয় ভাগের লিখিত টাকম যে২ বিধানমতে বসান যায় সেই২ বিধানমতে ও তদনুসারে ঐ টাকম বসান যাইবেক।

[২ নম্বরের তফসীলের লিখিত প্রাপ্তিহইতে টাকার সুদ ও বৃত্তিপ্রভৃতি দিবার কালে যে টাকা কাটিয়া লওয়া যাইতে পারে তাহা সর্টিফিকটক্রমে লইবার, ও যে স্থলে সর্টিফিকটবিনা বাদ দেওয়া যাইতে পারিবে তাহার কথা।]

৩৩ বিধি। এই আইনের বলে যে প্রাপ্তির ও লাভের হিসাব প্রকৃতপ্রস্তাবে দেওয়া যায়, ও ২ নম্বরের তফসীলের নির্দ্দিষ্টছারানুসারে ও তাহার বিধিমতে যাহার উপর টাকম বসান গিয়াছে, এমত প্রাপ্তি কি লাভহইতে টাকার কোন সুদ কি বার্ষিক বৃত্তি কি অন্য টাকা বৎসরে২ দেওয়া যায়, ও তাহার জন্যে ঐ টাকমহইতে কিছু বাদ দেওয়া যায় নাই, ইহার সর্টিফিকট যে লোক চাহেন তিনি যে জিলাতে বাস করেন, সেই জিলার কর্ম্মকারি কালেকটর সাহেবের কি কমিসানর সাহেবেরদের স্থানিরজমাতে যদি এ কথার প্রমাণ করিতে পারেন, তবে ঐ কালেকটর সাহেব কি কমিসানর সাহেবেরা পূর্ব্বোক্তমতে যে পাট নিরূপণ হইবে সেই পাটে এ কথার সর্টিফিকট লিখিয়া তাঁহাকে দিতে পারিবেন, ও সেই সর্টিফিকটে ঐ কমিসানর সাহেবেরদের কোন এক জন দস্তখৎ করিবেন। সেই সর্টিফিকট পাইলে, যাঁহার উপর ঐ টাকম ধার্য্য হয়, তিনি যে সময়ে ঐ সুদ কি বার্ষিক বৃত্তি কি বার্ষিক অন্য টাকা দেন, সেই সময়ে, ঐ ছারানুসারে সুদের কি বার্ষিক বৃত্তির কি বার্ষিক অন্য টাকার যত টাকা টাকম লাগিত তত টাকা বাদ দিয়া রাখিতে পারিবেন। পরন্তু পূর্ব্বলিখিত প্রকারের জমী কি ঘরহইতে যে প্রাপ্তি কি লাভ হয় তাহাহইতে, কিম্বা লভ্যজনক কোন পদ কি কর্ম্মহইতে কিম্বা কোন বার্ষিক বৃত্তিহইতে কি পেন্সানহইতে কিম্বা এই আইনের লিখিত প্রকারের সরকারী বার্ষিক বৃত্তির কোন ডিবিডেণ্ড কি শ্যারহইতে যদি ঐ সুদপ্রভৃতি দিতে হয়, তবে তদ্রূপ কোন সর্টিফিকটের প্রয়োজন থাকিবে না। এমন সকল স্থলে সর্টিফিকট না লইয়াও ঐ টাকা কাটিয়া লওয়া যাইতে পারিবে।

লোকেরদের টাক্স যে২ স্থানে ধরা যাইবে তাহার বিধি।

[চাটরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির কি সোসাইটির টাকম যে স্থানে বসান যাইবে তাহার কথা।]

৩৪ বিধি। কোন চাটরপ্রাপ্ত সমাজের কি কোম্পা-

Society shall be charged to the Duties contained in this Act by the Collector or Commissioners acting for the place where the head Office in India of such Body Corporate, Company, or Society is situate.

[Where householders, other than persons engaged in any trade, profession, or employment, are chargeable.]

Rule 35. Every person being a householder, except persons engaged in any trade, profession, or employment, shall be charged to the said Duties contained in Schedule 2 by the Collector or Commissioners acting for the place where the dwelling-house of such person shall be situate.

[Where persons engaged in any trade, &c. are chargeable.]

Rule 36. Every person engaged in any trade, profession, or employment shall be charged to the said Duties contained in the said Schedule 2 by the Collector or Commissioners acting for each place where such trade shall be carried on or such profession or employment shall be exercised.

[Where manufacturers are to be assessed:]

Rule 37. When any trade shall be carried on in India by the manufacture of goods, wares, or merchandize, the assessment thereon shall be at the place of manufacture, although the sale of such goods, wares, or merchandize shall be elsewhere.

[Where persons, not being householders nor engaged in trade, &c. are chargeable]

Rule 38. Every person not being a householder, nor engaged in any trade, profession, or employment, who shall have any place or ordinary residence, shall be charged by the Collector or Commissioners acting for the place where such person shall ordinarily reside.

[Where persons not hereinbefore described are chargeable.]

Rule 39. Every person not hereinbefore described shall be charged by the Collector or Commissioners acting for the place where such person shall reside at the beginning of each year.

[Every charge made as aforesaid not affected by subsequent removal.]

Rule 40. Every such charge shall be valid and effectual, notwithstanding the subsequent removal of the person so charged from such place.

[Persons not engaged in trade, having more than one dwelling-house, where chargeable.]

Rule 41. Every person not being engaged in any trade, profession, or employment, having two or more houses at which he shall be ordinarily resident, shall be charged by the Collector or Commissioners acting for each place where such houses shall be situate

Persons having more than one residence, or carrying on trade in different places, shall be called on to make returns at each place.]

Rule 42. Every person having two or more

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২১ আগষ্ট।]

নিয় কি সোসাইটির প্রধান দফ্তরখানা ভারতবর্ষের যে স্থানে আছে সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিশানর সাহেবেরা ঐ সমাজের কি কোম্পানির কি সোসাইটির এই আইনমতের টাক্স ধার্য্য করিবেন।

[কোন কারবারে কি বিদ্যাব্যবসায়ে কি কর্ম্মে নিযুক্ত লোক ছাড়া গৃহস্থের টাক্স যে স্থানে ধার্য্য হইবে তাহার কথা।]

৩৫ বিধি। কোন কারবারের কি কর্ম্মের কি বিদ্যাব্যবসায়ি লোকছাড়া যাহারা গৃহস্থ লোক হয়, তাহারদের বসতবাটী যে স্থানে থাকে সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিশানর সাহেবেরা তাহারদের উপর ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স ধার্য্য করিবেন।

[কারবারের লোকপ্রভৃতির টাক্স যে স্থানে ধার্য্য হইবে তাহার কথা।]

৩৬ বিধি। কোন কারবারে কি বিদ্যাব্যবসায়ে কি কর্ম্মে নিযুক্ত লোক যে স্থানে আপনার কর্ম্ম কি কারবার কি বিদ্যাব্যবসায় চালায় সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিশানর সাহেবেরা তাহার ঐ ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স ধার্য্য করিবেন।

[শিল্পকর্ম্মিরদের টাক্স যে স্থানে ধার্য্য হইবেক তাহার কথা।]

৩৭ বিধি। যদি ভারতবর্ষের মধ্যে কোন জিনিসপত্র কি মাল কি বাণিজ্যদ্রব্য প্রস্তুত করণের কারবার হয়, তবে ঐ জিনিসপত্র কি মাল কি বাণিজ্যদ্রব্য অন্য যে কোন স্থানে বিক্রয় হউক, যে স্থানে প্রস্তুত করা যায় সেই স্থানে তাহার টাক্স ধার্য্য হইবে।

[গৃহস্থ না হইয়া যে লোকেরা কারবারাদি করেন তাঁহারদের টাক্স যে স্থানে ধার্য্য হইবেক তাহার কথা।]

৩৮ বিধি। কোন লোক যদি গৃহস্থ না হন ও তাঁহার কোন কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম না থাকে, কিন্তু যেখানে নিয়ত বাস করেন এমন স্থান থাকে, তবে তাঁহার নিয়ত বাসস্থান যে স্থানে হয় সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিশানর সাহেবেরা তাঁহার টাক্স ধার্য্য করিবেন।

[ইহার পূর্ব্বে যাঁহারা গণ্য হন নাই তাঁহারদের টাক্স যে স্থানে ধার্য্য হইবেক তাহার কথা।]

৩৯ বিধি। ইহার পূর্ব্বে যে লোক গণ্য হন নাই এমত কোন লোক, প্রতিবৎসরের আরম্ভে যে স্থানে বাস করেন, সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিশানর সাহেবেরা তাঁহার উপর টাক্স ধার্য্য করিবেন।

[পূর্ব্বোক্তমতে যে টাক্স ধার্য্য হয় তাহা ঐ লোক স্থানান্তরে গেলেও বহাল থাকিবে।]

৪০ বিধি। ঐ টাক্স যাঁহার উপর ধার্য্য হইয়াছে তিনি পরে সেই জিনা কি স্থানহইতে স্থানান্তরে গেলেও ঐ স্থানে যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা বহাল ও সিদ্ধ থাকিবে।

[বাণিজ্যকারী না হইয়া যাঁহারদের একের অধিক বাসস্থান থাকে তাঁহারদের টাক্স যে স্থানে ধার্য্য হইবে তাহার কথা।]

৪১ বিধি। কোন লোকের কোন কারবার কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম না থাকিয়া, যদি সামান্যতঃ তাঁহার দুই কি ততোধিক ঘরে বাস হয়, তবে তাঁহার ঘর যে ২ স্থানে থাকে সেই২ স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেব কি কমিশানর সাহেবেরা তাঁহার টাক্স ধার্য্য করিবেন।

[যাঁহারদের নিবাস একের অধিক স্থানে হয় কিম্বা যাঁহারা ভিন্ন২ স্থানে কারবার চালান তাঁহারদের এমই২ স্থানে রৈফিয়ৎ দিতে আজ্ঞা হইবার কথা।]

৪২ বিধি। যদি কোন লোকের দুই কি অধিক

residences or carrying on any trade or exercising any profession or employment in different places, or in any place different from the place of his ordinary residence, shall be served with a notice in each of such places, and shall deliver in each of such places the like returns and declarations as he is required to deliver by this Act. Such person shall in each of his returns state all the places in which he carries on any trade, or exercises any profession or employment, the place of his ordinary residence, and the place where he resided at the beginning of the current year.

[Profits from foreign possessions to be charged in Districts where persons chargeable reside or carry on trade.]

Rule 43. The Duties to be assessed by virtue of this Act, in respect of the profits or income arising from possessions or securities out of British India, whether within any other of Her Majesty's dominions or not, shall be stated to and assessed by the Collector and Commissioners respectively acting for the place where the persons receiving or entitled to the same shall reside or carry on any trade or profession.

[No person chargeable in different places to be liable to double payment.]

Rule 44. No person who shall be liable to be charged in different places under this Act shall be liable to any double payment in respect of the same property or source of income.

Rules for temporary Residents in India.

[Temporary residents to be charged in respect of income and profits out of India after six months' residence, but not before.]

Rule 45. No persons who shall, on or after the passing of this Act, be in India for some temporary purpose only, and not with any view or intent of residing therein for a period exceeding six months in the whole from the commencement of such residence, and who shall not actually have resided in India at one time or at several times for a period equal in the whole to six months in any one year, shall be charged with the Duties mentioned in Schedule 2 as a person residing in India in respect of the profits or income received from or out of any possessions, property, or securities, not being in India, or from any trade, profession, or employment not carried on in India.

[Duties where and for what year chargeable.]

Rule 46. Every such person, if he shall actually reside or remain in India for such period as aforesaid, shall be chargeable to the Duties in the place in which he shall reside or be, for the

[*Government Gazette*, 31*st August*, 1860.] 3 W

বাসস্থান থাকে, কিম্বা যদি ভিন্ন২ স্থানে কি যে স্থানে সাধারণতঃ বাস করেন তদ্ভিন্ন অন্য স্থানে কারবার করেন কি বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থানে তাঁহাকে এত্তেলা দেওয়া যাইবেক ও এই আইনেতে যে২ ফর্দ্দ ও কৈফিয়ৎ দাখিল করিতে আজ্ঞা হইয়াছে তাহা উক্ত প্রত্যেক স্থানে দাখিল করিবেন। ও তিনি যে সকল স্থানে কারবার করেন কিম্বা কোন বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করেন সেই সকল স্থানের নাম, ও নিয়ত যে স্থানে বাস করেন, ও যাল বৎসরের আরম্ভে যে স্থানে বাস করিতেছিলেন তাহার নাম উক্ত প্রত্যেক ফর্দ্দে লিখিবেন।

[ভিন্ন দেশস্থ সম্পত্তিহইতে যে লাভ হয়, তাহার নিমিত্তে লোকেরা যে জিলাতে বাস করেন কি কারবার করেন সেই জিলাতে টাক্স ধার্য্য হইবার কথা।]

৪৩ বিধি। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকারে যে দেশ আছে, সেই দেশের বাহিরে যে সম্পত্তি কি নিদর্শনপত্র থাকে, তাহা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত অন্য দেশের মধ্যে হউক কি না হউক, তাহাতে উৎপন্ন যে প্রাপ্তির কি লাভের জন্যে এই আইনের বলে টাক্স ধার্য্য করিতে হইবেক তাহার কৈফিয়ৎ ঐ প্রাপ্তি কি লাভ যাঁহারা পাইয়া থাকেন কি পাইবার সম্ভাবনা হন তাঁহারা যে স্থানে বাস করেন কিম্বা কারবার কি বিদ্যাব্যবসায় চালান সেই স্থানের কর্ম্মকারি কালেক্টর সাহেবকে ও কমিসানর সাহেবদিগকে দেওয়া যাইবেক, ও তাহারা তাঁহার টাক্স ধার্য্য করিতে পারিবেন।

[ভিন্ন২ স্থানে যাঁহারদের টাক্স ধার্য্য হইতে পারে, তাঁহারদের দোহারা টাক্স দিতে না হইবার কথা।]

৪৪ বিধি। এই আইনমতে যাঁহারদের ভিন্ন২ স্থানে টাক্স ধরা যাইতে পারিবে, তাঁহারদের কোন কাহার একি সম্পত্তির উপর কিম্বা লাভের একি বিষয়ের উপর দোহারা টাক্স দিতে হইবেক না।

ভারতবর্ষে যাঁহারা কিঞ্চিৎ কাল বাস করেন তাঁহারদের বিষয়ি বিধি।

[যাঁহারা কিঞ্চিৎ কালের নিমিত্তে ভারতবর্ষে বাস করিতে আইসেন, তাঁহারা ছয় মাসপর্য্যন্ত বাস না করিলে তাঁহারদের যে আয় ও প্রাপ্তি ভারতবর্ষের বাহিরহইতে হয় তাহার উপর টাক্স না লাগিবার কথা।]

৪৫ বিধি। কোন লোক এই আইন জারী হইলে কি তৎপরে, যদি কেবল কিঞ্চিৎকালের কার্য্যের নিমিত্তে ভারতবর্ষে থাকেন, ও তথায় বাস করিতে আসিবার কালাবধি সর্ব্বসুদ্ধ ছয় মাসের অধিক থাকিবার অভিপ্রায়ে কি কল্পনায় আইসেন না, ও যদি কোন এক বৎসরে একবার কি বারবার আসিয়া সর্ব্বসুদ্ধ ছয় মাস ভারতবর্ষ দেশে নিতান্ত বাস না করেন, তবে ভারতবর্ষের মধ্যে নয় এমত কোন অধিকার কি সম্পত্তি কি নিদর্শনপত্রহইতে, কিম্বা ভারতবর্ষের মধ্যে চালান যায় না এমত কোন কারবার কি পরীক্ষার্থ ব্যবসায় কি বিদ্যাব্যবসায়হইতে প্রাপ্ত কোন লাভের কি আয়ের জন্যে ভারতবর্ষনিবাসি লোকের মত তাঁহার উপর এ সম্বন্ধের তফসীলের লিখিত উক্ত টাক্স ধার্য্য হইবেক না।

[টাক্স যে স্থানে ও যে বৎসরের নিমিত্তে লাগিবে তাহার কথা।]

৪৬ বিধি। উক্ত প্রকারের কোন লোক যদি পূর্ব্বোক্ত কালপর্য্যন্ত ভারতবর্ষ দেশের মধ্যে নিতান্ত বাস করেন কি থাকেন, তবে যে স্থানে বাস করেন কি থাকেন সেই স্থানে তৎ পূর্ব্বের ১ আগষ্ট তারিখ-

year commencing on the first day of August preceding.

[Persons quitting and returning to India and completing within the year of assessment a residence of six months, liable for the whole year.]

Rule 47. Every such person who having quitted India as aforesaid shall return to India and complete within the year of assessment a residence of six months, shall be chargeable to the said Duties in the place wherein he shall reside or be, as a person residing in India, for the whole of the year in which such assessment shall have been made.

General Rule.

[Returns and declarations may be delivered sealed, but superscribed with name and address of the party.]

Rule 48. All returns and declarations, containing the amount of profits or income charged under Schedule 2, may be delivered sealed up, if superscribed with the name and place of abode of, or place of exercising the profession or employment, or carrying on trade by the person by whom the same shall have been made.

[To be continued.]

অবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের তাঁহার ঐ টাক্স লাগিতে পারিবে।

[কেহ ভারতবর্ষহইতে গিয়া যদি ফিরিয়া আইসেন ও টাক্স ধার্য্য করিবার যে বৎসর চলিতেছে সেই বৎসরের পূরা ছয় মাস যদি থাকেন, তবে তাঁহার সেই বৎসরের টাক্স লাগিবার কথা।]

৪৭ বিধি। সেই প্রকারের কোন লোক যদি পূর্ব্বে হুকুমতে ভারতবর্ষহইতে চলিয়া গিয়া ফিরিয়া আইসেন ও টাক্স ধার্য্য করিবার যে বৎসর চলিতেছে সেই বৎসরে ভারতবর্ষে সর্ব্বসুদ্ধ পূরা ছয় মাস থাকেন, তবে যে স্থানে বাস করেন কি থাকেন সেই স্থানে ভারতবর্ষনিবাসি লোকের মত, টাক্স ধার্য্য হইবার সেই পূরা বৎসরের নিমিত্তে, তাঁহার উক্ত টাক্স ধরা যাইতে পারিবে।

সাধারণ বিধি।

[ফর্দ্দ ও কৈফিয়ৎ খামে বন্ধ করিয়া দেওয়া যাইতে পারিবার কথা কিন্তু তাহার উপর লেখকের নামাদি লিখিবার কথা।]

৪৮ বিধি। ২ নম্বরের তফসীলমতে যে সকল লাভের ও উপার্জ্জনের উপর টাক্স বসান যাইবে তাহার সকল ফর্দ্দ ও কৈফিয়ৎ না দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবে। কিন্তু ঐ ফর্দ্দ যাঁহার হয় তাঁহার নাম ও বাসস্থান, ও তিনি যে স্থানে বিদ্যাব্যবসায় কি কর্ম্ম করেন কি কারবার চালান সেই স্থানের নাম তাঁহার ঐ খামের উপর লিখিতে হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 21ST JULY 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 30th June 1860), and was referred to a Select Committee, who are to report thereon after the 25th of October next :—

An Act relating to Vessels carrying Emigrant Passengers to the British Colonies.

[Preamble.]

WHEREAS it is expedient to permit the use at sea of the Apparatus known as Normandy's Apparatus for distilling sea water, and in consideration thereof to reduce the proportion of fresh water in tanks or casks which vessels conveying emigrants are required to carry ; It is enacted as follows :—

[Reduction of one-third in quantity of fresh water to be carried in Emigrant Vessels, when such vessels are supplied with Normandy's Apparatus for distilling sea water.]

1. The Schedules of Acts XV. of 1842 (*for regulating the Emigration of the Native Inhabitants of the Territories under the Government of the East India Company to the Island of Mauritius*), XXI. of 1844 (*for regulating the Emigration of the Native Inhabitants of the Territories under the Government of the East India Company to Jamaica,*

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২১ জুলাই।

আইনের এই মুসাবিদা ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩০ জুন তারিখে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি অক্টোবর মাসের ২৫ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

বিদেশগমনশীল লোকদিগকে যে জাহাজে ব্রিটনীয়েরদের বসতিস্থানে লইয়া যায় সেই জাহাজের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

নরমাণ্ডির যন্ত্র নামে সমুদ্রের জল চোয়াইবার এক যন্ত্র জাহাজে লইয়া যাইতে অনুমতি দেওয়া বিহিত। তাহাতে মজুরপ্রভৃতি লোকেরা যে২ জাহাজে যায় সেই২ জাহাজের জলাশয়ে কি পীপাতে যত টাটকা জল লইবার হুকুম হইয়াছিল তাহা কিছু কম করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[বিদেশগমনশীল মজুরদিগকে যে২ জাহাজে লইয়া যায়, সেই২ জাহাজে সমুদ্রের জল চোয়াইবার যন্ত্র থাকিলে, টাটকা জল তিন ভাগের এক ভাগ কম করিয়া লইবার কথা।]

১ ধারা। ১৮৪২ সালের ১৫ আইনের (অর্থাৎ কোম্পানি বাহাদুরের অধীন দেশনিবাসি দেশীয় লোকেরদের মরিচ উপদ্বীপে গমনের নিয়ম করণার্থ আইনের) ও ১৮৪৪ সালের ২১ আইনের (অর্থাৎ কোম্পানি বাহাদুরের শাসিত দেশনিবাসি দেশীয় লোকেরদের জামেকা ও ব্রিটিস গৈয়ানা ও ত্রিনিদাদে গমনের নিয়ম করণার্থ আইনের) ও ১৮৫৫ সালের ৩৩ আইনের (অর্থাৎ

British Guiana, and Trinidad), and XXXI. of 1855 (*relating to the emigration of Native Laborers to the British Colonies of St. Lucia and Grenada,*) which require that on board every ship or vessel carrying Emigrant passengers under those Acts, there shall be provided a supply of water to the amount of five gallons to every week of the computed voyage for every passenger on board such ship or vessel, such water being carried in tanks or sweet casks, shall be read subject to the following modification, namely, whenever the Officer who by law shall be required to certify compliance with the said provisions contained in the said Schedules of such Acts shall certify that such ship or vessel is provided with Normandy's Apparatus for distilling sea-water, a reduction shall be allowed of one-third in the quantity of water so required to be provided.

[Construction of Acts.]

II. Acts XXI. of 1843 and VIII. of 1847 shall be taken to refer to Act XV. of 1842 as herein amended, and Act XII. of 1860 shall be taken to refer to Act XXXI. of 1855 as herein amended.

M. Wylie,
Clerk of the Council.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 9th August, 1860.

Mr. Baptist, Moonsiff of Panghatta, in Zillah Nuddea, to be Moonsiff of Meherpore, and Moulvie Abdool Jubbar, Moonsiff of Meherpore, to be Moonsiff of Panghatta, in the same District.

LEAVE OF ABSENCE.

The 16th August, 1860.

Moulvie Rabani, Moonsiff of Ghuttal, Zillah Hooghly, for two months, in extension, under Medical Certificate.

H. B. Lawford, *Register.*

সেই মুনিয়া ও গ্রেনেডা নামক ব্রিটীশীয় বসতিস্থানে এই দেশীয় মজুরেরদের গমন করিবার আইনের) তফসীলে এই হুকুম হইয়াছে, যে, এই আইনমতে যে২ জাহাজে বিদেশ গমনশীল মজুরপ্রকৃতিকে লইয়া যায়, সেই২ জাহাজের সমুদ্রপথে থাকনের আন্দাজী সময় হিসাব করিয়া ঐ জাহাজের প্রত্যেক চড়নদারের নিমিত্তে প্রত্যেক সপ্তাহে পাঁচ২ গ্যালন করিয়া জল জলাশয়েতে অথবা উত্তম পীপাতে রাখিয়া লইয়া যাইতে হইবেক। ঐ হুকুম কিঞ্চিৎ মত্তান্তর করিয়া এইরূপে পড়িতে হইবে। অর্থাৎ ঐ২ আইনের উক্ত তফসীলের লিখিত উক্ত বিধানমতে কার্য্য হইয়াছে এই কথার সর্টিফিকট লিখিয়া দিতে যে কার্য্যকারক সাহেবকে আইনমতে হুকুম হয়, তিনি যদি এই কথার সর্টিফিকট লেখেন যে ঐ জাহাজে সমুদ্রের জল ছোয়াইবার নরমাণ্ডির যন্ত্র আছে, তবে উক্ত বিধানমতে যত জল লইতে হয় তাহার তিন ভাগের এক ভাগ কম জল লইবার অনুমতি হইবেক ইতি।

[উক্ত আইনের অর্থ করিবার কথা।]

২ ধারা। ১৮৪৩ সালের ২১ আইনেতে ও ১৮৪৭ সালের ৮ আইনেতে ও ১৮৪২ সালের যে ১৫ আইনের উল্লেখ হইয়াছে তাহা এই আইনমতে মত্তান্তর করা ঐ ১৫ আইন জানিতে হইবেক। ও ১৮৬০ সালের ১২ আইনেতে ১৮৫৫ সালের যে ৩১ আইনের উল্লেখ হইয়াছে তাহা এই আইনমতে মত্তান্তর করা ঐ ৩১ আইন জানিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
John Robinson, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৯ আগষ্ট।

জিলা নদীয়ার পানঘাটার মুনসেফ শ্রীযুত বাপটিষ্ট সাহেব মেহেরপুরের মুনসেফ হইবেন ও ঐ জিলার মেহেরপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বর পানঘাটার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৬ আগষ্ট।

জিলা হুগলীর ঘাটালের মুনসেফ শ্রীযুত মৌলবী রব্বানী চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক ... তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার্য্য জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে দৌড়দৌড় ও বাজী ইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

[*Government Gazette*, 21*st August*, 1860.]

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দ্রষ্টব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ পেরর। এক্‌টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৬০ সালের ৩২ আইন অর্থাৎ বাণিজ্যইত্যাদি আয়ের উপর টাক্‌স নির্দ্ধারিত করিবার ও আইনমতে যাহার যত আয়ের উপর যে টাক্‌স লাগিবেক তাহার গণনার সঙ্কেত এবং ঐ সালের ৩৬ আইন অর্থাৎ নূতন ইষ্টাম্প আইনের বাঙ্গলা তরজমা অতিউত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইতেছে অতিত্বরায় প্রকাশ হইবেক গ্রহণেচ্ছুক মহাশয়েরা ডাক মাসুল সেওয়ায় নীচের লিখিত মূল্য আমার নিকট পাঠাইলে প্রাপ্ত হইতে পারিবেন ৩২ আইনের মূল্য ১৲ টাকা ও ৩৬ এক্‌টের মূল্য ৸০ আনা।

শ্রী অনুকুলচন্দ্র মুখোপাধ্যায়, [illegible] সদর দেওয়ানী আদালত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২১ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 4, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৪ সেপ্টেম্বর।

ACT.

Act No XXXII. of 1860

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices

[Continued from page 544]

Part XIII.

Exemptions.

[Exemption of persons whose income is less than 200 Rupees yearly.]

CXVI No person shall be chargeable to any Duty under this Act who shall prove to the satisfaction of the Collector or Commissioners in the manner hereinafter mentioned, that the aggregate amount of his annual income or profits, from whatever source derived, estimated under the rules of this Act, is less than two hundred Rupees Any person so satisfying the Collector or Commissioners as aforesaid shall be entitled to be repaid the amount of any deduction or payment on account thereof, in the manner hereinafter directed, except so much of such Duty as the person claiming such exemption shall be entitled to charge against any other person, or to retain from any payment to which such claimant may be liable.

[Exemption of persons from the Duty of 1 per cent. and from excess above 2 per cent whose income is less than 500 Rupees yearly]

CXVII. No person who shall prove to the satisfaction of the Collector or Commissioners, that the aggregate amount of his profits or income, from whatever source derived, estimated as aforesaid, though amounting to two hundred Rupees a year, is less than five hundred Rupees, shall be charged with more than two Rupees of every hundred

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জ্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মাসুল বসাই যার আইন।

[৫৪৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ত্রয়োদশ অধ্যায়।

টাক্স ক্ষমাকরণের বিধি।

[যাঁহারা বৎসরে ২০০৲ টাকার কম পান তাঁহারদের টাক্স না লাগিবার কথা।]

১১৬ ধারা। কোন লোক কর্ম্মাদির দ্বারা বৎসরে যত টাকা উপার্জ্জন কি লাভ করেন তাহার হিসাব এই আইনের বিধিমতে করিয়া তাহা সর্ব্বসুদ্ধ দুই শত টাকার কম হয়, এই কথার প্রমাণ যদি সেই লোক নীচের লিখিত প্রকারে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করেন, তবে তাঁহার উপর এই আইনমতে টাক্স লাগিবে না। ঐ টাক্সের বাবৎ যদি তাঁহার কিছু টাকা বাদ দেওয়া গিয়াছে কি কিছু দেওয়া হইয়াছে, তবে পূর্ব্বোক্ত প্রকারে কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে প্রমাণ করিলে পর, তিনি ঐ টাকা নীচের লিখিতমতে ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু ঐ ক্ষমা পাইবার দাওয়াদার লোক ঐ টাক্সের যত টাকা অন্য কোন ব্যক্তির হিসাবে ধরত লিখিতে পারেন, কিম্বা ঐ দাওয়াদারের দেনা কোন টাকাহইতে যত কাটিয়া রাখিতে পারেন, তাহা ফিরিয়া পাইতে পারিবেন না ইতি।

[যাঁহারা বৎসরে ৫০০৲ টাকার কম পান, তাঁহারদের শতকরা ১৲ টাকার হিসাবের টাক্স ও শতকরা ২৲ টাকার হিসাবের অধিক টাকস ক্ষমা হইবার কথা।]

১১৭ ধারা। কোন লোক কর্ম্মাদির দ্বারা যত টাকা উপার্জ্জন কি লাভ করেন তাহার হিসাব পূর্ব্বোক্তমতে করিয়া, তাহা সর্ব্বসুদ্ধ বৎসরে দুই শত টাকা হয় বটে কিন্তু পাঁচ শত টাকার কম হয়, এই কথার প্রমাণ যদি তিনি কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের খাতিরজমামতে করেন, তবে তাঁহার এ লাভ কি আয় বৎসরে যত টাকা হয়, তাহার কি পর

Rupees of the annual value of his profit or income, or shall be charged with any part of the Duty of one Rupee per centum chargeable under Section III. of this Act for roads, canals, and other reproductive public works. Any person so satisfying the Collector or Commissioners as aforesaid, shall be entitled to be repaid the amount of any deduction or payment on account of the said Duty of one per cent., or of the excess of the said Duty of three per cent., from which he shall be so exempted as aforesaid, except as in the last preceding Section of this Act is excepted.

টাকার উপর দুই টাকার অধিক টাক্স লাগিবে না, ও রাস্তা ও খালপ্রভৃতি সকল লোকের ব্যবহার্য্য যে২ বিষয়হইতে লাভ হয় তাহার জন্যে শতকরা যে এক টাকা টাক্স এই আইনের ৩ ধারাযতে লাগে সেই টাক্স তাঁহার কিছু লাগিবে না। কোন লোকের শতকরা এক টাকার উক্ত যে টাক্স কিম্বা শতকরা দুই টাকার অধিক উক্ত যে টাক্স পূর্ব্বোক্তমতে ক্ষমা হইয়াছে তাহার বাবৎ যদি কিছু টাকা বাদ দেওয়া গিয়াছে কি কিছু দেওয়া হইয়াছে তবে পূর্ব্বোক্তমতে কালেক্টর সাহেবের কি কমিস্যানর সাহেবেরদের খাতিরজমা করিলে, তিনি ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু এই আইনের উহার পূর্ব্বের ধারাতে যে টাক্স ক্ষমা না হইবার কথা আছে তাহা তাঁহার ক্ষমা হইবে না ইতি।

[Claims for exemption in the preceding Sections mentioned, and proceedings thereon, shall be determined before Collector or Commissioners.]

[পূর্ব্ব লিখিত ধারামতে ক্ষমা পাইবার যে দাওয়া ও তাহার উপর যে সকল কার্য্য হয় তাহার বিচার কালেক্টর সাহেবের কি কমিস্যানর সাহেবেরদের দ্বারা হইবার কথা।]

CXVIII. The exemption allowed by the foregoing Sections shall be claimed and proved, and all proceedings thereupon shall be had before the Collector or Commissioners of the place where the claimant is charged, whether such claimant shall be personally charged in such place or not.

১১৮ ধারা। ইহার পূর্ব্বের দুই ধারামতে যে টাক্স ক্ষমা হইবার অনুমতি আছে তাহার দাওয়া ও প্রমাণ ও তাহার সম্পর্কে যে সকল কার্য্য হয়, তাহা ঐ দাওয়াদারের টাক্স যে স্থানে ধরা আছে, ঐ দাওয়াদারের নিজ টাক্স সেই স্থানে ধার্য্য হউক কি না হউক, সেই স্থানের কালেক্টর সাহেবের কি কমিস্যানর সাহেবেরদের সম্মুখে হইবেক ইতি।

[Persons entitled to such exemptions shall deliver to the Assessor a statement, stating their sources of income]

[যাঁহারা ক্ষমা পাইতে পারেন তাঁহারদের আয়াদির কৈফিয়ৎ আসেসরকে দিবার কথা।]

CXIX Every person assessed under this Act claiming to be entitled to such exemption as aforesaid shall, within the time to be limited as hereinbefore directed for delivering in the returns and declarations required by this Act, or within such further time as the Collector or Commissioners respectively shall for special cause assigned allow, deliver or cause to be delivered to the Assessor of the place where such claimant shall reside, a notice of his claim to such exemption, together with a declaration signed by such claimant and in such form as shall be prescribed as aforesaid, declaring and setting forth therein all the particular sources from whence the income of such claimant shall arise, and the particular amount arising from each source, and also every sum of annual interest or other annual payment reserved or charged thereon, whereby the income shall or may be diminished, and also every sum which such claimant may have charged, or may be entitled to charge against any other person, on account of the Duties made payable by this Act, or which he may have deducted, or may be entitled to deduct under the authority of this Act, from any payment to which he may be liable.

১১৯ ধারা। এই আইনমতে যাঁহার টাক্স ধার্য্য হয় এমত যে কেহ উক্ত প্রকারে ক্ষমা পাইবার দাওয় করেন, তিনি যে স্থানে বাস করেন সেই স্থানের আসেসরকে, এই আইনমতের ফর্দ্দ ও কৈফিয়ৎ ইহার পূর্ব্বের বিধানমতে যে মিয়াদে দাখিল করিতে হয় সেই মিয়াদের মধ্যে, কিম্বা বিশেষ কোন কারণে কালেক্টর সাহেব কিম্বা কমিস্যানর সাহেবেরা অধিক যে সময় দেন সেই সময়ের মধ্যে, আপনার ক্ষমা হওয়ার দাওয়ার এত্তেলা দিবেন, ও ঐ দাওয়াদারের যে নানা উপায়ে আয় হয়, ও এক২ উপায়ে যত পাওয়া যায়, ও সেই আয়ের কর্ম্ম যাহাতে হয় কি হইতে পারে বৎসরে২ এমত যত সুদ কি অন্য টাকা ঐ আয়ের উপর ধরা আছে কিম্বা ঐ আয় হইতে দিতে হয়, আর এই আইনমতে যাহা আদায় হইতে পারে এমত কোন টাক্সের বাবৎ ঐ দাওয়াদার অন্য কোন লোকের নামে যাহা খরচ লিখিয়াছেন কি লিখিতে পারেন, কিম্বা তাঁহার যে কোন টাকা দিতে হয় তাহা হইতে তিনি এই আইনের শক্তিক্রমে যে টাকা বাদ দিয়া রাখিয়াছেন কি রাখিতে পারেন, এই সকল বিবরণ পূর্ব্বোক্তমতে যে পাঠ নির্দ্দিষ্ট হইবে সেই পাঠে লিখিয়া তাঁহার দস্তখৎকরা কৈফিয়তসমেত ঐ এত্তেলা দিবেন ইতি।

[ঐ কৈফিয়ৎ কালেক্টর সাহেবের কি কমিস্যানর সাহেবেরদের নিকটে আসেসরের পাঠাইবার কথা।]

CXX. The Assessor shall transmit such return and declaration to the Collector or Commissioners.

১২০ ধারা। ঐ ফর্দ্দ ও কৈফিয়ৎ আসেসর কালেক্টর সাহেবের কি কমিস্যানর সাহেবেরদের নিকটে পাঠাইবেন ইতি।

[Property of persons claiming such exemption in any other District, shall be exempted on the certificate of the Collector, or by the Chief Revenue Authority of the District.]

[যে জন ক্ষমা পাইবার দাওয়া করেন তাঁহার সম্পত্তি অন্য কোন জিলাতে থাকিলে, এ জিলার কালেক্টর সাহেবের কিম্বা রাজস্বের প্রধান কার্য্যকারক সাহেবের সর্টীফিকটমতে ক্ষমা হইবার কথা।]

CXXI. If it shall appear to the said Collector or

১২১ ধারা। ঐ লোকের কোন সম্পত্তির কি প্রাপ্তির

Commissioners that any property or profits of such person is or are assessed, or liable to be assessed in any other place, the Collector or Commissioners shall certify to the Chief Revenue Authority of the Presidency, Lieutenant Governorship, or Province, in such form as shall be prescribed as aforesaid, the allowance of exemption in respect of such property or profits, and the Chief Revenue Authority shall direct the assessment made upon any profits or income of such claimant, in any other place, to be discharged either wholly or to the extent of such excess, as aforesaid, as the case may require, and the same shall be discharged accordingly.

[On proof that persons entitled to exemption, have been charged with Duties by the deduction from any annuity, dividend, and rent, Commissioners to grant certificate thereof, which shall authorize the Collector to repay the amount of such Duties]

CXXII. If it shall be proved to the satisfaction of the Collector or Commissioners, that any person, whose claim to exemption has been allowed in manner aforesaid, has been charged to, and has paid any Duty under this Act by way of deduction from any rent, annuity, interest, or other annual payment to which he may be entitled, and from which a deduction is authorized to be made by this Act ; or that such person has been assessed and has paid such Duty in respect of any interest, annuity, dividend, pension, or salary payable to him out of the public revenue ; in such case it shall be lawful for the said Collector or Commissioners respectively, to certify what shall have been so proved, and thereupon the same shall be repaid in such manner and under such rules as the local Government shall from time to time prescribe

[In case of incomes of offices, pensions, and salaries, the claim shall be made before the Assessors]

CXXIII. When the whole profit or income of the claimant shall arise from an office or employment of profit, or from an annuity, pension, or salary, the assessment on which is made by an Ex-Officio or Special Assessor, the claim to such exemption shall be made to and may be allowed by such Ex Officio or Special Assessor

[Persons out of India may claim by affidavit.]

CXXIV. If the claimant shall be out of India, an affidavit stating the several matters required by this Act, taken before any person having authority to administer oaths and affirmations in the place where such claimant shall reside, may be received in relation to the assessment on which such claim is founded

[Claims may be made by Agents or Trustees on account of others.]

CXXV. A claim for exemption may be made

উপর অন্য কোন স্থানে টাক্স ধার্য্য হইয়াছে কি হইতে পারে, ইহা যদি উক্ত কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা দেখিতে পান, তবে ঐরূপ সম্পত্তির কি প্রাপ্তির উপলক্ষে ঐ রূপ ক্ষমা পাইবার অনুমতি হইয়াছে এই কথার সর্টিফিকট ঐ কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা পূর্ব্বোক্তমতে যে পাঠ নির্দ্দিষ্ট হইবে সেই পাঠে লিখিয়া, রাজধানীর কিম্বা লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এলাকার কিম্বা প্রেসিডেন্সির রাজস্বের প্রধান কর্ম্মকারক সাহেবের নিকটে পাঠাইবেন। তাহাতে অন্য কোন স্থানে ঐ দাওয়াদারের কোন লাভের কি আয়ের উপর যে টাক্স ধার্য্য হইয়াছে তাহা রাজস্বের ঐ প্রধান কার্য্যকারক সাহেব, হয় সমুদয় ক্ষমা করিতে, কিম্বা পূর্ব্বোক্তমতে বিবেচনা বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি অধিক যত ধার্য্য হইয়াছে তাহা ক্ষমা করিতে আজ্ঞা করিবেন, ও সেই আজ্ঞামতে ক্ষমা হইবেক ইতি

[ক্ষমা যাঁহাদিগের হইতে পারে তাঁহাদের কোন বার্ষিক টাকা কি ডিবিডেণ্ড কি ভাড়া কি খাজানাহইতে টাক্স বাদ দিয়া লওয়া গিয়াছে এই কথার প্রমাণ হইলে, তাঁহাদের ঐ টাকা ফিরিয়া দিবার সর্টিফিকট কালেক্টর কি কমিসানর সাহেবদিগের দিবার কথা।]

১২২ ধারা। যাঁহার ক্ষমা হওয়ার দাওয়া উক্তমতে গ্রাহ্য হইয়াছে, এমত কোন লোকের এই আইনমতে টাক্স ধার্য্য হইয়াছে ও তাঁহার ভাড়া কি খাজানা কি বার্ষিক বৃত্তি কি সুদ কি বৎসরে২ পাওনা অন্য টাকাহইতে এই আইনমতে টাক্সের টাকা যেমন কাটিয়া লইবার ক্ষমতা আছে তেমনি ঐ ভাড়াপ্রভৃতিহইতে ঐ টাক্স বাদ দিয়া লওয়া গিয়াছে, কিম্বা সরকারী রাজস্বহইতে সেই লোকের পাওনা কোন সুদ কি বার্ষিক বৃত্তি কি ডিবিডেণ্ড কি পেনসান কি মুশাহেরার মিমিত্তে তাঁহার উপর টাক্স ধার্য্য হইয়াছে ও তিনি সেই টাক্স দিয়াছেন, এই কথার প্রমাণ যদি কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবেরদের স্থানবিশেষমতে করা যায়, তবে উক্ত প্রকারে যে কথার প্রমাণ হইয়াছে সেই কথার সর্টিফিকট ঐ কালেকটর সাহেব কি কমিসানর সাহেবেরা লিখিবেন, তাহাতে স্থানবিশেষের গবর্নমেণ্ট সময়ে২ যে নিয়ম ও যে বিধি নির্দ্দিষ্ট করেন সেই নিয়ম ও সেই বিধিমতে তাঁহাকে ঐ টাকা ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

[কোন কর্ম্মের বেতনাদির ও পেনসানের ও মুশাহেরার বিষয়ের ঐ দাওয়া আসেসরেরদের সম্মুখে করিবার কথা।]

১২৩ ধারা। দাওয়াদারের সমুদয় প্রাপ্তি কি আয় যদি প্রাপ্তিজনক কোন পদ কি কর্ম্মহইতে কিম্বা কোন বার্ষিক বৃত্তি কি পেনসান কি বেতনহইতে হয়, ও তাহার উপর ৯২ পদোপলক্ষের ও বিশেষ২ আসেসরের দ্বারা যদি টাক্স ধার্য্য হইয়াছে, তবে ঐ ক্ষমা হইবার দাওয়া যিনি স্বীয় পদোপলক্ষে কি বিশেষমতে আসেসর হন তাঁহার নিকটে করিতে হইবেক, ও তিনি সেই ক্ষমার অনুমতি দিতে পারিবেন ইতি।

[ভারতবর্ষের বাহিরের লোকেরদের আফিডেবিটদ্বারা দাওয়া করিবার কথা।]

১২৪ ধারা। সেই দাওয়াদার যদি ভারতবর্ষ দেশের বাহিরে থাকেন, তবে তিনি যে স্থানে থাকেন সেই স্থানে শপথ ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইবার ক্ষমতাপন্ন কোন লোকের সম্মুখে, তিনি এই আইনের আজ্ঞামতে নানা কথার আফিডেবিট করিলে, ঐ ধার্য্যকরা যে টাক্সের বিষয়ে ঐ দাওয়া হইতেছে সেই টাক্সের বিষয়ে ঐ আফিডেবিট গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[অন্য লোকেরদের গোমাশ্তারদের কি ট্রষ্টীরদের ঐ দাওয়া করিবার কথা।]

১২৫ ধারা। যে জন ক্ষমা হওয়ার দাওয়া করেন

by a guardian, trustee, agent, or factor, on account of others, in any case where satisfactory proof shall be given that the party claiming such exemption is unable to attend in person, or such claim may be made by the several persons acting in any of the characters hereinbefore described in such manner as they may act for others for the purpose of being assessed on their account in the first instance, as hereinbefore directed.

[All Government property exempted.]

CXXVI. No person shall be chargeable to the Duties under this Act in respect of the profits derived by Government from any property, real or personal, vested in, or held in trust for the Government, or the Secretary of State for India in Council, for public purposes; and all such profits shall be wholly exempted from the said Duties.

[Officers and Soldiers of any Military or Police Force, whose pay and allowances are less than those of a Captain of Infantry, exempted]

CXXVII. Officers, Non-Commissioned Officers, and Privates of Her Majesty's Forces, or of Her Majesty's Indian Military Forces, or of any Military Police or other Police Force, whose pay and allowances shall be less than the pay and allowances of a Captain of Infantry in Her Majesty's Forces in India, shall be wholly exempted from the said Duties in respect of any pay or allowance which they may receive from Her Majesty, or from the Government, or from any public Revenue.

[Naval and Marine Officers not above the rank of Lieutenant, exempted.]

CXXVIII. Officers of Her Majesty's Navy or of the Indian Naval Forces, or in the employment of Government in the Marine Department not above the rank of Lieutenant, and all Warrant and Petty Officers and Seamen shall in like manner be exempted from the said Duties.

[Public Officers exempted in respect of travelling and other allowances.]

CXXIX. Public Officers, Civil, Military, or Naval, shall be wholly exempted from the said Duties in respect of any allowance received by any such Officer for travelling expenses, contract allowances, tent or horse allowance, or any allowance in lieu of house-rent, or to meet any disbursement for the public service.

[Ryots &c. paying less than 600 Rupees yearly, exempted.]

CXXX. Ryots and persons in the occupation of lands for agricultural purposes and actually engaged in the cultivation and depasturing of the same, shall not be chargeable with the said Duty in respect only of the occupation of such lands, unless the rent paid by such ryots or persons in respect of such occupation, whether under direct engagement for the same with Government or not, shall amount

তিনি আপনি হাজির হইতে পারেন না ইহার প্রমাণ খাতিরজমাযতে হইলে কোন অলি কি ট্রষ্টী কি গোমাশ্‌তা কি কর্ম্মকারক তাঁহার নিমিত্তে ক্ষমা হওয়ার তদ্রূপ দাওয়া করিতে পারিবেন। কিম্বা তদ্রূপ পদস্থ লোকেরদের উপর অন্যেরদের কারণে প্রথম স্থলে টাক্স ধার্য্য হইলে তাঁহারা এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতে যেপ্রকারে করিতে পারেন, সেই প্রকারে তাঁহারা এরূপ দাওয়াও করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টের সকল সম্পত্তি মুক্ত থাকিবার কথা।]

১২৬ ধারা। স্থাবর কি অস্থাবর যে কিছু সম্পত্তি সরকারী কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্টের পক্ষে কিম্বা হুজুর কৌন্সেলে ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পক্ষে কোন কাহার প্রতি বর্ত্তে কি কোন লোকের জিম্মায় থাকে, সেই সম্পত্তি হইতে গবর্ণমেণ্টের প্রাপ্ত কোন লাভের উপলক্ষে কোন লোকের এই আইনমতের উক্ত টাক্স লাগিবে না, ও তদ্রূপ সকল প্রাপ্তি এ টাক্সহইতে সম্পূর্ণরূপে মুক্ত থাকিবে ইতি।

[কোন সিপাহীরদের কি পোলীস পল্টনের যে হুদ্দাদারেরদের ও সিপাহীরদের বেতন ও উপরি টাকা পদাতিক পল্টনের কাপ্তান সাহেবের বেতনের কম হয় তাঁহারদের ক্ষমা হওয়ার কথা।]

১২৭ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনের, কিম্বা সৈন্য সম্পর্কীয় কি অন্য প্রকারের পোলীস পল্টনের যে আফিসর সাহেবেরদের ও সনদপ্রাপ্ত হুদ্দাদারেরদের ও সিপাহীরদের বেতন ও মুশাহেরা ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর পদাতিক পল্টনের কাপ্তান সাহেবের বেতনের ও মুশাহেরার কম হয়, তাঁহারা শ্রীশ্রীমতী মহারাণীর স্থানে কি গবর্ণমেণ্টের স্থানে কিম্বা সরকারী কোন রাজস্বহইতে যেকোন বেতন কি উপরি টাকা পান তাহার উপলক্ষে তাঁহারদের উক্ত কিছু টাক্স লাগিবে না ইতি।

[জাহাজের ও মারীন আফিসর সাহেবেরা লেপ্টেনেণ্টহইতে উচ্চ পদ না পাইলে তাঁহারদের মুক্ত হওয়ার কথা।]

১২৮ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধজাহাজের কিম্বা ভারতবর্ষীয় যুদ্ধজাহাজের, কিম্বা মারীন ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত যে আফিসর সাহেবেরা লেপ্টেনেণ্টের পদহইতে উচ্চ পদ না পান, তাঁহারদের, ও সকল ওয়ারণ্ট ও পেটি আফিসর সাহেবের ও মল্লারদের সেই টাক্স লাগিবে না ইতি।

[পথখরচপ্রভৃতির টাকার উপর সরকারী কার্য্যকারকেরদের টাক্স না লাগিবার কথা।]

১২৯ ধারা। দেওয়ানী কি পল্টনের কি জাহাজের সরকারী কর্ম্মকারকেরা পথখরচের কি কন্‌ট্রাক্ট অর্থাৎ চুক্তির বাবৎ কি তেরার কি ঘোড়ার জন্যে যে কিছু টাকা পান, কিম্বা ঘরের ভাড়ার পরিবর্ত্তে কিম্বা সরকারী কর্ম্মের কোন খরচের নিমিত্তে যে কিছু টাকা পান, সেই টাকার উপলক্ষে তাঁহারদের উক্ত টাক্স লাগিবে না ইতি।

[যে রাইয়তেরা বৎসরে ৬০০৲ টাকার কম খাজানা দেন তাঁহারদের মুক্ত হওয়ার কথা।]

১৩০ ধারা। রাইয়তেরা ও অন্য লোকেরা যদি কেবল চাষ করিবার জন্যে জমী লয় ও সেই জমীতে নিতান্ত চাষ করে ও গোমেষাদি চরায়, তবে সেই জমী ভোগ করিবার উপলক্ষে তাহারদের উক্ত টাক্স লাগিবে না। কিন্তু তাহারা সেই জমী ভোগ করিবার করার গবর্ণমেণ্টের সঙ্গে কি অন্যের সঙ্গে কি যদি তাহার অন্যে ঐ রাইয়তেরদের কি লোকেরদের বৎসরে ছয় শত টাকার কম জমা দিতে না হয়, কিম্বা ঐ

at least to six hundred Rupees per annum, or unless the full annual value of such land at a rack-rent shall exceed that amount.

[Persons occupying houses at a rack-rent, exempted.]

CXXXI. Persons occupying houses for the purpose of habitation only, and holding the same at a rack-rent, shall not be chargeable with the said Duties in respect of their occupation only of such houses.

[Deduction on account of repairs of house.]

CXXXII. The Assessor in his assessment of houses actually occupied shall deduct such amount for repairs as the owners thereof shall prove to his satisfaction to have been expended, not exceeding a sum equal to the rent of such houses for six months in every three years.

[Power to exempt property used for charitable purposes or public religious purposes.]

CXXXIII. It shall be lawful for the local Government, subject to the approval of the Governor General of India in Council, to order that any property, moveable or immoveable, solely employed for or dedicated to religious or charitable public purposes, shall be wholly or partially exempted from the Duties chargeable under this Act, and to make such orders as may be necessary for securing and carrying into effect such exemption.

[Persons who have made insurance or contracted for a deferred annuity on the lives of themselves or wives, to be allowed an abatement of Duties in respect of the annual premiums or sums paid.]

CXXXIV. Any person who shall have made insurance on his life or on the life of his wife, or shall have contracted for any deferred annuity on his own life, or on the life of his wife, in or with any Insurance Company duly registered under any Act of the Imperial Parliament, or under any Act of the Governor General of India in Council, or authorized by law to carry on business without registration, and any person who shall be liable to the payment of any periodical sum or to have any sum periodically deducted from his salary, in order to secure a deferred annuity to himself or to his widow, or a provision to his children after his death, shall be entitled to deduct the amount so paid by him for such insurance or contract or deducted from his salary as aforesaid, from any profits or income in respect of which he shall be liable to be assessed under any of the Schedules of this Act, excepting Schedule 3; or to have any assessment which may be made upon him under any of the said Schedules, except Schedule 3, reduced or abated by the deduction of the amount of the said annual premium or sum from the amount of the profits or income on which such assessment has been made.

[*Government Gazette, 4th September*, 18[illegible]]

জমীর সালিয়ানা বেশী খাজানা ধরিলে যদি ছয় শত টাকার অধিক হয় তবে তাহারদের টাক্স লাগিবে।

[যাঁহারা বেশী ভাড়া দিয়া ঘরে থাকেন তাঁহারদের ক্ষমা হওয়ার কথা।]

১৩১ ধারা। যাঁহারা কেবল বাস করিবার জন্যে ঘরে থাকেন ও সেই ঘরের বেশী ভাড়া দিয়া থাকেন তাঁহারদের কেবল সেই ঘরে থাকার উপলক্ষে ঐ টাক্স লাগিবে না ইতি।

[ঘরের মেরামতীর জন্যে কিছু বাদ দেওয়ার কথা।]

১৩২ ধারা। যে ঘরেতে বাসেন্দা থাকে সেই ঘরের উপর যখন আসেসর টাকস ধার্য্য করেন, তখন ঘরের মেরামতের জন্যে ঘরের স্বামিরা যত টাকা খরচ করিয়াছেন তাহার তথ্যির প্রমাণ আসেসরের খাতিরজমামতে দেখাইলে, সেই খরচ করা টাকা সালহইতে বাদ দেওয়া যাইবে। কিন্তু তিন বৎসরে এ ঘরের ছয় মাসের ভাড়ার অধিক বাদ দিতে হইবেক না ইতি।

[ধর্ম্মার্থ কার্য্যেতে কি সাধারণ লোকেরদের ঈশ্বরারাধনার কার্য্যেতে যে সম্পত্তির ব্যবহার হয় তাহার টাকস ক্ষমা করিবার ক্ষমতার কথা।]

১৩৩ ধারা। স্থাবর কি অস্থাবর যে কোন সম্পত্তির কেবল ধর্ম্মার্থে কি ঈশ্বরারাধনার কার্য্যেতে প্রতিষ্ঠা কি ব্যবহার হয় তাহার উপর এই আইনমতের সমুদয় টাকস কি তাহার কোন অংশ ক্ষমা হয়, স্থানবিশেষের গবর্ণমেণ্ট হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জনরল বাহাদুরের সম্মতিক্রমে এমত আজ্ঞা করিতে পারিবেন। ও সেই টাক্স নিতান্ত ক্ষমা হয় ও সেই ক্ষমা হইবার আজ্ঞা সফল হয়, এই কারণে যে সকল আজ্ঞা আবশ্যক হয় তাহাও করিতে পারিবেন ইতি।

[কোন লোক যদি বীমাপত্র লন, কিম্বা আপনার কি আপন স্ত্রীর জীবনপর্য্যন্ত বার্ষিক বৃত্তি পাইবার নিয়ম করেন, তবে তাহার নিমিত্তে তাঁহারা যে টাকা দেন কি বৎসরেং যে টাকা দেন তাহার জন্যে টাকস কম করিবার কথা।]

১৩৪ ধারা। রাজকীয় পারলিমেণ্টের কোন আইনমতে কিম্বা হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের কোন আইনমতে উপযুক্তরূপে রেজিষ্টরী হইয়াছে, কিম্বা রেজিষ্টরী না হইয়া কার্য্য চালাইতে আইনমতে ক্ষমতা পাইয়াছে এমত কোন ইন্সুরান্স কোম্পানিতে কিম্বা তাহার সঙ্গে যদি কোন লোক আপনার কি আপন স্ত্রীর মরণের পরে কতক টাকা পাইবার, কিম্বা কতক বৎসরের পরে আপনার কি আপন স্ত্রীর জীবনপর্য্যন্ত বার্ষিক বৃত্তি পাইবার নিয়মে বীমাপত্র করিয়াছেন, ও কতক বৎসর পরে আপনি জীবনপর্য্যন্ত, কি আপনার মরণের পরে আপন স্ত্রী বার্ষিক বৃত্তি পান কি আপন সন্তানগণের ভরণপোষণের সঙ্গতি থাকে, এই কারণে যদি তাঁহার সমরেং কিছু টাকা দিতে হয়, কিম্বা তাঁহার বেতনহইতে মুশাহেরাহইতে সময়েং কিছু টাকা কাটিয়া দিতে হয়, তবে ঐ বীমাপত্র কি ঐ নিয়মের নিমিত্তে তিনি যত টাকা দেন, কিম্বা তাঁহার বেতনহইতে যত টাকা পূর্ব্বোক্তমতে কাটিয়া দেওয়া যায়, তত টাকা তিনি আপনার আয় কি প্রাপ্তিহইতে, অর্থাৎ এই আইনের ৩ নম্বরের তফসীলছাড়া অন্য কোন তফসীলমতে যে আয়ের কি প্রাপ্তির জন্যে টাকস ধার্য্য হইতে পারে, তাহাহইতে বাদ দিতে পারিবেন। কিম্বা ৩ নম্বরের তফসীলছাড়া উক্ত কোন তফসীলমতে তাঁহার যে প্রাপ্তির কি আয়ের উপর টাকস ধার্য্য হয় তাহাহইতে তাঁহার এরূপ বৎসরের দেনা টাকা বাদ দেওয়া যাইতে পারিবে ও তাঁহার ঐ টাকস তত কম করা যাইতে পারিবে ইতি।

[Repayment of such Duties if already paid.]

CXXXV. If such person shall be assessed to Duties under any of the Schedules contained in this Act and shall have paid such assessment, or shall have paid or been charged with any of the said Duties by deduction or otherwise, such person, on claim made to the Collector or Commissioners and on production to them of the receipt for such annual payment or sums, and on proof of the fact to the satisfaction of the said Collector or Commissioners, shall be entitled to have repaid to him such proportion of the said Duties paid as the amount of the said premium or sum bears to the whole amount of his profits on which he shall be chargeable under all or any of the Schedules of this Act.

[No abatement or repayment in respect of premium &c. beyond one-sixth of total profits or income.]

CXXXVI. No such abatement, allowance, or repayment as aforesaid, shall be made in respect of any such premium or sum beyond one-sixth part of the whole amount of the profits and income of such person so chargeable as aforesaid, nor shall any such deduction or abatement entitle any such person to claim exemption from Duties, on the ground of his annual profits or income being thereby reduced below two hundred Rupees, or five hundred Rupees, as the case may be.

[টাক্স আগে দেওয়া গেলে তাহা ফিরিয়া পাইবার কথা ।]

১৩৫ ধারা । যদি সেই লোকের উপর এই আইনের লিখিত কোন তফসীলমতে টাক্স ধার্য্য হইয়াছে ও তিনি যদি ঐ টাক্সের টাকা দিয়াছেন, কিম্বা বেতনাদি-হইতে বাদ দেওনদ্বারা কি অন্যমতে যদি ঐ টাক্স দেওয়া হইয়াছে কিম্বা তাঁহার ঐ টাক্স লওয়া গিয়াছে, তবে তিনি কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবদের নিকটে দাওয়া করিলে, ও বৎসরে তাঁহার দেওয়া সেই টাকার রসীদ তাঁহারদিগকে দেখাইলে, ও ঐ কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবদের খাতিরজমামতে ঐ কথার প্রমাণ করিলে, এই আইনের সকল কি কোন তফসীলমতে তাঁহার যে প্রাপ্তির উপর টাক্স লওয়া যাইতে পারে তাঁহার দেনা উক্ত টাকা তাহার যে অংশ হয়, তাহার হারহারীমতে তাঁহার দেওয়া ঐ টাক্স ফিরিয়া পাইবার যত্ন থাকিবে ইতি ।

[বীমাপত্রপ্রভৃতির জন্যে বৎসরের প্রাপ্তির কি আয়ের ছয় ভাগের এক ভাগের অধিক কমা হইতে কি ফিরিয়া পাইতে না পারিবার কথা ।]

১৩৬ ধারা । তদ্রূপ লোকের যে প্রাপ্তির ও লাভের উপর ঐ টাক্স লাগিতে পারে তাহার ছয় ভাগের এক ভাগের অধিক টাকা উক্তমতের দেনা টাকার উপলক্ষে বাদ দেওয়া যাইবে না, কি তাহার অধিক কমা হইবে না, কি ফিরিয়া দেওয়া যাইবে না । ও তাঁহার বৎসরের দেনা সেই টাকা বাদ দিলে, তাঁহার প্রাপ্তি কি আয় বৎসরে ২০০৲ টাকার কিম্বা বিষয়-বিশেষে ৫০০৲ টাকার কম হয় বলিয়া, তাঁহার একেবারে কিছু টাক্স না দিবার কি কম হারে টাক্স দিবার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি ।

PART XIV.

Abatement and Relief from double Assessments.

[Collector or Commissioners to grant relief from double assessments.]

[পুরাতন ইষ্টাম্প কাগজ বেআইনীমতে বিক্রয় করিবার কথা।]

২৬ ধারা। যখন যে সময়ে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর নূতন ইষ্টাম্প কাগজ চলন হইবার যে কোন সময় নিরূপণ করেন, তাহার পর যদি কোন বিক্রেতা কি অন্য লোক কোন পুরাতন ইষ্টাম্প কাগজ বিক্রয় করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ইষ্টাম্পবিক্রেতা হিসাব না দিলে কি দিতে স্বীকার না করিলে তাহার কথা।]

২৭ ধারা। কোন ইষ্টাম্পবিক্রেতা যে একরারনামা লিখিয়া দেয় তাহার নিয়মমতে তাহার যে হিসাব দিতে হয় তাহা যদি না দেয় কি দিতে স্বীকার না করে, কিম্বা জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবকে, কিম্বা তাঁহার স্থানে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারককে, সেই হিসাব দেখিতে না দেয়, কিম্বা তাহার নিকটে যে সকল ইষ্টাম্প কাগজ থাকে তাহা দেখিতে না দেয়, তবে সরকারের মালগুজারী কি খাজানা যাহারদের নিকটে পাওনা থাকে, তাহারদের উপর মালগুজারীর কালেক্টর সাহেবেরা আইনমতে যেরূপে কার্য্য চালাইতে পারেন, ঐ কালেক্টর সাহেবের খাতায় বিক্রেতার নামে যত ইষ্টাম্প কাগজ লেখা আছে তাহার বাকীর মূল্য পাইবার নিমিত্তে, কিম্বা ঐ খাতায় ঐ বিক্রেতার নামে বাকী পাওনা যত টাকা লেখা আছে তাহা পাইবার নিমিত্তে, ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রেতার উপর সেই প্রকারের কার্য্য চালাইতে পারিবেন ইতি।

[বিক্রেতার অনুমতিপত্রের মিয়াদ ফুরাইলে তাহার ইষ্টাম্পকাগজপ্রভৃতি ফিরিয়া দিবার কথা।]

২৮ ধারা। কোন বিক্রেতার অনুমতিপত্রের মিয়াদ যখন ফুরায়, কিম্বা সে ঐ অনুমতিপত্র যখন ত্যাগ করে, তখন ঐ বিক্রেতার লিখিত একরারনামার নিয়মমতে ইষ্টাম্পসম্পর্কে আপন লেনাদেনার যে হিসাব রাখিয়াছে তাহা, ও তাহার কাছে যে কিছু ইষ্টাম্প কাগজ থাকে কি যত থাকিতে হয় তাহা, ও উক্ত বাবতে তাহার স্থানে গবর্ণমেণ্টের যত টাকা পাওনা থাকে তাহা গ্রহণ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের হাতে ঐ জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেব উপযুক্ত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে দিবেক। না দিলে, তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। কিন্তু উক্ত জরীমানা দিলেও ঐ বিক্রেতা কোন মামুল চুরীর দোষে দোষী হইলে তাহার যে দণ্ড আইনে নিরূপিত হইয়াছে, তাহার সেই দণ্ড হইতে পারিবেক। ও কোন ইষ্টাম্প কাগজের মূল্য কিম্বা ঐ বিক্রেতার হাতে থাকা কিম্বা তাহার নামে লেখা যে টাকা পাওনা আছে তাহা আদায় করিবার জন্যে, এই আইনের ২৭ ধারামতে জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের যে সকল কার্য্য চালাইবার ক্ষমতা আছে, তাহাইতেও সেই বিক্রেতা মুক্ত হইবেক না ইতি।

[ইষ্টাম্পবিক্রেতা মরিলে, যত ইষ্টাম্প কাগজপ্রভৃতি বিক্রয় না হইয়া থাকে তাহা উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে দিবার কথা।]

২৯ ধারা। কোন বিক্রেতা মরিলে, তাহার অছির কি সংসারাধ্যক্ষের স্থানে কিম্বা অছি কি সংসারাধ্যক্ষ না থাকিলে তাহার সম্পত্তি অন্য যে কোন লোকের হাতে থাকে তাহার স্থানে, যদি ইষ্টাম্পের মাসুলের কালেক্-

made by the Collector of Stamp Revenue or any Officer duly authorized by him, make over within a reasonable time to such Collector or Officer any Stamps which the deceased vender may have received and not have issued at the time of his death, and any accounts of the transactions of the deceased vender in relation to Stamps which may have been kept according to the provisions of any bond such vender may have entered into, of which Stamps and accounts such executor, administrator, or other person may have the possession, or be able to obtain the possession, on pain of a fine not exceeding five hundred Rupees.

[Proceedings against sureties of Stamp vender.]

XXX. In any of the cases specified in the preceding Sections, the Collector of the Stamp Revenue of the District may call upon the surety or sureties of the vender, or any of them, to make good the value of the balance of Stamps standing against the vender in the books of the said Collector, or the balance of money standing against the vender in the books of the said Collector, and on his or their failure to do so, may proceed against all or any of them for the recovery of the value of the balance of Stamps or for the recovery of the balance of money as aforesaid, in the same manner as Collectors of Land Revenue are authorized by law to proceed against the sureties of persons owing Revenue or rent to Government.

[Unlicensed sale of Stamps.]

XXXI. No person not being a licensed vender of Stamps duly appointed, shall sell any Stamp unless it has been in an authorized manner obtained for use and not for sale, under pain of a fine not exceeding one hundred Rupees; provided that nothing in this Section shall be held to apply to any adhesive Stamp.

[Renewal of damaged or spoiled Stamps.]

XXXII. *First.*—If any Stamped paper, parchment, vellum, or the like, after having been obtained in the regular manner, shall have become damaged, spoiled, or unfit for use, either by any accident happening to the same, or because of error in the drawing up or copying any Instrument or Writing thereupon, which being discovered before such Instrument or Writing may be finally signed and executed, renders the same of no avail, or when by reason of the death or refusal of the party or parties whose signature may be necessary to effect the transaction intended by such Instrument or Writing it remains incomplete and of no avail, or when by the refusal of any office or trust that may be granted by an Instrument or Writing it has failed of the purpose intended, or in the case of Promissory Notes, Bills of Exchange, or the like, if by non-delivery to the payee or person acting on his behalf, or from other

ইত্যাদি কাহার কিম্বা তাঁহাইহইতে উপযুক্তমতের ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক চাহেন, তবে ঐ মৃত বিক্রেতা যে সকল ইষ্টাম্প কাগজ পাইয়া মরণ কালপর্য্যন্ত বিক্রয় করে নাই ও আপন একরারনামার নিয়মমতে ইষ্টাম্প কাগজের ক্রয়বিক্রয়াদির যে সকল হিসাব রাখিয়াছে, তাহার মধ্যে যত কাগজপ্রভৃতি ঐ অহি কি সংসারাধ্যক্ষের কি অন্য ব্যক্তির হাতে আইসে কি সেই অহিপ্রভৃতি তাহার যত পাইতে পারে তাহা, সেই অহিপ্রভৃতি উপযুক্ত সময়ের মধ্যে সেই কালেক্টর সাহেবকে কি কার্য্যকারককে দিবেক। না দিলে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ইষ্টাম্পবিক্রেতার জামিনেরদের উপর কার্য্য চালাইবার কথা।]

৩০ ধারা। ইহার পূর্ব্বের এক ধারার নির্দ্দিষ্ট স্থলে, জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের খাতায় বিক্রেতার নামে যত ইষ্টাম্প কাগজ লেখা থাকে তাহার বাকী কাগজের মূল্য, কিম্বা ঐ কালেক্টর সাহেবের খাতায় ঐ বিক্রেতার নামে যত টাকা পাওনা লেখা আছে তাহা, ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রেতার জামিনকে কি জামিনদিগকে কি তাহারদের কোন কাহাকে আনিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। এ সে কি তাহারা তাহা না দিলে, গবর্ণমেণ্টের মালগুজারী কি খাজানা যাহারদের স্থানে পাওনা থাকে তাহারদের জামিনেরদের উপর ভূমির রাজস্বের কালেক্টর সাহেবেরা আইনমতে যে প্রকারের কার্য্য চালাইতে পারেন, ঐ বাকী ইষ্টাম্প কাগজের মূল্য কিম্বা পূর্ব্বোক্তমতে বাকী টাকা আদায় করিবার জন্যে, ঐ জামিনেরদের কি তাহারদের কোন কাহার উপর সেই প্রকারের কার্য্য চালাইতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না পাইয়া ইষ্টাম্প কাগজ বিক্রয় করিবার কথা।]

৩১ ধারা। ইষ্টাম্প কাগজ বিক্রয় করিবার অনুমতিপ্রাপ্ত ও উচিতমতের নিযুক্ত লোক না হইলে, কেহ কোন ইষ্টাম্প কাগজ বিক্রয় করিতে পারিবেক না। করিলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। কেবল যদি তাহা উপযুক্ত কার্য্যের নিমিত্তে লওয়া গিয়াছে, বিক্রয়ের নিমিত্তে নয়, তবে বিক্রয় করিতে পারে, কিন্তু এই ধারার কথা কোন আটাল ইষ্টাম্পের উপর খাটে এমত জ্ঞান করিতে হইবেক না, ইতি।

[ইষ্টাম্প কাগজের নোকসান কি ক্ষতি হইলে তাহার কথা।]

৩২ ধারা। প্রথম প্রকরণ।—কোন ইষ্টাম্প কাগজ কি বেলম পার্চমেণ্টইত্যাদি উপযুক্তমতে পাওয়া গেলে পর যদি কোন দৈবঘটনাতে নষ্ট হয় কি তাহার নোকসান হয়, কিম্বা ঐ কাগজখানিতে যে কোন দস্তাবেজ কি লেখাপড়া করা যায় কি নকল করা যায়, তাহাতে দস্তখৎ হওনের পূর্ব্বে, ঐ দস্তাবেজ কি লেখাপড়া যাহাতে ব্যর্থ হইতে পারে এমত কোন ভুল প্রকাশ হওনপ্রযুক্ত যদি ঐ কাগজ অকর্ম্মণ্য হয়, অথবা ঐ দস্তাবেজ কি লেখাপড়া সিদ্ধ হওনের নিমিত্তে যে জনের কি জনেরদের দস্তখতের আবশ্যক, তাহারদের মৃত্যুপ্রযুক্ত কি দস্তখৎ করিতে অসম্মত হওয়াপ্রযুক্ত যদি ঐ দস্তাবেজ কি লেখাপড়া অসম্পূর্ণ এবং নিরর্থক হয়, কিম্বা যে কোন পদ কি টুক্টী কোন লেখাপড়ার দ্বারা কোন কাহাকে দেওয়া যায় সে ঐ পদ কি টুক্টী লইতে স্বীকার না করিলে ঐ লিখনের অভিপ্রায় যদি সিদ্ধ না হয়, কিম্বা প্রমিসরি নোটের অর্থাৎ খতের কি হুণ্ডীইত্যাদির টাকা যাহার পাইতে হইবেক তাহার কি তাহার স্থলাভিষিক্তের হাতে না পঁহুছিলে কি আর

cause, the same are never brought to use, and in the case of Bills of Exchange if they shall not have been presented for acceptance; in all such cases it shall be competent to the Collector of the Stamp Revenue of the District duly appointed as above provided, upon delivery being made of the Stamped paper, parchment, vellum, or the like so damaged, spoiled, or rendered unfit for use, to cause similar Stamps or Stamps of equal value to be delivered as above provided to the owner of the article or articles so damaged, spoiled, or rendered unfit for use, or to his representative, upon payment of the value of the paper, parchment, vellum, or other material on which the new Stamp may be impressed. But the rule contained in this Section shall not extend to Bills of Exchange drawn in sets, of which any one of the set may have been delivered to the payee.

[Application for renewal.]

Second.—The owner of any Stamp which may be damaged, spoiled, or rendered unfit for use as aforesaid, shall prefer his application to the Collector of Stamp Revenue of the District in which he may have purchased it, and if the Collector be of opinion that the application ought to be complied with, he shall deliver or cause to be delivered, subject to the provisions of this Act, to the party or his representative, a Stamp similar to that which has been damaged, spoiled, or rendered unfit for use Provided that the application be made within one year of the period when the Stamp may have become damaged, spoiled, or rendered unfit for use.

[Fraudulently counterfeiting or uttering Stamps.]

XXXIII Any person who fraudulently counterfeits any Stamp, or who alters any Stamp with the intention that it shall pass for a Stamp of greater value, or makes or uses any die for either of the above purposes, or who fraudulently issues or exposes for sale any counterfeit Stamp or any Stamp altered as above described, or who fraudulently uses any counterfeit Stamp or any Stamp altered as aforesaid, shall be punished by imprisonment with or without hard labor for a term not exceeding four years or by transportation for a term not exceeding seven years.

[Stamps on certain affidavits.]

XXXIV. No Justice of the Peace or any Officer, before whom an affidavit not made for the immediate purpose of being filed, read, or used in any Court of Law may be taken, shall receive or attest such affidavit unless it be written on a Stamp of not less than the value prescribed in Schedule A annexed to this Act.

[Conveyance to state truly the amount of the purchase money.]

XXXV. From the time when this Act shall come into force, in all cases of the sale of any lands,

কোন কারণে যদি তাহা কখন ব্যবহারে না আইসে, ও ছণ্ডী হইলে যদি তাহা সাকরাইবার জন্যে কখন উপস্থিত করা যায় নাই, তবে উপরের লিখিতমত নিযুক্তহওয়া জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের নিকটে সেই প্রকারের নষ্ট কি ক্ষতি কি অকর্ম্মণ্যহওয়া ইষ্টাম্প কাগজ কি পার্চমেণ্ট কি বেলমইত্যাদি দাখিল হইলে ও নূতন ইষ্টাম্প যাহাতে ছাপাইতে হইবেক সেই কাগজের কি পার্চমেণ্টের কি বেলমের কি অন্য দ্রব্যের মূল্য দেওয়া গেলে, ঐ কালেক্টর সাহেব সেই নষ্টকরা কি নোকসানহওয়া কি অকর্ম্মণ্য কাগজপ্রভৃতির স্বামিকে অথবা তাহার মূলাভিষিক্ত জনকে তত্তুল্য কি তাহার সমান মূল্যের ইষ্টাম্প কাগজপ্রভৃতি পূর্ব্বোক্ত বিধানমতে দেওয়াইতে পারিবেন। কিন্তু যে ছণ্ডী দোকর তেকর পাঠান যায় তাহার মধ্যে কোন এক কেতা টাকাপাওনিয়ার নিকটে পঁহুছিলে সে ছণ্ডীর বিষয়ে এই প্রকার লিখিত বিধানের সম্পর্ক নাই।

[নূতন কাগজ পাইবার দরখাস্তের কথা।]

দ্বিতীয় প্রকরণ। পূর্ব্বোক্তমত নষ্ট কি নোকসানহওয়া কি অকর্ম্মণ্য হওয়া কোন ইষ্টাম্প কাগজের স্বামী যে জিলাতে ঐ কাগজ কিনিয়াছিল সেই জিলার ইষ্টাম্পের মাসুলের কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেক। যদি ঐ কালেক্টর সাহেবের বিবেচনায় ঐ দরখাস্ত গ্রাহ্য করিতে হয়, তবে যে ইষ্টাম্পের নোকসান কি হানি হইয়াছে কি ব্যবহারের অযোগ্য হইয়াছে তাহার সমান ইষ্টাম্প তিনি এই আইনের বিধান মানিয়া ঐ লোককে কি তাহার মূলাভিষিক্ত জনকে দিবেন কি দেওয়াইবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ ইষ্টাম্পের নোকসান কি হানি হইবার কি কর্ম্মের অনুপযুক্ত হইবার সময়অবধি এক বৎসর মিয়াদের মধ্যে ঐ দরখাস্ত করা যায় ইতি।

[প্রতারণা করিয়া ইষ্টাম্প কাগজ জাল করণের কি চালাইবার কথা।]

৩৩ ধারা। যদি কোন ব্যক্তি প্রতারণা করিয়া কোন ইষ্টাম্প কাগজ জাল করে, কিম্বা অধিক মূল্যের ইষ্টাম্প কাগজের ন্যায় জানাইবার অভিপ্রায়ে কোন ইষ্টাম্প কাগজ পরিবর্ত্তন করে, কিম্বা উক্ত কোন কার্য্যের নিমিত্তে কোন ছেনি প্রস্তুত কি ব্যবহার করে, কিম্বা যদি কোন ব্যক্তি জালকরা কি উপরের লিখিতমতে পরিবর্ত্তনকরা কোন ইষ্টাম্প কাগজ প্রতারণা করিয়া চালায় কি বিক্রয়ার্থে দেখায়, কিম্বা যদি কোন ব্যক্তি উক্তমতের জালকরা কি পরিবর্ত্তনকরা ইষ্টাম্প কাগজ প্রতারণামতে ব্যবহার করে, তবে সেই জন চারি বৎসরপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবেক কিম্বা সাত বৎসরের অনধিক মিয়াদে দ্বীপান্তর প্রেরণ হইবেক ইতি।

[কোন২ আফিডেবিট ইষ্টাম্প কাগজে লিখিবার কথা।]

৩৪ ধারা। কোন আদালতে অগৌণে দাখিল করিবার কি পাঠ করিবার কি ব্যবহার হইবার জন্যে যে আফিডেবিট করা যায়, তদ্ভিন্ন অন্য কারণে যদি কোন আফিডেবিট এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের কম মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে যে জুষ্টীস অফ দি পীস সাহেবের কি অন্য কার্য্যকারক সাহেবের সম্মুখে ঐ আফিডেবিট করা যায় তিনি তাহা গ্রাহ্য করিবেন না ও তাহাতে দস্তখৎ করিবেন না ইতি।

[হস্তান্তর করণপত্রেতে খরীদের প্রকৃত টাকা লিখিবার কথা।]

৩৫ ধারা। এই আইন জারী হইবার তারিখঅবধি কোন জমী কি বার্ষিক বৃত্তি কিম্বা স্থাবর কি অস্থাবর

annuities, or other property, real or personal, moveable or immoveable, or of any right, title, interest, or claim in any such property, when a Duty is imposed by this Act on the conveyance thereof, the full purchase or consideration money directly or indirectly paid or secured or agreed to be paid for the same, shall be truly expressed and set forth in words at length in the principal Deed, Instrument, or Writing whereby the property sold shall be conveyed to or vested in the purchaser or in any other person; and if the full purchase or consideration money shall not be fully and truly expressed and set forth in the manner above directed, the purchaser and seller shall each forfeit a sum not exceeding five hundred Rupees, and be charged with the payment of five times the amount of the excess of Duty which would have been payable for the said Deed, Instrument, or Writing in respect of the full purchase or consideration money, if the same had been duly expressed in the said Deed, Instrument, or Writing beyond the amount of Duty actually paid for the same.

[To be continued.]

কোন সম্পত্তি কি পাট্টাপ্রভৃতি কি বিষয়, কিম্বা তদ্রূপ কোন সম্পত্তিতে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক কি দাওয়া বিক্রয় করা গেলে, যদি তাহার হস্তান্তর করণপত্রের উপর এই আইনমতে কোন মাসুল লাগে, কিম্বা আসল যে দলীল কি দস্তাবেজ কি লেখাপড়াক্রমে ঐ বিক্রয়করা সম্পত্তি খরীদারকে কি অন্য কোন ব্যক্তিকে হস্তান্তর করিয়া দেওয়া যায়, কি অর্পণ করা যায়, সেই দস্তাবেজপ্রভৃতিতে ঐ সম্পত্তিপ্রভৃতির নিমিত্তে খরীদের কি বিনিময়ের যত টাকা সাক্ষীরূপে কি অন্য প্রকারে দেওয়া যায় ও রক্ষিত হয় কি দিবার করার হয়, তাহা যথার্থ ও সম্পূর্ণরূপে প্রকাশ করিতে ও অক্ষরে লিখিতে হইবেক। ও খরীদের কি বিনিময়ের সম্পূর্ণ টাকা যদি উপরের আজ্ঞামতে সম্পূর্ণ ও সত্যরূপে ব্যক্ত করা না যায়, ও লেখা না যায়, তবে খরীদারের ও বিক্রেতার পাঁচ শত টাকা করিয়া জরীমানা হইবেক। তদ্ভিন্ন এ ইষ্টাম্প কাগজের যত মাসুল দেওয়া গিয়াছে, খরীদের কি বিনিময়ের সমুদয় টাকা ঐ দলীলে কি দস্তাবেজে কি লেখাপড়াতে উচিতমতে লেখা থাকিলে, যদি তাহার অধিক ইষ্টাম্প লাগিত, তবে যত অধিক হইত তাহার পাঁচগুণ তাহারদের দিতে হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 27th August, 1860.

Baboo Shibdass Mookerjee, Officiating Moonsiff of Soonamookhy, Zillah West Burdwan, to be Moonsiff of Lohagurrah, Zillah Jessore; but to continue to officiate at Soonamookhy until the return of the incumbent.

Baboo Mohanundo Roy Chowdri, Vakeel of the Judge's Court of Jessore, to be Officiating Moonsiff of Lohagurrah, Zillah Jessore.

LEAVE OF ABSENCE.

The 27th August, 1860.

Baboo Nobinchunder Ghose, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for three months, on Medical Certificate.

H. B. Lawford, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ২৭ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু শিবদাস মুখুর্য্যা জিলা যশোহরের লোহাগড়ার মুনসেফ হইবেন কিন্তু সোণামুখীর মুনসেফ যাবৎ ফিরিয়া না আইসেন তাবৎ ঐ স্থানে মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

যশোহরের জজ সাহেবের আদালতের উকীল শ্রীযুত বাবু মহানন্দ রায় চৌধুরী জিলা যশোহরের লোহাগড়ার একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ২৭ আগষ্ট।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফোর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENT.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

জেলা কাঙ্ড়ার বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯; ২০ পৌষ তারিখে জিলা কাঙ্ড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে দৌড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক এমত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

[*Government Gazette, 4th September*, 1860.]

ইন্‌কম ট্যাক্‌স।

অর্থাৎ।

আয়ের কর।

ইং ১৮৬০ সালের ৩২ আইন।

বঙ্গভাষায় অনুবাদিত হইয়া বার পেজি কর্ম্মার পুস্তকাকারে বিস্তারিত নির্ঘণ্ট ও ইং এক পাই অবধি লক্ষ টাকাপর্য্যন্ত টাকার উপর ১। ২। ৩। ও ৪ টাকা শতকরা হিসাবে টাক্‌স গণনাপত্র সম্বলিত উত্তম কাগজে পরিষ্কাররূপে ছাপা হইতেছে মূল্য প্রত্যেক খণ্ড প্রতি ১৲ এক টাকা মাত্র যাঁহাদিগের প্রয়োজন হয় আমাদিগের নিকট নিম্ন লিখিত স্থানে প্রাপ্ত হইবেন। প্রদেশস্থ গ্রাহকগণ যদ্যপি অগ্রে মূল্য প্রেরণ করেন তবে ডাকমাসুল খরচা দিতে হইবেক না আর যাঁহারা একেবারে অধিক খণ্ড ক্রয় করিবেন তাঁহাদিগকে বিবেচনামতে নিরূপিত মূল্যাপেক্ষা ন্যূন মূল্যে দেওয়া যাইবেক ইতি।

গুপ্ত এণ্ড ব্রাদর্শ নিউ ইণ্ডিয়ান লাইব্রেরি নং ৮৬ কালেজ ষ্ট্রীট।

বিজ্ঞাপন।

ইনকম টাক্‌সের অর্থাৎ আয়ের উপর কর নিরূপণ বিষয়ক ১৮৬০ সালের ৩২ আইন ও তৎসংক্রান্ত গবর্ণমেণ্ট প্রকাশিত বিধি সমুদায় গেজেটের অবিকল বঙ্গভাষায় পুস্তকাকারে, ছাপা হইতেছে মূল্য ডাক মাসুল সমেত ৸৵০ পনর আনা। আর ইষ্টাম্প বিষয়ক ১৮৬০ সালের ৩৬ আইনও বঙ্গভাষায় ছাপা হইতেছে অল্পায় সমাপন হইবে ডাক মাসুলসমেত মূল্য ॥৵ আনামাত্র গ্রাহকগণ চাকা বাঙ্গলাযন্ত্রে কি সদর আমিনী আদালতে শ্রীযুত বাবু রামচন্দ্র ভৌমিক উকীলের নিকট মূল্য সহ পত্র প্রেরণ করিলে পাইবেন।

বিজ্ঞাপন।

প্রতিমাসের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে আইন ও সরক্যুলর অর্ডর এবং অন্য যে বিধি সকল প্রকাশ হয় গত জুলাই মাসহইতে তৎ সমুদয় অবিকল সংগ্রহ করিয়া "নব ব্যবহার সাহিত্য" নামে একখান মাসিক পত্রিকা চাকা বাঙ্গলা যন্ত্রে বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কন করিয়া ২৮ আগষ্ট তারিখহইতে প্রকাশ আরম্ভ হইয়াছে প্রতিমাসের পত্রিকা তৎ পর মাসের প্রথম পক্ষ শেষ হওয়ার পূর্ব্বেই প্রকাশ হইবে তাহার বার্ষিক অগ্রিম মূল্য অর্থাৎ পত্রিকা প্রাপ্তাবধি ২ মাসের মধ্যে দিলে ৪৲ নচেৎ ৫৲ টাকা মাত্র। গ্রহণেচ্ছুক মহাশয়েরা চাকা বাঙ্গলা যন্ত্রে শ্রীযুক্ত বাবু রামচন্দ্র ভৌমিকের নিকট পত্র প্রেরণ করিলে পত্রিকা পাইবেন। এই পত্রিকা আইনব্যবসায়ি মহাশয়েরদের নিতান্ত প্রয়োজনীয় তাহা পত্রিকা পাঠে অবগতি হইবেক।

বিজ্ঞাপন।

নীচের লিখিত পুস্তক সকল অতিউত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা সদর দেওয়ানি আদালতে উকিল শ্রীযুত বাবু অনুকূলচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট মূল্য ও প্রত্যেক পুস্তকের ডাক মাসুল ৵০ দুই আনা পাঠাইলে প্রাপ্ত হইবেন।

ইংরাজী ইষ্টাম্পের আইন মূল্য ... ... ॥০ আনা

বাঙ্গালায়—— ঐ — ঐ — ঐ ... ... ৸০ আনা

বাঙ্গালা ইন্‌কম টাক্‌সের আইন (অতি শীঘ্র বিক্রয়ার্থে বাহির হইবেক) মূল্য ১৲ এক টাকা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৪ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 11, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১১ সেপ্টেম্বর।

ACTS.

Act No. XXXII. of 1860.

An Act for imposing Duties on Profits arising from Property, Professions, Trades, and Offices.

[Continued from page 569.]

PART XVII.

Recovery of Duties.

[Procedure in Presidency Towns as to claims to moveable property distrained.]

CLXXXI. If any claim* shall be made in any Presidency Town to or in respect of any moveable property distrained under this Act, or in respect of the proceeds thereof by any person not being the party chargeable with the Duties in respect of which such distress or attachment is made, such claim shall be certified by the Commissioners of such Presidency Town to the Small Cause Court, and thereupon such proceedings shall be taken for deciding the same as if the property had been taken in execution under process of such Court and such property had then been claimed by some person not being the party against whom the process issued.

[Procedure in Straits Settlement.]

CLXXXII. If in any Station of the Straits Settlement a like claim shall be made in respect of any such moveable property distrained as aforesaid, such claim shall be certified by the Commissioners of such Station to the Court of Judicature thereof, and such claim shall thereupon be heard and determined in a summary way by such Court or by any Division of such Court at their General and Quarter Sessions or otherwise.

[Procedure in other places.]

CLXXXIII. If in any district or place other than a Presidency Town or a Station in the Straits

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইন।

সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে উপার্জ্জন হয় তাহার উপর টাক্স অর্থাৎ মামুল বসাইবার আইন।

[৫৬৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

সপ্তদশ অধ্যায়।

টাক্সের টাকা আদায় করিবার বিধি।

[রাজধানীতে ক্রোককরা অস্থাবর সম্পত্তির উপর দাওয়া হইলে যাহা করিতে হইবে তাহার কথা।]

১৮১ ধারা। কোন রাজধানীর মধ্যে যে টাক্সের নিমিত্তে অস্থাবর কোন সম্পত্তি এই আইনমতে ক্রোক করা যায়, সেই টাক্সযাঁহার স্থানে পাওনা হয় তিনি ছাড়া অন্য লোক যদি ক্রোক করা ঐ সম্পত্তির উপর, কিম্বা এ সম্পত্তির নীলামে উৎপন্ন টাকার উপর কোন দাওয়া রাখে, তবে ঐ রাজধানীর কমিসানর সাহেবেরা সেই দাওয়ার সর্টিফিকট লিখিয়া ক্ষুদ্র মোকদ্দমার আদালতে দিবেন। তাহাতে ঐ আদালতের পরওয়ানা জারী হইয়া সম্পত্তি ক্রোক হইলে, যাহার নামে পরওয়ানা জারী হয়, তিনি ছাড়া অন্য ব্যক্তি তাহার উপর দাওয়া রাখিলে ঐ আদালত সেই দাওয়ার নিষ্পত্তি করিবার জন্যে যে নিয়মমতে কার্য্য করিতেন, ঐ কমিসানর সাহেবেরদের সর্টিফিকট পাইয়া সেই নিয়মমতে কার্য্য করিবেন ইতি।

[মোহনার নিকট বসতি স্থানে যাহা করিতে হইবে তাহার কথা]

১৮২ ধারা। মোহনার নিকট বসতি স্থানের কোন মোকামে পূর্ব্বোক্তমতের ক্রোককরা অস্থাবর কোন সম্পত্তির বিষয়ে সেই প্রকারের কোন দাওয়া হইলে, ঐ মোকামের কমিসানর সাহেবেরা সেই দাওয়ার সর্টিফিকট ঐ মোকামের আদালতে পাঠাইবেন। তাহাতে ঐ আদালত কিম্বা ঐ আদালতের কোন অংশ আপনারদের সাধারণ কিম্বা তিন মাসের বৈঠকে কি অন্য সময়ে ঐ দাওয়ার সরাসরীমতে বিচার ও নিষ্পত্তি করিবেন ইতি।

[অন্যং স্থানে যাহা করিতে হইবে তাহার কথা।]

১৮৩ ধারা। রাজধানীর কিম্বা মোহনার নিকট বসতি স্থানের কোন মোকাম ছাড়া, যদি অন্য কোন জিলাতে

Settlement, such claim as aforesaid shall be made to such moveable property distrained as aforesaid, such claim shall be heard and determined in a summary way by the Collector.

[Procedure as to claims to immoveable property.]

CLXXXIV. If any claim shall be made to or in respect of any immoveable property attached under the provisions of this Act, the claimant shall deposit in the hands of the Collector or Commissioners the amount of the Duties in respect of which the attachment was issued, or give security to the Collector or Commissioners for the payment of the same in the event of his not establishing his right in a Civil suit. The sale shall be stayed pending such suit. Such suit shall be commenced within one year from the date of the attachment, and unless it be brought within such period, the suit shall not be entertained. In the event of the claimant failing to establish his claim, if any deposit shall have been made, it shall be forfeited in satisfaction of the Duties, and if security shall have been given the amount shall be levied in the manner provided for arrears of Duties under this Act.

[Government claim shall have priority over all private claims.]

CLXXXV. The claim of the Government for all sums payable for the said Duties shall have priority over all private claims, arising after the said Duties accrued due, upon any immoveable property attached, or upon any moveable property distrained upon under this Act. Provided that if the property attached be itself the subject of the assessment in respect of which the attachment shall have issued, the claim of the Government for the arrears due on the said assessment shall have priority over all private claims.

[Goods of defaulters are not to be removed under any execution or assignment, until all Duties are paid] *

CLXXXVI. No goods or chattels shall be liable to be taken by virtue of any execution or other process, warrant, or authority, or by virtue of any assignment, or on any pretence whatever, unless the person at whose suit the execution or seizure shall be sued out or made, or to whom such assignment shall be made, shall, before the sale or removal of such goods and chattels, pay, or cause to be paid to the proper officer all arrears of the said Duties which shall be due by the judgment debtor or assignors at the time of seizing such goods or chattels, or which shall be payable for the year in which such seizure shall be made, provided that the said Duties shall not be claimed under this Section for more than one year.

[Parents and guardians liable for infants, and representatives for person dying.]

CLXXXVII. When any person chargeable with

কি স্থানে পূর্ব্বোক্তমতের ক্রোকেরা অস্থাবর সম্পত্তির উপর পূর্ব্বোক্তমতের দাওয়া হইয়া থাকে, তবে কালেক্টর সাহেব সমারোহীমতে ঐ দাওয়ার বিচার ও নিষ্পত্তি করিবেন ইতি।

[স্থাবর সম্পত্তির উপর দাওয়া হইলে যাহা করিতে হইবে তাহার কথা।]

১৮৪ ধারা। এই আইনের বিধানমতে কোন স্থাবর সম্পত্তি ক্রোক হইলে পর যদি তাহার উপর কোন দাওয়া করা যায়, তবে টাক্সের যত টাকার নিমিত্তে ঐ ক্রোকী পরওয়ানা জারী হয়, তত টাকা সেই দাওয়াদার কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবেরদের হাতে অর্পণ করিবেন, কিম্বা তিনি দেওয়ানী মোকদ্দমাতে আপনার ঐ দাওয়া সাবুদ করিতে না পারিলে ঐ টাক্সের টাকা দিবেন ইহার জামীন কালেক্টর সাহেবের কি কমিসানর সাহেবেরদের নিকটে দিবেন। ঐ মোকদ্দমা যাবৎ নিষ্পত্তি না হয় তাবৎ এ নীলাম স্থগিত থাকিবে। ক্রোক করিবার তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। সেই মিয়াদের মধ্যে উপস্থিত না হইলে গ্রাহ্য হইবে না। দাওয়াদার যদি আপনার দাওয়া সাবুদ করিতে না পারেন, তবে তাঁহার টাকা আমানৎ থাকিলে তাহা ঐ টাক্সের পরিশোধে অর্পণ হইবে। কিম্বা যদি জামীন দিয়া থাকেন, তবে এই আইনেতে টাক্সের বাকী টাকা উসুল করিবার যে বিধি আছে সেই বিধিমতে এ টাকা আদায় হইবে ইতি।

[গবর্ণমেণ্টের দাওয়া সাধারণ লোকেরদের সকল দাওয়ার অগ্রগণ্য হইবার কথা।]

১৮৫ ধারা। ঐ টাকসের টাকা পাওনা হইলে পর এই আইনমতের ক্রোকেরা কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তির উপর সাধারণ লোকেরদের যে দাওয়া থাকে সেই সকল অপেক্ষা ঐ টাক্সের বাবৎ পাওনা টাকার বিষয়ে গবর্ণমেণ্টের যে দাওয়া তাহা অগ্রগণ্য হইবে। কিন্তু ক্রোকের পরওয়ানা যে টাকসের নিমিত্তে জারী হয় সেই টাক্স যদি ক্রোকেরা ঐ সম্পত্তির উপলক্ষে পাওনা হয়, তবে ঐ ধার্য্য করা টাকসের যত টাকা পাওনা থাকে, তাহাতে সাধারণ সকল লোকের দাওয়া অপেক্ষা গবর্ণমেণ্টের দাওয়া অগ্রগণ্য হইবে ইতি।

[টাকসের সমুদয় টাকা যাবৎ আদায় না হয়, তাবৎ কোন ডিক্রী জারীর কি দানপত্রাদির বলে বাকীদারের-দের মাল সরাইয়া লইতে না পারিবার কথা।]

১৮৬ ধারা। কোন লোকের কোন মাল কি দ্রব্য কোন ডিক্রীজারীর কি অন্য পরওয়ানার কি হুকুমনামার কি ক্রয়তাপত্রের শক্তিতে, কিম্বা কোন আসিনমেণ্টের অর্থাৎ হস্তান্তর করণের শক্তিতে, কি অন্য কোন ছলে সরাইয়া লওয়া যাইতে পারিবে না, কিন্তু যাঁহার দরখাস্তমতে ঐ মালের কি দ্রব্যের উপর ডিক্রী জারীর প্রার্থনা হয়, কি ঐ মাল কি দ্রব্য ক্রোক করা যায়, কিম্বা যাঁহার পক্ষে ঐ আসিনমেণ্ট করা যায়, তিনি যদি ঐ মাল কি দ্রব্য নীলাম কি হস্তান্তর হইবার পূর্ব্বে, ঐ ডিক্রীমতের খাতকের কিম্বা সম্পত্তি কি দ্রব্য হস্তান্তর করণিয়ার ঐ টাক্সের যত টাকা ঐ মাল কি দ্রব্য ক্রোক করিবার সময়ে দেনা থাকে তাহা, কিম্বা যে বৎসরে ঐ ক্রোক হয় সেই বৎসরের যত টাকা দেনা থাকে তাহা, উপযুক্ত কার্য্যকারককে দেন কি দেওয়ান, তবে ঐ দ্রব্যাদি লইতে পারিবেন, কিন্তু এই ধারামতে এক বৎসরের অধিক কালের ঐ টাক্সের দাওয়া না করা যায় ইতি।

[নাবালগের নিমিত্তে পিতামাতার ও অলিয়নের, ও মৃত লোকের নিমিত্তে তাহার স্থলাভিষিক্ত লোকেরদের দায়ী হইবার কথা।]

১৮৭ ধারা। পূর্ব্বোক্তমতের দেনা টাক্স যাঁহার

the Duties hereby made payable as aforesaid, shall be a minor, or when any person so chargeable shall die, in every such case the parent or guardian of such infant, upon default of payment by him, or the representative of the person so dying, shall be liable, to the amount of the assets received, for the payments which the said infant ought to have made, or the person so dying was chargeable with, and if such parent or guardian, or such representative shall neglect or refuse to pay as aforesaid, it shall be lawful to proceed against them in like manner as against any other person making default of payment of the said Duties; and the parent or guardian making payments as aforesaid, shall be allowed every sum paid for such infant in his accounts, and all representatives shall be allowed to deduct all such payments out of the assets of the person so dying.

[Priority of Government claims.]

CLXXXVIII. The claim of the Government for all sums payable for the said Duties shall have priority over all private claims in administering the assets of any deceased person by his representatives, or of any bankrupt or insolvent by his assignee, provided that the said Duties shall not be claimed under this Section for more than one year.

[Where the Act shall not come into operation before the time for payment of any instalments shall fall due, Commissioners to adjust times of payment.]

CLXXXIX. If this Act shall not come into operation in any District previous to the time appointed for the payment of the first, or any subsequent instalment of the said Duties, or within the year of assessment, it shall be lawful for the Collector or Commissioners executing this Act, who shall have made or allowed any assessment after the period appointed for any such payment, (which they are hereby declared to be competent to do,) from time to time, when the same shall be necessary, to settle and adjust at what time any instalment of which the time for payment shall then have elapsed, shall be paid, in such manner as to them shall appear just and reasonable.

Part XVIII.

Application of the Duties.

[All the Duties to be paid in the first instance into the Government Treasury to an account to be headed Income Tax Account.]

CXC. All monies arising from the Duties hereby imposed shall be paid into such of the Treasuries of Her Majesty's Government in India as the local Government shall from time to time direct, to an account to be headed Income Tax Account.

[A separate account to be kept at the Treasury of the 1 per cent. Duty.]

CXCI. A separate account shall be kept at the

উপর ধার্য্য হয় তিনি যদি নাবালগ হন, তবে তিনি সেই টাকা না দিলে, তাঁহার যত টাকা দিতে হয় তাহা দিবার জন্যে তাঁহার পিতামাতা কি অলি দায়ী হইবেন। কিম্বা ঐ টাক্স যাঁহার উপর ধার্য্য হয় সেই লোক যদি মরেন, তবে তাঁহার যত টাকা দিতে হইত তাহার নিমিত্তে তাঁহার ফলাভিষিক্ত দায়ী হইবেন, অর্থাৎ ঐ মৃত লোকের যত টাকার জায়দাদ থাকে সেইপর্য্যন্তের দায়ী হইবেন ও তাঁহার স্থানে তাহা লওয়া যাইবেক। সেই পিতামাতা কি অলি কি ফলাভিষিক্তেরা যদি ঐ টাকা দিতে ত্রুটি করেন কি স্বীকার না করেন, তবে ঐ টাক্সের টাকা দিতে ত্রুটিকারি অন্য কোন লোকের সঙ্গে যেমন কার্য্য হইতে পারে তাঁহারদিগের সঙ্গেও সেইমতে হইতে পারিবেক। ও সেই পিতামাতা কি অলি সেইমতের টাকা দিলে ঐ নাবালগের হিসাবে খরচ লিখিয়া সেই টাকা লইতে পারিবেন, ও ফলাভিষিক্তেরা মৃত লোকেরদের জায়দাদহইতে কাটিয়া ঐ টাকা লইতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টের দাওয়া অগ্রগণ্য হওয়ার কথা।]

১৮৮ ধারা। কোন মৃত ব্যক্তির ফলাভিষিক্ত লোক কিম্বা কোন যোএইনের কি সেউলিয়ার আসেনী তাহারদের সম্পত্তির কার্য্য যখন নির্ব্বাহ করেন, তখন সাধারণ সকল লোকের দাওয়াহইতে উক্ত টাক্সের যাবৎ পাওনা সকল টাকার বিষয়ে গবর্ণমেণ্টের দাওয়া অগ্রগণ্য হইবে। কিন্তু এই ধারামতে এক বৎসরের অধিক কালের ঐ টাক্সের দাওয়া না করা যায় ইতি।

[কোন কিস্তীর টাকা পাওনা হইবার পূর্ব্বে যদি এই আইন আমলে না আইসে, তবে সেই টাকা দিবার কাল কমিসানর সাহেবেরদের নিরূপণ করিবার কথা।]

১৮৯ ধারা। ঐ টাক্সের প্রথম কিস্তীর কি তাহার পর কোন কিস্তীর টাকা দিবার নিরূপিত সময়ের পূর্ব্বে, কিম্বা টাক্স ধার্য্য হওয়ার বৎসরের মধ্যে যদি কোন জিলাতে এই আইন আমলে না আইসে, তবে যে কালেক্টর সাহেব কি কমিসানর সাহেবেরা এই আইনমতের কার্য্য করেন তাঁহারদের এই ক্ষমতা থাকিবেক যে তদ্রূপ কোন টাকা দিবার নিরূপিত সময়ের পরে কোন টাক্স ধার্য্য করেন কি তাহার অনুমতি করেন। তাহা করিলে পর, যে কিস্তীর টাকা দিবার সময় অতীত হইয়াছে সেই কিস্তীর টাকা কোন্ সময়ে দিতে হইবে, এই কথা তাঁহারা সময়ে২ যখন আবশ্যক হয়, তখন তাঁহারদের বিবেচনামতে যে প্রকারে যথার্থ ও উপযুক্ত জ্ঞান হয় সেই প্রকারে নির্দ্ধার্য্য ও নিষ্পত্তি করিবেন ইতি।

অষ্টাদশ অধ্যায়।

টাক্সের টাকা লইয়া যাহা করিতে হইবেক তাহার বিধি।

[টাক্সের সকল টাকা প্রথমে গবর্ণমেণ্টের ট্রেজুরীতে ইনকম টাক্সের খাতা নামে এক খাতায় জমা হইবার কথা।]

১৯০ ধারা। এই আইনমতের বসান সকল টাক্সের যত টাকা আদায় হয়, তাহা ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টের যে২ ট্রেজুরীতে অর্থাৎ খাজানাখানাতে দাখিল করিতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ আজ্ঞা করেন, সেই২ ট্রেজুরীতে দাখিল হইয়া ইনকম টাক্সের খাতানামক এক খাতায় জমা করিতে হইবেক ইতি।

[শতকরা ১৲ টাকার টাক্সের হিসাব পৃথক্ রাখিবার কথা।]

১৯১ ধারা। শতকরা ১৲ টাকার হিসাবে উক্ত টাক্-

said Treasuries of all sums paid in on account of the said one per cent. Duty.

[A separate account to be kept of 1 per cent. Duty paid in Presidency Towns and Straits Settlement, &c]

CXCII. A separate account shall also be kept of such sums paid in on account of the said one per cent. Duty, as shall have been assessed upon persons residing in, or carrying on business in, or upon any house or land in any Presidency Town or any Station in the Straits Settlement, or in any District.

[Special appropriation of the 1 per cent. Duty.]

CXCIII. A separate account shall be kept of the Duty paid in respect to the said one per cent. Duty which shall accrue from the dividends or interest paid upon the Government debt and from the salaries of public officers, and from the profits of any Railway or other public Company whose profits shall be derived from different parts of India or of which any part of the profits is derived from a place other than that at which its head Office is situate. The amount comprised in such account of the one per cent Duty shall be appropriated to the different Governments in India, to be applied according to their discretion for the execution of roads, canals, or other reproductive public works which have been duly sanctioned. Such appropriation shall be made to each local Government in the proportion in which each Presidency or Lieutenant Governorship or Province under a Chief Commissioner shall contribute to the whole amount of the Duty raised under this Act.

[Appropriation of residue of the 1 per cent. Duty.]

CXCIV. The whole of the residue of the sums derived from the said one per cent. Duty shall be appropriated to each Presidency, Lieutenant Governorship,, and Province, to the extent contributed by such Presidency, Lieutenant Governorship, and Province, and shall be expended by the local Government and Chief Commissioners thereof in roads, canals, or other reproductive public works duly sanctioned as in the various aforesaid Districts under them as nearly as may be in proportion to the respective contributions of such Districts thereto.

Part XIX.

Penalties.

[Penalty on collecting officers for misconduct in office.]

CXCV. If any officer employed to receive or collect any Duties under this Act 1*stly*.—Shall fraudulently collect or attempt to collect any money on account of Duties under this Act from any person not charged or chargeable therewith ; or

সেই রাবৎ যে সকল টাকা উক্ত ত্রেজুরীতে দেওয়া যায়. তাহার হিসাব সেই ত্রেজুরীতে পৃথক্ রাখিতে হইবেক ইতি।

[শতকরা ১৲ টাকার হিসাবে যে টাক্স রাজধানীতে ও মোহনার নিকট বসতিস্থানপ্রভৃতিতে দেওয়া যায় তাহার হিসাব পৃথক্ রাখিবার কথা।]

১৯২ ধারা। কোন রাজধানীর কি মোহনার বসতিস্থানের নিকট সদর মোকামের কিম্বা কোন জিলার কোন ঘরে কি জমীতে যাঁহারা বাস করেন কি কারবার করেন তাঁহারদের উপর শতকরা ১৲ টাকার উক্ত যে টাক্স বসান যায় তাহার রাবৎ দাখিল করা সকল টাকার হিসাব স্বতন্ত্র রাখিতে হইবেক ইতি।

[শতকরা ১৲ টাকার যে টাকস পাওয়া যায় তাহা বিশেষ কার্য্যের নিমিত্তে দিবার কথা।]

১৯৩ ধারা। গবর্ণমেণ্টের কর্জ্জ টাকার উপর যে ডিবিডেণ্ড কি সুদ দেওয়া যায় তাহাহইতে, ও সরকারী কার্য্যকারকেরদের বেতনহইতে, ও রেলরোড কি অন্য সাধারণ কোম্পানির যে লাভ ভারতবর্ষের ভিন্ন২ স্থানে পাওয়া যায়, কি যে লাভের কোন অংশ ঐ কোম্পানির প্রধান আফিস যেস্থানে থাকে তাহাভিন্ন অন্য স্থানে পাওয়া যায়, সেই লাভহইতে উক্ত শতকরা ১৲ টাকা টাক্সের রাবৎ যত টাকা আদায় হয় তাহার হিসাব স্বতন্ত্র রাখিতে হইবে। শতকরা ১৲ টাকা টাক্সের এ হিসাবের মধ্যে যে সকল টাকা আইসে তাহা ভারতবর্ষের ভিন্ন২ গবর্ণমেণ্টে দেওয়া যাইবে। ও রাস্তা ও খাল ও সর্ব্ব সাধারণের ব্যবহার্য্য ও প্রাপ্তিজনক অন্য যে বিষয় প্রস্তুত করিবার অনুমতি উপযুক্তমতে হয় তাহা করিবার কার্য্যেতে ঐ২ গবর্ণমেণ্টের বিবেচনামতে ব্যয় হইবেক। এই আইনমতে সর্ব্বসুদ্ধ যত টাক্স হয় তাহার মধ্যে এক২ রাজধানীতে কি লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের এলাকাতে কিম্বা প্রধান কমিস্যনর সাহেবের অধীন এক২ প্রদেশে যত আদায় হয় তাহা বুঝিয়া স্থানবিশেষের নানা গবর্ণমেণ্টের মধ্যে ঐ টাকা বিলি করিয়া দেওয়া যাইবে।

[শতকরা ১৲ টাকা টাকসের অন্য টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

১৯৪ ধারা। শতকরা এক টাকা টাকসের দ্বারা যাহা উৎপন্ন হয় তাহার মধ্যে এক২ রাজধানীতে ও লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের এলাকাতে ও প্রদেশে যত আদায় হয় তত সেই রাজধানীতে ও লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের এলাকায় ও প্রদেশে দেওয়া যাইবে। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট ও প্রধান কমিস্যনর সাহেবেরা আপনারদের অধীন উক্ত নানা জিলার মধ্যে রাস্তা ও খাল ও সাধারণ লোকেরদের ব্যবহার্য্য ও প্রাপ্তিজনক অন্য যে বিষয় করিবার উপযুক্তমতে অনুমতি হয় তাহা করিবার জন্যে ঐ টাকা ব্যয় করিবেন। ইহাতে যত টাকা যে জিলাতে আদায় হয় সাধ্যমতে সেই জিলাতে তত টাকা উক্ত প্রকারের কার্য্যেতে ব্যয় হইবে ইতি।

ঊনবিংশ অধ্যায়।

দণ্ডের বিধি।

[যে কর্ম্মকারকেরা টাকা উসুল করেন তাঁহারদের অনুচিত কর্ম্মের দণ্ডের কথা।]

১৯৫ ধারা। কোন কর্ম্মকারক এই আইনমতে কোন টাক্স গ্রহণ করিতে কি উসুল করিতে নিযুক্ত হইয়া যদি এই২ কর্ম্ম করে, অর্থাৎ ১। এই আইনমতে যাঁহার উপর টাক্স লাগে না কি লাগিতে পারে না এমত কোন লোকের স্থানে কিছু টাকা প্রতারণা করিয়া যদি উসুল করে কি করিতে উদ্যোগ করে, কিম্বা

2ndly.—Shall fraudulently receive or collect, or attempt to receive or collect, from any person more money than is actually charged against such person upon his assessment ; or

3rdly.—Shall receive or collect any money whatsoever under color of this Act, and not pay over and account for the whole of such money ; or

4thly.—If any such officer, employed or authorized to serve any notice, or to make any distress, attachment, or sale under this Act, shall extort or obtain, or attempt to extort or obtain any sum of money or valuable thing other than such money as he shall have been authorized to receive or collect under this Act, from any person whatever, under color of his employment or authority, or as a bribe for forbearing to exercise any employment or authority under this Act, such officer shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to imprisonment, with or without hard labor, for a period not exceeding six months, and shall, for every such offence, forfeit a sum not exceeding one thousand Rupees, and in default, and until such payment be made, shall be liable to further imprisonment with or without hard labor for a period not exceeding six months.

[Penalty on persons pretending to be employed to serve notices or collect monies.]

CXCVI. If any person, not being employed or authorized to serve any notice required to be given under this Act, or to receive or collect any money under this Act, shall falsely pretend that he is employed or authorized to serve any notice, or to receive or collect any money under this Act, and shall, by such false pretence, obtain, or attempt to obtain any money or valuable thing whatsoever from any person whatsoever, the person so offending shall be deemed guilty of a misdemeanor, and shall be liable to the punishment and penalties in the last preceding Section mentioned

[Punishment for unlawful entry.]

CXCVII. Any person employed or pretending to be employed to make any distress under this Act, who shall knowingly enter the apartments of any Hindoo or Mahomedan woman, which, by the usage of the country, are deemed private, or shall force open the outer door of a dwelling house contrary to the provisions of the 17th Part of this Act, shall be liable to be imprisoned with or without hard labor for any period out exceeding three months.

[Penalty for forcibly or clandestinely taking away distrained property.]

CXCVIII. If any person shall take away any moveable property duly distrained under this Act, knowing it to be distrained, while subject to such distress, such person shall, on conviction, be liable to be imprisoned for a period not exceeding three months, or until he sooner restores the property, or makes good the value of it to the Distraining Officer, and shall also be liable to a fine not exceeding the value of such property.

[*Government Gazette*, 11*th September*, 1860.]

২। কোন লোকের উপর যত টাকস ধার্য্য হইয়াছে তাহার অধিক যদি সেই লোকের স্থানে প্রতারণা করিয়া লয় কি উসুল করে, কি লইতে কি উসুল করিতে উদ্যোগ করে। কিম্বা,

৩। যদি এই আইনের ছলে কোন টাকা লইয়া কি উসুল করিয়া সেই সমুদয় টাকা দাখিল না করে কি তাহার হিসাব না দেয়। কিম্বা,

৪। কোন কর্ম্মকারক এই আইনমতের কোন এত্তেলা জারী করিতে কিম্বা কোন বিষয় ক্রোক কি নীলাম করিতে নিযুক্ত হইয়া কি ক্ষমতা পাইয়া, এই আইনমতে যত টাকা লইতে কি উসুল করিতে ক্ষমতা পায় তাহার অধিক কোন টাকা, কিম্বা টাকা না হইয়া অন্য মূল্যবান্ দ্রব্য, আপন পদের কি ক্ষমতার ছলনায় কিম্বা এই আইনমতের কোন পদ কি ক্ষমতাক্রমে কার্য্য না করিবার ঘুষস্বরূপে যদি কোন লোকের স্থানে ভয় দেখাইয়া লয় কি পায় কি লইতে কি পাইতে উদ্যোগ করে, তবে সেই কর্ম্মকারক অপরাধের দোষী জ্ঞান হইবে। ও কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে ও তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে উঁহার ১০০০৲ টাকা-পর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, যদি ঐ টাকা না দেয়, তবে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে আর ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে, টাকা দিলে মুক্ত হইবে ইতি।

[যাহারা এত্তেলা জারী করিবার কি টাকা উসুল করিবার কর্ম্মে নিযুক্ত হইবার ছল করে, তাহারদের দণ্ডের কথা।]

১৯৬ ধারা। এই আইনেতে যে এত্তেলা দিবার হুকুম আছে এমত কোনএত্তেলা জারী করিতে কিম্বা এই আইনমতের কোন টাকা গ্রহণ করিতে কি উসুল করিতে নিযুক্ত না হইয়া কি ক্ষমতা না পাইয়া কোন লোক, যদি মিথ্যা করিয়া এই আইনমতের কোন এত্তেলা জারী করিতে কিম্বা কিছু টাকা গ্রহণ কি উসুল করিতে নিযুক্ত হইবার কি ক্ষমতা পাইবার ছল করে, ও যদি সেই ছলদ্বারা কোন লোকের স্থানে কিছু টাকা কি মূল্যবান দ্রব্য পায় কি পাইবার উদ্যোগ করে, তবে যে জন সেই অপরাধ করে সে অপরাধের দোষী জ্ঞান হইবে, ও ইহার পূর্ব্বের ধারার লিখনমতে তাহার দণ্ড ও জরীমানা হইতে পারিবেক ইতি।

[বেআইনীমতে ঘরে ঢুকিবার দণ্ডের কথা।]

১৯৭ ধারা। যদি কোন লোক এই আইনমতে কোন দ্রব্য ক্রোক করিতে নিযুক্ত হইয়া কি নিযুক্ত হইবার ছল করিয়া, এই আইনের ১৭ অধ্যায়ের বিধান না মানিয়া, দেশাচারমতে যেস্থান গোপনীয় জ্ঞান হয়, হিন্দু কি মুসলমান লোকের বাটীর এমত কোন অন্তঃপুরে জানিয়াশুনিয়া ঢুকে, কি কোন লোক বাটীর সদর দ্বার জোর করিয়া খুলে, তবে তিন মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবে ইতি।

[ক্রোককরা দ্রব্য জোর করিয়া কি গুপ্তরূপে লইয়া যাইবার দণ্ডের কথা।]

১৯৮ ধারা। এই আইনমতে উপযুক্তরূপে ক্রোক করা কোন অস্থাবর দ্রব্য ক্রোকে থাকিতে যদি কেহ তাহা ক্রোক করা জানিয়া লইয়া যায়, তবে তাহার দোষ সাব্যস্ত হইলে সে তিন মাসপর্য্যন্ত কিম্বা ইহার মধ্যে যত দিন ঐ দ্রব্য ফিরিয়া না দেয় কি তাহার মূল্য ক্রোকী আমীনকে না দেয়, তত দিন কয়েদ হইতে পারিবেক, ও সেই দ্রব্যের মূল্য যত টাকা হয় তত টাকা পর্য্যন্ত তাহার জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for forgery.]

CXCIX. If any person shall forge, counterfeit, or alter, or cause or procure to be forged, counterfeited or altered, or knowingly or wilfully aid or assist in forging, counterfeiting, or altering any certificate of the Collector or the Commissioners or of any Ex-Officio or Specia. Assessor, or of any Deputy Collector acting in the execution of this Act, or any certificate or any acknowledgment, or any receipt which any Officer is, by this Act, authorized to give on the receipt of any money payable under this Act, or shall utter any such forged, counterfeited, or altered certificate or acknowledgment, or receipt as aforesaid, with intent to defraud Her Majesty, or the Secretary of State in Council, or the Government, or any person whomsoever, every person so offending and being lawfully convicted thereof shall be adjudged guilty of felony, and shall be liable, if a European or American, to be sentenced to penal servitude for any period not exceeding ten years, or to imprisonment with or without hard labor for any term not exceeding two years, and, if not a European or American, to be sentenced to transportation for any period not exceeding fourteen years, or to imprisonment with or without hard labor for any term not exceeding seven years.

[জাল করিবার দণ্ডের কথা।]

১৯৯ ধারা। কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবেরদের কিম্বা রূপদোপলক্ষের কি বিশেষ কোন আসেসরের কিম্বা এই আইনমতের কার্য্যকারি কোন ডেপুটী কালেক্টরের সর্টিফিকট, কিম্বা এই আইনমতের প্রাপ্য কোন টাকা পাইলে কোন কার্য্যকারক যে কোন সর্টিফিকট কি রসীদ এই আইনমতে দিতে ক্ষমতাপন্ন হন, তাহা যদি কেহ জাল করে, কি কৃত্রিম করিয়া লেখে, কি বদল করে, কি জাল করায়, কি কৃত্রিম করিয়া লেখায় কি বদল করায়, কি জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক তাহা জাল করিতে কি কৃত্রিম করিয়া লিখিতে কি বদল করিতে সাহায্য করে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের কি গবর্ণমেণ্টের কি কোন লোকের প্রাপ্য টাকা হরণ করিবার মানসে যদি তদ্রূপ কোন জাল করা কি কৃত্রিম করা কি বদল করা কোন সর্টিফিকট কি রসীদ চালায়, তবে সেই অপরাধ যে কেহ করে ও যাহার সেই অপরাধ আইনমতে সাব্দ হয় সেই জন ফেলোনির দোষী জান হইবেক। ও সেই যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে দশ বৎসরের অধিক না হয় এমত কোন কালপর্য্যন্ত তাহার খাটিবার দণ্ডের হুকুম হইতে পারিবেক, কিম্বা দশ বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক। ও যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক না হয়, তবে চৌদ্দ বৎসরের অধিক না হয় এমত কোন কালপর্য্যন্ত তাহার দ্বীপান্তর প্রেরণের হুকুম, কিম্বা সাত বৎসরপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবার হুকুম হইতে পারিবেক ইতি।

[Penalty for assaulting Collector &c.]

CC. Every person who, with the intention of inducing any Collector, or any other Officer employed to carry out the provisions of this Act, to refrain from exercising any of the lawful powers vested in such Collector or other Officer under the authority of this Act, or with the intention of inducing any person liable to pay any Duties under this Act, to refrain from making any return or declaration, or doing any act, or making any payment required by this Act, shall assault, or make a show of assaulting, or shall wrongfully restrain or attempt wrongfully to restrain, or shall overawe by means of an unlawful assembly, or attempt so to overawe any such Collector or other Officer, or any such other person as aforesaid, and all persons who shall combine by the closing of shops or otherwise to induce, or who shall do any act with intent to induce any other person or persons to break the public peace, or otherwise to obstruct the operation of this Act, shall be liable to a sentence of imprisonment with or without hard labor for a period not exceeding twelve months, or to a fine not exceeding five hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding twelve months.

[কালেক্টর সাহেবপ্রভৃতির উপর চড়াউ হইবার দণ্ডের কথা।]

২০০ ধারা। কোন কালেক্টর সাহেবকে কিম্বা এই আইনের বিধানমতে কার্য্য করিতে অন্য যে কোন কার্য্যকারক নিযুক্ত হন, তাঁহাকে এই আইনের শক্তিক্রমে যে কোন ন্যায্য ক্ষমতা দেওয়া গেল, সেই ক্ষমতামতে তাঁহার কার্য্য না করিবার প্রবৃত্তি জন্মাইবার অভিপ্রায়ে, কিম্বা এই আইনমতে যাহার কোন টাকা লাগিতে পারে তাঁহার এই আইনের আজ্ঞামতের কোন ফর্দ্দ কি কৈফিয়ৎ না দিবার কি কোন কার্য্য না করিবার কিম্বা কোন টাকা না দিবার প্রবৃত্তি জন্মাইবার অভিপ্রায়ে, যদি কোন লোক সেই কালেক্টর সাহেবের কি অন্য কার্য্যকারকের কি পূর্ব্বোক্তমতের অন্য ব্যক্তির উপর চড়াউ হয়, কি চড়াউ হইবার ভাব দেখায়, কি তাঁহাকে অন্যায়মতে আটকিয়া রাখে কি আটকিয়া রাখিতে উদ্যোগ করে, কিম্বা বেআইনীমতে লোক জমায়ৎ করিয়া তাঁহাকে ভয় দেখায় কি সেইরূপে ভয় দেখাইবার উদ্যোগ করে, কিম্বা যদি অনেক লোক মিলিয়া দোকান বন্দ করিয়া কি অন্য কার্য্য করিয়া অন্য লোককে কি লোকদিগকে দাঙ্গা করিতে প্রবৃত্তি দেয়, কিম্বা দাঙ্গা করিতে প্রবৃত্তি দিবার অভিপ্রায়ে, কিম্বা এই আইনমতের কার্য্য হইবার অন্য প্রকারে বাধা করিবার অভিপ্রায়ে কোন কার্য্য করে, তবে সেই লোকেরদের বারো মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কি বিনা পরিশ্রমে কয়েদ হইবার কি পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবার, কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম হইতে পারিবেক। ঐ জরীমানার টাকা যদি না দেয় তবে তাহার পরিবর্ত্তে আর বারো মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবে ইতি।

[Penalty for intimidating with the intention of preventing persons from making returns, declarations, or payments. &c.]

CCI. If any person shall, by violence, threats, or otherwise, intimidate or attempt to intimidate any other person liable to pay any Duties under this Act, with the intention of preventing such person from making any return or declaration, or doing any act, or making any payment required by this Act, he shall be liable to a sentence of imprisonment with or without hard labor for a period not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both, such fine being commutable, if not paid, to a further period of imprisonment not exceeding six months.

[False deposition]

CCII. If any person, being legally bound by an oath or affirmation to state the truth to any public servant, or to any other person authorized to administer an oath or affirmation in any matter relating to this Act, states to such public servant or other person as aforesaid, touching that subject, as true, that which he knows to be false, or does not believe to be true, he shall be punished with imprisonment with or without hard labor for a term which may extend to three years, and shall also be liable to a fine not exceeding five thousand Rupees

[Charge to be preferred where perjury committed.]

CCIII. Any charge to be preferred under the last preceding Section for any of the offences therein mentioned, in regard to any affidavit, deposition, or affirmation, shall and may be tried and determined in the place where such affidavit, deposition, or affirmation shall be exhibited to the Collector or Commissioners in pursuance of this Act; but if such offence shall have been committed by any European British Subject, the charge shall be tried and determined by one of Her Majesty's Supreme Courts of Judicature.

[Penalty for making false returns of profits or of the value of lands.]

(গ) বোম্বাই দেশে, সরকারী মালগুজারীর জমীর বাবৎ মোকদ্দমা হইলে, বৎসরে যত খাজানা ধার্য্য হয় তাহা ঐ মোকদ্দমার সম্পত্তির মূল্য বলিয়া ধরা যাইবেক।

(ঘ) নাখেরাজ কি ইনাম কি নিষ্কর জমীর মোকদ্দমায়, ঐ জমীর রাইয়তেরদের কি অন্য পেটাও প্রজারদের বৎসরে যত জমা দিতে হয় তাহার মোট টাকার আঠারগুণ ঐ জমীর মূল্য বলিয়া ধরা যাইবেক।

[*Government Gazette, 25th September*, 1860.]

(৫) পূর্ব্বোক্ত প্রকারের সম্পত্তিছাড়া ঘরের কি বাগানের কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য মূল্যবান সম্পত্তির বাবৎ মোকদ্দমা হইলে, ও মালগুজারীর জমীতে কোন সম্পর্কের বাবৎ, কিম্বা যাহার মূল্য উহার পূর্ব্বের কএক বিধানমতে ধরা যাইতে না পারে এমত অন্য কোন স্বত্বের কি স্বত্বের বাবৎ মোকদ্দমা হইলে তাহা অনুমান যে দরে বিক্রয় হইতে পারে সেই দর তাহার মূল্য বলিয়া ধরা যাইবেক, কিম্বা যদি সেই প্রকারের আন্দাজ দর ধরা যাইতে না পারে, তবে ফরিয়াদী আপন মোকদ্দমার যে মূল্য ধরে সেই মূল্য ধরা যাইবেক। খেসারতের কিম্বা ক্ষতিপ্রভৃতির প্রতিকারের যে মোকদ্দমা হয় তাহাতে ফরিয়াদী যত টাকা দাওয়া করে তত টাকা মোকদ্দমার মূল্য জ্ঞান হইবেক।

(ছ) কোন আপীল কি আরজী অধস্থ আদালতে ১৮৫৯ সালের ৮ আইনের লিখিত কোন কারণে অগ্রাহ্য হইলে যদি তাহা গ্রাহ্য করিবার হুকুম হয়, কিম্বা যদি কোন মোকদ্দমার আপীল হইলে তাহা অধস্থ আদালতের দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার জন্যে ফিরিয়া পাঠান যায়, তবে আপীলের দরখাস্তের জন্যে ইষ্টাম্পের যত মাসুল লাগিয়াছে তাহা সমুদয় কালেকটর সাহেবের স্থানে ফিরিয়া পাইবার সর্টিফকট আপীল আদালত আপেলাণ্টকে দিবেন।

উচিত ইষ্টাম্প।

রাজীনামাপ্রভৃতি।

৭। রাজীনামা ও রফানামা ও সোলেনামাপ্রভৃতি অর্থাৎ

হাতের লেখা যে কোন আরজীমতে দেওয়ানী আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্দমা, বিচারপতির কি অন্য কার্য্যকারকের ফয়সলা বিনা রফা হয় কি হইতে পারে তাহার উপর

দরখাস্তের মত ইষ্টাম্প লাগিবে।

বোম্বাই দেশের নিমিত্তে বিশেষ বিধান

১৮৩৮ সালের ১৬ আইনের দ্বারা ১৮১৭ সালের যে ১৭ আইন মতান্তর হইল তাহার ৮ অধ্যায়ের কার্য্যক্রমে কালেকটর সাহেবেরা যে মোকদ্দমা গ্রাহ্য করিতে পারিবেন তাহাতে ইষ্টাম্পের বিষয়ে যে সকল বিধি উপরের লিখিতমতে দেওয়ানী আদালতে চলন আছে সেই সকল বিধি খাটিবে

সাধারণ বিধি।

কোন আরজীর কি লিখিত কৈফিয়তের কি দরখাস্তের মর্ম্ম যদি উপরের নির্দ্দিষ্ট মূল্যের এক ফর্দ্দ ইষ্টাম্প কাগজে সংলগ্নমতে ধরিতে না পারে, তবে দরখাস্ত যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে সেই মূল্যের আর এক কি কএক তক্তা কাগজে লেখা যাইতে পারিবে।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

[সিবর্ণ মণ্ট গেজেট ১৮৬০ ২৫ সেপ্টেম্বর।]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 20th September, 1860.

Baboo Gopeemohun Bose, to officiate as Moonsiff of Burobaree, Zillah Rungpore.

LEAVE OF ABSENCE.

The 15th September, 1860.

Kazee Fukeer Ahmud, Moonsiff of Kaguzpookhurea, Zillah Nuddeah, for three days.

H. B. LAWFORD, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ২০ সেপ্টেম্বর।

শ্রীযুত বাবু গোপীমোহন বসু জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৫ সেপ্টেম্বর।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত কাজী ফকীর আহমদ তিন দিনের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফোর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

সাধারণ ব্যক্তিবর্গকে স্মরণ করাইয়া দেওয়া যাইতেছে যে নূতন ষ্টাম্প আইন অর্থাৎ সন ১৮৬০ সালের ৩৬ এক্‌ট আগামি মাসের ১ তারিখঅবধি চলিত হইবেক উক্ত একটের এ চিহ্নিত সিডিউলের নানা দফায় সাধারণের মনোযোগ করা আবশ্যক আর হুণ্ডী ও যে সকল ড্রাফট অথবা চেক তলবমতে টাকা দিতে হয় তদ্বিষয়ে ও বিল লেডিং ও জাহাজের ভাড়ার চুক্তির বিষয়ে এবং কোন বেনেতি কারবারের অথবা কোন জাইণ্ট ষ্টাক কোম্পানি সংক্রান্ত অংশ হস্তান্তর করণ বিষয়ে এবং জীবন ও জলপথের ইনসুরেন্‌স পলিসি অর্থাৎ বীমার বিষয়ে এবং টাকার রসিদ ও ফারখতি বিষয়ে যে সকল দফা লিখিত হইয়াছে তাহাতে সাধারণের বিশেষ মনোযোগ করা উচিত।

এক আনা মূল্যের যে সকল আটিবার নূতন ষ্টাম্প হুণ্ডী ও চেক এবং রসিদের কারণ আবশ্যক তাহা কলিকাতার কালেক্‌টরী দপ্তরখানায় ও মফস্বলের সরকারী সমুদয় খাজানাখানায় সাধারণে পাইতে পারিবেন।

ডাকের ষ্টাম্প খরিদার সকলকে নিয়ত যে হারে বাটা দেওয়া গিয়া থাকে যাহারা নূতন এক আনা মূল্যের আটিবার ষ্টাম্প একবারে পাঁচ টাকার খরিদ করিবেক তাহাদিগকে সেইরূপ বাটা দেওয়া যাইবেক।

যে স্থলে আধ আনা মূল্যের আটিবার ষ্টাম্প আবশ্যক উক্ত একটের ৫ ধারাঅনুসারে দ্বিতীয় হুকুম না হওয়াপর্য্যন্ত সে স্থলে উক্ত মূল্যের ডাকের ষ্টাম্প ব্যবহার করিতে পারিবেক।

যে সকল দলিলের কারণ ছাপাকরা ষ্টাম্প আবশ্যক তজ্জন্য কলিকাতা কালেক্‌টরীহইতে ষ্টাম্প কাগজ খরিদ করিতে পারিবেক অথবা উক্ত কালেক্‌টরের নিকট দরখাস্ত করিলে বিশেষ২ বিষয়ে কাগজে ষ্টাম্প ছাপা করিয়া দেওয়া যাইবেক।

যে সকল কুঠীওয়ালা সওদাগর লোক ও ব্যাঙ্ক ও ইনসুরেন্‌স কোম্পানি ও অন্যান্য লোক সাদা অর্থাৎ অব্যবহার করা ষ্টাম্প প্রস্তুত করাইয়া মৌজুদ রাখিতে চাহে তাহারা তজ্জন্য কলিকাতার শ্রীযুত কালেক্‌টর সাহেবের নিকট সেই সকল ষ্টাম্পের ফারম অর্থাৎ নক্‌শা শীঘ্র প্রেরণ করিবেন।

বিমৌজীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ।

ফোর্ট উইলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ৬ সেপ্টেম্বর।

এ ইডেন। একটিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা মেদিনীপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমিদারির যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে যাহা শ্রীযুতের অণ্ডর সেক্রেটারি সাহেবের বোর্ড রেবিনিউ সেক্রেটারী সাহেবের নামিত সন ১৮৫৯ সালের ৩ নবম্বরের ২৭২২ নম্বরের চিঠীতে প্রকাশ হইয়াছে ঐ জেলার কালেক্‌টরি কাছারিতে ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ১০ অক্‌টোবর মোতাবক আমলি সন ১২৬৮ সালের ২৬ আশ্বিন রোজ বুধবার দিবা এগার ঘণ্টার সময় নীলামের দ্বারায় বিক্রয় হইবেক যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে নিম্নের লিখিত শরত আমলে আনিতে হইবেক।

নীলামের শরত।

১ দফা। মামলসকল নির্দ্ধারিত উর্দ্ধ মূল্যের উপর সর্ব্ব উচ্চ ডাককরণিয়াকে বিক্রয় করা যাইবেক।

২ দফা। খরিদের মূল্য ১০০৲ টাকার অনূর্দ্ধ হইলে তাহা সমুদয় তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে তাহার শতকরা ২৫৲ টাকা হিসাবে বাএনা তৎক্ষণাৎ দিতে হইবেক সমুদয় পণের টাকা নীলামের দিনকে এক দিবস গণনা করিয়া ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত দাখিল না করা গেলে বাএনার টাকা সরকারে জব্দ এবং মহাল পুনঃনীলাম করা যাইবেক।

৩ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কাল পর্য্যন্ত ঐ নীলাম হওয়া স্বত্বেও বাহাল থাকিবেক এবং বন্দোবস্তী কাগজের দ্বারা ও প্রচলিত আইনক্রমে যাহার যে স্বত্ব আছে তাহা বাহাল থাকিবেক। ও ক্ষোদকস্তা প্রজা যে মালের কর্ম্মকারকের কৃত জমাবন্দীতে দখলস্বত্ব করিয়াছে তাহার স্বত্বকে খরিদার সম্মান্য করিতে বাধ্য থাকিবেক।

৪ দফা। যে সকল মহালে বার্ষিক বান্দ মেরামতি খরচা হারাহারিমতে সরকারহইতে দেওয়া যায় তদনুসারে খরিদারকে দিতে হইবেক ও বান্দ মেরামত ও রক্ষার কার্য্য এক্ষণে যেরূপ হইতেছে তদনুসারে হইবেক।

৫ দফা। অত্র ইষ্টেটমেণ্টের লিখিত প্রত্যেক মহালের সদর জমা সরকারে আদায় করিবার জন্য খরিদার দায়ী থাকিবেক।

৬ দফা। মহাল সকলে নানা প্রকার আকর ও খাল থাকিলে তাহার প্রতি সরকারের স্বত্ব থাকিল ইতি সন ১৮৬০ সাল তারিখ।

নম্বর	তৌজীর নম্বর	মহাল ও পরগনার নাম	জমী	সদর জমা	নিরূপিত উর্দ্ধ মূল্য	কৈফিয়ৎ
	১৯১	কেদার কুণ্ডু ইষ্টেট				
১	ঐ	বেজাত রকম ॥০ আনা পং কেদার কুণ্ডু	৫৯৮।০।	৫০৯৸১।	১৩৫০/৮॥	এই সকল মহালের ইজারা পাট্টা
২	ঐ	ঐ রকম ॥০ আনা পং ঐ	৫১৭/৪॥	৫১৩৸৪।	১৩৫৫॥১০॥	সন ১৮৬৪। ৬৫
৩	ঐ	খামরা পং ঐ	৯০১/১৸	৬০১॥৵৩।	১৫৮২।৵০॥	সাল অর্থাৎ আমলি সন ১২৭১ সা
৬	ঐ	ঢেঙ্গা পং ঐ	৯৬২৸৪॥	৮৪১।৪	১১৫০৸৩	লে মিয়াদ শেষ হইবেক এই সকল
৭	ঐ	কাঁৎ ডুঙ্গা পং ঐ	৯১/৪।	৭০।৵৪৸	১৪১৸৵৪॥	ইজারার খাজানা
৮	ঐ	খেলুন পং ঐ	৭২১৸০।	৫৫০/৫৸	১৪১০॥০	যাহা আদায় হইয়া থাকে তাহা
৯	ঐ	চক কল্যাণ ওরফে হরিহরপুর পং ঐ	৪৯২৸০৸	১৭৫৸৵৭	৪৪৫৸/৪॥	ইষ্টেটমেণ্টের ৫ ঘরে দেখান হইয়াছে।
১০	ঐ	পুণ্য গ্রাম পং ঐ	১৭৩৸৩৸	১৮৫।৵৫৸	৪১৪।/৩॥	
১১	ঐ	চক খাস পান পং ঐ	২১৩/৩॥	২০৭৸১০৸	৫৫৮৵৩॥	
১২	ঐ	মাধপুর পং ঐ	৪৬৬॥২॥	২৯৮৸/০৸	৭৯৬/৩॥	
১৩	ঐ	বামন বাড় পং ঐ	৪৮০।৪৸	৩৫৬।৵১০	৯৪৬৸৵০॥	
১৪	ঐ	কৃষ্ণপ্রিয়া পং ঐ	২৫১৸১	২৪১৵১১৸॥	৬৪২॥/১০॥	
১৫	ঐ	রবিপুর পং ঐ	৬৩॥২।	৫৩।৭।	১৩৯/৪	
১৬	ঐ	রাজপুর পং ঐ	১১৯/০	১০৬।/১১॥	২৮৪/২॥	
১৭	ঐ	ইসলামপুর পং ঐ	৪২৩॥৪৵	৩৪২।৵৫॥	৯০৮৸১১	
১৮	ঐ	নীলপুর পং ঐ	২৬৩৸০৸	২৫৩৸৵১০৸	৫৯৫।৵১০॥	
১৯	ঐ	ব্রাহ্মণশাসন পং ঐ	৩১৮৪/১॥	২৭৩৭॥৫	৭২৬১৩	
২০	ঐ	ঘোলখিরা পং ঐ	৫৮২৸১।	৩৬৬৸১॥	৯৭১/৬	
২১	ঐ	হাটমালিদা পং ঐ	২৪৬/৩॥	১৫১।১১	৪০২।১১॥	
২২	ঐ	পাঁচগেড়্যা পং ঐ	১৯৫৸১৸	২২৭॥/১।	৬০৮।/৩	
২৩	ঐ	কালিকাডিহি পং ঐ	৩৭৪/২॥	৩৮৪৵৭।	১০৩১॥৵৯	
২৪	ঐ	কালুয়া আকুব পং ঐ	৩৭৩৸২	৪০১।৵৩	১০৭২৵৮॥	
২৫	ঐ	রতনপুর পং ঐ	১০৯॥৩	১১৭৸/৪।	৩১২।/৭॥	
২৬	ঐ	চক পালান্যা পং কেদার কুণ্ডু	৩৩৯/১৸৵	২৯০॥৵৯।	৭৭৬/৪॥	
২৭	ঐ	বীরসিংহপুর পং ঐ	৫৭০/১	৩৬১৵৫	৯৫৭৵১১	
২৮	ঐ	চক রামপুরা পং ঐ	৩৯০/	৩১০৸৵১০৸	৮৬৪॥১১	
২৯	ঐ	নাবান্যা গেড়্যা পং ঐ	১১২৸৪।	৯৯৵১১॥	২৬৯৵৮॥	
৩০	ঐ	ডুঙ্গা পং ঐ	১৪০৬।০।৵	১১৩২॥৩॥	২৯৮৭॥৵৩॥	
৩১	ঐ	দামুদরপুর পং ঐ	৪৯৩॥৩॥৵	৪৮৫৵২॥	১২৮৫/৭	
৩২	ঐ	বিবন্দাপুর পং ঐ	৭৩৭॥৩।	৯৭৪৸/৫॥	২৫৯৬॥৵৮	
৩৩	ঐ	হাড়ফলাশপুর পং ঐ	১২৯॥১	৮৪॥৵১০৸	২২৮।৯॥	
৩৪	ঐ	চক আয়দ পং ঐ	১৯৪।১	১৬০।১১॥	৬৯৩।৮	
৩৫	ঐ	বাকুণ্যা পং ঐ	৬১৭॥৩॥৵	৬৫২॥৵৭	১৭০৩॥৵৪	
৩৬	ঐ	শ্রীধরপুর পং ঐ	১৮৪/০॥	২০১/৩৸	৫৩৮৸৬॥	
৩৭	ঐ	অম্বলা পং ঐ	১২৬১/০॥	১০১৪।৵২॥	২৬৪২।৭॥	
৩৮	ঐ	কালুয়া বৃন্দাবন পং ঐ	৩৫৭/৩।	৩৪৩।৫৸	৮৯২/৬॥	
৩৯	ঐ	গৌগ্রাম পং ঐ	১১১৮।০।৵	৭০৪॥৵৮।	১৯২০৸/৭॥	
৪০	ঐ	আম্বাদীঘী পং ঐ	৪৮৮॥১৸	৩৭৯/৩	১০২০।০॥	
৪১	ঐ	ভোগপুর পং ঐ	৮৭/১	৬৯৸৮৸	১৭১।৵২	
৪২	ঐ	এয়ারপুর পং ঐ	১৮৭৸৪।৵	১৯০।৵১৸	৫১০৸০॥	
৪৩	ঐ	কুলগেড়্যা পং ঐ	৮৩০॥১॥৵	৮৫৯৸৵৯	২২৯০/১০॥	
৪৪	ঐ	চক বাসুদেব পং ঐ	১০৯৸৪॥	১০০।/৫।	২৬৩৸৵০॥	
৪৫	ঐ	আজমতপুর পং ঐ	৫৬৬৸২	১৫৭।/৬।৯	৪২১৸৵৪॥	
৪৬	ঐ	পলঙ্গ পং ঐ	৯৯৫/২৸	৯১১৵৮॥	২৩৫৩॥৵২	
৪৭	ঐ	ঘোলুই পং ঐ	২৩৯॥১।	২২৯৵৯॥	৫৯৯॥৵৯	
৪৮	ঐ	কৃষ্ণপুর পং ঐ	২৬৪।২	১৯৪।৯৸	৫১৪৵৮	
৪৯	ঐ	মহেশপুর পং ঐ	১২৮।৪৵	৭৭॥৵১	২০৭/৭	
৫০	ঐ	জুনিকা পং ঐ	১০৬॥১	১৩২॥৵৫৸	৩৫৬৵৫॥	

F. R. COCKERELL, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

WANTED

A Peshkar and Meermoonshee for the Midnapore Fouzdarry Court. The salaries are Rs. 30 and 20 respectively. Persons desirous of obtaining either of these offices must make personal application to the Magistrate, and must be able to produce testimonials of character, good education and qualification from previous service in the same or some analogous department.

F. R. Cockerell, *Offg. Magistrate.*

The 7th September, 1860.

মেদিনীপুরের ফৌজদারী আদালতের পেশকারের ও মীরমুনশীর পদ খালী হইয়াছে। পেশকারের বেতন ৩০৲ টাকা ও মীরমুনশীর বেতন ২০৲ টাকা। যাঁহারা তাহার মধ্যে কোন পদ পাইতে চাহেন তাঁহারদের প্রয়োজন যে আপনারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির হইয়া দরখাস্ত করিয়া আপনারদের সুচরিত্র ও সুশিক্ষার সর্টিফিকট ও পূর্ব্বে সেই পদে কি তাহার সমান অন্য কোন পদে কর্ম্ম করিয়া ঐ কর্ম্মের যোগ্য আছেন ইহার সর্টিফিকট দেখাইতে পারেন।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্য দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীতামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট

MISCELLANEOUS ADVERTISEMENTS সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সকলকে জানান যাইতেছে. ইন্‌কম টাক্সের আইনের যে২ বিধান সর্ব্বসাধারণ লোকের উপর খাটে তাহার সারাংশ শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্ত্তৃক অতিস্পষ্ট বাঙ্গলা ভাষায় সংগৃহীত হইয়া শ্রীরামপুরে ভদ্রার্ণব যন্ত্রে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ৶ আনা মাত্র গ্রহণেচ্ছুক মহাশয়েরা শ্রীযুত জান রাবিনসন সাহেবের নিকটে মূল্য পাঠাইলেপ্রাপ্ত হইবেন।

THE CHEAPEST PAPER IN INDIA.

The Proprietors of the *Hurkaru* intend to publish, for the Mofussil and Foreign countries only, if sufficient inducement should offer, a *Bi-Weekly Hurkaru*, which shall contain all the Editorials of the three preceding numbers of the *Daily Hurkaru*. the Gazette, Correspondence, Police and Small Cause Court Reports of general interest, Sporting Intelligence, English and Foreign Correspondence, a full summary of the Debates of the Legislative Council, with an Epitome of News extracted from all the other papers of India, and extracts from the English papers.

The Subscription will be Rupees 25 or £2-10 per annum, for which it will be forwarded postage free to any part of India, to England *vid* Southampton (*vid* Marseilles Rs. 3-4 per annum additional), to the Australian Colonies, Mauritius, Ceylon, China, Java, Alexandria, Great Britain and Foreign Europe *vid* Trieste, United States &c. All Subscriptions must be paid in advance at the following rates-

For One Year	Rs.	25 0
Half Year	,,	13 0
Quarter	,,	6 8
Monthly	,,	2 8

As these rates are so low they must be paid in advance, or the dispatch of the paper will be stopped.

Parties intending to subscribe are requested to address the Printer of the *Hurkaru* at once, as the issue of the paper will not be commenced till a sufficient number of Subscribers are obtained

A great desire having been expressed for a good Sporting Paper, we would suggest this as a good medium for the publication of original contributions by our Mofussil Friends which will also have the advantage of appearing in the Daily *Hurkaru*

বিজ্ঞাপন।

নীচের লিখিত পুস্তক সকল অতিউত্তম অক্ষরে ও বিলাতী কাগজে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা নিম্ন সাক্ষরকারির নিকট মূল্য পাঠাইলে পাইবেন ইতি।

বাঙ্গলা ইন্‌কম টাক্সের আইন (নির্ঘণ্ট ও গণনাপত্র সম্বলিত) মূল্য ১

ইংরাজী ভাষায় ইষ্টাম্পের আইন ৷৷০

বাঙ্গলা —— ঐ . ... ঐ .. ঐ ৸০

শ্রীঅনুকূলচন্দ্র মুখোপাধ্যায় উকিল সদর দেওয়ানী আদালত।

[*Government Gazette, 25th September*, 1860]

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৬০ সালের ৩৬ আইন অর্থাৎ (ইষ্টাম্প আইন) তাহার বঙ্গানুবাদ যাহা সম্প্রতি প্রকাশ হইয়াছে তাহা অস্মদীয় বিদ্যারত্ন যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া বিক্রয় হইতেছে মূল্য ॥০ আট আনা এবং বিদেশীয় গ্রাহক যাঁহারদিগের ডাকযোগে প্রেরণ করিতে হইবে তাঁহারদিগকে ॥৵ দশ আনা মূল্য দিতে হইবেক পরন্তু ১৮৬০ সালের ৩১ আইন অর্থাৎ (ইনকম টাক্স) বাঙ্গলা অনুবাদ মুদ্রিত হইতেছে অতিত্বরায় প্রস্তুত হইবেক মূল্য ৸৵ আনা মাত্র। বটতলা ২৪৬ নং বাটীতে উক্ত যন্ত্রে তত্ত্ব করিলে কিম্বা পত্র প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন।

শ্রীবেণীমাধব দে।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে ও শ্রীরামপুরের ছাপাখানায় বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২ ॥০
নূতনাভিধান ১০০০০ঐ ১৲
অমরার্থ দীধিতি ১ ॥০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ২৪ সংখ্যাপর্য্যন্ত ৬৲ এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১।২।৩ ৪।৫।৬।৭।৮।৯ স্কন্ধ ৪৸০
যোগবাশিষ্ঠ ১নাং১৬সর্গ ৪
গীতাবলি ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত প্রায় সহস্র পৃষ্ঠ ১ খণ্ড ৪
সপ্তকাণ্ড রামায়ণ প্রং ১
আরব্যোপাখ্যান ১ নাং ৫, পঞ্চম খণ্ডে ৫
অপূর্ব্বোপাখ্যান, ১১প্রং ১
বত্রিশ সিংহাসন, গদ্য ১
আঢ্যকৃত ইং বাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭১০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
ইংরাজী শকুন্তলা ১
প্রবোধচন্দ্র নাটক ১
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ১
কাজীর বিচার ॥০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশতএক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অবিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্জাবেতিহাস ১৲
প্রাচীন ঐ ২৲
ন্যায়দর্শন ১ ॥০
পুরাবৃত্ত বিবরণ ১৲
সটীক শ্রীমদ্ভগবদগীতা ও আনন্দ গিরির টীকাসম্বলিত ৭৲
চাহার দরবেশ ১৲
প্রিয়ম্বদ ১৲
কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲
জেকবের লা, ডিক্সনরি ১০৲
পূর্ণচন্দ্রোদয় ৮৲
রাজা রামমোহন রায়ের জীবনচরিত্র ।০
চিকিৎসাসার ১ ॥০
কোলব্রুকের অমরকোষ ৮৲
ঐ ব্যবস্থা ... ২৪৲
ঐ হিন্দুলা ... ২৪৲
ঐ মেকনাটন ... ১০৲
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩ নাং ১৮৩৩, ৯ বালাম ১০০৲
শব্দসাধন মুক্তাবলী ২৲
চমৎকার হিরাজাদ ১৲
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে

ইনকমটাকসের অর্থাৎ আয়ের উপর কর প্রদানের ৩১ আইন যাহা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছে তাহা কলিকাতা আমড়াতলার ১১ নং বাটীতে পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে ১৫৬ পৃষ্ঠায় মুদ্রিত হইয়া ।০ মূল্যে বিক্রয় হইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্ ডিক্রস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত ।

CALCUTTA, TUESDAY, OCTOBER 2, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২ অক্টোবর।

No. 1509.

FORT WILLIAM, HOME DEPARTMENT.

NOTIFICATION.

THE 14TH AUGUST 1860.

THE following Forms, numbered 1 to 28, are prescribed by the Governor General in Council under Section 246 of Act XXXII. of 1860.

W. GREY,
Secretary to the Government of India.

১৫০৯ নম্বর।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৪ আগষ্ট।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩২ আইনের ২৪৬ ধারামতে ১ নম্বরঅবধি ২৮ নম্বরপর্য্যন্ত এই সকল পাঠ ও নক্সা নির্দ্দিষ্ট করিয়াছেন।

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORM No. 1.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

OATH OF SECRECY.

(To be taken by the Commissioners, Collectors, or other Officers employed in making Assessments under Act XXXII. of 1860.)

I, A B, appointed to act as under Act XXXII. of 1860, do hereby solemnly swear that I will not disclose any particular contained in any List, Return, or Statement delivered with respect to any Duties charged, or any profits or income chargeable under the Provisions and Rules of the said Act, or any Assessment made under the same, or any evidence or answers given by any person who shall be examined, or shall make any Affidavit, Deposition, or Statement respecting the same in pursuance of the said Act, excepting to such persons only as shall be appointed for the due execution of the said Act, or where it shall be necessary to disclose the same for the purposes of the said Act, or in the course of a prosecution for perjury committed in such Examination, Affidavit, Deposition, or Statement.

So help me God

Sworn before me

১ নম্বরের পাঠ।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

কথা গোপনে রাখিবার শপথ।

(কমিস্যনর সাহেবেরা ও কালেক্‌টর সাহেবেরা ও অন্য যে সকল কর্ম্মকারক ১৮৬০ সালের ৩২ আইনমতে টাক্‌স ধার্য্য করিবার কর্ম্মে নিযুক্ত হন তাঁহারদের এই শপথ করিতে হইবেক।)

আমি অমুক ১৮৬০ সালের ৩২ আইনমতে অমুক কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া, ইহাতে ধর্ম্মতঃ শপথ করিতেছি যে, উক্ত আইনের বিধান ও বিধিমতে যে কোন টাক্‌স বসান যাইবে কিম্বা কোন লাভের কি আয়ের উপর যে টাকস বসান যাইতে পারে, তাহার সম্পর্কে যে কোন তালিকা কি ফর্দ্দ কি কৈফিয়ৎ দেওয়া যায়, কিম্বা তদনুসারে যে কোন টাক্‌স ধার্য্য হয়, কিম্বা সেই ফর্দ্দপ্রভৃতির বিষয়ে ঐ আইনানুসারে কোন লোকের বিচার হইলে কিম্বা কোন লোক আফিডেবিট করিলে কি জোবানবন্দী দিলে কি এজহার করিলে তিনি যে কোন সাক্ষ্য কি জওয়াব দেন, তাহার কোন কথা আমি প্রকাশ করিব না। কেবল ঐ আইনের কার্য্য উপযুক্তমতে চালাইবার জন্যে যে লোকেরা নিযুক্ত থাকেন তাঁহারদের নিকটে প্রকাশ করিব, কিম্বা ঐ আইনমতে কার্য্য হইবার জন্যে, কিম্বা তদ্রূপ কোন বিচার করিবার সময়ে কিম্বা আফিডেবিটে কি জোবানবন্দীতে কি এজহারে মিথ্যা শপথের দোষ হইলে তাহার মোকদ্দমার বিচার কালে যদি উক্ত কোন কথা প্রকাশ করা আবশ্যক হয় তবে সেই কথা প্রকাশ করিব।

ইহাতে পরমেশ্বর আমার সহায় হউন।

আমার সম্মুখে শপথ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২ অক্‌টোবর।]

FORM No. 4.

GENERAL NOTICE.

ISSUED BY THE (COLLECTOR) OF UNDER ACT XXXII OF 1860, SECTION XXXVII.

To be affixed at the Collector's Office, at every Revenue or Police Office in the District, and at such other conspicuous public places throughout the said District as the Collector shall appoint.

INCOME TAX

For the year ending 31st July, 186 .

NOTICE is hereby given, that every person within the District of (*as the case may be*) who, by the Act XXXII of 1860, for imposing Duties on Profits arising from Property, Professions Trades, and Offices, is liable to the said Duties, and to return his or her Profits or Income, is hereby required to fill up a Return of his or her Profits and Income in the Forms mentioned below, and to transmit such Return duly signed with the Declaration prescribed by the Act to the Assessor of at his Office at by the day of next under the penalties contained in the said Act.

Persons requiring Forms of Returns can procure them at the Office of the Assessor of the District, or of any of the Assessors Forms of such Returns will also be left at the usual place of residence or business of every person known or considered to be liable to the Duties imposed by the said Act But any person liable to the said Duties, who may not receive such Forms, must apply for the same at the said Assessor's Office (or at the Office of some other Assessor)

To be signed by the Collector.

Dated the day of

NOTE.—The Returns may be sealed up and the seal will be broken only by the Assessor

If any person, whose annual profits or income shall exceed 2,000 Rupees, shall desire that his Return be rendered to, and his assessment fixed by, the Collector, he may transmit to the Collector's address a letter sealed and addressed to the Collector.

৪ নম্বরের পাঠ।

সাধারণ এত্তেলা।

অর্থাৎ অমুক জিলার (কালেক্টর সাহেবের) ১৮৬০ সালের ৩০ আইনের ৩৭ দফাতে জারী করণের সাধারণ এত্তেলা।

এই এত্তেলা কালেক্টরী কছারীতে ও জিলার মধ্যে মাজের ও পোলীসের প্রধান কাছারীতে ও সকল লোকের দৃষ্টিগোচর অন্য যে২ স্থান কালেক্টর সাহেব আজ্ঞা করেন সেই২ স্থানে লটকাইতে হইবে।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইনকম টাক্স।

ইহাতে এই সমুদ দেওয়া যাইতেছে। ১৮৬০ সালের ৩০ আইনমতে অর্থাৎ সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে সকল উপার্জন হয়, তাহার উপর টাক্স বসাইবার আইনমতে (অমুক) জিলানিবাসি যে সকল লোকের উপর টাক্স লাগিতে পারে, ও আপনং প্রাপ্তির কি আয়ের ফর্দ্দ যে সকল লোকের দিতে হয়, তাহারদিগকে হুকুম হইতেছে যে তাঁহারা আপনং প্রাপ্তির ও আয়ের ফর্দ্দ নীচের লিখিত নমুনাতে লিখিয়া তাহাতে উপযুক্তমতে দস্তখৎ করিবা, ও এই আইনমতের নির্দ্দিষ্ট ইস্তেহার লিখিয়া, অমুক সালের অমুক মাসের অমুক তারিখপর্য্যন্ত অমুক স্থানে আসেসরের দফতরখানায় ঐ আসেসরকে দেন। নতুবা উক্ত আইনমতে দণ্ড হইতে পারিবে।

যাঁহারা ঐ ফর্দ্দ লিখিবার নমুনা চাহেন, তাঁহারা ঐ জিলার আসেসরের কিম্বা আসেসরেরদের কোন এক জনের দফতরখানায়, তাহা পাইতে পারিবেন। আরো এই আইনমতের টাক্স দিবার যোগ্য যাহারদিগকে যে সময় কি বোধ হয় তাঁহারদের প্রত্যেক জনের নিবাস স্থানে কি কর্ম্মস্থানে ঐ ফর্দ্দের নমুনা দেওয়া যাইবে। কিন্তু ঐ টাক্স দিবার যোগ্য কোন লোক যদি সেই ফর্দ্দ লিখিবার নমুনা না পান তবে উক্ত আসেসরের দফতরখানায় [কিম্বা অন্য কোন আসেসরের দফতরখানায়] তাঁহারদের সেই নমুনা চাহিয়া লইতে হইবেক

সাল তং। কালেক্টর সাহেব বরাবর।

মহাশয়। ঐ ফর্দ্দ না দিয়া অঁটিয়া দেওয়া যাইতে পারিবে। তাহাতে কেবল আসেসর এবং তিনি খুলিতে পারিবেন।

যাঁহার প্রাপ্তি কি আয় ২০০০ টাকার অধিক হয়, এমত কোন লোক যদি ইচ্ছা করেন যে আমার নিবেদন উক্ত বৎসরের দেওয়া যায় ও তাহার দ্বারা টাক্স ধার্য্য হয়, তবে তিনি আপনার দিবা আটক্ষরা লালা কালেক্টর সাহেবের নামে লিখিয়া পাঠাইবেন।

[*Bengal Hurkaru, 2nd October*, 1860.]

FORM No. 5.

SPECIAL NOTICE.

Presidency Towns and Straits Settlements.

ISSUED AND SIGNED BY THE ASSESSORS UNDER ACT XXXII.

OF 1860, SECTION XXXVIII.

INCOME TAX

For the year ending 31st *July* 186 .

To

of

TAKE notice that you are hereby required to return your Profits and Income for the year commencing on the 1st day of August , and ending on the 31st day of July , under Act XXXII. of 1860, and to fill up, and make the Return, Declarations, Statements, and Lists required by Sections XXXVIII., XXXIX., XL. and XLI of that Act to be made out and delivered, and the same duly filled in and signed, to transmit to or deliver at my Office at , on or before the day of , under the penalties contained in the said Act.

Forms of Returns, Declarations, Statements, and Lists prescribed by the Governor General in Council, under the provisions of the said Act, which Forms are to be filled up and delivered as aforesaid, accompany this Notice

(Signed) *By the Assessor.*

Dated this day of

NOTE 1.—The Returns may be sealed up, and the seal will be broken only by the Income Tax Commissioners.

NOTE 2.—If any person shall desire that his Return be rendered to, and his Assessment fixed by, the Special Commissioner, he may, together with the Return, transmit under cover, to the Income Tax Commissioner, an application to that effect, sealed and addressed to the Special Commissioner Such application will, on receipt thereof, be transmitted to the Special Commissioner

৫ নম্বরের পাঠ।

বিশেষ এত্তেলা।

রাজধানীতে ও মোহনার বসতি স্থানে

১৮৬০ সালের ৩১ আইনের ৩৮ ধারামতে আসেসরের জারী করিবার ও দস্তখৎ করিবার এই এত্তেলা।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

অমুক স্থান নিবাসি শ্রী অমুক প্রতি আগে।

তোমাকে হুকুম হইতেছে যে, অমুক সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি অমুক সালের জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত তোমার এক বৎসরের যত টাকা লাভ ও আয় হইয়াছে, তাহা তুমি ১৮৬০ সালের ৩২ আইনমতে লিখিয়া জানাও, ও সেই আইনের ৩৮ ও ৩৯ ও ৪০ ও ৪১ ধারাতে যে সকল ফর্দ্দ ও কৈফিয়ৎ ও বৃত্তান্ত ও তালিকা লিখিয়া দিবার হুকুম আছে তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া দিয়া দস্তখৎ করিয়া অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে অমুক স্থানে আমার দপ্তরখানায় তাহা পাঠাও কি আনিয়া দেও। তাহা না দিলে এ আইনমতের দণ্ড হইতে পারিবেক।

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর ঐ ফর্দ্দের ও কৈফিয়তের ও বৃত্তান্তের ও তালিকার যে নক্‌শা ঐ আইনের বিধানমতে নির্দ্দিষ্ট করিয়াছেন তাহার কএক কেতা এই এত্তেলার সঙ্গে তোমাকে দেওয়া যাইতেছে তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া পূর্ব্বোক্তমতে দাখিল কর।

আসেসরের দস্তখৎ।

সাল তারিখ।

মন্তব্য কথা। ১। ঐ ফর্দ্দ না দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবে। ও কেবল ইনকম টাক্‌সের কমিসনরেরা ঐ লা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন

২। ঐ ফর্দ্দ খাস কমিসনরকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা টাক্‌স ধার্য্য হয়, কোন লোকের যদি এই বাসনা থাকে, তবে তিনি সেই মর্ম্মের দরখাস্ত লিখিয়া খামে দিয়া লা দিয়া আঁটিয়া শিরনামায় খাস কমিসনর সাহেবের নাম লিখিয়া আপনার ঐ ফর্দ্দ সমেত ইনকম টাক্‌সের কমিসনরেরদের নিকটে পাঠাইবেন। সেই দরখাস্ত পাওয়া গেলে খাস কমিসনর সাহেবের নিকটে পাঠান যাইবেক।

[গেজেট ১৮৬০। ২ অক্টোবর।]

FORM No. 2.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

AFFIRMATION OF SECRECY.

(To be made by any person employed as a Commissioner or Collector, or other Officer employed in making Assessments under Act XXXII. of 1860, *and entitled by law to make any affirmation in lieu of any Oath or Affidavit.)*

I, A B, appointed to act as under Act XXXII. of 1860, do hereby solemnly affirm and declare that I will not disclose any particular contained in any List, Return, or Statement delivered with respect to any Duties charged, or any profits or income chargeable under the Provisions and Rules of the said Act, or any Assessment made under the same, or any evidence or answers given by any person who shall be examined, or shall make any Affidavit, Deposition, or Statement respecting the same in pursuance of the said Act, excepting to such persons only as shall be appointed for the due execution of the said Act, or where it shall be necessary to disclose the same for the purpose of the said Act, or in the course of prosecution for perjury committed in such Examination, Affidavit, Deposition, or Statement.

Solemnly affirmed before me.

২ নম্বরের পাঠ।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

কথা গোপনে রাখিবার ধর্ম্মতঃ প্রতিজ্ঞা।

(কমিস্যানর সাহেবেরা কি কালেক্টর সাহেবেরা কিম্বা অন্য যে কোন কর্ম্মকারক ১৮৬০ সালের ৩২ আইনমতে টাক্স ধার্য্য করিবার কর্ম্মে নিযুক্ত হন, ও আইনমতে কোন শপথের কি আফিডেবিটের পরিবর্ত্তে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতে অনুমতি পান তাঁহারদের এই প্রতিজ্ঞা করিতে হইবেক।)

আমি অমুক ১৮৬০ সালের ৩২ আইনমতে অমুক কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া তাহাতে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া জানাইতেছি যে, উক্ত আইনের বিধান ও বিধিমতে যে কোন টাক্স বসান যায়, কিম্বা কোন লাভের কি আয়ের উপর যে টাক্স বসান যাইতে পারে তাহার সম্পর্কে যে কোন তালিকা কি ফর্দ্দ কি কৈফিয়ৎ দেওয়া যায়, কিম্বা তদনুসারে যে কোন টাক্স বসান হয়, কিম্বা সেই ফর্দ্দপ্রভৃতির বিষয়ে ঐ আইনঅনুসারে কোন লোকের বিচার হইলে কিম্বা কোন লোক আফিডেবিট করিলে কি জোবানবন্দী দিলে কি এজহার করিলে তিনি যে কোন সাক্ষ্য কি জওয়াব দেন তাহার কোন কথা আমি প্রকাশ করিব না। কেবল এ আইনের কার্য্য উপযুক্তমতে চালাইবার জন্যে যে লোকেরা নিযুক্ত থাকেন তাঁহারদের নিকটে প্রকাশ করিব, কিম্বা এ আইনমতে কার্য্য হইবার জন্যে, কিম্বা তদ্রূপ কোন বিচার হইবার সময়ে কিম্বা আফিডেবিটে কি জোবানবন্দীতে কি এজহারে মিথ্যা শপথের দোষ হইলে তাহার ফৌজদারী বিচার কালে যদি উক্ত কোন কথা প্রকাশ করা আবশ্যক হয়, তবে সেই কথা প্রকাশ করিব।

আমার সম্মুখে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা হইল।

FORM No. 3.

GENERAL NOTICE.

Presidency Towns or Straits Settlement.

ISSUED BY THE INCOME TAX COMMISSIONERS OF
UNDER ACT XXXII. OF 1860, SECTION XXXVII.

To be affixed at the Office of the said Commissioners, in
Street *in the (Town) or (Station of*) *at*
every Revenue and Police Office in the said Town or Station and at such other conspicuous public places throughout the Town (or Station) as the Commissioners shall appoint.

INCOME TAX

For the year ending 31st July 186 .

NOTICE is hereby given, that every person within the Town (or Station), who by the Act XXXII. of 1860, for imposing Duties on Profits arising from Property, Professions, Trades and Offices, is liable to the said Duties, and to return his or her Profits or Income, is hereby required to fill in a Return of his or her Profits and Income in the Forms mentioned below, and to transmit such Return duly signed with the Declaration prescribed by the Act to the Assessor of the Town (or Station) aforesaid, at his Office, No Street by the , day of next, under the penalties contained in the said Act.

Persons requiring Forms of Returns can procure them at the Office of the Assessor aforesaid. [or of any of the Assessors.] Forms of such Returns will also be left at the usual place of residence or business of every person known or considered to be liable to the Duties imposed by the said Act. But any person liable to the said Duties, who may not receive such Forms, must apply for the same at the said Assessor's Office, or at the Office of any of the Assessors.

To be signed by two of the Commissioners

Dated this day of

NOTE.—The Returns may be sealed up, and the seal will be broken only by the Commissioners.

If any person shall desire that his Return be rendered to, and his assessment fixed by, the Special Commissioner, he may, together with the Return, transmit under cover to the Commissioners, an application to that effect, sealed and addressed to the Special Commissioner. Such application will, on receipt thereof, be transmitted to the Special Commissioner.

৩ নম্বরের পাঠ।

সাধারণ এত্তেলা।

অর্থাৎ রাজধানীতে কি মোহনার বসতি স্থানে ১৮৬০ সালের ৩২ আইনের ৩৭ ধারামতে অমুক স্থানের ইনকম টাক্সের কমিস্যানর সাহেবেরদের জারী করিবার সাধারণ এত্তেলা। ※

(এই এত্তেলা (অমুক) নগরের কিম্বা (অমুক) মোকামের অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে উক্ত কমিস্যানর সাহেবেরদের দফ্তরখানায় ও ঐ নগরের ও মোকামের সকল মালের কাছারীতে ও পোলীসের কাছারীতে ও সেই নগরের (কি মোকামের) সকল লোকের দৃষ্টিগোচর অন্য যেং স্থান কমিস্যানর সাহেবেরা নিরূপণ করেন সেই সকল স্থানে লট্কাইতে হইবেক।)

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্স।

ইহাতে এই সমুদ দেওয়া যাইতেছে। ১৮৬০ সালের ৩২ আইনমতে অর্থাৎ সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীর দ্বারা যে সং উপার্জ্জন হয় তাহার উপর টাক্স বসাইবার আইনমতে এই নগরের (কি মোকামের) যে সকল লোকের উপর টাক্স লাগিতে পারে ও আপনং প্রাপ্তির কি আয়ের ফর্দ্দ যে সকল লোকের দিতে হয়, তাঁহারদিগকে হুকুম হইতেছে যে, তাঁহারা আপনং প্রাপ্তির ও আয়ের ফর্দ্দ নীচের লিখিত নক্‌শামতে লিখিয়া তাহাতে উপযুক্তমতে দস্তখৎ করিয়া ও এই আইনমতের নির্দ্দিষ্ট কৈফিয়ৎ লিখিয়া আগামি অমুক মাসের অমুক তারিখপর্য্যন্ত অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে উক্ত নগরের (কি মোকামের) আসেসরকে দেন। না দিলে উক্ত আইনমতে দণ্ড হইতে পারিবে।

যাঁহারা এ ফর্দ্দ লিখিবার নক্‌শা চাহেন তাঁহারা পূর্ব্বোক্ত আসেসরের (কিম্বা আসেসরেরদের মধ্যে কোন এক জনের দফ্তরখানায় তাহা পাইতে পারিবেন। আরো এ আইনমতের টাক্স দিবার জন্য যাঁহারদিগকে জ্ঞান হয় কি বোধ হয় তাঁহারদের প্রত্যেক জনের নিয়ত বাসস্থানে কি কর্ম্মস্থানে এ ফর্দ্দের নক্‌শা দেওয়া যাইবেক। কিন্তু এ টাক্স দিবার যোগ্য কোন লোক যদি সেই ফর্দ্দ লিখিবার নক্‌শা না পান, তবে এ আসেসরের দফ্তরখানায়, কিম্বা আসেসরেরদের কোন এক জনের দফ্তরখানায় তাঁহারদের সেই নক্‌শা চাহিয়া লইতে হইবেক।

মাস তাং ইহাতে কমিস্যানরেরদের দুই জন দস্তখৎ করেন।

মন্তব্য কথা। ঐ ফর্দ্দ লাল কালিতে আঁটিয়া দেওয়া যাইতে পারিবেক। তাহা হইলে কেবল কমিস্যানর সাহেবেরা সেই লাল ভাঙ্গিয়া খুলিতে পারিবেন।

এ ফর্দ্দ খাস কমিস্যানরকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা টাক্স ধার্য্য হয় কোন লোকের যদি এই বাসনা থাকে, তবে তিনি সেই মর্ম্মে দরখাস্ত লিখিয়া খামে বিনা তাহা লাল কালিতে আঁটিয়া সিলমোহর করিয়া কমিস্যানর সাহেবের নাম লিখিয়া আপনার এ ফর্দ্দের সঙ্গে কমিস্যানর সাহেবেরদের নিকটে পাঠাইবেন। সেই দরখাস্ত পাওয়া গেলে খাস কমিস্যানর সাহেবের নিকটে পাঠান যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬০। ২ অক্টোবর।]

FORM No. 6.

SPECIAL NOTICE

ISSUED AND SIGNED BY THE ASSESSOR OF .OR DEPUTY COLLECTOR ACTING AS ASSESSOR) UNDER ACT XXXII. OF 1860, SECTION XXXVIII.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

To

of

TAKE notice that you are hereby required to return your Profits and Income for the year commencing on the 1st day of August and ending on the 31st day of July . under Act XXXII. of 1860, and to fill up, and make out the Return, Declarations, Statements, and Lists required by Sections XXXVIII., XXXIX., XL. and XLI. of that Act, to be made out and delivered, and the same duly filled in and signed, to transmit to, or deliver at my Office at on or before the day of under the penalties contained in the said Act.

Forms of Returns, Declarations, Statements, and Lists prescribed by the Governor General in Council, under the provisions of the said Act, which Forms are to be filled up and delivered as aforesaid, accompany this Notice.

(Signed) *By the Assessor.*

Dated this day of

NOTE 1.—The Return may be sealed up, and the seal will be broken only by the Assessor

NOTE 2.—If any person, whose annual profits or income shall exceed 2,000 Rupees, may desire that his Return be rendered to, and his assessment fixed by, the Collector, he shall transmit such Return sealed and addressed to the Collector.

৬ নম্বরের পাঠ।

বিশেষ এত্তেলা।

১৮৬০ সালের ৩২ আইনের ৩৮ ধারামতে অমুক স্থানের আসেসর (কিম্বা আসেসরের কর্ম্মকারি ডেপুটী কালেক্টর এই এত্তেলায় দস্তখৎ করিয়া তাহা জারী করিবেন।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

অমুক স্থাননিবাসি।

শ্রী অমুক প্রতি আগে।

তোমাকে হুকুম হইতেছে যে, অমুক সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি অমুক সালের জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত এক বৎসরে তোমার যত লাভ ও আয় হইয়াছে তাহা তুমি ১৮৬০ সালের ৩২ আইনমতে লিখিয়া জানাও। ও ঐ আইনের ৩৮ ও ৩৯ ও ৪০ ও ৪১ ধারাতে যে ফর্দ্দ ও কৈফিয়ৎ ও বৃত্তান্ত ও তালিকা লিখিয়া দিবার হুকুম আছে তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া দস্তখৎ করিয়া, অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে অমুক স্থানে আমার দপ্তরখানায় তাহা পাঠাও কি আনিয়া দেও। তাহা না দিলে এ আইনের লিখিত দণ্ড হইতে পারিবেক।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর ঐ ফর্দ্দের ও কৈফিয়তের ও বৃত্তান্তের ও তালিকার যে নক্‌শা ঐ আইনের বিধানমতে নির্দ্দিষ্ট করিয়াছেন তাহার একএক কেতা এই এত্তেলার সঙ্গে তোমাকে দেওয়া যাইতেছে। তাহাতে তুমি উপযুক্ত কথা লিখিয়া পূর্ব্বোক্তমতে দাখিল কর।

আসেসরের দস্তখৎ।

সাল তাং

মন্তব্য কথা। ১। ঐ ফর্দ্দ লা দিয়া আঁটিয়া দেওয়া যাইতে পারিবে। তাহা হইলে কেবল আসেসর ঐ লা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন।

২। বৎসরে যাঁহার ২০০০৲ টাকার অধিক লাভ কি আয় হয় এমত কোন লোক যদি চাহেন যে, আমার ফর্দ্দ কালেক্টর সাহেবকে দেওয়া যায় ও তাঁহার দ্বারা টাক্‌স ধার্য্য হয়, তবে তিনি ঐ ফর্দ্দ লা দিয়া আঁটিয়া শিরনামায় কালেক্টর সাহেবের নাম দিয়া পাঠাইবেন।

[*Government Gazette, 2nd October*, 1860.]

FORM No 7, PART I.

INCOME TAX

For the year ending 31*st July* 186 .

RETURN PART I.

RETURN under Schedule I of Act XXXII. of 1860, of Property in and Profits arising from lands and houses in India

BEING PART I OF GENERAL RETURN.

1.	2.	3.	4.	5.	6.	7	8.	9.
Name and Residence. (If more than one residence or dwelling, both must be stated together, with the place of residence on 1st August 1860.)	Description of property, whether land or house, (A) in whatever district situated.	Situation of property.	Statement of all the several estates, tenures, sub-tenures, houses, lands, and the nature of such several estates, tenures, sub-tenures, under whatever title held.	Rents and profits of all kinds received, or receivable as rent or profits for the preceding year, *i. e.* the year ending at the end of the last revenue year.	Names of all co-sharers in any of the estates, tenures, sub tenures lands and houses the extent of every such share, and the amount received by such sharers for their own use or benefit.	Amount of Government revenue or rent payable to any superior landlord if any.	Statements of lands or houses in occupation of party making the Return—and of rack rent at which the same are worth to be let for the year.	Claim, if any, for deduction on account of abatement, for flood, drought, or tempest, or for insolvency or absconding, of tenants.

Dated

(Sigued)

৭ নম্বরের নক্শার তৃতীয় খণ্ড।

---

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

ফর্দ্দের তৃতীয় খণ্ড।

১৮৬০ সালের ৩২ আইন।

---

৪ নম্বরের তফসীলের ১ বিধিমতে যে বেতনের উপর টাক্‌স ধার্য্য হয় এমত বেতন না হইয়া সরকারী কোন কার্য্যকারকের যে রসুমের কি কমিস্যনের কি উপরি টাকার কি লাভের উপর ৪ নম্বরের তফসীলমতে টাক্‌স লাগিতে পারে তাহার ৪ নম্বরের তফসীলমতের ফর্দ্দ।

সাধারণ ফর্দ্দের তৃতীয় খণ্ড।

১	২	৩
নাম ও বাসস্থান।	পদের খ্যাতি কি কর্ম্ম যে স্থানে করা যায়।	১ বিধিমতে যে বেতনের উপর টাক্‌স লাগিতে পারে তাহাছাড়া পূর্ব্ব বৎসরের শেষপর্য্যন্ত অর্থাৎ আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত কিম্বা অন্য যে তারিখে ঐ রসুমের কি কমিস্যনের কি উপরি টাকার কি লাভের হিসাব নিষ্পত্তি হইয়া থাকে সেই তারিখপর্য্যন্ত যত রসুম কি কমিস্যন কি উপরি টাকা কি লাভ পাওয়া গিয়াছে তাহা।

সাল তাং দস্তখৎ

মন্তব্য। এই তিন খণ্ড লইয়া একি ফর্দ্দ ২॥ ও তাহা এক সঙ্গে করিতে হয়। ৮ নম্বরের কৈফিয়ৎ এই শেষ ভাগের তলে দিতে হইবে।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশতিহার।

WANTED

A Peshkar and Meermoonshee for the Midnapore Fouzdarry Court. The salaries are Rs. 30 and 20 respectively. Persons desirous of obtaining either of these offices must make personal application to the Magistrate, and must be able to produce testimonials of character, good education and qualification from previous service in the same or some analogous department.

F. R. Cockerell, *Offg. Magistrate.*

The 7th September, 1860.

মেদিনীপুরের ফৌজদারী আদালতের পেশকারের ও মীরমুন্সীর পদ খালী হইয়াছে। পেশকারের বেতন ৩০৲ টাকা ও মীরমুন্সীর বেতন ২০৲ টাকা। যাঁহারা তাহার মধ্যে কোন পদ পাইতে চাহেন তাঁহারদের প্রয়োজন যে আপনারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির হইয়া দরখাস্ত করিয়া আপনারদের সুচরিত্র ও সুশিক্ষার সর্টিফিকট ও পূর্ব্বে সেই পদে কি তাহার সমান অন্য কোন পদে কর্ম্ম করিয়া ঐ কর্ম্মের যোগ্য আছেন ইহার সর্টিফিকট দেখাইতে পারেন।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজীর ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজীর জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টি হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ পেরর। এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY, an Insolvent.

Notice is hereby given, that Saturday the 6th day of October next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 28th day of September 1859 until the 31st day of August 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

John Cochrane, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 25th September, 1860.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ্জ মে সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি অক্টোবর মাসের ৬ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৯ সালের সেপ্টেম্বর মাসের ২৮ তারিখঅবধি ১৮৬০ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া দাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাক্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৫ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২ অক্টোবর।]

In the matter of JOHN NEWSON, an Insolvent.

Notice is hereby given, that Saturday the 6th day of October next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 3rd day of May 1860 until the 1st day of September instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 25th September, 1860.

যোত্রহীন জান নিউসন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি অক্টোবর মাসের ৬ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৬০ সালের মে মাসের ৩ তারিখঅবধি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত আসিনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসিনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা। ১৮৬০ সাল ২৫ সেপ্টেম্বর।

The like notice in the matter of EDWARD DAVEY FABIAN, an Insolvent, wherein the account of the Assignee is filed from 1st day of April 1857 to the 1st day of September instant.

যোত্রহীন এডুার্ড ডেবি ফেবিআন সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসিনি সাহেবের ১৮৫৭ সালের ১ আপ্রিল তারিখঅবধি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

In the matter of JOHN HUTCHESON FERGUSSON and another, Insolvents.

Notice is hereby given, that Saturday the 6th day of October next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of February 1860 until the 31st day of August last, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 26th September, 1860.

যোত্রহীন জান হচিসন ফারগসন সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি অক্টোবর মাসের ৬ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৬০ সালের ফেব্রুআরি মাসের প্রথম তারিখঅবধি গত আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসিনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাক্রেন। সরকারী আসিনি।

সরকারী আসিনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৬ সেপ্টেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন

সকলকে জানান যাইতেছে, ইন্‌কম টাক্‌সের আইনের যে২ বিধান সর্ব্বসাধারণ লোকের উপর খাটে তাহার সারাংশ শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্ত্তৃক অতিসপ্ট বাঙ্গলা ভাষায় সংগৃহীত হইয়া শ্রীরামপুরে তমোহর যন্ত্রে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ৶ আনা মাত্র গ্রহণেচ্ছুক মহাশয়েরা শ্রীযুত জান রাবিনসন সাহেবের নিকটে মূল্য পাঠাইলে প্রাপ্ত হইবেন।

গবর্ণমেণ্ট গেজেটহইতে অধিকরূপে সংগৃহীত ও প্রস্তুতহওয়া নিম্নোক্ত বাঙ্গলা আইনাদি সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী মহাশয়ের আফিসে বিক্রয়ের আছে।

১৮৬০ সালের ৩৬ আইন অর্থাৎ [illegible]সবিষয়ক নূতন আইন। মূল্য ৸০

১৮৫৯ সালের ৮ আইন সংশোধন ও ১৮৪১ সালের ২০ আইন ও অন্য২ আইন রহিত হওনান্তর ১৮৬০ সালে যে ৪ ও ২৭ আইন প্রচার হইয়াছে তাহাও ১৮৬০ সালের ৩২ আইন অর্থাৎ আয়ের উপর টাক্‌স বসাইবার আইন ও ঐ টাক্‌স গণনার প্রণালী এবং ১৮৫৯ ও ১৮৬০ সালের আইনাদির নির্দ্দিষ্ট মূল্য ... ১।০

১৮২৯ সালের ৮ আইনের সামান্য নির্দ্দিষ্ট ও বর্ণমালানুযায়ি ইণ্ডেক্‌স। মূল্য ... ।০

[*Government Gazette, 2nd October*, 1860.]

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে ও শ্রীরামপুরের ছাপাখানায় বিক্রয়ার্থে আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২ ॥০
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ১ ॥০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র তাহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ১৪ সংখ্যাপর্য্যন্ত ৬৲ এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ স্কন্ধ ৪৮০
যোগবাশিষ্ঠ ১নাং১৬সর্গ ৪
গীতাবলি ।০
অষ্টাদশ পর্ব্ব মহাভারত. প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲
সপ্তকাণ্ড রামায়ণ প্রং ২
আরব্যোপাখ্যান ১ নাং ৫, পঞ্চম খণ্ডে ৫
অপূর্ব্বোপাখ্যান, ২১প্রং ২
বত্রিশ সিংহাসন, গদ্য ১
আত্মকৃত ইং বাং ডিক্সানরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সানরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫
শিবসংকীর্ত্তন ১
ইংরাজী শকুন্তলা ১
প্রবোধচন্দ্র নাটক ১
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাঞ্জীর বিচার ॥০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশতএক রোদন ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম ৫০
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পশ্চাবেতিহাস ১৲
প্রাচীন ঐ ২৲
ন্যায়দর্শন ২ ॥০
পুরাবৃত্ত বিবরণ ১৲
সটীক শ্রীমদ্ভগবদগীতা ও আনন্দ গিরির টীকাসম্বলিত ৭৲
চাহার দরবেশ
প্রিয়ম্বদ ১৲
কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲
জেকবের লা, ডিক্সনরি ১০৲
পূর্ণচন্দ্রোদয় ৮৲
রাজা রামমোহন রায়ের জীবনচরিত্র ।০
চিকিৎসাসার ১ ॥০
কোলব্রুকের অমরকোষ ৮৲
ঐ ব্যাকরণ ... ২৪৲
ঐ হিন্দুলা ... ২৪৲
ঐ মেডনাটন ...২০৲
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩ নাং ১৮৩৩, ৯ বালাম ১০০৲
শব্দসাধন মুক্তাবলী ২৲
চমৎকার হিরাজাদ ... ১৲
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে

ইন্‌কমটাক্সের অর্থাৎ আয়ের উপর কর প্রদানের ৩২ আইন যাহা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছে তাহা কলিকাতা আমড়াতলার ১২ নং বাটীতে পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে ২৫৬ পৃষ্ঠায় মুদ্রিত হইয়া ।০ মূল্যে বিক্রয় হইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্ ডিক্রুস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

মন্তব্য কথা। ১। এই ফর্দ্দের মধ্যে যত মহাল কি তালুক কি পেটাও তালুক কি জমী কি ঘরের কথা লেখা আছে তাহার খাজানার ফর্দ্দও, অর্থাৎ ঐ২ জমী কি তাহার কোন অংশ যাঁহারদিগকে খাজানা করিয়া দেওয়া যায় তাঁহারদের নাম ও এক২ জন যত করিয়া খাজানা দেন তাহার ফর্দ্দ সঙ্গে পাঠাইতে হইবে।

২। দুই কি অধিক জন কোন মহালের কি তালুকের কি পেটাও তালুকের কি জমীর কি ঘরের দখলদার হইলে, তাঁহারা সেই মহাল কি তালুক কি পেটাও তালুক কি জমী কি ঘর সম্পর্কে এই ফর্দ্দ মিলিয়া লিখিতে পারিবেন।

৩ (ক) জমী এই শব্দেতে সকলপ্রকারের স্থাবর সম্পত্তি বুঝায়, ও ঘর ভিন্ন উত্তরাধিকারিক্রমে ও পাট্টাক্রমে ভোগ করা স্থাবর সম্পত্তির ন্যায় সকল বিষয়, ও তাহাতে যে কোন প্রকারের স্বত্ব কি সম্পর্ক থাকে, অর্থাৎ জমী চিরকালের ভোগ্য কি দলীলমতে ভোগ্য হউক কি পাট্টাক্রমে কি অন্য প্রকারে হউক কি অংশমতে কি অন্যের আরতক্রমে কি প্রকারান্তরে কি বিতক্ত কি অবিতক্ত অংশমতে ভোগ্য হউক সকল জমী বুঝায়।

জমীহইতে প্রাপ্তির যে ফর্দ্দ করিতে হইবে তাহার মধ্যে পাতরের কি চূণ পাতরের কি অন্য প্রকারের খনিহইতে যে কিছু লাভ হয় তাহা সমুদয় ধরিতে হইবে।

ও নৌকা কর্ম্মদ্বারা ও লোণা জল কি খালাড়ী দ্বারা ও জলের কলদ্বারা ও জলের স্রোতদ্বারা ও খাল ও দেশের মধ্যে নৌকাদি চালানদ্বারা, ও ঈদি ও নরদমা ও মাছ ধরিবার জলকর কি স্থান দ্বারা, ও হাট বাজার করিবার স্বত্বদ্বারা ও বনকর ও মাসুল ও রাস্তা ও পথ ও সাঁকোদ্বারা ও খেয়া ঘাটে ও জমীসম্পর্কীয় কিম্বা জমীতে স্থাবিজ সম্পর্কীয় সকল স্বত্বদ্বারা যে সকল লাভ হয় তাহা,

ও কয়লা ও রাঙ্গ ও সীসা ও তাম্রা ও লৌহার ও অন্য২ আকরদ্বারা যে সকল লাভ হয় তাহা যদি তারবারের বলিয়া ২ নম্বরের তফসীলমতের ফর্দ্দে দিতে না হয় তবে তাহা ধরিতে হইবে।

ও জমীহইতে কিম্বা বাসাদি করিবার স্থানের পাট্টাবাবতে কি পাট্টার একরারনামার বাবতে যে সকল সেলামী কি উপরি টাকাপ্রভৃতি পাওয়া গিয়াছে তাহাও ধরিতে হইবে।

ও জমীহইতে কিম্বা পাট্টাক্রমে কি উত্তরাধিকারিক্রমে ভোগ্য সম্পত্তিহইতে যে সকলপ্রকারের লাভ উপরে স্পষ্টরূপে লেখা হয় নাই তাহাও ধরিতে হইবে।

৪। ঘর এই শব্দেতে বাস করিবার সকল ঘর ও কোটা বুঝায়, ও তাহার মধ্যে সকল আড়ৎ ও দপ্তরখানা ও কুঠী ও দোকান ধরিতে হইবে ও সেই বাস ঘরের ও কোটার ও আড়তের ও কুঠীর ও দোকানের শামিল কি তাহার সঙ্গে ব্যবহার্য্য কি তাহার নিমিত্তে সকল ভাঁড়ার ঘর ও গুদাম প্রভৃতি সকল ক্ষুদ্র ঘর বুঝায়।

৫। বন্ধকলওনিয়ারদের কি মহাজনেরদের যে জমীর কি ঘরের উপর দাওয়া থাকে তাহা যদি সেই বন্ধকাদির জোরে তাঁহারদের দখলে থাকে, তবে সেই জমীর কি ঘরের ফর্দ্দ তাঁহারদের দিতে হইবে।

৭ নম্বরের নকশা ১ খণ্ড।

১৮৬ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয় সেই বৎসরের

ইন্‌কম টাক্‌স।

ফর্দ্দের ২ খণ্ড।

সম্পত্তি কি বিদ্যাব্যবসায় কি কারবার কি চাকরীর দ্বারা ও টাকার সুদে ও বার্ষিক বৃত্তিতে যে লাভ হয় তাহার, বৎসরের অন্য যে লাভ ইহার নীচে ও ২ নম্বরের তফসীলের বিধিতে বিশেষমতে লেখা হইয়াছে তাহার ১৮৬০ সালের ৩২ আইনের ১ নম্বরের তফসীলমতের ফর্দ্দ।

সাধারণ ফর্দ্দের ২ খণ্ড।

প্রথম ও দ্বিতীয় ভাগ	২	৩	৪	৫	৬	৭	৮	৯
নামক পরওয়ানা বাহির করিবার কিম্বা কোন লোককে যোত্রহীন করিবার নিমিত্তে ছেষপূর্ব্বক প্রার্থনা করিবার কি ছেষপূর্ব্বক অন্যায়মতে প্রবেশ করিবার বাবৎ কোন ডিক্রীর ফলে ঐ টাকা দেনা হয় নাই, ও সেই দরখাস্তকারি খাতক আপনার দেনা ও পাওনা টাকার ও ইষ্টেটের ও মালের সমুদয় কথা সম্পূর্ণরূপে প্রকাশ করিয়াছে ও প্রকৃত ভাবে সকল মহাজনের সঙ্গে বন্দোবস্ত করিতে চাহে ও তাহার সেই মর্ম্মের প্রস্তাব উপযুক্ত ও ঐ আদালতের আজ্ঞামতে তাহা সফল করা উচিত, এই সকল বিষয় যদি ঐ কমিসানর সাহেব খাতিরজমামতে জানিতে পান, তবে তিনি কোন সময় ও স্থান নিরূপণ করিয়া ঐ দরখাস্তকারি খাতকের সকল মহাজনের সেই সময়ে ও স্থানে বৈঠক হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেই বৈঠক হইবার দিনের পূর্ব্বে সাত দিনের কম ও আটাইশ দিনের অধিক না হয় এমত সময় থাকিতে ঐ বৈঠক হইবার সম্বাদ লেখা হইয়া প্রত্যেক মহাজনকে দেওয়া যাইবে ইতি।

[সভাপতির কথা।]

৩ ধারা। মহাজনেরদের বৈঠকে যাহার নির্দ্ধার্য্য হয় তাহার রিপোর্ট উক্ত কমিসানর সাহেবের নিকটে করিবার জন্যে ঐ কমিসানর সাহেব ঐ আদালতের প্রধান ক্লার্ক সাহেবকে কি সরকারী আইনী সাহেবকে কিম্বা ঐ দরখাস্তকারি খাতকের প্রধান এক জন মহাজনকে ঐ বৈঠকের সভাপতি পদে নিযুক্ত করিবেন ইতি।

[মহাজনেরদের প্রথম বৈঠকের কথা।]

৪ ধারা। মহাজনেরদের সেই বৈঠকে যদি মহাজনেরদের অধিকাংশ লোক ও যাহারদের অধিকাংশ টাকা পাওনা হয় তাহারা, কিম্বা ঐ খাতকের দেনা টাকার দশ অংশের নয় অংশ দুই শত টাকার অধিক পাওনিয়া যে মহাজনেরদের পাওনা থাকে তাহারা, কি তাহারদের দশ ভাগের নয় ভাগ লোক ঐ দরখাস্তকারি খাতকের প্রস্তাবে কিম্বা মতান্তর করা কোন প্রস্তাবে সম্মত হয়, তবে ঐ বৈঠকের সভাপতি ঐ দরখাস্তকারি খাতকের মহাজনেরদের অন্য বৈঠক করিবার দিন নিরূপণ করিবেন। সেই দিন ঐ প্রথম বৈঠকের পর সাত দিনের অগ্রে কি আটাইশ দিনের পরে হইবে না। ও ঐ দ্বিতীয় বৈঠকের নিরূপিত দিনের অন্যূন তিন দিন থাকিতে ঐ দ্বিতীয় বৈঠক হইবার ও তাহার অভিপ্রায়ের এত্তেলা লেখা হইয়া সেই প্রথম বৈঠকে যে সকল মহাজন আপনারা কি আপনারদের নিযুক্তকরা মোক্তারেরদের দ্বারা উপস্থিত না ছিল, তাহারদের প্রত্যেক জনের উপর জারী হইবে। কিন্তু পূর্ব্বোক্ত দরখাস্ত যে কমিসানর সাহেবের নিকটে অর্পণ করা যায়, তিনি উপযুক্ত বোধ করিলে কোন বিশেষ গতিকে এমত হুকুম করিতে পারিবেন যে, কোন মহাজন শেষ যে ঘরে বাস করিয়াছে কি কর্ম্ম করিয়াছে সেই ঘরে ঐ এত্তেলা দিলে তাহা যাতবরূপে জারী হইল জান হইবে ইতি।

[মহাজনেরদের দ্বিতীয় বৈঠকের কথা।]

৫ ধারা। মহাজনেরদের দ্বিতীয় বৈঠকে যাহারা উপস্থিত হয় তাহারদের পাঁচ ভাগের তিন ভাগ লোক, ও খাতকের দেনার পাঁচ অংশের তিন অংশ যাহারদের পাওনা থাকে তাহারা, কিম্বা ঐ খাতকের দেনা টাকার দশ অংশের নয় অংশ দুই শত টাকার অধিক পাওনিয়া যে মহাজনেরদের পাওনা থাকে কিম্বা এমত লোকেরদের দশ ভাগের নয় ভাগ লোক যদি ঐ মহাজনেরদের প্রথম বৈঠকের স্বীকারকরা বন্দোবস্ত কি কর্ম্ম গ্রাহ্য করিতে সম্মত হয়, ও তাহার নিয়ম লেখাইয়া তাহাতে দস্তখত করে, তবে তাহাতে ঐ দরখাস্তকারি খাতক, ও দরখাস্তের তারিখে যত জন ঐ

persons who were creditors of the said petitioning debtor at the date of his said petition, and who had notice of the said several meetings of creditors; provided, however, that such resolution or agreement shall not be valid unless one full third in number and value of all the creditors of such petitioning debtor were present at such second meeting, either in person or by an authorized agent.

[Confirmation. Certificate. Protection.]

VI. Within fifteen days next after the passing of such resolution or agreement the same shall be submitted to the Commissioner acting in the matter of the said petition, who, if he shall think the same reasonable and proper to be executed under the direction of the said Court, shall cause the same to be filed and entered of record therein, and shall grant to the said petitioning debtor a certificate of such filing, and shall from time to time endorse on such certificate his protection of such petitioning debtor from arrest; and such petitioning debtor shall be free from arrest at the suit of any person being a creditor at the date of his said petition, and having had such several notice or notices as aforesaid; and any Officer arresting such petitioning debtor at the suit of any such creditor, and on sight of such certificate and protection not releasing such petitioning debtor, shall be liable to a penalty not exceeding one thousand Rupees; provided, however, that no such protection shall be valid in favor of any petitioning debtor who shall be proved to have been about to abscond beyond the jurisdiction of the said Court, or who has concealed or is concealing any part of his estate or effects, nor against any creditor whose debt is not truly specified in the said petition, nor against any creditor whose debt has been contracted by reason of any manner of fraud or breach of trust.

[Temporary protection.]

VII. It shall be lawful for such Commissioner as aforesaid, upon the examination of such petition as aforesaid, to grant to such petitioning debtor a temporary and limited protection from arrest, and such petitioning debtor shall be accordingly free from arrest for such time and within such limits and conditions as shall be specified in the said protection, with the like penalties on any officer arresting him as aforesaid; and it shall be lawful for such Commissioner to require such petitioning debtor to give bail for his appearance at the said several meetings of his creditors; and every petitioning debtor shall have such protection from arrest when going to, remaining in, and returning from his necessary attendance on the said Commissioner, or the said meetings of creditors, as is en-

দরখাস্তকারি খাতকের মহাজন ছিল ও মহাজনেরদের উক্ত দুই বৈঠকের এত্তেলা পাইয়াছিল তাহারা তাহাতে বন্ধ হইবেক ও তাহারদের সকলের উপর ঐ নির্দ্ধারিত নিয়মের ও বন্দোবস্তের সম্পূর্ণ জোর থাকিবে। কিন্তু উহার পরের বিধানমতে ঐ বন্দোবস্ত মঞ্জুর হইবার অপেক্ষা থাকিবে। আরো জানিতে হইবে যে ঐ দ্বিতীয় বৈঠকে যদি দরখাস্তকারি খাতকের সকল মহাজনেরদের তিন ভাগের পূরা এক ভাগ লোক, কিম্বা তাহার দেনার তিন অংশের এক অংশ টাকা যাহারদের পাওনা হয় তাহারা যদি নিজে কিম্বা তাহারদের ক্ষমতাপন্ন মোক্তারেরদের দ্বারা হাজির না হয়, তবে তাহারদের নির্দ্ধারিত নিয়ম ও বন্দোবস্ত সিদ্ধ হইবে না।

[মঞ্জুর করিবার কথা ও সর্টিফিকটের ও রক্ষা পাইবার কথা।]

৬ ধারা। ঐ নির্দ্ধারিত নিয়ম কি বন্দোবস্ত গ্রাহ্য হইলে পর পনেরো দিনের মধ্যে তাহা, ঐ দরখাস্তের বিষয়ে যে কমিস্যনর সাহেব কর্ম্ম করেন তাঁহাকে দেখাইতে হইবেক। তিনি যদি সেই নিয়মাদি উপযুক্ত বোধ করেন ও ঐ আদালতের আজ্ঞামতে সফল করা উচিত বোধ করেন, তবে তাহা আদালতে দাখিল করাইয়া রিকার্ডের শামিল রাখিবেন, ও তাহা দাখিল হইবার সর্টিফিকট ঐ দরখাস্তকারি খাতককে দিবেন। ও সেই দরখাস্তকারি খাতককে ধরা যাইতে পারিবে না এই কথা ঐ সর্টিফিকটের পিঠে সময়ে২ লিখিবেন। ও সেই দরখাস্তের তারিখে যে লোক মহাজন ছিল ও পূর্ব্বোক্তমতের এক কি দুই এত্তেলা পাইয়াছিল এমত কোন লোকের নালিশমতে ঐ দরখাস্তকারি খাতককে ধরিয়া লওয়া যাইতে পারিবে না। ও যদি সরকারী কোন কর্ম্মকারক তদ্রূপ কোন মহাজনের প্রার্থনামতে সেই দরখাস্তকারি খাতককে ধরে, তবে তাহার সেই সর্টিফিকট ও রক্ষা পাইবার লিপি দেখিতে পাইলেও ঐ দরখাস্তকারি খাতককে ছাড়িয়া না দিলে তাহার এক হাজার টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। কিন্তু ঐ দরখাস্তকারি খাতক ঐ আদালতের এলাকাহইতে পলাইতে উদ্যত আছে ইহার যদি প্রমাণ হয়, কিম্বা সে যদি আপনার সম্পত্তির কি মালের কোন অংশ লুকাইয়াছে কি লুকাইতেছে, তবে তাহার সেই রক্ষার লিপি সফল হইবে না। আরো কোন মহাজনের পাওনা টাকা যদি সেই দরখাস্তে সত্যমতে লেখা না হইয়াছে, কিম্বা খাতকের কোন প্রতারণার কি বিশ্বাসঘাতকতার কার্য্যক্রমে যদি মহাজনের টাকা পাওনা হইয়াছে তবে সেই মহাজনহইতে ঐ রক্ষার লিপি দ্বারা রক্ষা পাইবে না ইতি।

[কিঞ্চিৎ কালের নিমিত্তে রক্ষা পাইবার কথা।]

৭ ধারা। উক্ত প্রকারের কমিস্যনর সাহেব পূর্ব্বোক্তমতের দরখাস্ত বিবেচনা করিয়া, ঐ দরখাস্তকারি খাতকের কিঞ্চিৎ কালের নিমিত্ত ও বিশেষ সীমার মধ্যে ধরা যাইতে না পারিবার লিপি দিতে পারিবেন। ও সেই রক্ষার লিপিতে যে সময় ও যে সীমা ও নিয়ম নিরূপণ আছে সেই সময়পর্য্যন্ত ও সেই সীমার মধ্যে কেহ সেই দরখাস্তকারি খাতককে ধরিয়া লইতে পারিবে না। সরকারী কোন কর্ম্মকারক তাহাকে ধরিলে তাহার পূর্ব্বোক্তমতের জরীমানা হইবেক। আর মহাজনেরদের উক্ত সভা বৈঠকে ঐ দরখাস্তকারি খাতক হাজির থাকিবে ইহার জামিন ঐ কমিস্যনর সাহেব তাহার স্থানে লইতে পারিবেন। আরো কোন লোক মোকদ্দমার এক পক্ষ হইলে কি সাক্ষী হইলে যেমন কোন রিকার্ডের আদালতে তাহার যাইবার কি থাকিবার কি আদালতহইতে ফিরিয়া আসিবার সময়ে তাহাকে গ্রেফতার করা যাইতে পারে না, তেমনি সেই দরখাস্তকারি খাতক যত কাল আবশ্যকমতে ঐ কমিস্যনর সাহেবের নিকটে কিম্বা মহাজনের-

joyed by any party or witness attending any Court of Record.

[Vesting of state.]

VIII. From and after the date of the filing of such resolution and agreement as aforesaid all the estate and effects of such petitioning debtor shall vest in the trustee (if any such shall be appointed) by virtue of such resolutions, and without any deed, as fully as if such trustee were an assignee under the Statutes relating to bankrupts; and every such trustee may sue and be sued as if he were such assignee in bankruptcy.

[Audits]

IX. Every such trustee as aforesaid shall, once at least in every six months, or oftener if the said Commissioner or any two or more of the creditors of such petitioning debtor whose debts amount to one-tenth of the amount of the debts of such debtor require it, produce to the said Commissioner, on oath or solemn declaration, a full and true account of all monies, property, and effects of such petitioning debtor which have come to his hands, and of the disposal thereof; and the said Commissioner shall examine the same, and shall certify the result of such examination, and shall, if need be, order payment to the creditors of such petitioning creditor, according to the terms of such resolution or agreement as afor-said.

[Examinations.]

X. If it shall at any time appear to the said Commissioner, on representation of such trustee as aforesaid, or of any two creditors as aforesaid, that such petitioning debtor has not made a true discovery of his estate and effects, or has not duly accounted for any subsequently acquired property (if requfred by the true intent and meaning of the said resolution or agreement), or has wilfully made any false return of creditors, it shall be lawful for the said Commissioner to order such petitioning debtor to be examined before him upon oath touching such matters; and such order and examination shall be enforced in such manner as is now practised in the ordering and examination of Insolvents under the Act of the eleventh year of the reign of Her present Majesty entitled "An Act to consolidate and amend the law relating to Insolvent debtors in India."

[Special meetings.]

XI. In case any difficulty shall arise in the execution of the said resolution or agreement, it shall be lawful for the said Commissioner to cause a special meeting of the creditors of such petitioning debtor to be assembled; and the resolution of the majority of the said creditors at such meeting, to confirm, alter, or annul the whole or any part of the said resolution or agreement, shall be as valid as if it had been part of the original resolution or agreement: provided, however, that if one-third in

দের উক্ত বৈঠকে যায় কি থাকে কি ফিরিয়া আইসে তত্ত্ব আর কেহ তাহাকে গ্রেফ্তার করিতে পারিবে না ইতি।

[ইষ্টেট আমার হাতে গচ্ছিত করিবার কথা।]

৮ ধারা। যদি উক্ত নির্দ্ধারিত নিয়মমতে কোন ট্রষ্টিকে নিযুক্ত করা যায়, তবে পূর্ব্বোক্তমতের নির্দ্ধারিত নিয়ম ও বন্দোবস্ত দাখিল করিবার তারিখঅবধি ঐ দরখাস্তকারি খাতকের সমুদয় ইষ্টেট ও মাল ঐ ট্রষ্টির হাতে দেওয়া যাইবে, অর্থাৎ সেই ট্রষ্টি দেউলিয়াদের বিষয়ি আইনমতের আইনী হইলে যেমন দেওয়া যাইত তেমনি দেওয়া যাইবে ও তাহাতে কোন লেখাপড়ার প্রয়োজন হইবে না। ও সেই ট্রষ্টী দেউলিয়ার কোন গতিকে আইনী হইলে যে প্রকারে নালিশ করিতে পারেন ও তাঁহার নামে যে প্রকারে নালিশ হইতে পারে সেইপ্রকারে তিনি নালিশ করিতে পারিবেন ও তাঁহার নামে নালিশ হইতে পারিবে।

[আডিট করিবার কথা।]

৯ ধারা। পূর্ব্বোক্তমতের ট্রষ্টীর হাতে ঐ দরখাস্তকারি খাতকের যে সকল টাকা ও সম্পত্তি ও দ্রব্য আইসে ও তিনি তাহা লইয়া যাহা করিয়াছেন তাহার যথার্থ ও পূরা হিসাব ঐ ট্রষ্টি অতি কম ছয়২ মাসে একবার, কিম্বা উক্ত কমিসানর সাহেব কি ঐ দরখাস্তকারি খাতকের দেনা টাকার দশ ভাগের এক ভাগ যে মহাজনেরদের পাওনা হয় তাহারা চাহিলে, অধিকবার শপথ কি ধর্ম্মত: প্রতিজ্ঞাক্রমে উক্ত কমিসানর সাহেবকে দেখাইবে। ও সেই কমিসানর সাহেব ঐ হিসাব দেখিয়া লইবেন ও তাঁহার সে দেখিয়া শুনিয়ার ফলের সর্টিফিকট লিখিবেন। ও যদি প্রয়োজন হয়, তবে পূর্ব্বোক্ত নির্দ্ধারিত কথার কি বন্দোবস্তের নিয়ম অনুসারে ঐ দরখাস্তকারি খাতকের মহাজনেরদিগকে টাকা দিতে হুকুম করিবেন ইতি।

[জোবানবন্দী লইবার কথা।]

১০ ধারা। ঐ দরখাস্তকারি খাতক আপনার সম্পত্তি ও মাল যথার্থমতে প্রকাশ করে নাই, কিম্বা ঐ খাতক পরে কিছু সম্পত্তি পাইলে তাহার হিসাব দাখিল করিবে এমত নিয়ম উক্ত নির্দ্ধারিত কথার কি বন্দোবস্তের যথার্থ অভিপ্রায় ও অর্থমতে হইলেও সেই খাতক পরে যে সম্পত্তি পাইয়াছে তাহার হিসাব উপযুক্তমত দেয় নাই, কি মহাজনেরদের অসত্য তফসীল জানিয়াজনিয়া করিয়াছে, এই কথা যদি উক্ত কমিসানর সাহেব পূর্ব্বোক্ত ট্রষ্টির কিম্বা উক্ত কোন দশ জন মহাজনের এজহারে দেখিতে পান, তবে তিনি ঐ দরখাস্তকারি খাতককে সেই বিষয়ে আপনার সম্মুখে শপথ পূর্ব্বক জোবানবন্দী দিতে হুকুম করিতে পারিবেন। ও হুকুম না শ্রীযুতা মহারাণীর একাদশ বৎসরের আইনমতে অর্থাৎ ভারতবর্ষে যোত্রহীন ঋণীরদের বিষয়ের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনমতে যোত্রহীনেরদের উপর এখন যে রূপে হুকুম প্রচল হয় ও তাহারদের জোবানবন্দী লওয়া যায় সেই রূপে ঐ খাতকের উপর ঐ হুকুম জারী হইবেক ও তাহার জোবানবন্দী লওয়া যাইবেক ইতি।

[বিশেষ বৈঠকের কথা।]

১১ ধারা। যদি উক্ত নির্দ্ধারিত কথা কি বন্দোবস্তমতে কার্য্য করা দুষ্কর হয়, তবে উক্ত কমিসানর সাহেব ঐ দরখাস্তকারি খাতকের মহাজনেরদের এক বিশেষ বৈঠক করিবেন। ও সেই বৈঠকে উক্ত নির্দ্ধারিত কথার কি বন্দোবস্তের সমুদয় কি কোন অংশ মঞ্জুর কি পরিবর্ত্তন কি বাতিল করিতে ঐ মহাজনেরদের অধিকাংশ লোকের যে নির্দ্ধার্য্য হয়, তাহা আসল নির্দ্ধারণের কি বন্দোবস্তের অংশ হইবার মত সিদ্ধ হইবেক। কিন্তু ঐ দরখাস্তকারি খাতকের মহাজনেরদের তিন ভাগের এক ভাগ লোক, কি তাহার দেনা টাকার তিন অংশের

number and value of the creditors of such petitioning debtor do not attend such meeting in manner aforesaid, the resolution thereof shall not be valid unless the same is approved and confirmed by the said Commissioner.

[Meeting of creditors.]

XII. So soon as the said resolution or agreement shall have been carried into effect, and the creditors of the said petitioning debtor shall have been satisfied, according to the tenor of the same, the said Commissioner shall cause a meeting of the said creditors to be held before him, and, on being satisfied that the trustee has fully performed his trust, shall give to such trustee a certificate thereof under his hand and seal; and such certificate shall be a full release and acquittance to the said trustee, both in law and equity, for all matters done by him as such trustee; provided always that it shall be lawful for such trustee to receive for his services in the execution of his said trust such sum of money as the major part in number and value of the creditors assembled at such last mentioned meeting shall appoint, subject to the approval and allowance of the said Commissioner.

[Certificate.]

XIII. At such last-mentioned meeting the said Commissioner shall give to the said petitioning debtor a certificate, under the hand and seal of the said Commissioner, of the filing of the said petition, and of the resolution or agreement of the creditors of the said petitioning debtor, and that the said resolution or agreement has been fully carried into effect, and such certificate shall thenceforth operate to all intents and purposes as fully as if the same were a certificate of conformity under the Statutes relating to bankrupts, excepting only that no debt herein excepted from the operation of this Act shall be barred by the said certificate.

[Rules and orders.]

XIV For the better carrying into effect the several purposes of this Act, it shall be lawful for the said Court from time to time to make such rules, regulations, and orders as the said Court shall think fit: provided, however, that such rules, regulations, and orders shall from time to time be transmitted to the Secretary of State for India in Council to be laid before Her Majesty for Her Royal approbation, correction, or revision.

[Rules and orders how long to continue in force.]

XV. Where any rules, regulations, and orders are, as hereinbefore directed, transmitted for Her Majesty's approbation, correction, or revision, the same respectively shall in the meantime be of full force, and shall so continue until the expiration of fourteen days after the said Court shall have received from the Secretary of State for India a communication of Her Majesty's disallowance thereof, or of any alteration directed by Her Majesty to be made therein.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৩ অক্টোবর।]

এক অংশ যাহারদের পাওনা হয় তাহারা যদি পূর্ব্বোক্ত প্রকারে উক্ত বৈঠকে উপস্থিত না হয়, তবে ঐ বৈঠকে যাহা নির্দ্ধার্য্য হয় তাহা কমিসানর সাহেব গ্রাহ্য ও মঞ্জুর না করিলে সিদ্ধ হইবেক না ইতি।

[মহাজনেরদের বৈঠকের কথা।]

১২ ধারা। উক্ত নির্দ্ধারণ ও বন্দোবস্তমতে কার্য্য সফল হইলে পরেই ও তাহার মর্ম্মমতে ঐ দরখাস্তকারি খাতকেরদের মহাজনেরদের খাতিরজমা হইলে পর, ঐ কমিসানর সাহেব আপনার সাক্ষাতে ঐ মহাজনেরদের বৈঠক করিবেন। ও সেই ট্রষ্টির হাতে যে সম্পত্তি গচ্ছিত হইয়াছিল তাহার বিষয়ে তিনি বিশ্বস্তমতে কর্ম্ম করিয়াছেন, ইহা খাতিরজমামতে জানিলে, তিনি ঐ ট্রষ্টীকে সেই কথার সর্টিফিকট লিখিয়া তাহাতে দস্তখৎ করিয়া ও মোহর দিয়া তাহাকে দিবেন। তাহাতে ট্রষ্টীরূপে ঐ লোক যে সকল কর্ম্ম করিয়াছেন তদ্বিষয়ে আইন ও একুটিপক্ষে ঐ সর্টিফিকট ঐ ট্রষ্টির সম্পূর্ণ ফারখতস্বরূপ হইবেক। কিন্তু উক্ত ট্রষ্টির নিকটে অর্পণকরা সেই পদেতে যে কার্য্য করিয়াছে তাহার নিমিত্তে কিছু টাকা পাইতে পারিবেন। কত টাকা পাইবেন তাহা মহাজনেরদের অধিকাংশ লোক ও খাতকের দেনার অধিকাংশ যে মহাজনেরদের পাওনা হয় তাহারা ঐ শেষোক্ত বৈঠকে নির্দ্ধার্য্য করিবেন. ও তাহাতে উক্ত কমিসানর সাহেবের সম্মতির অপেক্ষা আছে।

[সর্টিফিকটের কথা।]

১৩ ধারা। ঐ দরখাস্ত যে দাখিল হইয়াছে এই কথার ও ঐ দরখাস্তকারি খাতকের মহাজনেরদের নির্দ্ধারিত নিয়মের কি বন্দোবস্তের, ও সেই নিয়ম কি বন্দোবস্তমতে কার্য্য সম্পূর্ণরূপে হইয়াছে এই কথার সর্টিফিকটে উক্ত কমিসানর সাহেব শেষোক্ত বৈঠকে দস্তখৎ করিয়া ও মোহর দিয়া ঐ দরখাস্তকারি খাতককে দিবেন। ও সেই সার্টিফিকট দেউলিয়ারদের বিষয়ি আইনঅনুসারে দেওয়া যাইবার মতে সর্ব্বতোভাবে সম্পূর্ণরূপে ফলদ হইবেক। কিন্তু এই আইনের কার্য্যমতে যে কোন দেনা টাকা এই আইনেতে গ্রাহ্য হইতে পারে না সেই টাকার বিষয়ে কিছু বাধা ঐ সার্টিফিকটের দ্বারা হইতে পারিবে না।

[বিধির ও হুকুমের কথা।]

১৪ ধারা। এই আইনের নানা অভিপ্রায় আরো উত্তমরূপে সফল হয়, এই জন্যে উক্ত আদালত যে সকল বিধি ও হুকুম করা উপযুক্ত জ্ঞান করেন তাহা সময়ে২ করিতে পারিবেন। কিন্তু শ্রীশ্রীমতী মহারাণী তাহা গ্রাহ্য কি সংশোধন কি পুনর্দৃষ্টি করেন এই নিমিত্তে ঐ সকল বিধি ও বিধান ও আজ্ঞা শ্রীশ্রীমতীর সম্মুখে অর্পণ হইবার জন্যে হজু। কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের নিকটে সময়ে২ পাঠান যাইবেক ইতি।

[বিধি ও হুকুম যত কাল বহাল থাকিবে তাহার কথা।]

১৫ ধারা। কোন বিধি ও বিধান ও হুকুম যদিও পূর্ব্বোক্ত আজ্ঞামতে শ্রীশ্রীমতী মহারাণীর গ্রাহ্য কি সংশোধন কি পুনর্দৃষ্টি করিবার জন্যে পাঠান যায়, তথাপি সম্পূর্ণরূপে প্রবল হইবেক, ও শ্রীশ্রীমতী মহারাণী তাহা অগ্রাহ্য করিয়াছেন কিম্বা তাহার কোন কথার পরিবর্ত্তন হইবার আজ্ঞা করিয়াছেন এই মর্ম্মের পত্র ঐ আদালত ভরিতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের স্থানে পাইবার পরে চৌদ্দ দিনপর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

[Interpretation.]

XVI. This Act shall extend to aliens, denizens, and women; and all words in the singular number may be interpreted in the plural number, and *vice versâ*; and all words in the masculine gender may be interpreted to include the feminine gender; and this Act shall be construed beneficially to creditors; and, if any doubts should arise in the construction thereof, it shall be construed by analogy to the laws now in force relating to Insolvents and the practice thereof.

M. WYLIE,
Clerk of the Council.

[আইনের অর্থের কথা।]

১৬ ধারা। এই আইন বিদেশীয় লোকের উপর ও বিদেশীয় যে লোকেরা রাজআজ্ঞামতে দেশীয় লোকস্বরূপ গণ্য হন তাঁহারদের উপর ও স্ত্রীরদের উপর খাটিবে। ও এক বচনের সকল শব্দের বহু বচনের অর্থ করা যাইতে পারিবে ও বহু বচনের শব্দের এক বচনের অর্থ করা যাইতে পারিবে। পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীদিগকেও বুঝাইতে পারে। ও মহাজনেরদের উপকারজনকরূপে এই আইনের অর্থ করিতে হইবেক। যদি কোন স্থলে তাহার অর্থের কিছু সন্দেহ লাগে, তবে যোত্রহীনেরদের বিষয়ে যে২ আইন এইক্ষণে চলন আছে ও তাহার মতে যেরূপে কার্য্য হয় তাহার ভাবঅনুসারে এই আইনের অর্থ করিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজী ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজী জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জেলা কাছাড়ের বাৎসরিক মেলা এ জেলার শালচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দ্রষ্টব্য হইতেছে ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। এক্‌টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

নং ১১৮৬

ইশতেহার দেওয়া যাইতেছে যে ৪০০০০০/ মোন টিলকা করকচ নেমক বিক্রয়ার্থে মৌজুদ আছে উক্ত নেমক পুরী এজেনসীর মিঠাকুয়া ঘাটহইতে ওজন দেওয়া যাইবেক।

২ দফা। উক্ত নেমকের খরিদের বাবৎ টেণ্ডরের দরখাস্ত লইবার জন্য রিবিনিউ বোর্ডের শ্রীযুত জুনিয়র সেক্রেটরী সাহেব প্রস্তুত আছেন এবং উক্ত টেণ্ডর গ্রাহ্য হওয়ার পর ফি ১০০৲ মোন ৩৩০ টাকার দরে দস্তুর মত জেনরল ত্রেজুরিতে উক্ত নেমকের কিম্মতের টাকা দাখিল করিতে হইবেক।

বিমোজাব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উইলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ১৭ অক্টোবর।

এ ইডেন। এক্‌টিং ছোট সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

জেলা বীরভূমের অন্তঃপাতি জোত কিশোরনিবাসি।

শ্রী শিবচন্দ্র সরকার সন ১২৬৭। ১৫ আষাঢ় যাহার মূল্য ৩০০০০৲। ত্রিশ হাজার টাকা নীচের লিখিত বস্তু শ্রীশ্রী ৺ রাধাবিনোদ জিউপ্রভৃতি ঠাকুর ও শ্রীশ্রী ৺ জগদ্ধাত্রীপ্রভৃতি ঠাকুরাণী ও শ্রীশ্রী৺ কাশীশ্বরপ্রভৃতি শিবঠাকুরের সেবার নিমিত্তে দেবউত্তরে অর্পণ করিয়া শ্রীমতী মাতঙ্গিনী দেবীকে সেবাইত নিযুক্ত পূর্ব্বক অর্পণনামা লিখিয়া দিয়াছি সকলের জ্ঞাতার্থে গেজেটে প্রকাশ হইতেছে।

তপসীলবস্তু।

জেলা মুরশীদাবাদের কলেক্টরি সামিল কুতবপুর পরগনার কিসমত মৌজে মন্মথবাটী তাহুদ বনাম রাইমণি দেব্যা সদর জমা কোম্পানি ২৩৪৸৮ টাকা মায় হকহকুক ১ মৌজা মূল্য ৪০০০৲

বর্দ্ধমানাধিপতি শ্রীযুত-ধিরাজ বাদাদুরের জমিদারি শামিল লাট রামজীবনপুর তাং বনাম শ্রীশ্রী ৺ রাধাবিনোদ জিউ ঠাকুর সেবাই শ্রীশিবচন্দ্র সরকার জমা সালিআনা কোম্পানি ৮৮১৫৲ আট হাজার আট শত পোনের টাকা মায় হকহকুক পটীসহ ছয় মৌজা মূল্য ১২০০০৲

দড়িমৌড়েশ্বর পরগনায় লাট মাকুড়া তাহুদ বনাম শ্রীকণ্ঠ মজুমদার জমা সালিআনা কোম্পানি ১৯৫০৲ উনিশ শত পঞ্চাশ মায় চক দৌরবস্তু ৮ দেহা মূল্য ৩৩০০৲

[*Government Gazette, 23rd October, 1860.*]

আজমত শাহি পরগনার লাট কাঁকুন্যা তাহুত বনাম শ্রীশ্রী ৺ জগদ্ধাত্রী দুর্গাঠাকুরাণী সেবাই শ্রী শিবচন্দ্র সরকার জমা সালিআনা কোম্পানি ৪৩৯৲ চারি শত উনচল্লিশ দৌরবন্দ ১ মৌজা মূল্য ১৫০০৲

পরগনে ধাঁকা লাট পিণ্ডীরা বনাম শ্রী শিবচন্দ্র সরকার জম সালিআনা কোম্পানি ১০৩৫৷৶৯ এক হাজার পঁয়ত্রিশ টাকা এগার আনা নয় পাই দৌরবন্দ ১ এক মৌজা মূল্য ৩৩০০৲

পরগনে আজমত শাহি লাট লাল ডিহি বনাম শ্রীরাম সরকার জমা সালিআনা ১৮ ৩৯ আঠার শত উনচল্লিশ টাকা মায় পটী ও চক ৪ চারি মৌজা মূল্য ১৫০০৲

কিসমত জোত কিশরের মধ্যে আমার নিজ তত্ত্বাসন বাটীর উত্তর ইষ্টক নির্ম্মিত শ্রীশ্রী ৺ আলয় দুইতল চক মিলান মার্ব্ব চণ্ডীমণ্ডপ ১ এক বাটী মুল্য ২২০০৲

তৎ পূর্ব্ব লাগাও মায় ইষ্টক নির্ম্মিত নাগ মন্দির ১ এক বাটী মূল্য ৫০০৲

ঐ বাটীর পূর্ব্ব বনাম মঠ পুষ্করিণীর জল পাহারসহ ১ এক পুষ্করিণী মূল্য ২৫০৲

ভুবন মণ্ডলের পুষ্করিণীর পূর্ব্ব বনাম চক্রবর্ত্তী পুষ্করিণীজল পাহার বৃক্ষাদি সহ ১ এক পুষ্করিণী মূল্য ২৫০৲

সুবরাজপুরের সীমানা গোপ্তার মাট ব্রহ্মানন্দ রায়ের জমীর পূর্ব্ব ১ এক বন্দ জমী ৩/ বিঘা মূল্য ৬০৲

সাধু পুষ্করিণীর মাট শ্রীরাম ঘোষের জমির দক্ষিণ ও পূর্ব্ব সাধু পুষ্করিণীর উত্তর জমি ১/ এক বিঘা মূল্য ২৫৲

চাবরার মাট আমার জোত জমির উত্তর গোপাল চট্টোপাধ্যায়ের জমির পূর্ব্ব ও দক্ষিণ জমি ॥০ দশ কাঠ মূল্য ১০৲

ঐ মাট দুর্গা বাগদীর জমির পশ্চিম জমি ১/ এক বিঘা মূ ১ ২০৲

এ মাট রতন ভট্টাচার্য্যের জমির পশ্চিম জমি ১ ॥০ ডেড়বিঘা মূল্য ২৫৲

কই গড়্যার মাট রামেশ্বর রায়ের জমির পশ্চিম জমি ১/০ বিঘা মূল্য ১৫৲

মৌজে রাম কৃষ্ণপুরের সীমানা গুরুবরাল চক্রবর্ত্তির জোত জমির উত্তর জমি ২/১ দুই বিঘা এক কাট মূল্য ৩৫৲

মৌজে মাকুড়ার সীমানায় রাম মণ্ডলের জোত জমির পশ্চিম বজ্রনাথ মণ্ডলের জোত জমির পূর্ব্ব সাধু পুষ্করিণা ও পারিব পুষ্করিণী একবন্দ ১২/ বার বিঘা ৩০০৲

ঐ মাকুড়ার সীমানায় রাস্তার উত্তর ও পশ্চিম যাহাতে শ্রীনাথ গোপ দিগর বাস করে বাও ২/ দুই বিঘা মূল্য ১০০৲

মৌজে দধিয়ার সীমানা ঐ গ্রামের পশ্চিমে বেল্যামাট গোরাচাঁদ গোপের জমির জমি ৪ কিতা ১ ॥০ ডেড় বিঘা মূল্য ৩০৲

ঐ মাট নেউরি পুষ্করিণী পশ্চিম জমি ৪ কেতা ১ ॥০ ডেড় বিঘা মূল্য ৩০৲

মৌজে গোপ ডিহির পূর্ব্ব কান্দরের ধার আম বাগীচা ১০।১ দশ বিঘা ছয় কাঠা মূল্য ২৫০৲

বিঃ দ্বিতীয় স্কন্ধ আম বৃক্ষ। ২০০ দুই শত মূল্য ৩০০৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৩ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 30, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৩০ অক্টোবর।

DRAFTS OF ACTS

LEGISLATIVE COUNCIL OF INDIA

THE 11TH AUGUST 1860

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 11th August 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 15th of November next:—

A Bill to amend Act VI of 1857 (for the acquisition of land for public purposes)

[Preamble.]

WHEREAS it is expedient to substitute the Commissioner of Police in the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, and within the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, for the Magistrate, as the Officer to enforce the surrender of land required for public purposes under Act VI of 1857, when the Collector or other Officer is opposed or impeded in taking possession of such land: It is enacted as follows —

[Section IX. Act VI. of 1857 repealed]

I. Section IX. Act VI. of 1857 is hereby repealed.

[In Presidency Towns and Straits Settlement, Commissioner of Police to enforce surrender of land.]

II. Within the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, and within the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, if the Collector or other Officer is opposed or impeded in taking possession of land required for public purposes under Act VI. of 1857, he shall apply to the Commissioner of Police of the Town or Station, who shall enforce the surrender of the land.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১১ আগষ্ট।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ১১ আগষ্ট তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ করা যায়। উহারা আগামি নবেম্বর মাসের ১৫ তারিখের পরে সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

১৮৫৭ সালের ৬ আইন (অর্থাৎ সরকারী কার্য্যের নিমিত্তে ভূমি লইবার আইন) সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

১৮৫৭ সালের ৬ আইনমতে কালেক্টর সাহেব কি অন্য কার্য্যকারক সরকারী কর্ম্মের নিমিত্তে জমী লইতে গেলে, যদি তাঁহারদের বিপক্ষতা কি বাধা করা যায়, তবে সেই জমী বলপূর্ব্বক দেওয়াইবার কার্য্যকারক মাজিষ্ট্রেট সাহেব আছেন। কিন্তু কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে ও পুলু পিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা মোকামে ঐ মাজিষ্ট্রেট সাহেবের পরিবর্ত্তে পোলীসের কমিস্যনর সাহেবের দ্বারা ঐ কর্ম্ম হওয়া বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[১৮৫৭ সালের ৬ আইনের ৯ ধারা রদ হইবার কথা।]

১ ধারা। ১৮৫৭ সালের ৬ আইনের ৯ ধারা ইহাতে রদ হইল ইতি।

[নানা রাজধানীতে ও ষ্ট্রেট সেটলমেণ্টে ভূমি বলপূর্ব্বক দেওয়াইবার কার্য্য পোলীসের কমিস্যনর সাহেবের করিবার কথা।]

২ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে ও পুলু পিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা বলতি স্থানে সরকারী কর্ম্মের নিমিত্তে যে ভূমির প্রয়োজন হয় তাহা কালেক্টর সাহেব কি অন্য কার্য্যকারক ১৮৫৭ সালের ৬ আইনমতে লইতে গেলে যদি তাঁহার বিপক্ষতা কি বাধা করা যায়, তবে তিনি ঐ নগরের কি মোকামের পোলীসের কমিস্যনর সাহেবের নিকটে দরখাস্ত করিবেন, তাহাতে কমিস্যনর সাহেব বলপূর্ব্বক ঐ ভূমি দেওয়াইবেন ইতি।

[Construction.]

III. This Act shall be read with, and taken as a part of, Act VI. of 1857.

M. WYLIE,
Clerk of the Council.

THE 11TH AUGUST 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 11th August 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 15th of November next:—

A Bill to amend Act XVIII. of 1854 (relating to Railways in India).

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law relating to offences declared to be punishable under Act XVIII. of 1854 (*relating to Railways in India*) on conviction before a Justice of the Peace for any of the Presidency Towns of Calcutta, Madras, and Bombay; It is enacted as follows:—

[Police Magistrate may in certain cases try offences punishable under Sections XXVII. and XXVIII. Act XVIII. of 1854 with imprisonment. Proviso.]

I. If any person is charged before a Police Magistrate of a Presidency Town with committing any offence which under Section XXVII. or Section XXVIII. of Act XVIII. of 1854 is punishable on conviction with imprisonment, and if such Police Magistrate shall deem it probable that, in consequence of the absence of any material witness, the prosecution of such offender by indictment in the Supreme Court will be ineffectual, such Magistrate shall have jurisdiction to try the offender. Provided that such Magistrate shall not have power to award a sentence of more than six months' imprisonment with or without hard labor, and if, on hearing the charge, such Magistrate shall be of opinion that a longer period of imprisonment ought to be awarded, it shall be lawful for him, instead of trying the offender summarily, to commit him for trial before the Supreme Court of Judicature, and to order that in the meantime he be imprisoned in Her Majesty's Jail of such Presidency Town or to take bail for his appearance with or without sureties at the discretion of such Magistrate.

[Jurisdiction of Justices of the Peace under Section XXX. of the said Act extended to all cases punishable under this Act.]

II. The jurisdiction given to Justices of the Peace by Section XXX. of the said Act shall extend to all cases punishable under this Act.

[Construction.]

III. This Act shall be taken to be and shall be read as part of Act XVIII. of 1854.

M. WYLIE,
Clerk of the Council.

[এই আইনের অর্থ করিবার কথা।]

৩ ধারা। এই আইন ১৮৫৭ সালের ৬ আইনের সঙ্গে ও তাহার এক অংশ বলিয়া পাঠ করিতে হইবে ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১১ আগষ্ট।

আইনের এই মুসাবিদা ১৮৬০ সালের ১১ আগষ্ট তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পণ করা গেল। তাঁহারা আগামি নবেম্বর মাসের ১৫ তারিখের পরে সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

ভারতবর্ষে রেল রোডের বিষয়ি ১৮৫৪ সালের ১৮ আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ভারতবর্ষের রেল রোডের বিষয়ি ১৮৫৪ সালের ১৮ আইনমতে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর কোন জুষ্টীস অফ দি পীস সাহেবের সম্মুখে যে২ অপরাধের প্রমাণ হইলে দণ্ড হইতে পারে, সেই২ অপরাধের বিষয়ি আইন সংশোধন করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[১৮৫৪ সালের ১৮ আইনের ২৭ ও ২৮ ধারামতে যে২ অপরাধের নিমিত্তে করেদের দণ্ড হইতে পারে তাহার বিচার কোন২ স্থলে পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা হইতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

১ ধারা। ১৮৫৪ সালের ১৮ আইনের ২৭ কি ২৮ ধারামতে যে অপরাধ সাবুদ হইলে অপরাধিকে করেদ করা যাইতে পারে, এমত কোন অপরাধ করিবার নালিশ যদি কোন লোকের নামে রাজধানীর পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা যায়, ও বুনিয়াদের কোন সাক্ষী উপস্থিত না থাকাতে সেই অপরাধির নামে সুপ্রিম কোর্টে নালিশ করিয়া মোকদ্দমা করিলে নিষ্ফল হইবেক, পোলীসের ঐ মাজিষ্ট্রেট সাহেব যদি এমত বোধ করেন, তবে ঐ অপরাধির বিচার করিতে ঐ সাহেবের ক্ষমতা থাকিবে। কিন্তু তদ্রূপ মাজিষ্ট্রেট সাহেব কঠিন পরিশ্রমসহিত কি বিনা-পরিশ্রমে ছয় মাসের অধিক কাল করেদ হইবার হুকুম করিতে ক্ষমতাপন্ন হইবেন না। নালিশের আরজী শুনিয়া যদি ঐ মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে, অধিক কাল করেদ হইবার হুকুম করা উচিত, তবে আপনি এ লোকের সরাসরীমতে বিচার না করিয়া তাহাকে সুপ্রিম কোর্টে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করিতে পারিবেন। ও ইহার মধ্যে ঐ নগরে শ্রীশ্রীমতী মহারাণীর জেলখানায় তাহার করেদ হইবার হুকুম করিতে পারিবেন, কিম্বা ঐ মাজিষ্ট্রেট সাহেব যেমন উপযুক্ত বোধ করেন তেমনি তাহার স্থানে হাজির জামিন লইতে কি বিনাজামিনীতে তাহার হাজির হইবার করারনামা লেখাইয়া লইতে পারিবেন ইতি।

[এই আইনমতে যে সকল অপরাধের দণ্ড হইতে পারে তাহার উপর ঐ আইনের ৩০ ধারামতের জুষ্টিস অফ দি পীসের এলাকা থাকার কথা।]

২ ধারা। ঐ আইনের ৩০ ধারামতে জুষ্টিস অফ দি পীসদিগকে যে ক্ষমতা দেওয়া গেল, সেই ক্ষমতা এই আইনমতে যে সকল অপরাধের দণ্ড হইতে পারে তাহার উপরও খাটিবে ইতি।

[এই আইনের অর্থের কথা।]

৩ ধারা। এই আইন ১৮৫৪ সালের ১৮ আইনের এক ভাগমতে জ্ঞান করিয়া পাঠ করিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৩০ অক্টোবর।]

THE 18TH AUGUST 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 18th August 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 22nd of November next :—

A Bill for the preservation of property recovered from Wrecked Boats.

[Preamble]

WHEREAS it is expedient to make provision for the preservation of property wrecked in boats on the shores of seas and rivers in British India ; It is enacted as follows :—

[Appointment of Receivers of Wreck.]

I. It shall be lawful for the local Government to appoint or require the Magistrate of any District to appoint one or more Receivers of Wreck in such District, and any Receivor so appointed shall be guided by such instructions, not contrary to any of the provisions of this Act, as the Magistrate, with the sanction of the local Government, may issue to give better effect to the same.

[Duty of Receivet when any boat is in distress or stranded.]

II. When any boat is in distress or stranded or sunk on the shore of the sea or on or near the bank of any tidal or inland river in British India, the Receiver of Wreck shall proceed to the place where the accident occurred, and unless the person in charge of the boat shall decline his assistance, he shall require all persons present, and others whom he may summon, to assist in preserving the boat, the lives of the crew, and the cargo, and any articles belonging to the boat. The Receiver, if unable to act as herein provided, may, by an order in writing, depute any other person to exercise the authority by this Act in him vested.

[Penalty for any person refusing to assist on the requisition of the Receiver.]

III. Any person who without reasonable cause shall refuse to comply with the requisition of the Receiver of Wreck or of the person deputed by him, and render such assistance as he is capable of rendering, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[Receiver to make certain enquiries, &c.]

IV. The Receiver of Wreck shall, if possible, ascertain the place of departure and destination of the boat, the name of the owner or nearest Agent,

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৮ আগষ্ট।

আইনের এই মুসাবিদা ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে ১৮৬০ সালের ১৮ আগষ্ট তারিখে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি নবেম্বর মাসের ২২ তারিখের পর তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন ইতি।

ডুবা নৌকাদিহইতে যে মাল তোলা যায় তাহা রক্ষা করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের অন্তঃপাতি সমুদ্রের ও নদীর তীরে নৌকাদি যারা পড়িলে তাহার মাল রক্ষা করিবার বিধান করা বিহিত। এই কারণে এই২ বিধি হইয়াছে।

[ডুবা নৌকাদির মালের রিসীবরকে অর্থাৎ রক্ষককে নিযুক্ত করিবার কথা।]

১ ধারা। কোন নৌকাদি যারা পড়িলে তাহাহইতে যে মাল তোলা যায় সেই মালের এক কি অধিক জন রিসীবরকে অর্থাৎ রক্ষককে স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন জিলাতে নিযুক্ত করিতে পারিবেন, কিম্বা সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে নিযুক্ত করিতে আজ্ঞা করিতে পারিবেন। ও এই আইনের বিধান আরো উত্তমরূপে সফল করিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে যে কোন উপদেশ দেন, সেই উপদেশমতে উক্ত প্রকারের নিযুক্ত কোন রিসীবর কার্য্য করিবেন। কিন্তু সেই উপদেশ এই আইনের কোন বিধানের অসঙ্গত না হয় ইতি।

[কোন নৌকার যারা পড়িবার আশঙ্কা হইলে কি নৌকা ডাঙ্গায় ঠেকিয়া ভাঙ্গিলে রিসীবরের যাহা করিতে হইবে তাহার কথা।]

২ ধারা। ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের সমুদ্রতীরে কিম্বা যে নদীতে জোয়ার ভাটা হয়, কি মফঃসলে যে নদী থাকে সেই নদীর তীরে কি তীরের নিকটে যদি কোন নৌকার যারা পড়িবার ভয় হয়, কিম্বা যদি কোন নৌকা ডাঙ্গায় ঠেকিয়া ভাঙ্গে কি ডুবে, তবে এ ব্যাপার যে স্থানে ঘটে সেই স্থানে ডুবা নৌকার মালের এ রিসীবর যাইবেন। ও সেই নৌকা যাহার জিম্মায় থাকে সেই লোক রিসীবরের স্থানে সাহায্য পাইতে অনিচ্ছুক না হইলে, তিনি সেই স্থানের বর্ত্তমান সকল লোককে ও অন্য যাহাকে তলব করিতে চাহেন তাহাকে ঐ নৌকা ও যন্ত্রপ্রভৃতি লোকদিগকে ও মাল ও নৌকার সরঞ্জাম রক্ষা করিবার জন্যে সাহায্য করিতে হুকুম করিবেন। রিসীবর যদি আপনি এই ধারার লিখিত কার্য্য করিতে না পারেন, তবে এই আইনমতে তাঁহাকে যে ক্ষমতা দেওয়া গেল সেই ক্ষমতামতে কার্য্য করিতে তিনি অন্য কোন লোককে হুকুম লিখিয়া নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[রিসীবরের আজ্ঞা পাইলে কেহ সাহায্য করিতে স্বীকার না করিলে তাহার দণ্ডের কথা।]

৩ ধারা। ডুবা নৌকাদির মালের রিসীবরের স্থানে কিম্বা তাঁহাহইতে নিযুক্ত লোকের স্থানে আজ্ঞা পাইয়া যদি কোন লোক উপযুক্ত ওজর না থাকিতেও ঐ আজ্ঞামতে কর্ম্ম করিতে স্বীকার না করে, ও যে রূপ সাহায্য করিতে পারে সেই রূপে যদি সাহায্য করিতে স্বীকার না করে, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[রিসীবরের কোন২ কথা জিজ্ঞাসা করিতে হইবার কথা।]

৪ ধারা। নৌকা যে স্থানহইতে আইল ও যে স্থানে যাইতেছিল, ও মালিকের কি তাহার যে কর্ম্মকারক অন্তত থাকে তাহার নাম, ও যে জনের জিম্মায়

and the name of the person in charge, and he shall also record the condition in which he found the boat, the services rendered, and such other circumstances relating to the preservation of the boat or cargo as he may think necessary.

নৌকা থাকে তাহার নাম, এই সকল কথার সন্ধান ডুবা নৌকার মালের রিসীবর সাধ্যমতে করিবেন। ও তিনি উপস্থিত হইলে ঐ নৌকার যে অবস্থা দেখিলেন, ও লোকেরা যে মতে সাহায্য করিল, ও নৌকা কি বোঝাই মাল রক্ষা করিবার বিষয়ে অন্য যে২ বৃত্তান্ত লেখা আবশ্যক বুঝেন এই সকল কথা তিনি লিখিয়া রাখিবেন ইতি।

[Procedure in places where no Receiver is appointed.]

V. In places where no Receiver of Wreck shall be appointed, or where the Receiver or the person deputed by him shall be unable to attend as above required, if any persons assist in the preservation of any portion of a boat or of the cargo or any article belonging to the boat, the persons so assisting or one of them shall be bound to prepare an inventory of the property recovered, and furnish a copy of the same to the Receiver of Wreck or to the nearest Police Officer; and any person as aforesaid who shall without good cause fail to comply with the provisions of this Section shall be liable to a fine of twenty Rupees.

[কোন রিসীবর যে স্থানে নিযুক্ত না থাকেন সেই স্থানে যাহা করিতে হইবে তাহার কথা।]

৫ ধারা। যদি কোন স্থানে ডুবা নৌকার মালের রিসীবর নিযুক্ত না থাকেন, কিম্বা ঐ রিসীবর কি তাঁহার নিযুক্ত লোক যদি কোন স্থানে উক্ত হুকুমমতে হাজির থাকিতে না পারে, তবে সেই স্থানে যে লোকেরা নৌকার কি মালের কোন অংশ কিম্বা নৌকার কোন দ্রব্যাদি রক্ষা করিতে সাহায্য করে, তাহারা কিম্বা তাহাদের মধ্যে কোন এক জন অবশ্য ঐ সকল রক্ষাকরা দ্রব্যের তালিকা লিখিয়া তাহার এক কেতা নকল ডুবা নৌকাদির মালের রিসীবরকে কিম্বা পোলীসের অতি-নিকট কোন কর্ম্মকারককে দিবে। ও পূর্ব্বোক্তমতের কোন লোক মাতব্বর কারণ না থাকিতেও যদি এই ধারার বিধানমতে কার্য্য করিতে ত্রুটি করে, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

[Disposal of recovered wreck.]

VI. All recovered wreck or the value thereof if sold, excepting such portion thereof as may be awarded as salvage under Section XII. of this Act, shall be held on behalf of the owner, or if not claimed by the ower within one year from the recovery of the same, shall be at the disposal of the Government.

[যে মাল রক্ষা হয় তাহা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

৬ ধারা। সেই প্রকারের রক্ষাকরা মালের কি তাহার মূল্যের যে অংশ এই আইনের ১২ ধারাতে রক্ষা করিবার পুরস্কারস্বরূপে দিবার হুকুম হয়, তাহা ছাড়া রক্ষাকরা সকল মাল কিম্বা তাহা নীলাম হইলে তাহার মূল্য মালিকের নিমিত্তে রাখিতে হইবে। কিম্বা সেই মাল রক্ষা করিবার সময়াবধি এক বৎসরপর্য্যন্ত যদি মালিক ঐ দ্রব্যের দাওয়া না করে, তবে গবর্ণমেণ্ট যেমন ইচ্ছা করেন তেমনি তাহা লইয়া করিবেন ইতি।

[All articles washed ashore or otherwise recovered, to be delivered to Receiver. Penalty.]

VII. All cargo and other articles belonging to a wrecked boat that may be washed ashore or otherwise recovered, shall be delivered to the Receiver of Wreck of the place where the cargo or articles aforesaid may be found, or to any party authorized by the Magistrate or the Receiver of Wreck to receive the same; and any person finding such wreck, not being the owner thereof, who shall not deliver the wreck so found to such Receiver or other party, shall be liable to pay double the value of the wreck so kept, and to a penalty not exceeding one hundred Rupees. He shall also forfeit all claims to salvage.

[যে সকল দ্রব্য ভাসিয়া তীরে পঁহুছে কি অন্য প্রকারে রক্ষা হয় তাহা রিসীবরের নিকটে পঁহুছাইয়া দিবার কথা ও দণ্ডের কথা।]

৭ ধারা। ডুবা নৌকার যে সকল মাল ও অন্য দ্রব্য ভাসিয়া তীরে আইসে কি অন্য প্রকারে রক্ষা হয়, তাহা যে স্থানে পাওয়া গেল সেই স্থানের ডুবা নৌকাদির মালের রিসীবরকে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব কি ঐ রিসীবর তাহা জিম্মায় লইবার নিমিত্তে অন্য যে লোককে ক্ষমতা দেন তাঁহাকে দেওয়া যাইবে। ও সেই প্রকারের মালের মালিকছাড়া অন্য কোন লোক যদি সেই প্রকারের মাল পাইয়া ঐ রিসীবরকে কি উক্ত অন্য ব্যক্তিকে না দেয় তবে সেই প্রকারের যত মাল আপনি রাখে তাহার মূল্যের দ্বিগুণ তাহার দিতে হইবে ও তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। আরো ঐ জিনিস রক্ষা করিবার জন্যে কোন পুরস্কারের দাওয়া করিতে পারিবে না ইতি।

[Issue of warrant to search and seize concealed wreck.]

VIII. Upon the receipt of credible information that any property recovered as aforesaid is secreted or in the possession of some person who is not the owner thereof or is otherwise improperly dealt with, the Magistrate or the Head Officer of a Police Station in whose jurisdiction such person is found, may grant a warrant to search for any such property, and to seize and detain the same for the purpose of being disposed of as provided in this Act.

[ডুবা নৌকার যে মাল লুকাইয়া রাখা যায় তাহার তল্লাশ করিয়া লইবার পরওয়ানা জারীর কথা।]

৮ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের পাওয়া কোন দ্রব্য লুকাইয়া রাখা গিয়াছে কিম্বা মালিকছাড়া অন্য ব্যক্তির নিকটে আছে কিম্বা তাহা লইয়া অন্য প্রকারের অনুচিত কার্য্য হইতেছে এমত বিশ্বাসযোগ্য সম্বাদ পাইলে মাজিষ্ট্রেট সাহেব কি পোলীসের থানার প্রধান যে কর্ম্মকারকের এলাকার মধ্যে ঐ লোককে পাওয়া যায় তিনি সেই প্রকারের কোন দ্রব্যের তল্লাশ করিবার ও এই আইনের বিধানমতে কার্য্য হইবার জন্যে তাহা লইয়া রাখিবার পওরানা জারী করিতে পারিবেন ইতি।

[Penalty for wrongful removal.]

IX. Any person who wrongfully removes from

[অন্যায়মতে লইয়া যাইবার দণ্ডের কথা।]

৯ ধারা। কোন নৌকার মারা পড়িবার ভয় হইলে

any boat that may be in distress, stranded, or sunk, any part thereof, or any part of the cargo or other articles belonging thereto, and any person who knowingly secretes any articles removed as aforesaid shall, in addition to any punishment to which he may be subject for such offence committed by him, be liable to pay double the value thereof, and to a penalty not exceeding two hundred Rupees.

[Penalty for obstructing the saving of wrecked boat or property.]

X. Any person who endeavors to impede or hinder the saving of any such boat, or of any part of the cargo, or any article belonging thereto, shall be liable to a penalty not exceeding two hundred Rupees.

[In case of plunder by a tumultuous assemblage, full compensation to be made by the inhabitants of the village where the offenders reside.]

XI. When any boat, cargo, or article as aforesaid shall be plundered, damaged, or destroyed by any persons riotously and tumultuously assembled, full compensation may be awarded to the owner of the property, to be paid by the inhabitants of the village or place in which the offenders reside, in such shares and in such manner as the Magistrate may direct. In any case in which the sum so awarded amounts to two hundred Rupees, an appeal shall lie to the Session Judge.

[Salvage.]

XII. Salvage of recovered wreck may be awarded by the Magistrate in an amount not exceeding one-fourth of the value of the property recovered; but if in any case one-fourth share appear to the Magistrate inadequate to the services of the Salvor, the Magistrate may refer the case to the Session Judge, and any orders made by the Session Judge thereupon shall be conclusive.

[Apportionment of salvage.]

XIII. The salvage awarded to be paid shall be divided among the Salvors in such manner as the Magistrate may direct; and unless the owner of the recovered wreck shall pay the value of the share awarded within a time to be fixed by the Magistrate, the Magistrate shall cause such share to be sold to realize the value thereof.

[Receiver to arrange for the custody or sale of wrecked property.]

XIV. The Receiver of Wreck shall make arrangements for the safe custody and preservation of wrecked property, and any portion that may be of small value or of a perishable nature, or too bulky to be conveniently removed, may be sold without delay under the instruction of the Magistrate.

[Remuneration of Receiver.]

XV. Any Receiver of Wreck appointed under this Act may, for the performance of the duties assigned to him, be remunerated by such share of the salvage payable on account of recovered property as the Magistrate shall fix, or by such fees or salary,

[*Government Gazette*, 30*th October*, 1860.]

কি নৌকা ডাঙ্গায় ঠেকিয়া ভাঙ্গিলে কি ডুবিলে যদি কোন লোক ঐ নৌকার কোন তক্তাপ্রভৃতি কি তাহার বোঝাই কোন দ্রব্য কি অন্য বিষয় নৌকাহইতে অন্যায়মতে লইয়া যায় ও সেই প্রকারের লওয়া কোন দ্রব্য যদি কেহ জানিয়াশুনিয়া লুকাইয়া রাখে, তবে তাহার কোন অপরাধের জন্যে যে কোন দণ্ড হইতে পারে তদ্ভিন্ন তাহার ঐ দ্রব্যের মূল্যের দ্বিগুণ দিতে হইবেক, ও তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[ডুবা নৌকা কি তাহার মাল রক্ষা করিবার বাধা করিলে তাহার দণ্ডের কথা।]

১০ ধারা। সেই প্রকারের কোন নৌকা বাঁচাইতে, কিম্বা মালের কোন অংশ কি তাহার কোন দ্রব্য রক্ষা করিতে যদি কেহ বাধা কি বারণ করিতে উদ্যোগ করে, তবে তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[লোকেরা একত্রিত হইয়া যদি হুড়াহুড়ি করিয়া লুট করে তবে অপরাধিরা যে গ্রামে বাস করে সেই গ্রামনিবাসিরদের খেসারৎ দিতে হইবার কথা।]

১১ ধারা। যদি কোন লোকেরা একত্রিত হইয়া গোলমাল ও হুড়াহুড়ি করিয়া সেই প্রকারের কোন নৌকা কি বোঝাই মাল কি দ্রব্য লুট করে কি তাহার নোকসান করে কি তাহা নষ্ট করে, তবে ঐ দ্রব্যের মালিকের ক্ষতিপূরণ পাইবার হুকুম হইতে পারিবে, অর্থাৎ অপরাধিরা যে গ্রামে কি স্থানে বাস করে সেই গ্রামের কি স্থানের বাশেন্দারদের যত টাকা করিয়া ও যে প্রকারে দিতে মাজিষ্ট্রেট সাহেব হুকুম দেন তাহারদের তত টাকা করিয়া সেই প্রকারে দিতে হইবে। সেইরূপে যদি দুই শত টাকার অধিক দিবার হুকুম হয় তবে সেশন জজ সাহেবের নিকটে আপীল হইতে পারিবে ইতি।

[মাল রক্ষা করিবার পুরস্কারের কথা।]

১২ ধারা। রক্ষাকরা মালের মূল্যের সিকি ভাগপর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ মাল রক্ষা করিবার পুরস্কারস্বরূপে দিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু যে জন ঐ মাল রক্ষা করে তাহার পরিশ্রম বুঝিয়া যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ সিকি ভাগ অতি অল্প জ্ঞান করেন, তবে তিনি সেই বিষয় সেশন জজ সাহেবের প্রতি অর্পণ করিতে পারিবেন, ও সেশন জজ সাহেব তাহাতে যে কোন হুকুম দেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

[ঐ পুরস্কারের টাকা ভাগ করিয়া দিবার কথা।]

১৩ ধারা। পুরস্কারস্বরূপে যত টাকা দিবার হুকুম হয়, তাহা মাজিষ্ট্রেট সাহেব যেমন হুকুম করেন তেমনি ঐ মাল রক্ষাকারিরদের মধ্যে বিলি করিয়া দেওয়া যাইবেক। ও রক্ষাকরা মালের মূল্যের যে অংশ দিবার হুকুম হয় তাহা যদি ঐ মালের মালিক মাজিষ্ট্রেট সাহেবের নিরূপিত মিয়াদের মধ্যে না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ অংশ নীলাম করিয়া তাহার মূল্য আদায় করিবেন ইতি।

[ডুবা নৌকার মাল রাখিবার কি বিক্রয় করিবার নিয়ম রিসীবরের করিবার কথা।]

১৪ ধারা। ডুবা নৌকার মালাদি নিরাপদে রাখিবার নিয়ম ঐ ডুবা নৌকাদির রিসীবর করিবেন। ও যে২ দ্রব্য অল্পমূল্যের হয় কি অতিশীঘ্র ক্ষয় পায় কিম্বা অতিভারি হইয়া সুবিধামতে স্থানান্তর করা যাইতে না পারে, সেই সকল দ্রব্য মাজিষ্ট্রেট সাহেবের আদেশমতে অগৌণে নীলাম হইতে পারিবে ইতি।

[রিসীবরের মেহনতানার কথা।]

১৫ ধারা। ডুবা নৌকার মালের যে কোন রিসীবর এই আইনমতে নিযুক্ত হন, তাঁহার হাতে অর্পিত কার্য্য করিবার মেহনতানাস্বরূপে তিনি ঐ মাল রক্ষা করিবার পুরস্কারের টাকার যে অংশ মাজিষ্ট্রেট সাহেব নিরূপণ করেন, সেই অংশ পাইতে পারিবেন, কিম্বা

chargeable to the proceeds of unclaimed property, as the Magistrate, with the sanction of the local Government, shall allow.

[Jurisdiction. Recovery of penalties]

XVI. All penalties or forfeitures incurred by this Act shall be adjudged by the Magistrate or other Officer exercising the full powers of Magistrate, and all orders so made shall be final, except as provided in Section XI. All penalties imposed by such Magistrate or other Officer may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant under the hand of such Magistrate or other Officer.

[Apprehension of offender in case of non-payment of penalties.]

XVII. In case any such penalties shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress.

[Imprisonment of offenders other than European British subjects, if distress not sufficient]

XVIII. If upon the return of such warrant it shall appear that no sufficient distress can be had whereon to levy such penalty and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the offender or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such penalty could be levied if a warrant of distress were issued, any such Officer may, by warrant under his hand, commit the offender, provided he is not a European British subject, to prison, there to be imprisoned, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months when the amount of penalty shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six calendar months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Procedure if offender be a European British subject]

XIX. If the offender shall be a European British subject, the Magistrate shall record the facts and transmit such record to the District Court of the District wherein the offender is convicted, and the amount of the penalty and the costs (if any) shall

ছানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে মাজিষ্ট্রেট সাহেব যে রসুমের কি বেতনের অনুমতি দেন তাহা পাইবেন। লাওয়ারিস মাল নীলাম করিয়া যে টাকা পাওয়া যায় তাঁহাহইতে সেই রসুম কি বেতন আদায় হইবে ইতি।

[এলাকার কথা ও জরীমানার টাকা আদায় করিবার কথা]

১৬ ধারা। এই আইনমতে যে সকল জরীমানা কি যে টাকা জব্দ হইতে পারে, তাহার হুকুম মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্যকারি অন্য ব্যক্তি করিতে পারিবেন। ও ১১ ধারার বিধানমতের হলছুড়া সেই প্রকারের সকল হুকুম চূড়ান্ত হইবে। সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য কার্য্যকারক যে জরীমানার হুকুম করেন তাহার টাকা আদায় না দিলে, ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক ইতি।

২১ ধারা। "Government of India" অর্থাৎ ভারতবর্ষের গবর্ণমেণ্ট এই কথা যে কাগজের অন্তরে দৃষ্ট হইতে পারিবে, কিম্বা গোলাকৃতি কি ঢেউর আকৃতিযুক্ত টানা রেখা যাহাতে থাকে এমত কাগজ, কিম্বা যে তারের উপর বিছাইয়া কাগজ তৈয়ার হয় ঢেউর আকৃতির কি গোলাকৃতির তারের উপর তৈয়ারকরা এমত কাগজ, কিম্বা যে কাগজের অন্তরে রোমীয় অক্ষরের এক কি অধিক শব্দেতে প্রকাশিত কোন অঙ্ক কি টাকার সংখ্যা দৃষ্ট হইতে পারে, এমত কাগজ যদি কোন লোক ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা না পাইয়া তৈয়ার করে কি ব্যবহার করে, কিম্বা আইনমতের গ্রাহ্য কোন ওজর না থাকিতেও যদি কোন লোক সেই মতের কাগজ তৈয়ার করিবার কোন যন্ত্র কি ছাপরি কি যন্ত্র জানিয়াশুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে,— ইহাতে যদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া থাকে তবে যাহার নামে নালিশ হয় সেই ব্যক্তির এ ক্ষমতা পাওয়ার প্রমাণ করিতে হইবে, ও যদি এ যন্ত্রা দ নিকটে রাখিবার কোন ওজর থাকে তবে যাহার নামে নালিশ হয় সেই ব্যক্তির ঐ ওজরের প্রমাণ করিতে হইবেক— তথা "Government of India" অর্থাৎ ভারতবর্ষের গবর্ণমেণ্ট এই কথা যে কাগজের অন্তরে দৃষ্ট হইতে পারে, কিম্বা গোলাকৃতি কি ঢেউর আকৃতিযুক্ত টানা রেখা যাহাতে থাকে এমত কাগজ, কিম্বা যে তারের উপর বিছাইয়া কাগজ তৈয়ার হয়, এ ঢেউর আকৃতির কি গোলাকৃতির এমত তারের উপর তৈয়ারকরা কাগজ, কিম্বা যে কাগজের অন্তরে রোমীয় অক্ষরের এক কি অধিক শব্দেতে প্রকাশিত কোন অঙ্ক কি টাকার সংখ্যা দৃষ্ট হয়, এমত কোন কাগজ যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া, তৈয়ার করে কি ব্যবহার কি বিক্রয় করে, কি বিক্রয়ার্থে দেখায়, কি চালায় কি হস্তান্তর করিয়া দেয়, কিম্বা পূর্ব্বোক্ত প্রকারে যে ওজরের প্রমাণ করিতে হইবেক আইনমতের গ্রাহ্য এমত ওজর না থাকিতেও যদি কেহ জানিয়াশুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে,— অথবা যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া, কোন বিদ্যার গুণে কি কোন কৌশলে Government of India এই কথা কোন কাগজের অন্তরে দৃষ্ট করায়, কিম্বা কোন প্রমিসরি নোট কি বিল অফ এক্সচেঞ্জ কি পোষ্ট বিল কি ব্লাঙ্ক অর্থাৎ অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ এক্সচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল যে কাগজে লেখা যাইবে কি ছাপা হইবে সেই কাগজের অন্তরে ঐ প্রমিসরি নোটপ্রভৃতির টাকার অঙ্ক কি সংখ্যা রোমীয় অক্ষরের কোন এক কি অধিক শব্দেতে দৃষ্ট করায়, তবে এমত অপরাধি প্রত্যেক জন ফেলোনি অপরাধের দোষী হইবে, ও সেই অপরাধ সাবুদ হইলে, সেই অপরাধী চৌদ্দ বৎসরের অনধিক কালপর্য্যন্ত দ্বীপান্তরে প্রেরণ হইবে, কিম্বা সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইবে, কিম্বা অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে পাঁচ বৎসরের অনধিক কালপর্য্যন্ত তাহার খাটনার দণ্ডের আজ্ঞা হইতে পারিবে ইতি।

[বর্জ্জিত কথা।]

২২ ধারা। কোন বিল অফ এক্সচেঞ্জ কি প্রমিসরি

any person from issuing any Bill of Exchange or Promissory Note having the amount thereof expressed in Rupees or in a numerical figure or figures denoting the amount thereof in Rupees appearing visible in the substance of the paper, upon which the same shall be written or printed; nor shall prevent any person from making, using, or selling any paper having waving or curved lines, or any other devices in the nature of water-marks visible in the substance of the paper not being bar lines or laying wire lines, provided the same are not so contrived as to form the ground-work or texture of the paper, or to resemble the waving or curved laying wire lines, or bar lines, or the water-marks of the paper used by the Government of India.

নোট যে কাগজে লেখা যায় কি ছাপা হয়, সেই কাগজের অন্তরে ঐ মুদ্রা কি নোট যত টাকার হয় তত টাকা প্রকাশক শব্দ কি তত টাকার এক কি অধিক অঙ্ক যদি দৃষ্ট থাকে তবে তাহা চালাইতে এই আইনের কোন কথাতে কোন লোকের বাধা হইবে না। কিম্বা কাগজের অন্তরে টানা রেখা কি কাগজ তৈয়ার করিবার তারের রেখার চিহ্নছাড়া জলের চিহ্নের মত ঢেউর আকৃতি কি গোলাকৃতি কি অন্য কোন আকৃতির চিহ্ন যে কাগজে থাকে এমত কাগজ তৈয়ার করিতে কি ব্যবহার কি বিক্রয় করিতে এই আইনের কোন কথাতে কোন লোকের বাধা হইবে না। কেবল ইহাতে প্রয়োজন যে তাহা ঐ কাগজের মুদ্রাংশ কি মর্ম্ম হওয়ার মতে প্রস্তুত না হয়, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্ট যে কাগজ ব্যবহার করেন, সেই কাগজ প্রস্তুত করিবার ঢেউর আকৃতির কি গোলাকৃতির তারের কি টানা রেখার কি জলের চিহ্নের সমান করিবার ভাবে তৈয়ার না হয় ইতি।

[Penalty for engraving on any plate any Note purporting to be a Note of the Government of India.]

ভারতবর্ষের গবর্ণমেণ্টের নোট বলিয়া কোন নোট কোন পাতাতে খুদিবার দণ্ডের কথা।]

XXIII. If any person shall engrave or in any wise make upon any plate whatever, or upon any wood, stone, or other material, any Promissory Note or Bill of Exchange, or blank Promissory Note, or blank Bill of Exchange, or part of a Promissory Note or Bill of Exchange, purporting to be a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, or blank Promissory Note, blank Bill of Exchange, or blank Post Bill of the Government of India, or part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, without the authority of the Government of India, to be proved by the party accused; or if any person shall use such plate, wood, stone, or other material, or any other instrument or device for the making or printing any Promissory Note, Bill of Exchange, or Post Bill, or blank Promissory Note, blank Bill of Exchange, or blank Post Bill, or part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill, without such authority to be proved as aforesaid; or if any person shall, without lawful excuse, the proof whereof shall lie on the party accused, knowingly have in his custody or possession any such plate, wood, stone, or other material, or any such instrument or device, or if any person shall, without such authority, to be proved as aforesaid, knowingly offer, utter, dispose of, or put off any paper upon which any Promissory Note, blank Bill of Exchange, or blank Post Bill of the Government of India, or part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India shall be made or printed, or if any person shall, without lawful excuse, to be proved as aforesaid, knowingly have in his custody or possession any such paper, every such offender shall be guilty of felony, and, being convicted thereof, shall be transported for a term not exceeding fourteen years, or shall be imprisoned with or without hard labor for any period not exceeding seven years, or if the

১৩ ধারা। যদি কোন লোক ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে অনুমতি না পাইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোট কি বিল অফ একসচেঞ্জ কি পোষ্ট বিল, কি ভারতবর্ষের গবর্ণমেণ্টের অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের কি বিল অফ এক্সচেঞ্জের কি পোষ্ট বিলের এক অংশের মত জ্ঞান হইবার ভাবে কোন প্রমিসরি নোট কি বিল অফ একসচেঞ্জ কি অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি প্রমিসরি নোটের কি বিল অফ এক্সচেঞ্জের এক অংশ কোন তাম্রপ্রভৃতির পাতাতে কিম্বা কোন কাষ্ঠের কি পাতরের কি অন্য দ্রব্যের উপর খোদে কি কোন প্রকারে তৈয়ার করে—ইহাতে যদি গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া থাকে, তবে যাহার নামে নালিশ হয় তাহার সেই ক্ষমতার প্রমাণ করিতে হইবে।—অথবা উক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে সেইরূপ ক্ষমতা না পাইয়া যদি কোন লোক কোন প্রমিসরি নোট কি বিল অফ একসচেঞ্জ কি পোষ্ট বিল কি অলিখিত প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল কি প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের কি পোষ্ট বিলের এক অংশ তৈয়ার করিবার কি ছাপাইবার নিমিত্তে তদ্রূপ কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি অন্য কোন যন্ত্র কি চপ ব্যবহার করে।—কিম্বা যদি কোন লোক আইনমতের গ্রাহ্য কোন ওজর না থাকিতেও জানিয়াশুনিয়া তদ্রূপ কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি তদ্রূপ কোন যন্ত্র কি চপ আপনার জিম্মায় কি দখলে রাখে।—ইহাতে যদি ওজর থাকে তবে যাহার নামে নালিশ হয় তাহার সেই ওজরের প্রমাণ করিতে হইবে—কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোট কি অলিখিত বিল অফ একসচেঞ্জ কি অলিখিত পোষ্ট বিল কি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন প্রমিসরি নোটের কি বিল অফ একসচেঞ্জের কি পোষ্ট বিলের অংশ যে কোন কাগজে করা যায় কি ছাপা হয় এমত কোন কাগজ পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত কোন ক্ষমতা না পাইয়া যদি কোন লোক জানিয়াশুনিয়া দিতে চাহে কি চালায় কি হস্তান্তর করে, কি ছলনা করিয়া দেয়,—অথবা পূর্ব্বোক্তমতে যে ওজরের প্রমাণ করিতে হইবে এমত কোন ওজর না থাকিতেও যদি কোন লোক জানিয়াশুনিয়া সেই প্রকারের কোন কাগজ আপনার জিম্মায় কি দখলে রাখে, তবে সেই

offender be a European British subject, or an American, he shall be liable to a sentence of penal servitude for a period not exceeding five years.

প্রকারের অপরাধি প্রত্যেক জন ফেলোনি অপরাধের দোষী হইবে। ও তাহার ঐ অপরাধ সাবুদ হইলে, সে চৌদ্দ বৎসরের অনধিক কালপর্য্যন্ত দ্বীপান্তরে প্রেরণ হইবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে সাতবৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইবে, কিম্বা ঐ অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে পাঁচ বৎসরের অনধিক কালপর্য্যন্ত তাহার খাটনীর দণ্ডের আজ্ঞা হইতে পারিবে ইতি।

[Penalty for engraving any thing resembling any such Notes.]

[সেই প্রাকারের নোটের মত কোন বিষয় খুদিবার দণ্ডের কথা।]

XXIV. If any person shall engrave, or in any wise make upon any plate whatever, or upon any wood, stone, or other material, any word, number, figure, character, or ornament, the impression taken from which shall resemble or apparently be intended to resemble any part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, without the authority of the Government of India, to be proved by the party accused; or if any person shall use any such plate, wood, stone, or other material, or any other instrument or device for the making upon any paper or other material the impression of any word, number, figure, character, or ornament which shall resemble, or apparently be intended to resemble, any part of a Promissory Note, Bill of Exchange, or Post Bill of the Government of India, without such authority, to be proved as aforesaid; or if any person shall, without lawful excuse, the proof whereof shall lie on the party accused, knowingly have in his custody or possession any such plate, wood, stone, or other material or any such instrument or device; or if any person shall, without such authority, to be proved as aforesaid, knowingly offer, utter, dispose of, or put off any paper or other material upon which there shall be an impression of any such matter as aforesaid; or if any person shall, without lawful excuse, to be proved as aforesaid, knowingly have in his custody or possession any paper or other material upon which there shall be an impression of any such matter as aforesaid, every such offender shall be guilty of felony, and, being convicted thereof, shall be liable to be transported for any period not exceeding seven years, or to be punished with or without hard labor for any period not exceeding five years, or if the offender be a European British subject, or an American, he shall be liable to a sentence of penal servitude for any period not exceeding three years.

২৪ ধারা। যদি কোন লোক ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা না পাইয়া কোন প্রকারের পাতার উপর, কি কোন কাঠের কি পাতরের কি অন্য দ্রব্যের উপর কোন কথা কি অঙ্ক কি আকার কি অক্ষর কি ফুল খোদে ও তাহা ছাপাইলে যে আকার তোলা যায় তাহা যদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের কি বিল অফ এক্সচেঞ্জের কি পোষ্ট বিলের কোন অংশের মত দেখায় কি তাহার মত দেখাইবার অভিপ্রায় বুঝায়,—ইহাতে যদি গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা পাইয়া থাকে তবে যাহার নামে নালিশ হয় তাহার সেই ক্ষমতার প্রমাণ করিতে হইবে—অথবা যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রমিসরি নোটের কি বিল অফ এক্সচেঞ্জের কি পোষ্ট বিলের কোন অংশের মত যাহা দেখায় কি দেখাইবার অভিপ্রায় বুঝায়, এমত কোন কথা কি অঙ্ক কি আকার কি অক্ষর কি ফুল কোন কাগজে কি অন্য দ্রব্যে তুলিবার জন্যে তদ্রূপের কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি অন্য কোন যন্ত্র কি ঢপ ব্যবহার করে,—অথবা আইনমতের গ্রাহ্য কোন ওজর না থাকিতেও যদি কোন লোক সেই প্রকারের কোন পাতা কি কাঠ কি পাতর কি অন্য দ্রব্য কি সেই প্রকারের কোন যন্ত্র কি ঢপ জানিয়াশুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে— ইহাতে যদি ওজর থাকে তবে যাহার নামে নালিশ হইল তাহার সেই ওজরের প্রমাণ করিতে হইবে—কিম্বা পূর্ব্বোক্ত প্রকারে যে ক্ষমতার প্রমাণ করিতে হইবে এমত ক্ষমতা না পাইয়া যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারের কোন কথা যে কাগজে কি অন্য দ্রব্যেতে ছাপাইয়া তোলা গিয়াছে এমত কোন কাগজ কি অন্য দ্রব্য দিতে চাহে কি চালায় কি হস্তান্তর করে কি ছলনা করিয়া দেয়,—অথবা পূর্ব্বোক্ত প্রকারের কথা-প্রভৃতি ছাপাইয়া তাহার অনুরূপ যে কাগজের কি দ্রব্যের উপর থাকে তাহা পূর্ব্বোক্ত প্রকারে যে ওজরের প্রমাণ করিতে হইবে এমত কোন ওজর না থাকিতেও যদি কোন লোক জানিয়াশুনিয়া আপনার জিম্মায় কি দখলে রাখে – তবে তদ্রূপ অপরাধি প্রত্যেক জন ফেলোনি অপরাধের দোষী হইবে ও তাহার এ অপরাধ সাবুদ হইলে সে সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত দ্বীপান্তরে প্রেরণ হইতে পারিবে, কিম্বা পাঁচ বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিনপরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবেক, কিম্বা অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি আমেরিকা দেশীয় লোক হয় তবে তিন বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত তাহার খাটনীর দণ্ডের আজ্ঞা হইতে পারিবে ইতি।

M. WYLIE,
Clerk of the Council.

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS.

কটক জিলার প্রধান সদর আমীন আদালতের বিজ্ঞাপন।

মোকদ্দমার নম্বর।	বাদির নাম		প্রতিবাদির নাম		বাদী পাওনা টাকার সংখ্যা	নীলামি মাহালের নাম	নীলামি মাহালের কালেক্টরী তৌজী লিখিত সদর জমা পেসকোশ	যে তারিখে যে সময়ে যে স্থানে নীলাম হইবে।
নং ৪৯ সরেনও ১৮৫৫ সাল নং ১৮০ ডিক্রী জারী ১৮৬০ সাল।	আগমলাল ভক্ত	বাদী	রাজা পদ্মনাভ ভঞ্জ বাহাদুরপ্রভৃতি	প্রতিবাদিগণ	২৭ ৭৭৫৶১১৲১৬	রাজণী ও জমিদারী কিন্না কশিকা	২০ ৪০৭৸৴৪	১৮৬১ সালের জানুআরি মাসের ৭ তারিখ সোমবার দিবা দুই প্রহর সময়ে কটক জিলার প্রধান সদর আমীনের আদালতে নীলাম হইবে।
নং ৬৫ সরেনও ১৮৫৩ সাল নং ২২২ ডিক্রী জারী ১৮৬০ সাল	বাবু জগন্নাথ প্রসাদ দাস ও বাবু রাধামদনমোহন দাস	বাদিগণ	ঐ	ঐ	১৫,১০৯৸৴৪৲১৬	ঐ	ঐ	ঐ
নং ৬১ সরেনও ১৮৫৭ সাল নং ১৭৯ ডিক্রীজারী ১৮৬০ সাল	আগমলাল ভক্ত	ঐ	ঐ	ঐ	১৪,৯৯৪৸৶৩৲১২	ঐ	ঐ	ঐ
নং ৬৭ সরেনও ১৮৫২ সাল নং ২০৯ ডিক্রীজারী ১৮৬০ সাল।	বাবু কানাইয়ালাল পণ্ডিত	ঐ	ঐ	ঐ	১৩,০২৪৸৶৫৲৫	ঐ	ঐ	ঐ
নং ১৫ সরেনও ১৮৫৫ সাল নং ১৮১ ডিক্রীজারী ১৮৬০ সাল।	আগমলাল ভক্ত	ঐ	ঐ	ঐ	১২,৪৫২৶৫৲১০	ঐ	ঐ	ঐ

মোকদ্দমার নম্বর	বাদির নাম		প্রতিবাদির নাম		বাদী পাওনা টাকার সংখ্যা	নীলামি মাহালের নাম	নীলামি মাহালের তালেকটরী তৌজী লিখিত সদর জমা পেসকোশ	যে তারিখে যে সময়ে যে স্থানে নীলাম হইবে।
নং ১০ সরেনও ১৮৫৬ সাল নং ২০ ডিক্রীজারী ১৮৬০ সাল	বাবু কানাইয়ালাল পণ্ডিত	বাদী	রাজা পদ্মনাভ ভঞ্জ বাহাদুরপ্রভৃতি	প্রতিবাদিগণ	২,০২২৸৪।৫	রাজশী ও জমিদারী তিন্না কশিকা	২০,৪০৬৸৪	১৮৬১ সালের জানুআরি মাসের ৭ তারিখ সোমবার দিবা দুই প্রহর সময়ে কটক জিলার প্রধান সদর আমীনের আদালতে নীলাম হইবে।
নং ১০ সরেনও ১৮৫৭ সাল নং ৫০ ডিক্রীজারী ১৮৬০ সাল	ঐ	ঐ	ঐ	ঐ	৮,০৫১৸০।৩	ঐ	ঐ	ঐ
নং ৫৫ সরেনও ১৮৫৫ সাল নং ৮৮ ডিক্রীজারী ১৮৬০ সাল	আজমলাল ভক্ত	ঐ	ঐ	ঐ	৭,৭৭২।১০।১৩	ঐ	ঐ	ঐ
নং ৩২ সরেনও ১৮৫৫ সাল নং ১৮৭ ডিক্রীজারী ১৮৬০ সাল	বাবু কানাইয়ালাল পণ্ডিত	ঐ	ঐ	ঐ	৪,৪৩৭৸১০।১১	ঐ	ঐ	ঐ
নং ৩৩ সরেনও ১৮৫৫ সাল নং ১৯৬ ডিক্রীজারী ১৮৬০ সাল	ঐ	ঐ	ঐ	ঐ	১,৮৩১৷৷০।৩	ঐ	ঐ	ঐ

নং ১২২১।

ইশ্‌তিহার।

বর্ত্তমান মাসের১২ তারিখে ইশতেহার দেওয়া গিয়াছিল যে বালেশ্বর পাঙ্গা নেমকের খরিদের বাবৎ টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক এবং উক্ত নেমক ঐ এজেন্সির রপ্তানি গোলাঘাটহইতে ওজন দেওয়া যাইবেক সেই ইস্তেহারের বিষয়ে এই ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সালের ৯ নবেম্বর শুক্রবার বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত উক্ত নেমক বিক্রয়ার্থে খোলা থাকিবেক।

টেণ্ডরের দরখাস্ত মঞ্জুর হইবার পর দিন উক্ত নেমকের কিম্মতের টাকা দাখিল করিতে হইবেক তাহা না পারিলে ঐ মঞ্জুরকরা টেণ্ডর রদ হইবেক।

বিমোক্তার হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ৩১ অক্টোবর।

এ ইডেন। একটিং ছোট সেক্রেটারী।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজী ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজী জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জেলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীতাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে। ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৬ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 13, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৩ নবেম্বর।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 6TH OCTOBER 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 6th October 1860 :—

ACT No. XLIV. OF 1860.

An Act for providing for the exercise of certain powers by the Governor General during his absence from his Council.

[Preamble.]

WHEREAS the Governor General in Council has declared that it is expedient that the Governor General should visit the North Western Provinces of the Presidency of Fort William in Bengal, and other parts of India, unaccompanied by any Member of his Council ; It is enacted as follows :—

[Powers to be exercised by the Governor General during his absence from Council.]

I. During the absence of the Governor General from his Council, it shall be lawful for the Governor General alone to exercise all the powers which might be exercised by the Governor General in Council, in every case in which the said Governor General may think it expedient to exercise those powers.

[Powers of the President in Council.]

II. All powers vested in the Governor General in Council by any Act of the Government of India may be lawfully exercised by the President in Council.

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অক্টোবর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের তারীখ এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরুনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৬ অক্টোবর তারিখে সম্মত হইলেন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪৪ আইন।

শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে উপস্থিত না থাকার কালে তাঁহার কোন২ ক্ষমতামতে কার্য্য করিবার বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন উত্তরপশ্চিম দেশে ও ভারতবর্ষের অন্য২ স্থানে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুরের কৌন্সেলের কোন মেম্বর সাহেবকে সঙ্গে না লইয়া গমন করা বিহিত, হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর ইহা প্রকাশ করিয়াছেন, অতএব এই২ বিধান হইল।

[শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর কৌন্সেলে উপস্থিত না থাকিতে যে ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন তাহার কথা।]

১ ধারা। শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারেন, সেই২ ক্ষমতামতে যখন কার্য্য করা বিহিত বোধ করেন তখন আপন কৌন্সেলে অনুপস্থিত থাকনকালে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর একাকী সেই২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের ক্ষমতার কথা।]

২ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুরের প্রতি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন আইনমতে যে সকল ক্ষমতা বর্ত্তে, সেই সকল ক্ষমতামতে হজুর কৌন্সেলে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব কার্য্য করিতে পারিবেন ইতি।

[Commencement and duration of Act.]

III. This Act shall commence from the day on which it shall be notified, by an order published in the Official Gazette, that the Governor General has quitted Calcutta for the purpose of so proceeding as aforesaid; and shall not continue in force for a longer period than three months.

M. WYLIE,
Clerk of the Council.

[এই আইন যে সময়ে ও যত কাল চলিবে তাহার কথা।]

৩ ধারা। পূর্ব্বোক্ত অভিপ্রায়ে গমনার্থে শ্রীযুত গবর্ণর্ জেনরল বাহাদুর কলিকাতাহইতে প্রস্থান করিয়াছেন, এই সম্বাদ যে দিনে সরকারী গেজেটে ছাপা হইয়া প্রকাশ হইবে, সেই দিনঅবধি এই আইন চলন হইবে, ও তিন মাসের অধিক কাল চলিবে না ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

THE 29TH SEPTEMBER 1860.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 29th September 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 3rd of January next :—

A Bill for licensing and regulating Stage Carriages.

[Preamble.]

WHEREAS it is expedient to license and to regulate Stage Carriages in British India ; It is enacted as follows :—

[Definition of Stage Carriage. Proviso.]

I. Every carriage used for the purpose of conveying passengers for hire to or from any place in British India not plying within and being confined wholly to the Presidency Towns and the Suburbs thereof, and which when passing along any road shall travel at the rate of four miles or more in the hour, shall without regard to the form or construction thereof be deemed to be a Stage Carriage within the meaning of this Act. Provided that the term "Stage Carriage" shall not be deemed to include any carriage used or employed as aforesaid wholly upon any Railway.

[Licenses by whom to be granted.]

II. Every Stage Carriage shall be licensed by the Magistrate of the District or place in which the Head Office in India of the Proprietor thereof in British India is situate. If such Head Office be in any Presidency Town, then such license shall be granted by the Chief Commissioner of Police of such Town.

[License to be numbered and to contain certain particulars.]

III. Every license shall be numbered and contain the following particulars, namely—

The number of such license.

The name, residence, and the place of the Head Office in British India of the Proprietor of the Stage Carriage.

The number of passengers permitted to be conveyed thereby, distinguishing inside and outside passengers.

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৯ সেপ্টেম্বর।

আইনের এই মুসাবিদা ১৮৬০ সালের ২৯ সেপ্টেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি জানুআরি মাসের ৩ তারিখের পরে তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

ডাকের গাড়ির অনুমতিপত্র দিবার ও তাহার বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশে ডাকের গাড়ির লাইসেন্স অর্থাৎ অনুমতিপত্র দেওয়া ও তাহার বিধান করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[ডাকের গাড়ি কাহাকে বলে তাহার কথা ও বর্জ্জিত কথা।]

১ ধারা। যে সকল গাড়ি ভাড়ার নিমিত্তে লোকদিগকে লইয়া ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের কেবল কোন প্রধান২ নগরে ও তাহার শহরতলীর মধ্যে গমনাগমন না করিয়া অন্য কোন স্থানে লোকদিগকে লইয়া যাইবার কর্ম্মে ব্যবহার হয়, ও কোন রাস্তায় চলিবার সময়ে ঘণ্টায় চারি মাইল কি তাহার অধিক দূর যায়, সেই গাড়ির যে কোন আকারপ্রকার হউক তাহা এই আইনের অর্থের মধ্যে ডাকের গাড়ি জ্ঞান হইবে। কিন্তু কেবল কোন রেলরোডের উপর যে গাড়ি পূর্ব্বোক্তমতে ব্যবহার হয় তাহা "ডাকের গাড়ি" এই শব্দের মধ্যে ধরা যাইবে না ইতি।

[অনুমতিপত্র যাঁহার স্থানে পাওয়া যাইবে তাহার কথা।]

২ ধারা। ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ দেশের মধ্যে ঐ গাড়ির মালিকের ভারতবর্ষস্থ প্রধান আফিস যে জিলাতে কি স্থানে থাকে সেই জিলার কি স্থানের মাজিষ্ট্রেট সাহেব ঐ ডাকের গাড়ির অনুমতিপত্র দিবেন। সেই প্রধান আফিস যদি কোন রাজধানীতে থাকে, তবে সেই রাজধানীর পোলীসের প্রধান কমিসানর সাহেব ঐ অনুমতিপত্র দিবেন ইতি।

[অনুমতিপত্রে নম্বর দিবার কথা ও তাহাতে বিশেষ কথা লিখিবার কথা।]

৩ ধারা। প্রত্যেক অনুমতিপত্রেতে নম্বর দেওয়া যাইবে ও তাহাতে এই২ লেখা থাকিবে, অর্থাৎ

ঐ অনুমতিপত্রের নম্বর।

ডাকের গাড়ির মালিকের নাম ও বাসস্থান ও ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে তাহার প্রধান আফিস যে স্থানে থাকে তাহা।

গাড়ির ভিতরে ও বাহিরে যত লোক চড়িবার অনুমতি হয় তাহার বিশেষ কথা।

[গেজেট। ১৮৬০। ১৩ নবেম্বর।]

The weight of luggage permitted to be carried.

যত ওজনের দ্রব্য লইয়া যাইবার অনুমতি হয় তাহা।

The number of horses or other animals to be used in drawing the Stage Carriage.

ডাকের গাড়ি টানিবার জন্যে যত ঘোড়া কি অন্য জন্তুকে যোতা যায় তাহা।

The name of the extreme places to and from which the Stage Carriage is licensed to travel.

ঐ ডাকের গাড়ি যে স্থানঅবধি অতিদূর যে স্থানপর্য্যন্ত চলিবার অনুমতি পায় সেই২ স্থানের নাম।

[Charge for and duration of license.]

[অনুমতিপত্রের খরচ ও তাহা যত কাল বহাল থাকিবে তাহার কথা।]

IV. For every such license there shall be paid by the Proprietor of the Stage Carriage the sum of five Rupees, and such license shall be in force for one year from the date thereof. When a licensed Stage Carriage is transferred within the year, the name of the new proprietor may be substituted for the name of the former proprietor, and every person who appears by the license to be the proprietor, shall be deemed to be such proprietor for all the purposes of this Act.

৪ ধারা। ডাকের গাড়ির মালিক সেই প্রকারের প্রত্যেক অনুমতিপত্রের জন্যে পাঁচ টাকা দিবে, ও সেই অনুমতিপত্রের তারিখঅবধি এক বৎসরপর্য্যন্ত তাহা বহাল থাকিবে। যদি অনুমতিপত্রপ্রাপ্ত কোন ডাকের গাড়ি বৎসরের মধ্যে অন্য লোকের হাতে যায়, তবে সাবেক মালিকের নাম উঠাইয়া নূতন মালিকের নাম অনুমতিপত্রে দেওয়া যাইতে পারিবে, ও অনুমতিপত্র দেখিয়া যাহাকে মালিক বোধ হয়, তাহাকে এই আইনের সকল কার্য্যের নিমিত্তে মালিকস্বরূপে জ্ঞান করিতে হইবে ইতি।

[License-plate.]

[অনুমতিপত্রের পাতা।]

V. On licensing every Stage Carriage, the Magistrate or Chief Commissioner of Police, as the case may be, shall provide for the same a plate containing the number of the license and all the other particulars of the license, and such plate shall thereupon be affixed by the Proprietor to a conspicuous part of such Stage Carriage.

৫ ধারা। মাজিস্ট্রেট সাহেব কিম্বা বিষয়বিশেষে পোলীসের প্রধান কমিসানর সাহেব যখন কোন ডাকের গাড়ির অনুমতিপত্র দেন তখন ঐ গাড়ির নিমিত্তে এক পাতা তৈয়ার করাইয়া দিবেন, তাহাতে অনুমতিপত্রের নম্বর ও অনুমতিপত্রের অন্য সকল বেওরা লেখা থাকিবে, তাহাতে ঐ ডাকের গাড়ির মালিক সেই পাতা ঐ গাড়ির কোন প্রকাশ স্থানে লাগাইয়া রাখিবে ইতি।

[Penalty for keeping or using unlicensed carriage.]

[যাহার অনুমতিপত্র না হইয়াছে এমত গাড়ি রাখিবার কি চালাইবার দণ্ডের কথা।]

VI. Whoever keeps or uses any Stage Carriage without the same being licensed as provided by this Act, shall be liable to a fine not exceeding five hundred Rupees.

৬ ধারা। এই আইনের বিধানমতে যাহার অনুমতিপত্র না হইয়াছে এমত কোন ডাকের গাড়ি যদি কেহ রাখে কি চালায়, তবে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for Carriage drawn by less number of animals or carrying a greater number of passengers than is provided by the license.]

[অনুমতিপত্রেতে যত ঘোড়াপ্রভৃতি ও যত জন চড়নদারের কথা আছে তাহার কম ঘোড়াপ্রভৃতি যোতাইবার কি তাহার অধিক লোককে লইবার দণ্ডের কথা।]

VII. Whoever permits his licensed Stage Carriage to be drawn by a less number of animals than are provided by the license, or permits a larger number of inside or outside passengers, or a greater weight of luggage to be carried by his Stage Carriage than shall be provided by the license, shall for every such offence be liable to a fine not exceeding five hundred Rupees. In every case where such Stage Carriage shall be proved to have been drawn by a less number of animals or to have carried a larger number of passengers or a greater weight of luggage than provided by the license, the Proprietor of such carriage shall be held to have permitted such offence unless he shall prove the contrary.

৭ ধারা। অনুমতিপত্রেতে যত ঘোড়াপ্রভৃতির কথা আছে, তাহার কম ঘোড়াপ্রভৃতি যদি কেহ আপন অনুমতিপত্রপ্রাপ্ত ডাকের গাড়িতে যোতাইতে দেয়, কিম্বা ঐ অনুমতিপত্রেতে যত জন চড়নদার ও যত ওজনের দ্রব্য লইবার অনুমতি আছে, তাহার অধিক জনকে যদি কেহ আপনার ডাকের গাড়ির ভিতরে কি বাহিরে চড়িতে দেয়, কিম্বা তাহার অধিক ওজনের দ্রব্য লইতে দেয়, তবে সেইরূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। অনুমতিপত্রেতে যত ঘোড়াপ্রভৃতি লেখা থাকে তাহার কম ঘোড়াপ্রভৃতিতে কোন ডাকের গাড়ি টানা গেল কি যত জন লেখা থাকে তাহার অধিক লোক চড়িয়াছে কি যত ওজন লেখা থাকে তাহার অধিক ওজনের দ্রব্য লইয়াছে ইহার প্রমাণ যে কোন স্থলে হয়, সেই স্থলে ঐ গাড়ির মালিক ঐ অপরাধের অনুমতি দিয়াছে ইহার বিপরীত প্রমাণ যত কাল না হয় তত কাল এমত জ্ঞান হইবে ইতি।

[Penalty for using fictitious plate.]

[কৃত্রিম পাতা ব্যবহার করিবার দণ্ডের কথা।]

VIII. Whoever affixes or permits to be affixed to any Stage Carriage of which he is Proprietor any plate resembling or intended to resemble any plate provided for licensed carriages, shall for every such offence be liable to a fine not exceeding five hundred Rupees.

৮ ধারা। অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির নিমিত্তে যে পাতা তৈয়ার করা যায় তাহার মত কোন পাতা কি তাহার মত হইবার অতিপ্রায়ে কোন পাতা যদি কোন ডাকের গাড়ির মালিক আপনার গাড়িতে বসায় কি বসাইতে দেয়, তবে তাহার সেইরূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty for ill-treating animals.]

IX. If any person shall cruelly beat, ill-treat, over-drive, abuse, torture, or cause or procure to be cruelly beaten, ill-treated, over driven, abused, or tortured any animal employed in drawing or yoked or harnessed to any Stage Carriage, every such person shall for every such offence be liable to a fine not exceeding one hundred Rupees.

[ঘোড়াপ্রভৃতির প্রতি নির্দ্দয়াচার করিবার দণ্ডের কথা।]

৯ ধারা। কোন ডাকের গাড়ি যে ঘোড়াপ্রভৃতি টানে কিম্বা সেই গাড়িতে যে ঘোড়াপ্রভৃতিকে যোতা যায়, সেই ঘোড়াপ্রভৃতিকে যদি কেহ নির্দ্দয়রূপে মারে, কি তাহার প্রতি নির্দ্দয়াচার করে, কি তাহার শক্তিহইতে অধিক দূরে হাঁকায়, কি তাহার প্রতি কুব্যবহার করে কি যন্ত্রণা দেয়, কিম্বা অন্য লোকের দ্বারা সেই ঘোড়াপ্রভৃতিকে নির্দ্দয়ভাবে প্রহার করায়, কি নির্দ্দয়াচার করায়, কি শক্তিহইতে অধিক দূর চালায়, কি কুব্যবহার করায় কি যন্ত্রণা দেওয়ায়, তবে সেই লোকের তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবে ইতি।

[Revocation of license.]

X. Any Magistrate or Chief Commissioner of Police to whom application is made for a license for a Stage Carriage, or who has granted any such license, may cancel the same if it shall appear to him that such Stage Carriage or any horse or other animal or any harness used with such carriage is unserviceable or unsafe or otherwise unfit for public accommodation or use.

[অনুমতিপত্র বাতিল করিবার কথা।]

১০ ধারা। যে কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের যে প্রধান কমিস্যনর সাহেবের নিকটে ডাকের গাড়ির অনুমতিপত্রের নিমিত্তে দরখাস্ত করা যায়, কি যে কোন মাজিষ্ট্রেট সাহেব কি প্রধান কমিস্যনর সাহেব তদ্রূপ কোন অনুমতিপত্র দিয়াছেন, তিনি যদি বোধ করেন যে, তদ্রূপ কোন ডাকের গাড়ি, কি তাহাতে যে কোন ঘোড়াকে কি অন্য জন্তুকে যোতা যায় তাহা, কিম্বা এ গাড়িতে যে সাজ ব্যবহার হয় তাহা কর্ম্মের যোগ্য নয়, কি নিরাপদে ব্যবহার হইতে পারে না, কি সাধারণ লোকেরদের চড়িবার কি ব্যবহার করিবার উপযুক্ত নয়, তবে তিনি এ অনুমতিপত্র বাতিল করিতে পারিবেন ইতি।

[Penalty for not having license plate.]

XI. In any Station in which a Magistrate or other Officer exercising the powers of a Magistrate shall reside and be, any Police Officer may seize any Stage Carriage with the animal or animals yoked or harnessed thereto if no license-plate be affixed to such Stage Carriage as by this Act required. Such carriage and animal or animals shall be taken without delay by such Police Officer before such Magistrate or other Officer as aforesaid, who shall hear and determine the complaint of such Police Officer in a summary way; and if thereupon any fine is imposed by such Magistrate or other Officer as aforesaid, such Stage Carriage and animal or animals shall be detained for fourteen days as security for the payment thereof, and if the fine be not sooner paid, they shall be sold and the proceeds applied (so far as they extend) to the payment of the said fine, and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed within a further period of two weeks from such sale, shall be forfeited to the State. If the proceeds do not fully pay the fine and costs and charges aforesaid, the balance may be recovered as hereinafter provided.

[অনুমতিপত্রের পাত' না থাকিবার দণ্ডের কথা।]

১১ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারক যে মোকামে বাস করেন কি থাকেন, এমত কোন মোকামে যদি কোন ডাকের গাড়িতে এই আইনের হুকুমমতে অনুমতিপত্রের পাত' বসান না থাকে, তবে পোলীসের কোন কর্ম্মকারক সেই ডাকের গাড়ি ও তাহাতে যে ঘোড়াপ্রভৃতি যোতা থাকে তাহা ধরিতে পারিবে। ও পোলীসের সেই কর্ম্মকারক ঐ গাড়ি ও ঘোড়াপ্রভৃতিকে সেই মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারকের সম্মুখে অগৌণে আনিবে ও তিনি ঐ পোলীসের কর্ম্মকারকের নালিশ শুনিয়া সরাসরীমতে নিষ্পত্তি করিবেন। তাহাতে যদি ঐ মাজিষ্ট্রেট সাহেব কি পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক কোন জরীমানার হুকুম করেন, তবে সেই ডাকের গাড়ি ও সেই জন্তু কি জন্তুরা ঐ জরীমানার টাকা দেওয়া যাইবার জামিনীস্বরূপে চৌদ্দ দিনপর্য্যন্ত আট্‌কাইয়া রাখা যাইবে। ইহার মধ্যে যদি জরীমানার টাকা না দেওয়া যায়, তবে সেই গাড়ি ও ঘোড়াপ্রভৃতি নীলাম হইবে ও তাহাতে যত টাকা পাওয়া যায়, তাহাহইতে ঐ জরীমানার টাকা দেওয়া যাইবে, ও সেই গাড়ি ঘোড়াপ্রভৃতি রাখিবার ও নীলাম করিবার যত খরচখরচা হয় তাহাও শোধ হইবে। তাহার পর কিছু টাকা ফাজিল থাকিলে, সেই ফাজিল টাকা ঐ নীলামের পর দুই সপ্তাহের মধ্যে কেহ দাওয়া না করিলে সরকারে জব্দ হইবে। ঐ গাড়িঘোড়াপ্রভৃতি নীলাম হইয়া যে টাকা পাওয়া যায় তাহাতে যদি ঐ জরীমানার টাকা ও খরচখরচা সম্পূর্ণমতে পরিশোধ না হয়, তবে তাহার বাকী টাকা পশ্চাৎ লিখিতবিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

[Penalty for misconduct on part of drivers.]

XII. If any driver of any Stage Carriage, or any other person having the care thereof, shall through intoxication, neglect, or by wanton or furious driving or by any other misconduct, endanger

[কোচমানের অনুচিত কর্ম্মের দণ্ডের কথা।]

১২ ধারা। কোন ডাকের গাড়ি যে জন হাঁকায় কিম্বা তাহা অন্য যে লোকের জিম্মায় থাকে, এমত কোন লোক যদি মাতাল হইয়া, কি কর্ম্মে শৈথিল্য করিয়া কিম্বা অনিয়মিতরূপে কি অতিবেগে ঘোড়াপ্রভৃতিকে

the safety of any passengers or other person, or shall injure or endanger the property of the proprietor of such Stage Carriage or of any other person, every such person so offending shall be liable to a fine not exceeding one hundred Rupees.

চালাইয়া কি অন্য প্রকারের অনুচিত কর্ম্ম করিয়া কোন চড়ন দারের কি অন্য লোকের নিরাপদের ব্যাঘাত জন্মায় কিম্বা ঐ ডাকের গাড়ির মালিকের কি অন্য কোন লোকের সম্পত্তির কোন হানি কি আপদ জন্মায়, তবে সেই প্রকারের অপরাধি প্রত্যেক জনের এক শত টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Penalty in certain cases recoverable from proprietor. Proviso]

XIII. Whenever it shall happen that the driver of any Stage Carriage or the owner of any horse shall have committed any offence against this Act for the commission whereof any penalty is by this Act imposed and such driver or owner shall not be known or being known cannot be found, or if the penalty cannot be recovered from such driver or owner, the proprietor of such carriage shall be liable to every such penalty as if he had been the driver of such carriage or owner of such horse at the time when such offence was committed. Provided always that if any such proprietor shall make out, to the satisfaction of the Magistrate before whom any complaint or information shall be heard, by sufficient evidence, not resting on his own testimony, that the offence was committed by such driver or owner without the privity or knowledge of such proprietor, and that no profit, advantage, or benefit, either directly or indirectly, has accrued or can accrue to such proprietor therefrom, and that he has used his endeavour to find out such driver or owner, and has done all that was in his power to recover the amount of the penalty from him, the Magistrate may discharge the proprietor from such penalty, and shall levy the same upon such driver or owner when found.

১৩ ধারা। কোন ডাকের গাড়ি হাঁকনিয়া ব্যক্তি কি কোন ঘোড়ার মালিক যদি এই আইনের বিপরীত কোন অপরাধ করিয়া থাকে, ও সেই অপরাধের নিমিত্তে যদি এই আইনমতে তাহার কোন জরীমানার আজ্ঞা হয়, ও যদি সেই হাঁকনিয়া ব্যক্তিকে কি মালিককে জানা না যায় কিম্বা জানা গেলেও যদি তাহারদের সন্ধান না পাওয়া যায়, কিম্বা যদি ঐ হাঁকনিয়া ব্যক্তির কি মালিকের স্থানে ঐ জরীমানার টাকা আদায় হইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক জরীমানার টাকা দিবার দায় ঐ গাড়ির মালিকের শিরে পড়িবে, অর্থাৎ সেই গাড়ির মালিক সেই অপরাধ হইবার সময়ে ঐ গাড়ি হাঁকনিয়া ব্যক্তি কি ঐ ঘোড়ার মালিক হওয়ার মতে তাহার ঐ জরীমানার টাকা দিতে হইবে। কিন্তু ঐ গাড়ির হাঁকনিয়া ব্যক্তি কি ঐ ঘোড়ার মালিক ঐ গাড়ির মালিকের অসম্পর্কেতে কি অজ্ঞাতসারে ঐ অপরাধ করিয়াছে, ও তাহাতে ঐ গাড়ির মালিকের কোন লাভ কি উপকার কি মঙ্গল সপষ্টরূপে কি চক্রান্তে হয় নাই, হইতেও পারে না, ও সেই গাড়ির মালিক ঐ গাড়ি হাঁকনিয়া ব্যক্তির কি ঘোড়ার স্বামির সন্ধান পাইতে যত্ন করিয়াছে, ও তাহার স্থানে সেই জরীমানার টাকা আদায় করিতে আপনার সাধ্যমতে উদ্যোগ করিয়াছে, এই সকল কথা যে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে নালিশ কি সয়াল শুনা গেল তাঁহার খাতিরজমামতে যদি ঐ গাড়ির মালিক আপনার নিজ কথাভিন্ন অন্য উপযুক্ত প্রমাণে সাবুদ করিতে পারে, তবে মাজিস্ট্রেট সাহেব ঐ গাড়ির মালিককে সেই জরীমানার দায়হইতে মুক্ত করিতে পারিবেন ও সেই গাড়ি হাঁকনিয়া ব্যক্তির কি ঘোড়ার মালিকের সন্ধান পাইলে তাহার স্থানে ঐ টাকা উসুল করিবেন ইতি।

[Issue of summons.]

XIV. Whenever any charge is made before any Magistrate of any offence under this Act, he shall issue a summons thereupon directed to the proprietor of the Stage Carriage or his nearest Agent, and shall transmit such summons by letter post which shall be deemed to be good service thereof. The summons shall allow a reasonable time, in reference to the distance to which the summons is sent for the appearance of such proprietor or his authorized Agent.

[সমন জারীর কথা।]

১৪ ধারা। এই আইনের লিখিত কোন অপরাধের কোন নালিশ যখন কোন মাজিস্ট্রেট সাহেবের নিকটে করা যায়, তখন তিনি ঐ ডাকের গাড়ির মালিকের নামে কিম্বা তাহার যে গোমাশ্তা অতিনিকট থাকে তাহার নামে সমন লিখিয়া পত্রের ডাকের দ্বারা সেই সমন তাহার নিকটে পাঠাইবেন। তাহা করিলে, ঐ সমন যথাযথরূপে জারী হইয়াছে জ্ঞান হইবে। ঐ সমন যত দূর পাঠাইতে হয় তাহা বুঝিয়া সেই গাড়ির মালিকের কি তাহার ক্ষমতাপ্রাপ্ত গোমাশ্তার হাজির হইবার উপযুক্ত সময় ঐ সমনে নিরূপণ হইবে ইতি।

[Rewards to informers.]

XV. The informer shall in all cases, upon the Magistrate certifying that he has conducted himself properly in regard to his information, be entitled to receive one moiety of the amount of the penalty awarded, and when more informers than one are concerned, they shall be entitled to such moiety in such shares as the Magistrate shall award.

[গোয়েন্দারদের পুরস্কারের কথা।]

১৫ ধারা। কোন গোয়েন্দা সম্বাদ দেওয়ার বিষয়ে উপযুক্তমতে আচার ব্যবহার করিয়াছে মাজিস্ট্রেট সাহেব এই কথার সর্টিফিকট দিলে, জরীমানার যত টাকার হুকুম হয় গোয়েন্দা তাহার অর্দ্ধেকাংশ পাইতে পারিবে। ও যদি তাহাতে এক জনের অধিক গোয়েন্দার সম্পর্ক থাকে তবে তাহারা ঐ অংশের যে২ ভাগ মাজিস্ট্রেট সাহেব আজ্ঞা করেন সেই২ ভাগ পাইতে পারিবে ইতি।

[Adjudication and recovery of penalties.]

[জরীমানার হুকুম করিবার ও টাকা আদায় করিবার কথা।]

XVI. All penalties incurred under this Act shall be adjudged by a Magistrate, and all orders so made shall be final. All penalties impos-

১৬ ধারা। এই আইনমতে যে জরীমানা হইতে পারে তাহার হুকুম মাজিস্ট্রেট সাহেব করিবেন ও তাঁহার সেই সকল হুকুম চূড়ান্ত হইবে। মাজিস্ট্রেট সাহে-

ed by such Magistrate may in case of non-payment or non-recovery thereof be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant under the hand of such Magistrate or other Officer.

[Offender may be apprehended and detained in custody until return of warrant of distress.]

XVII. In case any such penalties shall not be forthwith paid, such Magistrate or other Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Magistrate for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress.

[Imprisonment of offender if distress not sufficient.]

XVIII. If upon the return of such warrant it shall appear that no sufficient distress can be had whereon to levy such penalty and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Magistrate by the confession of the offender or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such penalty could be levied if warrant of distress were issued, any such Officer may, by warrant under his hand, commit the offender, provided he is not a European British subject, to prison, there to be imprisoned, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months when the amount of penalty shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six calendar months in any other case, the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount,

[Recovery of penalty and costs from European British subjects.]

XIX. If the offender shall be a European British subject, the Magistrate shall record the facts and transmit such record to the District Court of the District wherein the offender is convicted, and the amount of penalty and the costs (if any) shall be levied in the manner provided for the execution of decrees of the Civil Court.

[Jurisdiction.]

XX. On complaint made before any Magistrate or other Officer as aforesaid of any offence committed under this Act, it shall not be necessary to prove that the offence was committed within the local limits of such Magistrate or other Officer.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৩ নবেম্বর।]

বের হুকুমকরা সেই জরীমানার যে সকল টাকা দেওয়া না যায় কি আদায় না হয় তাহা ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবে ইতি।

[ক্রোকের পরওয়ানার ওয়াপোস যত কাল না হয় তত কালপর্য্যন্ত অপরাধির গ্রেফ্তার হইয়া হাজতে রাখিবার কথা।]

১৭ ধারা। সেই প্রকারের কোন জরীমানার টাকা যদি অব্যাজে না দেওয়া যায়, তবে ঐ ক্রোকী পরওয়ানার ওয়াপোস যত কাল সুবিধামতে হইতে না পারে তত কালপর্য্যন্ত ঐ মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক অপরাধিকে গ্রেফ্তার করিয়া হাজতে রাখিবার হুকুম করিতে পারিবেন। কিন্তু ঐ ক্রোকী পরওয়ানার ওয়াপোস হইবার যে সময় ও স্থান নিরূপণ হয় সেই সময়ে ও স্থানে হাজির হইবার জামিন যদি ঐ অপরাধী ঐ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে দিতে পারে, তবে তাহাকে হাজতে রাখিতে হইবে না ইতি।

[ক্রোককরা দ্রব্যেতে না কুলাইলে অপরাধির কয়েদ হইবার কথা।]

১৮ ধারা। ক্রোকী পরওয়ানা ওয়াপোস হইলে ঐ জরীমানার টাকা যাহাতে আদায় হইতে পারে ক্রোক করিবার এমত দ্রব্য নাই, ইহা যদি দৃষ্ট হয় ও সেই জরীমানার টাকা যদি অগৌণে না দেওয়া যায়, কিম্বা ক্রোকী পরওয়ানা জারী হইলেও সেই জরীমানার টাকা যাহাতে আদায় হইতে পারে অপরাধির এমত মাল ও দ্রব্য নাই এই কথা যদি অপরাধির কবুলমতে কিম্বা অন্য প্রকারে, ঐ মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে দেখান যায়, তবে সেই অপরাধী ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইলে, ঐ কার্য্যকারক সাহেব আপনার দস্তখৎকরা পরওয়ানাক্রমে তাহাকে কয়েদ করিতে পারিবেন। অর্থাৎ জরীমানা পঞ্চাশ টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, ও জরীমানা এক শত টাকার অধিক না হইলে ইঙ্গরেজী হিসাবমতের চারি মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, ও অন্য কোন গতিকে ইঙ্গরেজী হিসাবমতের ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত তাহাকে স্বীয় বিবেচনামতে কয়েদ করিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত কোন স্থলে ঐ জরীমানার টাকা দেওয়া গেলেই তাহাকে কয়েদহইতে মুক্ত করা যাইবে ইতি।

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের স্থানে জরীমানা ও খরচা আদায় করিবার কথা।]

১৯ ধারা। অপরাধী যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব বৃত্তান্ত সকল রিকার্ড করিয়া অপরাধির দোষ যে জিলাতে সাবুদ হয় সেই জিলার আদালতে ঐ রিকার্ড পাঠাইবেন। ও জরীমানার টাকা ও কিছু খরচা হইলে সেই খরচার টাকা দেওয়ানী আদালতের ডিক্রী জারী করিবার বিধানমতে উসুল হইবে ইতি।

[এলাকার কথা।]

২০ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের নিকটে এই আইনের লিখিত কোন অপরাধের নালিশ হইলে, সেই মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের এলাকার সীমাসরহদ্দের মধ্যে ঐ অপরাধ করা গেল, ইহার প্রমাণ করিবার আবশ্যক নাই ইতি।

[Interpretation of the term "Magistrate."]

XXI. The term "Magistrate" in this Act shall include all Magistrates and all persons exercising the full powers of a Magistrate.

M. WYLIE.
Clerk of the Council.

[ম্যাজিষ্ট্রেট এই শব্দের অর্থের কথা ।]

২১ ধারা । এই আইনের মধ্যে ম্যাজিষ্ট্রেট এই শব্দেতে সকল ম্যাজিষ্ট্রেট সাহেবকে বুঝায় ও ম্যাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্যকারি সকল ব্যক্তিকে বুঝায় ইতি ।

এম ওয়াইলি ।
কৌন্সেলের ক্লার্ক ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর ।

No. 17.

To the Civil Authorities in the Lower Provinces.

It has been brought to the notice of the Court, that Nazirs of subordinate Courts, when deputed under the authority of para. IV. of the Court's Circular No. 24, of the 6th November, 1857, have been allowed to appropriate the surplus of sums deposited by litigants, under Section IX. Act XII. of 1856, whereas, Circular No. 6, of the 12th March 1858, specially provides, under rule 6 of the Circular, that the Nazir, when em . in the interior for any of the purposes ment . d in the Act, shall be paid his necessary expenses only. Hence it follows that any surplus remaining, after payment of those expenses, will be repaid to the litigants, and an account with this object should always be required from the Nazir.

2. The Court do not consider it necessary that you should insist upon such refund in matters of this kind already closed, but in future you will be pleased to direct the subordinate Courts to abide by these instructions.

(Signed) H. B. LAWFORD
Register.

Fort William, the 4th July, 1860.

১৭ নম্বর ।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু ।

সদর দেওয়ানী আদালতের ১৮৫৭ সালের ৬ নবেম্বর তারিখের ২৪ নম্বরের সরক্যুলর অর্ডরের ৪ দফামতে যখন অধঃস্থ আদালতের নাজিরদিগকে এ দফায় লিখিত কর্ম্মে নিযুক্ত করা যায়, তখন ১৮৫৬ সালের ১২ আইনের ৯ ধারামতে বাদির কি প্রতিবাদির যে টাকা আমানৎ করিতে হুকুম হইল তাহার অবশিষ্ট সমুদয় টাকা এ নাজিরেরদের লইবার অনুমতি হইয়া থাকে এইকথা সদর আদালতের সাহেবদিগকে জানান গিয়াছে । কিন্তু ১৮৫৬ সালের ১২ আইনের লিখিত কোন কর্ম্মেতে যদি নাজির মফঃসলে যাইতে নিযুক্ত হয়, তবে কেবল তাহার আবশ্যক খরচ দিতে হইবে এই বিধান ১৮৫৮ সালের ১২ মার্চ তারিখের ৬ নম্বরের সরক্যুলর অর্ডরের ৬ দফাতে বিশেষমতে হইয়াছে, ইহাতে সুতরাং জানা যায় যে, ঐ খরচ দিলে পর অবশিষ্ট যে টাকা থাকে তাহা ঐ বাদিকে কি প্রতিবাদিকে ফিরিয়া দিতে হইবে । ও সেই কারণে নাজিরের স্থানে সেই খরচের হিসাব সর্ব্বদা লইতে হইবে ।

২ দফা উক্ত প্রকারের যে সকল ব্যাপার ইহার পূর্ব্বে চুকিয়া গিয়াছে, তাহাতে তোমার সেই টাকা ফিরিয়া দিবার হুকুম করা সদর আদালতের সাহেবেরা আবশ্যক জ্ঞান করেন না । কিন্তু অধীন সকল আদালতকে ইহার পরে এই উপদেশমতে কর্ম্ম করিতে আজ্ঞা করিবা ।

এচ বি লাফর্ড ।
রেজিষ্টর ।

ফোর্ট উলিয়ম । ১৮৬০ সাল ৪ জুলাই ।

No. 21.

To the Civil Authorities in the Lower Provinces.

Act XX. of 1841, having been rescinded by Act XXVII. of 1860, I am directed by the Court to

২১ নম্বর ।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু :

১৮৬০ সালের ২৭ আইনদ্বারা ১৮৪১ সালের ২০ আইন রদ হইয়াছে । অতএব সদর আদালতের আজ্ঞামতে তোমাকে আদেশ করিতেছি যে, সদর আদাল-

request that you will substitute the new Act and year in the forms of Certificate furnished to you with the Court's Circular Order, No. 33, dated the 4th December 1856.

তের ১৮৫৬ সালের ৪ ডিসেম্বর তারিখের ৩৩ নম্বরের সরক্যুলর অর্ডরের সঙ্গে তোমাকে সর্টিফিকটের যে নক্‌শা দেওয়া গিয়াছে তাহাতে ১৮৪১ সালের ২১ আ· ইন এই কথার পরিবর্ত্তে ১৮৬০ সালের ২৭ আইন লিখ।

(Signed) H. B. Lawford.
Register.

এচ বি লাফর্ড।
রেজিষ্টর।

Fort William, the 6th August, 1860.

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৬ আগষ্ট।

No. 24.

To the Civil Authorities in the Lower and Non-Regulation Provinces.

I am directed by the Court to request that you will, in future, submit with your annual Returns, a Statement prepared in the annexed form, exhibiting the value of suits.

(Signed) H. B. Lawford,
Register.

Fort William, the 27th August, 1860.

২৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের আজ্ঞামতে তোমাকে আদেশ করি যে, ইহার পর তোমার বৎসরের রিটর্ণের সঙ্গে মোকদ্দমার মূল্য দেখাইবার এক কৈফিয়ৎ এই নক্‌শামতে পাঠাও।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ২৭ আগষ্ট।

No. 15.

Total value of suits pending at the close of the year.

Original Suits	...	Rs.
Appeals .	..	Rs.

Total value of suits instituted during the year

Original Suits	...	Rs.
Appeals ...	...	Rs.

Total value of suits decided during the year.

Original Suits	...	Rs.
Appeals ...	...	Rs.

(Signed) H. B. Lawford,
Register.

১৫ নম্বর।

বৎসরের শেষে যে সকল মোকদ্দমা মুলতবী থাকে তাহার মূল্যের মোট।

প্রথমতঃ উপস্থিতকরা মোকদ্দমার	...৲
আপীলের	...৲

বৎসরের মধ্যে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার মূল্যের মোট।

প্রথমতঃ উপস্থিতকরা মোকদ্দমার	...৲
আপীলের .	...৲

বৎসরের মধ্যে যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহার মূল্যের মোট।

প্রথমতঃ উপস্থিতকরা মোকদ্দমার	...৲
আপীলের	...৲

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

No. 26.

To the Judges in the Lower Provinces.

The provisions of Act VIII. of 1859, having rendered it unnecessary that a fly leaf should be prefixed to the record of every pending suit, I am directed by the Court to inform you that that portion of their Circular Order No. 79, dated the 3rd February 1845, which ordains this practice, is hereby cancelled.

(Signed) H. B. Lawford,
Register.

Fort William, the 4th September, 1860.

২৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

যে সকল মোকদ্দমা মুলতবী থাকে তাহার রিকার্ডের আদি ভাগে এক ফর্দ্দ শামিল লাগন দেওয়া, ১৮৫১ সালের ৮ আইনের বিধানমতে অনাবশ্যক হইয়াছে। অতএব সদর আদালতের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে, তাঁহারদের ১৮৪৫ সালের ৩ ফেব্রুআরি তারিখের ৭৯ নম্বরের যে সরক্যুলর অর্ডরেতে সেই কার্য্য করিবার আজ্ঞা হইয়াছিল তাহা বাতিল হইয়াছে।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ৪ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১১ নবেম্বর।]

(COPY.)

LIST of Persons who have received Diplomas certifying that they have passed an examination and have been declared competent to serve as Pleaders in the Sudder Court or in the Courts of Zillah Judges or Principal Sudder Ameens.

Name.	Name of Father.	Residence.	Acquirements.	Date and place of Examination.	Certificate granted by what Committee or Judge.	Remarks.
1,—Prosunno Coomar Doss.	Radha Kanth Doss.	Kalia, Pergunnah Nuldee, Zillah Jessore.	Bengalee.	1st May, 1860. Judge's Court House.	Dacca Committee.	
2,—Muthoora Lall Roy.*	———	Rajshahye.	———	Do.	Do.	* This candidate's application not having been received in this Court, the informations required in columns 2 and 4 could not be given.
3,—Mahomed Akmul.	Moonshee Sureeut-oollah.	Lohaghurah, Thannah Satkaneeah, Zillah Chittagong.	Bengalee and Persian.	Do.	Do.	
4,—Kallee Churn Ghose.	Raj Chunder Ghose.	Hasharah, Pergunnah Vicrampore, Zillah Dacca.	English and Bengalee.	Do.	Do.	

(Signed) R. ABERCROMBIE, *Judge.*

DEWANNY ADAWLUT, ZILLAH DACCA:
The 28th August, 1860.

MEMO.
No. 28.

Forwarded to the Judge of for his information and guidance, with reference to Circular Order No. 88, of the 19th April 1850.

R. STUART.
Assistant Register.

SUDDER DEWANNY ADAWLUT:
FORT WILLIAM,
The 10th September, 1860.

নীচের লিখিত মহাশয়েরা পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন ও সদর আদালতে কিম্বা জিলার জজ সাহেবেরদের কিম্বা প্রধান সদর আমীনেরদের আদালতে ওকালতী কর্ম্ম করিবার উপযুক্ত ইহার যোগ্যতার পত্র পাইয়াছেন অর্থাৎ

নাম	পিতার নাম	বাসস্থান	যে ভাষা শিক্ষা করিয়াছেন	পরীক্ষা দিবার তারিখ ও স্থান	যে কমিটি কিম্বা জজ সাহেব সর্টিফিকট দেন	মন্তব্য কথা।
১। প্রসন্নকুমার দাস ..	রাধাকান্ত দাস	যশোহর জিলার নলদি পরগনার কালিয়া	বাঙ্গলা	১৮৬০ সালের ১ মে জজ সাহেবের আদালত ঘর	ঢাকার কমিটি	
